চিঠিপত্রে সমাজচিত্র

দ্বিতীয় খণ্ড

শ্রীপঞ্চানন মণ্ডল, এম্‌-এ সম্পাদিত

বিশ্বভারতী
শান্তিনিকেতন

প্রাপ্তিস্থান
বিশ্বভারতী গ্রন্থনবিভাগ
৬।৩ দ্বারকানাথ ঠাকুর লেন, কলিকাতা

প্রকাশ : চৈত্র ১৩৫৯
(মার্চ ১৯৫৩)

প্রকাশক ও মুদ্রাকর শ্রীপ্রভাতকুমার মুখোপাধ্যায়
শান্তিনিকেতন প্রেস। শান্তিনিকেতন, বীরভূম

সূচী

নিবেদন

প্রস্তুত গ্রন্থে মোট ৬৩২-খানি চিঠিপত্র মুদ্রিত হইল। বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের বাঙ্গালা পুঁথি-সংগ্রহে পুরাতন চিঠিপত্র দলিলদস্তাবেজের সংখ্যা এখন এক হাজারের উপর। তাহা হইতে নির্ব্বাচিত ৪৫০-খানি এই গ্রন্থে প্রকাশিত হইল। বিশ্বভারতী-সংগ্রহ ছাড়া অন্য অনেকের সংগৃহীত চিঠিপত্র ব্যবহার করা হইয়াছে। তাঁহাদের চিঠিপত্রের সংখ্যা ১৮২। 'সঙ্কেত'-অংশে তাঁহাদের সংক্ষিপ্ত পরিচয় পাওয়া যাইবে। 'সূচী' হইতে বিষয়-বিন্যাসের প্রকার বোঝা যাইবে। পরিশিষ্ট ও মূলের বিন্যাস অনুসারে প্রকরণগুলির তারিখের সমন্বয় করিয়া 'সূচী'-তে তারিখ ধরা হইয়াছে এবং এইগুলিকে খৃষ্টাব্দে পরিবর্ত্তিত করিয়া দেওয়া হইয়াছে। গ্রন্থের মূল অংশ ছাপা হইবার পর যে সব মূল্যবান্ দলিলপত্র পাওয়া গিয়াছে 'পরিশিষ্টে' সেই দলিলাদি মূল গ্রন্থের আটটি প্রকরণ অনুসারেই বিন্যস্ত করা হইয়াছে। বিশেষ শব্দ ও বাক্যাংশের আলোচনা লইয়া 'নির্ঘণ্ট'-এর কলেবর। 'স্থানসূচী'-তে গ্রামাদির নাম বর্ণানুক্রমিক পাওয়া যাইবে। সুবে, সরকার, চাকলা, তরফ, পরগণা ইত্যাদির উল্লেখ সঙ্কেতে নামের পাশে দেওয়া হইয়াছে। 'সংযোজন-সংশোধন' অংশের শুদ্ধ পাঠ ও সংযোজনগুলি মূলের সহিত প্রথমে জুড়িয়া লইয়া গ্রন্থ পাঠ করাই বাঞ্ছনীয়। বলা বাহুল্য, এই ধরণের গ্রন্থ নিখুঁতভাবে পাঠোদ্ধার করিয়া প্রকাশ করা দুই এক সংস্করণে সম্ভবপর নহে। 'অ'-সঙ্কেতের প্রথম পুঁথিটি (২০) ছাড়া তাহার আর কোনো পুঁথির পাঠই মূলের সহিত মিলাইবার সুযোগ ঘটে নাই; তাহার ৪ (২৪৯) ও ৯ (৪৫৪) সংখ্যক ভাষ ও দলিলের যথার্থ পাঠ প্রথম খণ্ডে পাওয়া যাইবে; ২৭৭ সংখ্যক ভাষটি তাহার ৫ সংখ্যক কপিতে ছিল। গৌরীহর মিত্র মহাশয় তাঁহার 'বীরভূমের ইতিহাস প্রথম খণ্ড' পুস্তকের ১৪৮-১৬৬ পৃষ্ঠায় বর্ত্তমান গ্রন্থের ক্রমিক সংখ্যার ১৬, ১৮, ২৪৯, ১৮০, ২৪০, ২৪১, ২৪৭, ২৪৮, ৬০১, ৩৪৫, ৩৮৫, ১৯৯, ৪২৮, ১৪৫, ১৩৬, ১০৫, ২৭৭, ২৯৯ ও ৩৫২ সংখ্যক পত্রগুলি সন ১৩৪৩ সালে ছাপিয়াছিলেন। বিশ্বভারতী সন ১৩৫৬ সালে তাঁহাদের 'রতন লাইব্রেরী'-র বাঙ্গালা পুঁথিসংগ্রহ ক্রয় করেন। সেই সংগ্রহের মধ্যে ঐ সকল মুদ্রিত চিঠিপত্রের মূল পুঁথিগুলিও আছে। সেই সকল মূল হইতে উদ্ধৃত যথার্থ পাঠ বর্ত্তমান গ্রন্থে পাওয়া যাইবে। ১৫১ সংখ্যক পত্রখানির একটি নকল বিশ্বভারতীর 'রতন-লাইব্রেরী'-সংগ্রহেও আছে। এটি প্রথম প্রকাশ করেন রামেন্দ্রসুন্দর ত্রিবেদী মহাশয় ৬ষ্ঠ ও ৮ম ভাগ বঙ্গীয়সাহিত্য-পরিষৎ

পত্রিকায়। ২২৮ সংখ্যক ভাষটি অধ্যাপক শ্রীযুক্ত সুকুমার সেন মহাশয় প্রকাশ করিয়াছিলেন বিশ্বভারতী পত্রিকার পঞ্চম বর্ষের প্রথম সংখ্যায়। *The Indian Archives* (*vol 1, no 3, July 1947, p 250*) পত্রিকায় ২৮২ সংখ্যক পারমিটখানির কিঞ্চিৎ পরিচয় প্রকাশিত হইয়াছিল। ৪৭২ সংখ্যক দলিলখানির নকল মুদ্রিত হইবার পর মূল দলিলখানি আমাদের হস্তগত হইয়াছে। ইহার সংশোধিত পাঠ 'সংযোজন-সংশোধন'-এ দ্রষ্টব্য। ৫৯৫, ৫৯৬ সংখ্যক ভাষ দুইখানি হাতের কাছে না থাকায় এইগুলি মূলের সহিত মিলাইতে পারা গেল না। মূল ও 'পরিশিষ্টে'র 'বিবিধ' প্রকরণের চিঠিপত্রগুলি প্রথম খণ্ডে বিন্যাস করিয়া আলোচনা করা হইতেছে। রাজেন্দ্রলাল মিত্র মহাশয়ের লিখিত 'পত্র কৌমুদী' ও রামেশ্বর বন্দ্যোপাধ্যায় কৃত 'জ্ঞান কৌমুদী' গ্রন্থে কোনো কোনো আদর্শ পত্রের মূল বহু পূর্ব্বে মুদ্রিত হইয়াছিল। সে সম্পর্কে বিস্তৃত আলোচনা প্রথম খণ্ডে দেওয়া যাইবে। মূল্যবান দলিলাদি ও চিঠিপত্রের ব্লক এই গ্রন্থের প্রথম খণ্ডে মুদ্রিত হইবে।

আমাদের প্রথম পরিকল্পনা অনুসারে নির্দ্ধারিত গ্রন্থ অপেক্ষা এই গ্রন্থের আয়তন বাড়িয়া যাওয়ায় ইহা দুই ভাগে প্রকাশিত হইতেছে। মূল চিঠিপত্র, নির্ঘণ্ট, স্থানসূচী ইত্যাদি এই খণ্ডে রহিল। এই চিঠিপত্রাদি অবলম্বনে সামাজিক, অর্থনৈতিক, সাহিত্যিক ও ঐতিহাসিক চিত্রাবলী প্রথম খণ্ডে প্রদর্শিত হইবে। নানা কারণে এই গ্রন্থখানিতে কিছু কিছু খুঁত রহিয়া গেল। প্রথম খণ্ডে আমরা ইহার যাবতীয় ত্রুটি সংশোধনের চেষ্টা করিব এবং এই চেষ্টায় যাঁহাদের অপরিমেয় সাহায্য প্রথমাবধি গৃহীত হইয়াছে তাঁহাদের নামাবলি শ্রদ্ধাভরে গাঁথিয়া দিব। পুরাতন বাঙ্গালী সমাজের নানা স্তরের মানুষের দৈনন্দিন জীবনযাত্রার খুঁটিনাটি অনেক তথ্য এই গ্রন্থে পরিবেশিত হইল। বর্ত্তমান সঙ্কলনের এই সকল মৌলিক তথ্য হইতে কোনো সামাজিক সত্যের সন্ধান সম্ভবপর কি না প্রস্তূয়মান প্রথম খণ্ডে তাহারই আলোচনা প্রকাশিত হইবে।

বিশ্বভারতী বিদ্যাভবন, শান্তিনিকেতন
শিবচতুর্দ্দশী, ১৩৫৯ বঙ্গাব্দ

শ্রীপঞ্চানন মণ্ডল

সঙ্কেত

অ—অমলেন্দু মিত্রের নিকট প্রাপ্ত গৌরীহর মিত্রের কপি হইতে (৯)

চ—চণ্ডীচরণ সিংহ-সংগ্রহ (৬)

জ্ঞা—স্বামী জ্ঞানানন্দের বেহালা-সংগ্রহ (২)

ত—তপনমোহন চট্টোপাধ্যায়-সংগ্রহ (১৭)

তা—তারকদাস মোহান্ত-সংগ্রহ (১)

দ—বিমলকুমার দত্ত-সংগ্রহ (২)

ন—নগেন্দ্রনাথ ভট্টাচার্য্য-সংগ্রহ (৪৬)

বি—বিশ্বভারতী-সংগ্রহ (৪৫০)

ভ—সদানন্দ ভট্টাচার্য্য-সংগ্রহ (১)

ল—ললিতমোহন ভট্টাচার্য্য-সংগ্রহ (৯)

শ—শঙ্করপ্রসাদ মুখোপাধ্যায়-সংগ্রহ (৩৯)

শি—শিবদাস রায়-সংগ্রহ (৩)

স—বর্দ্ধমান সাহিত্যসভা-সংগ্রহ (১২)

হ—হেমেন্দ্রনাথ পালিত-সংগ্রহ (৩৫)

আ—আরবী

ই—ইংরাজী

ক্রি বিং—ক্রিয়া বিশেষণ

খৃ—খৃষ্টাব্দ

গ্রী—গ্রীক

চা—চাকলে

চৌ—চৌকী

জি—জিলা

ত—তরফ.

তা—তালুক

তু—তুলনীয়

থা—থানা

দ রা—দক্ষিণ রাঢ়

দ্র—দ্রষ্টব্য

প—পশ্চিম

পর—পরগণা

পৃ—পৃষ্ঠা

পো—পোর্ত্তুগীজ

ফা—ফারসী

ব—বচন

বাং—বাঙ্গালা

বি—বিশেষ

বি ভা পুঁ—বিশ্বভারতী-সংগ্রহের পুঁথি

মো চৌ—মোনযুফা চৌকী

রা—রাজধানি

লা—লাট

স—সরকার

সু—সুবে

হরিদেব—হরিদেবের অপ্রকাশিত ‘রায়মঙ্গল’ পুঁথি হইতে।

হ শু—হেমেন্দ্রনাথ পালিত সম্পাদিত অপ্রকাশিত ‘শুভঙ্করী’ গ্রন্থ হইতে।

হি—হিন্দী

নির্ঘণ্ট—‘নির্ঘণ্ট’ অংশে শব্দের পার্শ্বস্থিত সংখ্যাগুলি মূলগ্রন্থের পৃষ্ঠা ও ছত্রজ্ঞাপক

স্থানসূচী—এই অংশে শব্দের পার্শ্বস্থ সংখ্যাগুলি মূলগ্রন্থের যথাক্রম পৃষ্ঠাজ্ঞাপক।

সন্ধ্যাবেলা লাঠি কাঁখে, বোঝা বহি শিরে
নদীতীরে পল্লীবাসী ঘরে যায় ফিরে।
শত শতাব্দীর পরে যদি কোনোমতে
মন্ত্রবলে অতীতের মৃত্যুরাজ্য হতে
এই চাষি দেখা দেয় হয়ে মূর্তিমান,
এই লাঠি কাঁখে লয়ে, বিস্মিত নয়ান—
চারিদিকে ঘিরি তারে অসীম জনতা
কাড়াকাড়ি করি লবে তার প্রতি কথা।
তার সুখদুঃখ যত, তার প্রেম স্নেহ,
তার পাড়াপ্রতিবেশী, তার নিজ গেহ,
তার খেত, তার গোরু, তার চাষবাস,
শুনে শুনে কিছুতেই মিটিবে না আশ।
আজি যার জীবনের কথা তুচ্ছতম
সেদিন শুনাবে তাহা কবিত্বের সম।

১৭ চৈত্র, ১৩০২

রবীন্দ্রনাথ ঠাকুর

(১২০০-১২২৯ সন)

১। বি ৪৮৬

ওঁশ্রীদুর্গা ৭ শ্রীদুর্গা

স্বহায়

সন ১২২৪ সাল।—

শকাব্দা ১৭৩৯।৪।২১।৪২ দং গতে জাতঃ সার্দ্ধ প্রহর নক্তং

শুভাসুধ্যায়ি শ্রীরাধানাথ দেবশর্ম্মণঃ—

পরম শুভাশীর্ব্বাদাস্বন্তু বিশেষঃ—

পরন্তু ২২ ভাদ্রে শ্রীযুক্ত রামসঙ্কর রায়রাজীয়ের এক নর কুমার হইয়াছে জ্ঞাতকারণ লিখিলাম আশীর্ব্বাদ করিবেন পরে অদ্যেঃ বৈকাল নাগাদ অবস্য ২ এরাটী পহঁছিবেন আপনকার উপীক্ষা অনেক কার্য্য আছে সাক্ষাতে নিরেদন করির ইতি তারিখ ২৪শে ভাদ্র

অশেষ সাস্ত্রাধ্যাপকঃ শ্রীযুক্ত ন্যায়ালঙ্কার ভায়া চিরংজীবেষু—

২। বি ৫৮৯

৭ শ্রীদুর্গা

পূজনীয় শ্রীযুৎ বাখড়চন্দ্র মুখোপাধ্যায় মহাশয়েষু—

পোষ্য শ্রীবলরাম দেবশর্ম্মণো স[ন]মস্কৃতি নিবেদনঞ্চ বিশেষঃ পরন্তু আমার কন্যা শ্রীমতি মরণী দেব্যাঃ ২৬ ভাদ্র এক কন্যা হঞাছে কিন্তু বড় প্রামাদ হঞাছিল অদ্যাপি পথ্য হয় নাই বুঝি শ্রীশ্রী৺ এজাত্রা রাক্ষ্যা করিলেন এমৎ জ্ঞান হইল পরে আমার জ্ঞাতি পিতামহ ভ্রাতার ৬ আশ্বিন গঙ্গালাভ নঞাছে তাহার ক্ষৌর ১৫ আশ্বিন রবিবার হইবেক ইহা জ্ঞাত হইবেন এবং আপনকার বিশয় কথক জ্ঞাত হঞাছি কিন্তু পরামর্ষ পূর্ব্বক কার্য্য করিবেন যদি অবসরে থাকেন তবে এক দিবসকে আসিবেন সাখ্যাতে সকল নিবেদন করিব ইতি ৯ আশ্বিন।

৩। বি ৯২১

সন ১২১৫

সন ১২১৫ বার সও পোনর সালের ১৯ ওনিস্তা জৈষ্টী যুক্ল পক্ষী মঙ্গল বার তিথি সষ্টী আড়াই প্রহর বেলার য়োক্তে শ্রীরামলোচন বষুর চতুর্থ কন্যার জন্ম পূর্ব্বদ্বারি ঘরে সেইঘরে ২ দুই জনা সধবা মেয়্যা ছিল পশ্চীম মুখে হইয়াছিল ইতি--তাং—১৯ জৈষ্টী

৪। বি ১১০২

শ্রীদুর্গা

শ্রীহরিঃ

শ্রীসেখ আমীরদ্দীর জনম্ম মাষ তারিখ ও বার সন ১২০০ সালের ৬ কার্ত্তীক রবি-বারে রাত্রী আন্দাজী ডেড় প্রহর কী এক প্রবহর থাকীতে জনম্ম হয়।

৫। বি ১৭১৩

শ্রীকৃষ্ণঃ

শরণং

সেবক শ্রীষষ্ঠীদাস দেবশর্ম্মণঃ

প্রনামাঃ নিবেদন্ মিদং বিশেষঃ মহাশয়ের শ্রীচরণাশীর্ব্বাদে এ সেবকের মঙ্গল পরং সম্প্রতি শ্রীযুত কর্ত্তাঠাকুর শ্রীমতি পীতামহী ঠাকুরানির নিকট আছেন ও বাটীর সামাচার জ্ঞাতো হইলাম প্রাণাধিক শ্রীযুত কাশীপতি ভট্টাচার্য্যের শ্রীযুক্তাভিনবকুমার জন্মাইয়াছে স্তুনিয়া বডই আহ্লাদ হইলো এখানে জে লোক আসিছিলো তাহাকে কিঞ্চিত দিয়া বিদায় করিয়া দিলাম ইহা নিবেদন মিতি তারিখ ১ শ্রাবন

৬। হ ১৮ •

পরম পুজনিয় শ্রীযুত শ্রীসিবেসর চক্রবর্তি—

সেবক শ্রীনবিনমোহন সর্ম্মন

দণ্ডবতৎ প্রণামা নিবেদনঞ্চ আদো আপনকার আসির্ব্বাদে আমার সমস্ত মংঙ্গল হয়ে বিসষেঃ সাক্ষাতৎকে নিবেদন মাহ কাতির্কের ১৩ রোজে আমার নবকুমার সন্তান

হইয়াছে নিজ মাহার ১৯ রোজে লভা হইবেক পত্রে দ্বারে নিমন্ত্রন করিলাম আসির্ব্বাদ-কার[ণ] এ বাটিকে আরগমন করিবে নিবেদন করিলাম সন ১২২৯ সাল ১৬ অগ্রান

৭। হ ৩৭

৭শ্রীশ্রীকৃষ্ণ॥

স্বরণং

পরম শুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চ বিশেষঃ।—

পরে বহুদিন হইলো তথাকার কোন সংবাদ না পাইয়া বডই ভাবিৎ য়াছী লোকা-গতে খোকার মঙ্গল সংবাদ লিখায়া পরমানন্দ করিবে এখানকার বাটীর সকল ভালো য়াছেন তাহাতে ভাবিৎ নাই হবেক শ্রীমতি রামপ্রয়া ভগ্নীর শ্রীমান নবকুমার হইয়াছে তাহার অন্নপ্রাশণে তোমাকে এখানে না য়াইলে হইবেক না আর বাপাজীর কারণ একজোর বচকানি চেলির জোর আনিবা তুমিহ এখানে না যাসীলে কোনমতে হইবে না অতি অবস্য ২ আশীবা অন্নমত করিবা না ২।৪ দীবশ জন্য য়াশীবা ইতি

তারিখ—২৫ পৌস

শ্রীরামনাথ মুখোপাধ্যায়

পুঃ লিখা

আমাকে এ বাটীতে তুমিহ জে ইস্তক শ্রীশ্রী৺পূজায় মোকড়োর করিয়া গীয়াছো সেই ইস্তক আমীহ শেবা অর্চ্চনা করিতেছী জে খরচ তুমি দিয়া গীয়াছ তদপরে এক পাই পয়শা পাই নাই ইহাতে কীরূপ য়ামার চলে তুমি জ্ঞানবান অধিক কী লিখাবো জাহাতে ভাল হয় তাহা করিবা আর শ্রীহরচন্দ্র বন্দোপাধ্যায় মহাশএর শ্রীশ্রী৺ প্রাপ্ত হইয়াছে তাহাতে জে দুখীত আছী তাহা কী লিখাব মূলপত্রে সমস্ত জ্ঞাতো হইবা মিতি তাং

পুঃ লিখী মাহ মাঘে অন্নপ্রাশন হইবেক তুমিহ ২।৪ তারিখে আসীলে দীনস্থির হইবেক না ইতি—

পরম কল্যাণবর শ্রীলশ্রীযুত উমেশচন্দ্র চট্টোপাধ্যায় ভায়াজীউ মঙ্গলবরেষু—

•পত্র দেনা—মৌ. শহর বেলডেঙ্গা

॥ বিবাহ ॥

(১১৭৩-১২৯৫ সন)

৮। বি ২০৮

৭ঁ শ্রীদুর্গা—

সস্তি সকল মঙ্গলালঅ শ্রীবদনচন্দ্র বন্দোপাধ্যাঅ মাহাসঅ লিখিতং শ্রীমহেসচন্দ্র মুখপাধ্যাঅ কস্য লগন পত্রমিদং কাজনঞ্চ আগে মাহাসএর তৃতিঅ পুত্র ভাতাড়ার শ্রীআনন্দ বন্দোপাধ্যাঅ ও শ্রীইস্সর বন্দোপাধ্যাঅ বাবাজি দিগে আমার জেঠা কন্নে শ্রীমতি সামা সুন্দিরিকে ও শ্রীমতি জাদুমনিকে মাহ বৈসাকে দোসরা মহাসয় পাত্র সহিৎ নাগরাকোঁদা জাইবেন সম্প্রদান করিব ইহা স্থির করিআ নগন পত্র লিখা দিলাম সন্দেহ নাস্তি পত্রে বিবাহ সিদ্ধং

ইতি সন ১২৪২সাল তারিক ১৭ চৈত্তি—

ইসদ

শ্রীকৈলাষচন্দ্র বন্দোপাধাঅ সাং নাকড়াকোঁদা

শ্রীশিবশিরোমনি কুলাচার্য্য সাং পোঁটরা

শ্রীরামলোচন তর্কবাগীশ কুলাচার্য্য সাং পোঁটরা

বিবাহ সিদ্ধং অত্র পত্রে সন্দেহ নাস্তি ॥

শ্রীমহেসচন্দ্র মুখপাধ্যায় সাং নাকড়াকোদা

৯। বি ৪৬৩

৭ঁ শ্রীশ্রীরামঃ

শরণং

৭ঁ ভবদীয় শ্রীগদাধর দেবশর্ম্মণঃ সনমস্কার সম্ভানং নিবেদনঞ্চ তব মঙ্গলে অত্রানন্দ বিশেষ নিবেদনং আপনে শ্রীশ্রী৺দর্শনানন্তর বাটিকে আইলে সাক্ষাত করিতে সাবসর হয় নাই সে দোষ ক্ষমা করিবে এখানে অপ্রতুল জন্নি সে সক[ল] নিবেদন করিব পরন্তু শ্রীযুত রতিকান্ত চট্টোপাধ্যায় তিলটিকুরীব শ্রীচণ্ডীচুরণ পাঠ[ক]কে লইয়া জাইতেছেন পাঠকের একটি অদত্তা কন্যা আছে তাহার সম্বন্ধ তোমার গ্রামে শ্রীযুত রামলোচন গাঙ্গলীর কনিষ্ঠ ভ্রাতা শ্রীশঙ্কর তাঁহাকে দৃষ্টি করিতে জাইতেছেন যদি মনহিত হয় তবে পত্র পাত্র করিয়া বিদায় করিবেন কন্যাটি ৭ সপ্ত বর্ষীয়া বটে সুন্দরী বটে সন্দেহ না করিবে বিনা পনে হইবেক।

পুনশ্চ লিখি শ্রীযুত সদানন্দ মুখোপাধ্যায় খুড়া মহাসএর সঙ্গে কথা হইঞাছে তাহাকে শীর্ঘ সঙ্গে লইয়া আমার মান রহাবে আমাদের বিদায় তোমার সঙ্গে পুর্ব্বে কথা আছে সেইমত সৌষ্ঠব করিয়া বিদায় করিতে হইবেক শ্রীযুৎ চট্টোপাধ্যায় আমার কর্ত্তা ইহার জায়াতে আমার জায়া ইহার সহিত মপস্বলে সকল কথা স্থির করিঞা দিবেন ইতি তাং ২৪

১০। বি ৬২৯

/৭ শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২৫৫ সাল—

আজ্ঞাকারি শ্রীরামপ্রসাদ দেঅস্য—

ভগুবৎ প্রনামা নিবেদনঞ্চাগে মহাঁসএর শ্রীচবনাসির্ব্বাদে এজনার সমস্ত মঙ্গল হয় বিশেষ শ্রীমতি জগদম্বার যুভ বিবাহর নিমন্তর্ন্নয় গুবাক শ্রীনফর পালের মাং পাঠাইয়াছিলেন ২২বৈসাখ প্রাতে আসিয়া নিমন্তর্ন্ন দিয়া বৈকালে খাওাদাওা করিয়া কহিলেক জে আমি মোং সোমসরে থাকীগা তোমরা কল্য ভোরে জাইয়া পোহছিবে তাহাতে আমরা ২৩•তারিখে ভোরে পোহছিলাম পোহছিবাতে আমাকে কহিলেক জে তোমরা লোক করিয়া জাহ আমি তোমাদিগে লইতে আসি নাঞী আমাকে গুবাক কডি দিতে কহিয়া দিআছিল রাধাপোদার আমী দিআছি তুমি জাহ বা না জাহ তোমার খুসি একথা যুনিয়া আমার বড অনুরাগ হইল আমি কান্দিতে ২ কহিলাম জে এমত কথা জদ্যপি সেখানে কহিতিষ তবে আমী আপনা খাইয়া আসিতাম নাই একথা যুনিয়া মাতুলানি কহে জে কুলিনের মাগ কুলিনদিকে জদি লইয়া জাহ তবে আমরা জাইব নাঞী আর কহে জে রাধাপোদার আপনার ভগ্নিকে লইয়া কুটম্বিতা করুগা বের ২ দফা ২ এই ধারার কথা হয় যুনিতে পাই তাহাতে বুঝিলাম জে আপনারা কিছু না কহিতে পেরে লোক হাত করিয়া অপমান করহ এ আর্চ্ছ নয় আমি জা তা আমাতেই আছি পরেমেরস্বর তাহাতেই রাখুন আপুনী সতবিবচক আপনকাকে অধিক কি লিখিয়া জানাইব [ইহা] শ্রীচরনে নিবেদন করিলাম ইতি তারিখ ২৩ বৈসাখ—

পুনসচ লিখি মহাঁসয় জদ্যপী এই পত্র অবহেলা করিয়া না পাট করেন তবে বুঝিব জে নিতান্ত আমার গ্রহ বৈগির্ন্ন।

১১। বি ৮৯৪

৭ শ্রী

চর…

অতি দিন কৃপা হিন

সেবকানুসেবক শ্রীরামহরি দাষ মিত্রষ্য

প্রনামা স্বতসহস্রং নিবেদনঞ্চ।

আদৌ মহাশএর শ্রীচরন শুভানুধ্যান করনে তাহাতেই এ সেবকের প্রানগতিক মঙ্গল বিশেষ। ২৯ বৈশাখ সনিবার আমার ত্রিতিয়া কন্যার শুভবিভাহ হইবেক আপনে অনুগ্রহপূর্ব্বক অধিষ্ঠান হইয়া সর্ম্যান্ন করিতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরনে নিবেদন করিলাম মিতি—১৯ বৈশাখ .

৩ তিন টাকা দিঘঙ্গ মোকামে মুদ্দির বরাত দিয়াছিলেন তাহা আমি দিব পরে।— শ্রীকমল লোক মারফতে ২ দুই টাকা সিক্কা পাঠাই পৌছিবেক। ইতি

১২। বি ৯১৭

পরম পুজ্জীনয়

শ্রীযুত ঠাকুর পুত্র ঠাকুর মহাশয় চরন যুগলেষু

সেবকানুসেবক শ্রীবৈদ্যনাথ দাসমিত্রষ্য—

প্রনামা সত সহস্র ২ নিবেদনঞ্চা আগে আপনকার শ্রীচরন যুভানুধ্যান করনেই এ সেবকের গোষ্টীর প্রানগতিক মঙ্গল বিশেষ এখানকার সমাচার শ্রীযুৎ ঠাকুর মহাসয় বড়ই অসুস্থ হইয়াছিলেন ইহাতে পিতাজির লইয়া ৩০ আশ্বীনে গিয়াছিলাম সেখানে কিছু আরাম বোধ হইবাতে অদ্য দিবস পাচ ছয় বাটীকে আনিয়াছী কিন্তু কাহিল বড়ই কখন কি হয় সদা সাবধান থাকীতে হইবেক পরে আমার দ্বিতিয় কন্যার যুভ বিভাহ ২৯ ওনত্রিষ্যা অগ্রহায়ন রবিবার হইবেক অতয়েব অনুগ্রহপূর্ব্বক মহাশয় এবাটীকে আশীয়া যুভকর্ম্ম সম্পন্ন করিতে আজ্ঞা হইবেক শ্রীচরনে নিবেদন করিলাম ইতি ২৪ অগ্রহায়ন [সন ১১৯৬]

১৩। বি ৯৮৬

শ্রীরামঃ

শরণং

শ্রীরামোজয়তি

আজ্ঞাকারি শ্রীরামানন্দ দেবশর্ম্মণঃ প্রণামা নিবেদন মিদং বিশেষঃ পরং ১৪ বৈশাখ বুধবার দিবসে আমার জ্যেষ্ঠা কন্যা শ্রীমতি ত্রৈলোক্যতারিনী দেবীর শুভ বিবাহ হইবেক অতএব মহাসয়েরা পহলানপুরের বাটিতে আসিয়া শুভ কর্ম্ম সমাপন করাইবেন পত্রে দ্বারায় নিমন্ত্রণ করিলাম ইতি তাং ১৩ বৈশাখ

মহামহিম শ্রীযুক্ত রামবিলাস ভট্টাচার্য্য মহাশয় শ্রীচরনেষু—

অশেষ শাস্ত্রাধ্যাপক শ্রীলঃ শ্রীযুক্ত রামমূর্ত্তি তর্কপঞ্চানন ভট্টাচার্য্য মহাশয় গীষ্পতি তুলৈঃ—

কল্যানীয় শ্রীযুক্ত রামপ্রশন্ন ভট্টাচার্য্য বাবাজিউ তথা শ্রীযুক্ত রামরামেশ ভট্টাচার্য্য বাবাজিউ প্রাণাধিকেষু—

পুনশ্চয় তর্কপঞ্চানন মহাশয় সকলকে লইয়া অবশ্য ২ আসিবেন ইতি

পত্র দেয়া পাসওা

১৪। বি ১২২৭

৭ শ্রীহরিঃ

[ভৃ]ত্যস্য শ্রীরাসবেহারি দেবশর্ম্মণঃ প্রণামা নিবেদনঞ্চাদৌ মহাসয়ের শ্রীচরণ কৃপাতেই সমস্ত মঙ্গল বিশেষ নিবেদন মহাসয়ের পূর্ব্ব পত্রে কাহিল সুনিঞাছিলাম অদ্যাপি বাটি আইলে না এইজন্যে ভাবিৎ আছি আপনি যদি সবল হইঞাছেন তবে এই মাসে বাটি পৌঁহছিবেন অবস্য ২ এবং শ্রীযুৎ উৎসবানন্দ ভট্টাচার্য্য ভায়াজিয়ের শুভ বিবাহ ২৯ ফালগুনে হইঞাছে জিনাইপুরে পুনু চৌধুরির কন্যাকে ইহার মধ্যস্থ শ্রীযুক্ত রঘুনাথ বন্দোপাধ্যায় ইহাতেই অনেক কর্জ্জ পত্র হইঞাছে জানিবেন ঘটক কুলিন অনেক আগমন হইঞাছিল ইহার বিদায় এবং অভরন কাহার বাজন্দার এবং সমস্ত খরচ জানিতে পারিছেন ইতি তাং ৭ চৈত্রী

[১খ

৭ শ্রীহরিঃ

পুস্তক জায়

শ্রীভাগ[ব]ত ১ খানি কাং প্রথমাবধি চতুর্থ আর ১ খানির কাং পঞ্চম ষষ্ঠ অষ্টম নবম ২ অধ্যা আর ১ খানির কাং অষ্টম নবম একাদশ দ্বাদশ আর ১ খানির কাং দশম

আর ১ খানির কাৎ একাদশ দ্বাদশ আর ১ খানি শ্রীভাগ জেরকথা সমস্ত পুস্কর। শান্তি ১ সহমরণ কালীপূজা ১ নৈষধ ২১ পত্র শ্রাদ্ধতত্ত্ব ১ ইহা ১ তুলাতেই শিবচতুর্দশী কথা ১ অন্ত্যেষ্ট পদ্ধতি ১

১৫। বি ১৬৬৯

শ্রীশ্রীকালী

বর্ত্তমান বর্ষে ২১ বৈসাখ সোমবার আমার শুভ বিবাহ হইবেক আপনকারা কেঁওদার আলএ শুভাগমন পূর্ব্বক শুভকার্য্য সোমাধ্যান করিবেন পত্র্যামন্তিত মিতী সন ১২৮২ তাং ১৯ বৈসাখ—

শ্রীসীবচন্দ্র সর্ম্মা

পূজনীয় শ্রীযুক্ত তৈলক্ষনাথ ন্যায়রত্ন মহাশয় শ্রীচরনেষু—

১৬। বি ৫১২০

৭শ্রীশ্রীহরি

ওঁ প্রজাপতয়ে নমঃ—

ইহ পত্রে মধ্যস্থ শ্রীবীরচন্দ্র শর্ম্মা লগ্নানুসারে
শুভকার্য্য সংপূর্ণ করিব

স্বস্তি সকল মঙ্গলালয়—

শ্রীযুত পুরুষোত্তম বিদ্যালঙ্কার ববারেষু—

লিখিতং শ্রীলালমোহন দেব শর্ম্মণঃ যুভ সম্বন্ধপত্র মিদং সন ১২৭৩ সাল আব্দে লিখনং কাজ্জনঞ্চ আগে তোমার পুত্র শ্রীগুরুপ্রসাদ দেবশর্ম্মার আমার কন্যা শ্রীমতি শ্রীদাম্নিদেবির সহিত যুভ সমন্ধ নির্ন্নয় করিলাম তাহাতে তোমার কুলমর্জ্জাদা পন ১৪তঙ্কা দিএা লগ্নানুসারে স্বভকাযা সমাপন করিব এতদর্থে শুভ সম্বন্ধপত্র দিল ইতি তাং ১১ কাতিক

পন— ১৪

জায়—

দানসা[ম]গ্রী— ১১৲

বরযাত্র— ৩৲

শ্রীলালমোহন দেবশর্ম্মণঃ
সাং ধামশ্রী

কুলাচার্য্যের বিদায় তোমি করিবেন

১৭। বি ৫৫২৪

'৭ শ্রীহরিঃ—

সহায়—

সন ১২৯৫ সাল

শ্রীমান নৃসিংহলাল ঠাকুর বাবাজীবনের

শুভবিবাহর জমা খরচ————

জমা————

চাপাঁ আসাই—

গুঃ দীগর—৮৬৸৹

খরচ—— ———

২৬ বৈশাখ—

আলঙ্কারের ফর্দ্দ—

আশীর্ব্বাদী কথা— ২৲

বাতাসা— ১৷৹

জেলাপী— ২৲

আশ্বীরবাদী—

বস্ত্র—

সারি—৩খানা—

গামছা—১খানা— ৬।৹

বাকস দীগর— ১৷৶৹

মাদুলী বান্দার— ৶১৹

আম্ব পব্বাদীর

কাপর—১ খানা

ও সন্দেষ— ১৶৹

১৪৷৶১৹ ১৪৷৶১৹

মাদুলী—১ থর ১৶৹ মাই বানী—

কানমাকড়ী— ২২৷৹

২টী—৷৴৹ ১১।৹

বোলাক—

১খান—।৶৹ ৭৷৹

রূপার অলঙ্কার—

মল—

১জোর—১৹৷৹ তোলা—১৹৷৹

কাকলী—
২ গাছা—১২তোলা—১২৲
মরদানা—
১ থড়া ৫তোলা—৫৲
তাবিজ—
১জোর—১০৲

৭৮৸০ ৭৮৸০

৯৩৶১০
রথ পর্ব্বানি— ১৷৵০
পুজার পর্ব্বানি— ৮৲
দোলাই পরুবি— ২৷০

১০৫৷৴১০

১৮। বি ৫৫২৬

৭ শ্রীরাম

শ্রীশ্রীযুৎরাধারমন ওঁ

শ্রীশ্রী৺প্রজাপতএনম—

শ্রীগউরমোহন দেব শর্ম্মনঃ
সাং মুড়গাঁ

যুস্তীর সকল মঙ্গলালয় শ্রীযুৎপুরুসোত্তম বিদ্যালঙ্কার ভট্টাচার্য্য মহানুভবেষু লিখিতং শ্রীযুৎচৌবিমোহন দেবসর্ম্মন যুভসম্মন্ধ পত্রমিদং সন ১১৭৩ সাল আব্দে লিখনং কায্যনঞ্চ আগে আমার কন্যা শ্রীমতি রাধামুনি দেবির সহিত তোমার পুত্র শ্রীযুৎ গোবিন্দ প্রসাদ দেবসার্ম্মার সাহিত যুভসাম্মন্ধ নির্ন্নয় করিলাম ইহার কুলমর্জ্জাদা ও দান সামগ্রী ও বরাভরন সামেত ১৷ ডের সার্ন্ন দিব এই করারে যুভসম্মন্ধ করিলাম লগন্না অনুসারে কায্য সংপুর্ন্ন করিব রাজ দোরবারে এতদর্থে যুভসম্মন্ধ পত্র দিল ইতী সন সদর তারিখ ২২ শ্রাবন

১৯। হু ৪০

শ্রীশ্রীহরি

সহায়

যুভানুধাই শ্রীভুবনচন্দ্র সর্ম্মনঃ

পরম যুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চা বিশেষঃ তোমার মঙ্গল শ্রীশ্রী৺দ্বারায় নিয়ত প্রার্থনা করিতেছি তাহাতে অত্রানন্দ পর এবাটির সংবাদ শ্রীযুৎ বৈবেহাহিক মহাশএর পত্রে লিখিলাম জ্ঞাতো হইবেক কী করা জায় ইশ্বর ইচ্ছায় জে পজ্যোন্ত জিবত দসায় থাকীতে হয় তাহাকে সকলি সজ্যা করিতে হয় এবং সংসারের কত্তবাকত্তর্ব্ব জাহা করিতে হয় এইরুপ সকাতরি হইতেছে সংপিতি তোমার পীশীঠাকুরানির যুভবিবাহ মাহ ভাদ্র সম্পর্ন্ন হইয়াছে শ্রীযুৎ অর্ন্নদাপ্রসাদ বন্দোপাধায় বাবাজী মাহ অগ্রহায়ানে দেবিপুরের বাটিতে আশীয়াছিলেন শ্রীযুৎ বন্দোপাধায় মহাশয় আমাকে কহিলেন এ বিসএ আমাদের অনেক টাকা দেনা করিআছেন আপনি আমাকে ৩০।৩২ টাকা কজ্জ করিয়া দেন আমী তাহাতে অত্তন্ত বিবত হইয়া ১৫৲ পোনর টাকা বহু লোক দ্বারায় কজ্জ করিয়া দিআছি চাশের জেরুপ সসাদি হইআছে তাহা সংসারের দুই মাষ খরচ হইতে পারে আমী সয়ং তোমার নিকট জাইতাম কোন পিতিবন্ধ মত জাইতে না পারিয়া শ্রীযুৎ মাধব ঘোষকে নিকট পাঠাইতেছি উক্ত ঘোষ প্রমখত সকল জ্ঞাতো হইবে জদ্দপী সরসতি পুজায় দুই চারি দীন বন্ধ হয় তবে একবার বাটি অবিশ্য ২ আশীবে আর জদি কাঞ্চিত খরচ পত্র ইহার মারফতে পাঠাইতে পার তবে বড় উপকার হয় কারণ দুই তিন মাষ নিমন্ত্রণ মাত্র নাই সংসারের জেরুপ খরচ পত্র সকলি জ্ঞাতো আছ তোমাকে এ সংবাদ লেখা আমার কত্তব্যা নহে কী করি ৺ আমাকে অত্তন্ত দায়গ্রস্ত করিআছেন জাহা বিবচনা হয় করিবে ইহা জ্ঞতো কারণ লিখিলাম ইতি তা—২ মাঘ

পরম কল্যানিয়

শ্রীযুৎ সারদাপ্রসাদ বন্দোপাধায়

বাবাজীউ চিরজিবিতুষু।—

৭৪॥ঃ

২০। অ ১

৭ শ্রীশ্রীগোপাল

প্রজাপতয়ে নমঃ

সকল মঙ্গলালয় শ্রীদুর্গাচরণ ভট্টাচার্য্য

সচ্চুদারচরিত্রেষু—লিখিতং শ্রীমদনমোহন

বাগীসস্য শুভ লগ্নপত্র

আমার সর্ব্ব কনিষ্ঠা কন্যা মিদং কার্য্যনঞ্চ আগে

শ্রীমতি যজ্ঞেস্বরী দেবির সহিত আপণকার অনুজ শ্রীযুত গুরুপ্রসাদ ভট্টাচার্য্যের শুভ সম্বন্ধ জে নিরুপণ হইয়াছে তাহার শুভ বিবাহ বর্ত্তমান মাসের ২৩ দিবসে সোমবারে রাত্রীতে লগ্ননিরূপণ করিলাম উক্ত লগ্নানুসারে শুভবিবাহ সংপূর্ণ করিয়া দিব অদ্য তারিক অবদি সাস্ত্র উক্ত বিধিতে কণ্যার দানের বাকদান করিলাম এতর্থে আপণ সেচ্ছাপূর্ব্বক লগ্নপত্র লিখিয়া দিলাম ইতি সণ ১২৪৭ সাল তাঃ ৬ বৈশাখ

শ্রীমদনমোহন বাগিষ

সাঃ জামবনি পঃ বিষ্ণুপুর

বঃ শ্রীতারাচাঁদ বন্দোপাধ[্যায়]

সাঃ নন্দিগ্রাম

২১। ন ১

৭ শ্রীশ্রীদুর্গা—

সন ১২৩১।—

ওঁ প্রজাপতএনম—

যস্তি সকল মঙ্গলালয় শ্রীল শ্রীযুতরামনারায়ন ভট্টাচার্য্য

বরাবরেষু—

লিখিতং শ্রীকাসিনাথ চক্রবর্ত্তী কস্য সুভ সম্বন্ধ পত্রমিদং

কার্য্যনঞ্চাগে আমার মদ্ধমা কন্যা শ্রীমতি সহচরি দেবির সহিত তোমার কনিষ্ঠ ভাতা শ্রীযুত রমারাম ভট্টাচার্য্যর সহিত সুভ সম্বন্ধ নির্ন্নয় করিলাম তাহার পোন ৩১৯ তিন সও উনিষ টাকা স্থির

শ্রীকাসীনাথ চক্রবর্ত্তি
সাং পলাসী
পঃ খণ্ডঘোষ

এই পত্রে মধ্যস্থ—
শ্রীভৈরবচন্দ্র মুখোপাধ্যায় অক্ষরেক্ষুসাক্ষী (১)
সাং সীম[লা]গ্রাম

করিলাম সেওায় অধিবাস ও গ্রহব্যাবহার দিগর আলাহিদা রহিল পোনের টাকা বেবাক লইয়া যুভ কর্ম্ম সম্পন্ন করিয়া দিব এইতদার্থে আপন খুসিতে যুভ সম্বন্ধ পত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩১ সাল তারিখ ৪ অগ্রাহাওণ

শ্রীভৈরবচন্দ্র মুখো—

সাং দিঘলগ্রাম

পঃ খণ্ডঘোষ

ইসাদী—

শ্রীকৃষ্ণমোহন মুখোপাধ্যায়
সাঃ ছোটবইনান

শ্রীটীক্যারাম চক্রবর্ত্তি

শ্রীগয়ারাম চক্রবর্ত্তি
সাং পলাসী

শ্রীকালিদাস রায়
সাং ছোটবইনান

শ্রীকাসিনাথ চক্রবর্ত্তী
সাং ছোট বইনান

শ্রীগৌরমোহন চক্রবর্ত্তী
সাং গোপালপুর

শ্রীহরিচরণ পাল

[খ ওয়াশীল রুপেয়া বাবুদ কন্যাপোন

সন ১২৩১ বার সও একত্রিষ সাল

তারিখ ৪ অগ্রাহাওন

আসামী— আদদ— রুপেয়া—

মোট— ৩১৯ তিন সও উনিষ টাকা

এহার মর্দ্ধে ওয়াসীল পত্র বন্ধী (?)

নিজ রোজ—

গুঃ খোদ—

রোকসিককা— ২ দুই টাকা ইতি

শ্রীকাশীনাথ চক্রবর্ত্তি
সাং পলাসি
পঃ খণ্ডঘোষ

॥ প্রণয়পত্র ॥

(১২৩৪-১২৮৩ সন)

২২। বি ৩০১

৭শ্রীশ্রীহরি।—

স্মরনং ॥—

সুন রসময় প্রেম পরিচয় রূপ তার অপরূপ।
নিন্দি ইন্দীবর নয়ন সুন্দর বদন সরোজ রূপ ॥
লাজেতে চপলা হইল চপলা হেরিয়ে তাহার হাসি।
তাহার বচন না সুনে জে যন সে জন·········
···স্বভাবো সরল অতি নির[মল] ···[মোহন]চান্দে।
কলঙ্কী সেজন বিখ্যাত ভুবন মৃগ হরনাপবাদে ॥
তার মন্ত্রিবর পরম সুন্দর আবেসে আখ্যান যার।
খেদে কাঁদে প্রান হয়ে রূপবান অল্প দৃষ্টিসক্তি তার ॥
সে জারে দেখায় সে যারে চিনায় তারে প্রেম ভালবাসে।
শয়নে স্বপনে ভোজনে ভ্রমনে রাখে তারে চিদাকাশে ॥
নিরন্তর সুখে থাকে মুখে মুখে এই সাধ অনিবার।
বিরহ বদন দেখিতে কখন বাসনা নাহিক তার ॥
দোশ গুন তার না করে বিচার বরং দোশে গুন ভাবে।
জদি কটু কয় তাহা সএ রয় বরং গদ গদ ভাবে ॥
প্রতি পদার্পণে বোধ করে মনে সুধা বরিসন হয়।
তাহার বদন দেখিতে নয়ন [অনিমিখ চেএ রয়] ॥
গুরুর গঞ্জনে লোকের লাঞ্ছনে ···
··· ···সঙ্গ তাহারি প্রসঙ্গ লাজ ভএ নাহি ভঅ ॥
হলে সে কুরূপ না ভাবে বিরূপ ভালবাসে নিশি দিবা।
আহা মরি মরি দেখহ বিচারি আবেশের শক্তি কিবা ॥
কাল রূপে তাই মজিয়েছি তাই হয়েছি তোমার দাসি।
হেরি তব মুখ না ব[া]ন্ধএ বুক অধরে না ধরে হাসি ॥১॥
রোসিক মুরারি নিবেদন করি প্রেমে আর ব্রহ্মে প্রভেদ নাই।

জত মুড়মতি এ ধনের প্রতি প্রতিবাদি হয় কেন সবাই ॥
ব্রহ্মের ভজনে ভবনে স্বজনে শয়নে ভোজনে ঔদাস্য জ্ঞান।
মান অপমান সকলি সমান সুস্থান কুস্থান বোধ ··· ॥
···ভয় কিছু নাহি রয় ···
কি সুচি অশুচি দুএ সম রুচি দয়া মাআ সবসে জনে ॥
প্রেমোপাসনার তেমনি ব্যাভার দেখনা বিচার করিএ মনে।
তাই প্রেম ধন করি আরাধন ব্রহ্ম সনাতন ভাবি সে ধনে ॥
পঙ্কজলোচনে কৃপাবলোকনে মম প্রানমনে রাখহে হেরি।
তব সুধা পান করে মন প্রান হএ সাবধান দিবা সর্ব্বরি ॥
মনঃ প্রান হয় চঞ্চলাতিসয় বিচ্ছেদের ভয় তাই তো করি।
বিচ্ছেদ হইলে মরি তিলে তিলে তাহাতে কি মিলে
বল হে কেমনে তরি ॥

শ্রীপাদপদ্ম সেবিতানুসেবিত শ্রীমতি মনমোহিনি দাসিস্য দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চাদো শ্রীপদ সেবিনাশ্রিতেষুঃ ॥১॥

২৩। বি ৪৭৪ ক

৭ঁ শ্রীকৃষ্ণচৈতন্য।

চরনে স্বরনং ॥—

কলি ঘোর তিমিরে অখিল কৈল গ্রাস। নদিয়া নগরে কোটি চন্দ্রের প্রকাস ॥
স্বয়ং ভগবান গৌরচন্দ্র মহাসয়। নিস্তারিল সর্ব্বজন দিঞা পাদাশ্রয় ॥
আদিত্য আখ্যাতে সন বার সএ সাল। নেত্রে বেদ দিঞা হয় চৌতিস মিসাল ॥
মিথুন আসাড় মাস আঠার পুরাণ। দিবা অর্দ্ধকাল দুই প্রহর আখ্যান ॥
বার স চৌতি সাল আসাড়িয়া মাসে। মোর দত্ত পত্র প্রাপ্ত আঠার দিবসে ॥
গবাক্ষ আখ্যান ক্ষুদ্র দ্বার হয় জ্ঞানে। বসিঞা আছিলে তুমি রাজসিংহাসনে ॥
তারক শ্রীরাম নাম কস্তভাস্ত মনি। সর্বপেতে রাই নাম উত্তম বাখানি ॥
পুরবাসি গোপদাসি লোচন ডাগর। বিধপা বয়স মধ্যা রসের সাগর ॥
তার হাথে পত্র পাঞাছিলে মহাসয়। মেয়াদ করিঞাছিলে সব সত্য হয় ॥
দাসগন মধ্যে তুমি সুদ্ধ কৃষ্ণদাস। গুরুআজ্ঞাকারি বট বৈষ্ণবে বিশ্বাস ॥
দিনে দয়া কর তুমি বুদ্ধে বৃহস্পতি। ভক্তিসুন্য জনে এত কেনে কর স্তুতি ॥

তোমার গম্ভির মন কিছুই না জানি। মুঞি অতি ক্ষুদ্র জিব পক্ষ রাঙ্গা টুনি ॥
অহো ঔাল ধন্য রাধাকৃষ্ণ প্রেমধন। কৃপাতে দিবেন সদা নন্দের নন্দন ॥
কৃপার নিধান কৃষ্ণ কমলনয়ান। কৃপাতে তোমারে সদা করিবে সন্মান ॥
কৃষ্ণের সন্মান সত্য সত্য তাঁর দাস। কৃষ্ণে কৃষ্ণদাসে তোমার অধিক বিশ্বাস ॥
কৃপাছলে জৈছে সনাতনে গৌররায়। তৈছে সিক্ষা সচিস্থত দিবেন তোমায় ॥
কৃপাছলে জৈছে প্রেম দিল ভক্তঘরে। অঞ্জলি পুরিঞা তৈছে দিবেন তোমারে ॥
তুমি মোর প্রানবন্ধু বুদ্ধ্যে মহা ধির। জবাব দিঞাছ কোটি সমুদ্র গম্ভির ॥

স্থনিঞা তোমার পত্রের উত্তর পুলকে পুরিল গা।
উত্তরে উত্তর কি কহিব আর ... ...না পাইয়া ॥
স্থন বন্ধু ... ... :...জানিলাম আমি ॥
শ্রীগুরূপ্রসাদে বৈষ্ণবাসির্ব্বাদে সাধন উদ্গম হবে।
সদানন্দ হঞা ব্রজভুমে জাঞা গোবিন্দচরন পাবে ॥
তোমার অগ্রেতে কি জানি কহিতে তুমি বুদ্ধিসিরোমনি।
তুমি মহাসয় সর্ব্বলোকে কয় দৈন্য বিনয়ের খনি ॥
অতেব তোমার চরিত্র অপার কে জানে তোমার সন্ধি।
মধুর বচনে হাস্য আলাপনে জগতে করিলে বন্দি ॥
নরাধম বলি লেখিঞাছ ভালি সিস্থ ভুলাঞাচ ভাল।
উল্টা ছোটে গিরে কে দিঞাছে ফিরে ভাবিতে পরান গেল ॥
নহ নরাধম তুমি সে উত্তম উত্তমের এই চিন।
উত্তম জে জন এই সে লক্ষন আপনাকে মানে দিন ॥
সব্দ অলঙ্কার করিএ তোমার মনহর পদাবলি।
অক্ষর স্থপাঁতি জেন পদ্মে মাতি মধুরস পিএ অলি ॥
তুমি হেন ধন বন্ধু মহাজন মোরে মিলাইল বিধি।
জাব বৃন্দাবনে বসিঞা নির্জ্জনে সাধিব মনের সিধি ॥
নিকুঞ্জ কাননে আর নিধুবনে জাব বেলি অরোসানে।
বংসিবট তটে তাহার নিকটে যমুনাপুলিন বনে ॥

স্থন হে প্রানের বন্ধু অপার গুনের সিন্ধু তুআ গুন কহনে না জায়।
জেবা ধৈর্য্যগুন তোর কেবা তার পায় ঔর সত সতাননে জদি গায় ॥

উত্তরে উত্তর দিতে আহ্লাদ স্বজন চিত্তে বাদি ভেদি তার্কিকের দুখ।
সরল পিরিতি পথে কুটিনাটি নাহি তাথে সিআন ভিআনে পায় সুখ॥
সিআন ভিআনি তুমি গাভুআ দোকানি আমি গাদ কুটিনাটি সব ছানি।
সরস মধুর পাকে সব দ্রব্য একে একে ভাল ভিআঞাছ ঔলা চিনি॥
তুমি মহা ভাগবত উত্তরে উত্তর জত লেখিঞাছ বিসেসন দিঞা।
অধিক লেখেচ জত তাহা বা কহিব কত আমি লেখি পুষ্প অভ্যাসিঞা॥
ভাবের সম্পক্ষ নাঞি স্থনিঞা তোমার ঠাঞি ভাবাবেসে মন ভুলে গেল।
ভাবে ভাবে মহারন নাহি হয় সম্বরন ভাবের সাগর উথলিল॥
ভাবের সমাক্ষ নাই ভাবেতে শ্রীদাম ভাই ভাবেতে নন্দের বহে বাধা।
ভাবে গোপীগন ভজে [জল]াঞ্জলি দিঞা লাজে পরক্রিয়া ভাবে ভজে রাধা॥
সেভাবে গোকুল চাঁন্দে দধি ভার বহে কাঁন্ধে ভাবের অবধি নাহি সিমা।
ভাবে বস নারায়ন ভাবুকা ভকতগন ভাবে ভুলাঞাছে গোপ রামা॥
ভাবে নন্দ গুননিধি সাধিল মনের সিধি পাতাইল পিরিতের হাট।
বিচারিঞা দেখ দেখি শ্রীগীতগোবিন্দ সাখি জয়ন্তি যমুনাকুলে পাঠ॥
ভাবে মাতা নন্দরানি রাধারে মন্দিরে আনি সিস্থকালে মিলন করায়।
রুহিনি রামের মাতা কি কহিব তার কথা দুহুঁ মুখে তাম্বুল জোগায়॥
বিধি ভব নারদাদি কৃষ্ণদাস ভাবাবধি সনক সনন্দ ভাবে ভোরা।
কৃষ্ণদাস ভাব বিনে ধিক্ ধিক্ সে জিবনে জিবন থাকিতে সেহ মরা॥
জিবের স্বরূপ জেন স্ফুলিঙ্গের কন হেন ইস্বরস্বরূপ অগ্নিময়।
জিবাধমে সে তুলনা দিতে ভাগবতে মানা সর্ব্ব তর্ত্ত জান মহাসয়॥
ভাবের সরসি তুমি সরসি পরসি আমি ভাবের তরঙ্গে জাই ভাসি।
ঘুচিল মনের ভয় স্থন অহে মহাসয় এতদিনে পোহাইল নিসি॥
রথের বিত্যান্ত কথা অনেক বাহুল্য গাঁথা সাক্ষাতে সকল নিবেদিব।
স্থনিবে সকল তর্ত্ত বিচার করিবে সত্য প্রনয় বিচারে দাস হব॥
এখন আপন কথা কহিব সরস গাঁথা উঘাড়িঞা লজ্জার কপাট।
ভাবের সম্পক্ষ নাই স্থনেছি তোমার ঠাঁই নিরূপেক্ষ পিরিতের হাট॥
হরএ নমঃ॥
সেই রসবতি রামা রূপে গুনে অনুপামা হুনির পুঁতলি তনুখানি।
পিরিতে পুরিত হিয়া কত চাঁন্দ নিঙ্গাড়িয়া গাথানি মাঁজিল হেন জানি॥

বদন সরদ সসি   কিবা সে মুখের হাঁসি   অমিআ উগারে জেন চাঁন্দে।
খঞ্জন গঞ্জন যাঁখি   ভুরুর ভঙ্গিমা দেখি   মদন বেদনা পাঞা কাঁন্দে ॥
চরনকমল তলে   অরুন কিরন খেলে   নখমনি ঝলমল তায়।
জিনিঞা সিরিস ফুল   অঙ্গ অতি সুকোমল   পরিমলে অলিকুল ধায় ॥
গউর বরনি ধনি   আমারে করিঞা রিনি   রাখিঞাছে হ্রিদি কারাকারে।
সে বড় বিস্বম ঠাঞি   কারু সঙ্গে দেখা নাই   পবন পসিতে তাহা নারে ॥
নিগুড় পিরিতি ডোরে   বাঁন্ধিঞা রাখেচে মোরে   নয়ন পহরি দিঞা থানা।
তিলে তিলে আসি জায়   সদাই বদন চায়   বাহির হইতে করে মানা ॥
রসিক নাগরি ধনি   চতুরের সিরোমনি   বচনে বুঝিতে নারি তারে।
বিদায় মাগিতে গেলে   সঙ্গ গোড়াইঞা চলে   নতুবা করাত মাগে মোরে ॥

লেখিতে লেখিতে বহু বিস্তার হইল।   তথাপি মনের দুঃখ অনে[ক] রহিল ॥
আমার বচন সুষ্ক কাষ্ঠের সমান।   নিজর সানন্দ দিঞা করিবে ভিয়ান ॥
রসনা রসিক তোমার রসময় বানি।   মেওাঁর পসারি তুমি রসিক ভিআনি ॥
সামইক মঙ্গল সকল সমাচার।   আপনার কুসল লেখিবে বারে বার ॥
কীর্ত্তন আরম্ভে আগে জার নাম পাবে। তার দাসাখ্যান দিঞা মনেতে করিবে ॥ ইতি ॥

মনুবংস পৃয়ব্রত   সুসোভিত জার রথ   পঅধি অঙ্কিত জার রেখা।
সগর সুতের হাথে   উদধি হইল খাতে   তাহে জন্ম কুমুদির সখা ॥
তিহোঁ তার জন্মস্থান   বেদরন্ধ পরিমান   সকের বৎসর করি আমি।
প্রকিতি পুরুষে যুক্ত   কর পিষ্ঠে ন ভুক্ত   তারিখ জানিবে এই তুমি ॥

শ্রীকৃষ্ণচৈতন্য পদারবিন্দ মকরন্দ পানানন্দিত চিত্র
শ্রীল শ্রীশ্রীষ্টীধর ঘোসস্য বাবাজি প্রেমাঙ্কচিত্রেষু ॥
৭৪॥—

২৪। বি ৪৭৪ খ

নকর্ল—

শ্রীকৃষ্ণচৈতন্যঃ—

চন্দ্রায় নমঃ।—

রসের নাগর প্রেমের সাগর শ্রীলয় গউর হরি।
তব কৃপাশ্রয়ে চরণ নিলয়ে বৃন্দাবনে গিয়া মরি॥

স্বয়ং ভগবান অহে গৌরচন্দ্র রায়। জানি বা না জানি কিছু স্থান দিবে পায়॥
আদিত্য আখ্যাতে শত নেত্রে বেদ দিয়া। মিথুন পুরান সখ্যা দিবষ গনিয়া॥
দিবা অর্দ্ধকালে ছিলাম গবাক্ষ খুলিয়া। আজ্ঞা পত্রী পাইল আমি বিসয়ে বসিয়া॥
তারক কৌস্তভাস্ত নাম গোপকুলা দাসি। সর্ষপে উত্তম নাম পুর গ্রাম বাসি॥
বিধপা বয়স মধ্যা লোচন ডাগর। রশীক নাগরি সেই রসের সাগর॥
তাঁর হাতে পত্র পাঞা সিরোধার্য্যে নৈল। পাঠ করি প্রেমে মন মাতিয়া রহিল॥
তখনি জবাব মোরে চাহিল নাগরি। দিতে না পারিয়া বৈল কৃতাঞ্জলি করি॥
মেয়াদ বিনা দিতে নারি জে কেহ শুন্দরি। মুখে আচ্ছা বলি পুন বৈল আঁখি ঠারি॥
কৃতার্থ করিল সেই অমিয়া বচনে। পত্রের জবাব এবে করি নিবেদনে॥
দাষ প্রতি এতদুর লেখা অনূচিত। শ্রীগুরু আজ্ঞায় মোরা বৈষ্ণব আশ্রিত॥
দিন হিন বুদ্ধি জ্ঞান ভক্তি সুন্য জনে। এতদুর স্তুতিবাক্যে না করি সন্মানে॥
আপনার আহোঔাল সকল জানহ। কৃপাডোরে বান্ধি মোরে কুপেতে ডারহ॥
জে হউ সে হউ কহি করি অভিমান। কৃপাতে সকল পার করিতে সন্মান॥
কৃপাছলে সনাতনে গউর সিক্ষা দিল। কৃপাছলে ভক্তাদিকে প্রেমদান কৈল॥
কৃপাছলে নাম প্রেম প্রচার করিল। এ সব বিচারি নিজ মন স্থির কৈল॥
তুমি সে প্রানের বন্ধু পাই জত দিনে। জবাব না জানি কিছু করি নিবেদনে॥

শ্রীকৃষ্ণ চৈতন্য কলিকালে ধন্য পদগ[ ]ন্ধ দিতে মন।
আমি নরাধম তুমি সর্ব্বোত্তম জদি দেহ শ্রীচরন॥
সাস্ত ভক্তি নিষ্ঠা দিনে দয়া জেষ্ঠা কল্যানে প্রসংস ভাষ।
নরাধম জনে বল নিজ গুনে কল্যানেতে নিজ আষ॥
প্রেমে ভাসাইয়া হিত বাঞ্ছা হঞা মঙ্গলেতে চিন্তা কর।
জে জার চরন সদা করে ধ্যান তারে নাগে সব ভার॥

পালক জনক সাস্ত্রযুক্ত বাক কৃপাতে সকল হয়।
কিন্তু মিশ্র ঘরে নন্দের মন্দিরে সিশু মায়ে জ্ঞান কয় ॥
তুমি শে বালক জগত আলক মূঁর্খকে পণ্ডিত বল।
ভালবাসা জনে প্রতারনা কেনে মন কি নহে সরল ॥
ভরোসা হরির সকলের সার অধমে তুলনা লেখ।
বিচারিতে সার দোহাই তোমার সাস্ত্র যুক্তে ভাবি দেখ ॥
তাড়ন ভৎসনে পিতা সিশুগনে সিক্ষা দিতে সাস্ত্রে লেখে।
উল্টা ছোটে গিয়া বান্ধিয়াছ ফিরা বিচার অপিক্ষা রাখে ॥
প্রহ্লাদের পিতা সিক্ষাতে অল্পতা না করিল সব জান।
হরি গুন গানে পিতার বচনে মৃত্যুকে তুচ্ছতা জ্ঞান ॥
ভাগবতে হয় মহানেতে কয় ভজিলে ভজিয়ে তায়।
ভজন পুজন না জানি কখন ইথে কী হবে উপায় ॥
তবে জ্ঞাতা জনে হিতাহিত জানে একথা অন্যথা নয়।
অধমের প্রতি হয় অনুচিতি শুজনের প্রতি কয় ॥
নাম না লেখিব তারিখ না দিব ইঙ্গিতে বুঝিতে ভার।
গউর নাম তত্ব কে জানে মহত্ব তাথে আমি অতি ছার ॥

রসিক শুজনে কথা সরল পরান গাঁথা রসিকেই রসের ভিয়ান।
তুমি হও রশসিন্ধু না পাইল এক বিন্দু তুমি রশভিয়ানি সিয়ান ॥
শুপাকে অবাক হয় শুমধুর প্রেমময় সোনায় সোহাগা নিদর্শন।
অকথ্য প্রেমের কথা না কহিয়ে জথা তথা এই লাগী গুঙ্গার সপন ॥
অবাকে নিবীড় ভাব পুন রস কোথা লাভ লেখ নাই চাতুরি করিয়া।
আমি নিজ দাষ বটী তবে কেনে কুটি নাটী কৃপা কর সরল হইয়া ॥
কৃষ্ণশুখ লাগি গোপী কুল তেয়াগিল অপি ভাবে প্রভু সমুদ্রে পড়িল।
লিলাদৃষ্ঠ আষে রাম বেশধারি অবিরাম নামে জোগী মহেশ হইল ॥
নারদ শুকের সার নাম অন্ত তত্ব পার না পাইয়া বাউল হইল।
রূপ সনাতন দ্বয় গোরা আজ্ঞাকারি হয় রার্য্য ছাড়ি ব্রজে বাষ কৈল ॥
এ সব তুলনা কথা এ পামরে অব্যবস্থা জত বল আপনার গুনে।
একে আমি নরাধম তাথে সদা মন ভ্রম গুর্নেনিধি নিবেদি চরনে ॥

রূপ সনাতন দ্বয়   পদ দিতে আশ্রয়   মনে কর সরল হইয়া।
সঙ্গে করি নিতে হয়   শুন বন্ধু মহাশয়   মোর ভাগ্য সাফল করিয়া ॥
আগে লোভ জন্মাইলে   পিছে কুটিলতা হৈলে   আমার দুর্ভাগ্য নাই সিমা।
তুমি বহুবল্লভ   রসবতির দুল্লভ   কি করিবে একা নঞা আমা ॥
তব কৃপা লেষ পাই   রসবতি কাছে জাই   যুটী করি নিবেদি চরনে।
ভাবের সম্পর্ক নাই   নিলজ্জ হইয়া জাই   সব কহি জেবা আছে মনে ॥
যুনিয়াছী লোকমুখে   রথ দেখিয়াছ শুখে   আসিতে জাইতে দেখা নাঞী।
কোন রসবতি পাঞা   শুখে ছিলে তথা জাঞা   তবে মোর কিসের বড়াঞী ॥

পত্রের বাহুল্য মতে দুঃখ বাকী রৈল।   তব চরণ স্মরন করি এই নিবেদিল ॥
নিবেদনে সামইক জানিবে কুশল।   মনজোগে সদা নিজ দেখিবে মঙ্গল ॥
প্রজাপতি কীর্ত্তি মধ্যে মোর নাম পাবে।   দাষ খ্যাতি বলি নিজ চরনে রাখিবে ॥
চন্দ্র পক্ষ নেত্র বেদ সনের আশ্রয়।   পক্ষ পৃষ্ঠে চন্দ্রে তারিখ মিথুনে নিশ্চয় ॥
জদ প্রাপ্তং তদ দত্তং ইতি ॥

২৫। বি ৪৭৪ গ

৭শ্রীহরএনমঃ ॥—

শ্রীকৃষ্ণ চৈতন্য পাদপদ্ম মকরন্দে।   জার মন মর্ত্ত ভৃঙ্গ সদা সেই গন্ধে ॥
সান্ত দান্ত কৃষ্ণ ভক্তি নিষ্ঠা পরায়ন।   দআর সাগর দিন হিনের জিবন ॥
জাহার মধুর বাক্যে জগত সন্তোস।   বাবাজি কল্যান করি স্বষ্টিধর ঘোস ॥
তোমার মঙ্গল সদা বাঞ্ছা করি আমি।   জেন প্রেম ভক্তির তরঙ্গে ভাস তুমি ॥
আপনার মঙ্গল কুসল সমাচার।   লেখিঞা চিত্রের দুঃখ ঘুচাবে আমার ॥
তোমার পালিত আমি তুমি সে পালক।   পালন করিবে জেন আপন বালক ॥
বালকের পালক জনক সাস্ত্রনিত।   বুঝিঞা বিচার কর তুমি সে পণ্ডিত ॥
তোমার ভরসা মাত্র আর এক হরি।   করিঞাছি এই দুই দোহাই তোমারি ॥
জানি বা না জানি কিছু সিযু অল্পমন।   সিক্ষা করাইবে করি তাড়ন ভচ্ছন ॥
পুত্র জদি নারায়ন তুল্য হয় জানি।   ধর্ম্ম সিক্ষা দিবে পিতা আছে সাস্ত্রবানি ॥
ভজিলে ভজিতে হয় স্তন মহাসয়।   ভজিলে অবস্য ভজি ভাগবতে কয় ॥
সব তর্ত্ত জান তুমি জাথে হিতাহিত।   কহিতে তোমার আগে মোরে অনুচিত ॥

নিজ নাম না লেখিব না দিব তারিখ। ইঙ্গিতে বুঝিবে তুমি সুজন রসিক ॥
রসিকে রসিকে কথা না কহে বয়ানে। রসিকে রসিকে কথা নয়নের কোনে ॥
সহজে সরল জার রসের পরান। রসিকে রসিকে করে রসের ভিআন ॥
ভিআনে ভিআনে রস হয় ত সুপাক। সুপাক হইলে নাম ধরএ অবাক ॥
অবাক হইলে হয় সুমধুর প্রেম। পোড়াঞা ঝোড়াঞা জেন সোহাগাতে হেম ॥
সেই জে প্রেমের কথা অকথ্য কথন। কহিতে না পারে জেন গুঙ্গার সপন ॥
জার লোভে কুল সিল ছাড়ে গোপীগন। জার লোভে মহাপ্রভুর সমুদ্রে পতন ॥
জার লোভে বলরাম নানা বেস ধরে। জার লোভে মহেস্বর বসন না পঁরে ॥
জার লোভে সুকদেব বাউল হইল। নারদ বাজাঞা বিনা অন্ত না পাইল ॥
জার লোভে বৃক্ষমুলে রূপ সনাতন। রাজ্যপদ ছাড়ি কৈল অরন্নে গমন ॥
আসিঞা রহিলা বৃন্দাবনের ভিতরে। ভিক্ষাছলে কাঁন্দি বোলে ব্রজবাসি ঘরে ॥
সেই রূপ সনাতন দুই মহাসয়। তোমারে করুন নিজ চরন আশ্রয় ॥ ইতি ॥—

শ্রীসৃষ্টিধর ঘোস বাবাজি
অতিমধুর চরিত্রেষু
৭৪॥—

২৬। বি ৪৭৪ ঘ

শ্রীশ্রীহরি

সরণং

করি আকীঞ্চন পাইতে রতন নিবেদি গউর হরি।
না দিলে বা কোথা পাইব সর্ব্বথা কহিল চরন স্মরি।
পরম পূজিত অদ্ভুত চরিত বহু গুণযুক্ত গউর হরি।
দাষ খ্যাতি ভাবি বাবাজী পদবি মধুমুখা করি চরণ হেরি।
ঘোর কলি ধন্য হৈল গোরা অবতারে। অন্ধকার নাষ পাপ গেল ছার খারে ॥
সূর্য্যের উদয়ে জৈছে তিমির লুকায়। উদয় করি তমোনাষ কৈলা গোরারায় ॥
নাম প্রেম প্রচারিয়া জগত তারিল। সকল ছাড়িয়া জিব গোরাশ্রয় লৈল ॥
রশ নির্য্যাসিতে ভক্তে ক্রোটী গ্রন্থ কৈল। আস্বাদিতে বাঢ়ে শেষ অন্ত না পাইল ॥
অন্ত না পাইয়া ব্রহ্মা সিব নারদাদি। ভক্তরূপে অবতির্ণ হৈলা সংহতি ॥
ভক্ত মাহাত্য বিনা গোরার অন্য নাহি ভায়। অধর্ম্মেরে পদাশ্রয় দিবে গৌররায় ॥

তিরিশা আসাড়ে বিশানল ঘরে বসীয়া ছিলাম আমি।
ভাগ্যের মাহত্য তব আজ্ঞাপত্র হরি মোরে দিল আনি॥
পত্রের বর্ণনা কি দিব তুলনা মুনি মুকুতায় গাঁথা।
রশ পরিপূর্ণ কঠিনতা শুন্য তুলনা নাহি সমতা॥
মুকুতার পাঁতি অক্ষরের জোতি গাঁথনি মনের মত।
বাহুল্য বর্ণন না হয় গনন ভালবাসা জত তত॥ ....

[১খ ইৎসা বড় আছে দোঁহে ব্রজভুমে জাব। জাইতে জাইতে পথে মাগী মাগী খাব॥
বৈদ্যনাথ গিয়া বাবার আশীর্ব্বাদ লব। গয়া গিয়া পিতৃলোকে পিণ্ডদান দিব॥
কাশী গিয়া বিশ্বেশ্বর চরন দেখিব। অজোধ্যা জাইয়া রাম দর্শন করিব॥
তারপর প্রয়াগেতে বেনিমাধব পাব। গোকুল হইয়া পরে মথুরাকে জাব॥
মথুরা দর্শনে আগে কৃতার্থ হইব। জমুনার জল দোঁহে কর পুরি খাব॥
বহু ভাগ্য থাকে তবে বৃন্দাবন পাব। তব সঙ্গে মহানন্দে দর্শন করিব॥
বনে বনে কুঞ্জে কুঞ্জে ভ্রমন করিব। মাধুকুরি ভিক্ষা করি উদর পুরিব॥
কৃপা হয় ভাগ্যোদয় জয়নগর জাব। গোবিন্দ দেখিয়া পুন বৃন্দাবন পাব॥
নিত্যসিদ্ধ স্থান সব ভ্রমন করিব। খুজি খুজি দেখি দেখি মহানন্দ হব॥
ইৎসাময় মহাশয় তথায় থাকীব। ভাগ্য থাকে তব আগে তথায় মরিব॥
এই ত বাসনা আর কারে নিবেদীব। সম্বৎসর পরে দোঁহে নৌকায় চড়িব॥...

২৭। বি ২২৫৩

৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ—

পরম প্রেনইণী—

দক্ষিন হইতে আসিয়ে এক চিঠি পাইয়াছি তাহার সংবাদ সকল জ্ঞাত হইলাম আমার এক চিঠি গিআছে তাহার কোন্ সংবাদ না পাওয়াতে বরই ভাবিত আছি এক মাস হইল জবাব পাইলাম না সারিরিক কেমন আছেন বুঝিতে পারিলাম না তোমার সহিত সাক্ষাত নাইবাতে জেরূপ আছি তাহা স্থন—

তোমা বিনা অন্য কিছু ভাল নাহি লাগে। আমায় ফেলি তুমি পালাইলা আগে॥
তুমি ধ্যান তুমি জ্ঞান তুমি চিন্তামনি। তোমা বিনা আমী জেন মনিহারা ফনি॥

চঞ্চল জেমন ফনী [হয়ে] হারামনী। তোমা হারাইয়া আমী হয়েছি তেমনি ॥
মধুমাখা কথা সব আছে হৃদে গাঁথা। না স্থনে কেমনে রব সে সকল কথা ॥
কেমনে ভুলিব আমী সে সকল বানী। কর্ন জুড়াত আমার স্থনিআ সে বাসী ধ্বনী ॥
পূর্ব্বকথা সব পিয়া পরিতেছে মনে। কেমনে রাখিব প্রাণ তোমার বিহনে ॥
প্রাণ গেল প্রাণ গেল তব অদর্শনে। তোমা স্যুন্য গৃহে পিয়ে রহিব কেমনে ॥
দেখা দাও পান পিয়া স্থির হক পান। আমার হৃদয়ে পাণপিয়ে তব স্থান ॥
হৃদয় ছারিয়ে পিয়ে করিলে প্রস্থান। কি দোস দেখিআ পান করিলে বর্জ্জন ॥
দোস জদি করিতাম মারিতে তখন। দিন মধ্য শতবার দিতে দর্শন ॥
ঘরে এসে পুনি পিয়ে দেখি তবানন। আমারি কারনে পিয়ে হারাইলে মান ॥
কতই জে মহাপাপ করেছি হে আমি। জে পাপে হারালাম আমী তোমা হেন সামী ॥
হে বিধী আমার হৃদয় ধন করেছে হরণ। প্রানশুন্য দেহে আর কিবা পিয়োজন ॥
সপত করিয়ে বলি বধো রে জিবন। এ ছার দেহো আমার রহে কি কারন ॥

তব স্থান হইতে প্রিয়া বিদায় হইয়া। এখানে এসেছি দুঃখের তরনী বহিয়া ॥
অন্তরে জাগিছে রূপ দিবস রজনী। কেমনে বাঁচি হে বল স্বদা শুবদনী ॥
সর্ব্বদা দংসিছে মোরে বিছেদের ফনী। প্রান বুঝি নাহি রহে এই অনুমানী ॥
ভাবিতে অভিলাস যথ পেম আলাপন। অস্থির হয়েছে স্থির নাহি মানে মন ॥
আর কত দিনে পিয়ে হইবে মিলন। মনে মনে সদা মম এই আকিঞ্চন ॥
বদন কমল কবে হেরিব নয়নে। সফল করিব দেহ প্রেম আলাপনে ॥
তোমার নিকটে পিয়ে এই সে মিনতি। নিদয় হইও না জেন অভাজন পিতি ॥

ইতি পূর্ব্বে প্রিয়ে লিখিয়েছিলে জত জাতনা তাহা দিষ্ক মাত্র মম চিত্ত অনচিত্র হয়েছি তাহা লিখিআ কী জানাব ॥

তব দুখে দুখি আমি তব সুখে সুখী। কেমনে তব অসুখে প্রানে বেচে আছি ॥
তব কষ্ঠে হয় মম জগত আঁধার। ধ্যান জ্ঞান তুমি মম সুখের মুলাধার ॥
তব কষ্ঞ ভাবি চিত্ত ধৈর্য্য নাহি মানে। সুস্থ সংবাদ বিহনেতে বাঁচি হে কেমনে ॥
অতএব ডাক জোগে লিখন লিখীবে। তবে সে আমার চিত্ত কিছু সুস্থ হবে ॥

শ্রীরাধাকৃষ্ণ

ধামনাম বলিয়া

জেদিন প্রিয়া হে তোমায় বিদায় দিয়াছি। মরি নাই কো প্রানে আমি কিন্তু মরে আছি॥

জে ভবনে দিবানিশী বঞ্চিলা রজনী। সে ভবন বোন তুল্য মম মোনে মানী॥

অন্তরে জাগিছে রূপ দিবস রজনী। কেমনে বাঁচি' হে প্রানে সুদা সুবদনী॥

সর্ব্বদা দংসিছে মোরে বিচ্ছেদের ফনী। প্রান বুঝি নাহি রহে এই অনুমানী॥

দেখ প্রিয়া

এ পাপ বসন্ত এলো মোরে নাসিবারে। কথিল কুহু স্বরে সত সত ঝঙ্কারে॥

এ সোময় প্রানপ্রিয়া থাকে হ্রিদি পরে। আমার এ নয়ন মন সদত নেহারে॥

তাহাদের ধ্বনি সুনি বেধে পাচ বান। পাঁচ দিগে পাচ টানে কি করে পরান॥

নয়ান করয়ে ধ্যান নির্জোন পাইয়া। নাসিকা আনয়ে র্ঘ্যান সক্তি সঞ্চারিয়া॥

২৮। বি ৪২৮১

৺শ্রীশ্রীরাধাকৃষ্ণঃ—

৭শ্রীবনয়ারীজউ সরণং

চরন ভরসা

প্রলয় গভীর নীর তরঙ্গ রঙ্গ বরেষু॥

হে ভ্রষ্ট লম্পট শিরোমনি কপট শঠ চূড়ামনি যদি চ আমার মন অহর্নিশি তব দর্শন লালশায় লালায়িত কিন্তু অস্মদ সম্বন্ধে ভবদীয় তাদৃশ অনুরাগ লক্ষিত হয় না॥ হায় আমি অবলা অখলা সরলা কুলবালা হইয়া বিষ কুম্ভ পয়োমুখ পাশান হৃদয় ব্যক্তির করে সরল চিত্তে কায় মনো বাক্যে রূপ যৌবন মান প্রান সমুদায় সমর্পন করিয়া বড়ই মূড়ের কার্য্য করিয়াছি···আগে জানি না যে তুমি আমার নও তাহা হইলে প্রথম মিলন দিবসে বিশেষ বিবেচনা মত উচিত কার্য্য করিতে বা[ধ্য] হইতাম দেখ নায়কের মিলন বারি প্রত্যাশায় চাতকিনী নায়িকা স্বয়ং অভিষার পথ অবলম্বন করিয়া নায়ক সমীপে গমন করিলে তাহার প্রতি নায়কের কিরূপ ব্যবহার করা উচিত তৎ সমুদায় সবিস্তরে লিখিবেন আর দীনা হীনা খীনা মলীনা সহায় বিহীনা ললনার সহিত স্বয়ং সাখ্যাত নাকরিয়া অপর ব্যক্তির দ্বারা দুই তিন বার প্রকারান্তরে বঞ্চিত করা কি শুনায়কের সমুচিত কার্য্য হইয়াছে ভালই সাধু মুখ বিনিশ্রিত শুললিত

পত্রটি মনঃ সংযোগে আন্তন্ত পাঠ করিয়া কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনা করিলেই আমি পরমা নন্দের সহিত চির বাধিত হইব পদ এই—

ধিক রহু জীবনে যে পরাধিনী জীয়ে। তাহার অধিক ধিক পরবস হয়ে ॥ এ পাপ পরাণে বিধি এমতি লিখিল। শুধার সাগরে মোর গরল হইল ॥ অমিয়া বলিয়া যদি ডুব দিনু তায়। গরল ভরিয়া কেন উঠিল হিয়ায় ॥ সীতল বলিয়া যদি পাষাণ কৈলাম কোলে। এ দেহ অনল তাপে পাষাণ সে গলে। ছায়া দেখি জাই যদি তরুলতা বনে। জ্বলিয়া উঠয়ে তরু লতা পাতা শনে ॥ যমুনার জলে যদি দিয়ে হাম ঝাঁপ। পরাণ জুড়াবে কি অধিক উঠে তাপ ॥ অতএব এ ছার পরাণ যাবে কিসে। নিচয় ভখিমু মুঞী এ গরল বিষে ॥ চণ্ডীদাসে বলে দৈবগতি নাহি জান। দারুন পিরিতি সেই ধরই পরাণ ॥

মহাশয়ের সহিত প্রনয় বদ্ধ না হওয়া ভাল ছিল কারণ তাহাতে আমি সানন্দিত মনে ছিলাম প্রত্যুত ষড়ঋতু এতাবৎ কাল ক্রমান্বয়ে চলিতেছে...... ... ...ও চলচিত্ত হয় নাই বস্তুত বিগত বসন্ত কাল আমার পক্ষে কাল হইয়া আসিয়াছিল তন্নিবন্ধন দিবা বিভাবরী যে কত কষ্টে অতিবাহিত করিয়াছি তাহা অন্তরাত্মাই জানেন সে সকল কথা অর্থাত্ নিদারুণ দুঃসহ দুঃখের কথা আত্মীয় স্বজন সমীপে বর্নন করিলে ক্লেশের অনেক লাঘব হইতে পারে কিন্তু অপরাপর সন্নিহিতে প্রকাশ করিলে এক গুণ দুঃখ সহস্র গুণ বৃদ্ধি হইয়া উঠে যাগ্‌গে পাগলিনীর ন্যায় অধিক বাচালতা প্রকাশ করা প্রয়োজন করেনা তবে নিজ গুণে অধিনীর প্রতি অনুগ্রহ প্রকাশিয়া অচিরে দর্শন দানে চক্ষু কর্নের বিবাদ ভঞ্জন করেণ তাহা হইলে সাতিশয় আনন্দ লাভ করত চিরবাধিতা হই জানিবেন অব্দ ১২৮৩ সাল

তাঃ ৭ মাঘ

নিঃ চম্পক লতিকা দাস্যা

মোঃ বনয়ারীবাদ

২৯। বি ৪২৮৫

৭শ্রীশ্রীহরি—

সহায়—

জিবিতেস্থরি জিবন দাইনী জনীত তনু খণ্ডনেস্থ—

স্মরণ মনন পূজন জনানুজন—

মোর নিবেদন এই ২। হেরি আছি তব লিপি পাঠাই ………………প্রাত প্রফুল্লীত চিত্তে ২। অবশেষ দেখিআছি জুরাইব চিত্তে॥ ভালো বলহে বচন ২। করেছ কতেক কত কথার রচন॥ কহ করহ চাতুরি ২। সবিশেষে বুঝা যায় বচন চাতুরি॥ তুমি যত ধনে মোরে ২। বলহ নাহিক ক্ষতি পার বলিবারে॥ নহে অসত্য বচন। যাহাতে করেছি আমী প্রান বিতরন॥ আমী যথাতথা যাই। নিশি দিশি তব নাম হৃদয়ে ধেয়াই॥ধ্রু॥ কামিনী একথা…… ….. ………………নিজ জন দেখী রোখে কাহে গঞ্জসী হেনবাৎ এ জনে সাজে॥ যো তুহু চরন কমল যুগ চিন্তই তোহারি প্রেমেতে প্রেমাধীন। এক প্রাণ তুই তনু সদা যোই মানই দরশন আসে তনু খিন॥ চান্দ বদন তুহু চকোর মোর দিঠি যোড় সদাই চাহয়ে সুধা দানং॥ নবঘন আশে চাতক জেন রহই দ্বিজ কৃষ্ণলাল পরমানং॥

নিবেদন তুল্ল র্ব দাষ নিবেদন দুখিরাম সাহা—

পরম পূজনি শ্রীজুৎ কৃষ্টলাল বন্দপাধ্যায় মোহাপ্রশদ

মহাশয় শ্রীচরণ কমলেষু—

পত্র দেনা—জেলা বিরভুম পোষ্ট আপীশ কীরিন নাহার মো রূইপুর উক্ত মহাশএর বাটীতে পৌচে

বেআরিং পোষ্ট

৩০। বি ২৬৭ ঘ

৭ শ্রীহরিঃ

৭ স্বস্ত্যস্ত।—

যৌষ্মাকীনাশ্রিতেন দ্বিজকুলজনন শ্রীজগদ্দুর্ল্ল ভেন।
অস্মাস্থ প্রাণবন্ধু স্বজনজনজন শ্রীজগদ্দুর্ল্ল ভেন।
কিং শ্লোকঃ শ্লোকনীয়ঃ কলিতবিমলকক শ্রীজগদ্দুর্ল্ল ভেন।
জ্ঞেয়াবো যেন লিখ্যা লিপিরিয়মমুনা শ্রীজগদ্দুর্ল্ল ভেন॥১॥

স ততানুগত হব : সর্ব্বদা নিকটে রব : অহর্নিশ মানস আমার : ।
ত থোরুপি দুঃখ বহু : স্ত্রীভী প্রভৃতি মুহু : র্মুহু মোরে বাধে অন্ধকার : ॥
ত জ্জন্য হীন গতি ক : সাহস সহায়া লোক : কেহু নাহি দেখাইতে পথ : ।
প ঞ্জরে বদ্ধ শুক বি : গতিহীন যথাচ্ছ বি : গমনে সর্ব্বদা মনোরথ : ॥
র ত্নাকরো বটভূ প : কার্য্যে জানায় যথা কূপ : সিন্ধু নাহি দেন বিন্দুমাত্র : ।
ম হাশয়রা দয়া করি : পাণ্ডিত্য গুণ বিচারি : দেন দান জে জেমন পাত্র : ॥
শু দ্ধ গুণি গণে রু পা : যথার্থ বিদ্যানুরূ পা : বিচারিয়া তদ্দাদিতদন্ত : ।
ভা গ্য জার হয় ভাল : দেবদ্বিজ কৃপা বল : তারে দান জীবন পর্য্যন্ত : ॥ অত্র শ্লোকঃ ॥
স্তু তি বাক্যে তুষ্ট লোক : কিন্তু তা কহিতে শোক : নিরুদ্যোগি কাপুরুষ জেবা : ।
ধ্যা নি জেন নিস্পৃহ শ্রী : রহিলে না বাঞ্ছেন শ্রী : উদ্যোগ ব্যতীত কার সেবা : ॥
ন তুবা এ প্রাণ বায়ু : ধারণে সিংহ গোমায়ু : তুল্য ইথে ন্যূনাধিক নাঞী : ।
প রম্পর সভে শ ক্ত : কেহু কারু অনুরক্ত : নহে সভে পালেন গোসাঞী : ॥
র হিলে পুষ্প সমা জঃ বাগীচায় কিবা কাজ : কেবা শিরে ধরে কে আদরে : ।
শ্রী যুক্ত গন্ধ পরা গ : কার কত অনুরা গ : স্পষ্ট হয় বেচিতে বাজারে : ॥ শ্লোকঃ ॥
ল জ্জা করি গৃহে য দি : বসি থাকে পণ্ডিতা দি : তাহার পাণ্ডিত্য কেবা লখে : ।
শ্রী যুক্ত জগতি ই ন্দ্র : স্তুনি এ ধরা নরে ন্দ্র : বংশ ক্লেশ পাই শ্লেষ লেখে : ॥
জ গতি বহু প্রাপ্ত শ্রী : আছে অতুল্য রাজ শ্রী : নাহি গুণ গ্রাহি তব সম : ।
গদ গদে কন প্রান্বা য়ু : থাকুন রুগ্ন চিরায়ু : প্রতিভা বাড়ুক বাঞ্ছা মম : ॥
দু র্গম্য দুরত্ত প্র যুক্ত : গমনে আমি অসক্ত : অগ্রগামি হইয়াছে মন : ।
ল্ল জ্জাই প্রতিবন্ধে বা : গমনেচ্ছা রাত্রিন্দি বা : একাধারে স্তুনি নানা গুণ : ॥
ভ য় লজ্জা দুই বা বু : কিন্তাকাঙ্ক্ষা করে কা বু : স্থূলাঽ চলামৎপ্রেষিকা সদা : ।
বি বাদ প্রবল র বি : তুল্য দৃক শ্রুতি মেধা বি : দ্বন্দ্ব দ্বন্দ্বে ব্যাকুল সর্ব্বদা : ॥
প্রা কৃত জে অন্য রা জ : তাহে মম কিবা কাজ : একাধারে এতো গুণ কোথা : ।
ন ম্র সুশীল সদ য় : দাতা ভোক্তা সপ্রণ য় : গুণগ্রাহি আমোদী সর্ব্বথা : ॥
স্তু ক বিলাম অস্তে স কৃ : দুঃখ দায়ী যথা জ কৃ : লজ্জা পাইলে হাঁসিবে বিপক্ষ : ।
গ ণ্য গুণগ্রাহি তৃষ্ণ : অগুণগ্রাহি বিতৃ ষ্ণ : মহাশয় হইবেন সপক্ষ : ॥
তি নাক্ষরে অনুপা ম : কৃষ্ণসখ তব না ম : সর্ব্বত্রে বিজয় কৃষ্ণদাতা : ।
ক র্ম্ম কর্ত্তে কল্প ব ল্লি : অপব্যয়ে ঝল্লিফ ল্লি : নাহি প্রজাপালনেতে পিতা : ॥
স্থ খ্যাতি করয়ে লো ক : স্তুনিয়া বিগত শো ক : সাক্ষাৎ কারণে ব্যগ্রচেতা : ।
কু মুদ গণের সো ম : একমাত্র প্রিয়ত ম : চন্দ্রতুল্যাই চন্দ্র যথা হয় : ॥

শ   রণ্য কেবল ম হা ঃ শয় সে আমার স্পৃ হা ঃ মম সম অনেকেরাশ্রয় ঃ ॥ শ্লোক ঃ ॥
লা   ভাকাঙ্ক্ষি নহি মো রা ঃ কেবল সাক্ষাৎ ক রা ঃ পরিচিত হইতে অভিলাশ ঃ।
শী   ঘ্র যদি মহারা জা ঃ ধিরাজ করি মোলাহি জা ঃ আকুল পত্রে সুগ্রহ প্রকাশ ঃ ॥
রা   জকীয়ানুজ্ঞা বি ধি ঃ পাওয়া সেই লভ্য সেব ধি ঃ পণ্ডিতগণের ইহাই চাই ঃ।
সং   প্রতি সাক্ষাৎ ক রা ঃ হেতু মাত্র পত্রে ত্ব রা ঃ বিনাহ্বানে যাইতে ডরাই ঃ ॥
সী   মা হইল মম কা জ ঃ যদি মহারাজাধিরা জ ঃ কৃপা পত্রী লিখেন যাইতে ঃ।
নি   বেদিয়ে খিন্ন ঘু চি ঃ কিন্তু এ সকল সূ চি ঃ কটাহ ন্যায়েতে হয় করিতে ঃ ॥
বে   এত্তেলা হইতে ব রং ঃ এত্তেলা করণে ভারং ঃ কার্য্যসিদ্ধির্ভবিষ্যতি মম ঃ।
দ   ক্ষ রাখেন শ্রীগুরু জী ঃ প্রসন্ন হয়েন রাজা জী ঃ নতুবা এ বৃথা পরিশ্রম ঃ ॥
য   দি মনোযোগ হ বে ঃ নিকট যাইতে ত বে ঃ পারি নারি মর্য্যাদা বিহনে ঃ।
তি   ন অক্ষর চিকী র্ষু ঃ নহি অন্য ধনলিপ্ সু ঃ খ্যাতি সুনি স্পর্দ্ধা বড় মনে ঃ ॥
শ্রাবণ ত্রয়োবিংশতি ঃ দিবসে তৃতীয়া তি থি ঃ বার শত আটচল্লিষ বৎসরে ঃ।
নিবাস নান্নুর গ্রাম ঃ শ্রীজগদ্দুর্ল্লভ নাম ঃ নিবেদয়ে এ ন্যায়ালঙ্কারে ঃ ॥

৩১। বি ২৬৭ ঙ

৭ শ্রীহরিঃ
৭শ্রীদুর্গা

এইক্ষণে শ্রীবৃন্দাবনে ঃ বনয়ারি বিলোকনে ঃ বিপিনবিহারী গোলোকগামী ঃ।
আপনকারা জাঁর পুত্র ঃ তাঁকে পূর্ব্বে এক পত্র ঃ কবিতায় লিখ্যেছিলাম আমি ঃ ॥
তাহা দেকখ্যা অনুরাগী ঃ হয়্যা রামনাল আরোজ্বেগী ঃ দ্বারা এক আজ্ঞাপত্রী দিয়া ঃ।
বারো সও তিন সালে ঃ আজ্ঞা করি রামনালে ঃ বনয়ারি নামার্থ জিজ্ঞাসিয়া ঃ ॥
তাহাতে নব নবার্থ ঃ সুনাইতে সে বাক্যার্থ ঃ অনেক বিচার হইয়া পরে ঃ।
হৃষ্ট তুষ্ট হইয়া কৃপা ঃ প্রকাশিয়া অনুকম্পা ঃ স্বাদর করিয়াছিলেন মোরে ঃ ॥
যুগল চট্টরাজ আদি ঃ রামজয়াচার্য্যাবধি ঃ বিজ্ঞাতা প্রাচীন আমলা সব ঃ।
পরের জত বৃত্ত্যান্ত ঃ পত্রীয় নহে একান্ত ঃ সময় পাইলে নিবেদিব ঃ ॥
তাৎকালীন এক কবিতা ঃ উভয় নাম সম্বলিতা ঃ পৃষ্ঠে লিখি সর্পবন্ধ নাম ঃ।
পূর্ব্ব পরিচয় হেতু ঃ লিখিলাম গুণসেতু ঃ বিচারি জানিবেন গুণগ্রাম ঃ ॥
মাঘে চতুর্ব্বিংশতি ঃ ঘস্রে অর্দ্ধোদয় তিথি ঃ বার সও তেতাল্লিষ বৎসরে ঃ।
নিবাস নান্নুর গ্রাম ঃ শ্রীজগদ্দুর্ল্লভ নাম ঃ নিবেদয়ে এ ন্যায়ালঙ্কারে ঃ ॥

॥ ঘরোয়া খুঁটিনাটি ॥

(১২১১-১২৮২ সন)

৩২। বি ৪২৯ ক

৭ শ্রীশ্রীদুর্গা

স্বরনং

শুভানুধ্যাইন শ্রীশ্রীনাথ দেবশর্ম্মণ পরমসির্ব্বাদ বিজ্ঞাপন ঞ্চাদৌ মহাসএর মোহোর্ন্নতি শ্রীশ্রী৺দ্বারা প্রার্থনা করিতেছি তাহাতে অত্তানন্দ বিশেষ অনেক দিবস হইল তথাকার মঙ্গল বাত্রা না পাইয়া উদ্বিগ্ন আছি মনুষ্য আগতে তথাকার মঙ্গল সমাচার লিখিয়ে তুষ্ট রাখিবেন আর প্রানতুল্য শ্রীযুক্ত রাধাকান্ত বন্দোপাধ্যায়ের গাএর বস্ত্র একখানি জামদানে দোলাই তদনন্তরে এক জোড়া চন্দ্রকোনা ধুতি পাঠাইয়া দিবে ইতি—তারিখ ২০ কার্ত্তিক [১২৩৫]

৩৩। বি ৪২৯ গ

সেবক শ্রীশ্রীনাথ দেবসর্ম্মন দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরন আসির্ব্বাদে এজনার সমস্ত মঙ্গল বিশেষ পরে নিবেদন মহাসএর আজ্ঞাপত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম এখানকার বাটীর খরচের অপ্রতুল একারন মহাসএর নিকট লোক পাঠাইতে ওপস্থিত ছিলাম এতমর্দ্ধে লোক পোহছিল একারন এক্ষেনে লোক পাঠাইলাম না পুনরায় খরচের সঙ্গতি করিয়া লিখিবেন কিম্বা পাঠাইবার যুগোছ পান তবে সএক কারন টাকা পাঠাইবেন কিম্বা সমাচার পাইলের আমিহ মোকাম জাইয়া লইয়া আসিব ইহা জ্ঞাতো কারন নিবেদন করিলাম বিবেচনা মতে জাহা হয় ইতি—
[১২৩৫]

৩৪। বি ৪২৯ ঙ

স্বরনং

সেবক শ্রীশ্রীনাথ দেবসর্ম্মন দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চাগে

মহাসএর শ্রীচরন কৃপাতে এজনার সমস্ত মঙ্গল বিশেষ

পরে নিবেদন মহাসয় জে অবধি মোকাম কলিকাত্তা গিয়াছিলেন সে অবধি কোন সমাচার পাই নাই না পাইয়া উদ্বিগ্নি আছি মনুষ্য আগতে তথ্যকার মঙ্গলাদি সমাচার

লিখিতে আজ্ঞা হইবেক পরং আমিহ মোকাম নাগাদ দসই তক মোকাম সহর জাইব এখানে বাটীর খরচের অসঙ্গতি হইয়াছে এই লোক সমিভ্যারে চার পাচ সও টা[কা] পাঠাইবেন পরে আমিহ মোকাম পোহছিয়া নাগাদ আসাড় খরচ পাঠাইব আপনি নাগাদ বৈসাখের ২০বিসা তক বাটী পোহছিবেন পোহছিয়া শ্রীযুৎগোপালচন্দ্র ভায়ার জজ্ঞপবিতের দিবস নির্ন্নয় করিয়া আমাকে সমাচার লিখিবেন আমিহ সেই অনুসারে বাটী পোহছিব ইহা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি—

[১২৩৫]

৩৫। বি ৪২৯ জ

সেবক শ্রীশ্রীনাথ দেবসর্ম্মন দণ্ডবৎ প্রনামা দিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরন কৃপাতে এজনার প্রানগতিক সমস্ত মঙ্গল বিশেষ মহাসএর আজ্ঞাপত্র পাইয়া সবিশেষ জ্ঞাতো হইলাম এক সও টাকা পাঠাইয়া দিতে লিখিয়াছিলেন এক্ষেনে খরচের অসঙ্গতি আর কম্মের অপ্রতুল অতএব এই লোক মারফৎ সাতান্ন টাকা পাঠাই লইতে আজ্ঞা হইবেক এখানকার সামইক মঙ্গল জানিবেন।

৩৬। বি ৪৬৮

৭শ্রীশ্রীকৃষ্ণ—

স্বরনং—

ভিত্তানিভৃত্ত শ্রীছিদাম কোঙর দাসস্য—

অষ্টাঙ্গ প্রনিপাতক গনেরস্তু শত কোটী দণ্ডবৎ প্রনামা বেহিত নিবেদন ঞ্চাগে আপনকার শ্রীশ্রীচরণ স্বরনং ধ্যানে এ ভিত্ত সমস্ত মঙ্গল হয় বিসেষ শ্রীশ্রীচরনে নিবেদন আপুনি আমাকে কহিঞা গিয়াছেন একজন শ্রীশ্রী৺সেবার কারন প্রবাসের জাইবার জন্যে ব্রহ্মন একজন জন্যে আমী আনন্দপুরের ব্রহ্মন একজন আছে ইহাকে কহিলাম তুমী প্রবাষ জাইবেন এহ জাইবেক মাহিনা ২ দুই টাকা চাহেন এবং জাইবেক জদি আপনকার রাখা হয় তবে পত্রে জবাব লিখিবেন এবং আপুনি আগমন করিঞ৺ আসীবেন ইহা শ্রীশ্রীচরনে নিবেদন করিলাম ইতি তারিখ ২৯ আশ্বীন—

৩৭। বি ৪৮৭

ভৃত্য শ্রীকালীগুরু দেবশর্ম্মনঃ প্রণতীনামানশ্চ নিবেদনানি সন্তু ভবতাং শ্রীমতা-মাশীর্ব্বাদা দএ মঙ্গলম্বিশেযঃ।

পরে নিবেদন—জআর কালে জে সকল কর্ম্ম কহিআ গিআছিলেন তাহার মধ্যে কেবল বটব্যালের ধান্য পআ হইআছে জানিবেন শ্রীযুক্ত মধ্যম সরকারের ঘটিৎ জে পঞ্চবিংসতিয় ধান্য তাহারা দিলেনা পরে সাখুল্যাপুরের বিসয় জে কথা কহিআ গিআছিলেন তাহার মধ্যে পাঁচ টাকা শীকার করিআছে দুই একের মধ্যে হাৎ হইছে পাইলে সামা[চা]র লেখিব ধান্য নিজ গ্রামে দুই এক স্থাণে চেষ্টা করিতেছি কিন্তু স্থির হয় নাই না পাইলে খার্তিজামা হয় না অদ্য সন্ধায় কহিলেন আমি নিজে উচকরন জাইআ তমসুক লেখিআ দিআ টাকা আনিআ দিছি এই কথা কহিলেন ইহাতে জদ্য-বস্যাৎ টাকা হাৎ না হয় তবে আমি কি প্রকার করি তাহা বি[ব]রন লেখিবেন তদনু-রুপ কর্ম্ম করিব গৃহাছাদন হইআছে জানিবেন আর লবন ও কলাই পাঠাআছিলেন তাহা পোহোছিআছে বড়ির আন্দাজ মাফিক তআর হইআছে গুড় পেছে দেআ গিআছে কাষ্ট কাটার কারন ছুতার লাগানো হয় নাই দালান পুখুরের তেঁতুল গাচ কাটাইব কি না বিস্তার করিআ লেখিবেন শ্রীমতি কর্ত্তাঠাকুরানি কিরুপ আছেন বিস্তারিৎ লেখিতে আজ্ঞা হইবেক শ্রীযুক্ত গঁগোপাধ্যায় মহাসয় জাইতেছিলেন অদ্য তিন দিবষ কাল এ মোকামে আছেন বাটিতে আর কেহু লোক নাই আমার ব্যামোহ হয় এমতে বাটীতে রাখিআচি তথা জাইতে হয় লেখিবেন পাঠাইআ দিব গ্রামর জে সকল আত্মী[য়] লোক সকলেই তত্তাবধারন করিছেন হরিভজন সরকার ও গঙ্গানারান বটব্যাল ইহারা কহিলেন সাঃ উচকরণের রামচন্দ্র চৌধরির পাষ জত টাকা লইতে হয় আমাদিগ্‌গের মাৎবরিতে তমসুক লেখিআ দিআ নায়গা আমি আপনকার অনুম্রতি ব্যেতিরেকে জাইতে পারি নাই অভিপ্রায় হয় জাইআ টাকা আনিব এ সকল খরচ পত্রের বিষয় টাকা নহিলে কোন কর্ম্ম হইতে পারে না আমরা বাটির সকলেই শারিরিক ভাল আছি তাহাতে ভাবিৎ নহিবেন ইহা শ্রীচরণে নিবেদন করিল ইতি—তারিখ ৬ শ্রাবণ রজন্যাং—

৩৮। বি ৪৮৮

৭ শ্রীহরিঃ—

চরণে স্বরণং—

সেবকানু সেবক শ্রীনবদ্বিপচন্দ্র দেবশর্ম্মা—

অষ্টাঙ্গ প্রনিপাত দণ্ডবৎ প্রনামা কোটী সতং নিবেদণঞ্চ আদৌ আপনকার আসির্ব্বাদে এ নফরের সমস্ত মঙ্গল বিসেষ পরে নিবেদন শ্রীযুত দাদামহাসয় শ্রীবিশ্বচন্দ্র বাবাজিবনকে সমিভারে লইআ দক্ষিন দেষ প্রবাস গিআছেন একারন আমার আপণ কার নিকট জাইবার সাঅবসর নাই হেথা বাটী আমার খরচের য়ম্নুসার বড়ই একারন আপনকার নিকট মনুস্য পাঠাই ইহার মারফরত টাকাটি পাঠাইআ দিবেন তবে আমার বড়ই উপগার হয় কোন্ন মতে এ মু[নি]স্য জেন যুধু ফিরেনা লবন তৈলের খরচ চালান ভার তিহু বাটী থাকীলে আমিহ একল যুশার অস্নসার জানিনা এক্ষেন আমাকে সকল ভার হইছে হউতে আমার বেমুহ হইতেছে অতএব আপুনি বিবেচনা করিআ টাকাটি অবস্য অবস্য দিবেন আর এবং মুলা বেগুন জদ্যপি অনাআসে মিলে তবে কিঞ্চিত পাঠাইবেন আপনকার বাঁসের বরাত থাকে তবে মনুস্য পাঠাইআ দিবেন কিম্বা আপুনি নিজে অনুগ্রহ করিআ আইসেন তবে বড়ই ভাল হয় ইতি শ্রীচরণে নিবেদন করিলাম তারিখ ১৩ পৌষ

পরম পুজনীয় শ্রীযুত নেলঙ্কার ভট্টাচার্য্য মহাসয়

শ্রীচরণ যুগলেষু ঃ—

চলিত পত্র

সাং নানুড়

৭৪৷৷০

৩৯। বি ৪৯৮

শ্রীদুর্গা

জয় [তি]

সেবক শ্রীরামনারায়ণ সর্ম্মণঃ—

প্রণামাঃ পরার্দ্ধং প্রনতনাঃ নিবেদনঞ্চ বিশেষঃ—

শ্রীচরণ ধ্যানাদেব স্যৌহিক পারত্রিক নিস্তারঃ সংপ্রতি শ্রীযুত নিলচন্দ্র মুখোপাধ্যায় মহাসয়ের কালষ্টরিতে ইষ্টম্পরের দারোগা হইয়াছেন জামিনদারের ফৌউত হইয়াছে

শ্রীযুত মুখোপাধ্যায় মহাসয় আমার দিগের নিকট কহিলেন কোন জামিন আমি হইব এই প্রকার অদেষ্ট রুপ কহিলেন এই উপগার অনেক প্রকার হইতে পারে নগদ টাকা এক্ষ্যানে বিবচনা মত পাওয়া জায় এই বিষয়ের জামিন হইতে হয় পরামরর্স্ব করিয়া যেমত আজ্ঞা আইসে আমি নিকট গিয়া কহিতাম বিদায় হইতে পারিলেম না একারণ শ্রীযুত রামধন গড়গড়ী ভায়াকে নিকট পাঠাই সারেওয়ায় (?) নিবেদন করিলুম অনেক প্রকার উপরোদ করিতেছেন কোন জামিন থাকিলে কোন আপত্য নাহি বিবচনায় জেমত আজ্ঞা হয় ইহার শ্রীচরণে নিবেদন করিলাম ইতি তারিখ—১৭ বৈশাখস্য

এই পত্রে শ্রীশৌরী সর্ম্মার প্রণাম নিবেদন মুল পত্রে জ্ঞাতো আজ্ঞা হইবেক বিবচনায় জাহা ভালো হয় সারেওয়ায় ভায়া শ্রীচরণ নিকটে নিবেদন করিবেন ইতি—

৪০। বি ৬২৯

শ্রীদুর্গা

সরণং

বিসেষঃ। সারদীয় পূজার পুর্ব্বাবধি স্বস্থান শ্রীমদ্বিধেবস্তভাবস্থিতি আছে এস্থলে অবস্থিতি সময়ে আসীর্ব্বাদ জ্ঞাপনানন্তর প্রতুত্তর লিপিদ্বারা প্রতি বর্ষে তত্রত্য সুভ সম্বাদ সম্প্রাপ্ত হইয়া সম্প্রীত হই অতএব নিকটে মনুষ্য পাঠাই বিস্তারিত কুসল বার্ত্তা লিখিয়া পরমাহ্লাদিত করিবেণ। প্রাণাধিক শ্রীযুত রাধানাথ বন্দ্যোপাধ্যায়ের সারীরিক স্বাছন্দ্য বৃত্তান্ত লিখিয়া নিরুদ্বেগ করিবেণ। বিষেষানুরাগ বসতো ভবদ্বিধেব অভীষ্ট সিদ্ধ্যার্থ আসীর্ব্বাদ করিতেইছি এতৎ জ্ঞাপন করণা ধিক বিশেষ প্রেরিত জ্ঞাপন করিবেণ কিমধিকমিতি ॥

৪১। বি ৭০৫

শ্রীদুর্গা

সরণং

জমা——	তঙ্কা	খরচ——	তঙ্কা——
সন ১২১৮ সাল মাহ ফাল্গুন—		মহেশপুরে——	
নিজেদেই————	৪।০	৶প্রনামী————	১৲
তাড় ও হাঁসুলি———		সাটীকারণ————	১৲
বন্ধকে কর্জ্জ হয়———		দাসী পায়————	॥০
২১ মধ্যে————	২০৲	প্রণামী————	৩৲
বেগারের দফায়——		শ্রীযুত বৈদ্যনাথ চতুর্ধুরীণ—	২৲
সরকারে পাও যায়——	৸৹	চতুর্ধুরীণ————	
	২৫৲	সবের দৌ···——	

তাহার সই——————১৲
কন্যা——————১৲
৯॥৶
কাহার ভাড়া——————৬৲
পেয়াজ ——————৸৹
বেগার——————৸৹
গোবিন্দ ভর——————॥৹
৮৲
১৭॥৹

নিজে দেই দং প্রণামী—১৲
হীং শ্রীযুতকাসীশ্বরভট্টাচার্য্য-১।৶৹
২৭।৶৹

[১খ

খরচ মোট ——————২৭।৶৹
বাদ নিজে দেই —— ৫।৹
পাওনা —————— ৫৲
১৭৶৹

কাহারের নিঘাপা।৹ মধ্যে—৵৹
পাটুলি।৹ মধ্যে ——— ৶৬৸৹
গুড়ের দফায়——— ।৵১৩।

হাওলাত——————
কুকরা কাহার——————।৹
১৮।৵৹

দফে পাওয়া যায়——— ৯॥৹
৭॥৶৹

শিমলিয়ায়——
প্রণামী——————১৲
যৌতুক——————৪৲
২৩।৵৹

মসালের তৈল ——
দুই রোজে——————৶৹
রাহা খরচ—————— ৩৸৹
২৭।৶৹

৪২। বি ৮৯১

৭শ্রীশ্রীহরি

সরণং—

সেবক শ্রীব্রজমোহণ দাস প্রনামাণঞ্চ নিবেদনঞ্চাদৌ মহাঁশয়ের শ্রীচরণাসীর্ব্বাদে এ সেবকের মঙ্গল হয়। বিশেষঃ তণ্ডুল আড়কাট ৩ তিন তঙ্কার পাঠাই ডের তঙ্কার

করিয়া মোট হইয়াছে ইহা দিগের মজুরী তঙ্কা পিছে পৌণে এক খুচি জেয়াদা হইয়াছে দুআটে দুই টাকার মজুরী দিবেণ ইহা দিগে আমি কহিলাম এবং আপণে কহিবেণ জে ২ দুই টাকার চাদ্দুর গুলিসুচী দিয়া বন্ধ করিয়া দিইতেছি আমি কল্য জাইয়া দেখিব আপনারা না খুলিবেন পুনশ্চ গঙ্গারামকে কল্য পাঠাইবেণ পুর্ব্বাহ্নে আইলে আমি বৈকালে জাইব ধুতি ১ এক খানা আম্র ৫ পাঁচ গণ্ডা পা[ঠা]ই লইবেণ ইহা শ্রীচরণে নি[বে]দন করিলাঙ ইতি তাং ২৬ জ্যেষ্ঠ

[১খ পরম পুজনীয় শ্রীযুত মহাশয় চরণযুগলেষু

৪৩। বি ৮৯৬

৭শ্রীশ্রীরামঃ

পরম পুজনিয় পরম দেবতা

শ্রীশ্রী৺গুরুগোস্বামি

মহাশয় চরনেষু—

সেবকানু সেবকস্য শ্রীকালিচরন বসোস্য প্রনিপাত প্রনাম নিবেদনঞ্চ আগে ৺মহাশএর ক্রপায় সোকলে এ ভৃত্যদিগের মঙ্গল হয় বিশেষঃ ক্রপাপত্র শ্রীযুত কীঙ্কর মুখপাধ্যার মারফত পাইয়া মস্তকে ধারণ করিয়া পরমান্দিত হইলাম পরে পুরুস্তরন বিসয় আমার চির্ত্ত নাস্তী কাল বিচারনা। কীন্তু পরবসা এই বিগ্নি। দশ রোজ কাছারি দিবশের মাযুর না হইলে নয়। এখাণে জাবদ পহু ছিয়াছি তাবদীক দুই ওক্ত কাছারি এর ক্ষয় ব্যাজ হইলে কর্ত্তারা বেজার হইয়া লোক পাঠাণ অতএব ইহার্দ্দের মরজী করিয়া দশ রোজের পরয়ান কী লইয়া মহাশয়কে আনিতে লোক পাঠাইব এ মাহার মধ্যে কদাচিত অগ্রহায়নের দুই চারি রোজের মধ্যে হয় এই চেষ্টা পাইয়া মহাশয়কে লোক পাঠাইব কাজের ভিড় বড় এজন্যে এক এক রোজ কহিতে পারিলাম নাই এবং কহিলেও কীছু হইবেক নাই একারণ কএক রোজ গৌন হইল শ্রীচরণে নিবেদণ করিলাম ইতি ১৬ কার্ত্তীক—

পুরস্তরণ রায়ানের শ্রীশ্রী৺দক্ষীণেশ্বর সিবের নিকটে হয় আমার এই বাসনা ইহাতে মহাশএর জেমত মরজী হয় নিবেদন করিলাম ইতি

৪৪। বি ৮৯৭

৭ শ্রীশ্রীদুর্গা—

স্মরণং—

পরম পূজনিয়

শ্রীশ্রী৺ঠাকুর মহাশয়

শ্রীচরন কমলেষু—

ভৃত্রানুভৃত্ত শ্রীভৈরবচরন দাসবশোম্ম—

অষ্টাঙ্গ প্রনাম অসঙ্ক্য নিবেদনঞ্চ আগে শ্রীচরন স্মরনেই এ ভৃত্তের সমস্ত মঙ্গল হয় বিশেষঃ নিবেদন আপনকার লোকের জবানি জ্ঞাতো হইলাম পরে মুরসিদাবাদের যুভকর্ম্ম সমাপণ হইয়াছে কীন্তু বিদায় আদায়ের মতান্তর বড়ই করিয়াছে সাক্ষাত হইলেই নিবেদন করিব শ্রীশ্রী৺বেবহার দুই তঙ্কা পাওা গিয়াছে তাহা পাঠাই লইবেণ পরে পাচু কম্মকারের জমির খাজানার জন্ন্যে লিখিয়া ছিলেণ কম্মকার মজুকুর বাটীতে নাই দাসপুর গিয়াছে তাহার সাষুড়ি অষুস্ত সে বাত্রা গিয়াছে কম্মকার আইলেই শে টাকা পাঠাইয়া দিব ইহা শ্রীচরণে নিবেদণ করিলাম ইতি তারিখ ১৭ শ্রাবন

৪৫। বি ৮৯৮

৭ শ্রীশ্রীসিবদুর্গা—

শ্রীচরন ভরসা—

সেবকানু সেবক শ্রীশম্ভুচরন দাশ ঘোষস্ত প্রনামা শতসহশ্রং-নিবেদনঞ্চাগে মহাশএর শ্রীচরন প্রাশাদাৎ এ নফরের অহিক পারর্থিকের নিস্তার বিশেষঃ নিবেদন মহাসয়ের এক পত্র শ্রীযুৎ বিশ্বনাথ পালিতের মারফত পাইয়া মুক্তি হইয়া পরম আনন্দীত হইলাম এখানকার শমাচার শ্রীযুৎ ঠাকুরের কর্ম্মে দোশরা লোক গিয়াছে চারাকি শ্রীশ্রী৺ মরজি নিবেদন মহাশয় মহাশয় লিখিয়াছেন ভূর্জ্জিপত্র এক কুম২য়ের কারন মহাশয়ের আজ্ঞা প্রমান ভূর্জ্জিপত্র পাঠাইতেছি নইতে আজ্ঞা হইবেক আর নিবেদন কুম কুম খরচ আপিক্ষায় পাঠাইতে পারিলাম নাই অতয়েব মহাশয় বেতিত আর য়ামাদির তরিবার পথ নাই অতএব মহাশয় অনুগ্রহ করিয়া কোন প্রিতিকার করিতে আজ্ঞা হইবেক আর তথা হইতে পত্র আশিয়াছিল তেহ খারিরিক. ভাল য়াছেন মহাশয় জে পত্র লিখিয়াছিলেন শে পত্র দুই এক রোজ মর্দ্ধে পাঠাইব আপ্ত শমাচার নিবেদন আমি

হামেষ লিখন পঠন করিতেছি এবং শারিরিক ভাল আছি কিন্তু গায়ে কি বেরিয়াছে ভাল হয় নাই ইহা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি

শ্রীমন মদিশ্বর : শ্রীল শ্রীযুত শ্রীগুরু চরন কমলেষু: ।—

৭৪৷৹

৪৬। বি ৯০৩

স্বহায়—

ত্বদিয় শ্রীনীলকণ্ঠ দেবশর্ম্মণঃ নমস্কারা নিবেদনঞ্চ। আগে মহাসয়ের মঙ্গল শ্রীশ্রী৺ স্থানে প্রার্থনা করিতেছি তাহাতে অত্রানন্দ বিশেষ এখানকার সমাচার সামাইক মঙ্গল পরে আপনকার কণ্ঠকে এবাটী আনিবার জন্য সকলের মনস্ত এবং শুক্র পষচিমে আসাড় মাসে দিন নিরূপণ করিয়া পাঠাব আপনে সঙ্গতিতে থাকীবেন অবষ্য পাটাইতে হইবেক আর শ্রীযুত রামরত্তন মুখোপাধ্যায়েকে এই লোক সঙ্গে পাটাইবেন আর অধিক কী লিখিব ইহা নিবেদন করিলাম ইতি তারিখ ৯ জৈষ্টী

মহামহিম শ্রীযুত শ্যামশুন্দর বিদ্যালঙ্কার বৈবাহিক মহাসয় মহোদয়েষু—

৪৭। বি ৯০৯

৭ শ্রীশ্রীহরি—

সেবক শ্রীবলরাম দাষ ঘোষষ্য—

প্রণামা সত সহশ্র নিবেদনঞ্চা আগে মহাশএর শ্রীচরণ আশির্ব্বাদে এজনার মঙ্গল বিশেষঃ। মহাশএর পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম কলাপাত ও রম্ভা পাঠাই জায় মাফিক লইতে আজ্ঞা হইবেক নিবেদন আমার কায্য কর্ম্ম নাই শ্রীরামপুরে শ্রীশ্রীদাম ঘোষজা ভায়ার এতরায় আছে শ্রীযুত মহাশয় ভুসনা পরগণাতে সাহেবের নিকট আছে মহাশয় আশির্ব্বাদ করিবে নিবেদন করিলাম ইতি—২৪ আশ্বিন

জায়

কলাপাত—৩০০ তিন সর্ত্ত
কাচকলা—১ এক কান্দি
মর্ত্তমান—১ এক কান্দি

৩ তিন দফা

কাচকলা—১
কাঠালি—২

৩ কান্দি

৬ ছয় দফা জিনিষ ইতি—

জিনিষ জায় মাফিক লইতে আজ্ঞা হইবেক ইতি—

৪৮। বি ৯১৪

শ্রীসিবো

জয়তি ত্তরাম

শ্রীজ্ঞানানন্দ দেবশর্ম্মণঃ

পরম শুভাশিষঃ সন্তু। পরং তোমাদের সগোষ্ঠীর মঙ্গল সদা পার্থনীয়ঃ বিশেষঃ দিবস কএক হইল সেখানকার সমাচার পাই নাঞি বেওরা লিখিবেন এখানকার সমাচার সাময়িক পূর্ব্ব পত্র শ্রীযুত দুর্গাপ্রসাদ ভট্টাচার্য্য মারফত পত্র লিখিয়াছিলাঙ তাহা পাইয়া থাকিবেন জে খরচ পত্র এবং পাস্থর(?) আর এক দ্রব্য লিখিয়াছিলাঙ তাহা দিয়া থাক তাহার সমাচার শ্রীরামকিঙ্কর মুখোপা[ধ্যা]য় পামুখাত লিখিবেন এক বিষয় বাসনা শ্রীসিংহবাহিনী ঠাকুরানীর সূক্ষ্ম ঝালর দিয়া মশারি এক অবশ্য অবশ্য মুখ মারফত দিবেন বাকী সমাচার ইহ সবিশেষ জ্ঞাত করিবেন কিমধিকমিতি তাং ৯ শ্রাবণস্য

পুনশ্চ—

তাকিয়া বালীষ দুইটা চান্দ্রওয়া একটী অবশ্য অবশ্য দিবেন ইতি

সর্ব্বগুণালঙ্কৃত শ্রীযুত জগন্নাথ বসুজা তথা

শ্রীযুত জিতরাম বসুজা কল্যাণ বরয়োঃ—

৪৯। বি ৯১৬

৭ শ্রীশ্রীকৃষ্ণ

সরণং

পরম পূজনিয় শ্রীযুত নয় ঠাকুর পুত্র

মহাঁসয় শ্রীচরণযুগলেষু—

সেবকানুসেবক শ্রীকেবলরাম দাস দত্তস্য—

অসংখ্য প্রনামানিবেদনঞ্চা আগে মহাঁসএর

আসির্ব্বাদে এ পরিজনের মঙ্গল হয় বিশেষ নিবেদন শ্রীবিনোদরায়ের পুত্র স্থানে কি গ্রহ হইয়াছে মহাঁসএর স্থানে কুষ্টী আছে গগন করিআ জে জে সামীগৃ চাহি তাহার সমাচার লিখিতে আজ্ঞা হইবেক এবং কুষ্টীখানি পাঠাইবেন শ্রীযুত আচার্য্য ঠাকুর ৯ নয়ঞী ফাগুনে ক্রীআ সমর্পনের দিন করিয়াছেন অতেব মহাঁসয় ৮ আটুঞী

তারিখে এক রোজ কারন আসিতে আজ্ঞা হইবেক পঞ্চা পাইক জাইতেছে এহার মারফত কুষ্টী পাঠাইবেন মহাসয় না আইলে ভাল হইবেক না ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি—তাং—২২ মাঘ—

৫০। বি ১০১৭ ক

৭শ্রীশ্রীকৃষ্ণ—

আজ্ঞাকারি শ্রীরামগোপাল ঘোষ দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরণ কৃপাতে এ নফরের সমস্ত মঙ্গল হঅ বিসেষ নিবেদন মহাসএর আজ্ঞা পত্র পাইআ সকল সমাচার জ্ঞাত্তো হইলাম এখানকার সমাচার বাটির সকলে ভাল য়াছেন মহাসয় কোন্থ বিসয় ভাবিৎ না নহিবেন য়ার য়ামার কারন সদা কাগজ এক দিস্তা পাটাইতে য়াজ্ঞা হইবেক য়ার য়াপুনি একবার খারা খারা বাটি য়াসিবেন ইহার শ্রীচরনে নিবেদন করিলাম ইতি তারিখ ১৭ য়াশ্বীন [সন ১২৩৫ সাল]

৫১। বি ১১২২

শ্রীহরি ঃ

শ্রীবদনচন্দ্র শর্ম্মণঃ—জিনিস জায়—শ্রীজগদীশ চক্রবর্ত্তি

নিকট— গ ছি ৎ

গাড়ু—	২	সপ—	১	খড়ম—	দুইজড়—
বাটি—	২	বালিস—	৪	পাসা—	১
থাল—	১	পাটি—	১	থল্যা—	৪
ঘটি—	২	মাজুর—	১	কম্বল—	১
রেকাবি—	১		৭	বন্দুক (?)—	১
	৮			নেপ—	১
				ছত্র—	১
				নাদ—	২
				হাতা—	১
					১২

গোল সদ্দারকে এক আত্তলি দিলাম ১২ শ্রাবন কৃষান দিবেন ৮ পুর্ব্বের নাকড়াকোদার টাকার দরুন বাকি দুইটা একুনে ১০ দশটা ধান্য কাটিয়া দিবেন

শ্রীকানু সদ্দার
।০ এক সিকি নিলেন
২৮ শ্রাবন

৫২। বি ১১৬৬

৭ঁ শ্রীশ্রীহরিঃ—

মীমাংসাদিনানাশাস্ত্রাধ্যাপনায়জনিতযশঃ স্তোম সোম ইব শ্রীলঃ শ্রীবিদ্যাবাগীশ ভট্টাচার্য্য সোভন চরিত্রেষু ত্বদীয়ঃ শ্রীকেবলরাম দেবশর্ম্মণঃ প্রণত্যনন্তং পরং শ্রীযুৎ গণেশ তেওাড়ী সাক্ষাৎকে জাইতেছেন সহরে হত্যে শ্রীযুৎ লালাসাহেব পাঠাইঞাছিলা আমিহ আপনকার প্রতিষ্ঠা সেখানে অনেক করিঞাছিলাম সেই কথার ক্রমে তেওাড়ীকে পাঠাইঞাছিলা আমিহ আপনকার নিকটকে শ্রীরামহরি আচার্য্যের সহিৎ পাঠাই ইহাঁর প্রমুখা বিষয় জ্ঞাত হইবেন আপুন মহামহিম হন যে বিহিৎ হয় তাহা করিবেন ইতি ১০ জ্যৈষ্ঠ

৫৩। বি ১২১৩ ক

৵৭ শ্রীশ্রীরামায়

স্বরণং

শ্রীশ্রীচরণেষু—

সেবক শ্রীরাজকীসোর দাষস্য কোটী সত প্রনাম—

নিবেদঞ্চ আগে মহাসএর শ্রীচরন ক্রীপাতেই এ জনার প্রাণগতিক মঙ্গল বিসেষ নিবেদন সাওড়ার শ্রীযুত গৌরমোহন চৌধুরির সম্বন্ধের বিসয় সাক্ষাত মহাসয়কে নিবেদন জানিয়াছি তাহার কি তক মহাসয় করিয়াছেন তাহার বেওরা জানিতে পারিলাম নাই পরে সেখানে শ্রীযুত গদাধর মণ্ডল এবং শ্রীযুত নদা……মণ্ডল ইহারা কএক জোনা লোক এখানকার সম্বন্ধের জন্যে বেস্ত হইয়াছে কিন্তু সাওড়া হইতে লোক আসিআছে কুষ্টীর জন্যে শ্রীযুত গড়ের সিবনারায়ন রাএের নিকট শ্রীমতি তারাষুন্দরির কুষ্টী আছে তাহা এক্ষ্যানে পয়া জায় না আমি ইহাদিগ্যে প্রতারণা করিয়া কহিলাম শ্রীযুত ন্যায়ালঙ্কার মহাসএর নিকট সকল ছাওালের ঠিকুজী আছে অতএব মহাসয় ইহার টিকুজী করিয়া জাহাতে ইহার জোটন যুন্দর মত হয় তাহা করিয়া দিতে আজ্ঞা হইবেক আর এ বিসয় আপনে সে মোকাম গিয়াছেন ইহাতেই আমার খতিরজমা জদেষ্ট আছে আপনে ইহাতে গফিল না হইবেন ইহা জন্ম´ সন ১২১৪ সালের মাহ মাঘের ২০ বিসা তারিখ রাত্রি আড়াই প্রহর সময় পূর্ব্বদ্রারি ঘরে হইআছে কিন্তু সেসকল মিথ্যা মহাসয় ইহার জাহাতে লগ্ন স্থির হয় এমত মহাসয় করিতে আজ্ঞা হইবেক আমি ইহাতে খতির জমা

থাকীলাম আর এখানকার জন্যে ভাবিত নহিবেন এখানকার মঙ্গল জানিবেন তথাকার মঙ্গল আদী লিখিতে আজ্ঞা হইবেক—

পুঃ নিবেদণ ইহার অধিক মহাসয়কে লেখা বাহুল্ল জাহাতে এ কার্য্য হইতে পারে তাহা আপনকার ভার ইহা জ্ঞাতোর কারণ নিবেদণ ইতি তারিখ ৮ কার্ত্তিক

সন ১২১৪ সাল ২০ মাঘ সোমবার সকাব্দা ১৭২৯ সাল—

৫৪। বি ১২৫২

শ্রীহরিঃ—

শরণং

অবশ্য প্রতি পার্ল্য শ্রীহরদেব দেবশর্ম্মণঃ প্রণামাঃ—

পরার্দ্ধং নিবেদনঞ্চবিশেষঃ মহাশয়ের অজ্ঞাতসারে ঈশ্বর পার্থি শিব কবচ আনি ছিলাম অতি মুর্খের কর্ম্ম করেছি আপনি ক্ষেমা আজ্ঞা হইবেক শ্রীযুত হরীচরণ রায়ের স্থানে স্থানে দুইটি পত্র দিলাম লইতে আজ্ঞা হইবেক ইতি ৮ জ্যৈষ্টস্য

বিহিতাজ্ঞা হবেক আর আর বিশেষ সমাচার জ্ঞতো হইবা বিহিতাজ্ঞা হবেক

অবস্য প্রতিপাল্যস্য শ্রীকাসীনাথ সর্ম্মণঃ নমস্কারা নিবেদনঞ্চ বিসেষঃ

৫৫। বি ১২৯৫

(খণ্ডিত)

স্বস্তি। প্রাণাধিক প্রিয়তম শ্রীযুত ছোট ভায়া রোকায় জানিবা তত্রত্য মঙ্গল দ্বারা পরিতুষ্ট করিয়া ছড়ি পাচটা পাকা ভাল মন্দ পাচ খান চৌকী এক পিড়ি এক খড়ম একজোড় ঘৃত এক ভাড় চিনি এক ভাগ জুতা ৫ পাচ জোড় পাঠাই লইয়া সাবধানে রাখিবা খরচ না হয় বাজর ভাও তুলা ও সুইতা সীঘ্র পাঠাব আড়ানী এক খানও যাইতেছে গামছা এক খান যাইতেছে লইবা ইতি তাং ৪ বৈসাখস্য সর্ম্মার বিষয় কি হইতেছে লিখিবা সর্ব্বার্থ সাবধান থাকিবা ইতি

পুনশ্চ

·····জিজ্ঞাসা নাঞ লিখিবা গৌণ না হয় ইতি নূতন ব্যাপার হইলে কিছু সুসার হয় নতুবা উপায় নাই ইহা তোমার সঙ্গে তাঁহার সাক্ষাতেও মুকাবিলা কহিয়াছি ইতি

৫৬। বি ১৩৩৬

শ্রীশ্রীহরি ঃ—

শরণং—

সন ১২৪৩

জমা হিঃ— খরচ—

তেলি বধূ তণ্ডুলের ১৬ কার্ত্তিক
মোকাবিলাণ্ডি তণ্ডুল ডের বিষ
পুরাতন ৩ বিষ সাড়ে ১৭ আড়ি—
দর সাড়ে ১০ আড়ি দর আশু
১২ আড়ি ইহার অন্তরে নয়াক টাকা
৫ ধান্য দর ধরিয়া ২ টাকা
নগদ ১ দিলাম ইতি

৫৭। বি ১৪৯৬

শ্রীরাম

আজ্ঞাকারী শ্রীরামগোপাল সর্ম্মণঃ—

সবিনয় পূর্ব্বক নিবেদনঞ্চ।—

আগে মহাসয়ের আসির্ব্বাদে সমস্ত মঙ্গল প্রাণপ্রতিম শ্রীযুত কৃষ্ণমোহণ বন্দ্যোপাধ্যায় আমার এখানে বালিয়া ঘাটে আসিয়া জেন মহাসয়ে ২ দুই টাকা লকুতা করিয়া ছিলেন তাহা কোয়োদ করিয়া রাখিয়া আসিয়াছেণ তাহা শ্রীযুত রামরত্তণ চৌধুরির স্থানে দিবেন মহাসয়ে জখনকার জে বুঝিয়া বিবেচনা করিবেণ নৌকা ভাড়া করিয়া ভাটপাড়ার বাটিতে জাইবেণ মহাসয়ের মঙ্গল লিখিবেন ইতি ৯ চৈত্র

মহামহিম শ্রীযুত তর্কবাগিস ভট্টাচায্য মহাসয়ে

পুঃ নারিকল—পাচটা পাঠা[ই] [ি]ন [ে]বণ—

৫৮। বি ১৬০৭

৭ঁ শ্রীশ্রীকৃষ্ণ—

পরম দেবতা পরমারাদ্ধ—

শ্রীল শ্রীঠাকুর মহাঁশয়—

চরনযুগলেষু—

সেবকানুসেবক শ্রীখগেশ্বর দাশ দত্তস্য প্রনামা সহশ্র সহশ্র নিবেদনঞ্চ। আগে মহাঁশএর মঙ্গল শ্রীশ্রী৺ করিতেছেন জাহাতে এ সেবকের প্রানগতিক কুষল হয় বিশেষঃ আমার দষার সমাচার পিতামহী ঠাকুরানী ১পহিলা জৈষ্টে শ্রীশ্রী৺প্রাপ্তি হইয়াছেন আপনে এবাটীকে দিবষ কএক জন্যে ষুভ প্রস্থান করিবেন আপনার জেমত দষা সাক্ষ্যাতে সকল নিবেদন করিব পরে সামিগ্রী কিছু পাঠাই জায় মাফীক লইতে আজ্ঞা হইবেক এবং শ্রীযুত বড়মাতুল ঠাকুরের লিখন জাইতেছে তাহাতেই নজর করিতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরনে নিবেদন করিলাঙ তাং ১৮ জৈষ্ট—

জায়—

মুড়কী—১ এক হাঁরি

আম্র—১০৲ দশগণ্ডা তিনটা

উর্চ্ছা—৬ ছয় সের

চিনি—৲১ একসের

৫৯। বি ১৬১৭ ক

শ্রীশ্রীকৃষ্ণ—

পোষ্য শ্রীমানিকচন্দ্র দেবশর্ম্মন

পরম ষুভাশীর্ব্বাদ বিজ্ঞাপণঞ্চাগে ভাইজী তোমাদীগের মঙ্গল শদা শর্ব্বদা চাহি তাহাতেই এজনার সমস্ত মঙ্গল বিশেষঃ॥ পরে আমি জেকালিন মোকাম গোবর আড়া বাটীতে গিয়া পহুঁছিয়াছিলাম সেকালিন তুমি বাটীতে ছিলেনা একারণ তোমার সহিত সাক্ষাত হয় নাই জ্ঞাতে করিবা তোমাদীগে দুই সহদরে কাজীয়া করিয়া প্রথক হইয়াছ অতএব এরুপ অতি সণ্ডিক দক্ষতা করিয়া এমতরূপ করিয়াছ ইহা বড় ভাল হয় নাই সে জাহা হউক তোমাদীগের দুই শহদরের বিরুদ জেকালিন হইয়াছে শেকালিন আমি বাটীতে থাকী নাই আমি মোকাম মালিয়ায় শ্রীযুত রামজয় বষুজার জবানিতে

যুনিলাম যুনিয়া অন্তস্তলে মধ্যা বড়ই ব্যথিত পাইলাম আর শ্রীগোলোক বাগদীর জবানিতে যুনিলাম শ্রীমতি ছোট কহিয়াছিলা জে আমা হইতে তোমাদীগের ঘর বিচ্ছেদ হইয়াছে আমিহ কুমন্ত্রনা শ্রীযুত ... ... চট্টপাধ্যায়কে দিয়া তোমাদীগের দুই সহদরের বিরোধ করিয়া আসিয়াছি ... ... ঠাকুরানি একথা প্রাণান্ত জ্ঞান করিয়া আমার উপর অন্তস্তলে ... ... তাহার এইরূপ বিবচনা বটে আমি তোমাদীগে মন্দ হয় এমত চেষ্টা ... ... নাই তোমাদীগে জাহাতে শ্রীশ্রী৺ভাল করেন এই প্রথনা হামেসা করিতেছি ... আমার উপর মিথ্যা অপজষ করিয়া কলঙ্ক দিয়নের উচিত নহে জেঁকালিন মোকাম গোবর আড়ার বাটীতে আমি গিয়াছিলাম ভাইজী আমি আপনার...কারণ দুই রাত্র বাষ করিয়াছিলাম সেকালিন তোমার জেষ্ট শ্রীযুত পঞ্চানন ভট্টাচার্য্যর ভাএর বিবাহের কারণ তুরন হয়া বাটীতে থাকে নাই আমিহ আপনার জমীর খারিচের এবং খাজানার ঝঞ্চাটে হামেসা মোকাম কানাযুলিতে থাকীতাম ইহা জে করিয়া কে... তোমার জেষ্টকে কুপরায়ণ দীইবা তোমাদীগের বিচ্ছেদ করিয়া...ভাঙ্গিয়া আশীয়াছী ভাইজী এ নাগাদী কখন কাহার মন্দ বাতাসে থাকী নাই তবে এক্ষানে আমার এমত অপজষ করিয়া আক্ষতি করিতেছেন নাচার চারা কী আমার সময় খারাপ ইহাতে করিয়া ... ... (অতঃপর অস্পষ্ট)

৬০। বি ১৬২৩ ক

৭ঁ শ্রীশ্রীকৃষ্ণ—

আজ্ঞাকারি শ্রীরামকৃষ্ণদাসস্য

সবিনয়পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে

মহাসএর মোহব্বতি সদা শ্রীশ্রী৺ করিতেসেন তাহাতে য়ত্রানন্দ বিসেষ আপনকার এক আজ্ঞাপত্র পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম—এ বাটীতে কিছু খরচ পাঠাইয়া দিবেন আর তোমার বির্দ্ধ মাতার জন্নে দুই জোরা তসরের সাদা ভুনি আর তোমার কনেষ্ঠ পুত্রে জনে ১ এ খানি ভালো গহনা য়ানিবেন আর আমার জনে ১ জোড় জুতা য়ানিবেন ইতি সন ১২২২ সাল—তারিখ ১৫ য়গ্রাহন

৬১। বি ১৬৪৭

ক্রোড়পত্রে নিবেদন শ্রীযুত মাধব ভাট জাইতেছে ইহার হাৎ ৩ তিন টাকা পাঠাই লইবেন আর উচ্ করনে এক ভার ভাল আম্ব আর আট আনার ভাল সন্দেষ পাঠাইতে

আজ্ঞা হইবেক আর ছিনিধিপুরে ।০ চার আনার সন্দেষ ভাল আর এক চাঙ্গারি আম্ব পাঠাইতে আজ্ঞা হইবেক আর করুটী আর এক সের মণ্ডা সন্দেষ দিএ পাঠাইবেন প্রাণতুল্য বাবাজীবনকে আর সিগলাই ইত্যাদী লোক লোকালয় জাহাতে ভাল থাকে এমৎ করিতে আজ্ঞা হইবেক আর শ্রীমতি থাক সুন্দরির সমুর ঘর জআর বিসয় সকল সুনিঞা জে তক চুক্ষিৎ হইলাম তাহা পত্রে কি লেখিঞা জানাইব আমার কর্ম্মান্তের দোষ তাহার কুছু দোষ নহে জানিবেন আর ভাল আম্ব জেখানে পাইবেন খরিদ করিঞা আনাইঞা শ্রীযুত জঅহরি লহারকে আমার আশীর্ব্বাদ জানাইঞা উচকরন পাঠাইবেন আর আর জেখানে পাঠাইতে হইবেক পিতাম্বরিকে পাটাইবেন শ্রীচরণে নিবেদন করিলাম ইতি আর চাউল খরিদ এবং গুড় খরিদ খড় খরিদ ইত্যাদী কি কত লইঞাছেন তাহা লেখিতে আজ্ঞা হইবেক আর তথাকার সকল খপর বিসেষ পৃথক লেখিতে আজ্ঞা হইবেক ইতি—

৬২। বি ১৬৬১

শ্রীশ্রীহরি—

শ্রীচরণ কমলেষু—

প্রনাম বহোব ২ নিবেদন বিসেষং—

আসীব্বাদ আকাঙ্খীতের লপীর প্রতিউত্তরে নৈরাষ তাহায় বড়ই ক্ষেদিত হইলাম সকল আপনার দুরাদৃষ্ট জে হউক আজ্ঞানুজায় পুনরায় মনস্থ পাঠাই বিহীত অনুগ্রহ প্রকাষ পুব্বক জনমী পত্রী খানী এই লোক মারফত পাঠাইবেন নিত্যান্ত দরকার তবে অনুগ্রহ প্রকাসীতে এ মোকাম তক ষুভাগমনের জে আদেষ হইয়াছে তাহা এক্ষণ স্বকীত কদাচ ব্যামহ না করিবেন আকাঙ্খা মতে কৃপাপুব্বক চরণ দরর্সন দিবেন এক্ষণ কুষ্টীখানী অবশ্য অবশ্য পাঠাইবেন মহাশয়ের প্রণামী বিসএ কোণ তুটী হইবেক না তাহা ক্রমে বেত্ত হইবেণ অধিক লিখা বাহুল্য

তারিখ—৬ মাঘ

পরমপুজনীয় শ্রীযুত জগতদুল্লভ ন্যায়লঙ্কার

ঠাকুর মহাসয় শ্রীচরনেষু—

মোং নানুর পোহছে

৭৪॥

৬৩। বি ১৬৯২

শ্রীশ্রীহরি—

স্বরনং—

শ্রীশ্রীচরনাম্বুজেষু—

ভূমীগত ক্রোটীশত সহস্র সহস্র পাদ পদ্মে প্রনামা নিবেদনঞ্চ বিশেষঃ—

এদানিক বহু দিবশাবধি শ্রীপাটের কোন মঙ্গলাদী বারতা অর্প্রাপ্তে চিন্তিৎ আছি লিখায়া পোরিতোশীবেণ অন্যর গত আসার মাহার আমার কন্যা শ্রীমতী জয়দুর্গা দেবির একটী কন্যা সঁন্তর্স্তী ভূমীষ্ট হইয়াছিলো কিন্তু শেই ভূমীষ্টা সন্ততীটী কীছু দীন বাদ নষ্ট হইয়াছে ৵ সাধ্য কী আর ৵পুজাবাদ হটাত গয়া ধাম গীয়াছিলাম মহাশএর চরনাশীব্বাদ হইতে গত ২০ তারিখে ষুন্দররূপ বাটী পোহচিয়াছি আর আগত ২৯ কার্ত্তীক সোমবার আমার বাটীতে শ্রীশ্রীকার্ত্তীক পুজা হইবেক মহাশয় গণে এহা পদার্প্পন করিবেণ শ্রীশ্রীচরণে নিবেদন ইতি সন ১২৭৭ সাতাতর সাল তাং—২২ কার্ত্তীক

প্রনামী পত্র—

শ্রীবেনীমাধব মুখোপাধ্যায়—

মোঃ সমশাবাদ—

পরম বন্দিত্বম পরম পূজনীয় শ্রীল শ্রীযুক্ত চন্দ্রমোহন ভট্টাচার্য্য

মম ইষ্টদেব ঠাকুর মহাশয় শ্রীশ্রীচরনাম্বজেষু

দেনা—জেলা মুরশীদাবাদ হইতে জেলা বিরভুমের অন্তর্গত ইষ্টাশীন বোলপুর হইয়া মোকাম শ্রীপাট বল্লভপুর গ্রামে পৌহচে দরকারি পত্র ব্যারিং পত্র ৭৪।০

৬৪। বি ১৭০৩

৭শ্রীহরিঃ

সরণং—

জমা—

জমাপৌতা

খরচ তৈলনের অন্দরে।—

শ্রীহরিনাথ গরাঞী —— ১০৲

সন ১২[০]০ সাল তাং মহা পৌষ

জি তৈল তাহার মধ্যে ২ দুই টাকা

পাইয়াছে দুই টাকা লইয়া তৈল

দিলে না—৭ অগ্রঅন।—

৬৫। বি ১৭১৩

শ্রীদুর্গা—

শ্রীযুত রামরত্ন

পূর্ব্ব পশ্চিম ———৩২৸৴১০
উত্তর দক্ষিণ ——— ৩।৴০
সারা ——— ——— ৯৯।৵০
দফে ——— ———
পূর্ব্ব পশ্চিম ——— ৫
উত্তর দক্ষিণ—— ২৭৸৵০
সারা ——— ——— ১৩৯৸৴১০
দফে ——— ———
উত্তর দক্ষিণ—— ২১।৵০
পূর্ব্ব পশ্চিম—— ৩৮
সারা ——— ৮৪১৸০
দফে সারা—— ১৩৸৴১০
১৯৮১৴০

দং রাস্তার দির্ঘ ৩৯ হাত—
বাদ আড়ের রাস্তা—৩
দির্ঘ —— ——৩৬
আড় —— ——৩।।০
সারা —— ——১২৬
হিস্যা ——— —৪২
কোঠার দং ——— ২৪
৬৬
এওয়াজীর ——— ১৬।।০
দির্ঘ ——— ——— ৪৪ হাত
বাদ রাস্তা——— ৩
দির্ঘ———— ৪১
আড়——— ৪।।০
সারা ——— — ১৮৪।।০
হিস্যা ——— ৬১।।০
জের ——— ৬৬
১২৭।।০
ওয়াশীল ——— ২২।।০
পাওনা —— —১০৫
সারা পাওনা——৩।।৵০

৬৬। বি ৪২৫৭

স্বরন মনন পূজন ধ্যান জনাম্নু জন এ জোনার নিবেদন

পরে নিবেদন

আপমকার স্বারিরিক কুসল অপ্রাপণ্ডে বর মন কষ্ঞে আছি তাহা কি পত্ত্যস্ত লিখিআ জানাব জখন উভয় দর্সন মিলন হইবে তখন শ্রীচরনে জানাইব—

পরে নিবেদন আমাদ্বির্গকে আসীবার সময় কালিন জানিতে ছিলেন একটী বৈষ্ণবের ছেলের কতা'চেলা জন্যা এতক দিবস চেষ্ঞিত পাইআ এখ্যান পাইআছি অতি সত বেষ্টবের ছেলে তাহার গর্ব্বধারীনী আছেন সে সম্ভারে জাইতে চাহে সে বালকটির বয়েস ৮ এবং ৯ বৎসর জদ্বাপি সিসু লেওয়া হয় তবে আমাদ্বিগকে অতি তরায় পত্র লিখিবেন তাহা হৈলে পাঠাইব আর তাহার গর্ব্বধারীনী যন্য কুঞ্জে থাকিবে অধিক বাহুল্য আপনকার কুসল লিখিআ সন্তোস রাখিবেন—

৬৭। বি ৪৫৩৭

৭ঁ শ্রীশ্রীদুর্গা

সাহায়

সেবক শ্রীনবকুমার দেবসর্ম্মন—

প্রনামা সত সহস্চ নিবেদনঞ্চ বিসেষঃ।—

শ্রীমথুর ঘোসের মারফত আপনী পত্র লিখিয়াছেন পত্র পাইয়া সকল সমাচার জ্ঞাতো হইলাম আমার্দ্দের দুবাদিষ্ট। শ্রীশ্রী৺সের্ছাগ্রতএম মহাসয় লিখি জাহাতে দস জন ব্রাম্ভন ভোজন হয় এমত চেষ্টা করিবেন আমাদ্দিগে জাইবার নিমির্ত্তে লিখিয়াছে তাহা আমার্দ্দের জায়নের পরামর্স্ব হই নাই আব দলাদলের বিসয় লিখিয়াছেন তাহার আমরা কিছু জ্ঞাতো নই এ মহাসয়ের নিজের কর্ম্ম এবং আপনকার উপরে সকল ভার এবং মহাসয় আমার্দ্দের কত্তা জাহাতে সকল চোরস হয় তাহা করিবেন এবং যুক্ষাতি অক্ষাতী তোমার্দ্দের আপুনী বিবচনার লোক জা তাহাতে বিব[চ]না করিবেন ইহা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি সন ১২৩৮ সাল তাং ১০ বৈসাখ

পুঃ লিখি শ্রীযুত রামতনু মুখোপাধ্যায় ভাইজীউ আমার আসাসির্ব্বাদ জানাইবেন পরে মুল পত্রে সকল সমাচার জ্ঞাতো হইবেন শ্রীমথুর ঘোসের মাং কীছু খরচ পাঠাই পরে জদ্যপী ইহাতে না য়াটী হয় তবে তুমি কীছু সাহাজ্য করিবেন তাহাতে

কোন ওসয়াস করিবেনা এ ভার আপনার নিতান্ত জানিবেন আর অধিক কী লিখিব ইতি

তস্য পর লিখি শ্রীযুত রুপচাঁদ মুখোপাধ্যায় ভাই জীউয়ের মাং বেবাক টাকা পাঠাইয়াছি। তাহার কোন খবরা খবর পাই নাই এবং ভাইজীউ আমাকে কীছু লিখেন নাই এবং তুমি কীছু লিখ নাই এবং ইহার বিস্তারিথ লিখিবেন ইতি—

পরম পুজনিয়—

শ্রীযুত খুড়ামহাষয়—

শ্রীচরনকমলেষুঃ—

শ্রীজুত নফরচন্দ্র মুখোপাধ্যাএর নিকট পোহুছে—

৭৪॥ঃ—

৬৮। বি ৫১৬৩

৭শ্রীশ্রীগোপাল দেব

জয়তঃ—

৭ স্বস্তিঃ—

সমস্ত গুণৈকনিলয় প্রানাতিরেক শ্রীকৃষ্ণজীবন অধিকারী সদাসএষু অবশ্য পোস্যস্য পরম ষুভাষির্ব্বাদ লিখনঞ্চাদৌ তোমার সেখাণকার সপরিবারের কুসলোন্নতি শ্রীশ্রী৺স্থানে সতৎ প্রার্থণা করিএ যাহাতে অত্রানন্দ হয় পরে এ কারণ লেখি জে আমাকে জে অবস্থাতে সজ্যাগত দেখিয়া গিয়াছ তদবস্থ আছি আর এখাণকার অসুখার কাঁহাতক লেখিব লেখিলেই বা কি হয় বুঝি না আজ সর্ব্বার্থে নিশ্চিন্ত হৈয়াছ নহিলে বন্ধু বান্ধব কার কোথাহ থাকে সেহ তত্ব লয় পরে সম্প্রতি তোমার ভগ্নি দ্বাদসাব্দ বৈভূর্ত্ত হইলা ইহাতেহ নিশ্চিন্তি আছহ সে বংসে জন্ম বটে ইহার সরম করহ আর কর্ত্তা বটহ তবে এখাস্তে শ্রীজানর্দ্দণ মুখুজ্যার পত্রকে আলোচণ হৈয়াছে জন্তবিক হব্য বটে তবে সিত্র আসিয়া কথাবার্ত্তা নিরোপণ করহ অকৃতদার পাত্র বটেণ সিদ্ধান্তি মোল্য বন্ধনির এক লোক টাক লৈয়া আসিতেছে আমাকে অনুকম্পা করিয়া আপনার মুল্যের দস তঙ্কা ছাড়িয়া করিতে চাহিতেছে আস্বিনের প্রথম আইসহ তবে এ কর্ম্ম রহে জ্ঞাত করিল কিমধিকং বিসেষ—

তাং ২৭ ভাদ্র—

অর্দ্দৈব শ্রীনিমুম্মাং তাহা জাহা
করেন তাহা অনুমোদন করিবে

৬৯। বি ৫১৬৪

৭ঁ শ্রীশ্রীহড়ি—

স্বরণং—

পতিত পাবন য়বতার পরম য়ারার্দ্ধ

পরম পূজনিয় শ্রীশ্রীযুৎ কেসবানন্দ গোস্যামী জিউ শ্রীচরণ কমলেষু—

ভির্ত্তানুভিত্যু শ্রীহরিচরন ঘোষদাসস্যের স্বসটাঙ্গ প্রনিপাত নিবেদনঞ্চাদৌ আপনকার শ্রীচরন ধ্যান করনে এ জনার ঐহিক পারর্থিক নিস্তার হয় নিবেদন আপনকার পত্র্য পাইআ সমাচার গাঁত হইলাম পত্রে লেখিঞাছিলেন জে জাঁজার পাচ বারসীক ও জমীর খাজনা জাহার পাষ জাহা আছে সেই সকল লোক আপনকার সীস্য আপনকার পত্র্য পাইআও আপনকার লৌক রাম রাম দাষ নাপীতের মুখে জ্ঞাত হইআ আপণকার সীস্যরা য়নুবোধন করেনা আর কহে জে গোসাই এখানকে তিন সাল গতে য়াইলে আমরাই আমাদ্রের পাষে জাহা পাওনা আছে তাহা পরিষকার করিআ দীব এই সব কথা কহে আর আপনকার লৌকের প্রমুখাত গাত হইবেন তাহা পত্র্যে কি লিখিব আর এখানকার আপুনি সকলি জ্ঞাত আছেন আমা হইতে জাহা পত্রে লিখিআছিলেন তাহা আমজাম হইল না আর আমার পাষ বারসীক ১ এক টাকা বিবাহের প্রণামী এক টাকা ২দুই টাকার মর্দ্ধে ১টাকা দীছি একুনে ২দুই টাকা উপরের লেখিত নাপীত মজুকুরের দস্তে পাঠাই লইবেণ আর এর মকদ্রমা ডিগরী হইআছে দাদামহাসয় কৈলকাতা হইতে পরআনা য়ুদ্ধা মকাম বাকুণ্ডা ১৬ সোলই ফাগুনে পহছিআছেন দুই চার রোজ মর্দ্ধে নিজ বাটী বক্তারনগর পহছিল সেখানকা[র] প্রতুল মায় খরচা ও দখলি পরআনা আসীতেছে ইহা চিচরণে নিবেদণ করিলাম ইতি সন ১২৩৭ সাল তারিখ ২৫ফাগুন

পরম আরার্দ্ধ পরম পূজনিয় শ্রীশ্রীযুৎ কেসবানন্দ গোসাঁমী জিউ শ্রীচরন ক[ম]লেষু—

পত্র দেনা মোকাম পথনা—

৭৪৷৷০

৭০। বি ৫১৬৬

৭ঁশ্রীশ্রীহরি

স্বরন—

পতিত পাবন তারন শ্রীযুৎ ঠাকুর পুত্র নন্দন মহাসয় শ্রীচরণ যুগল কোমলেষু—

ভ্রিত্তানুভ্রিত্ত শ্রীগঙ্গাধর মণ্ডল অসংক্ষ্য দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরন য়াসিব্বাদে এ নরাধমের সমস্ত মঙ্গল বিসেষ নিবেদন অদ্য রোকা-বিমজিম পঞ্চানন

বাগিতি মারফত তণ্ডুল ৵ দুই সলি ভাড়া দুই সের একুনে দুই সলি দুই সের তণ্ডুল পাঠাই পোহছিবেক আমি কল্য বাটি পোহছিয়াছি আপুনি তিলকচন্দপুরের বাটিকে আসিবাদ করিতে আগমন দুই এক রোজ মদ্ধে করিবেণ এ বাটির ছাওালদের টিকা হইয়া কাহিল আছে আর সকলে প্রানগতিক ভাল আছে ইহা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি সন ১২৫৫ সাল তারিখ ৮ চৌইতি

৭১। বি ৫২৮৯

৭ঁ শ্রীশ্রীদুর্গা ॥

তদিয় শ্রীঠাকু[র]দাশ চটোপাধ্যায় পত্রে জানিবে শ্রীমতি বামামইকে শ্রীলফরচন্দ মুখোপাধ্যায় ফেজেএ করে মারধর করিএ বাড়ি হুইতে তাড়িএ দীএচে আমার বাটি চার দিবস আছে জানিবে আর এখানে কোথা থাকে তার স্থান নাই য়তএব আপনকাকে লিখি তোমরা একজণ এ বাটিতে আসিএ ইহার কিণারা জিসে হয় তাহা করিবে তোমাদিগে ইহার ভরন পসন করিতে হয় য়তএব তোমারা য়াসিয়া জেমতে ইহার কিণারা হয় তাহা য়বিস্থ য়বিস্থ করিবে আর অধিক কি লিখিব ইতি তারিক ২ বৈসাক

মহামহিম শ্রীযুৎ দশরত বন্দোপধ্যায় মহাসয় মহোদএষু পত্র দেণা মকাম স্থবণ্যমুখি চলিৎপত্র মকাম পসল [পলাস] ডাঙ্গা পনসুস লিখি শ্রীমতি বামামইর কিণারা জিসে হয় তাহা য়বিস্থ য়বিস্থ করিবে নতুবা কোথায় থাকিবার স্থান নায় বারি হইতে ত্রেড়ে দিএচে জানিবে

মহামহিম শ্রীযুৎ দসরথ বন্দপাধায় মহাসয় মোহোদএষু—

৭২। বি ৫৩০৩

শ্রীশ্রীরামকানাই—

সন ১২৮২

সাং মেটপুর—

বারসিক আদায় জমা—

জমা—		খরচ—	
লকো মিস্তিরি—	৵০	তপস——	
দাতারাম কম্মকার—	৴০	হুক খরিদ—	৵১০
কোররাম গরাই—	॥০	গামচা খরিদ—	।৫

বর বৌ—	৵০
লফর গরাই—	১৲
ধুন কম্মকার—	
রাজারাম সাহানা—	॥০
নয়ান মাজ্জি—	১৲
লখ গঅলা—	॥০
কাঙ্গল দাঁ	১৲
ক্ষেত্তনাথ বাঁরূজে—	১৲
রামধোন গোলক—	
বামাচরন তপাদার—	॥০
সিবি পিসি—	॥০
রামতনু সাইধ—	
ভাগবৎ গল—	॥০
ইত্যাদি—	

পূরূহোত্তের—	
সন্দেস খরিদ—	⁄০
তামাক খরিদ—	৻৫
হুক দরূন—	⁄২॥
কম্বল খরিদ—	৸০
তৈল খরিদ—	৻৫
বিলাতি কাপর খরিদ—	১৲
ভিক্ষা দেওআ জায়—	৻২॥০

৭৩। বি ৫৩৬২

১১ চৈইত্রি হাওলাতি

জমা——— ১২

১২ চৈইত্রি— ১॥

কাপর দরূন জমা—২

চাল্য দরন—১

খর দরূন জমা—১

ভাঙ্গানি জমা—১

ইত্যাদি—

খরচ—	
তুগা দাইকে—	৻১০
৮ চৈইত্রি—	
তৈল খরিদ—	⁄১৫
ঘানির বানি—	৻১৭॥০
তামাক খরিদ—	৻১০
নিকুঞ্জ মদকে—	৻১০
সন্দশ খরিদ—	৻১০
৯ চৈইত্রি—	
খল খরিদ—	৻৫
লবন খরিদ—	⁄০
ডাটা খরিদ—	৻৫

বাতকি খরিদ— ৻৫
দুগ্ধ খরিদ— ৻১০
ঘৃৎ খরিদ— ⁄০
মৎস খরিদ— ৻৫
১১ চৈইত্রি—
মাউৎ গোড় খরিদ— ॥০
পান খরিদ— ⁄০
পাট খরিদ— ⁄০
হাওলাতি জমার খরচ—
১১ চৈইত্রি—
রেজা মুজুর খরচ— ৶৵৫
শ্রীমন্ত রাজকে— ২ দুই টাক
হাঁসকল দিগর—
তামক ও মাউৎ— ⁄১৫
তামক ও গোর— ৻১৫
বুট কলাই— ⁄০
আলো খরিদ— ৻১৫
বেজ খরিদ— ৻২॥
তামাক সাল মাউৎ— ৻৫
ডাটী খরিদ— ৻৫
ভাতি চাল্য খরিদ— ১৲
খর খরিদ— ১৲
বিলাতি সাড়ি এক খান—১৵১০
লাও খরিদ— ৻১২॥
ফোলুড়ি খরিদ— ৻৫
চাকত্তি সন্দেস— ৻১০
দৈবগ্র বিদায়— ॥⁄৫
আরাকর বিদায়— ॥৵১০
মলমল চাদর—

এখানের কাত—	৸৴০
কাপর ধুলাই—	৫
ইত্যাদি—	৴

৭৪। বি ৫৩৬৩

৭ শ্রীশ্রীদুর্গা—

পরম পুজনিয় শ্রীযুৎ রামজয় চট্টপাধ্যায়—

মহাশয় বরাবরেষু—

লিঃ শ্রীসনাতন কর সাং বড়বাজার সহর মেদনিপুর কস্য করার নামা পত্র মিদং কাজনঞ্চগে উক্ত বড়বাজারের পছীম পটীতে আমার বাটীর উত্তর নাগাঁয় মহাসএর নীলামী খরিদা বাটীর পুর্ব্ব তরফে পোক্তা দোকান ঘর দুই কুঠরি আছে তাহাতে আমার দোকান ঘর ভগ্ন হইবাতে নুতন তয়ারি করিবার আবিস্বক হয়ায় মহাসএর উক্ত দুই কুঠরির য়োর্দ্ধে দক্ষীন তরফের কুঠরির ও বারান্দার দক্ষীন তরফের দীয়াল আছে ঐ দীয়াল ভাঙ্গিয়া উভএর আবরণ নিমিক্তক আমি পোক্তা গাথি না দীবো আমার দোকান ঘর দুই তরফে সরে রাস্তার নআনগুলির পোছীম উত্তর দক্ষীন লম্বা ১১॥ হাত পছীম তরফে উত্তর দক্ষীন ৯ হাত পুর্ব্ব পছীম লম্বা ১৯ হাত ঢেঁক আছে এহার উত্তর তরফে মহাসএর উক্ত কুঠরির ও বারান্দা কারি ঐ পোক্তা দিআল ভাঙ্গীআ এক হাত পানা করিআ তয়ারি করিআ দিবো ঐ পোক্তা দিআলে উভএর বিম বরগা দিআ ঘর তয়ার করিবেন ও করিবো ভাঙ্গী উভয় পক্ষের মোর্দ্ধে কেহ দুই মহালা করি তবে উক্ত দেওালের উপর দেওাল দীআ বিম বরগা বসাইয়া ··তয়ারি করিবো ও করিবেন এহাতে উত্তর কাল কাহার কোন······রহিল······আমার উত্তর ও মহাসএর দক্ষীন মোর্দ্ধের দেওাল ১৯ হাত······পছীম আমার বাটীর উত্তর তবফের জে পোক্তা দীআল আছে···জদি ·····পছীম আমার দখল উত্তর মহাসএর দখল ও···উভএর মোর্দ্ধে···ঘর তয়ারি···এহাতে···মহাসয় আপন একক্তারে দেওাল···দীবেন······[খণ্ডিত]

৭৫। বি ৫৩৬৫

৭ শ্রীশ্রীকৃষ্ণঃ—

সরণং—

কল্যানবরেষু—

তোমাদের মঙ্গল সর্ব্বদা বাঞ্চনীয় তেনাত্যানন্দ বিশেষ—

পরং গোপালপুরে পুজা করান হয় নাই কারণ কালাসৌচ বলে তাহারা স্বীকার করে নাই কেচুন্তার মুখোধ্যায় কালাসৌচ মানেন না পুজা করাইতে হইবে৽অতএব তুমি আসিবা তুমি আইলের পর আমী বাটী জাইব যদ্যপি না আসিতে পার তবে আমাকে পুজা করাইতে হয় ইহাতে জাহা পরামর্শ হয় তাহা করিয়া সংবাদ পত্র এই লোক মারফৎ লেখিবা আর এখানকার সকল মঙ্গল জানিবা অপর বেজবার সংবাদ কিরূপ প্রকার তাহা জানিতে পারিলাম না তাহা লেখিবা অথবা স্বয়ং আইলের পর স্তনিব ঈতি—১৫ আশ্বিন

পুনঃ—বাগা···দিগ্যোর বস্ত্রাদি পাঠাইবা ঈতি

পুনঃ—মর্দানা এই লোক মারফৎ পাঠাইবা যদ্যাপি তুকু সৌ আসে তবে তাহার মারফৎ পাঠইবে নচেৎ এই লোক মারফৎ পাঠাইবে

······নীয় শ্রীযুক্ত জাদবেন্দ্র চট্টোপাধ্যায় ঠাকুর ভায়াজীবন প্র···

দেয়া খুজুটীপাড়া

৭৪॥

৭৬। বি ৫৩৭৭

শ্রীশ্রীদুর্গা

সন ১২৫৪ সাল

তিরোলের হাট খরচ—

সিদ্ধি—		জের—	১॥৮৶০
লবন—	।৶০	কর্পূর—	৻৫
তৈল—	॥০	খাজুর চেটা—	৴০
বস্ত্র—	।৶০		১॥৴১৩৬
ভেতো হাঁড়ি—২	৻১০	সিন্দুর চুব্‌ড়ি—	৻২॥
বেগুন্যা—১	৻৫		
তেজেল—১			১॥৴১৬।

সরা—৪	৻৫
ছোট হাড়ি—	৻২॥
প্রদীপ—	৻১।
কটোরা—	৻১০
ঘট—	৻২॥
কলিকা—৪	৻২॥০
আদা—	৻৫
ধুনা—	৻৫
ফাগু—	৻৫
চুয়া—	৻২॥
তামাক মাখা গুড়	৻৫
	১।৶১।০
সঁসা—	৻৫
	১।৶৬।
নথ—	৻৫
সিন্দুর—	৻৫
জিরা—	৻২॥
তাল ছেটা—	৻১০
	১॥৮৬

৭৭। অ ২

শ্রীশ্রীহরি—

স্বরণম—

পরম পূজনিয়

শ্রীযুৎ বরঠাকুর কর্ত্তা মহাসয়

শ্রীচরন কোমলেষু—

সেবকানুসেবক শ্রীরাধাবিনদ ঘোষ দাষগ্য য়সংখ্য দণ্ডবৎ কোটী সও বহুবো নিবেদনঞ্চাগে য়াপনকার শ্রীচরণ কৃপ্রাতে এ লফরের সমস্ত মঙ্গল হয় বিসেস নিবেদন

লিখি অত্য চালু…… রামসাল তিন রকমের ৩৫/১৫ তিন মাপ তিন সলি পনর সের চালু পাঠান জায় য়াপনকারা যুদিষ্টি করিঞা লইবেন শ্রীশ্রীবাটীর মঙ্গলাদি লেখিতে য়াজ্ঞা হইবেক ইহা জ্ঞাতো কারণ শ্রীচরণে নিবেদন করিলাম ইতি তাঃ ৪ জ্যৈষ্ট ১২১১ সাল—

৭৮। হ ১৫

(East India Post Card)

৭ঁ শ্রীশ্রীদুর্গা ॥

দীর্ঘ[জী]বেষু

তুমার প্রেরিত কষ্ঠি প্রাপ্ত হইলাম কষ্ঠি করিলাম যাহাদের কষ্ঠি তাদের নিকট যাইয়া কষ্ঠি দিব এই মূল্য যত্ববিশ্বাত পাই তবে পাঠাইব জানিবে তুমি লিপি করিয়াছ যে কার্ত্তিকচন্দ্র মুখোপাধ্যায়কে খাজনা এখন না দিয়া ভাল হয় নাই শীঘ্র দিবে আমি পশ্চাত পাঠাইব শ্রীসতীচন্দ্র ভায়া উত্তম আরামে আছে আর বাড়ি গরু দুইটি পঞ্চ হয়া তুমাদের তদারক না করায় গিয়েছে তুমরা তাচ্ছল্য ভাব করিয়া সকল কার্য্য ধ্বংস হয় বিশেষ তদারক করিবে গিরস্থালী খুব তদারক করিলে থাকে নতুবা থাকে না উখানে ৺ঈশ্বর দেবতার বৃষ্টি হইয়াছে কি না তাহার সংবাদ লিখিবে আমারা এখানে সমস্ত শারীরিক আরামে আছি তথাকার বালক বালিকাগণের কুশল সংবাদ নিবে সন ১২৯৫ তাঃ ১১ আশাঢ়

শ্রীদিননাথ চট্টোপাধ্যায়

পরম কল্যাণীয় শ্রীরাখালচন্দ্র চট্টোপাধ্যায় বাবাজীবন নিরাপদ্দীর্ঘজীবেষু—

দেয় পত্র জেলা বাঁকুণ্ডা পোষ্টআপিশ পৌছে ঐ আপিশ হইতে ভূতেশ্বর গ্রামে উক্ত চট্টোপাধ্যায় পাইবে।

৭৯। হ ২৭

৭ঁ শ্রীশ্রীদুর্গা—

পরম শুভাসীর্ব্বাদ সীবাসঞ্চ আগে বাপাজীউ তোমাদ্ধের মঙ্গল সদা শ্রীশ্রী৺স্থানে নিয়ত প্রাথনা করিতেছী তাহাতে অত্রানন্ত্র বিসেষ পরে তোমাদীপে ৩।৪ দফা পত্রাদী লিখিয়াছী কিন্তু কোন মঙ্গলাদী সমাচার এক বৎস্বর হইল না পাইয়া বড়ই ভাবিত আছী সে জাহুক এক্ষনে আমী বাতের পীরায় দুই তিন মাষ ন্যেে গত হইয়া আছী

অতএব শ্রীসীতানাথ চট্টোপাধ্যায় বাপাজীবনকে নাগাদী ৭।৮ বৈসাখ এ বাটী পাঠাবার তাচ্ছল্য করিবে না কারণ আমী এ জাত্রা জিবীত থাকী এমত গতীক নাই এখানে আমরা অতিসয় মোনের দুখে আছী কারণ আমার লোকের স্থানে অনেক বেয়াপার ইত্যাদী আছে তোমরা আমার উপজুক্ত সন্তাণ কিন্তু জদ্যাপী তোমাদ্দের এ বাটীতে আসীয়া ক্লেষ হয় তবু তোমাদীগেকে আসা উচিত কারণ আমরা স্ত্রিলোক ইহা বিবোচানা করিয়া তরায় আসীবেন ইতি সন ১২৭৫ সাল তারিখ ২৩ চৈত্রী—শ্রীমত্যা ত্রিপুরাসুন্দরী দেব্যার আসীর্ব্বাদী পত্র জানিবেন—

অত্র পত্রে শ্রীযুৎ দীননাথ চট্টোপাধ্যায় মহাসয় আমার নমস্কার জানিবেণ মূল পত্রে সকল অবগত হইবেন শ্রীযুৎ সীতানাথ চট্টোপাধ্যায়কে পাঠাইবার দেরি করিবেন না আমার বরাতী পুস্ত কিঞ্চীৎ আর বিনামা এক জোর লইয়া আসীবেন কদাচ তাচ্ছল্য করিবেনা ইতি—

শ্রীউমাচরণ ঘোষাল—

সাঃ কড়ই—

৮০। হ ৩৩

শ্রীশ্রীদুর্গা

মাতা

প্রানাধিক চিরজিবেষু—

বিসেষ সংক্রান্তিতে ফল বড় সমাধাণ হইল নাই এ ষুব হইয়াছে এই লোকের প্রমুখে জ্ঞাত হইবে কিন্তু শ্রীমতি জান্নবীর ফল বড় সমাধান হইবেক তাহার জর্ন্ন্য গাওা ঘৃত ।৴ ছটাক লাগিবেক বাকী অপর ২ জিনিষ জাহা লাগিবেক তাহা তুমি বাটী আইলে লওা জাইবেক অতএব ২৯ নাং বাটী আসিবে অদ্য একটু সুবিষটি হইয়াছে গোরু কেনা হয় নাই এক্ষেন তক বসন্তর ব্যাম ক্ষেন্ত হন নাই সেখানে গোরুর কী রকম আবস্তা এই লোক মাং লিখিবে এখানে তপবনের শ্রীসুবল সেন বন তরফের গোরু আনিয়াছে ২৫ টাকা জোড়া লাঙ্গল চলিতে পারে ইন সনের জেরূপ আবস্তা ঐ গোরু লইয়া ইনসন চালান ভাল বটে বেসি দামের গোরু কী ভরসায় কেনা জাই বাকী সকলে ভাল আছে বাঁকুণ্ডাতে ৭৫ টাকা দিবার কড়ার আছে কিন্তু দুইটি বাড়ির ২০ টাকা ও নগদ ২০।২৫ টাকা শ্রীযুত বৈকণ্ট বাবু ৪২॥ টাকায় লোক পরে চালান দিয়া ঐ টাকা

লইয়াছেন আমি কল্য ৬০ টাকার চালান বাঁকুণ্ডাতে দিব আর কড়ার মত হইল নাই—
তুমি ২৯ নাং বাটী আসিবে ইতি তাঃ—২৭ বৈসাখ

শ্রীগোপীনাথ পাত্রর আসির্ব্বাদ পত্র—

পরম কল্যানিয় প্রাণাধিক
শ্রীযুত উমাচরন পাত্র প্রাণাধিকেষু—

৮১। হ ৩৮

৭ঁ শ্রীশ্রীদুর্গা—
সহায়—

পরম ষুভাশীর্ব্বাদ বিজ্ঞাপন বিশেষ—

পরে সমাচার নিজ মহার ১৫ তারিখে আমার জেষ্ট বধু মাতার স্বভ সার্ধান্ন এবং ব্রাহ্মণ ভোজন হইবেক অতএব তুমরাহ সর্ব্বারম্ভে সনারেখের বাটীতে আসিআ ষুভ কার্জ্য সমাধন করিবেন পত্রের দ্বারায় নিমর্ত্তন্ন করিলাম ইতি—সন ১২৮০ সাল তাং ১১ চইত্রী

শ্রীযুত গুরুচরণ বন্দোপাধ্যায়—

পুনশ্চ লেখি—

এই লোক সমীর্ভারে শ্রীমত্তী সারদা মাতাকে পাঠাইআ দীবে কোন ওজর করিবে না আর আমরাহ জাইতে পারিলাম না আর আমার পরিজন ভারি কাহিল আর অধিক কি লেখিব পত্রে লেখা বাহুর্ল্য—ইতি

পরম পুজনিয় শ্রীল শ্রীযুত দীননাথ চট্টোপাধ্যায় বাবাজিবন চিরজিবেষু
চলিত পত্র মোঃ সনারেখ হইতে মোঃ ভূতশ্বহর পঁহুছে—

৭৪॥=

৮২। ন ২

শ্রীশ্রীহরি :—
সন ১২৪৭।—

৺মর্দ্ধম কর্ত্তা মহাসএর ত্যাগিয় বস্তুর তালিকা—

আশামি—		জিঃ।—	
পীতলের কটকী—		জের—	২৬
বড় ঘটী—	১	পিতলের—	

মাজারি ঘটী—	৩
পীতলের বড় রেকাব—	১
ছোট রেকাব—	২
কাসার রেকাব—	২
কাসার ছোট—	
জাম বাটি—	১
পিতলের কটকী বাটী—	২
কাসার বাটী—	
ছোট বড়—	৫
দফে কাসার দেওানী বাটী—	১
কাসী—	১
হামান দিস্তা—	
মায় ডাটী—	১
বহুগুনা—	১
পিলসজ—	১
কোসাকুসী—	২
তাম্র টাট—	১
পাথরের বাট্টা—	১
	২৬

বালেশ্বরি—	
আব খোরা—	১
ঘড়া—	১
পিতলের তৈল্য—	
মাথা বাটী—	১
পাথর বাটী—	১
	৩০

[১খ শ্রীশ্রীহরি—

সন ১২৪৭—

তৈজষাদী দান সামিগ্রীর তালিকা—

পীতলের ঘড়া—	১
থালা—	১
রেকাব—	১
পিলসজ—	১
ঘটী—	২
বস্ত্র—	২
দানের জোড়—	১
জর্লেশ্বরের ধুতি—	১
বরনের জোড়—	১
	৯
গোছাথা—	১
কুসাষণ—	১
	১১

৮৩। ন ৩

শ্রীশ্রীদুর্গা—

সন ১২৫৭ সাল—

জমা—

পিয়ারি বেয়া—	
৩০ রোজ—	
ব্রত প্রতিষ্ঠা দং—	১৷০
দিগম্বরি দাসি—	৴৫
৯ বৈশাখ—	
ধান্য বিক্রি দং—	৸০

খরচ—

মাহ চৈত্র—	
হাট খরচ—	৻৫
গুবাক—	৻৫
পাণ্ডিটের—	
লোক বিদায়—	৴০
তুলা দং—	৻১০
হাট খরচ—	৴৫
সংক্রান্তির—	
খরচ—	৵০
হাট খরচ—	৴০
২ বৈশাখ—	
হাট খরচ—	৻১৫
৫ রোজ—	
হাট খরচ—	৻১৫
শরিসে দং—	৴০
১ রোজ—	
শ্যামাচরণ চক্রবর্ত্তী	
ব্রতের দক্ষিণা—	৵০
৩ রোজ—	
গয়ারাম নন্দি—	
মাক্রিনা দং—	৷০
৮ বৈশাখ—	
রামদাস চক্রবর্ত্তীর—	
দোকানে তৈল লবণ—	
নগদ—	৵৫
১২ রোজ—	
তৈল—	৵০

৮৪ । ন ৪

সেবক শ্রীবংসিবদন দেবসর্ম্মন—

দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চ আগে—

মহাসএর শ্রীচরনাসীর্ব্বাদে এ লফরের প্রানগতিক কুসল বিসেষঃ পরে—আপনি এখান হইত্তে জদবধি আপনি গিয়াছেন তদবধি কোন সংবাদ পাই নাই এবং শ্রীরামষুন্দর চৌধুরীর ভায়াজির বেআরাম হইআছিলেন সেই সংবাদ পাইআ বাটিতে সকলে ভাবিত আছি গতাআতে মঙ্গলাদি সমাচার লিখিতে আজ্ঞা হইবেক পরে সোনাবুন্দি হইতে শ্রীযুত নিলেচরন দাষ বাবুজী আপনকাকে তলপ পাঠিয়াছিলান তাহাতে আমী কহীআছিলাম জে বাটিতে নাই জাইয়া আপকার জনে বাবুজী সাংখাই মোকামে···আছেন আপুনি পত্র পাঠ জ্ঞাআতো হইআ খারা খারা বাটি আসীবেন আপুনি এখানে আইলে তবে ওই মোকামে গঞ্জ গোলা হবে এমতে·········সীতেছে শ্রীচরনে নিবেদন করিলাম ইতি—

পুনু ২ লিখীছি মাজ দিদি ঠাকুরানি কাহিল আছেন আরাম হন নাই ইহা ওআকির কালাম ইতি [সন ১২০৫]

৮৫ । শ ১

শ্রীশ্রীকৃষ্ণ—

ত্বদিয় শ্রীকাসিনাথ দেবশর্ম্মণঃ—

বিনয় পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ বিশেষ—

শ্রীযুত দাদা মহাশয় দির্গের রাজলক্ষী শ্রীশ্রী৺ করিতেছেন তাহাতেই অত্রানন্দ পরং ২৬ জৈষ্টী সোমবার মহাশয় দির্গের মোকর্দ্দমা রুবকার হইবার কল্প ছিল ইহাতে বড়ই ভাবিত আছি সিভ্র মঙ্গলাদি সমাচার লিখিতে আজ্ঞা হইবেক আর আমার ভাগিনা শ্রীযুত সিতারাম বন্দোপাধ্যায় বাবাজিকে পাঠাইবার কারন বর্দ্ধমান মোকামে অনুমতি করিয়াছিলেন এ কারন পাঠাইতেছি কিছুদিন নিকটে রাখিয়া জ্ঞানি করিয়া দিবেন আর অধিক কি নিবেদন করিব ইতি—২৭ জৈষ্টী

পরম পোষ্টাবর শ্রীযুত কালিপ্রসাদ ভট্টাচায্য—

তথা শ্রীযুত গুরুচরন স্থায়লঙ্কার ভট্টাচার্য্য—

দাদা মহাশয় পরম পোষ্টাবরেষু—

পত্রদেনা—মোকাম— সাতগাছিয়া—

৭৪৷৹

৮৬। শ ২

৭ঁ শ্রীহরিঃ—

ভবন মঙ্গলাকাঙ্ক্ষী পরম শুভাসীর্ব্বাদ শ্রীরামতারক দেবশর্ম্মা বিজ্ঞাপন মিদং—

শ্রীমতি গোয়ালীনীর মারফৎ দুইটা·· ···একটী চুনী মায় ফটো সামেৎ পাইআ··· মাগে কিন্তু নোলকের মুক্তা পা···পাঠাইতেছি লিখিয়াছো এখ্যানে···জন্যে নৎ গড়ান হয় নাই অতএব···ফৎ পাঠাইবে কোন ওজর করিবে না···[মু]ক্তা এখানে পাওয়া সীঘ্র জায় না ক···অন্যায় এখ্যানে সীঘ্র জাহাতে······করিবে পরে তোমার ঐ মুক্তার দ······ জাচাই করাতে জয় সীল ও মুনি···সকলে কহিলে জে ইহার মূল্য···জোড়া সে জাহা হউক পশ্চাতে······এ বাটীর মঙ্গল সেখানকার মঙ্গল······ইহা জ্ঞাপনং ইতি—তাং ১৫ই······

৭৪॥ঃ—

পরম কল্যাণীয় শ্রীযুক্ত কুঞ্জ···ভাইজী চিরজী[বেষু—]

পত্র দেনা—	চলিত
মোঃ কলিকার্ত্তা	সাতগাছিয়া হৈ[তে]

৮৭। শ ৩

শ্রীদুর্গা—

সরণং

শ্রীজিতু শৌ রোকায় জানিবে তোমার নিকট বাদ্যকরদিগকে পাঠাই ইহাদিগকে মদিরা ⁄৫ খারা দিবে চৌটি কাটিও না। ইতি সন ১২৯৫ সাল তারিখ ২৬ আশ্বিন

শ্রীজয়শঙ্কর ভট্টাচার্য্য

৮৮। শ ৪

৭শ্রীশ্রীহরিঃ—

সন ১২১৬।—

একজাই জিনিষ—

বড় ঘরের মাচায় থাকে—

একজাই বাসন পিতলের—

সন ১২১৬ সালের মাহ কার্ত্তিক—

ঘড়া—১০২ এক সও দুই খান—

নাল স্থদা গাড়ু—

১০৩ এক সও তিন খান—

নাল ভাঙ্গা গাড়ু—

২১ একুস খান—

---

১২৪ মবলগে গাড়ু এক সও চব্বিষ খান

ইতি—

---

১০২ মবলগে ঘড়া এক সও দুই খান—

নানা—	৫ খান	
থাল—	২১ খান	
বাহিরে—	৩ খান	
স্থজায়—		ইন্দুমনি ঠাকুরানি
ঘড়া—	৩	জল খাব বলে
গাড়ু—	৪	এক ঘড়া ছোট লয়

৮৯। ল ১

৭শ্রীশ্রীহরি।—

সরণং—

সেবক শ্রীনিত্যানন্দ দাস বসো প্রণাম সহাশ্র ২ নিবেদনঞ্চঃ আগে মহাসএর শ্রীচরন স্থভাস্থধ্যান করণে এ সেবকের সমস্ত মঙ্গল হয় বিসেষ আপনকার ।ক্রপ্যা পত্র পাইআ সকল বিসয় জ্ঞাতো হইলাম ধান্ন্য বিক্রয় বিসয় জে হইআচে তাহা অদিনে লিখিলেন শ্রীমতি বহু ঠাকুরানির ধান্ন্য অদ্ধেক ফুটিআ নষ্ট হইল এখানে নগদ ধান্ন্য বিক্রয় কেহ নেয় নাই রামদেব দত্ত ধান্ন্য আপনারা খরচ করি করিআচেন দিবষ কএক বাদে টাকা দিবেন এবং ছুকু সহ তিহ খরচ করিআচেন ভাদ্র মাসে বিস্তা তাগাদি লোক পাঠাবেন জে হয় তাহা করিব নিবেদন করিলাম

শ্রীশ্রী৺মন্দির আরম্ভ করিআচি খরচ পত্র জন্নে হয়ন ভার হইআচে শ্রীশ্রী৺ জা করেন পরং শ্রীযুত দেবি চরণ মুখপাধ্যা মারফত যত ধান্ন্য বিক্রয় সিক্যা বার সনা ১ এক তঙ্কা পাঠাই লইবেন ইতি তাং ৩২ শ্রাবণ

এ বৎসর ধান্ন্য ভাল হয় নাই আমার বিসয় স্বরির গতিক পুর্ব্ব পিড়্যা বড়ই ব্যাম পাইতেচি কিচুতে নিবিত্তি হয় নাই—

[সন ১১৯৮ সাল]

॥ ব্যাধি ও উৎপাত ॥

(১১৪৮-১২৭২ সন)

৯০। বি ৪৫৯

৭ঁ শ্রীশ্রীহরি—

আজ্ঞাকারি প্রতিপাল্য শ্রীফকীর চন্দ্র সিংহ—

সবিনয় পুর্ব্বক নমষ্কারা নিবেদনঞ্চাগে মহাসএর আসির্ব্বাদে এ জনার সমস্ত মঙ্গল হয় বিসেষঃ নিবেদন আপনকার বাটির খপর পাই নাই না পাইআ ভাবিৎ আছি জানিবেণ আমার এখানে বড়ই বিভ্যরাট হইআছে এবং আমার হাতে আঙ্গুলে বেদনা হইআছে তাহাতে বড়ই কাহিল হইআছি কীন্তু আপুনি এক দিবস নিমির্ত্তে এখানকে অসিবেন না আইলে বড়ই বেতা……জানিবেন আর আমার দেবতার ঝড় জলে ঘর ভাঙ্গিআ গিআছে তাহায় জানিবেন আপুনি অবস্য অবস্য এক দিনকে আসিলে আমী বাচি নচেত মারা পড়ি আর রিদয়নাথ বাবাজিবনের তত্ত পাই নাই না পাইআ ভাবিৎ আছি জানিবেন ইতি তারিখ ২৩ জষ্টি—[সন ১২৬২ সাল]

…পুজনিয় শ্রীযুক্ত রাধানাথ…মহাসয় শ্রীচরনেষু—

[পত্র দে]না—মোকাম পকন্যা—

৭৪॥০

৯১। বি ৪৭৬

শ্রীমন্মদীশ্বর পূজ্যতা—

চরণ সরসীরুহরাজো—

সেবক বাজপেয়িরাজ শ্রীশম্ভুচন্দ্র দেবশর্ম্মণঃ প্রণামাঃ পরার্দ্ধং নিবেদনঞ্চ বিশেষঃ শ্রীচরণধ্যানাদেব সেবকৈহিক পারত্রিক নিস্তারঃ। দুই দফা আজ্ঞা পত্র পাইয়া শিরোবন্দিত করিয়া সংবাদ জানিয়াছি। শ্রীশ্রী৺কৃপায় নানা বিঘ্নোপশম হইয়া উনিশা তারিখে শ্রীযুত ঠাকুর পুত্রের শুভবিবাহ সুসম্পন্ন হইয়াছে। ইহাতে চরিতার্থ হইলাম নানা বিঘ্নের দফায় নানা প্রকার শুনা গিয়াছে। সাক্ষাত আজ্ঞা হইলেই তদ্বিস্তারিত জানিব। তচ্ছুভ বিবাহের দফায় বিপক্ষ কতক ভব্যতা করিয়াছে। তাহাতে তন্মতি বিপর্য্যয় বুঝিলাম ঠাকুরের পদে একটা ক্ষত হইয়াছে। ঔষধের বহির নকল

ঠাকুরের নিকটে আছে। তন্মধ্যে ক্ষতর মহৌষধ কাল্যা লতার পাতার দফা লেখা আছে। তাহা স্মৃতি না থাকনের সন্দেহ জন্যে এরূপ নিবেদন লিখিলাম। ক্ষতে ঐ পাতা বাধাঁ কিম্বা ঐ পাতা বাটিয়া ক্ষতে প্রলেপ দিয়া শুষ্ক হইলে তপ্ত জলে উঠান। পুনশ্চ প্রলেপ দেয়া। পুনঃ পুনঃ এইরূপ করিলে দুষ্ট রসাদি নির্গত হইয়া ক্ষত শুষ্ক শীঘ্র হয় অতএব বিহিতাজ্ঞা হবেক। বহিতে তদ্ভাষা কবিতা লেখা আছে হটাত তাহা না পাওআ যায় তা তদ্ভাষা কবিতাও লিখি। ক্ষতে কাল্যা লতার পাতা শুষ্ক ক্ষতে প্রলেপ। ইহাতে নিস্চয় জান হয় ক্ষত ক্ষেপ॥ গদখালির নিকট বালিয়ালি গ্রামের শ্রীযুত রামনিধি চক্রবর্ত্তির এক কন্যাকে মণ্ডওায় আনাইয়া ঐ কন্যার সহিত সাতাইশা শনিবার সতর দণ্ড রাত্রির পর পাঁচ দণ্ডের মধ্যে শ্রীযুত নীলানাথ রায়ের সুভবিবাহ সম্পন্ন হইয়াছে। সুগোচর কারণ নিবেদন লিখিলাম। শ্রীযুত [গ ে] পশচন্দ্র রায়ের ক্ষয় রোগে পর পর কাহেলি বৃদ্ধি। বাহ্যে রাখাইয়া চিকিতসাদি হইতেছে। কিন্তু ধারা ভাল নহে। বাটীর আর সকলে ভাল আছেন। এখানে ঠাকুরের শুভাগমনের গৌণ থাকে তো লোক সঙ্গে দিয়া শ্রীযুত কালিদাস রায় মহাশয়কে এখানে পাঠাবেন। তবে তাহাঁর লিখন ও পাঠাদি হবেক। অগ্রহায়ণ ত্রিংশত্তম দিবসীয়া শ্রীচরণ নিবেদন লিপিরিয়ং—

[সন ১২২৩ সাল ২৮ আষাঢ়]

৯২। বি ৪৮৩

৭ শ্রীশ্রীরামঃ—

সরন—

আসিব্বাদাক্ষিন শ্রীহরিভজন দাসস্য—

অষ্ঠাঙ্গ প্রনিপাত সতো কোটী সহস্ব নিবেদনঞ্চাগে—

মহাশএর শ্রীচরণ কৃপাতে এ দিন হিন অক্রীতিয় অভাজনার সমস্ত মঙ্গল বিসেষঃ পরে নিবেদন আপনি শ্রীশ্রী৺স্নান করিতে ও পাইকপাড়া আমাকে না কহিয়া জওাতে আমার সহিত সাক্ষাত হয় নাই তাহার পর মোজে আইমদপুরে ডাকাতি হওাতে আমী আপনকার সহিত সাক্ষাত করিতে তিষ্টিয়া থাকীতে পারিলাম না এবং আর আর জে কথপকথন ছিল তাহাও কহিতে সাবকাস হইল না সাক্ষাৎ হইলে সকল বিসয় নিবেদন করিয়া অন্তকরনের দুক্ষ নিবারন করিব এক্ষনে আপনি বাটীর তত্ত তলাষ করিবেন আর শ্রীযুত সিতানাথ সরকারকে কহিয়া দিবেন সকল কম্মের বিবচনা করিয়া করেণ

খাজানা জে সকল লোকের পাষ পাওনা আছে তাহা সিতানাথ সরকার জ্ঞাতো আছেন রাসি হালদারের পাষ এক টাকা পাওনা আছে তাহা পূজার খরচ বাবদ কাটওায় বরাত জে আছে তাহা আমার দপ্তরে গতো সনের কাগজ ৶পূজার খরচের ফরদ্দ আছে তাহা দিষ্ট করিয়া সীনা হালদারকে ফরদ্দ দেয় আর আর কর্ম আপনি বিবচনা করিয়া করিবেন অধিক কী লিখিব পাটা এই জায়গায় আমী খরিদ করিয়া লইয়া জাইব ইহা শ্রীচরণে নিবেদণ ইতি সন ১২৩৬ সাল তাং—১ আস্সীন—

৯৩। বি ৪৯৪

৭ঁ শ্রীদুর্গাশরণ—

সেবক শ্রীরামানন্দ দাসস্য দণ্ডবৎ প্রণামা নিবেদঞ্চ আগে মহাসয়ের শ্রীচরনা-শীবাদে এ জনার সমস্ত মঙ্গল বিশেষ পরে নিবেদন মহাসয়ের শ্রীচরন অনেক দিবশ দরশন হয় নাই এ নিমি[ত্ত] বড় উৎকণ্ঠিৎ আছি আর আর জে জে কার্য্য আছে তাহা নিকট পর্য্যস্ত জায়িয়া সকল কহিব আর আমার শরিরে মহা পিড়া হয়াছে তাহাতে বড় ব্যামহ পাইতেছি সেখানে এক জন ভাল চিছক আছে তাহা সুনিলাম অতএব সেই চিছককে পাঠাইতে যদি পারেন তবে ভালইতে পারে আর যত্তপি না পা[ন] তবে আমিহ তথাকে জাইআ সকল কন কহিব আর জে চিছক চিকিৎসা করিতেছে সে চিকিৎসক [বলে] আমিহ আরাম করিয়া দিব ইহারি জাহাতে ভাল হইবে—

৯৪। বি ৮৯০খ

৭শ্রীশ্রীরাম—

স্মরণং—

অব্য পোষ্যঃ শ্রীরামনিধি দেবশর্ম্মণঃ পরম স্বভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চাদৌ বিসেষঃ বাটির সমস্ত বিসয় শ্রীরামসান্ত প্রমুখাত জ্ঞাত হইবেন পরে শ্রীমতি সেজ্জ্যাবৌ পীড়া বড়ই হইয়াছে শ্রীরামজয় হালদার ডাকিয়া আনিয়াছিলাঙ তেহ কহিয়াছেন পীড়া ভাল হবে সাধ্য বটে কিন্তু তৈল ঔষধ খাড়া খাড়া করহ তাহাতে বড়ই ভাবিত হয়া গিয়াছে এবং শ্রীভারত রাম মুখোপাধ্যায় আসিয়াছিলেন কিছু পেলেক নাই তাহাকে বলা গেল আশ্বিন মাষে কিছু দিব এবং কিনু চট্টো ব্যস্ত করিয়াচেন আর খাজানা পূজা নাগিদ ২১ একুশ টাকা দেও গেল তোমার কাপড় কেনা হয় না টাকা খরচ হইয়াছে জ্ঞাত করিলাঙ

পুনশ্চ লিখি চিনি ॥০ অর্দ্ধ সের মরিচ ৪ চারি তোলা অবস্য অবস্য পাঠাইবেন ঔসদ করিবার কি লিখিব দেবতা জা করেন তাই হবেক সেজ্জাবৌ তাহার ৭ সাত

টাকার ধান্য নেয়া গেল তাই দুই টাকা পায় তবে ঔসদ এবং তৈইল হয় এখ্যানে জোত্র কি তবে শ্রীশ্রী জা করেন তাই হবে ইতি তাং ১ আশ্বিন

পরম কল্যানীয় শ্রীযুৎ রামজীবন সার্ব্বভৌম কল্যাণবরেষুঃ—

৯৫। বি ৯৪৮

শ্রীশ্রীজগদীশ্বর শরণং—

সেবকানুসেবক শ্রীদ্বারিকানাথ বসৌ প্রণামা নিবেদনঞ্চাগে—

মহাশয়ের শ্রীচরণ কমল প্রসাদে এ দীনহীন দাসের সমস্ত মঙ্গল হয় বিশেষ মহাশয়ের পত্র প্রাপ্ত হইয়া আনন্দ সাগরে নিমগ্ন হইলাম আপনার শ্রীচরনাশীর্ব্বাদে পীড়া হইতে নিষ্কৃতি পাইয়া সাস্থ্য সম্ভোগ করিতেছি যে খড়ির জেবের বিষয় লিখিয়াছেন তাহার মাপ না পাইলে সে বিষয়ের কিছুই করিতে পারিব নাই আপনকার প্রণামি স্বরূপ ১৲ এক টাকা প্রেরন করিতেছি এই দরিদ্র ক্ষুদ্র শিষ্যের প্রতি কৃপা কটাক্ষ পাত করিয়া গ্রহণ করত কৃতার্থ করিবেন এই পত্র বাহকের পথ খরচের জন্য ৵০ আনা দিলাম ইতি সন ১২৬৫ সাল তাং ৩২ আসাড়—

৯৬। বি ৯৯১

৭শ্রীশ্রীকৃষ্ণজী—

শ্রীচরন ভরসা—

পরমপূজনীয়—

শ্রীদুর্গাপ্রসাদ হালদার খুল্লতাৎ—

মহাশয় শ্রীচরনেষু—

শ্রীগয়ারাম সর্ম্মার রোকায় প্রনাম জনিবেন—

ফেরত পত্রে যুগচরইলম ২৭ রোজ অন্নপ্রাসন হইবে কিন্তু এ বাটীর সকলের বেয়ামহ এবং শ্রীমতি লক্ষ্মির জেরুপ বেয়ামহ এ জাতারা রক্ষা পাওা ভার এ প্রজুত জাইতে পারিলাম নাঞী কিন্তু এ বিসয়ে জেরুপ বারিত হইলাম তাহা লিপী বাহাল্য কি [ক]রা জায় শ্রীশ্রী৺ স্বেচ্ছা জদীসাৎ এ বিসয়ে পরমেস্বর উদ্ধার করেন তবে পরে শ্রীচরন দরসন করিবো শ্রীযুৎ নবিনচন্দ্র বাগ্দীর মাং কদলী পত্র ২০০ পাঠাই পৌছবে জ্ঞেপনমিতি তাং—২৭ অগ্রহায়ন—

শ্রীযুৎ কৃষ্ণমোহন দত্তরে নিকট জদীসাৎ পুজার দক্ষেণ জদী পাইয়া থাকেন তবে এ লোক মাং পাঠাইবে

শ্রীকৃষ্ণমোহন হালদার—শ্রীদুর্গারাম হালদারের রোকায় আসীর্ব্বাদ জানিবেন আপণ-কার ব্যামহর কথা ষুনিআ আমি জাইতে প্রস্তুত হইয়াছিলাম ইতিমর্দ্ধে ভরত খা উপস্থিত হইল ওহার প্রমুখাত ষুনিলাম জে তেমত ব্যামহ নাই কিবল দুই এক বার ঘাটে জায়া হয় আর ছেলেটী আমা ছাড়া এক ঘড়ি থাকে না জানিবে আর হর হালদারের মামাতো ভগ্নির পাত্র বিদআলপুরে (?) হইয়াছে দুই সত টাকা পোনে জানিবেন আর কপুরাদী মোদক গন্তি ৯ নব গণ্ডা পাঠাই লইবেন অনুপাম বাসী জল আর চিনি ডের পোআ পাঠাই লইবেন ফেরত ত্রিষুলি পয়সা একটা পাঠাই লইবেন—ইতি—তারি—১০ আস্বী[ন]—

৯৭। বি ১২০৪

৭ঁ শ্রীহরিঃ

পোষ্য শ্রীগোপীনাথ দেবশর্ম্মণঃ—

পরম শুভাশীর্ব্বাদ প্রযোনঞ্চ বিশেষ—

তোমার বাড়ির আমার বাড়ির সংবাদ বিবরিয়া লেখিবেন আর ঘরের বিশয় সকল সোষ্ঠব করিআ থাকিবেন আমার এথানে কিছু মাত্র নাই বাসা খরচ হয় না কজ্জতে মদাব (?) এই শ্রীমতি দীদী ঠাকুরানির স্থানে ৭ সাতটি টাকা লইয়া দেবে বাড়া নাগে তাহা করিবেন অবস্য অবস্য রামহরি দিগের টাকা দিবে নাই রামহরিদ্দের খাবার খরচ উশাড়ি গ্রামে চালু ১৯ সলি ১০ সাড়ে শ্রীবিশ্বনাথ আচায্য স্থানে আছে শ্রীরামনাথ শর্ম্মাকে লইয়া আনিবেন শ্রাবন নাগাদি অগ্রহায়ন পর্য্যঞ্চ হইবেক আমার এথানে নাই জে খাবেন পুনশ্চ লিখি গোয়ালন্দের ঔষধ দুই সপ্তাহ চতুর্মুখ পাঠাই মধুতে ঘসিয়া পিপ্‌পলী চূর্ন্ন প্রক্ষেপ দিয়া খাইতে কহিবেন ইতি

প্রাথকালে এক বড়ি রোজ

তাং ২১ শ্রাবণ—[শকাব্দা ১৬৬৩]

শ্রীগঙ্গাধর দেবশর্ম্মনঃ

শ্রীগোবিন্দরাম দেবশর্ম্মনঃ—

তথা শ্রীব্রজনাথ দেবশর্ম্মনঃ—

তথা শ্রীনারায়ন দেবশর্ম্মনঃ—

প্রাণোপমেষু পত্রীয়ং—

৯৮। বি ১৩৪০

৺ শ্রীশ্রীহরিঃ—

আজ্ঞাকারী শ্রীরথীরাম দাশস্ত—

…পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ আগে—

………মহাশয়ের মোহন্নতি ৺করিতেছেণ তাহাতেই অত্র মঙ্গল বিশেষঃ। শ্রীযুৎ গংগাধর ভট্টাচার্য্য মহাসয়ের প্রমুখাত সমাচার জ্ঞাতো তোমার বাটীর পিড়া অদ্যাবধি শ্বান্তি হয়েণ ন্যাই ইহাতে ভাবিত হইলাম ৺ইচ্ছা ভাল হই…বিধিমত চেষ্টা পাইতেছ পাইবে ৺ভাল করিবে খরচ কারণ কহিয়াছেণ আমি জে হালে এথাণে আছি তাহা আপনি সকলী অবধাণ আছেন কেবল খোষামদ করিয়া আছি এথাণকার বেলায় (?) এখন জেমত স্বঈষা (?) হইয়াছে এমত কথণ হয় নাই। কোণ যুব্যজে কড়িকড়া পাই এমত জোত্র চারা কী বাবাজী করিয়া পাঠাইয়াছেণ শ্রীযুত গংগাধর ভট্টাচার্য্য মহাশয়ের মারফত খরা খরা দুই তঙ্কা পাঠাই লইবেণ জ্ঞাতাআতে কুসল লিখিবেণ নিবেদণ করিলাম ইতি তাং—১৭ চৈত্র

৯৯। বি ১৪৪৫

শ্রীশ্রীহরিঃ

শরণম্—

সেবক শ্রীকৃষ্ণদাস শর্ম্মণঃ সাষ্টাঙ্গ প্রণতি পূর্ব্বকং নিবেদন মিদং বিশেষঃ। এ বাটীর সমাচার প্রাণাধিকের ব্যামহ অতিশয় দেখিয়া গীয়াছিলাম তাহাতে অত্যন্ত উদ্বিগ্ন আছেন কিন্তু আসিয়া দেখিলাম মহাশয়ের দিগের আশীর্ব্বাদে ব্যামহ বিশেষ হইয়াছে জ্বর এবং হাঁম সমুদায় ভালো হইয়াছে পোড়া ঘা বিশেষ হইয়াছে সমুদায় ভালো হয় নাই কিন্তু রক্ষা পায় এমৎ বোধ হইয়াছে উদ্বিগ্ন হইবেন নাই এবং বাটীর সকলে কহিবেন আর মোং বারাশতে শ্রীযুত চক্রবর্ত্তি মহাশয়কে কহিলাম মহাশয় যেরূপ কহিয়াছিলেন তাহাতে তিনি কহিলেন আমী ঐ তারিখে পাঠাইব কিন্তু আমারে আনিতে হইবেক একত্র আনা হইবেক না ইহা শ্রীচরণে নিবেদন করিলাম—ইতি—তাং—২২ কার্ত্তিক

পরম পূজনীয় শ্রীযুক্ত শিবচন্দ্র ন্যায়ালঙ্কার মাতুল মহাশয় শ্রীচরণারবিন্দেষু

চং দুর্গাপুর—মোং বৈষ্ণবঘাটা—

৭৪॥০

১০০। বি ১৬৫০

শ্রীদুর্গা সরণম

প্রাণাধিক শ্রীযুত কমলাপতি ভট্টাচার্য্য মঙ্গলাস্পদেষু। পরমাশীরস্তু বিশেষঃ। পত্রার্থাবগত হইয়া জ্বালাশতদগ্ধ মানসের ভাবামৃতাভিষেক দ্বারা স্থৈর্য্য কথক করিলাম। জ্বর পরে পালা জ্বরের আশঙ্কা ও কাসেতে বড় পীড়িত সম্প্রতি কয়দিন স্পষ্ট জ্বরানুভব হয় নাহি কাসের অসাতে (?) ঔষধ পথ্য যোগে আছি ভাবিত নহিবা শ্রী৺ঘাটে মানত পূজা দিবা লাট সাহেবের সহিত সাক্ষাদুত্তর সীঘ্রই প্রত্যাবৃত্তি হবেক এ বৎসরে লাভ-ক্ষতি সম্মানহানি প্রাণব্যাঘাতাদি নানানিষ্ট শ্রী৺শান্তি কর্ত্তা। সকলে স্বার্থ ২ শান্তি স্বস্ত্যয়ন করিয়া সাবধানে থাকিবা। কালনায় নৌকা যাতায়াতে উপযুক্ত চুন আনাইবা আরব্ধ তিনটা কুটরি সারাইবা বিসেষ পশ্চাৎ লিখিব আগমনাকুঞ্চন কেহ না করেণ ইতি ১৭ শ্রাবণ

১০১। বি ১৬৫৩

শ্রীদুর্গা ॥

ভৃত্যঃ শ্রীরামধন দেবশর্ম্মণো ভবচ্চরণস্মরণাদ সরাকং বিশেষ আপন সমাচার পায়িলাম বেদণা ভাল হয় নাহি অদ্যাপি শীর্ঘ শীর্ঘ তত্ত পঠাবেন লোহাড়ার পবন মদক ৫ পাচ টাকা এক সিকি আসাঢ়ের ১৬ রোজ পায়াছি বালকদের তিন জনের বস্ত্র নাহি পাঠাবেন এবং জেটুই মায়ের সুয়া নেগে হস্তে বেদণা হয়াছে ভাল কিছুতে হয় নাই এবং বালকরা তাদৃক পটে না আর বিস্তারিৎ কি লিখিব পৈতা কিছু পাঠাবা পৌষ মাসে কর্জ সোধ চার টাকা চৈত্র মাসে এক টাকা বৈশাখ মাসে এঠা (?) এক টাকা পবন মদক আষাঢ়ে এক টাকা একুনে……কর্জ সোধ দিলা ইতি নিবেদন তাং ১৫ আসাঢ়

১০২। বি ১৬৫৬

শ্রীশ্রীহরি—

পরমশুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চাদৌ তোমাদ্দের মঙ্গল সদা সর্ব্বক্ষন শ্রীশ্রী৺স্থানে সদত বাঞ্ছনীয় জাহাতেই অত্রানন্দ বিশেষঃ। পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইয়া পরমানন্দিত হইলাম পরে আমাকে এখাণে শ্রীযুত দুর্গাচরণ ঘোসাল খুড়া মহাসয় কহিলেন জে শ্রীযুত বংশী চৌধুরি চৌকীতে চোর পালাইয়াছে পাইক জে চোকীতে ছিল তাহারা কহিলেক আমারা শেষ রাত্রে তামাকু খাইতে গেলাম চৌধুরির চৌকীতে চোর

পালাইয়াছে ইহাই ষুনিয়া জদেষ্ট খেদিত হইয়াছিলাম এক্ষাণে তোমার পত্রের সমাচার ষুনিয়া আনন্দীত হইলাম আমী অদ্ধ জাইতেছিলাম তাহারা বাটীতে কেহ নাই তাহাতেই জাইতে পারিলাম না দুই চারি মধ্যে নিকট [পোঁ]ছিব ষায় সকল কহিব এবং ষুনিব শ্রীযুত ভবানি রায় কাটোয়াঁ গিয়াছেণ তাহাকে সেইখাণে কহিয়া থামাইয়া রাখিবে না থামাইতে পার তবে করারদাদ করিবে নতুবা রায় মহাশয় এখাণে আইসে জদেষ্ট উত্তেজনা করিবেক ইহা জানিয়া জাহাতে ভাল হয় তাহা করিবে ইহা জ্ঞায়াম মিতি—তারি—১৫ জৈষ্টী—

শ্রীবদণচন্দ্র দেবস্ত—

শ্রীমদ্রাধারমন গোবিন্দচরণ পরায়ণ [শ্রীল]শ্রীনৃসিংনাথ চৌধুরি দাদা চিরজীবিতেষু—
পত্র দেনা—মোকাম—কাটোয়াঁ—
শ্রীবদনচন্দ্র সার্ম্মার আসীর্বাদ পত্রে জ্ঞাতো হইয়া জবাব লিখিবেণ ইতি

৭৪।০

১০৩। বি ১৬৬২

৭শ্রীশ্রীহরি—

ওঁ দুর্গা— সহায়—

পরম পুজনিয় শ্রীযুত নায়ালঙ্কার মহাসয় শ্রীচরণ কমলেষু—
শ্রীশ্রীরাম শর্ম্মার—বহু সত প্রণতি পূর্ব্বক নিবেদন—
শ্রীযুত ভট্টাচার্য্য দাদা মহাশএর আয়ু পীড়া উপনিত সিগ্র ৺তির জাত্রা করানো উচিত এখাণে বেহারা নাই মহাশয় বিহিত মোণজোগ করিয়া উর্দ্ধানপুর তক জাউনের কেরাআ স্থির করিয়া জতো সিগ্র পারেন ৪ জণ বেহারা পাঠাইবেণ কেরাআ আমি দিব মহাশয় অধিক মোণজোগ করিবেণ শ্রীচরণে নিবেদণ ইতি তারিখ—৯ চৈত—

১০৪। বি ৪৫৩৯

বিরভম (?) থাক্যা আইল বরগি বর্দ্ধমানে থানা
বর্দ্ধমান ছাড়িয়া হুগুলি আইল কথ জনা।
ফজুদর সে ছমান পলায় আর পলায় ফরাস
এনসাল ওলোন্দা[জ] প[লায়] পাইয়া তরাস।
কলিকাতায় ঙিঙ্গিরাজ পলায় আর পলায় খাস
বরগিরে দেখিয়া তারা না করে বিশ্বাস।

হুগুলির ফৌজে আস্যা ব······অছা কামানি
মির হবির সনে বর্গি করিছে মেলানি।
কেহ বলে নৈতন ফজুদর আসিছে মোর দেসে
মিলন করিতে কেহ জায় তার পাসে।
কানানি দিয়া হুগুলির ফৌজে আস্তে বর্গির পাল
বর্গি দেখ্যা লোক জত কাপে হানে হাল।
বর্গি সকল জখন আস্যা হবে এগস্তর
কাঙ্গাল গরিব মার‍্যা ঘুচাবে লুটিবে সহর।
॥ ইহার পর লিখিতে হবে॥
কাটয়াতে পার হআ আইল হুগুলি সহর
বর্গি দেখিতে চলিল জত নগরের নাগর॥
জসোর জায় বর্গি···········

১০৫। বি ৫১৩৩

শ্রীশ্রীগদাধর প্রাণনাথ—

গৌরবিধুর্জয়তি—

ভৃত্যাভাস শ্রীবৃন্দাবন বিহারি দাসস্য ভূমৌ নিপত্য দণ্ডবৎ প্রণতীনামানঞ্চং নিবেদনঞ্চ। শ্রীচরণ কৃপাতে এ জনের সমস্ত মঙ্গল বিশেষঃ। আজ্ঞা পত্রী পাইয়া শিরোধার্য্য করিয়া সাবধানে জ্ঞাত হইলাঙ আপনে নিরুদ্বেগে পার হইয়াছেন এ সম্বাদ পাইয়া নিশ্চিন্ত হইলাঙ বর্গীর সম্বাদ সম্প্রতি নিষ্কর্ষ লেখা জায় না চৈত্রের পর নিশ্চয় সম্বাদ লিখিব সেখানকার মঙ্গলাদি সর্ব্বদা লিখিতে আজ্ঞা হইবেক শ্রীশ্রী৺কারণ আবীর ও ফুলেল ও ২ দুই টাকা খরচ পাঠাই পৌচিবেক নিবেদন মিতি তা—১৫ ফাগুন—

পুনশ্চ—

শ্রীশ্রীভূগর্ভ গোস্বামীর স্বাক্ষর দশম পাঠাইবেন তবে লেখা হবেক নতুবা লেখা আটক হইল অবশ্য অবশ্য পাঠাইবেন শ্রীচৈতন্যচরিতামৃত শ্লোকে টীকা করিয়াছেন আমাকে দেখাইলেন না বক্রী শ্লোকের টীকা করিয়া পাঠাইবেণ ইতি

নিবেদন পত্রে অবধান হইবেক সর্ব্বদা শ্রীচরণ ধ্যানে কাল কাটিতেছি নিবেদনমিতি

ইং ভৃত্য শ্রীনন্তরাম শর্ম্ম শ্রীব্রজানন্দ শর্ম্মণোশ্চ প্রণতীনামানঞ্চং নিবেদনঞ্চ এখানকার সমাচার মূল পত্রে গোচর হইবেক ভৃত্যপ্রতি কৃপা দৃষ্টি করিবেন নিবেদন মিতি—

ইং ভৃত্যাভাস শ্রীগঙ্গারাম শর্ম্মণঃ প্রণতী নামানস্ত্যং নিবেদনঞ্চ শ্রীচরণ কৃপাতে এ ভৃত্যের সমস্ত মঙ্গল—

ইং ভৃত্য শ্রীআনন্দিরাম দাসস্য দণ্ডবৎ প্রণতী নামানঞ্চং সমাচার মূল পত্রে গোচর হইবেক ভৃত্যপ্রতি কৃপা করিবেন নিবেদনমিতি—

ইং ভৃত্য শ্রীউদয়রাম শর্ম্মণঃ প্রণামা নিবেদনঞ্চ বিশেষঃ। মূল পত্রে অবধান হবেক সদা মঙ্গলাদি লেখিতে আজ্ঞা হবেক বড়নগরের বিদায় হস্তবশ হয় নাহি পশ্চাৎ পাঠাইব নিবেদন মিতি—

ইং পরম পূজনীয় শ্রীযুত পুরুষোত্তম বিদ্যালঙ্কার মহাশয় চরণেষু ভৃত্য শ্রীবৃন্দাবন বিহারি দাসস্য প্রণতীনামানস্ত্যং নিবেদনঞ্চ সমাচার মূল পত্রে জ্ঞাত হইবেন আপনে শ্রীভাগবত অধ্যয়ন করিতেছেন ইহাতে বড়ই আনন্দ পাইলাও সর্ব্বদা ব্যবসায় করিবেণ নিবেদন মিতি—

১০৬। বি ৫১৬৫

/৭ শ্রীশ্রীহরি—

স্মরণং—

.ভিতানুভিত্ত তদভিত্ত শ্রীবৈকুন্ট মণ্ডল অট্যাঙ্গ প্রনিপাত ভুমীগত কোটী সত দণ্ডবৎ প্রনামা বহুব নিবেদন ঞ্চাগে মহাসএর শ্রীচরণ কৃপা তক এ ভিত্ত কাইক মঙ্গল বিশেষ নিবেদন আপনকার পত্র পাইআ সিড়োধাজ্য করিলাম বাতার কারণ লিখিআ ছিলে কীন্তু আমারা কেহু বাটিতে না থাকা হেতু বাতা তথায় ছিল না কীন্তু জে লোক পাঠাইআছিলেন তাহারা বাঁস ৪টা লইআ গিআছে পোহুছে থাকীবেক এবং জ দফে বাতার দুরকার আর থাকে তবে এই লোক মারফতে সংবাদ লিখিবেন আর মৎ[স্য] কার লিখিআছিলেন কীন্তু আমারা বাটিতে না থাকা হেতু পাঠাইতে পারিলাম না এথায় এ লোক মারফতে সাল পত্র ২০০ দুই সও পাঠাই পোহুছিবেক আর আমী জঙ্গল হইতে অদ্য সন্ত্রাতে বাটি পোহুছিআছি আর তাহা মৰ্দ্ধম খুড়া মহাশয় বাটিতে নাই আ ছয়ালদের টিকা হইআ যুন্দররুপ আরামে আছে আর আর তথাকার সমস্ত মঙ্গল আপনকার কুসল আদী সংবাদ লিখিতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরণে নিবেদন করিলা ইতি সন ১২৫৫।—তারিখ—৬ চোইত্রি রাত্রি—

অখিল ভুবন হত্রা দুগতি ত্তান কত্রা শ্রীল্যয় শ্রীযুত ইষ্ট দেবতা ঠাকুর জিউ ..শ্রীচর কোমলেষু—

মোং—চাতলা—

১০৭। বি ৫১৬৭

শ্রীকৃষ্ণাভ্যাং নমঃ।—

মহাকাল ভৈরব পূজা করিয়া একুষটি মরিচা দিয়া গঙ্গা জল দিয়া বাটিয়া সেবন করিবেন সাত দিবস হবিস্যি এবং ঔষধ ধারণ করিবেন আর তৈল মাখিবেন না কাঁচার ডাল খাইবে না মিষ্টাদি খাইবে না আর লেসা মাত্রেক করিবে না প্রতি আমবস্যায় পূজা করিবেন আর খাবার দ্রব্যাদি গরম করিয়া খাইবেন॥—দুগ্ধ ঘৃতাদি গরম করিয়া খাইবেন॥—দধি খাইবেন॥—

১০৮। বি ৫১৬৮

৭ঁ শ্রীশ্রীহরি—

শরণং—

পরমানন্দদায়ক শ্রীযুত গুরুদাস কবীরাজ বাবাজী মধুর চরিত্রেষু সপ্রেমালিঙ্গন পুর্ব্বক পরম শুভাসির্ব্বাদ—

বিজ্ঞাপনঞ্চাদৌ বাটির মঙ্গল সর্ব্বদা বাসনা করিতেছি তাহাতে অত্র মঙ্গল বিশেষ সরপী গ্রামের শ্রীরায় আমার শিষ্য ইহ বড় কাহিল হয়াছেন ইহা ব্যাধি গৃহীনি এবং জ্বর আছে ফুলেছেন কাশীর আবাশ আছে আপনি এখানকে আসিবেন আমার দিব্য এক রোজ কারণ আসিবা ইশে একটি আমার বড় প্রয়া···ইহা বুঝিঞা জে বিহিত হয় তাহা করিবেন অদ্যপি অসংগতিক্রমে আসিতে না পায় তবে ঔসাদি··············

ধীকবিজ্জয় মিতি তাং—১৫ জৈষ্টী—

পুনশ্চ লিখি এখানে আসিবা তাহার রাহা খরচ একন পাইবে ভাল করিলে বিদায় ভাল মত করিবে লোক পাইয়া যাহাতে ভাল হয় তাহা করিতে হহে—ইতি—

১০৯। ত ১

শ্রীশ্রী···

প্রতুল···

আজ্ঞাকারি শ্রীগোবিন্দ চন্দ্র দাশ দেয়স্য—

প্রণামা সত শহস্র নিবেদনঞ্চ বিশেষঃ—

নিবেদন এখানকার সমাচার শ্রীমতি ত্রিপুরার গায়েতে পুর্ব্বে জেমত ছিল তাহা এক্ষেনে শেহওয়া সকল গায়েতে অতিশয় হইয়াছে জানিবেন আর অদ্যাপি ডাকটর

মজকুর সকল বিশয় দেখিয়া গীয়াছেন তাহার মারফতে সকল বিশয় জ্ঞেতো হইবেন আর মশলার বিশয় মহাশয় কী ঠারিয়াছেন তাহা এখানে কীছুই জানিতে পারি নাই এখানে ডাকটর কহে জে আমার মশলা অনেক রকম খরিদ আছে জদি তোমাদের মতামত হয় তবে আমি মশলা দিতে পারি নতুবা তোমরা আমার কাছে ফরদ লইয়া আপনারা বাজার তাদাকর করিয়া মশলা খরিদ করিয়া আনুন এক্ষোন আর দিন নাই সনিবার নাগাইদ মুখ ধরান জাইবেক এতে করে মহাশয়ের জেমন মতামত হয় বিবচনা করিবেন কিন্তু সকলে কহে জে ডাকটর মজকুরের জে মযলা আছে শে অতি খারাব আর ওই সকল মশলা খাওাইলে আকের ভালো হইবে না জানিবেন আর আমী ওই ডাকটর মজকুরের নিকট এক ফরদ করিয়া লইয়াছি তাহা পরে শেখানে অনেক বজলেকে দেখাইয়া জেমত বিবচনা ভালো হয় তাহা করিবেন জদ্যপী মশলা খরিদ বাজারে হয় তবে এই লোককে অদ্য পাঠাইবেন আমি জাইয়ে মশলা খরিদ করিবো আর /১ শের সাগু দানা পাঠাইবেন /১ শের মিছারি পাঠাইবেন আর ভাববার কারণ কেদেরাখানা আর কাগজ দুইটা এই সকল অবস্য অবস্য পাঠাইবেন ইহা নিবেদন ইতি—৩ চৈত্র—সন ১২৩৮।—

মহামহিম শ্রীযুত আনন্দ চন্দ্র ঘোষজা মহাশয় চরণেষু—

মোং—রামকৃষ্ণপুর—

নিবেদন পত্র শ্রীগোবিন্দচন্দ্র সরকার—

১১০। অ ৩

দণ্ডবৎ প্রণামা ক্রোটী সতং নিবেদনঞ্চ আদৌ—

মহাসএর শ্রীচরণ কৃপাতে এ জনার প্রাণগতীক সমস্ত মঙ্গল বিশেষ পরে নিবেদন আমার পৌত্ত ও শ্রীযুত গুরুপ্রসাদ সিংহ বাবাজী সরিরাক্রমে জ্যেষ্ঠী মাহার ২ রোজ হইতে কাহিল আছেন আজি নাং আরাম হন নাঞী আপুনি দেবানুগ্রহ মনুষ্য আপুনী দেব স্থলে দেবাশ্চনা করিলে আরাম হইতে পারেন আপুনি অনুগ্রহ পূর্ব্বক শ্রীশ্রীগোপাল স্থলে তুলসী চড়াঞ করিবেন শ্রীগুরু প্র[সাদ] সীংহের নামে গোত্ত বসিষ্ঠ ওচ্চারণ করিআ পাপ ক্ষয় করিআ দীলে আরাম হইবেন আর ওহার মাতা ঠাকুরাণির নামে শ্রীমতী মগ্ন রাই এর নামে ১০৮ এক সও আট বাবাজীর নামে ১০৮ এক সও আট একুনে দুই সও সোল তুলি চারি দিবসে চড়ায় করিবেন মহাসএর আমীহ চরন দরসন পছছাত করিব গা আমীহ কেবল মহাসএর চরণ

আশ্চিত লোক মহাসএর শ্রীচরণে নিবেদন করিল ইতি সন ১২৪৩ সাল তারিখ ২৯ আসাঢ়—

পরম পূজনীয় শ্রীযুক্ত চন্দমোহন দেবসর্ম্মা মহাসয় শ্রীচরণ কোমলেষু—
পত্রদেনা মোকাম বদ্দীনাথপুর হইতে রঅনা মোকাম ভাণ্ডীরবন—

১১১। হ ১৬

শ্রীকালী— শ্রীশ্রীশীর্দ্ধদাতা— শ্রীনারায়ণ হরি—
পদভরশা— গণপতি— সরণং—

একটী স্ত্রিলোক বয়ক্রম আন্দাজী ৪০।৪২ বৎস্বর হইবেক ঐ ব্যক্তীর ইতপূর্ব্ব ৫।৭ বৎস্বর হইবেক মধ্যে ২ পেট বেদনা করিয়া অত্যান্ত্রীক কাতর হইতেন তৎকালে সোমরাজ ইত্যাদী তিক্ত রশ এবং বৈদ্যকের দুই এক রকম মুষ্টী জোগ য়োষদীয় দ্বারা নিবিত্তী হইত অন্ন ইত্যাদী জাহা ভক্ষন করিতেন তাহা অম্বল হইয়া উঠিয়া জাইত ক্রমি দুই চারিটা উর্দ্ধ অধো হইয়া নির্গত হইত এবং সময়ে ২ ভাল থাকিতেন ও স্ববল থাকিতেন তদপরে অদ্য তিন বৎস্বর হইল ঐ রোগীর মুখের মধ্যে তালুর নিকটে দন্তের গোঁড়া ছারা আন্দাজী দুই অঙ্গলী তফাতে একটি মধ্যমাকৃতি বড়ির ন্যায় মাংষ বিদ্ধী হইয়া বোলতার চাক জেরূপ লাগীয়া থাকে সেইরূপ এক সুতা গোড়াটী দৃষ্ট হয় তদ্বারায় মধ্যে ২ প্রায় প্রত্যহ এক ছটাক অর্দ্ধ ছটাক করিয়া ৩।৪ দফা দিবা রাত্রে রক্ত পরিত ক্রমষ সমএ ২ অর্দ্ধ পোওাও পরিত এবং মধ্যে ২ ভাল থাকীতেন সংপ্রাতিক এক বৎস্বর হইল সেই মাংষ বৃদ্ধীর গোড়া দিয়া মধ্যে ২ দিবসে দুই চারি বার অর্দ্ধ পোওা এক এক সমএ এক পোওা করিয়া রক্ত পরে জৎকালে রক্ত পরে তৎকালে ঐ বৃদ্ধী মাংষ ঝুলীয়া পরে জখন না পরে ঐ বৃদ্ধী মাংষ তালুতে সুক্ষ হইয়া লাগীয়া থাকে তাহার কোন স্থান হইতে রক্ত পরে তাহা দৃষ্ট হয় না ঐ রক্ত ভুমে পরিবামাত্র জমিয়া জায় তাহার গন্ধ মৎস্যর ন্যায় আষ্টা বিবচনা হয় জৎকালে ঐ রক্ত পরে তাহার পূর্ব্ব হইতে বক্ষস্থলে কলীজা এবং পেট বেদনা করে এবং ঐ রক্ত ধরিয়া গেলেও কলীজার এমত বেদনা হয় জে রোগী আহার নিদ্রা রহিত হইয়া কি পর্য্যন্ত কাতর হয়েন তাহা বলা জায় না অগ্নীর উদ্দীপন কীছুই নাই সমস্ত দ্রব্যতেই অরোচি কিবল দুগ্ধ এক সের আন্দাজ ভক্ষন হয় অন্ন অর্দ্ধ ছটাক চাল্যের আহার করেন তাহাও কোন ২ দিবস⋯কবিরাজ মহাসয়রা কহেন জে সন্ধার পূর্ব্ব পীত্য জন্য কিঞ্চীত জ্বর বেগ হইয়া এক প্রহর দষ ঘড়ি ভোগ করেন আযু ঐ পেট না নিবিত্তী পাইলে অনেক আরগ্য হওএন এবং ক্রমে ২ আহার

বিদ্দী হয় মধ্যে এখানকার বৈদ্য মহাসয়রা রক্ত পীত্যর পীড়া বিবচনা করিয়া কুস্মাণ্ড খণ্ড প্রস্তুত করিয়া দিয়া ছিলেন তাহাতে তুই তিন মাহ ভাল ছিলেন সংপ্রীতি ঐ সমস্ত গুলী উপস্থীত হইয়াছে অতএব নিবেদন অনুগ্রহ পূর্ব্বক ইহার জে অষুদী করা আপনকার অভিপ্রায় হয় ব্যাবস্থা দিবেন এবং আষু কোন মূষ্টী জোগ দ্বারা ভাল থাকেন তাহাও অনুগ্রহ প্রকাশীয়া লিখিয়া দিলে অত্যন্ত বাধিত হই আর ঐ পীড়ার নাম কী তাহা কহিয়া দিবেন নিবেদণ ইতি ।—

১১২। হ ১৭

৭ঁ শ্রীশ্রীকালী—

স্বরণং—

দির্ঘজিবেষু—

পরমষুভাসীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চাদৌ বাবাজী তোমাদিগের মঙ্গল সদা শ্রীশ্রী৺ স্থানে নিয়ত প্রার্থনা করিতেছী তাহাতে অ[ত্র] ষুভ বিসেষঃ ॥ পরে ৩।৪ দফা পত্র পাঠাইতে উদত্ত ছীলাম কিন্তু লোক অভাবে পাঠাইতে পারি নাই এক্ষণে আমী সারিক বিপরিত এক গালে দেদের আকীতি এক বেদনা উপস্থীত হইআছে তাহাতে বর উদবিগ্ন আছী অতএব তোমাকে লেখী আমার অনেক ধান্য বাড়ি দেআ হইআছীল তু বংশ্বর জন্য সকল আদায় হয় নাই এ জন্য শ্রীগীরিস চন্দ্র রায় মহাসয় ও শ্রীঅম্বীকা চরণ রায় মহাসয় আমাকে কহীলেণ জে তোমার ভাতস পুত্র দীগে এখানে আনহ এখানে আইলে সকল ধান্য ঐ টাকা আদায় করিএ দিব অতএব তোমাকে লেখী তুমী পত্র পাঠ মাত্র সীত্তল নার্থ চট্টো-পাধ্যায়কে সমীভ্যার লইআ আসীবেণ শ্রীমতি ছোট বধু মাতা কড়ই এর বাটীতে আছেন তাহা জানীবে আর পুস্ত দানা ও খদীর কীছু সমীভ্যার লইআ আসীবে জদ্দপী এক্ষণে না আসা হয় তবে নাং ১২।১৪ চৈত্রী আসীবেণ আর অধিক লেখা বাহাল্য এখানকার মঙ্গল তথাকার মঙ্গল আদী সংবাদ লেখীআ সন্তোষ রাখাবা ॥ ইতি সন ১২৭২ সাল তারিখ ৪ ফালগুণ

আসীর্ব্বাদ পত্র শ্রীমত্যা ত্রিপুরাষুন্দরি দেব্ব্যা—

সাং—কড়ই—

পুঃ লিখি তুমী আইলে আমার গালের বেদনা নিবিস্তক সন্তাণ করিতে হইবেক আসীবার তাছল্য কদাচীত করিবা না আমী আসা পথ চাহীআ থাকীলাম তুমী সৎ বিবচক মনিস্ব অধিক লেখা বাহাল্য ইতি—

১১৩। শ ৫

সন ১২৪০ সাল—

মাহা শ্রাবণ—

১০ শ্রাবণ—

রামকুমার কলুর বাটীতে—
সিদ কাটিয়া সর্ব্বস্ব লয়—
১১ রোজ—
মানিক চৌধুরীর বাটীতে—
সিঁদ কাটে—
১২ রোজ—
১৩ রোজ—
পিতাম্বর কামারের—
কুলুপ ভাঁগিয়া লয়—

১১৪। শ ৬

শ্রীহরিঃ—

সেবক শ্রীস্থিষ্টধর দেবশর্ম্মণো নতিনিবেদন মিদং বিশেষঃ—

আমিহ আপনাদের আপকার করিয়া সহর গিয়াছিলাম তাহাতে বীজাতীয় ব্যামো পাইতেছি ইহা জ্ঞাত হইবেন এবং আপনাদের বাটীর সমাচার অনেক দিব[স] পা নাই তাহা লিখিতে আজ্ঞা হইবেক এক্ষণে আমার মাতুলের শ্রাদ্ধ উপস্থিৎ আমার গাড়ুটি আছে তাহা আমিহ দাতব্য হইআছি তাহা নিবেন এবং আমার জে জে দ্রব আছে তাহা এক্ষণে দিয়ে পাঠাইবেন ইতি—এবং জাহা দেনা আছে তাহা আরোগ হই[আ] জাইআ দিয়া পরিসোধ করিব ইতি শ্রীচরণে জ্ঞাত কারণ লিখিলাম ইতি তা

২ ভাদ্র—

গাড়ু———১
কাঁসার বাটী—১
নেপ ——— ১
বালিস ———১
নআর সড়ার (?) তাওা
ভিতে হণ্ডি———১
চাচল ——— ১

এই ৬ খান দ্রব্য—

॥ শ্রাদ্ধ ॥

(১১৯১-১২৮০ সন)

১১৫। বি ২৭৯

শ্রীরামঃ

শরণম্—

সংসারাম্ভোধিবারান্তবিমলযতবান্নামতারামবারান্ তস্যা ভাবা তবাঙ্গাস্তদতিনিপুণতা নাবিকাস্মৃত্যুপরাম্। উক্ত্বা নৈপুণ্য যুক্তামৃত মম জননী ত্রৈপক্ষিকী তৎকৃতিঃ স্মৃত্যা কুম্ভোনবিংশে বিধুসুতদিবসে স্বেষ্টসৌধে মদীয়ে ॥

[১খ স্মৃত্যাদ্যশেষশাস্ত্রাধ্যাপনাজনিতযশঃ প্রকাশীকৃতাশামণ্ডল—

শ্রীল শ্রীরমাকান্ত সার্ব্বভৌম চরণাঃ।

দিঘাপতিয়া রাজধান্যাশ্চলিতেয়ং পত্রী যাস্যতি আমহাট্যাখ্যা গ্রামে—

১১৬। বি ২৮০

শ্রীহরিঃ।

রাধাগোবিন্দ গোস্বামি।—

৭শ্রীশ্রীকৃষ্ণ।—

দীন শ্রীকৃষ্ণচন্দ্র শর্ম্মা।

সাময়িকং নিবেদয়তি ঃ।

জহ্নোঃ কন্যেয়মস্যাং ম্রিয়ইতিধিষণা সঙ্গতো মেবিমুক্তঃ শৌরেস্তাতঃ পদং তদ্বিবুধবুধবরৈর্বাঞ্ছিতং নিত্যমাপ। তস্যাদ্যং ভাবিকৃত্যং সহসি রসমিতে বাসরে ভার্গবাহে হে ধীরা জীবদেশ্যা মম সদনগতাঃ পূরণীয়ং ভবদ্ভিঃ।

[১খ অশেষ শাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত ত্রৈলোক্য চন্দ্র ন্যায়ভূষণ—

ভট্টাচার্য্য মহাশয় জীবতুল্যেষু—

হিতমপুরাচ্চলিতা পত্রী—

গোয়ালপাড়া গ্রামে দেয়া—

১১৭। বি ৫৫৫

শ্রীদুর্গা—

জয়তি—

শ্রীহলধর শর্ম্মনো নমস্কারা নিবেদন মিদং—

১৪ পৌষ বুধবার আমার ৺ঠাকুর মহাসয়ের সাম্বৎসরিক কৃত্য হইবেক মহাশয়রা শাত্রাগাছির বাটী আগমন পূর্ব্বক ক্রিয়া সম্পন্ন করিবেন পত্র দ্বারা নিমন্ত্রন করিলাম ইতি তাং ১৩ পৌষ—

১১৮। বি ৮৯৫

৭ শ্রীশ্রীরাম—

সরণং—

পরম পূজনিয় শ্রীযুত নও ভট্টাচায্য ঠাকুর পুত্র মহাশয় চরণেষু—

সেবক শ্রীরঘুনাথ দাশস্য প্রনামা বহবো নিবেদনঞ্চ আগে মহাশএর আশীর্ব্বাদে এ সেবকের প্রাণগতিক মঙ্গল হয় বিশেষঃ ১০ পৌষ রবিবার দিবষ আমার পীতা ঠাকুরের শ্র্যার্দ্ধ আমার পুরহিত শ্রীযুত মধ্যম ভট্টাচার্য্য মহাশয় তাহাকে আশীতে পত্র লিখিতেছী তিহো বাড়িতে থাকেন তাহাকে অব্যই আশীতে কহিবেন বাড়িতে না থাকেন তাহাঁর তরফ জনেক ব্রাহ্মণকে পাঠাইবেন এখানের ক্রীয়া করাইয়া জায় ইহা নিবেদন করিলাম ইতি ৯ পৌষ

পত্রের দোষ না লইবেন

[সন ১২০১ সাল]

১১৯। বি ৯০০

শ্রীশ্রীকৃষ্ণ—

চরণ সহায়—

পরম পুজনিয় শ্রীযুত নও ভট্টাচায্য মহাসয় শ্রীচরনেষু—

গুরুপ্রসাদ

সেবক শ্রীবাবুরাম দাষ কুণ্ডস্য ও শ্রীঅকীঞ্চন মিত্র ও শ্রীপ্রভুরাম কুণ্ড ও শ্রীসষ্টীরাম দেস্য প্রনামা সহস্র নিবেদনঞ্চাগে মহাসএর চরনাসীর্ব্বাদে এ সেবকদিগের মঙ্গল হয় বিশেষঃ মহাসএর আজ্ঞা পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম এখানে অদ্য শ্রীমানিক সরকারের ৺প্রভুর শ্রার্দ্ধের জলদান শ্রীযুত মু[খ]পাধ্যা মারফত পাঠাই লইবেন পরে টাকাটীর বিসয় লিখিয়াছীলেন দুই চারি রোজ বাদে পাঠাইব এহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি তাং ২৭ ফাগুণ [১১৯২ সাল]

এ কথার উত্তর পত্রে লেখা প্রাপ্ত আজ্ঞা হইবেক ইতি—

১২০। বি ৯১১

শ্রীশ্রীরাম—

সরনং।—

সেবক শ্রীজানকীরাম দাস মিত্র ও শ্রীপ্রীতরাম দাষ মিত্র ও শ্রীদেবনাথ দাস মিত্র ও শ্রীরামকান্ত দাস মিত্র ও শ্রীরাধাকৃষ্ণ দাস মিত্র ও শ্রীরামলোচন দাস মিত্র ও শ্রীসৃষ্টীধর দাস মিত্রস্য প্রণামা সত কোটী নি[বেদনঞ্চ] আগে মহাসয়ের দির্গের শ্রীশ্রীঠাকুর মহাসয়ের পাদপদ্ম যুভানুধ্যান...এ সেবক দির্গের সমস্ত মঙ্গল বিশেষ শ্রীশ্রী৺ অন্তধ্যান হইয়াছেণ যুনিঞ্যা অস্থির হইলাম আপনাদির্গের জাওনের সঙ্গতি হইল না এ কারণ শ্রীযুত মহাসয়কে পাঠাই ক্রীয়ার খেজমত করিবে ক্রীয়ার খরচ এক দফা শ্রীগোরাচান্দ ঘোষ মারফত পাঠাইয়াছি পৌঙছিয়া থাকীবেক। অদ্য এক দফা পাঠাই চালান মাফিক দাখিল করিয়া লইতে আজ্ঞা হইবেক। এবং দানের দফা জে পাঠাই পোঙছিবেক। ইহা নিবেদন করিলাম—ইতি—২০ আস্বীন।—

[সন ১১৯১ সাল]

১২১ । বি । ১০০৮

৭ শ্রীশ্রীদুর্গা—

শরণং—

ভাগ্যহিন শ্রীরামকেশব দেবসর্ম্মা সময় উচিত নিবেদন মিদং আমার পীতা ঠাকুর মহাসএর ৫ শ্রাবণ তারিখে শ্রী৺স্বরন পুর্ব্বক ৺প্রাপ্তী হইআছে ১৪ শ্রাবণ মঙ্গলবার খেউর ১৫ রোজ আদ্য শ্রাদ্ধ হইবেক অতএব আপনকারা গৌলগ্রামের বাটীতে স্বুভাগমন করিয়া ক্রীয়া সমাধান করিবেন পত্র দ্বারায় নিমত্তণ্য করিলাম—ইতি সন ১২৬৯।

[১খ সময়োচিত নিবেদন মিদং বর্ত্তমান বর্ষীয় শ্রাবণস্য পঞ্চম দিনে ৺মম তাত ঠাকুর মহাশয় শ্রীশ্রী৺ পদাম্বুজে চিত্রার্পণ পূর্ব্বক তদীয়ালয়ং প্রাপ্তি হইয়াছেন তৎ ক্ষেউর চতুর্দ্দশ বাসরে ধরাত্মজ বারে পঞ্চদশে আদ্য ক্রিয়া ভাবী মমালয়ে ভবন্তা শুভ গমনান্তর ক্রিয়া সম্পদণীয়ং নিমন্ত্রিত পত্রমিতি সন ১২৬৯ শাল—

১২২ । বি ১০০৯

৭ শ্রীদুর্গা—

সন ১২৬৯ সাল—

৺মাতাঠাকুরানির শ্রাদ্ধের জায়—

ভাতি তণ্ডুল—।৶০ সলি
কলাই—১৬ কাঠা
লবণ—।৶০
তৈইল—।০
পাকের মসলা দিগর—৶০
স্বুপারি পান—৶০
তরকারি—॥০
বস্ত্র ৫ খান—॥০
কৃষ্ণ তিল—৶০
চিরে—⁄॥০
দধি—১
গুর—১

৭॥০

১২৩। হ ১৪

৭ঁ শ্রীশ্রীহরি—

পরম যুভাসীর্ব্বাদ বিসেষ—

বর্ত্তমান মাহার ১৪ রোজে আমার ৺মাতাঠাকুরানির সম্বচ্ছরিক শ্রাদ্ধ এবং ব্রাম্ভন ভোজন হইবেক অতএব বাবাজানরা সভ্যারম্ভে এ বাটীকে যুভাগমন করিআ অত্র ক্রূআ সমাধান করিবেন পত্রের দ্বারায় নিমন্তন্ন করিলাম ইতি সন ১২৮০ সাল তাঃ ১০ ভাদ্র—

শ্রীরামধন গঙ্গোপাধ্যায়—

শ্রীঅজোধ্যারাম গঙ্গোপাধ্যায়—

পুনুশ্চ—

মোকাম নড়রার শ্রীযুত ঈশ্বরচন্দ্র চট্টপাধ্যায় ও শ্রীবিশ্বনাথ চট্টপাধ্যায় ও শ্রীরামেশ্বর চট্টপাধ্যায় ও ভূতসহরের শ্রীযুত বিষ্ণুরাম বন্দোপাধ্যায় বাবাজানকে ও বেলাড়ার শ্রীহরিপ্রসাদ বঙ্গভূষণ ও শ্রীসচিপ্রসাদ বঙ্গভূষণ ও শ্রীদেবে[ন্দ্র]নাথ বঙ্গভূষণ ও শ্রীঈশ্বরচন্দ্র বঙ্গোভূষণ ও শ্রীসীনাথচন্দ্র মুখোপাধ্যায় মোকাম বাকুণ্ডার শ্রীরামতারণ মুখোপাধ্যায় এই সকল ব্যেক্তীদিগে তুমী নিমন্তণ্য করিবে আর শ্রীউমাচরণ কবিরাজের নিকট ৯৲ নয় টাকা পাআ জাইবেক ফলত তুমি রামেশ্বর চট্টপাধ্যায়কে আনিআ উহার পাষ টাকা আদায় লইআ এই লোকের মাং তুমি নিজে এই লোক সমিভ্যারে আলতি ১এক মণ লইআ আসীবে টাকা না আনিলে ধার বরাত দেওা হয় নাই জানিবে ইতি—

পুনুশ্চ—

তোমার মাতাঠাকুরানি ও শ্রীমতি সারদামই দেবি ও শ্রীমতি এলোকেসী দেবি ও শ্রীমতি যুধামুখি দেবি ও শ্রীমতি বিধুমুখি দেবি ইহাদির্গে সমিভ্যার করিআ লইআ আসীবে—ইতি—

পরম কল্যাণিয়

শ্রীযুত দিননাথ চট্টপাধ্যায়—

বাবাজাণ পরম কল্যাণবরেষু—

পত্র দেনা মোং খালগ্রাম হইতে মোং ভূতসহর পহুছে—

৪৭॥ঃ

১২৪ । হ ২৮

শ্রীশ্রীহরি—

শ্রীযুক্ত উমাচরণ বাবাজির প্রতি শ্রীযুক্ত ভবানীচরণ ভট্টাচার্য্যস্য আশীর্ব্বাদ পূর্ব্বক নিবেদন বিশেষ—

আমীহ পীড়িত হইয়া অচল হইয়াছী আমার দ্বার তুমরা প্রবেশ কর নাই আমার গ্রহ মন্দ : আমার মাতৃশ্রাদ্ধে কালী ভট্টাচার্য্য প্রভৃতি কেহ ব্যবহার করিতে আসেন নাই আমী দারিদ্র অশ্রদ্ধা করিএছীলেন সেই মনের দুষ্‌খে ভট্টাচার্য্যের মাতৃশ্রাদ্ধে জায়া হয় নাই। ঘাটে তুলা বস্ত্র দেয়া হয় নাই সেই অনুরাগ প্রযুক্ত আমার মৃত্যু হলেয় দেখা করিবে না এক্ষেণ দেখা করিতে আসীবে তোমার মাতাঠাকুরাণী রামবিষ্ণুর নিকট হায়লাত ছয় আনা ।৶ কড়ি খিয়া দিতে নিএছেন সেই কড়ি দিননাথ চট্টোপাধ্যায়কে সীঘ্র দিবে জেন অন্যথা না হয় আমীহ অথর্ব্ব হইয়া বড়ই অপ্রতুল আছী আর কী কহিব নিবেদন ইতি তাং ২৩ ফাল্গুন—

শিক্ষা

(১১৩৭-১২৮৯ সন)

১২৫। বি ৫৮৬

শ্রীহরিঃ—

পৈতৃক পুস্তকের অংশ—

শ্রীযুত রামশঙ্কর তর্কচুড়ামণি ভট্টাচার্য্য—

মৎস্যপুরাণ—	১
হরিবংশ জীর্ণ—	১
ভীষ্মপর্ব্ব জীর্ণ—	১
দানবাক্যাবলি—	
প্রভৃতি—	১
জ্যোতিস্তত্ত্ব—	১
কাব্যপ্রকাশ—	১
বুটী ১০ দণ্ড—	১
শব্দখণ্ড মথুরা—	১
	৮

অষ্ট খণ্ড পুস্তকের
পুষ্পমূল্য ৩৩ তঙ্কা—

১২৬। বি ৭০৯

শ্রীদুর্গা—

শরণম্—

সেবক শ্রীহরিরাম শর্ম্মণঃ প্রণামানস্ত্যং নিবেদনঞ্চ বিশেষ :—

মহাশয়েরদিগের শ্রীচরণাশীর্ব্বাদাদত্রত্যমঙ্গলং। পরন্তু ৬ টাকা লিখন পঠাইয়াছিলেন্ পাইয়াছি সেই সঙ্গে লিখন পঠাইয়াছি পাইয়া থাকিবেন্ শ্রীযুত গৌরীনাথ ভট্টাচার্য্য বাটী গিয়াছেন্ টাকা তাঁহার সঙ্গে পঠাইয়াছি সকল বাটীর সকলেই শরীর ক্রম ভাল আছেন্ মহাশয়রা সাবধান পূর্ব্বক থাকিবেন্ শ্রীকালীকান্ত ভট্টাচার্য্য ব্যাসপুর আছেন্ আমার এখানে দুইটী ছাত্র আছে একটী বঙ্গদেশীয় ৵অবলম্বনে আছি আশীর্ব্বাদ

করিবেন্ সঙ্গতি ক্রম লিখন পঠাবেন্ আশ্রয়ের সময়ানুরূপ ফল বটে আদরের ত্রুটি নাই—ইতি তাং ৫ বৈশাখস্য—

১২৭। বি ৭১১

শ্রীদুর্গা—

শরণং—

সেবকস্য প্রণামাঃ পরার্দ্ধং নিবেদনঞ্চ বিশেষঃ—

মহাশয়ের আশীর্ব্বাদেই অত্রানন্দ পরং॥ সেখানকার শিবাদি সংবাদ লিখিয়া পীযূষাভিষিক্তঃ করণীয়ঃ। পূর্ব্বে যে নিবেদন পত্র লিখিয়াছি তাহার বিবেচনা [অব]স্য করিয়া বিহিত করিবেণ। মধ্যে মধ্যে কল্যাণান্বিত সংবাদ লি[খিবে]ন শ্রীযুত তৃতীয় মাতুল ম[হা]শয়ের জন্যে ব্যাকরণ লিখিতে আরম্ভ ক[রিয়াছি]। [সা]ঙ্গ হইলেই পাঠাইব…দরবার মঙ্গল সংবাদ লিখিবেন। এ সক…নের বিহিত করিবেণ॥ একটা ময়ুরের ছা পাঠাইবেন॥………আগ্রহায়ণস্য চতুর্ব্বিংশ দিনীয়

১২৮। বি ৭১৫

৭ঁ শ্রীদুর্গা—

ভবদীয় শ্রীশিবনারায়ণ শর্ম্মণঃ—

পরম শুভাশীর্ব্বাদ বিশেষঃ পদ্মবন্ধ এক কবিতা পাঠাই ইহার ভাবার্থ লিখিয়া পাঠাইবেন আর রাইপুরের শ্রীসুধাকৃষ্ণ সিংহের পিতার আদ্য শ্রাদ্ধ ১৫ ফাল্গুনে হইবেক তাহার এক নৌকাবন্ধ কিম্বা আর কুনু প্রাকার বন্ধ এক কবিতা করিয়া এবং তাহার অর্থ লিখিয়া অতি শীর্ঘ পাঠাইবেন কদাচ বিলম্ব না হয় ইতি—৪ ফাল্গুন

পরম কল্যাণীয় শ্রীযুক্ত জগদ্দুর্লভ ন্যায়বাগীশ ভট্টাচার্য্য ভ্রাতা প্রাণেষু—

পত্রী দেয়া নামুর—

৭৪।০

১২৯। বি ৭২৬

৭ঁ শ্রীশ্রীহরিঃ—

সন ১২৪১ সাল—

বিতারিখ ১৪ কার্ত্তিক—

শুভারম্ভঃ—

একজায় সুরুল্যায় কথকতার জমা খরচ—

জমা—

নিজ দং জমা— ১৴০
সেওয়ায় খরচ— ১৴০

১৮ রোজ জীবনকৃষ্ণ ঘোষ— ।৶০
১৫ কার্ত্তিক বাসার—
যজমান রামমোহন সিংহ— ১৲
গুঃ গোস্বামী কাত— ১৲

উপরি— ।০ ।০

২০ রোজ—
নিজ— ।০
উপরি— ।০ ৷৷০

২১ রোজ—
নিজ— ৷৷০ ৷৷০

৩৷৷৶০

২২ রোজ কামাই—
২৪ রোজ শিব বিবাহ—
সাটি ১ খানি ১ রিকাবী ১ খানি
কা নিজ— ৷৷০ ৷৷০
২৫ রোজ ধ্রুব চং— ১৲
নিজ— ।০
উপরি—৵০

২৮ প্রহ্লাদ চং—৷৷০
নিজ— ।০
উপরি—।০

৫।৶

খরচ—

১৮ রোজ ভ্রাতৃদ্বিতীয়া
গুঃ কৃষ্ণমূনী আশীর্ব্বাদী— ।০
পলা—।০

শিবগুরুর ধুতি খরিদ— ।৶০
জীবনকৃষ্ণ ঘোষ দেন—
১ বাটী ১ ধুতি—।৶০

২২ রোজ রাণীপুরের—
গুঃ হরিনারায়ণ দত্ত— ১৲
বাটী পাঠাই—
কলা— ১৲

১৷৷৶০

২৯ রোজ কান্দি দং—
হুকা কাপড় খরিদ—
গুঃ নন্দমোহন সিংহ—
ধুতি ১৷৷০ চাদর ১৷৷০ এঃ ৩৲

৪৷৷৶০

৩০ রোজ শ্রীশিবগুরু ভং ১৴
বাটী লই যান ১৴

৫৷৷৶০

জমা পয়সা— ১।০
১১ রোজ অগ্রহায়ণ—
তুলসীমালা খরিদ— ‹১৫
গন্ধী গুঃ গঙ্গানারায়ণ—
মিসি খরিদ— ‹১০

জমা—

বাদ খরচ—	৪॥৵০
বাকী তং—	১৵০
বাদ খরচ ৩০ রোজ—	১৵০
২৯ রোজ বলি বামন—	
আপকরা ১টী—	
বস্ত্র গামছা ২ খানি—	
চালু— ১।০ কাঠা	
নিজ দং ফেরি—	॥০
দুই ভ্রাতা—	॥০
	১৲
উপরি—	॥০
দফে উ—	।০
	১৸০
৩০ রোজ নিজ—	।০
	২৲
১ অগ্রহায়ণ—	
নিজ— ।০	।০
২ রোজান্নপ্রাশন—	৸০
থাল ১ খান বস্ত্র ১ জোড—	
নিজ নগদ—	॥০
ব্রজমোহন—	।০
	৸০
৩ রোজ নিজ—।০	।০
উদূখল ধং—	
৪ রোজ নিজ—॥০	॥০
৫ রোজ নিজ ।০—	।০
৬ রোজ নিজ ।০—	।০
	৪।০

ইত্যাদি

খরচ—

কাহার বেগারের খরচ—	
১৯ । ২১ রোজ—	
জলত কাহার দিগর— ।০	
শ্রীসার্থক ও শ্রীকাসী ঘলুই—	
ইলাম—	৴০
মূলা খরিদ—	
গুরুলিয়া পাঠাই—	
বঃ জীবণকৃষ্ণ ঘোষ—	
৴১০ কাত ১২ টা ৴১০	
২২ রোজ—	
নাঃ ১২ কার্ত্তিকের—	
দুগ্ধের দেনা শোধ—	
গুঃ গোপবধূ—	
পয়সা—	৶১০
ডালা খরিদ—	
গুঃ বেহানী—	৴৫
	॥৶১০
২৪ রোজ—	
জুতা খরিদ—	
২ জোড় কাত—	।১০
হাট খরচ—	৴৫

ইত্যাদি

১৩০। বি ৭৩১

৭ শ্রীশ্রীহরি –

শ্রীচরণ কমলেষু—

সেবক শ্রীশ্রীরাম শর্ম্মণ—

দণ্ডবত প্রণামা নিবেদনঞ্চ বিশেষঃ নিবেদন—

আজ্ঞাপত্রী প্রাপ্তে চরিতার্থ হইয়া সিরোপর লইআ জ্ঞাতো হইলাম জে বিশয় শ্রীযুত ভট্টাচার্য্য মহাশয়কে নিবেদন গুলেয়া করিয়া আশীয়াছিলাম তাহা স্থির বটে তবে লভ্যর বিশয় তাঁহাকে জে কহিয়াছি তাহাই নিট ফলে ইহাতে বাড়ে না জামাতা অতিশয় কাহিল ইহাতেই সকল দুসৃখীত ৺ সেথানে নিবিত্রি হইলেই মহাশয়কে সংবাদ করিয়া একটা দিবষ উত্তম দেখিয়া আরম্ভ হইবেক দিবসের স্থির এরূপ নিবেদন করিবেন আর গতায়াতে তথাকার মঙ্গলাদি সকল সমাচার রাখিতে আজ্ঞা হইবেক শ্রীচরণে নিবেদন ইতি—২৭ কার্ত্তিক—[সন ১২৪৭ সাল]

পরম পূজনীয় শ্রীযুত কর্ত্তা নায়ালঙ্কার ঠাকুর

৭৪।০ মহাশয় শ্রীচরণ কমলেষু

নাম্নুর

১৩১। বি ৯০৫

৭ শ্রীহরি।—

শরণং—

পরম পূজনীয় শ্রীযুত ঠাকুর পুত্র মহাশয় শ্রীচরণ জুগলেষু—

সেবক শ্রীচন্দ্রসেখর কবিরাজস্য প্রনামা শত সহশ্র নিবেদনঞ্চাগে মহাশয়ের শ্রীচরনাশীর্ব্বাদে এ জনার প্রানগতিক মঙ্গল হয় বিশেষঃ—পূর্ব্ব সকল বিশয় নিবেদন করিয়া আশিয়াছি ১৯ উনিশে মাঘে দিন নিম্নয় হইল মহাশয় ১৮ আঠারঞ্জি মাঘে আশিবেন কর্ত্তা মহাশয় লিখিয়া কি জানাইব অলঙ্কার পুথি এক থান এই লোক মারফৎ জাইতেছে পৌছিবে নিবেদনমিতি তাং—১৫ মাঘ [১২০১ সাল]

১৩২। বি ১০৪১

পরম কল্যাণবরেষু— ।

তোমাদের প্রেরিত পত্রিকা সমস্ত পাইয়া বিস্তারিৎ সমাচার অবগত আছি এবং আমিও তাহার প্রত্যুত্তর প্রেরণ করিআছি তৎপর তোমাদের প্রায় ১ মাস পর্য্যন্ত পত্রাদি

না পাইয়া নিতান্ত ভাবিৎ আছি অতএব সত্বর পত্রি প্রেরণ করিয়া উদ্বিগ্ন চিত্তকে শান্ত করিবা আর গত বর্ষের পরিক্ষার কাগজ ঢাকা হইতে আনিবার সাধ্য নাই কারন বিস বৎসরে কাগজ প্রায় ছাত্রের নিকট ভিন্ন থাকে না বোধকরি শ্রীযুত গোপালকৃষ্ণ বিত্তারত্নের প্রশ্নের কাগজ দেখিয়া তুমি নকল করিআ রাখিয়াছিলা। এই স[ম]স্ত কাগজ আমার নিকট কিছু মাত্রই নাই। আর পরিক্ষার বিষয় কোন প্রকার চিন্তা করিবা না আমি এ বিষয় একান্ত চিত্তে আশীঃ প্রদান করিতেছি বিশেষ প্রকার শ্রম করিবা এবং তোমাদিয়কে কোণমতেই জে ফেল করিতে পারে এমন সম্ভবনাই নাই। আর শ্রীমান্ জগদ্বন্ধু ঠাকুর তিথি উদ্বাহ সমাপন করিয়া প্রায়শ্চিত্ত তত্ব আরম্ভ করিয়াছে এবং শ্রীমান শরচ্চন্দ্র ভট্টাচার্য্যও দুর্গোৎসব তত্ব অধ্যয়ন করিতেছে জানিবা॥ এবং তাহার নিমিত্ত কোণপ্রকার চিন্ত করিবেণ না আমার মঙ্গল্ তোমাদের সর্ব্বত্রের এবং বাটীস্থ সকলের মঙ্গলাদি লিখিয়া সন্তোষ করিবা। ইতি সন ১২৮৯ তাং ২৫ শ্রাবণ—

শ্রীসরব্ব প্রনার্মাণৈ নিবেদনমে দ্বিশেষঃ বিগত দিবস বাটীর এক খণ্ড পত্রিকা পাইয়াছি আপানাদের বাটীর সর্ব্বত্রের মঙ্গল দেশের ওলাউটার ব্যাম্ নিবৃত্তি হইয়াছে জানিবেণ আর আপনার পত্রাদি আর আসে নাই আসিলে আমি অবস্যই পাঠাইয়া দি আপনার লিখা বাহুল্য। প্রিয়তম। শ্রীযুত খুল্লতা মহাশয়ের পত্রে আপনার শ্রীকরাঙ্কিত ও শোকার্ণবনাশঙ্ক বর্ণচয় দর্শনে এ চির পিপাসিত নেত্রকে ধন্যবাদ করিলাম যেহেতুক এ দুল্লর্ভ বর্ণমালা শত যত্নেও দর্শনের শক্য হয় না বিধায় যাহা হউক ছলেতেও যদি এরূপ চরিতার্থতা লাভ করিতে পারি এইত যথেষ্ট॥ ছাত্র মহোদয়গণ। আপানার সকলেই এ হতভাগার বিনয় জানিবেণ।

পরম কল্যাণিকনিলয় শ্রীঅন্নদাচরণ ভট্টাচার্য্য শ্রীবলরাম ভট্টাচার্য্য শ্রীশিবচন্দ্র ভট্টাচার্য্য শ্রীগোপালচন্দ্র ভট্টাচার্য্য কল্যাণবরেষু—

বিদগ্রাম হইতে) মৌঃ—পূর্ব্ব সোমপাড়া

১৩৩। বি ১১৯৬

মধ্যম কনেষ্ট জদি হয় ভগ্নিপতি। নমস্কারা করিয়া তাহারে লিখি পাতি॥ সশুরের পুত্র জদি নারির হয় বড়। তাহাকে লিখিতে পাতি বুদ্ধী চাহি দড়॥ ধনবানে কুলে সিলে থাকয়ে সন্তষ। আজ্ঞাকারি বলিয়ে তাহারে লিখিতে নাহি দোষ॥ দেসের জমিদার জদি হয় সে মুছুমান। বন্দগির বলিয়ে তারে লিখিবে সেলাম॥ ক্ষেত্রিয় যুদ্রিয় জদী হয় নরপতি। আজ্ঞাকারি করিয়ে তাহারে লিখি পার্ত্তি॥ দেসের জমিদার জদি

হ[য়] সে ব্রম্ভণ। সেবক প্রণাম বলি লিখিবে প্রণামাঃ॥ সোয়ানে সোয়ানে পাতি তদিয়ঃ বলি য়া[র]। সমভাবে তদীয় লিখি নমস্কারঃ॥ করিয়া পাতির ধরন এই করি নিবেদন। বুদ্ধীমন্তো হই লেখে করিয়া রচণ॥ [সন ১২০১ সাল]

১৩৪। বি ১২০৩

৭ শ্রীরাম—

শরণং—

পুজনিয় শ্রীযুত খেলারাম বিদ্যাবাগিশ ভট্টাচার্য্য মাতুল ঠাকুর চরণেষু—

ভৃত্য শ্রীশ্যামসুন্দর শর্ম্মণঃ প্রণতনামানঞ্চ নিবেদয়িত্রীদমপি নিবেদয়াত বনপর্ব্ব বিশেষ লিখিতে লইয়া গিয়াছেন তাহাথে মনুষ্য পাঠাই ইহার দ্বারা পাঠাইবেন নিবেদন করিল ইতি—

১৩৫। বি ১২৮২

সেবক শ্রীলক্ষিনারায়ন দেবসর্ম্মন—

দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরন কৃপাতে এ জনার সমস্ত মঙ্গল বিসেষঃ নিবেদন অনেক দিবস হইল আপকার সঙ্গে সাক্ষ্যাৎ হয় নাই কেবল আমার অদিষ্ট কর্ম্মে তদপরে আমীহ রামায়ন গির্ত্তন পাঠ আরম্ভ করিআছি কীন্তু লঙ্কাকাণ্ড পুস্তক এখানে অর্পাপ্ত হইআছে য়তেব সুনিলাম জে আপকাদের গ্রামে এই পুস্তক আছে আপনি মম পিতি অনুগ্রহ পিকাস করিঞা ঐ পুস্তক এই লোক সমীভারি পাঠাইঞে দিব আমী নকল করিঞা মহাসএ নিকট পাঠাইঞা দিব আর অধিক কী লিখিব ইতি সন ১২৫৩ সাল তারিখ ৪ পোষ—

সিরনামা—

পরম পূজনিও শ্রীযুত সামাচরন ভট্ট্যাচাজ্য মহাসয় শ্রীচরনো জুগলেষু—

চলিত্ত পর্ত্ত মোঃ—পাত্তর

৭৪।০

১৩৬। বি ১৩২৪

৭ শ্রীশ্রীহরিঃ—

শরণং।—

পরম সুভাশির্ব্বাদ লিখনং বিজ্ঞাপনঞ্চাদৌ তুমার মঙ্গল শদা সর্ব্বদা শ্রী৺স্থানে বাঞ্ছা করিতেছি তাহাতে আত্মানন্দ হয় বিশেষ পরে লিখি জে তুমার নিকট শ্রীগৌরবিমুনি বষ্ণকে পাঠাই এই লোক সমিস্তারে শ্রীভাগবৎ চুর্নক কথা ইহাকে দিবে আর শ্রীরাম ঠাকুরের নিকট ছড়া আগ হইতে শেষ পজ্যন্ত জাহা আছে তাহা এই পুস্তকে পাঠাইবে ইহাত্তে কুন শন্দেহ করিবে না আমি পুস্তক লিখিতে আরম্ভ করিআছি এখানে শকলি অর্জুন মিহির চুর্নক ইহাতে গ্রাহ্য হয় না তুমার পুস্তক দেখিআ লিখিব লেখা হইলেই পুনর্বার বাটি পুহুছিবে অধিক কি লিখিব জদি পুস্তক না আইশে তবে লেখা রহিবে এখানকার শকলে ভাল আছেন তথাকার মঙ্গল জানাইবে ইতি সন ১২৫৯ সাল তাং ২৮ অগ্রহায়ণ—

পরম কল্যাণবর শ্রীযুক্ত মহানন্দ দেবশর্ম্মণ চিরজিবেষু—

চলিত পত্র গৌউরবাজার হইতে খুচুটিপাড়া পুইছে—

১৩৭। বি ১৩৪২

শ্রীশ্রীহরি—

অধ্যাপক নিমন্ত্রনা—

শ্রী৺ঠাকুরবাটী—

সাং গুড়ে—

শ্রীভরথ তর্কবাগীষ—১

শ্রীরামচন্দ্র ভট্টাচার্য্য— ১

শ্রীরামগোপাল ভট্টাচার্য্য—১

নিলকমল মুখোপাধ্যায়— ১

সাং বতোর—

শ্রীসীবচন্দ্র বাচষ্পতি— ১

সাং কৈকালা—

শ্রীরাম ন্যায়লঙ্কার—১

মদনমোহন তর্কলঙ্কার— ১

মুক্তারাম ন্যায়ভূসণের—

পুত্র— ১

সাং বালীগড়ি—

কমলাকান্ত বিদ্যালঙ্কার— ১

সাং হরিপাল—

রামমোহন ন্যায়বাচষ্পতি—

দী—৩

সাং বন্দীপুর—

সিবু তর্কবাগীষ—
দী—২
সাং জেযুরে—
হরচন্দ্র তর্কবাগীষ— ১
সাং গড়া—
রামষুন্দর বিদ্যাসাগর— ১

হরমনি সীরমনি— ১
সাং মোহনবাটী—
ঠাকুরদাষ সীরমনি—
সাং সোমসপুর—
বিল্বমঙ্গল তর্কবাগীষ— ১
কালিদাষি সীধ্যান্ত—১

[১৭ শ্রীহরি—
সরণং—

হরিপাল—
শ্রীরামমোহন ন্যায়বাচস্পতি : ১
শ্রীরামকমল বিদ্যারত্ন :—১
শ্রীশ্যামাচরণ তর্কভূষণ—
সাং হড়া
শ্রীগোবিন্দ ন্যায়বাগীষ—১
সাং বন্দিপুর—
সিবচন্দ্র তর্কবাগীস—১
শ্রীমধুসূদন শিরোমনি : ১
গজা শ্রীরামসুন্দর বিদ্যাসাগর : ১
চিত্রশালি শ্রীহরমনি বিদ্যালঙ্কার : ১
জেজুর শ্রীহরচন্দ্র তর্কবাগীস : ১
সাং কৈঁকালা—

শ্রীশ্রীরাম ন্যায়ালঙ্কার : ১
শ্রীমদন তর্কালঙ্কার : ১
কৈঁকালা—
শ্রীহরচন্দ্র চূড়ামনি : ১
সাং বালিগড়ি
শ্রীকমলাকান্ত তর্কালঙ্কার ১
সাং মোহনবাটী—
ঠাকুরদাস তর্কসিরোমনি : ১
সাং সোমসপুর—
শ্রীবিশ্বনাথ তর্কবাগীশ : ১
শ্রীকালীপ্রসাদ তর্কসিদ্ধান্ত : ১
বড়োর শ্রীশিবচন্দ্র ন্যায়বাচস্পতি : ১

১৭

১৩৮। বি ১৪৫৬

৭ শ্রীহরি :—
লিখনের পাটা পাট লিক্ষতে—

শ্রীগুরু চরন পদ্ম বন্দিয়া মস্তকে কহিব অপূর্ব্ব কথা যুণ সর্ব্বলোকে।
পাঠ পত্র লিখিতে চাহিএ বুদ্ধি বাড়া অল্প বুদ্ধে নাহি জানে ইহার পাহাড়া।
হ্রিস্ট চিত্রে ইস্টে দেবে নিবেদন পত্র অবধানে তার কথা কহি যুন তত্ত্ব ॥

অতি দিন হিন লিখি লিখি নিজ নাম দণ্ডবৎ বহু বহু লিখিবে প্রনাম।
অন্ত অন্য গতিক পত্র লিখি সিরনামা লিখিবে তাহার কথা ষুন।
সর্ব্বপর ইস্বর লিখিবে এক মোনে প্রভুর পদ্মের ধ্বনি লিখিবে জতনে।
ব্রাহ্মনে লিখিতে পত্র বহু ভক্তি চাই অবধানে তার কথা কহি ষুন ভাই।
ভিত্রাহুভিত্য কিবা সেবক আভাস নিজ নাম লিখি পরে প্রনাম প্রকাস।
অনেক ভকতি স্তুতি নিবেদন আর ·········লিখিবে তাহার।
ব্রাহ্মণে লিখিবে ষুদ্রে ষুভাসি বলিঞা সিরনামা অ···ষুপিস্ট দিয়া।
ষুদ্রের চাকর জদি হএত ব্রাহ্ম[ন] প্রনাম লিখিবে তারে লিখি নিবেদন।
সিরনামা লিখিবে তারে কোরিঞা বিবচনা পুজ্য বলি তাহাকে লিখিতে নাহি মানা।
ব্রাহ্মনে লিখিবে তারে আজ্ঞাকারি বলি সিরনামা আসিব্বাদ প্রতিপাল্য বলি।
পিতামহো মাতামহো আদি জত জন সেঁবকানু সেবকস্য লিখিবে লিখিবে লিখন।
পাদপদ্ম ধ্যান কোরি লিখিবে প্রনাম। পরম পুজনিয় বলি তার সিরনামা।
পিতা জেটা খুড়া সে জেস্ট সহদর মষুয়া তাউয়া আদি জত গুরুতর।
জননি সাস্বুড়ি মাসি সোষুর মাতুল সভাকে লিখিতে ··
বন্দনিয় বলি তারে উপযুক্ত হয়।
সম্পক্ষ গুরুতর অন্ন জাতি থাকে নমস্কারা নিবেদন পত্র লিখি তাকে।
সিরনামা লিখিবে হইয়া সাবধান বিবিধ গুলান হয় তাহার বাখান।
প্রতিপাল্য বলি লিখি আশ্রয় জাহার মদেকান্ত বলি লিখি সিরনামা তার।
পালিত জনেরে লিখি প্রতিপালক মাসি খুড়ি জেটুই লিখিবে সেবক।
ভগ্নিপতির ভগ্নি কিবা নারির ভগ্নি জেস্ট বিনয় বিহিত তারে পত্র লিখে ছোট।
স্তুতিপাঠ স্বামিকে লিখিবে নারিজনে সিরনামা প্রাণপ্রিয় লিখিবে জতনে।
নারি হয়া স্বামিজনে লিখিবে সেবক সিরনামা দিবে তার দম্পতি···
সিরনামা লিখিবে করিঞা বহু দাপ ···সমহ লিখি মহজোগ্য প্রতাপ।
নিচ লোক সেহ জদি হয় মহাজন নিবেদন লিখি তারে বিহিত বচন।
সিরনামা লিখিবে হইঞা মহাবিস্ট মদেক সদয় লিখি ষুজন গরিস্ট।
বড়লোক হয় জদি খোট্টা মোছলমান বন্দিগি লিখিবে তারে কুন্নিস সেলাম।
চলেস্টেরে (?) দোস্তা লিখি জেস্ট হইলে হেবা মেহেরবানগি বলি সিরনামা দিবা।
রাম রাম বলিয়া লিখি খেত্রি ধর্ম্মপুতে সন্নহিম বলি তারে সিরনামা দিবা।
ষুপিষ্ট বলি সিরনামা দিবা।
কবুলতি মচলকা আর ফারখতি লিখিতং বলিঞা সভে আরম্ভিলু ভাতি।···

১৩৯। বি ১৪৫৯

শ্রীরাম ঃ—

ইং পৈতৃক পুস্তক জায়—

শ্রাদ্ধ তত্ব— ১
আহ্নিক তত্ব—১
উদ্বাহ তত্ব— ১
দায় তত্ব— ১
দিব্য তত্ব—১
ব্যবহার তত্ব— ১
প্রায়শ্চিত্ত তত্ব—১
ব্যাকরণ — ১
ব্রহ্মখণ্ড— ১
বৃহন্নারদীয়— ১
ভারবীর টীকা— ১
অবিধান টীকা— ১
চণ্ডী— ১
মাঘ টীকা—১
জয়দেব— ১
কুমার — ১
হংসদূত— ১
পবনদূত— ১
উত্তরনৈষদ— ১
গণটীকা— ১
মেঘদূত টীকা—১
উনাদিবৃত্তি— ১
ভারবী— ১
হাষ্যার্ন্নব— ১
গণ— ১
অভিজ্ঞান—
সকুন্তলা— ১
সন্ধিটীকা— ১
দোলপদ্ধতি— ২টী
প্রায়শ্চিত্ত নির্ণয়—১
সন্ধ্যামন্ত্র ব্যাখ্যা—১
শালগ্রাম—
নির্ন্নয়— ১

১৪০। বি ১৫১৮

শ্রীহরিঃ—

শরণং—

জায় পুস্তক—
সন ১১৬৪ সাল—
বাস্তযাগ প্রমাণ —
প্রয়োগ— ১
গ্রহযাগ প্রমাণ— ১
প্রয়োগ—
১৩
জ্যোতিস্তত্ব ১
ভবদেব— ২
অভিজ্ঞান— ১
নব্য প্রাচীন দুর্গা—
পূজাপ[দ্ধ]তি— ৩
কৃত্য তত্ব— ২

দেবপ্রতিষ্ঠা— ১
শ্রাদ্ধ প্রয়োগ— ২
জ্যোতিঃ সাগরসার
বৃষোত্ত সর্গ পদ্ধতি—১
সন্ধি টীকা— ১
হাস্যার্ণব— ২
রুচিস্তব— ১
কালীপূজা পদ্ধতি—১
বিষ্ণু সহস্রনাম টীকা—১
রঘু—১
মাঘ—১
মলমাসতত্ত্ব—১
প্রায়শ্চিত্ত তত্ত্ব—১
তিথিতত্ত্ব—
মেঘদূত—
পবনদূত—
উত্তর নৈষধ—
শনৈশ্চরস্তব— ১
সন্ধ্যাপুস্তকং— ১
মন্ত্রব্যাখ্যা—
দুর্গা সহস্র নাম—
দোল পদ্ধতি— ১
আপদুদ্ধার—
পাণ্ডবগীতা—১
প্রত্যাস্তিরা—১
সাঁত—২
নীলকণ্টস্তব—১
গুনাতীয়স্ত—
অভিধা—১

১৪১। বি ১৬২৩

৭শ্রীশ্রীহরি ঃ।—

সরণং ঃ।—

সেবক শ্রীকালী প্রসাদ দেবশর্ম্মা প্রনামা নিবেদনঞ্চ বিশেষ সেবাটির কোন সমাচার না পাইয়া বড়ই ভাবিত আছি তাহাতে অত্রানন্দ হয় বিসেষ আমিহ এখানে স্বারিরিক আছি ভাল মহাসয় আমাকে আসির্ব্বাদ করিবেন এখানে আমার পুথি আরম্ভ হইআছে কিছুকাল বিলম্ব হইবেক আমিহ ঠাকুর্দাদা মহাসএর কৃপায় জাইতে পারিলম না আপনারা ভাবিত হইবেন না কিঞ্চিত খরচ পাঠাই লইতে আজ্ঞা হইবেক

১৪২। বি ১৬৫৮

৭ শ্রীহরিঃ—

শরণং—

সন ১২১৫ শাল—

শকাব্দা ঃ ১৭৩০

মাহ শ্রাবণ তাং ২৭ শ্রাবণ

পুস্তক জায় তাহার বিতং

নর্ত্তক রাশ—	১	শ্রীশঙ্করাচা—
আশ্রয় নির্ন্নয়—	১	র্য্য কৃত গঙ্গা
রাধারস কারিকা—	১	স্তব। দেবি
কুম্ভকর্ন্ন রায়বার—	১	শুরেশ্বরীতি
বাঙগ্লা অঙ্গ—	১	আর আশ্চর্য্য
দ রায়বার—	১	জাহা মেলে
ক্ষুল্লনার বারমাস্যা—	১	
ফুল্লরার বারমাস্যা—	১	

এই একুনে নয় খান ইতি
উষুল ২ খান
বাকী ৭ খান ইতি

১৪৩। বি ১৬৭৬

৭ শ্রীদুর্গা—

সেবক শ্রীঈশ্বর চন্দ্র দেবসর্ম্মা—

দণ্ডবৎ ক্কোটি সতং মোহাসয়ের আসির্বাদে য়ে [ন]ফরের সমস্ত মঙ্গল বিসেষ পরে নিবেদন সাঁখপুর হইতে মনুষ্য আসিয়েছে ৪ রোজ জৈষ্ঠ না জয়া হইলে জবাব হইবে দ্বিতীয় কথক আসিবে অতএব ৩ রোজ জৈষ্ঠ সাঁখপুর মোকাম জাইতে হইবেক জানিবেন ইতি তাং ৩১ বৈসাখ—

পুনুছ নিবেদন—

কুমুক মোতে ওজোর না হয় তাহা করিবেন সে স্থানেতে দিন ছুয় কথা কহিয়ে আসিবেন য়ধিক কি লেখিব

পরম পুজনীয় শ্রীযুক্ত শ্রীদেহকৃৎ ঠাকুর মোহাসয় শ্রীচরনেষু—

১৪৪। বি ৪৫৩৬

৭ঁ শ্রীশ্রীহরিঃ—

ভৃত্য শ্রীশ্যামাচরণ দেবশর্ম্মণঃ—

প্রণতিপূর্ব্বিকা লিপিরিয়ং নিবেদন আমি অদ্য এক ওষধি ধর্ম্মরাজের সেবন করিয়াছি এবং উত্তমরূপ আরামে আছি বাটির সকলে উত্তমরূপ আরামে আছে প্রতিমায় মৃত্তিকা প্রদান করা হইয়াছে সাঃ সুবস্তড়ো পলাসডাঙ্গাস্থ হরাধন ভট্টাচার্য্যের নৈষধ পুস্তক ১।০ পাঁচ সিকায় খরিদ করিয়াছি তাহাতে বাটির লোক সকল মৃত জনের পুস্তক বলিয়া অনেক প্রকারে নিষেধ করিতেছে এবং কহিতেছে জে তজ্জন্যই তোমার ব্যারাম হইয়াছে অতএব আপনকাকে পূর্ব্ব পত্রে লিখিয়াছিলাম তাহার উত্তর আপনি কিছু মাত্র লেখেন নাই তাহা লিখিবেন উত্তম সস্তা পাইয়াছি কারণ সমস্ত পূর্ব্ব নৈষধ ১১ সর্গ উক্ত মূল্যে পাইয়াছি সাঃ বড়জোড়ার শ্যামাচরণ বন্দ্যোপাধ্যায়ের মাঃ একখান থানফাড়া গামচা ও সিদ্ধি ৴০ এক ছটাক পাইয়াছি তথাকার কুশলাদি সর্ব্বদা লিখিবেন অত্র কুশলমিতি সন ১২৭২ সাল তাং ৭ শ্রাবণ—

পুনশ্চ—

নিবেদন সাঃ বড়জোড়ার মাধব চন্দ্র বন্দ্যোপাধ্যায়ের মাঃ ছাতা একটা পাঠই সারাইয়া বিদায় করিবেণ যদ্যবিস্মাৎ পেপুল শীঘ্র পাঠাইতে পারেণ তবে অবশ্য অবশ্য শীঘ্র পাঠাইবেণ প্রতাপের সমিভ্যারেই পাঠাইবেণ ইতি—

পরম পূজ্যতম শ্রীল শ্রীযুক্ত মত্তাত ঠাকুর মহাশয় শ্রীচরণেষু—

পত্রদেনা—মোঃ—কলিকাতায়—

১৪৫। বি ৩১৩৫

৭ শ্রীশ্রীরামঃ—

সহায়—

শ্রীল শ্রীজুৎ যুদ্ধমঞ্জরি ঠাকুর জীউ—

স্থানে—

৭ লিখিতং শ্রীমানিক চন্দ্র সর্ম্মণ—

একরার পত্র মিদং সন ১২১৫ পন্দর সাল লিখনং কার্য্যনঞ্চ আগে সন ১২০৫ পাচ সাল আমার শ্রীযুত পিতা ঠাকুর আপনকার স্থাণে হইতে

শ্রীমানিক্যচন্দ্র দেবসর্ম্মা—

সাং সামুর—

শ্রীশ্রীভাগবৎ পুথী লইয়া আসীয়াছিলেন সন ১২১৩ সালে সেহি পুথী নতুবাজার মোকামে পাট করিয়া এখাণে ছিল সেহি সণে সে পুথী লইয়া সহরের সেবক বাটীতে রাখিয়াছি প্রবাষ করিয়া জাইবার কালে সহর হৈতে পুথী লইয়া আপণকার নিকট দীবো এবার পুথী না দেই করার খিলাপ করি আপণে জে দাওা করেন তাহা বেওজর নিসা করিবো এতদথে একরার পত্র দীলাম ইতি তারিখ ২০ বৈশাখ—

ইশাদ—

৭ শ্রীগুরুপ্রসাদ দেবশর্ম্মা সাং সামুখ
৭ শ্রীগউরমোহন দেবশর্ম্মা সাং নাসিগাম
শ্রীজয়দেব দাস সাং সামুখ
শ্রীবদন চন্দ্র দাষ—সাং সামুখ
শ্রীনিলাচল বহড়—সাং সামুখ

১৪৬। বি ৩৯৮০ক

৭শ্রীশ্রীহরিঃ—
সরণং—

ছাত্র সকলকে বিদ্যা অধ্যান করাইবার প্রস্ত
সন ১২৭১ সাল
বহিদার শ্রীব্রজবাসী দাষ সৌ সাং খুজুটীপাড়া—

আসামী—	প্রস্ত	আসামী—	প্রস্ত
১ নং ক খ—	১	১০ নং চক—	১
২ " অঙ্ক—	১	১১ " কাঠা—	১
৩ " আঞ্চ—	১	১২ " সের—	১
৪ "সিদ্ধী	১	১৩ " ছটাক—	১
৫ " বানান—	১	১৪ " তেরিজা—	১
৬ " কড়া—	১	১৫ " আক কাটা—	১
৭ " গোণ্ডা—	১	১৬ " নল খড়ি—	১
৮ " বুড়ি—	১	১৭ " জমাবন্দী—	১
৯ " পোন—	১	১৮ " কড়িকষ্যা—	১

১৯ নং মনকষ্যা— ১
২০ " সের কসা— ১
২১ " ধান্য সেলেম— ১
২২ " খরীদ— ১
২৩ " চালুবিক্রী— ১
২৪ " গুড়ের নিকাষ— ১
২৫ " গুড় বিক্রী— ১
২৬ " বৎছর মাহিনা— ১
২৭ " মাষ মাহিনা— ১
২৮ " পসরি জায় খরিদবিক্রী—১
২৯ " সোনা কসা— ১
৩০ " রূপা কসা— ১
৩১ " প্রিতল কসা— ১
৩২ " বাটা কসা— ১
৩৩ " যুদ কসা— ১
৩৪ " মোন কসা
আনায় জিনীষ দী— ১
৩৫ " বিসা প্রতুল খরিদ বিক্রী ১
৩৬ নং ইটকালি— ১
৩৭ " নৌকাকালি— ১
৩৮ " দেয়াল কালি— ১
৩৯ " দধি কালি— ১
৪০ " পুস্কনি কালি— ১
৪১ " বেল মক্তা— ১
৪২ " ৪৪ সের ওজোনের ১ টাকা
প্রতি সেরের নিয়ম—১
৪৩ ঐ ৪৪ সের ওজোনে ১ টাকা প্রতি
আনার জীনিষ—১
৪৪ " ৫৫ সের ওজোনের ১ টাকা
প্রতি সেরের নিয়ম ১

৪৫ নং ঐ ৫৫ সের ওজোনের ১ টাক
প্রতি ৴০ আনার নিয়ম—১
৪৬ " কড়ার নিয়ম— ১
৪৭ " পানির মাপ— ১
৪৮ " সময় নিরুপোন— ১
৪৯ " কাপরের মাপ— ১
৫০ " পাকা রাস্তার মাপ— ১
৫১ " সোনা রুপার ওজোন— ১
৫২ " চিকিচ্ছায় তোলার পরিমান—১
৫৩ " পথের মাপ— ১
৫৪ " ভুমীর মাপ— ১
৫৫ " ফার কালি— ১
৫৬ " কেনাবেচার মুনফা— ১
৫৭ " জমা খরচ— ১
৫৮ " বার তিথির নিয়ম— ১
৫৯ " মাল সাইবি খড়ি— ১
৫৮ " কাগজ দিস্তা খরিদের—
নির্ন্নয় ১ টাকা প্রতি— ১
৫৯ " চিটী লিখিবার ধারা— ১
৬০ " আসল লভ্য— ১
৬১ " শনি কসা— ১
৬২ " গ্রাম লিখিবার ধারা— ১
৬৩ " পত্র লিখিবার ধারা— ১
৬৪ " স্যাখত সন্ধান— ১
৬৫ " নাম লিখিবার ধারা— ১
৬৫ " জমা গুজস্তার খাজনা
দাখিল লিখিবার নির্ন্নয় ১
৬৬ " উদ কষ্টী— ১
৬৭ " অষ্ট কোটা— ১
৬৮ " লবণ কোটা— ১

১৪৭। বি ৩৯৮০ খ

৭শ্রীশ্রীহরি—

সন ১২৭১ সাল—

মোছলমানের প্রকরণ—

পির মুরিদকে খত লিখিবার সেরেস্তা—

বকদম দরখা দেমি আউয়র দায় ওয়ক্ত বন্দিগী বজাভ সয়দা সহু আখবত বেহে-তেরি এরেদাবাদ ছাহেব মেহেরবানি ফরমুদা সোদ যুরাত বান্দার বেহেতর সোদ পির মুরিদ যুপাদ ঃ তামামকে সেরেস্তা লিখিবে ইতি—

সিরনামা—

আউল আকবত তাজেন্দিগি আফত বফেরাযুত কোনেন্দা বদর গাহে আল্যা তাল্যা বেফাকত ফরমুদা শ্রীযুক্ত ছএদ নুরল হোদা মুরিদজী ছাহেব রয়সেনেষু—

জবাব—

খাদীমকে খত লিখিবার সেরেস্তা পির মুরিদের জবানী—

বাদদতা তাজেন্দিগি তছরুপ গুনা বহগুনা মহকুপ বকসেষ বদরগাহে মেন্নত কোনেন্দা শ্রীযুত মুরল হোদা দৌওয়া বহুত বহুত বাদ তোমার খেয়ের খোবি নবিনওা জেসরোষ মারা বেহেতের সোধ—

সিরনামা—

আউয়াল এনেছাল বরও সল ছাল্যো মওলা দেলদর গোষ খোষবয় জোবান ও-জালা বাবাজান মোছলে এমান শ্রীযুক্ত মহামদ সরিফ জেন্দে গালি এন ছালি রওসনেষু—

দাদোকে পোতার খত লিখিবার সেরেস্তা—

খাদেম দর খাদেম শ্রীছএদ এনাতুল্লা সেলাম বহুত বহুত বাদ দাদো ছাহেবের কদম পাহানা যুরাত এ খাদেমের ওতিন আখেরের খয়ের খুবি সোদ বাদ চার পাচ মাহিনা তলব ছাহেবের বেহেতরি খবর গোষ গোজর না হবাতে হকতাল্লা কিতক প্রেসানিতে রাখিয়াছেন তাহা নবেস্তা খানিতে দোরস্তা মোস্কে ছাহেব হাজরাহ মেহেরবানি যুরত খত লিখিয়া বান্দারকে সরফরাজ করিতে হুকুম যুরাত ওমেদবার আছি আঘন মাহা তক ছাহেব মহযুব জেলা মুরযুদাবাদ রয়না হইবেন রেজেষ্টরি পায আদায় করিয়াছেন দাদ ছাহেব এ গোলামের বেহেতরির পয়াস্তে শ্রীশ্রীদরগায় মানাজাত ফরমাইতে হুকুম হয় আরজ সোদ—

সিরনামা—

দোয়া বরদেয়া কোনেন্দা আসব অলি দাদোজী ছাহেব কদমেষু—

পোতাকে দাদোর খত লিখিবার ধারা—

মর হোম দোয়া কোনেন্দা শ্রীছএদ আসরফ আলি খেয়ের বহুত বহুত শ্রীশ্রীদর-ওয়াগায় মেন্নত এরেদায় মোওেদ আছি যুরাত মজকুরে এ দোরবেসের খেয়ের খুবি সোদ পেওে খতে জাহের করিয়াছ মোঃ জোবানী ছাহেবের পাহানা পাথরাইয়া উমেদর আছী ফেলাহক দিগর আদমীর জোবানি আহয়াল ঝকের হইষাছি ইতাদী—

সিরনামা—

আউয়ালে এনছাল দর গোষ খোষবর জোয়ান বরওয়ান ছাল্যে মওলা দেল উজালা ভাইজানের মছলে এমান শ্রীযুক্ত ছএদ এনাতুল্লা জেন্দে গালিব এনছালি বর সনেষু—

দাদী ও নানীকে খত লিখিবার ধারা—

পোতা ও নাতি এই দোনর জবান—

কদম পাহানা বরদার খেদমত্ত গার শ্রীসেখ আমান উল্লা বন্দীগি বেযুমার আরজ দাদিজির বক্সে ও নানিজীর দোয়া নেকনজর রোয় বান্দার বেহেতরি সোধ—

সিরনামা—

খাদেমেরা আকবৎ রওসানি বলন্দ করদানি শ্রীমতি দাদীজী হয়া নানিজী কদম পাহানা ফরমুদেযু—

উপরের লিখিত পাট ও সিরনামা দাদী ও নানি পুপাদী গয়রহকে লেখা জায় পোতা ও নাতি এই দোনকে খত লেখার জওয়াব সেরেস্তা দাদি ও নানি এই দোনর জোবান।—

বদরগাহে ছাল্যে মওলা মেহের মেন্নত কদ্রনি শ্রীমতি আকবড়ি বিবি দোয়া বহুত বহুত ভাইজির খেয়ের খোবি যুরাত তামাম বেহেতর সোধ—

সিরনামা—

খোজেস্তা এতোবার শ্রীসেখ আনরুল্লা ভাইজী বা জেন্দেগানি এনছানি বলন্দেযু—

উপরের লিখিত পাট ও সিরনামা পোতা ও নাতি সুপাদী তামামকে লিখিবেক মিয়াজী ও মামুজী ও খালুজী ও ফুপুজী ও ছছুরা ও বর ভাই যুপাদকে খত লিখিবার সেরেস্তা— পাহানা বরদার শ্রীসেখ ভিক্ষু সেলাম বন্দীগি বেসোমার বাবছাহেবের ফরমাবরদারি খেদমতে এ গোলামের বেহেতর সোধ—

সিরনামা—

মোছোল্লম সেকব কোনেন্দা শ্রীযুত সেখ কেবলেগা ছাহেব এয়া চাচাজি ছাহেব এয়া মামুজী ছাহেব এয়া খালুজী ছাহেব এয়া ফুপুজী ছাহেব এয়া বড়া ভাইজী ছাহেব নেক নজর ফরমুদেযু—

জওয়াব লেড়কা ও ভাতিজা ও ভাঞ্জা ও দামাদ ওগয়রাকে লিখিবার সেরেস্তা—

মিঞা ও চাচা ও মামু মজকুড়ার জোবানি—আসেষ ফরমুদা শ্রীসেখ তাজুদ্দীন সোকর বেহদা বক্সেষ বাদ সোনেরা বর বাগবক্ত ব্বক্ত বর খোরদন যুরাত পরদাক্ত সনিদোমকে বেহেতর সোধ—

সিরনামা—

তাজেন্দেগি খোদাস্ত নেকনবিষ জেন্দাজ শ্রীযুক্ত সেখ ভিক্ষু বাবাজান এয়া ভাই-জান এনছানি বাহালেযু—

বড়া সালা ও বড়া বন্থাই গরাকে খত লিখিবার সেরেস্তা—

ছোট বুনাই ও ছোট সালার জোবানি—বজেব দো পয়া দৌলত পর উয়র সিইফত

এরাদ কেরদার শ্রীছৈয়েদ জালালদ্দিন ছালাম বহুত বহুত ছাহেরের মেহেরবানি যুরাতে এয়া গরিবের খেয়ের খোবি সোধ—

সিরনামা—

নেহাএৎ নেক নজর কোনেন্দা শ্রীযুক্ত সেখ কুতবদ্দীন ছাহেব মেহেরবানেষু—

জওয়াব—

ছোট বল্লাই ও ছোটা সালাকে খত লিখিবার ধারা—বরা বল্লাই ও বর সালার জোবান—

আসেষ কেরদার শ্রীসেখ কুতবদ্দীন বাজ বন্দীগী ছাহেবের নেহাএত নেকবক্ত রওসন যুরাত মেরা খেয়ের খোবি সোধ—

সিরনামা—

বেখেতর ফমিদা শ্রীযুত সেখ জালালদ্দীন ছাহেব বাজেন্দেগি খোষ মেজাজেষু—

দোস্তকে খত লিখিবার ছেরেস্তা—দোস্তের জোবান—

দরবাগ মেহের রই আপ্ত এরেদা কেরদার শ্রীসেখ গোলাম এজদানি সেলাম বন্দীগী বহুত বহুত বাদ দোস্ত ছাহেবের খোসা ও বেখোষ রপ্তনু সনিদমকে মেরা বেহেতরি জেন্দাস্ত সোধ—

১৪৮। বি ৩৯৮০গ

৭ঁ শ্রীশ্রীহরি—

অথ গ্রাম লিখিবার ধারা ॥—

গ্রাম লিখিবার পুর্ব্বে। সাকিম মৌজে কিম্বা মোকাম এই এক কথা লিখিবে॥ জেমন সাকিম কলিকাতা মৌজে কলিকাতা কিম্বা মোকাম কলিকাতা আর আপনার গুরুর বাষ জে গ্রামে সে গ্রামের নাম লিখিতে কিম্বা কহিতাগ্রে শ্রী ব্যবহার করিবে জেমন শ্রীপাঠ খড়দহ ॥—

অথ পত্র লিখিবার ধারা

পিতামহ মহাসয়ে প্রনতি করিয়া। তারে লিখি সেবকানু সেবক বলিয়া। প্রিতা পিতাপিতৃব্য জেষ্ট ভ্রাতাদী সমতুল। জেষ্টম মধ্যম আর সশুর মাতুল॥ জ্ঞাতি বন্ধু আদি করি জত গুরুজন। সেবক প্রণাম করি লিখি নিবেদন॥ পরম পূজনি বলি দিবে সিরনাম। পত্রের নিয়ম এই স্থির করিলাম॥ ছোট ভাই পুত্র আদী ভাগিনা জত থাকে। পরম যুভাসি করি পত্র লিখি তাথে। মঙ্গল উন্নতি কথি আসীয়ে লিখিবে। পরম

কল্যাণ বলি সিরনাম দিবে। বন্ধ্যা নারি সাস্তু সেবিকা পতিকে লিখিবে। মহামহিম বলি শেষে শিরনামা দিবে॥ কন্যা প্রিতাকে লেখ করিয়া প্রণাম। পরম পূজনি করি দিবে সিরনাম। ভগ্নিপতি জেষ্ট হইলে লিখি আজ্ঞাকারি। মধ্যম কনেষ্ট হইলে নমস্কার করি॥ আর পত্নি জেষ্ট ভ্রাতা আজ্ঞাকারি হবে। মহামহিম শিরনাম জান এই সবে। খেত্রী কিম্বা শুদ্র জদি হয় জমীদার। আজ্ঞাকারি পাট লিখি এই দোহাকার॥ ব্রহ্মণ হইলে লেখি সেবক প্রণাম। বন্দে চাকর লিখি জবনে সেলাম। বড় বড় জোনে লিখি আজ্ঞাকারি বলে। ত্বদিয় নোমস্কার লিখি সমজগ্য হলে। কিঞ্চিত লিখিল পাতি সভে জ্ঞাতো করি। সব্বত্রে লিখিবে পাতি এইরূপ করি॥

১৪৯। বি ৩৯৮০ ঘ

৭শ্রীশ্রীহরিঃ।—

স্বরণং।—

শ্রীগুরু চরণে সিষ্যের পত্র লিখিবার ধারা—

শ্রীপাদপদ্ম সেবিতানু সেবিত শ্রীব্রজবাসী দাষ বৈরাগ্য সষ্টাঙ্গাসংখ্য প্রণামান্তর সবিনয় নিবেদনঞ্চ আদৌ ভবত ঘোর দুস্তার ভবার্ণব গভির নির তরঙ্গে রঙ্গে নিস্তার কার সার শ্রীচরণারবিন্দ কিপা অবলম্বনে নিরান্তর স্মারক ভিত্রের সতত যুভামিতি বিসেষ—

সিরনামা—

পরম ধ্যানেন বন্দীত শ্রীশ্রীপরাৎপর ঠাকুর মহাসয় শ্রীচরনাম্বুজেযু—

গুরু সিষ্যের প্রিত্তত্তর পত্র লিখিবার ধারা—

নিত্ত কুশলাকাঙ্খিত শ্রীহারাধোণ দাষ সৌ—

পরমা যুভাসী জুক্তা ভয়বরা বিজ্ঞাপনঞ্চ দো ভবত কায়িক বাচিক মানসীক সকলাভিষ্ট সিদ্ধা কামনা পর দেবতা সমিপে অনবরত প্রার্থনা করণে অস্মাকঞ্চ পরমানন্দ মতি বিসেষ—

সিরনামা—

সদানুগ্রহপ্রিয় পরমাজ্ঞেয়জুত শ্রীব্রজবাসী দাষ বৈরাগ্যং—

বাবাজী মনো অভিলাষ সুভেষু—

গুরু সিসের প্রতি পত্র লিখিবার ধারা—

সদা যুভানুধ্যায় শ্রীমথু[রা]নাথ গোস্বামী পরম মোদজনিত বিজ্ঞাপনঞ্চ আদৌ তোমার

বাঞ্ছাতিরিক্ত ফল কামনা সদাসৰ্ব্বদা করিতেছি তাহাতে অত্রানন্দ হয় বিসেষঃ পরে।—

সিরনামা—

পরম কল্যাণীয় শ্রীযুত রাধামোহন দেবসর্ম্মন বাবাজীও পরম কুসলেষু—

গুরু পত্নিকে সিস্যর পত্র লিখিবার ধারা—

শ্রীপাদপঙ্কজ ধ্যান হিন শ্রীরাধামোণ ঘোষ প্রেনামান্তর নিবেদঞ্চাদৌ এ আজ্ঞা বত্রী জনার নিস্তার কারণ অপার সংসার সারাণব পারাপার তরনি শ্রীচরণধ্যাণ,জ্ঞান লোচনে জ্ঞানাঞ্জন প্রদাণ করিতেছেন তদর্থে পরম মঙ্গল বিসেষ—

সিরনামা—

শ্রীচরণ সসি জ্যোতি প্রকাষ মন তিমির 'নাসীনী শ্রীমতি ইস্বরি গুরু পত্নি মাতা ঠাকুরানি শ্রীচরনে মোন চোকর মকরন্দ পানেষু—

সিস্যকে গুরু পত্নির প্রতি উত্তর লিখিবার ধারা—

ভব মঙ্গলা কাঙ্খি শ্রীমতি আনন্দ মহি দেব্যা পরম সুভাসীসাং রাসয়ঃসন্তু তোমার সকলানন্দ মন বাঞ্চা রাখে আশু বরার্পন করিতেছি তদার্থে অত্রানন্দ বিশেষ—

সিরনামা—

সদা সুখাভিলাষ স্বস্ত শ্রীযুত রাধামোহন ঘোষ বাবাভাগ্যাদএষু—

দিতিয় ভাগ—

আত্ম সম্পর্কীয় পিতামহকে ও মাতামহকে পত্র লিখিবার ধারা—পুত্র দোহিত্র এই দুই জনার উক্তী।—শ্রীচরনাশ্রিত ভিত্ত্যানুভিত্ত শ্রীরত্নেস্বর দেবসর্ম্মণ প্রেণামানন্তর নিবেদঞ্চাদৌ মহাসএর শ্রীচরণ ধ্যাণ পূর্ব্বকে এ সিস্যানুসিস্যের মঙ্গল বিসেষ—

সিরনামা—

পরম জ্ঞান ধাণ কল্পনিয় শ্রীযুক্ত পিতামহ ঠাকুর মহাসয় শ্রীচ[র]ণ সরসিরুহ রাজেষু কিম্বা মাতামহকে লিখে তবে শ্রীযুক্ত মাতামহ ঠাকুর মহাসয় শ্রীচরণ সরসি রুহ রাজেষু—

ঐ পাঠের উত্তর।—

পৌত্র ও দোহিত্রকে পত্র লিখিবার ধারা—পিতামহ ও মাতামহর উক্তী—অবস্য পুস্যানুপুস্য শ্রীবৈষ্ণবচরণ দেবশর্ম্মণ পরম কল্যানমস্তং বিজ্ঞাপনঞ্চাদৌ তোমার অতুল জস গৌরবার্থে শ্রীশ্রী দ্রারায় প্রার্থনা করিতেছি তাহাতে অত্র মঙ্গল বিসেষ।—পরে তোমার শ্রীকর কমলঙ্কিত পত্রী দিষ্ট পুস্তকে পরমাপইত হইলাম ইতি—

সিরনামা—

প্রাণাধিক প্রিয় পরম কল্যানিয় শ্রীযুক্ত রত্নেশ্বর বন্দোপাধ্যায় অতুল বৈভবে চীর জিবেষু।—পুত্তার জেঠা ও পীতার খুড়া ও পুতার মাতুল ও পুতার মেস ও পুতার পিসে ও মাতার জেঠা ও মাতার খুড়া ও মাতার মাতুল ও শ্বষুর ইত্যাদী বেকক্তী দীগ্যকে পত্র লিখিবার ধারা—পুত্র ও দৌহিত্র ইত্যাদী বেকক্তির উক্তী—

সেবকানু সেবক শ্রীচন্দ্রমোহণ ঘোষ প্রণামা পরমপদ পাপ্তজন্য নিবেদঞ্চাদৌ মহাসএর শ্রীচরণ স্মরণ ধ্যান জ্ঞান সাধন মাত্রে অত্রানন্দ বিসেঃ—

পিতামহ ও মাতামহ ও ভ্রাতাদিগ্যকে—

সিরনামা—

পরম পূজনিয় মমাচ্চিনীয় শ্রীযুক্ত মধ্যাম ঠাকুর দাদা মহাসয় কিম্বা তিতী ঠাকুর দাদা মহাসয় শ্রীপদ পঙ্কজ কায়জ মনজ স্বরণেষু—

প্রত্তুত্তর।—

ভাতার পুত্র ও ভগ্নির পুত্র ও সালির পুত্র ও ভাতার দহিত্র ও ভগন্নির দহিত্র ও জামাতা ইত্যাদী দিগ্যকে পত্র লিখিবার ধারা—

প্রিতিপরান্থপ্রিতি পাল্য তবজ কুসল চিরকারি শ্রীগুরুচরণ দাষস্য পরম যু আসীব্বাদ বিজ্ঞাপনঞ্চাদৌ তোমার অচলা কোমলা সরলান্তকরণে অনবরত অমর বর অচলান্তর তব পাথনা পূর্ব্বকে মমৌব কুষল বরম্বিসেষ।—

সিরনামা—

পরম প্রয়বর গুনসাগর শ্রীযুক্ত নবিনচন্দ্র মিত্র মমৌব চিত্তপুলকজন ছিরজিবেষু—

১৫০। বি ৩৯৯২

৭ শ্রীশ্রীগোপাল—

ভরসা—

অথ জ্ঞানকৌমুদি গ্রন্থকৃত পত্র লিখিবার ধারা ॥ শ্রীগুরুচরনে সির্শ্যের পত্র লিখিবার ধারা ॥ শ্রীপাদপদ্ম সেবিতানু সেবিত শ্রীকালিকিঙ্কর দেবসর্ম্মনঃ সাষ্টাঙ্গাসঙ্খ্য প্রনামানন্তর সবিনয় নিবেদনঞ্চাদো ভবতো ঘোর দুস্তার ভবান্নব গভির নির তরঙ্গ রঙ্গে নিস্তার কারশার শ্রীচরণারবিন্দ কৃপাবলম্বনে নিরান্তর স্ব্যারক ভূর্ত্যের শতত স্বভমিতি বিশেষঃ ॥ পক্ষে আপনার অভিলাস মত লিখিয়া সিরনামা দিবে। সিরনামা ॥ পরম ধ্যানেন বন্দিত শ্রীশ্রীপরাৎপর ঠাকুর মহাসয় শ্রীচরনাম্বুজরেনুষু ॥ গুরূপত্নিকে সির্স্তের লিখিবার

ধারা ॥ শ্রীপদপঙ্কজধ্যানহীন শ্রীরামমোহন সর্ম্মন প্রনামানন্তর নিবেদনঞ্চাদো এ য়াজ্ঞানু বৃত্তিজনার নিস্তার কারন অপারা সংসারা সারান্নব পারাপার তরনি শ্রীচরনধ্যানাজ্ঞান লোচনে জ্ঞানাঞ্জন প্রদান করিতেছেন তদর্থে পরম মঙ্গল বিশেষ ঃ সিরনামা। শ্রীচরন-সসিজ্যোতি প্রকাস মনো তিমির নাসিনী শ্রীমতি ঈশ্বরি গুরূপত্নি মাতা ঠাকুরানি শ্রীচরনে মন চকোর মকরন্দ পানেষু ॥ গুরূপুত্রকে সির্স্যেৰ্দ্ধের লিখিবার ধারা। শ্রীপদ-পঙ্কজ ধ্যাইন শ্রীনিলমনি দেবসর্ম্মন প্রনামান্তর নিবেদনঞ্চাদো মহাসএর শ্রীচরন পদ পঙ্কজে মনভৃঙ্গ মরকন্দ পানাবসক্ত মর্ত্তরূপে ভ্রমণ করিতেছী তদর্থে সানন্দ বিসেষ ঃ। সিরনামা ॥ অপার সংসার সিন্ধু তরনিরুপ শ্রীশ্রীঠাকুর পুত্র ঠাকুর মহাসয় শ্রীচরন কমলে মনোপিতেষু ॥ মাতা ও বিমাতা ও জেঠাই ও খুড়ি ও মাতুলানি ও পিসি ও মাসি ও শাষুড়ি এই কএক ব্যক্তী স্ত্রীলোকের উক্তি ॥ অবস্য পুস্যাশীর্ব্বাদ দাইকা শ্রীমতি ভুবনেস্বরি দেব্যা পরম যুভাসীশাংরাসয় সন্ত পরং তোমার য়চলা লক্ষী শ্রীশ্রীস্থানে পার্থনা করিতেছী তাহাতে যত্রানন্দ বিসেষ ঃ॥ সিরনামা॥ মমৈব প্রতিপালক শ্রীযুক্ত আনন্দচন্দ্র মুখোপাধ্যায় বাবাজিউ কল্যাণবরেষু ॥ মাতা ও বিমাতা ও জেঠাই ও খুড়ি মাসি পিসি ও মাতুলানি ও শাষুড়ি এই কএক ব্যক্তী স্ত্রীলোককে স্ত্রীলোকের পত্র লিখিবার ধারা ॥ কন্যা ও সপত্নি কন্যা ও ভাষুরের কন্যা ও দেবরের কন্যা ও ভগ্নি ও ভাতৃকন্যা ও ভগ্নিকন্যা ও পুত্রবধু এই কএক ব্যক্তী স্ত্রীলোকের উক্তী ॥ শ্রীচরণকমলা শ্রীতে দাস্যা শ্রীমতি সান্তকুমারি দাস্যা প্রণামা সত সহস্র নিবেদনঞ্চাগে শ্রীমতির শ্রীচরণ স্বরণ মাত্রে অত্র মঙ্গল বিসেষ ঃ শিরনামা ॥ পরম করুনারাবিত্র পরম পুজনিএ শ্রীমতি মাতাঠাকুরানি কিম্বা বিমাতা ঠাকুরানি কি সপ্তি মাতা ঠাকুরানি শ্রীচরনদ্বএষু ॥ স্বামিকে স্ত্রীলোকের পত্র লিখিবার ধারা। শ্রীচরণ সরসি দিবেনিসি শাধন প্রিয়াসিদাসি শ্রীমতি মালতি মঞ্জরি দেব্যা প্রনম্য রম্য প্রিয়মর প্রানেস্বর নিবেদনঞ্চাদো মহাসএর শ্রীপদ সররুহ স্বরণমাত্রে অত্র যুভম্বিশেষ ঃ সিরনামা ঃ অহিক পারত্রিক নিস্তার কত্রিক ভবার্নব নাবিক শ্রীযুক্ত প্রাণেশ্বর মধ্যম ভট্টাচার্য্য মহাসয় পদ পল্লবাশ্রয় প্রদানেষু ঃ জেষ্ট সালক জেষ্টাভগিনির পতি এই তুই ব্যক্তীকে পুরুসের পত্র লিখিবার ধারা॥ কনিষ্টা ভগিনিপতী ও শালকের উক্তী ঃ আজ্ঞাকারি শ্রীগঙ্গাকিসোর দাস ঘোসর্স্য সবিনয় পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে মহাসএর য়নুগ্রহাস্রয় মাত্রে অত্র যুভম্বিসেষ ঃ সীরনামা ॥ মদেকশ্বদয় মমাস্রয় শ্রীযুক্ত রামচন্দ্র বষুজা মহাসয় মৎপ্রতিপালকেষু ঃ কনিষ্ঠা ভগ্নিপতি কনিষ্টা সালককে লিখিবার ধারা। জেষ্ট সালক জেষ্ট ভগ্নিপতির উক্তি ॥ অবষ্য পুস্য শ্রীগোবিন্দচন্দ্র দাষ বষো শর্ব্বদা যুথাভিলাষ তব বিজ্ঞাপনঞ্চাদো তোমার যুস্থিরা কমলা শ্রবণমাত্রে য়ত্রসুভং বিসেষ ঃ সিরনামা ॥ সর্ব্বগুনাভিসিক্ত শ্রীযুক্ত গঙ্গাকিসোর ঘোসজা

মমাস্তএষু ॥ ক্ষেত্রিয় চাকরকে পত্র লিখিবার ধারা বৈশ্য ও যুদ্র এই দুই জাতি মনিবের উক্তী ॥ সদাষুমঙ্গল চিন্তাকারি শ্রীনরেন্দ্র নারায়ন বিসারদ গুপ্ত কিম্বা দাষবিদ পরম প্রিয়বর বিজ্ঞাপনঞ্চাদো তোমার মঙ্গল শ্রীশ্রীকরিতেছেন তাহাতে যত্র মঙ্গল পরং ॥ সিরনামা ॥ নানাগুনাভিসিক্ত শ্রীযুক্ত ষুভদ্রাকুমার মাহাতা পরম ধাহ্মিকবরেষু ॥ বৈশ্য ও স্যূদ্র এই জাতি মনিবকে লিখিবার ধারা। বৈশ্য ও স্যূদ্র এই দুই জাতি চাকরের উক্তি। আজ্ঞাকারি কালী নিতাই বিশারদ গুপ্ত কিম্বা দাষ শিংহ স্ববিনয় পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাদো মহাসএর মহোন্নতি শ্রীশ্রীদ্বারায় পাথর্না পুর্ব্বক অত্র মঙ্গল বিসেষঃ ॥ সিরনামা ॥ মমাশ্রয় সদাশ্রয় শ্রীযুক্ত মদন মো[হি]ন কিম্বা বষুজা মহাসয় দিন প্রতিপালকেষু ॥ বৈশ্য যুদ্র এই দুই জাতি চাকরকে লিখিবার ধারা ॥ বৈশ্য যুদ্র এই দুই জাতি মনিবের উক্তি ॥ ষুভানুধ্যাই শ্রীমদন সঙ্কর সেন পরম প্রিয়তম বিজ্ঞাপনঞ্চাদো তোমার মঙ্গল শ্রীশ্রী৺করিতেছেন তাহাতে যত্র মঙ্গল বিশেষঃ শিরনামা সর্ব্বগুণালঙ্কৃত শ্রীযুক্ত কালি নিতাই শেন সদাশএষু ॥ পিত্রালয়স্ত কন্যা স্ত্রীধর্ম্মিনি হইলে তার পিতা ঐ কন্যার শ্বস্তুকে লিখিবার ধারা ॥ কন্যার পিতার উক্তি ॥ আজ্ঞাকারি শ্রীফলনা ষবিনয় পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাদো শ্রীবৈবাহিক মহাসএর শ্রীশ্রী৺কমলা অচলা পুর্ব্বক মশ্মাকং যুভম্বিসেষঃ মদেক শ্বদেয় ফলনা সদাশএষু ॥

ইতি সমাপ্ত—সন ১২৫৬ বারসর্ত্ত ছাপান্ন সাল তাং—

১৫১। বি ৩৯৯৩

নকল ৭ শ্রীহরি ঃ।—

মহুর শরণং—

শ্রীশ্রীমদনগোপাল জিউ শ্রীশ্রীগোবিন্দ জিউ—
শ্রীশ্রীগোপীনাথ জিউ শ্রীশ্রীমত চৈতন্য মহাপ্রভু—
সধর্ম্মান্বিত শ্রীল শ্রীরাধামোহন ঠাকুর বরাবরেষু—

শ্রীরামানন্দ দেবশর্ম্মণঃ—
শ্রীমুরলীধর দেবশর্ম্মণঃ—
শ্রীহৃদয়ানন্দ দেবশর্ম্মণঃ—
শ্রীবল্লবীকান্ত দেবশর্ম্মণঃ—

লিখিতং শ্রীজগদানন্দ দেবশর্ম্মণঃ সাং সুপুর তস্য পর শ্রীরামানন্দ দেবশর্ম্মনঃ সাং লোতা তস্য পর শ্রীমদনমোহন দেবশর্ম্মণঃ সাং সুদপুর তস্য পর শ্রীমুরলীধর দেবশর্ম্মণঃ সাং শ্রীপাট খড়দহ তস্য পর শ্রীবল্লবীকান্ত দেবশর্ম্মণঃ সাং বিরচন্দ্রপুর তস্য পর শ্রীসাহেব পঞ্চানন দেবশর্ম্মণঃ সাং গয়েসপুর তস্য পর শ্রীহৃদয়ানন্দ দেবশর্ম্মণঃ সাং কানাইপাড়া প্রভু সন্তবর্গেষু—

শ্রীজগদানন্দ দেবশর্ম্মণঃ—
শ্রীমদনমোহন দেবশর্ম্মণঃ—
শ্রীসাহেব পঞ্চানন দেবশর্ম্মণঃ—
প্রভু সন্তান বর্গেষু—

ইস্তফা পত্র মিদং কার্জ্জনঞ্চ। আগে আমরা তোমার সহিত শ্রীশ্রী৺সকিয়া ধর্ম্মের পর আখেজ করিয়া ৺বৃন্দাবন হইতে সকিয়া ধর্ম্ম সংস্থাপন করিতে গৌড়মণ্ডলে জয়নগর হইতে শ্রীযুৎ সেওায় জয়সিংহ মহারাজার নিকট হইতে দিগবিজয় বিচার করিলেন শ্রীযুৎ কৃষ্ণদেব ভট্টাচার্য্য ও পাতসাহি মনসবদার সমেত গৌড়মণ্ডলে আসিয়াছেন য়েবং আমরা সর্ব্বে থাকিয়া সধর্ম্ম উপরি বহাল করিতে পারিলাম নাই সির্দ্ধান্ত বিচার করিলাম এবং দিগবিজয় বিচার করিলেন এবং শ্রীনবদ্বিপের সভার পণ্ডিত য়েবং কাশীর সভাপণ্ডিত এবং সোনারগ্রামের বিক্রমপুরের সভাপণ্ডিত এবং উৎকলের সভাপণ্ডিত এবং ধর্ম্মঅধিকারি এবং বৈরাগী ও বৈষ্ণম শোল আনা য়েকত্র হইয়া শ্রীমত ভাগবত শাস্ত্র এবং শ্রীমহাপ্রভুর মত এবং শ্রীমত মধ্যম গোস্মামিদির্গের ভক্তিশাস্ত্র লইয়া শ্রীধর গোস্মামির টিকা ও তোসনি লইয়া শ্রীযুৎ ভট্টাচার্য্য মজকুরের সহিত য়েবং আমরা থাকিয়া বিচার য়নেক দিন ছয় মাস অবধি হইল তাহাতে ভট্টাচার্য্য বিচারে পরাভুত

হইয়া সকিয়া ধর্ম্ম সংস্থাপন করিতে পারিলেন নাই এবং আমরাও পারিলাম নাই পরকিয়া সংস্থাপন করিতে জয়পত্র লিখিয়া দিলেন আমরাও দিলাম সে পত্র পুনরা পাঠাইলাম শ্রীবৃন্দাবনে জয়নগরে তোমার সিদ্ধান্ত পত্র পাঠাইলাম পরকিয় ধর্ম্ম সে দেসে ও সেখানে সভাপণ্ডিত লইয়া ও দেবালয় আদি ও গোস্মামি আদি য়েকত্র হইয়া তোমার সিদ্ধান্ত পুর্ব্বক বিচার গৌড়মণ্ডলে পাঠাইলেন অতয়েব গৌড়মণ্ডলে পরকিয় সংস্থাপন হইল পরকী ধর্ম্ম অধিকারি তোমাকে করিয়া পাঠাইলেন এবং শ্রীশ্রী৺বৃন্দাবন হইতে সিরোপা তোমাকে আইল আমরা পরাভূত হইয়া বাঙ্গালা উড়ুস্যা ও সুবে বেহার এই পঞ্চ পরিবারে বেদার্ত্তা শ্রীমৎ জিবগোস্মামি শ্রীযুৎ নরহরি সরকার ঠাকুর ও শ্রীযুৎ আচার্য্য ঠাকুর ও শ্রীযুৎ ঠাকুর মহাশয় ও শ্রীযুৎ স্যামানন্দ গোস্মামি এই পঞ্চ পরিবারের উপর বিলাত সর্ম্বন্ধে ইস্তফা দিলাম পুনরায় কানফালাও বিলাত সর্ম্বন্ধে অধিকার করি তবে শ্রীশ্রী৺তে বহির্ভূত এবং শ্রীশ্রী৺ শরকারে গুনাগার এতদর্থে তোমাদিগ্যের পরিবারের উপর বেদাওা ইস্তফা পত্র লিখিয়া দিলাম ইতি সন ১১৩৭ সাল নি বাংলা সন ১১৩৮ সাল মাহ বৈশাখ।—

শ্রীকৃষ্ণদেব শর্ম্মণ ভট্টাচার্য্য সাং জয়নগর—

ই এই পত্রে লিখিতং শ্রীকৃষ্ণদেব ভট্টাচার্য্য জয়পত্র মিদং আমিহ সকিয় ধর্ম্ম সংস্থাপন করিতে জয়নগর হইতে শ্রীযুৎ সেওায় জয়সিংহ মহারাজার সেখান হইতে সকিয় ধর্ম্মের পরওানা লইয়া গৌড়মণ্ডলে সকিয় সংস্থাপন করিতে আসিয়াছিলাম এবং শ্রীযুৎ পাতসাহার হুকুম ও তৈনাতি লোক সঙ্গে করিয়া গৌড়মণ্ডলে সর্ব্বশুদ্ধা সকিয় সিদ্ধান্তের জয়পত্র লইয়া আসিয়াছিলাম মালিআটি মোকামে তোমা নিকট সকিয় পরকীয় ধর্ম্ম বিচার অনেক মতে করিলাম এবং শ্রীমত ভাগবত এবং পুরান এবং শ্রীশ্রী৺গোস্মামিদির্গের ভক্তিশাস্ত্র লইয়া সিদ্ধান্ত মতে সকিয় ধর্ম্মের স্থাপন করিতে পারিলাম নাই অতএব পরকীয় ধর্ম্ম বেদ বেদান্ত ও ভক্তি শাস্ত্র সংস্থাপন হইল ইহাতে পরাভূত হইয়া জয়পত্র লিখিয়া দিলাম এবং সিস্য হইলাম ইতি সন ১১৩৭ সাল নি বাংলা সন ১১৩৮ শাল মাহ বৈশাখ—

ইশাদ—

শ্রী৺অদ্বৈত গোস্মামি সন্তান
কালাচান্দ দেবশর্ম্মণ—
শাং পাট শান্তিপুর
শ্রীকৃষ্ণকিঙ্কর দেবশর্ম্মণঃ—
সাং বাবলা

শ্রীকালাজিউ দেবশর্ম্মণঃ
সাং মালিপাড়া
শ্রীদর্পনারায়ন কানগুই
শাং কাসিম হাটপুখরিয়া
শ্রীসম্ভুচন্দ্র মিত্রি
শাং চুনাখালি

শ্রীকৃষ্ণরাম দেবশর্ম্মণঃ—
শাং নবদ্বিপ—
শ্রীসাহেব পঞ্চানন দেবসর্ম্মণঃ
সাং ৰাহাদুরপুর
শ্রীনারায়ন ভট্টাচার্য্য
শাং নাসিগ্রাম
শ্রীব্রহ্মানন্দ দেবসর্ম্মণঃ
শাং সোনারগ্রাম বিক্রমপুর
শ্রীব্রজশুখন দুবে
সাং বিষ্ণুপুর রামডিহা
শ্রীরাধাবল্লভ দাস
শাং বিষ্ণুপুর—
মহান্ত সন্তান
শ্রীরত্নেশ্বর দেবশর্ম্মণঃ
শাং বসতপুর—
শ্রীআত্মারাম বসু ঠাকুর
শাং কুলীনগ্রাম

শ্রীদাম্মদর ঘোষ
শাং কুড়ুরপাড়া
সেখ কাজি সদবর্দ্ধি
সাং কুড়ারাা—
সৈদ কমর উল্লা
শাং চৌঘরা
শ্রীকৃষ্ণদেব ভট্টাচার্য্য
শাং জয়নগর
শ্রীকাসিশ্বর দেব দেবশর্ম্মণঃ
শাং বারানষ
শ্রীনয়নানন্দ দেবশর্ম্মণঃ
শাং উৎকল দাদপুর
শ্রীধর শর্ম্মণঃ বিদ্যাবাগিষ
শাং দিনাজপুর
সহবাসি শ্রীপ্রাণনাথ রায়
শ্রীকৃষ্ণদেব ভট্টাচার্য্য
শাং জয়নগর—
ইতি—

১৫২। বি ৩৯৯৫

শ্রীশ্রীদুর্গা—
ন্যায়শাস্ত্রের চাত্রগণের নাম
[সন ১২৭৫ সাল]

শ্রীরাষমোহন সার্ব্বভৌম—১
শ্রীবেণীমাধব তর্করত্ন— ১
শ্রীবিষ্ণুচরণ তর্কসিদ্ধান্ত— ১
শ্রীশ্রীকণ্ঠ শাস্ত্রী— ১
শ্রীসুব্রণ্য শাস্ত্রী— ১
শ্রীপ্রসন্ন তর্কালঙ্কার— ১
শ্রীউপেন্দ্র তর্কপঞ্চান— ১

শ্রীউমাচরণ তর্কসিদ্ধান্ত— ১
শ্রীদেবপ্রতিপালক স্বামী—১
শ্রীশশিভূষণ ভট্টাচার্য্য— ১

১০

১৫৩। দ ১

আজ্ঞাকারি শ্রীহারানচন্দ্র দাষবসোয়্য—

সবিনয় পূর্ব্বক নমস্কারা নিবেদন মিদং শ্রীযুত ঘোষজ [মহাশএর মঙ্গল] মনবরত প্রার্থনা করণে অত্রানন্দ পর বহুকালাতিত্তো হইল [মহাশ]এর সাক্ষ্যার লিপি না পাইয়া উদ্বিগ্নানি তরায় মঙ্গলাদি সমাচারা লিখিয়া পরমপ্যায়িত করিবেন এখানকার সমাচার সমস্ত মঙ্গল প্রাণাধিক শ্রী[মান] আনন্দচন্দ্র বসু বাবাজি মোঃ কলিকাতায় ইংরাজি কলিকাতায় ইংরাজি ও বাঙ্গালা লিখন পঠন করিতেছেন কিছুকাল এখানে থাকিলে অতি সিগ্র কর্ম্ম উপজুক্ত হইতে পারেন কিন্তু খরচ পত্রের অপ্রতুল [হইয়াছে] আমার জে কর্ম্ম আছে তাহাতে সংসার ও বাসা খরচ হইতে পারে না শ্রীযুত কৃষ্ণচন্দ্র বষু ভায়া নিকঠ জাইবেন এমত মনন করিয়াছেন অতএব নিবেদন সিগ্র সমাচার লিখিতে [আজ্ঞা] হইবেক ইতি তারিখ [১২৩৪ সাল]

১৫৪। হ ২৯

৭ শ্রীশ্রীহরি।—

গৌ ঃ দিবষ হইল নাহিখ দরোসন।
পা ঃ সম্পর্সে ত্ততোধিক রিক্ষা উচাটন ॥
ল ঃ ম্বদর রিপূ পিতা স্থত তার গারে।
চ ঃ ন্দ্র রিপু সম ত বসএ জান ঐ পুরে ॥
র ঃ ত্নাকর উদ্ভব জাহার অভিধান।
ন ঃ বদেব সহিত তোমার গারে অধিষ্টান ॥
শ্ব ঃ র ব্যয় সম তব হয় শ্রীচরন।
র ঃ ক্ষক আমার মতি এই নিবেদন ॥
নঃ ক্ষীপতি গুরূপত্নি তার যুতা পতি।

প্রথম অক্ষর গননাতে অভিধান স্থীতি ॥ লিখিএ বিসেষ কথা তুমি জ্ঞানবান। স্নেহকৃপা রাখ্য মোরে হএ কৃপাবান ॥ বলরাম কান্তিতে মোহর নাম পাবে। মৃগাক্ষী

অনুজাযুক্ত এই বর দিবে॥ গোহাজ্য তনয়া পতি যুতা পতি সহ মোরে। করুন পুরন চিন্ত্যা ব্রেথা করি দুরে॥ নরখ ত লভ্য হয় তোমার আসিসে। প্রান অন্তে প্রাপ্ত জেন হয় ঐ বাসে॥

সিববক্ত করি গুন তাহাতে রাখিবে।
স্রষ্টা বক্ত শ্বর গুন সক্রমুখে দিবে॥
অধিক লিখিতে সক্তি নাহি হয় স্তির মতি।
নিবেদন সমাপ্ত হইল এই পাঁতি॥
পরমরার্ধ্য শ্রীযুত মধুস্বদন বন্দপাধ্যায় ভাই শ্রীচরন কমলেষু।—

১৫৫। হ ৪১

৭ঁ শ্রীশ্রীহরি—

শ্বস্তী বরাহাবনীনাথ মহারাজা শ্রীশ্রীব্রজকিশোর শীংহ দর্পশাহাদেওস্য প্রণামা লিখনং বিশেষ নিম্নের লিখিত কএকখানি সংস্কৃত পুস্তক লিখিত করিয়া এখাণ আসিবার জন্য আপনাকে কহায় আপুনী পুস্তক লিখীত করিয়া আনিবার স্বিকার করিয়াছেণ এক্ষনে ঐ পুস্তক কএক খানির বিশ্বেষ আবশ্বক হইয়াছে অতএব লিখিতেছী জদী লিখিত হইয়া থাকে উত্তম নচেৎ শীঘ্র মধ্যে প্রস্তুত করিয়া পুস্তকসহ এখানে আশীবেন তাহার উচিত মূল্য এখানে দেআ জ্যইবেক ইতি সন ১২৮৬।২০ বৈশাখ—

মহাভারত সংস্কৃত—কর্ণপর্ব্ব—১ আশ্রমিকপর্ব্ব—১ অশ্বমেধপর্ব্ব—১ মুশলপর্ব্ব—১ সর্গারোহণপর্ব্ব—১

রাজা শ্রীশ্রীব্রজকিশোর সীংহস্য—

বন্দনীয় শ্রীযুক্ত দিননাথ ভট্টাচার্য্য বন্দনীএষু—
জেলা বাকুণ্ডার পোষ্টাপীষ হইতে ভূতসহর গ্রামের উক্ত চট্টোপাধ্যায় সমীপ
বরাহভূম রাজবাটী হইতে প্রেরিত

১৫৬। স ১০০৯

শ্রীরাম ঃ—

সরণং

৭ঁ যৌষ্মাক শ্রীমাণিক্যচন্দ্র শর্ম্মণঃ শ্রোতাশীরাশয়োসীমানঃ সম্বাবেদন মিদ মাদিতো-ভাবহংকভব্যভব্যতামচ্যাহতামীহেতরাং ততএবা এভ্য মঙ্গল মাস্তে পরং আপনি অধ্যা-পনা প্রবৃত্ত হইয়াছেন ছাত্র কতোগুলী আসিয়াছেন কি কি গ্রন্থের পাঠ যাইতেছে বিসেষ লিখিয়াপ্যায়িত করিবেণ সম্প্রতি মেদিনীপুর হইতে তৈজসাদি অনেক যে আসিয়াছে তাহা আপনি বাটীতে রাখাইয়াছেন শুনিয়াছি তাহা সকল ত্রিবেণীর শ্রীযুত শম্ভুরাম

সিদ্ধান্ত স্থানে দিবেন আমি স্বাধ্যায়াবকাসে তোমার চৌপাড়ী দেখিয়া চক্ষুঃ সাফল্য করিব কিমধিক বিহুত্তমোষিতি লিপিরিয়ং মার্গশীর্ষ চতুর্বিংশ দিনীয়

তর্কাম্বনেক নিবধি যুগেরিষ্ঠ অক্ষোদি ধায়িতা মেক বিহঙ্গম শ্রীযুত রঘুনাধ ন্যায় বাচস্পতি ভট্টাচার্য্য পরম মঙ্গলেক নিধান মদেকানুপমাসেচনকেষু—

নৈহাটীর পত্র বাগাটী দেয়া—

পুনশ্চ যদি শ্রীশম্ভুরাম সিদ্ধান্ত যাইতে না পারেন তবে শ্রীযুত মহাদেব চক্রবর্ত্তি সমভ্যাহারে শ্রীসহস্ররাম ভাণ্ডারী যাইতেছে এঁহায়দিগের স্থানে দিবেন ইতি—

১৫৭। স ১০১৩

শ্রীশ্রীকৃষ্ণ।—

শরণং।—

শ্রীরামলোচন দেবশর্ম্মণঃ

নানা দিগেদশীয়ঃ দিজকুল সন্ততি প্রতিপালকাতি।— প্রবল প্রচণ্ডারি সমূহ সমুল ঘাতক দশরথোপম শ্রীল শ্রীযুক্ত।—মহারাজা ধিরাজ রাজা প্রতাপচন্দ্র রায় বাহাদুর দোরদণ্ড প্রতাপন্বিত যুধিষ্টীরবৎ মহাকান্তী প্রকাসক বরাবরেষু।—

অম্বিকা সাকীমের শ্রীরামলোচণ ন্যায়বাগীসের আরজ নিবেদন।—

মহারাজাধিরাজ রাজার কীর্ত্তী নব কৈলাষ নিকট টোল চৌপাড়ি করিয়া কতকগুলিন ব্রাহ্মণ সন্তাণ দির্গে ন্যায়শাস্ত্র অধ্যাপনা করিতেছি কীন্তু এিহাদিগে নির্ব্বাহ এবং আত্ম পরিবার নির্ব্বাহ অতিসয় দ্বার্থ হইতেছে মহারাজাধিরাজরাজা বাহাদুরের পূর্ব্ব পুরুশের দর্ত্ত ভূমি সকল কোম্পানিতে বাজেআপ্ত করিয়াছে ইহাতে পরম দুখী হইয়াছি অতএব কাঙ্কীত অনুগ্রহ দ্বারা আমি প্রতিপালিত হই এই নিবেদন মিতি সন ১২৪৩ সাল—তারিখ— ৬ চৈত্র—

বাঃ মোলাহেজা
হুকুম হইল যে—
বৰ্দ্ধমানের রাজধানি পৌছিয়া
চৌপাড়ির তত্ত্বাবধানে
মোনাছেপ হইবেক ইতি সন ১২৪৩।
তারিখ—৭ চৈত্র—

১৫৮। ল ২

শ্রীরাম ঃ—

সরণং—

সন ১১৫৩

চালান পুস্তক ফরাদস্থ

তাং ১১ চৈত্র

কৃত্তিতত্ত্ব ১
পরীক্ষীত ১
আহ্নিকতত্ত্ব ২
একাদশীতত্ত্ব ১
সংস্কারতত্ত্ব ২
শ্রাদ্ধ প্রয়োগ ১
জলাশয় প্রতিষ্ঠা ১
শুদ্ধিতত্ত্ব ১
ভবদেব ১
চণ্ডী টী[কা] ২
দশম টীকা ১
দীপিকা ১
রাধাতন্ত্রাদি ১
কালীবিলাসা[দি] ১
শ্রাদ্ধতত্ত্ব ২
লিঙ্গার্চ্চন তন্ত্রাদি ১
মাঘটী ১
বনপর্ব ১
দশম ১
ডামর ১
স্তবাদি ১
কবিকঙ্কণ
গণেটীকা—১

শ্রাদ্ধতত্ত্ব ১
তিঙন্ত
হস্তীয় ১
সামস প্রতি ১
উঠা প্র
প্রায়শ্চিত্ত ১
তত্ত্ব ২
বংসী
তিঙন্ত ১
বৃত্তি ১
অবিধান ১
মার্কণ্ডেয়—
পুরাণ—১
ক্রিয়াযো
গসার—১
রামায়ণ—৭
কৃষ্ণজন্মখণ্ড—২
বৃহন্নারদী—১
অদ্ভুত রা[মায়ণ]—
নেমোটে পুস্তক—
জায়—
সন্ধিটীকা—১
তিঙন্তটীকা—১

ক্বদন্তটীকা—১
তদ্ধিতটীকা—১
কারকটীকা—১
কারকটীপনী—১
সমাসটীকা ১ টিপনী—১
ভবদেব১

জলাশয়োতশর্গ—
অবিধান—১
বৃত্তি ১
বৃযোতশর্গ ১
ইত্যাদি

১৫৯। শ ৭

শ্রীহরি।—

সরণং—

মোকাম সাতগাছিয়ায় নূতন স্কুল ঘর তৈয়ারির জমা খরচি হিসাব—

জমা—
৭ ফাল্গুন—
শ্রীদুলাল পণ্ডিত—২০
২ চৈত্র—
গুঃ ঐ—১৫
১৮ চৈত্র—
সৃষ্টিধর সরকার—১০
২১ চৈত্র—
শ্রীবীরেশ্বর বাউল ১০

খরচ—
দেয়াল—
১০৪ কাত—১০৶০
মেঝে ভরাট—
ঠিকা চুক্তি—২৷০
বাস খরিদ—
১৭২ কাত—১৬৷০
বড় বাস—
৭২ কাত—
৮ হিসাব—৯
১০০ কাত—
১৩ হিসাবে—৭৷০
তাহার ভাড়া—
৯ কাত ১৶০
ঘাস—
৬৩/০ কাত—
।/১০হিসাব—১৮
বহানিভাড়া—

খরচ—
ফি কাহণ—
/০ হি—১৷৷০
বাস কাটান মজুর—
ও বাহির করে—
১৬৷৷ কাত—২৲
ডোম—
৬ কাত—
৵৫ হিঃ ৬/১০
মজুর—
১০৷৷কাত—
/১৫ হিঃ—১৵১০
বরেয়া ও সাড়ক—
করে—২০কাত—
৵৫ হিঃ—২৷৷/০
সলা করে—
১০ কাত—
৵৫ হিঃ—১৷৵১০
সাড়ক বান্ধে ১০ কাত
ছিটাম করে—
২০কাত
৵৫হিঃ—২৬/০
উভয়ের তলাগিরি—
৪ কাত—
/১৫ হিঃ—৷৶০
ঘর ছায়—
২৩কাত—
৵৫ হিঃ—৩৶১৫
তলাগির—
১০ কাত—

জমা—

খরচ—
/১৫ হিসাব—১/১০
ঘর কাঠাম করে ও—
তাল গাছ কাটে—
মিস্ত্রি চুক্তি—১৷৵
দড়ি—৩৷০
পাটের দড়ি—২
বিচিলি—১।
প্রেক - ৷৷০
তৈল তামাকু—৸০
জলপানি চালু—১৷৷৶
পেনা - ।০
ধঞ্চের মোড়া—৵
ঝুড়ি—৵০
তালগাছ— ·
১ কাত—২।০

১৬০। শ ৮

সন ১২৩৪ সাল
২৭ মাঘ
৬৩
১
———
৬৪
৩১
২৩
———
১১৮

অনুমিতি ভট্টাচার্য্যের টীপুনী—
শ্রীঈশ্বর চন্দ্র ন্যায় বাচস্পতি—
লইলেন ৬৩ পাত—
ক্রোড় পত্র ১ পাত ১১ পাত—

হরিদাসী কুসুমাঞ্জলী ২৩ পাত
রামভদ্রী—৩১ পাত
ক্রোড় পত্র—১ পাত

১৬১ । শ ৯

পুস্তক জায়—
অনুমিতি মু গাটী—
১১ পাত— ১
পরামর্শ ভটী—
১২০১ । ১৭— ১
কেবল গা—
৩১ পাত— ১
অবয়বগা—
২২ পাতা—১
২৬ অবধিচ্য— ১
২২ পাত অবয়বগা— ১
সামান্য নিরুক্তি—
গা ২৪ পাত— ১

সচ্যভিচারগা—
৩১ পাতা— ১
সাধারণ গা—
৯ পাতা— ১
অসাধারণ গা—
৭ পাতা— ১
অনুপসংহারী—
গা ১৩ পাতা— ১
সত প্রতিপক্ষ গী—
২৪ পাতা— ১
বাদ গা—
২৬ পাতা— ১

(১১৬১-১২৮৭ সন)

১৬২। বি ৪৯৩

৭ ওঁ তারা জয়তি—

সেবক শ্রীনীলকণ্ঠ দেবশর্ম্মা সাষ্টাঙ্গ প্রণামা নিবেদনঞ্চাগে মহাশএর শ্রীশ্রীচরণ কৃপাতে এ ভৃত্ত্যের সামইক ভদ্রম্বিশেষঃ। নিবেদন মিদং শ্রীযুক্ত দাদা মহাশয় ৮ রোজ এ বাটিতে পোচিআছেন এবং ৯ রোজ পুরাণ আরব্ধ বাবুদিগ্যের বাটিতে হইআছে জানিবেন লাভাদির কিছু হয় নাই কথকথা উত্তম হইতেছে সকলের মনহিৎ হইআছে আর উত্তর উত্তর ভাল হইতেছে দাদামহাশয় এথানে ভাল আছেন কোন বিশয়ে ভাবিৎ নহিবেন ভ্রাতা শিবগরুকে একবার পাঠাইবেন বহু দিবস হইতে আকিংক্ষা আছে জাহাতে হয় দুই চারি মধ্যে পাঠাইবেন এথানকার সামক মঙ্গল জানিবেন

এই পত্রে শ্রীবাথড়েশ্বর দেবশর্ম্মার প্রণাম জানিবেন অম্র পাঠাই ৶০ তিন পন পত্র দিষ্ট লইবেন এতন্মেধে ১০ গোণ্ডা শ্রীমতি দিদিঠাকুরানিকে দেবেন বহন ব্যক্তিকে বিবচনা করিবেন ইতি—

পরম পুজয়।—

শ্রীল শ্রীমাতৃ সম্পতি মহাশয় শ্রীচরন জুগলে

পত্র দেনা রাইপুর হইতে সাঃ নান্নুব্রাক্ষ্যা

৭৪।০

১৬৩। বি ৫৬৭

শ্রীদুর্গা—

সরণং—

স্বস্তি। প্রাণাধিক প্রিয়তম শ্রীযুত রুদ্রনাথ ভট্টাচার্য্য ভায়া পরম মঙ্গলাস্পদেযু তত্রত্য মঙ্গল বার্ত্তয়া পরম প্রীতর্থ করণীয়ঃ পরং। তুমি না আসিয়া প্রাণাধিককে পাঠাইয়াছ সে ভাল করহ নাই সেখানেও অপ্রতুল ব্যস্ত···এথানেও আমার নানামতে ব্যস্ততা শ্রীযুতের হোম প্রভৃতি বাহুল্যতা আছে এবং থাজানা ও ভৈরব রায় প্রভৃতির উদ্বেগ হরিস বন্দ্যোর টাকাও আইসে নাই ত্বরা পাঠায়া শ্রীশ্রী ৺পুজার দিন সংক্ষেপ

হইল এখানকার লাভ জ্ঞাতই আছহ সে যে হউক ৺প্রতিমার কোটার সাজ প্রস্তুত করাইতেছি ১০ দশ টাকা দিতে হবেক এক দফা সঙ্গতিক্রমে দিয়াছি বাকী টাকা দিয়া পূর্ব্ব দিন সাজ পাঠাইব তাহাতে উদ্বিগ্ন হইবা না মহিষ ব···৯ নয় টাকা এক মহিষে তাহাও পাঠাইব ইতি ··

পুং রূপার বিষয় ভদ্রস্থ নাই লেখা অধিক পুরাতন বাতি এখানে মেলে না সেখান হইতেই উপযুক্ত লোক দ্বারা পুরাতনই আনাইবা। রাজবাটীর নও জিমা সামগ্রীর চেষ্টায় আছি যে প্রকারে হয় তাহাই করিব ইতি বাতাবী নেবু এক পাঠাই ইতি পুং টাকার বিষয় এখানে যেমত তাহা জানিতেছে মহল দাবির টাকা হইতে কিছু টাকা মাধব রায় খানা রাখিবা—

১৬৪। বি ৫৮৭

৭ শ্রীশ্রীদুর্গা—

সন ১১৬৩ সাল—

একজায় শ্রীশ্রী৺পুজার খরচ—

আসামী— জমুনা—

সিদ্ধি—৫১১।

বর্ণ্ণক দিং—১॥

মসলাদি—।০

কারিকর দক্ষিণা—২॥০

কাপড় ১ কাত—॥৵০

চালু—২৲

কলাই— ॥০

চিনি ও সন্দেষ—।০

তৈল—॥৵

লবন—৵

পাঠা—২৲

গুবাক—।০

হাট খরচ—

লঙ্কা—।৵০

জের— ১৩/১৫

দুগ্ধ—৶০

—।৶৫

১৩৸৵

পান—/১০

ধুপ—৫১০

১৪৲

সনা—১/০

পুরোহিত দক্ষিণা—১৲

১৬/০

লোটানকে—

বকসিষ ও ইনাম—

দিগর—।৵০

হাড়ী—।০

১৬॥৶০

তামাকু—/০
ধান্য আতব দি—১।০
গুড়—॥০
চুন—৩৫০
ঘৃত—।০
১৩/১৫

পত্র—/০
নারিকেলার্থ কা—৵০
কুসাসন—/০
দফে পান—/০
বাজে ইলাম—৵
১৭৵০

১৬৫। বি ৭৪৪

শ্রীশ্রীদুর্গা—

শরনং।—

…কৃষ্ণনাথ দেবসর্ম্মণঃ…পরার্দ্ধং নিবেদনঞ্চ…শেষ শ্রীচরণ ধ্যানাদেব সেবক স্যৈহিক পারত্রিক নিস্তার পরং পুস্করণী প্রতিষ্ঠা সংক্রান্তির দিবস স্থির করা গিয়াছে কিন্তু যিনি বচন দিয়াছেন তাহা…একারণ শ্রীঈশ্বর ভাণ্ডারিকে পাঠাই শ্রীযুত লক্ষীকান্ত ভট্টাচার্য্যকে জিজ্ঞাসা করিয়া সম্মতি করিয়া সিঘ্র পত্র পাঠাইবেন তবে আরম্ভ করা জাইবেক বচন পাঠাই দৃষ্টি করিবেন তাহাকে দৃষ্টি করাইবেন ই সংবাদ অদ্যই পাঠাইবেন এবং ৺পূজার নিমিত্তে পকান্ন করিতে হইবেক যদি ৩ তিন সের করিয়া ভাণ্ডারি মার্ফত পাঠাইতে পারেন তবে বড় ভাল হয় ইহা শ্রীচরণে নিবেদন মিতি—২১ কার্ত্তিকস্য

লটকনা—১০ দসটা
নহবত সমাস্তের—১
ক্ষেরুয়া—
তিন কোটা—৩ তিন খানা
বিছানা—৪ সতরঞ্চ প্রভৃতি—
সামিআনা—১ একটা
ভাল ঘড়ি—১ এক খানা
সঙ্কচুড়—১ এক জমা
পুস্করণীর—

শ্রীযুত লক্ষীকান্ত ভট্টাচার্য্য
রাজবাটী না থাকেন তবে
নবদ্বীপ ঈশ্বর ভাণ্ডারিকে পাঠাইবেন
ইতি—

১৬৬। বি ৭৪৫

শ্রীদুর্গা—

শরণং।—

শ্রীলক্ষ্মীকান্ত শর্ম্মণঃ প্রণামা নিবেদনঞ্চ বিশেষঃ।—

আপনার আশীর্ব্বাদে সকল মঙ্গল জানিবেন এবং আমার ব্যবসা ভাল প্রকার হইতেছে সংপ্রতি বুধাষ্টমী ব্রত পূর্ব্বাহ্ন মুহুর্ত্ত ভঙ্গ হইয়াছে তাহাতে ব্রত হইবেক কিনা তাহার ব্যবস্থা লিখিবেন এবং তাহাতে পূজা প্রধান কি পরিসংখ্যা রূপ ভোজন প্রধান তাহা লিখিবেন ইতি তারিখ ১ ভাদ্র

পূজনীয় শ্রীযুক্ত লক্ষ্মীকান্ত ন্যায়ভূষণ ভট্টাচার্য্য মহাশয় সুরাচার্য্যতুল্যেষু।—

চং বহিরগাছি দেনা নবদ্বীপ—

শ্রীদুর্গা

সরণং

প্রতুত্তর আসির্ব্বাদ জানিবা তোমার পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম বুদহষ্টমীর ব্রত হয়নে আমার মত নহে কারণ পূর্ব্বাহ্নে মুহুত্ত পাই নাহি ইতি

শ্রীলক্ষ্মীকান্ত শর্ম্মণঃ।

১৬৭। বি ৮৫২

শ্রীশ্রীরাম—

নমস্কার নিবেদন মিদং—

২৮ অগ্রহায়ণ রবিবার শ্রীযুক্ত হরেকৃষ্ণ নাথের বাটীতে নবগ্রহ হোম করিতে হইবেক আমাদের অনবকাশ আপনি হোমপদ্ধতি সমেৎ তৎ পূর্ব্বদিবস এথানে আসিয়া পৌওছিবেন অন্যথা না হয় বিজ্ঞাপিত মিতি—২৩ অগ্রহায়ণ— [১২৭০ সাল]

শ্রীরামেস্বর দেবশর্ম্মা নিবেদয়তি

গুণিগণাগ্রগণ্য শ্রীল শ্রীযুক্ত গোবর্দ্ধন ন্যায়রত্ন

বৈবাহিক ভট্টাচার্য্য মহাশয় যুচরিতেষু—

১৬৮। বি ৮৯৩

৭ শ্রীশ্রীকৃষ্ণ :—

সন ১১৯৫—

পরম পুজনিয় শ্রীযুত চতুর্থ ঠাকুর পুত্র মহাশয় শ্রীচরণ জুগলেষু—

শেজ্য—

সেবকানুসেবক শ্রীসাগররাম দাস দত্তস্য প্রনামা বহোবো নিবেদনঞ্চাগে মহাঁসএর শ্রীচরণাশীর্ব্বাদে এ সেবকের প্রানগতিক সামুইঙ্ক মঙ্গল বিশেষঃ নিবেদন পত্র লিখিয়াছীলাম তাহাতেই সকল জ্ঞাতো হইয়াছেন শ্রীশ্রী৺পুজার করান এমত ব্রাহ্মণ এখানে ঠাহরেনা তাহায় জ্ঞাতো আছো অতএব নিবেদন শ্রীযুত ঠাকুর পুত্র মহাঁশয়কে কীম্বা পুজা উপযুক্ত জনেক ব্রাহ্মণ পাটাইতে আজ্ঞা হইবেক। ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি—তাং— ২২ আশ্বীন—

পুনুশ্চ নিবেদন—

অন্য কেহো ব্রাহ্মণ না থাকেন শ্রীযুত ভবানন্দ ঠাকুরকে এই লোক সমিভ্যার পাঠাইবেন আজ্ঞা হইবেক ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি—

১৬৯। বি ৯০২

৭ শ্রীশ্রীরাম—

স্বহায়—

৭ সেবক শ্রীদেবনাথ মিত্রস্য প্রণামা সতকোটী নিবেদনঞ্চ। আগে মহাসএর শ্রীচরণ শুভানুধ্যানে এ নফরের সমস্ত মঙ্গল পরে মহাশএর স্বরির [গ]তিক ভাল আছেন যুনিঞা প্রাণ পাইলাম ১৭ ভাদ্র গ্রহনে একটী সিব স্থাপন বাটীতে করিব বাসনা করিয়া আয়জন করিয়াছী আমী দযঞি কিস্তী দাখিল করিয়া বাটী জাইব মহাশয় অধিষ্টান হইলেই কৃয়াটী হয় অতেব নিবেদন অনুগ্রহ করিয়া অম্বপাড়ায় বাটী একবার আগমন হইবেক চিনী এক সের মণ্ডা সন্দেষ এক সের পাঠাই লইতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরণে নিবেদণ করিলাম ইতি ১ ভাদ্র—[১১৯১ সাল]

১৭০। বি ৯০৬

শ্রীশ্রীহরিঃ—

সরনম

মহামহিম শ্রীযুৎ শ্যামসুন্দর ভট্টাচার্য্য মহাসয়

শ্রীনন্দকিশোর দেবশর্ম্মণঃ নমস্কারা বিজ্ঞাপনঞ্চ আগে বিশেযঃ—শ্রীযুৎ রামহরি মিত্রের বাটীতে শ্রীশ্রীসিব স্থাপন হইবেক অন্ত দিবসে গ্রহন দেখিতে নাই একারণ দিবসে হইবেক আপনি অনুগ্রহপূর্ব্বক পদ্ধতি যুধ্বা আসীবেন সাক্ষাতে সকল বিসয় নিবেদন করিব অবস্য অবস্য আসীবেন জ্ঞাপনমিতি তারিখ—৪ মাঘ—

১৭১। বি ৯১৫

শ্রীহরিঃ—

শরণম

পরম শুভাশী: প্রয়োজনঞ্চ। বিশেষ:।

আপনি রামপুর গিয়াছেন শ্রীহেমরাজ দত্ত প্রভৃতি নবরত্ন প্রতিষ্ঠা এবং জলাসয় প্রতিষ্ঠা করিতেছেন ইহাতে শ্রীশ্রী৺বরণ দুই আনার শ্রীবাঞ্ছারাম মুখ মারফৎ পাঠাবেন এবং চিনী এক সিকার এবং সব তণ্ডুল এবং এক মৎস্যটী আমার জন্যে পাঠাবেন এবং আপনারা শ্রীকিঙ্কর মুখ কাহাকে দিলেন তাহা কহিয়া জাবেন জ্ঞাত করিলাঙ ইতি তাং—১৯ আষাঢ়স্য—

পুঃ শ্রীবাঞ্ছারাম মুখকে দেয়াইয়া বিদায় করিবে ইতি

শ্রীটীকারাম দেবশর্ম্মণঃ

পরম কল্যাণীয়

শ্রীযুত শ্যামাচরণ বিদ্যালঙ্কার সচ্চরিত্রেষু—

শ্রীঃ শ্রীঃ

১৭২। বি ৯৫৪

শ্রীশ্রীহরি—

সন ১২০৩।—

দুর্গানাম—

নাং ১৯ মাঘ—	২৮৫০০
২৮ মাঘ—	২৪০০০
১ ফাগুন—	২৪০০০
৬ রোজ—	১৬০০০
৮ রোজ—	২০০০
মোট	৯৪৫০০

১৭৩। বি ১০১৪

শ্রীশ্রীরাধাকৃষ্ণ—

শ্রীচরন ভরসা—

আওগ্রাম—

২২।১২৮২ শাল—

শ্রীচরন কমলেষু ॥—

অশঙ্খ দণ্ডবৎ প্রণাম নিবেদনঞ্চাগে মহাশএর শ্রীচরণাশীর্ব্বাদে এ দাশের প্রনগতীক মঙ্গল বিশেষঃ নিবেদন আমাদের বাটীতে কএকজন শ্রীশ্রীঅষ্টমীর ব্রেতর অনুষ্ঠান করিবেন তাঁহাদের মানষ জে ব্রেতকথা ও ভোগ আদী দিতে হইবেক তাহা আপুনী আশীয়া দেন একারণ নিবেদন কৃপা করিয়া মমালএ সুভাগমনে আজ্ঞা হইবেক এবং আশীবার সময় দিক্ষা করিবার গ্রেন্থ সুর্দ্ধা আনিতে আজ্ঞা হইবেক শ্রীচরনে নিবেদন ইতি—

শেবক শ্রীরাধিকাপ্রশাদ শীংহ।—

১৭৪। বি ১১১৮

শ্রীশ্রীদুর্গা—

সরণং—

সেবকস্য প্রণামা নিবেদনঞ্চ বিশেষঃ।—

ডাকজোগে পত্র পাইয়া সমাচার জ্ঞাত হইলাম আপনকার জে জায়গায় পুস্করিনির জন্য দেওনের কথা হইয়াছিল তাহাতে মহাশয়ের জ্ঞাতিবর্গে এক পত্র লিখিয়াছেন জে

জায়গা খামার পতিত বলিয়া লয়েন সে জায়গা আমাদীগের জমার সামিল এবং ঐ জায়গায় পুস্কনি করিলে আমাদীগের অন্যত্তরে জাইয়া বাস করিতে হয় আমাদীগের পৌত্রিক বাষস্থল ইহা হইলে আমাদীগের কোন মতে গ্রামে থাকা হয় না অতএব এক্ষণে বিবাদ না করিয়া সমঞ্জস্বি করিয়া সৌভার্থ্যে মিঠাইয়া লইতে পারেন তবে সনন্দ করিয়া পাঠাইতে পারি আপনকার বিবাদ করা অনচীত এবং সকল ব্রাহ্মণ মুণ্ডলির ভিতর কোণ কর্ম্ম করা হয় না জেহেতু আমার সময় জানিতেছেন জাহাতে সকল বজায় থাকে তাহাই কত্তর্ব্ব অতএব অন্যত্তরে পতিত খামার কোন স্থান থাকে সন্ধান করিয়া সমাচার লিখিবেন জে হয় করা জাবেক ইতি সন ১২৬২ সাল তারিখ ২১ মাঘ—

শ্রীবারানশী সাউ মিত্রস্য—

অত্র পত্রে সুপ্রতিষ্টীত শ্রীযুত মাধবচন্দ্র সরকার তুমি নিজে সরেজমিনে জাইয়া তদারক করিয়া এ জমী মাল সামিল কী খামার পতিত তদন্ত করিয়া সমাচার লিখিবা ইহাতে অন্যথা করিবা না এবং তুমিও লিখিয়াছ ইহাতে গ্রামের সকল ব্রাহ্মণে আপত্য করিতেছেন অতএব তুমি খুব তদারক করিয়া এ জমি কার হক হইতে পারে ইতি

পরম পূজনীয় শ্রীযুত ত্রৈলক্যনাথ ভট্টাচার্য্য মহাশয় শ্রীচরণেষু।—

পত্র দেনা জেলা বিরভূমের অন্তপাতি থানা কসবা হইয়া পরগনে ভুরকুণ্ডার মৌজে গোয়ালপাড়া উক্ত ভট্টাচায্য মহাশয়ের নিকট পৌছে।—

৵০ আনা ৭৪॥

১৭৫। বি ১২১২

শ্রীশ্রীহরি।—

শ্রীযুত বিদ্যাবাগিষ ঠাকুরের চরণের ধারক শ্রীদাসের নিবেদন আমী বাহিড়ি জাইতেছি আপনে কৃপাবান হইঞা সস্তয়ন করিবেন বাহিড়ি হইতে আসীঞা দক্ষিনা দিবগ্যা অবশ্য অবশ্য চরনে নিবেদন করিলাম ইতি সন ১১৬১ সাল তাং ২২ চৈত্র—

১৭৬। বি ১২৩১

শ্রীদুর্গা

শরণং

ভৃত্য শ্রীকাশীগতি মিত্র দাসস্য প্রণামানন্তাং ভবচ্চরণারবিন্দং সদা চিন্তনীয়ং তেনৈবাস্মন্মঙ্গলং মহাসয়ের গুনানু কীর্ত্তন বহুজন প্রমুখাৎ শ্রবণ দ্বারা অনন্ত হর্যযুক্ত

আছি মানস শ্রীচরণ দর্শণ করি কিন্তু সংঘটন হয় না কারণ কি অতিশয় পুণ্য সাপেক্ষ মহাশয় সাক্ষাৎ শিবাবতার পাপক্ষয় হইলে দর্শণ হইতে পারে সম্প্রতি আমার কিঞ্চিৎ স্বস্ত্যয়ন করিতে হইবেক প্রথমতঃ সর্ব্বোপদ্রব নাশ এবং মোক্ষ হয় এবং আমার স্বেষ্ট দেবতার মন্ত্রসিদ্ধি আর বিসয়াদির মঙ্গল শরীরের রোগ সান্তি হয় ইহার নিমিত্তে প্রত্যেকে পুটিত চণ্ডী অনুগ্রহ করিয়া পাঠ করিতে আজ্ঞা হইবেক ইহ শ্রীচরণে নিবেদন মিতি লিপিরিয়ং আষাড়স্য ষষ্ঠ দিবসীয়া—

এই পত্রে শ্রীব্রজনা[থ] শর্ম্মার প্রণামা জানিবেন—

অগ্রে সর্ব্বোপদ্রব নাশ হয় ইহার নিমিত্তে কিঞ্চিত পুটিত চণ্ডী পাঠ—দ্বিতীয় মোক্ষ হয় ইহার নিমিত্তে পুটিত চণ্ডী পাঠ—তৃতীয় আমার ইষ্ট দেবতার মন্ত্র সিদ্ধি হয় ইহার নিমিত্তে পুটিত চণ্ডী পাঠ চতুর্থ বিষয়াদির মঙ্গল হয় ইহার নিমিত্তে পুটিত চণ্ডী পাঠ—পঞ্চম শরীরে রোগ শান্তি হয় ইহার নিমিত্তে পুটিত চণ্ডী পাঠ করিবেন

আর আর শ্রীযুক্ত ভট্টাচার্য্য মহাশয়ের প্রমুখাৎ জ্ঞাত হইবেন

পরম পূজনীয় শ্রীযুক্ত তারাশঙ্কর তর্কবাগীশ ভট্টাচার্য্য মহাসয় শ্রীচরণ কমলেষু—

১৭৭। বি ১২৩৮

শ্রীশ্রীদুর্গা—

আশীর্ব্বাদাঙ্খী শ্রীশম্ভূনাথ সর্ম্মনঃ।—প্রনামা নিবেদনঞ্চ বিসেষ সংপ্রতি বর্ত্তমান বর্ষে শ্রীশ্রীশ্যামা পূজায় মতদ্বৈত হইতেছে পূর্ব্বে এমত মতদ্বৈত হইলে আমি পূর্ব্ব দীবস পূজা করিয়াছি এ বৎসর শেই মত ব্যাবহার করিব ইহাই ইচ্ছা আছে কীন্তু পূর্ব্বকার যে ব্যাবস্থা আমার নিকট ছিল তাহা অনুসন্ধানে পাওয়া যাইতেছে না মতে নিবেদীতেছি এ বৎসর পূজা কী হইবেক তাহা লিখিবেন এবং শে বৎসর নাড়ি চতুষ্টয়ং সন্তং তর্ত্ত পূজা মহাফলা মনিভিঃ ফল পত্রাস ইশেবিতাং শুর শুন্দরিং ইত্যাদি প্রমানের দ্বারা যে মত ব্যাবস্থা লিখিয়া পাঠাইয়াছিলেন গ্রন্থকর্ত্তৃর নাম উল্লেখে সেই মত বচন প্রমাণ সহ একখানী ব্যাবস্থা লিখিয়া পাঠাইবেন নিবেদণ ইতি সন ১২৮৭। তাং ১২ কার্ত্তিক—

শ্রীশম্ভূনাথ মুখোপাধ্যায়

উলা—

অশেষ সাস্ত্রাধ্যাপক শ্রীযুত লক্ষীকান্ত তর্কালঙ্কর ভট্টাচায্য মহাশয় সুরাচার্য্যকল্পেষু—

মোঃ—বহিরগাছী—

১৭৮। বি ১২৬০

৭ সন ১২৭৬ সাল—
১৫ চেইত্রি—

ধর্ম্মপূজা— খরচ—

বস্ত্র— ৵০
চাদমাল— ⁄০
ধুপধনা— ৫
সিত্তল— ১
আসন অঙ্গরি—১
রম্ভা—১৫
ডাকি— ৵০
সুত্রধর— ৶০
মদ— ৵০
হাণ্ডি— ৵০
ভিত্তে— ৫
রাঙ্গতা— ৫
সন— ১
পাটা— ৷১
লঘুই—— ১
তেইল— ৶০

২৷০

পাটা— ১৷৵০

৩৷৵০

মত্রাঙ্গ—
সামি—
ও ভাপ—
একু— ২৷০
সিরসা—
সিন্দুর—৷৵০
নবিন— ৷৵০
তাম্বা— ৷৵০
নেলাচ— ৷৵০
সিমন্ন— ৷৵০

২৷০

১৭৯। বি ১২৯৬

শ্রীমন্মদীশ্বরচরণসরসীরুহরাজেষু।—

সেবক শ্রীরাম শঙ্কর নাগ দাষস্য প্রণামাঃ পরার্দ্ধং নিবেদনঞ্চ বিশেষঃ—শ্রীচরণধ্যানেই এ সেবকের ঐহিক পারত্রিক···এখানকার সমাচার শ্রীযুত দুলাল শর্ম্মা শ্রীচর[ণের নিকট]

.পহুচিয়া সমস্ত নিবেদন করিয়া থাকিবেন শ্রীপু…মহাশয়ের হোমের কুণ্ড এখানে যাহারা নি…কার সুন্দর পারেণ নদিয়ার যে কুমারে বহিরগাছিতে কুণ্ড নির্ম্মান করিয়া থাকে সে এ কর্ম্মে উপযুক্ত ভাল জামকেরে (?) আজ্ঞা হবেক শিবনিবাস পাঠান কুণ্ড নির্ম্মান করি জায় শ্রীশ্রী৺পূজাদির সামগ্রী গিয়াছে পহুচিয়া থাকিবেক। রাজা সায়েবের ফর্দ্দ শ্রীযুত দেওয়ান জীউকে দিয়াছি সপুত্রের সংবাদ আইসে নাহি যে হয় পশ্চাত নিবেদন লিখিব। পুন্যাহের পর শ্রীযুত মহাসয় শ্রীচরণ দর্শন করিতে যাবেন ইহা শ্রীচরণে নিবেদন করিল ইতি তাং ১১ অগ্রহাণ

১৮০। বি ১৩২৮

৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ—

শ্রীচরনশ্বরনং—

শ্রীশ্রী৺রাধামদনগোপাল জিউ শ্রীচরন প্রসাদাৎ ভরসামাত্র—

শ্রীপদপঙ্কজ ধ্যয়িন শ্রীগঙ্গাধর দাস দেস্য—

প্রনামানন্ত নিবেদনঞ্চাদৌ মহাসএর শ্রীচরন পদ পঙ্কজে মোনভৃঙ্গ মকরন্দ পানাসক্ত মর্ত্তরূপে ভ্রমন করিতেছে তদর্থে সানন্দ বিশেষঃ ॥ পরন্ত নিবেদন মম বাঞ্চা শ্রীপদার্ব্বজ দরশনাকাঙ্খিন মমগ্রহ প্রজুক্ত শ্রীপাট দরসন অভাব আর্ত্তপ্রীয়জন নিমির্ত্ত আপনকাকে পত্র লিপী করিতেছি আমার ব্যাপার আদি কর্ম্ম বড় অপ্রতুল হৈয়াছে তুর নিমির্ত্ত মহাসয় এ ভির্ত্তের প্রীতি সদয় হৈয়া ৺জিউর শ্রীচরনে এক হাজার তুলসি অর্পন করিতে আজ্ঞা হৈবেক আতব চালু সন্দেস বস্ত্রার দাম ।।০ অষ্ঠ আনা পাঠাই দক্ষিনা পরে পাঠাইব এ ভির্ত্তের প্রীতি অনুগ্রহ করিবেন জাহাতে আমিহ রক্ষা পাই এমৎ করিতে আজ্ঞা হৈবেক আমীহ জিবৎ মির্ত্তু হৈয়া আছি ব্যাবসা বানুষ্য জাহাতে ভালো রূপ চলে এমৎ করিতে আজ্ঞা হৈবেক গতাআতে দ্বারায় শ্রীপাটের কুশল লিখিতে আজ্ঞা হৈবেক আমার রাশিনাম শ্রীমধুসদন দাস দে গঙ্গাধর দে দুই নাম সং ……কাস্যপ গোত্র ইহা শ্রীচরণে নিবেদন— … …

১৮১ । বি ১৪৪৯

শ্রীরামঃ—

শরনং—

জায় মঠ প্রতিষ্ঠা সামগ্রী—
সন ১২২৬ সাল
মাহ ১০ ফাল্গুন—
বরণ বস্ত্র জোড়—১২
কুশাসন—১২
অঙ্গুরী—১২
পূজারম্ভ জোড়—৮
সাড়ী—২
শান্তিকুম্ভ জোড়—১
মঠাচ্ছাদন জোড়—১
বৃত্তিশ্রাদ্ধ জোড়—৭
ধূতী—২০
চন্দ্রাতপ—৪
রজত—
আসন—১০
অঙ্গুরী—১০
মধুপর্ক—
বাটী—১০
রজত পৃথ্বী—৩
ষর্ণ সলাকা—৩
ষর্ণপদ্ম ৩
ধ্বজ—১
ধ্বজবস্ত্র—১
পতাকা—৩
ঘণ্টা—১
কিঙ্কিনী—১

চামর—১
চক্র—১
কাষ্ঠময়—
বৃষ—১
আতব তণ্ডুল—২ মোন
মুগ—৪ সের
মসী—/০
চিনি—
সন্দেশ—
পান—১০০০
গুবাক—/০
দধি—৪ সের
দুগ্ধ—২ সের
হোম
ঘৃত—৩ সের
মধু—১ সের
নারকল – ২০
বে…—২
পঞ্চগব্য—১
পঞ্চপল্লব—
পঞ্চরত্ন—২ প্রস্থ
পঞ্চশ্রীফল—১
যজ্ঞকাষ্ঠ—৩ প্রস্থ
সঙ্কু—৪
কলস—৮
ঘট—১৫

স্নান—
কর্কবী—১
সরা—৮
মালসা—৮
কুশ—
শুষ্ককাষ্ঠ—
সসিষ—
নী—
ইত্যাদি—

১৮২। বি ১৪৫৩

শ্রীশ্রীরামঃ।—

সরণং—

ত্বদীয় শ্রীকৃষ্ণচন্দ্র শর্ম্মণঃ নমস্কারা নিবেদনঞ্চঃ বিশেষ। শ্রীশ্রীসিবঠাকুর নিম্মানের মায় গঠনের বিশয় আপনে কহিয়া গেলেন পুস্থক দেখিয়া বেবস্তা কহিয়া পাঠাইবেন বাচক না আসাতে নিম্মান মহকুপ হইয়াছে অতেব পুস্ত্যক সমেত আপনি খিদীরপুরের বাটীতে অবস্য অবস্য আসিবেণ নিবেদণ মিতি—২৯ শ্রাবণ

১৮৩। বি ১৪৫৪

৭ শ্রীশ্রীহরি—

সরণং—

ত্বদীয় শ্রীকৃষ্ণচন্দ্র সর্ম্মাণঃ নমস্কারা নিবেদনঞ্চঃ বিসেষঃ কল্য খিদীরপুরের বাটীতে শ্রীশ্রী৺দোলজাত্রা হইবেক আপনারা আসীয়া দরসন করিবেন পত্রে দোরা নিমত্রণ করিলাম নিবেদন ইতি—৬ চেত্রী

মদেকস্বদয় শ্রীযুত বলরাম তর্কবাগীষ ভট্টাচার্য্য বৈবাহিক মহাসয় তথা শ্রীযুত সিতারাম বিদ্যাবাগীষ ভট্টাচার্য্য মহাসয় তথা শ্রীযুত আত্মারাম নেয়বাগিষ ভট্টাচার্য্য মহাসয়—

১৮৪। বি ১৪৭৯

পুষ্করনী প্রতিষ্ঠা ফর্দ্দ—
চতুর্হস্ত পরিমিত বেদী—১
বরণ জোড়—৪
পূজার জোড়—১
পূজার ধুতি—৪
পূজার শাটী—২
পরিধেয় বস্ত্র—১
গামছা—১২

যূপকাষ্টাচ্ছাদনবস্ত্র—২০ হস্ত
দানের বস্ত্র—১
বরণাঙ্গুরি—৪
আসনাঙ্গুরি—৭
মধুপর্ক বাটি—৭
যজ্ঞোপবিত—৮
প্রমানৈবিষ্ঠ—৭
কুঁচানৈবিষ্ঠ—২
আতপতণ্ডুল—৷৷৹ মোণ
উপকরণদিগর—
যূপকাষ্ট বিংশতি হস্ত—১
সার্দ্ধ ত্রিহস্ত যূপকাষ্ট—১
লৌহচক্র—২
ঘণ্টা—১
ক্ষুদ্রঘণ্টা—৮
চামর—১
পঞ্চবর্ণগুড়ি
রজত বরুণ প্রতিমা—১
রজত পৃথ্বী—১
স্বর্ন অষ্টনাগ—৮
স্বর্ণ কুর্ম্ম—১
স্বর্ণ মকর—১
রজত মৎস—১
রজত ডুণ্ডভ—১
তাম্র কুলিরক—১
তাম্র ভেক—১
লৌহ শিশুমারক—১
কলসী—৮
শরাব—৮
মালাসা—২
সুর্প—১
ধুচনি—১
রাঙ্গা সুতা—
সশিশ নারিকেল—৫
মাষকলাই—
দধি—
দুগ্ধ—
যজ্ঞকাষ্ঠ—
হোমের বালিকাষ্ঠ—
সমিধ্
সিন্দুর—
পঞ্চগব্য পঞ্চামৃত—
পঞ্চপল্লব—
মধুচিনি—
ঘৃত—৴২৷৷৹ সের
পাভি—১
থাল—১
জলপাত্র – ১
শয্যা—১
ছত্র—১
পাদুকা—
পিড়ি—১
মূলদক্ষিণা—২
বরণদক্ষিণা—৪
দানদক্ষিণা—১
গোদক্ষিণা—১

১৮৫ । বি ১৫১৬

শ্রীরাম :—

শরণং—

৭ঁশ্রীশ্রীবাটীতে—

শ্রীযুত বাবুজীউর কল্যাণে—

ষস্ত্যয়ন হয় তাহার হিসাব—

ইস্তক—

নাগাদ—

শ্রীশ্রীশিবপূজা—৩২৪

শ্রীশ্রীদুর্গানাম—৩০০০০০

জবা—১০০০০০

পদ্ম—১০০০

শিব নৈবেদ্যাদি আতব চালু—১তঙ্কা

ঘৃত—॥০

মর্ত্তমান রম্ভা—১॥০

গুগ্গুলু—⁄০

পুষ্প—।০

বিপত্র—⁄০

প্রদীপ—১০

সরা—⁄০

কুশাসন—২কাত ॥০

ঝুড়ি—⁄০

পরিচারক

ব্রাহ্মণ—৪

নৈবেদ্য—৭৬ কাত ৯।⁄০

হবিষ্য সামগ্রী—১৬।০

চন্দন— ১

জবাদক্ষিণা— ১৪

শিবদক্ষিণা— ৮১২

পদ্মদক্ষিণা— ।০

নামদক্ষিণা— ৯।⁄০

জবামূল্য— ১২॥০

পদ্মমূল্য— ১

চিনি— ॥০

মধু— ⁄০

বাজে খরচ— ।⁄০

ওয়াসীল— ৬

একদফা— ৮

একদফা— ৯

একদফা—

একদফা—১৬

১৮৬ । বি ১৫১৭

শ্রীহরিঃ—

শরনং—

স্বস্তি শ্রীরামলোচন দেবশর্ম্মণঃ পরমশুভাশিষাং রাসয়ঃ সন্তুবিশেষঃ ৬ আষাঢ় বুধবার

আম্মার দোহিত্র শ্রীউমাচরন মুখোপাধ্যায়ের উপনয়ন হইবেক আপনারা আসিয়া কর্ম্মাপন্ন করিবা পত্র দ্বারা নিমন্ত্রন করিলাম ইতি তাং ৪ আষাঢ়—

পরম কল্যাণীয় শ্রীলক্ষ্মীনারায়ণ ভট্টাচার্য্য চিরঞ্জীবেষু—

১৮৭। বি ১৫৩৮

শ্রীশ্রীহরি—

সহায়—

নেগঁড় কর্ত্তা মসাই সপ্তদষ দিবশে বুধবার তারিখে রাষজাত্রা হইবেক অতএব তোমরা কোমাক্ষ্যা গ্রামে মদভুবনে ষুভাগমন পূর্ব্বক জাত্রাদি দরশন করিবে পত্রে নিমন্তীৎ মিতি—সন ১২৮৩ সাল তাং ১৫ কাত্তীক—

শ্রীকৃষ্ণমোহন সর্ম্মা

পরমকল্যান বড় শ্রীযুক্ত কালাচাঁদ ঘোশাল বাবাজীবন কল্যাণবরেষু—

দেনা—কোষার—

১৮৮। বি ১৬০২

৭শ্রীশ্রীহরি ঃ

শরনম্ ঃ—

সেবক শ্রীকালীশঙ্কর দেবশর্ম্মণঃ প্রনামা বিজ্ঞাপনঞ্চ আগে বিশেষঃ পরন্তু আমার পুত্র শ্রীশ্যামাচরণ বাবাজিবের শুভোপনয়ন ২৯ ফাল্গুন হইবেক আপনকারা আশিয়া সম্পূর্ন্ন করিবেন পত্রদ্বারা নিমন্ত্রিত মিতি তাং ২১ ফাল্গুণ—

সম্বন্ধি — সালা

নিল্ আচার্য্য — রাঁমলোচন চক্রবর্ত্তী—

সাং শ্রীচন্দ্রপু[র] — সাং কুড়ুম্বা

১৮৯। বি ১৬০৩

৭শ্রীশ্রীহরি—

পরমপুজনীয় শ্রীশ্রী৺জীউ মোথুরানাথ টাকুর জীউ মহাসয় শ্রীচরণেষু—

লিখিতং শ্রীমত্যা কোরুনা বেওা জতো রামজয় ষুত্রধর কস্য একরার পত্রমিদং কাষ্যঞ্চাগে পরগনে চন্দ্রকোনা মৌজে রামগঞ্জ গ্রামে আমাধ্যের বশবাষ ছীল মহাসএর নিকট আমরা মন্ত্র লইআ মন্ত্রশ্রীশ্রী হইয়াছি পরে ইলামবাজার মোকামে থাকীআ ভেক

লইআ বৈষ্ণব হইআছী মহাশএর শ্রীশ্রী আমী এমতে অবিস্ত মহাসয় তাহাতে আমাদের ত[ল]ব করিআছীলেন তলব অন্তে হাজীর আসীঅ। একরার করিআ দীলাম বারিসীক আয় মহাসঅকে গুরুজ্ঞাজন অপনে করি এহাতে অন্যথা করিব নাই এইতদার্থে একরার পত্র লিখীআ দীলাম ইতি সন ১২৪৯ সাল ৭ বৈসাখ শ্রীমত্যা নোটনা বেস্তা—

সাং ইলামবাজার—

ইসাদ—

শ্রীনারাণ কৈবর্ত্ত—

সাং গাজীপুর—

শ্রীমান আচার্য্য—

সাং গাজীপুর—

শ্রীকেষব কালীম (?)—

সাাং দক্ষীণপাড়া—

শ্রীমুক্তারাম আচার্য্য—

সাং গাজীপুর—

১৯০। বি ১৬৫৭

৭ শ্রীহরিঃ—

শরণম—

সন ১২০০ শাল

শকাব্দাঃ ১৭১৫

তাং ২৯ কার্ত্তিক—

শুভ গৃহারম্ভ :—

দেওয়ালের জন জায়—

মাহ অগ্রহায়ন—

২৯ রোজ ছাওয়া দেন—

শ্রীগোরোচরণ সরকার—

অম্বাত (?)—১৲

মাহ অগ্রহায়ন—

১ রোজ গোড়ট দেন—

অম্বাত—১৲

১০ রোজ লক্ষ্মীকান্ত অধিকারী—

দেওয়ালের খরচ

চালু—২ দুই কাঠা

মুড়ি—১ কাঠা—

তামাকু—।৵০ ডেড় পোয়া

।৴৩।।

দেওয়াল দং—২৲ টাকা

নেয়ালির দড়ি—৪৫ আটি—৶০

বাবুই—২ আটি ৻১০

বেঁইচার দড়ি—২।।০ সের ৶১৫

ঝরকার দুয়ার

বৈকালি—১৲
১৫ রোজ বৈকালি—১৲
২১ রোজ বৈকালি—১৲
২৯ রোজ আনন্দ দলই—১৲
অস্বাত—১৲
মাহ পৌষ—
৮ রোজ শ্রীত্রিলোচন মুখোষ্যা
অস্বাত—১৲
২১ রোজ অস্বাত—১৲
মাহ মাঘ—
৭ রোজ অস্বাত—১৲
১৩ রোজ অস্বাত—১৲
৩০ রোজ অস্বাত—১৲
১১৲

বৈশা জায়—
গুং শ্রীরামজয়
সুত্রধর—/০ এক আনা /০
সিকল ও সুরুযা দং—/০
ইত্যাদি

১৯১। বি ১৬৯০

৭ শ্রীশ্রীকৃষ্ণ।—

সেবকাসু সেবক শ্রীমানিকচন্দ্র চন্দ্রষ্য দণ্ডবৎ প্রণামা নিবেদনঞ্চাগে আপনকার আসীব্বাদে এ নফরের প্রাণগতিক কুষল বিসেষ নিবেদন জেকথা আপনকাকে নিবেদন করিয়াছি সিব পূজা সন্তান ও ব্রহ্মার পূজা তাহা মাহ জৈষ্টীর নাগাদ ২৮ ও ২৯ তারিখে হইতে পারে কী নাপারে তাহার বেওরা সমাচার পাঠাইতে আজ্ঞা হইবেক আর মাহ আসাড়ের নাগদ ৫ পাচ বিবাহের দিন হইতে পারে কী নাপারে তাহা দেখিআ আসীতে আজ্ঞা হইবেক এই দুই বিসএর সমাচার কল্য নাগদী পাঠাইতে আজ্ঞা হইবেক জদী আপনি এক দণ্ডকে অবকাষ পান তবে অনুগ্রহ করিয়া আমার বাসাকে আসীতে আজ্ঞা হইবেক ইহা চরণে নিবেদন করিলাম ইতি সন ১২২৭ সাল তাং ২০ জৈষ্টী—

১৯২। বি ১৫১৮

৭ শ্রীশ্রীরামঃ—

জায় সাধারণ বিরাট—

বল্লপুর—১০ বিন্নুরিয়া—১২

তাম্বূল দান সাধারণ—

সাঃ বল্লপুর—

নিত্যানন্দ কুমারের ঘরে—	১ এক জোড়
কালু নাগের ঘরে—	৪ জোড়
নিতাই নাগ দরূণ—	১ জোড়
ফকির নাগ দরূন—	২ জোড়
প্রশাদ দাশ দরূ—	১ জোড়

[১খ

৭ হরি—

জায় জলদান শাঃ বিন্নুরা—সাধারণ

স্বকুদেব সরকার দং ১ এক ঝারি—

কিঙ্কর কর্ম্মকার ১ একটী—

রাম বেন্যার কর্ম্মে ১ একটী—

কৃপারাম কর্ম্মকারে পিতাকর্ম্ম ১ একটী—

১৯৩। বি ১৭১০

শ্রীশ্রীদুর্গা—

স্মরণম্—

তাতো মে তুলসী বনে হরিকথা স্মহো শরীরং জহৌ।

তস্যাত্মা ভবিতাং ক্রিয়ার্কা বিকরণ্যাষ্টাদশে বৃশ্চিকে॥

অত্রালয়ে নিমন্ত্রিতা গুরুনিভা সংপদ্যতা সদসি। ইতি।

নিগদিত বঃ শ্রিয়া গনেষচন্দ্র দাস প্রণতং॥

অশেষ শাস্ত্রাধ্যাপকঃ শ্রীল শ্রীযুক্ত ত্রৈলক্ষ্যনাথ ন্যায়রত্ন ভট্টাচার্য্য মহাশয় স্বরগুরু-তুল্যেষু।—

চলিতা পত্রীকা—ডিহিপাড়া হইতে দেয়া গোয়ালপাড়া গ্রামাৎ—

১৯৪। বি ১৭১৮

৭ শ্রীহরি :—

সন ১২১৭ সাল—

একজায় ব্রাহ্মণ পণ্ডিত—

আসামী—	দান—	নগদ—	বাঁসাবাটী—		
বড়বেলন—	গাড়ু—	৩	ন্যায়ালঙ্কার—		
তৈপুর—	গাড়ু—	২	বাটী—		
সুরুল—	থাল—	২	বল্লবী ঘোষ—		
নানোর—			রাজীব রায়—		
শিখর—	থাল—	২	হররায় বাটী—		
সাওতা—	বাটা—	১	ন্যায়ালঙ্কার বাটী—		
সিমুল্যা—	ছোট থাল—	২	গুরুচরণ রায়—		
টিকুরী—	০—	১	রাজীব রায় বাটী		
কোতলঘোষা—	থাল—	১	বিশালাক্ষী বাটী—		
২ সুরুল—	০—	১	নফর সরকার—		
গঙ্গানন্দ ভং—	থাল—	১	ভৈরব রায়—		
কুড়ম্ব ঘোষ—	থাল—	১	তিলক ঘোষ—		
কিরিন্নাহার—	থাল—	১	রাজকিশোর—		
দাতিনা—	—	১	কৈঃ—		
শুকমনি—	কাটা—	১	গাড়ু—	২—	২
যজ্ঞেশ্বর—			থালা—	৯—	৫
ভাগিনা—	বাটা—	১	বাটা—	৪—	
শ্রীনাথ ভ—			পিলসত—	৩—	
গোপী ভট্টা—		১	বস্ত্র—	১	
কড়য়া—			পুরোহিত—		
চানক—	পিনদ্ধ কাপড় বাটা—				

২১

কসবা ধর্ম্মদাস বস্ত্র ১ জোড়

—ত্রৈলোক্যনাথ ভ পিলস্রত

কলগাঁ গোস্বামী—২ প্রস্ত—২

১৯৫। বি ১৮৮৭

শ্রীশ্রীদুর্গা :—

স্মরণং—

সীবপুজা—২৮	দানভ স্তব—২৮
শ্রীশ্রী৺দুর্গানাম—২৫০০৮	মাহিষ কবজ—২৮
শ্রীশ্রী৺মধ্য বোধন মাঘ—২৫০০৮	আপদউদ্ধার—২৮
তুলুসী—২০০৮	নবগ্রহয় স্তব—২৮
বিল্ব পত্র—২০০৮	ইন্দকেতুর স্তব—২৮
করবি—১০৮	অপরাজেতি স্তব—২৮
জবা—২৮	গাইতি—১০০৮
পদ্ম—১০৮	

১৯৬। বি ৩১৩৭

৭ শ্রীশ্রীরাম :—

মোহর
বিষ্ণু

শ্রীরাম চ...

ইয়াদিকির্দ্দ সকল মঙ্গলালয়।—শ্রীনারায়ন মোদক যুচ্চরিতেষু পুস্কনী খনন জড় খরিদগি পত্র মিদং কার্য্যনঞ্চী আমারদ্দিগের জমিদারি পরগনে কাঠগড় মধ্যে মৌজে যুগসরাতে গ্রামের দক্ষীন চরকপুস্কন্নীর ইসান কোন পতিত ডাঙ্গা বিমজ্জীম জব্দ কাঠা চাহার দস্তী মওাজী।৩ আট কাঠা বাদ রকম ৮/১৬ তের আনা সোল গণ্ডা।১ ৫১৭। ছয় কাঠা সওা সতের গণ্ডা বাকী /১৲২৮ এক কাঠা এগার কড়া মোওাফীক তপসিল তোমাকে পুস্কন্নী খনন কারন জড় খরিদগী দিয়া অস্ত পনবহা মবলগে ১ এক টাকা সহি সিক্কা পুরা ওজন দস্তবদস্ত লইয়া আপন কাবিজ তসরূপে আনিলাম তুমি পুস্কন্নী খনন করিয়া শ্রীশ্রী৺পৃতে উছগ্য করিয়া পুত্র পৌত্রাদি ক্রমে পরম সুখে ভোগ করহ দান বিক্রয় শর্ব্বাধিকার তোমার আমারদ্দিগের সহিত কস্মিনকালে দাওা এলাকা নাস্তী এতদর্থে পুস্কন্নী খনন জড় খরদগী পত্র দিল ইতি সন ১২০৩ বার সও তিন সাল তারিখ—১৭ ফাগুন—

১৯৭। বি ৩১৪১

৭ঁ শ্রীরামঃ—

স্বহায়—

শ্রীভবানীসঙ্কর সর্ম্মনস্য—

মোহর

ইয়াদি কীর্দ্দ সকল মঙ্গল লয় শ্রীনারায়ণ মোদক দরখাস্ত করিলে পরগণে কাঠগড় মধ্যে কিসমতি যুগসরার আমার নিজ তরফের জোলির মাঠের নিকট পুস্কন্নী খনন দাণ উচ্ছগ্য করিবে তাহাতে আমার নিজ কিসমতের সালী জমী ।৪ নয় কাঠা আপণ সইচ্ছা পুর্ব্বক ২১ একুষ টাকা সলাওাত সেলামী সব্ব দস্তবদস্ত লইয়া পুস্কন্নী খনন দান উচ্ছগ্য করিতে দিল গ্রাম মু[জ]কুরের আমার নিজ তরফের কর্ম্মচারি ও প্রজা কোতওাল মৌফিক চকনামা দরখাস্ত মতে নিসাদা করিয়া দিবেক তুমি পুস্কন্নী খনন দাণ উচ্ছগ্য করিয়া পুত্রপৌত্রাদি ক্রমে পরম যুখে ভোগ করহ এ জমীর পুর্ব্বাপর হইতে রাজস্ব মাফ আছে আখন থাকীল জদি কখুন্ন হাকীম কোণ বাবুত দাওা করে তাহার জবাব আমি দিব তোমার সহিত এলাকা নাই এতদার্থে পুস্কন্নী খনন দান উচ্ছগ্য কারণ পত্র দিল ইতি সন ১২০৩ বার সও তিণ সাল তারিখ ১৫ ফালগুণ

১৯৮। বি ৩১৪২

৭ঁ শ্রীরাম।ঃ—

স্বহায়—

শ্রীভবানীসঙ্কর—

ইয়াদী কীর্দ্দ শ্রীনারায়ণ মোদক যুচরিতেষু আগে চয়ন্ত পুস্কনীর পাহাড় নালা গোচার পতিত সর্ব্বসাকুল ।৷ আদ কাটা নিজ হিস্যায় পুস্কন্নী খনন কারণ দেওা গেল পুস্কন্নী খনন করিবে দান উছগ্য করিয়া ভোগ করহ ইতি সন ১২০৪ সাল তাং ২৯ বৈসাখ—

১৯৯। বি ৩১৪৮

৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ।—

পরম পূজনিয় শ্রীযুৎ গুরুপ্রসাদ ঠাকুর পুত্র মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রী শ্রীমতি বিমলা মুনি দেব্বী কন্য বিক্রী দানপত্র মিদং কায্যনঞ্চা আগে মৌজে পালিগ্রাম পরগনে আজমৎসাহি মৌজে মজুকুরের মর্দ্ধে আমার হিস্যা ব্রহ্মত্যের বসতবাটী ও জমি ও গ্রাম হাএর জে জে জমী ও বাগাত ও পুস্কর্ন্নি আছে তাহা আমি সইচ্ছা পুর্ব্বক আপন খুসিতে আমার স্বামী এবং আমার সর্গার্থে আপনকাকে দান করিলাম দান করিয়া দানপত্র লিখিয়া দিলাম আপনি ব্রম্রত্তর বাটী ও জমী পুস্কন্নি ও বাগাত… নিচের তপসিল মাফিক পুত্র পৌত্তত্যাদি ক্রামে ভোগ দখল করিবেন আমি…ওয়ারিসান কেহ কাল কালাও দাওা করে ও করি সে ঝুটা ও বাতিল ও নাম…আপন খুসিতে সশ্চন্ধ সারিরে আনপুর্ব্বকে হুস বাহালে দানপত্র লিখিয়া…

সম ১২১৬ সাল—তারিখ ৯ আশ্বীন—

[১খ শ্রীনবকুমার মিত্র

সন ১৮০৯ সাল

১৭ সেতম্বর—

২০০। বি ৩২১৩

৭ শ্রীশ্রীহরি—

কল্যাণবরেষু—

যুভাসির্ব্বাদ বিজ্ঞাপনাঞ্চ বিশেষঃ—

পরে শে বাটীর কুষলাদী সমাচার লিখিবে এবাটীর মঙ্গলাদী জানিবে আর শ্রীযুক্ত বাঞ্চারাম মুখোপাধ্যায় মহাসয়কে মোকাম কলীকর্ত্তায় শ্রীশ্রী৺পূজা কারাইবার কারণ জাইতে কহিয়াছিলে তাহাতে মুখোজ্যা মহাসয় জাইতে নারাজ থাকা সোনামুখী মোকামে তাহার প্রমুখাত জ্ঞাতো হইয়া মুখোপাধ্যায় মহাসয় কহিলেন জে তোমাকে অনেক পুজার কারণ ব্রাহ্মণ জোটার করিতে হয় জদ্যপী তুমী জায় তবে পাচ সাত টাকা অনাআযে পাইবে এবং আমী নবকে কহিয়া জাব জেমন অন্য আর ব্রাহ্মন করেন না অতএব তোমাকে পত্রের দ্বারা লিখীতেছি জদ্যপী তোমাকে ৺পুজার কারণ ব্রাহ্মণ করিতে হয় তবে করিবার আবিশ্বক নাই আমী জাইব… এবং তোমার কোন তারিখ নাগাদ জাইবে সেই তারিখ… [নাগ]দী লিখীলেই একজোগে সকলে কলীকর্ত্তা

জাব অতএব এই পত্রের জবাব শ্রীযুক্ত মাসী ঠাকুরানির সঙ্গে লিখীবে ইহার কো[ন] উত্তর করিবে না আর কীময় (?) সোনামুখী মোকাম দীয়া জদ্যপী জাত্রা হয় তবে মাসী ঠাকুরানিকে কহিআ দীবে জে এই তারিখ নাগাদ এ বাটীকে আসীব সেই অনুজায় আমী সাত করিয়া থাকীব পত্রের জবাব যাহা হয় তাহা লিখীবে ইতি—তা—২৬ ভাদ্র—

শ্রীরবিলোচণ মুখোপাধ্যায়—

পরম কল্যানিয়—

শ্রীযুক্ত নবকুমার বন্দোপাধ্যায় ভায়াজী কল্যাণবরেষু—

মোঃ—পলাষডাঙ্গা পাহার

২০১। বি ৩৫০৩

শ্রীশ্রীরামকানাই—

একজাএ শ্রীশ্রী৺প্রভুজিওর শ্রীমন্দিরের জমা খরচ সন ১২৭৭ সাল তারিখ ২৪ ভাদ্র সরিক শ্রীকিষ্ণমোহন টাকুর রকম ॥ অধিক—

জমা—

২৪ ভাদ্র—১৲ ।০

২৯ ভাদ্র— ৸৶০

২৪ আশিন— ॥০

৩ কাত্তিক— ১৲

বেতি জমা— ।০

খরচ—

২৪ ভাদ্র—

বেনি বাগত্তিকে— ।০

২৯ ভাদ্র—

ভাটার কাষ্ঠ আনান—

ভাড়া দেআ জায়—৸৶০

২৪ আসিন—

ইসর মিসত্তিরিকে—॥০

নফর বাওত্তির—

তস্য পুত্তকে—

৩ কাত্তিক—

আরাকড় খরচ— ৸১০

কাস্টছেন মুনিস—

বেনি বাগত্তিকে— ।১০

বিস্ক বাএনকে বোটীকু (?)—

জমা—

খরচ—
কোরান দাম দেআ গেল—৵০
বেতি বাগিচার কাষ্ট কাটান—
মোনিস ২ দুইটা—
বংসি বাএনকে— ৵০
কল্ল বাএনকে— ৵০

২০২। বি ৩৫০৪

শ্রীরামঃ।—

শরনং—

বেদবিদ শ্রীশ্রীনাথ দেবশর্ম্মণঃ।—

নমস্কারা নিবেদণঞ্চাগে মহাসয়ের আসির্ব্বাদে এ জনার প্রাণগতিক সমস্ত মঙ্গল বিশেষঃ। পরে নিবেদন অনেক দিবশ হইল তথাকার বাটীর মঙ্গলাদি সমাচার না পাইআ অত্যন্ত ভাবিৎ আছি আর শ্রীমতি স্বশ্রূ ঠাকুরানির শ্রীশ্রী৺ভাগবৎ পুরান নাগাইদ বিশে ২০ বাইশে ২২ জৈষ্টী জায়া আরম্ভ হইতে পারে এজন্যে পত্রে লিখি জ্ঞাতো হইবেন এখানে জে পুরান শ্রীশ্রী৺ভাগবৎ আরম্ভ হইআছে অদ্যাপী সমাপন হয় নাই

২০৩। বি ৩৫০৫

৭ শ্রীশ্রীহরি॥—

শরণং।—

শ্রীশ্রীচরণাম্বুজেষু।—

ভবদীয়কৃপাবলোকনাদং বিশেষঃ পরং···তাবতি বার্ত্তা মদ্‌গৃহে শ্রীশ্রী৺শ্রীমদ্ভাগবত পুরাণ ৯ বৈশাখ আরম্ভ হইয়াছে ২০ জষ্ঠস্য বিংসতি দিবসে সমাপন হইবে দয়া নিধান ঘনেস্যামপুরের বাটী শুভাগমন পুর্ব্বক উক্ত পুরাণ আদি শ্রবণ করিয়া কৃতার্থ করিতে অজ্ঞা হইবেক। শ্রীচরনে নিবেদন করিলাম ইতি তারিখ—১৮ জষ্টীয়স্য

দুস্তর ভবার্ণব গভীর নীরোদ্ধার কারণ শ্রীল শ্রীযুক্ত মদীষ্ট দেবতা ঠাকুর মহাসয় শ্রীচরণকমলেষু—

২০৪। বি ৩৫০৬

৭ শ্রীশ্রীদুর্গা—

সন ১২৭৮ সাল

বাস্তুযাগের ফর্দ্দ

বেদী—১
বরণ জোড়—৪
ইত্যাদি—
উপকরণ দিগর—
কলসী—৮
শরাব—৮
মালসা—৪
সনাল গগর্গরি—১
কুলা—১
ধুচুনি—১
দ্বাদশাঙ্গুল প্রমাণ
খদির শঙ্কু—৪
যজ্ঞ কাষ্ঠ—
নুতন ইষ্টক—১
পানের বিড়—১৫ গণ্ডা
ষষ্ঠী পুজার শাটী—১
মার্কণ্ডেয় পুজার ধুতি—১
ছত্র—১
কম্বলাসন সহিত—
কাষ্ঠাসন—১
দক্ষিণা—
ইত্যাদি

গ্রহজজ্ঞের শামগ্রী—

ঘৃত—
তিল—
যব—
মধু—
গোময়—
গোমূত্র—
দধি—
দুগ্ধ—
চিনী—
বাতাশা
নারিকেল—
সেত শর্ষপ—
মাষকলাই—ছটাক
শিন্দুর—
ধূপ ধূনা গুগুল—
আবাটা—
শর্ব্বোষধী—
পঞ্চগুড়ি—
পঞ্চপল্লব—
পাণ—
শুপারী—
হরিদ্রা—
টাঠি—
গুড়ি হাড়ি—
উদুখল মুষল শ্রূপদী—

ছুতার মিস্ত্রীর—
নদির বালী
জুল খড়—
ইত্যাদি—

২০৫। বি ৩৫০৭

শ্রীমধুসূদন ঘোষস্য স্ত্রী—
শ্রীলক্ষ্মীপ্রিঁয়া গোপাল মন্ত্র—। ক্লীং ফুঁ ফট।
সাং গোলাড় শ্রীকাশীনাথ পালিতস্য
স্ত্রী শ্রীঠাকুরানী দাসী। দুর্গা মন্ত্র।
সাং আমনপুর শ্রীহরপ্রসাদ ঘোষস্য স্ত্রী
শ্রীসাবিত্রা দাসী। দুর্গা মন্ত্র। স্ত্রীঁ দুঁ।২॥
রামরত্ন বসোঃ পত্নী
শ্রীভবানী দাসীতি—

২০৬। বি ৩৫০৮

শ্রীহরি ঃ—
শরণং—

স্বস্তি শ্রীরামলোচন দেবশর্ম্মনঃ পরম শুভাশিষাং রাশয়ঃ সন্তু বিশেষঃ ৬ আষাঢ় বুধবার আমার দোহিত্র শ্রীউমাচরণ মুখোপাধ্যায়ের উপনয়ন হইবেক আপনারা আসিয়া কর্ম্ম সম্পন্ন করিবা পত্র দ্বারা নিমন্ত্রন করিলাম ইতি তাং ৪ আষাঢ়—

পরম কল্যানীয় শ্রীলক্ষ্মীনারায়ন ভট্টচার্য্য চিরঞ্জীবেষু—

২০৭। ত ২

(ক)

৭ শ্রীশ্রীহরি ঃ—
সন ১২২২।—
সিদ্ধিপুর—

খতিয়ান জমী
।০০০—

তাঃ রামচন্দ্র বাবু—
মঃ পিরেস্তর—

শ্রী৺মানিকপীর

আসামী—	জমী—	জিঃ—
৪৫৭ দাগ	৪৸০	সালি
৪৫৮ দাগ	৸৪	যুনা
৪৫৯ দাগ	।৩	দো
৪৬০ দাগ	⁄৪	কর্প
৪৬১ দাগ	।৪	ইক্ষু
	৬৸০	

(খ)

৭ শ্রীশ্রীহরি :—

খতিয়ান জমী সন ১২২২ ।—

।০০০— সিদ্ধিপুর—

তাঃ রামচন্দ্র বাবু—

মঃ দেবত্তর—

শ্রীশ্রী৺কাত্তিক ঠাকুর—

আসামী—	জমী—	জিঃ—
৩৩৫ দাগ	।৩	সালি
৩৩৬ দাগ	৯।৪	যুনা—
৩৩৭ দাগ	।২	দো—
৩৩৮ দাগ	⁄৩	কর্প—
৩৩৯ দাগ	৸৩	ইক্ষু—
	১১।০	

(গ)

৭ শ্রীশ্রীহরি :—

খতিয়ান জমী সন ১২২২ ।—

।০০০— সিদ্ধিপুর—

তাঃ রামচন্দ্র বাবু—

মঃ পিরেত্তর—

শ্রী৺মানিক সাহেব—

আসামী—	জমী—	জিঃ—
৪২৫ দাগ	৫৬৷৷৪	লালি
৪২৬ দাগ	১৯৸৪	সুনা—
৪২৭ দাগ	৷৷১	দো—
৪২৮ দাগ	৷০	কর্প—
৪২৯ দাগ	⁄৪	ইক্ষু—
	৭৭৷৷৩	

(ঘ)

৭ শ্রীশ্রীহরিঃ—

খতিয়ান জমী — সন ১২২২ ।—

৷০০০— — সিদ্ধিপুর—

তাঃ রামচন্দ্র বাবু—

মঃ পীরেত্তর—

শ্রী৺বনবিবি—

আসামী—	জমি—	জিঃ—
৪৩০ দাগ	১৩⁄১	বাস্তু—
৪৩১ দাগ	২৩৷৩	বাস—
৪৩২ দাগ	৷৷২	বাগাত—
৪৩৩ দাগ	৷০	কলা—
৪৩৪ দাগ	৸২	হলুদ—
	৩৮⁄৩	

(ঙ)

৭ শ্রীশ্রীহরি ঃ—

খতিয়ান জমী — সন ১২২২ ।—

৷০০০— — সিদ্ধিপুর—

তাঃ রামচন্দ্র বাবু—

মঃ দেবত্তর—

শ্রীশ্রী৺লক্ষিনারায়ণ জীউ—

আসামী—	জমী—	জিঃ—
৩২৫ দাগ	।৩	সালি—
৩২৬ দাগ	৩।৪	ষুনা—
৩২৭ দাগ	॥০	দো—
৩২৮ দাগ	।৪	কর্প—
৩২৯ দাগ	।০	ইক্ষু—
	৫⁄১	

(চ)

৭ শ্রীশ্রীহরিঃ—

খতিয়ান জমী সন ১২২২ ।—

০০০— সিদ্ধিপুর—

তাঃ রামচন্দ্র বাবু—

মঃ পিরেত্তর—

শ্রী৺মাদার সাহেব—

আসামী—	জমী—	জিঃ—
৪২০ দাগ	১০৸১	বাস্তু
৪২১ দাগ	২৩⁄২	বাস—
৪২২ দাগ	।৪	বাগাত—
৪২৩ দাগ	৸৩	কলা
৪২৪ দাস	⁄৪	হলুদ—
	৩৫।৪	

(ছ)

৭ শ্রীশ্রীহরি ঃ—

খতিয়ান জমী সন ১২২২ ।

০০০— সিদ্ধিপুর—

তাঃ রামচন্দ্র বাবু—

মঃ দেবত্তর—

শ্রীশ্রী৺তারকনাথ ঠাকুর—

আসামী—	জমী—	জিঃ—
৩০৫ দাগ	৸১	সালি
৩০৬ দাগ	।০	যুনা
৩০৭ দাগ	৬৷৷২	দো
৩০৮ দাগ	।৪	কর্প
৩০৯ দাগ	৸২	ইক্ষু
	৮৸৪	

(জ)

৭ শ্রীশ্রীহরিঃ —

খতিয়ান জমী
।০০০—

সন ১২২২।
সিদ্ধিপুর—

তাঃ রামচন্দ্র বাবু—
মঃ পীরেত্তর

শ্রী৺বড়পীর—

আসামী—	জমী—	জিঃ—
৪৪৫ দাগ	১৩⁄৩	সালি—
৪৪৬ দাগ	১⁄২	যুনা—
৪৪৭ দাগ	।৩	দো—
৪৪৮ দাগ	১৪৸৩	কর্প—
৪৪৯ দাগ	।৪	ইক্ষু—
	৩০	

২০৮। ন ৫

৭ শ্রীশ্রীহরি।—

পরম যুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চ বিশেষ অদ্য আমার বাসায় রাত্রে চৈইত্রী গাজন হইবেক অতএব সন্ধার পর আসার সময় করিয়া শ্রবণ করিবেন জ্ঞাপণ ইতি তারিখ ২৯ভাদ্র—

পরম কল্যানীয়—
শ্রীযুত আনন্দময় দত্তজী—
কল্যাণেষু—
৭৪৷৷০

২০

২০৯। ন ৬

শ্রীশ্রীদুর্গা—

জয়তি—

দিক্ষার জায়—
সাং চাঁদা—
কমলাকান্ত রায়স্য স্ত্রী—
ব্রহ্মময়ী দাসী—হ্রীঁ দুঁ। ইয়ং দুর্গা
সার্থক চৌধরি স্ত্রী
অন্নপূর্ণা দাসী—ক্লীং দুঁ। ইয়ং দুর্গা
সাং ফতেপুর—
বিশ্বনাথ ঘোষস্য স্ত্রী— ।হ্রীঁ ॥১॥
অভয়চরণ ঘোষস্য—
…গু মোহণ স্ত্রী—
…সরথি ঘোষ স্ত্রী—
…রুদাস ঘোষ স্ত্রী—
মদনমোহন ঘোষ স্ত্রী
রাধামোহন ঘোষ স্ত্রী
নরহরি ঘোষ স্ত্রী—
রূপচরণ ঘোষ স্ত্রী—
সাং নল্যা—
কাসিনাথ মণ্ডল স্ত্রী—
মথুরামোহন মণ্ডল স্ত্রী—
হরচন্দ্র মণ্ডল স্ত্রী—
সাং কাচগড়্যা—
জজ্ঞেশ্বর সরকার স্ত্রী—
সাং জোতছিরাম—
৺মাধব মিত্র স্ত্রী—
৺অম্বিকাচরণ মিত্র স্ত্রী—
সাং কারকবেড়্যা—

মহেশচন্দ্র বসো স্ত্রী—ক্রী ॥১
রূপনারায়ণ বসো স্ত্রী—।ক্লীঁ দুঁ।২
সাং জোতশ্রীরাম —
রাজবল্লভ মিত্র স্ত্রী—
তিনকড়ি মিত্র স্ত্রী—। ক্লীঁ কৃষ্ণায় নমঃ।
তারাচাঁদ মিত্র স্ত্রী—
রামজীবন মিত্র স্ত্রী—
সাং ভক্তিপাড়া—
রত্ন মিত্র স্ত্রী—ক্লীঁ দুঁ
প্রেমচাঁদ মিত্র স্ত্রী—
সাং ঘরগোহালি—
৺মথুরামোহন ঘোষ স্ত্রী—
হলধর ঘোষ স্ত্রী—
গোবর্দ্ধন ঘোষ স্ত্রী—
৺রামনারায়ণ ঘোষ। হুঁ দুঁ ফট।
স্য সাং হরাদিত্তি স্ত্রী ব্রহ্মময়ী দাসী—
কৃষ্ণমোহন চক্রবর্ত্তি স্ত্রী—
সাং আহারবেলঙা—
তিতুরাম নেওগী তস্য স্ত্রী—
সাং গুইর—
কাসীনাথ সিংহ স্ত্রী—
বৈদ্যনাথ সিংহ স্ত্রী—
সাং আকড়ি ছিরামপুর—
হরমোহন ঘোষ স্ত্রী—
মধুসূদন ঘোষ স্ত্রী—
সাং দশঘরা—

নামমোহণ বসো স্ত্রী
বৃন্দাবনী দাসী হ্রীঁ শ্রীঁ
রামজয় বসোঃ স্ত্রী
শ্রীমতী নরোত্তমা দাসী ক্রীঁ ।১
শ্রীশিষ্যমন্ত্র বোধক—
সাং মোহনপুর —ক্রীঁ ।
কালী চক্রবর্ত্তি স্ত্রী—কৌশল্যা দেবী
সাং রামপুর রাধাঁ —॥ক্রীঁ॥১
কান্তদত্তস্য স্ত্রী —বিদ্যাদাসী
সাং গোপালপুর— ॥ক্রীঁ ॥১।
গৌরমোহন স্ত্রী—নামা
সাং খানকুল
গঙ্গানারায়ণ ঘোষস্য স্ত্রী·—।ক্রী ।১
সাং আজাপুর—
মদনমোহ[ন] বসো স্ত্রী—
সাং রামনগর—
হলধর বসোর্বিমাতা—ক্লীঁ দু ॥
তস্য খুড়ি অন্নপূর্ন্না—
তস্য স্ত্রী—
সাং রামনগর—
শ্রীধনঞ্জয় বসু দাসস্য—ক্রীঁ ॥১
শ্রীপুরুষোত্তম বসু দাসস্য চ—ক্রীঁ ॥১॥

খড়েগশ্বর বসু দাসস্য । দূঁ ॥১॥
শ্রীমনোহর বসু । ক্রীঁ ॥ ইয় কালীমন্ত্রীকা
দাসস্য
তস্য পত্নী—
শ্রীমতি নয়ানী দাসী—ক্রীঁ ।১
ওঁ ওঁ দুর্গা—
সাং অঙ্কপাড়া—অন্যা মন্ত্রা
শ্রীশম্ভু মিত্রস্য । দূঁ ॥১ জগদ্ধাত্রী
স্ত্রী শ্রীলক্ষ্মী দাসী— দুর্গা
সাং রামপুর—
তারাচাঁদ দত্তস্য স্ত্রী—
উমাচরণ দত্তস্য স্ত্রী—
বনমালী দত্তস্য স্ত্রী—
আনন্দময় দত্তস্য স্ত্রী—
স্বরূপচন্দ্র দত্তস্য স্ত্রী—
সাং সেহারা বেচারাম—
দত্তস্য স্ত্রী—। ক্রীঁ ॥
সাং তোড়কোনা—
শিবচন্দ্র বসো স্ত্রী—
গোপীনাথ ঘোষস্য স্ত্রী—
গোপাল ঘোষস্য স্ত্রী—

২১০ । ন ৭

শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২২৭ সাল—

মৌরেজপুর—

রসীদ রুপেয়া বাবুত—

পুষ্করিণী খাদের সকল সেলামী পরগনে দরি মৌরেজপুর আসামী শ্রীনিলকান্ত মণ্ডল সাং বাতাষপুর সন ১২২৭ সাল তারিখ ১৫ পোনেরএ চৈত্র—

আসামী— আদদা—
সে— তঙ্কা
শু—খোদ—৮
মবলগে আট টাকা মাত্র মবলগে আট টাকা ইতি

২১১। শ ১০

৭ শ্রীশ্রীদুর্গা—

আজ্ঞাকারি শ্রীবিশ্বেশ্বর দেবসর্ম্মা—
প্রনামা নিবেদনঞ্চ বিশেষ বৰ্দ্ধমান মোকামে মহাসয়ের সহিত জে সকল কথোপকথন কহিয়া আশীয়াছিলাম সে সকলী সর্ত্ত কীন্তু আমাদ্দের জাজ্জর বিসয় নহে অতএব বিলুম্ব হইয়াছে আমী কথক দীবস বাটীতে ছিলাম না এক সেত হরিন নইলে কর্ম্ম নিস্পর্ত্ত হয় না আমী অনেক তলাষ করিতেছি মহাশএর তলাষে মেলে তাহা পাঠাইয়া দেবেন ইহাতেই বিলুম্ব হইয়াছে এই সকল সন্ধ হয় করিয়া লোকের মাং কহেন তো অতী অপন্যায় মহাশয়কে আমী দুই দফা পত্র লিখিয়াছিলাম তাহার প্রতি উত্তর লেখেন নাই বুঝি পত্র পান নাই হরিন পাইলেই সীঘ্র কর্ম্ম নিস্পর্ত্ত হইতে পারে আমীহ অনেক তল্যাষ করিতেছি মহাসয় তল্যাষ করিবেন কীছু সন্ধই করিবেন নাই নিবেদন মিতী তাং ১৭ আসাড়—

পরম পূজনীয়—
শ্রীযুক্ত কালীপ্রশাদ তর্ক্যশীধ্যান্ত—
দাদামহাশয় শ্রীচরণেষু।—
পত্রদেনা মোঃ—সাতগেছা—
৭৪।।০

২১২। শ ১১

শ্রীরামঃ—
শরণং—

সেবক শ্রীশিবরাম দেবশর্ম্মণঃ প্রণামা বহবো নিবেদনঞ্চাদে বিশেষঃ এখানকার সমস্ত মঙ্গল এখানে চণ্ডীচরণ বসুর বাটীতে সংক্রান্তি দিবস শ্রীভাগবত আরম্ভ হইবে নিমন্ত্রণ পত্র আসিয়াছে অতএব আপনি ২৯ উনত্রিসা পর্য্যন্ত অবশ্য অবশ্য বাটী আসিবেন ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি— তাং ২৭ চৈত্র—

২১৩। শ ১২

শ্রীশ্রীদুর্গা—

শ্রীচরণ ভরসা—

প্রনাম সত কটী নিবেদন মিদং—

পরে নিবেদন আগত ৩ মাঘ শুক্রবার তারিখে আমার ভাগিনা শ্রীমান নকুড় চন্দ্র বন্দপাধ্যায়া বাবাজীবনের জজ্ঞপবিত্র ধারন হইবেক অতএব মহাশয়রা অনুগ্রহ করিয়া মোকাম কুচুইটের বাটীতে সুভাগমন করিয়া সুভকার্য্য সমপন্ন করিবেন পত্র দ্বারায় নিমন্ত্রণ করিলাম ইতি সন ১২৮৬। তারিখ—২৯ পৌষ

শ্রীরাখাল দাশ ভট্টাচার্য্য—

পরম পূজনিয় শ্রীযুত মাধবচন্দ্র ভট্টাচার্য্য মহাশয়।—

শ্রীচরণ জুগলেষু—

পত্রদেনা—মোকাম—সাতগেছে—বোনপাস

৭৪॥০

২১৪। শ ১৩

৭ শ্রীহরি।—

সন ১২০১—

শ্রীশ্রীস্বামীর—

ভিক্ষার জাই—	
প্রথম—	
নিজ বাটী—	১
শ্রীরামজয় বড়াল—	১
শ্রীগৌরীচরণ চৌধুরী—	১
শ্রীতিনকড়ি ভং—	১
রামবল্লব বন্দ—	১
রামসুন্দর বন্দ—	১
নিজ বাটী—	১
রামলোচন ঘটক—	১
	৮

সুখময় অধিকারি—	১
নিজ বাটী—	১
কালী চক্রবর্ত্তী—	১
রামসুন্দর বন্দোপাধায়—	১
গৌরী চৌধুরী—	১
কানাঞি মুখুজ্যে—	১
রামলোচন ঘটক—	১
কৃষ্ণমোহন সরকার—	১
রামচরণ—	১
তারিনি সঙ্ক—	১
তিনকড়ি ভট্টাচার্য্য—	১

কৃষ্ণমোহন সরকার—	১
নিজ বাটি—	১
সুখময় অধিকারি—	১
পাচকড়ি চক্রবর্ত্তী—	১
চণ্ডীচরণ—	১
দুলাল মুখুজ্যে—	১
	১৪
কাসী চক্রবর্ত্তী—	১
রামসুন্দর চট্ট—	১
সুখময় অধিকারি—	১
রামসুন্দর বন্দ—	১
রামকানাঞি মুখ—	১
	১৯
সিবু বন্দ—	১
বলাই চক্রবর্ত্তী—	১
ভগবতিচরণ বড়াল—	১
ত্রিকোটি ভট্টাচার্য্য—	১
	২২
সাতকোড়ি ভট্টাচার্য্য—	১
রামবল্লব বন্দ—	১
নিজ বাটী—	১
রাম শুন্দর—	১
চৈতন চট্টো—	১
নিজ বাটী—	১
সুখময় অধিকারি—	১
	২৮
দুলাল মুং—	১
পাচকড়ি চক্রবর্ত্তী—	১
নিজ বাটী—	১
	২৯

২১৫। শ ১৪

শ্রীহরি :—

সরণং—

নিত্যং স্বস্তি কুর্ব্বতঃ শ্রীবীরেশ্বর দেবশর্ম্মণঃ—

পরমসুবাসীবাসিরসীমোহস্ত ভবতীনাং ভচ্যমচ্যাহতমীহমীহমানস্য তদব্যাহতং বিশেষঃ—পরং আমারা এখানে আপনকার মনোঽভিমত বিহিত কর্ম্ম করিতেছি তাহাতে কাল প্রযুক্ত ফলোহয় কিঞ্চিৎ কালব্যাজে হয় যথাসার্থ বিহিত যথোক্ত কর্ম্ম অবস্য ফলদহক ইহাতে সন্দেহ কর্ত্তব্য নহে কাল বিলম্ব কাল প্রযুক্ত মাত্র পূর্ব্ব শ্রীযুত হরচন্দ্র বন্দ্যোপাধ্যায় মারফৎ চারি টাকা পাঠাইয়াছিলেন তাহা পাইয়াছি এবং আমারা এক পত্র পাঠাইয়াছিলাম তাহার প্রত্যুত্তর কিছু পাই নাই আমারা এখানে খরচ পত্রের অপ্রতুল প্রযুক্ত ব্যস্ত হইয়াছি আপনি অভিজ্ঞ বিসেষ বিধান করিয়া পূর্ব্ব পত্রে পুজোপকরণ ঘৃতাদির যে যে দ্রব্য লিখিয়াছিলাম সেই সকল দ্রব্য সীঘ্র এই লোক মারফৎ পাঠাইয়া দিবেন

দৈব কর্ম্মের অঙ্গভাঙ্গ ফল গত তারতম্য হয় এবং আপনি বিবেচনা করিয়া খরচ পত্র পাঠাইবেন এবং বাবুজীদিগের মঙ্গলাদি পাঠাইয়া পরমাপ্যায়িত করিবেন কিমধিক মিতি লিপিরিয়ং চৈত্রস্য সপ্তবিংসতি দিবসীয়া—

২১৬। হ ১১

৭ঁ শ্রীশ্রীহরি—

সহায়—

শ্রীচরণযুগলেষু—

অগননীয় প্রণিপাত বিসেষ—

আমার আগত ২৮ তারিখে গ্রহযাগ করিবার মতলব ছীল কিন্তু গুরু রাহু যোগ জন্য তাহা নিরোধ হওয়ায় সান্তী যাগ উক্ত তারিখে হইবেক অর্থাৎ পুরশ্চারন ইত্যাদী হইয়া তাহার নিয়মানুসারে হোম হইবেক তৎবিসএ মহাসয় বিসেষ পারগ ও অজ্ঞ লোক এ জন্য লিখী আগত ২৮ তারিখের পূর্ব্বে ২৬ তারিখে সনিবারে তেলিবেড়্যা মোকামে এ ভৃত্যের বাটীকে যুভাগমন করিয়া বাধিত করিবেন এই গীরিষকে সঙ্গে আনীবেন আপনকার যদৈবত সমস্ত হইবেক অতএব দুই দীবস পূর্ব্বে আসা চাই আমী অত্র বিসএ আপনাকে প্রধান অধ্যক্ষ বলিয়া যানি ইতি সন ১২৮৫।— ২৪জষ্টী

শ্রীগঙ্গানারাণ মুখোপাধ্যায়—

২১৭। হ ১২

৭ঁ শ্রীশ্রীহরি—

ভরসা—

পরব যুভাশীর্ব্বাদ রাশয়সান্ত বিশেষ।—

পরে শ্রীযুত সীতানাথ চট্টোপাধ্যায় বাপাজী তোমার্দের নিকট জাইতেছেন সংপ্রতি বাপাজীর জাহাতে সুন্দরমতে বাকুণ্ডা মো॰ পোহছেন তাহা তোমারা য়োদজুগী হইয়া রাস্তা ঘাট কহীয়া দিবা আর অতি জতন পূর্ব্বক বাপাজীকে রাখীবা আর আমিহ বিক্ষ পীতীষ্টা করিবার মানশাছে তোমরা কীঞ্চীৎ ২ সাহাজ্য না করিলে হইতে পারে না অতএব উক্ত চট্টোপাধ্যায় বাপাজী আপনাদের বাটী হইতে আসীবার কালিন জক্তপী

তোমার্দের মো০ দীয়া আসেন তবে কীঞ্চীৎ'২ জাহাতে পাওা হএ তাহা করিবে পত্র-দ্বারায় আপন ২ মোঙ্গল সংবাদ লিখায়া আনন্দ রাখীবা ইতি—তারিখ ১৫ আসার—

আশীর্ব্বাদী পত্রী—

শ্রীদিননাথ দেবশর্ম্মা গোস্বামি—

ঐ চট্টোপাধ্যায় বাপাজী আমার ভাগীনা শম্পর্ক হয় এবং বিষষ্ট সন্তান এ বেক্তিকে আমরা পূর্জ করি অতএব বাপাজীর যাহাতে মান শর্ম্মান থাকে তাহা করিয়ো যেন এে বিসএ আমার নিন্দা না হয় ইতি—

পরম কল্যানবর শ্রীযূক্ত রসীকলাল ঘোস

সাং গৈতনপুর

তথা শ্রীযুত শ্রীমন্ত ঘোস্ সাং নারিচা তথা শ্রীযুত দারিকানাথ দত্ত ও শ্রীযুত নদেরচাঁদ দত্ত ও শ্রীযুত শম্ভুনাথ দত্ত ও শ্রীযুত ভোলানাথ দত্ত ও নফর কুণ্ডু সাং শোনামুখী

হাটতলার দক্ষীণ—

তথা শ্রীযুত নফরচন্দ্র মণ্ডল তথা শ্রীযুত নদেরচাঁদ মণ্ডল তথা শ্রীযুত গুড়োণ মণ্ডল তথা শ্রীযুত অদ্বৈত মণ্ডল তথা শ্রীযুত বদীমণ্ডল বাপাজী চীরাউ নিরাপদেষু সর্ব্বশাং মুক্তপুর—

২১৮। হ ২৩

৭ঁ শ্রীশ্রীদুর্গা

সহায়—

প্রণাম

নিবেদন বিসেষ বত্তমান মাহাতে আমী বাটী পহছীয়া আপনকার সবিশেষ সংবাদ শ্রুত হইয়া পরমাহ্লাদীত হইয়াছী হাঙ্গামার পূর্ব্বে অবধি আমী পাতকুমে থাকায় হাঙ্গামার পরে আপনকার কিছু বিপদের খবর ষুনিয়া অতিসয় দুখ্খীত হইয়া ঐ পাতকুমে আপনকার নামে সস্তাণ কালামুখীর প্রকরণ সাস্তী করিয়াছীলাম সেই কালীন ৩ দফা আপনকারে পত্র প্রেরণ করিআছীলাম তাহার কোনই জবাব আপুনী লেখেন নাই বোদ করি পাইয়া থাকীবেন আমারি অদিষ্ট সে জাহোক ঐ পাতকুমে সমাচার দর্ব্ব্য সনামুগ ৩সের এবং শস্থবস্ত্র ঘৃত এক ১সের ধুপদীপ আতব আর চালু ইত্যাদী আপনার নিজের ব্যয় করিয়া আপনকার মঙ্গলের নিমিত্ত সাস্তী করিয়াছী জ্ঞাতার্থে নিবেদন করিতেছী এখানকার মঙ্গল তথাকার মঙ্গলাদী হামেশা লিখিবেন ইতি—'

২১৯। হ ৩০

৭ঁ শ্রীশ্রীদুর্গা
স্বহায়—

চিরজীবেষু—

পরম যুভাসীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চ বিশেষং।—

অনেক দীবস হইল তোমাদের কুশলআদী সংবাদ না পাইয়া ভাবিত আছি ডাক জোগে ২ দুই পত্র লিখিয়াছিলাম বোধ করি পাইয়া থাকীবে তাহার জবাব লেখ নাই সে জাহক সংপ্রতি এই পত্র পাঠ মাত্র শ্রীযুক্ত সীতানাথ চট্টোপাধ্যায় ও শ্রীমান জানকী-নাথ চট্টোপাধ্যায় বাবাজীবন দীগে মাহ চৈত্রী এখানে পাঠাইয়া দীবে ইহাতে অন্যথা করিবে না কারণ ফলসার বধুমাতা এখানে আছে অতএব তুমার ভায়া জদ্দপী এখানে না থাকে তবে তাহার সংবাদ লীখীবে কারণ আমার এখানে জেরকম কারবার হইয়াছে একজন না থাকীলে কী প্রকার চলে আমী স্ত্রীলোক ইহা বিবচনা করিয়া তুমী নিজে এক সাত আসীয়া জে কত্যর্ব্ব হয় তাহা করিবে কীন্তু তোমাদের আসা চৈত্রী মাস দেখীয়া তোমাদের আষা ভরসা সকল পরিত্যাগ করিব কেননা আমী পীরিত আছী এ কারণ আমার একটী অপর লোক লেখাপড়া করিয়া রাখীতে হইবেক ইহা বিবচনা পূর্ব্বক জাহা হয় তাহা করিবে আমী লীখীয়া থাকায় তমরা আমাকে অনেক ক্লেস দীলে ইতি—

আং শ্রীমত্যা ত্রিপুরা সুন্দরি দেব্ব্যা—

জের

কারণ আমী দুই বৎসর শ্রীশ্রী৺সারদীয় পূজা করিতেছী তাহাতে তুমরা অনেক আশীয়া আমার কর্ম্ম করিলে না কী করি এখন সবই সৎকার্য্য মুরূর্খ লোক লইয়া পূজা সমাধা করিয়াছী কীন্তু এটা তোমাদের উচীত নহে জাহক সে আমার অদীষ্ট এই মাহাতে না আইলে আমী পুসীপুত্র লইব।—এখানকার মঙ্গল তথাকার বালক বালীকা দীগের মঙ্গল আদী সংবাদ লীখায়া সন্তোষ রাখীবে ইতি সন ১২৭৩ সাল ২৯ ফাল্গুণ—

অত্র পত্রে শ্রীযুক্ত দীননাথ চট্টোপাধ্যায় আমার নমস্কার জানীবে মূল পত্রে সকল সমাচার জ্ঞাত হইবে এখানে আসীবার তাছল্য করিবা না তাছল্য করিলে তমাদের পক্ষে মঙ্গল হইবে না আমার বরাত বিনামা ১ জোর ও পুস্তদানা ১০ সের ও খদীর ৴৫ সের আর জাহা দীব্ব্যাদী আনীতে হয় তাহা আনীবে ইতি

শ্রীউমাচরণ ঘোষাল—
সাং কড়ই—

২২০। হ ৫১

৭ঁ শ্রীশ্রীদুর্গা—

প্রতুলকর্ত্রী—

শ্রীচরন সরসি দিবানিসি স্মারক শ্রীমধুস্থদন দেবশর্ম্মনঃ—

ভূমিগত সষ্টাঙ্গ দণ্ডবৎ প্রণামা নিবেদনঞ্চ আদৌ আপনকার শ্রীচরণ সদাসর্ব্বক্ষণ ধ্যান করণে এ সেবকের অহিক প্রার্থীকের নিবেদন পরে—আপনকার আজ্ঞাপত্র ডাক-জোগে অদ্য তারিখে পাইআ সমাচার অবগত হইলাম আগত মহাবৃসব সংক্রান্তিতে আপনকার ব্রত প্রতিষ্ঠা তাহার নিমিত্তক নগদ মুদ্রা পাঠাইতে আজ্ঞা হইয়াছিল কীন্তু তাহা পাঠাইতে অক্ষম হইলাম মাত্র ৪॥ টাকা দিআ একজোড়া তসর কাপড় কিনিআ ছিলাম তাহার এক বাস পাঠাই ব্রত প্রতিষ্ঠাতে দিবেন আর এখানে কে উত্তম আমটের আমদানি আসিয়াছিল তাহার ২দুই…পাঠাই গ্রহণ করিআ এ সেবককে চরিতার্থ করিতে আজ্ঞা হইবেন আপনকার অনুগত সিস্যানি শ্রীমতি গাইত্রিকে কিঞ্চিত প্রসাদ দীআ চরিতার্থ করিবেন ও দুই গুলি কুল আচার পাঠাই তাহাও গ্রহন করিবেন…পৃত-জন্য মউরি এখানকার সেরের ২॥ আড়াই সের ও ধুন্যা ॥ অর্দ্ধসের পাঠাই গ্রহন করিবেন ও আপনকার বধুর নিমিত্তক মেথি ৩ তিন পূআ ২॥ আড়াই সের পাঠাই তাহাকে দিবেন ও আপনকাকে বাতাস করিবার বধুর নিকট ২ খান বাঁসের পাখা পাঠাই তাহার দ্বারায় ব্যজন করাইবেন গৃহস্থালীর জন্য ফুক নল ২ দুইটি ও বড় রকম খাঁটি এক ও মধ্যম … … …

ভাষ

॥ সামাজিক ॥

(সন ১১২৯-১২৮৫)

২২১ । বি ৪৬১

৭ঁশ্রীশ্রীহরি—

শন ১২৬৬ শাল তারিখ ৬ চইত্রি—

সাং বড়জোড়ার—

শ্রীহারাধন দে আতিম্যানী থাকায় আমী গামের সোল আনা গেআত সকলেকাকার চাক করিআ একত্ত করিতে চাহিলাম তাহাতে ঠাকুর সকলে আমাকে কহিলেক জে তোমার বাটীতে এখেন আগমন করিতে পারিব না কেননা জে স্থলে তুমী আমারর্দের পতিত আছ সে স্থলে তোমার বাটীকে জাইলে তুমী উর্দ্ধার হইবে তাহাতে আমী কহিলাম জে আমীর গতি কি হয় তাহাতে কহিলেন জে তোমার পীত্যাকে আনানহ আর তোমার আপষ বন্দো ২।৪ দুই চার জোনা ঘুরিতে কারন আনহ তাহাতে আমী আমার পীত্যাকে লোক পাটীআ আনাইলাম আর মোকাম বাথনডিহার গোবিন পাল ও সোনাতন পাল ও বারনাবেড়ার ভোলা [না]থ দত্ত ও পখনা মোকামের কাসিনাথ দত্ত ও আমার ভাআদ লফরচন্দ্র দে ঐ রাধাকান্ত পাল ঐ হারাধন দে ঐ মাধব দত্ত ঐ বকেরর্শ্বর দত্ত ঐ মোকাম বেলাতোড়র ধরনিধর কর ঐ সকল লোক ঘুরিতের কারন আমী সমীভ্যারে করিআ আসীআছিলাম নিজ মাহার ৬ তারিখে ইহারা মোকাম বড়জোড়া পুহুছিআ পতিত বেকত্রীর ঘরকে না জাইআ ঐ ভবানী পালের বাটীতে পুহুছিআ আমরাহ সকলে স্যামমুনির সকলকাকে জোড় করিআ পতিত বেকত্রী কহিলেক জে আমার পীতা আসীআছেন আর আপষ বোন্দ ঘুরিতের কারন আসীআছেন তাহাতে আমার গতি জাহা হয় তাহা আপনকারা মোনজুগ করিআ মুক্ত করুন তাহাতে গামুনিরা কহিলেক জে আমাদ্দের আযুতে মোকামের গামুনি ৩ তিন ঘর আসেন নাই এ কারন আজকার মোজিলিষ থকিত রহিল কল্য তারিখে ঐ তিন ঘরকে আনা করিআ জাহাতে ভাল হয় তাহা করিব পরে ৭ তারিখে ঐ তিন ঘর ঐ গামুনি সকলে একত্র হইআ কহিলেক জে তুমী আমাদিগে কি কহিতেছ তাহাতে পতিত বেকত্রী কহিলেক জে আমার গতি কি হয় তাহাতে তাহারা কহিলেক জে

তোমাকে ১০০ এক সও টাকা এবং দুই দিন সেবা করিতে হইবেক তাহাতে ঐ ষুরিত বেকত্রীরা কহিলেন জে আপনকারা সোল আনা গেরামুনিতে সকল করিতে পারেন কিন্তু ঐ বেকত্রীকে বিধিমত পাছীত করাইআ ঐ আপনকারা সেবা লইআ ইহাকে সানুকুল হইআ মুত্ত করুন তাহাতে কহিলেক জে আমরাহ সকলে বুঝিআ কল্য তারিখে কহিব পরে ৮ তারিখে মোজলিষ করিআ কিত্তি বেকত্রী ভুমে পড়িআ কহিলেক জে আমী একদীন সেবা করিতে সংগতি হয় আর জেরূপ পুরাপর মান্য আছে তাহা দিতে পারি অধিক আত্ম্য হইলে আমী মারা পড়ি দোহাই দসের তাহাতে ষুরিত বেকত্রীরা কহিলেক জে আপনকারা এ বিসএ সকল করিতে পারেন কিন্তু আপনকারা এক ঘটী জলে উদ্ধার করিতে পারেন এবং টাকা নিতেয় পারেন ঐ কথা যুনিআ ঐ সকলে কহিলেক জে ২৫ টাকা লইআ পুরুহিত ঐ হুকা দিব পরে ইহার বাটীতে জখন আহার আদী করিব তাহার আলাহিদা বিবচনা করিআ-লইব তাহাতে ঐ গামুনি মোধুযুদন দে কহিলেক জে এক বেকত্রীর দুই দণ্ড হইতে পারে না তাহাতে ঐ ভবানি পাল কহিলেক জে তোমাদ্দের ঘর ঋক্য নাই তবে এমন কথা কয় কোন এই কথা কহিআ ঐ ভবানি তিন চারি জনাকে সমীভ্যারে করিআ মোজলিষ হইতে উটীআ গেল জাইআ কি মোষতন করিআ আসীএ কহিলেক জে বোহি গ্যামুনি যুরিত ভাইরা থাকিলে উহা গতি হইবেক নাই এই কথা যুনিআ আমরা উটিআ আইলাম পরে মধুযুদন দে ঐ নন্দাচাঁন্দ পাল ঐ রঘুনাথ দে ঐ রামধন পাল ঐ গপাল কর ঐ ভরব কর ঐ ভবানি কর ঐ হরি কর ঐ ছট গুরুচরন দে এই সকল লোক কহিলেন জে জে আপনকারা জাহা করিবেন তাহাতে আমরাহ আছী তাহাতে ঐ গামুনি কএকজন লইআ আপনকার্দ্দের পঞ্চগামীর ভরসা করিআ ঐ গামুনির আর আপনকাদের পঞ্চগামীর মান্য ৮ টাকা বিবচনা করিআ ঐ এক দিবষ সেবাউত জোগ করিআ বিধিমত প্রাছিত করাইআছী তাহাতে আপনকার যুদিষ্টী করিআ জাহাতে আমাধের মান্য থাকে তাহা করিবেন ইতি সন ১২৬৬ সাল তাং ১০ চৌইত্রী—

২২২। বি ৪৬৫

শ্রীহরি—

মহামহিম শ্রীযুত ব্যাবস্থাপক ভট্টাচার্য্য মহাসয় বর্গেষু—

আমি কাত্তিকের সংক্রান্তির দিবস ৺স্নানে গিয়াছিলাম স্নান করিয়া তর্পণ করিতেছি ভীষ্মাদি তর্পণ করিয়া পিতৃতর্পণ করিব এজন্যে পশ্চিম মুখ বসিয়া আছি ইতোমধ্যে আমার পিতামাতার গুরুর জ্ঞাতি একজন আমার উত্তর দিকে দাড়াইলেন

কহিলেন এক কথা তোমাকে কহিব আমি কহিলাম যে কথা থাকে বাটী যাইয়া স্থনিব কহিবেন তিনি কহিলেন তর্পনের কথা তবে কহুন আমার দক্ষিণ কর্ণের অর্দ্ধ হস্তের তফাত হইতে কিছু কহিলেন আমি জানিলাম সে তর্পনের কথা নহে সে কি কথা আমি বুঝিতে পারিলাম না আমার সঙ্গের একজন লোক কহিলেক কথোপকথন থাকে বাটী যাইয়া করিবেন তিনি কহিলেন আমার যে কর্ত্তব্য তাহা করিলাম পাড়েতে উঠিয়া কহিলেন তোমাকে যে কহিলাম তাহা স্মরণ থাকে জানো তাহাতে আমি কিছুই কহিলাম না তাহার পর বাটীতে আসিয়া শ্রীমতী মাতাকে কহিলাম আমাকে এই কথা অমুক কহিয়াছিলেন শ্রীমতী মাতা স্থনিয়া কহিলেন এ কি কথা আমি বুঝিতে পারিলাম না তাহার আমি আলোচনা করি নাই এবং সে অবধি স্মরণ নাই শ্রীমতীর স্মরণ নাই ইহাতে আমার উপদেস কর্ত্তব্য কি না সাস্ত্রানুসারে যে বিহিত হয় সেই মত ব্যাবস্থা দিতে আজ্ঞা হইবেক ইতি— ।

২২৩ । বি ৪৮০

৭ শ্রীশ্রীরাম—

শ্রীবংসি সৌ
শ্রীমানিক সৌ
সাং গোপালনগর—

মহামহিম শ্রীজগৎ দুর্ল্লভ ন্যায়লঙ্কার ভট্টাচায্য মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীবংসি সৌ ও শ্রীমানিক সৌ কস্য হকীকত পত্র মিদং কার্য্যঞ্চ আগে আমার পিসি ৺ধনমুনি বেওা পৃিথক ছিলেন তাহার মাসষুর সাং সাটইএর শ্রীখুদীরাম সৌ একটা জনরবে বহু দীন পতিত ছিলেন প্রায়শ্চিত্ত কারণ ঐ বেওয়া মজুকুরের স্থানে কথক টাকা কর্জ্জ লইয়াছিল সেই টাকা ওয়াসীল কারন ঐ পতিত মজুকুরকে আপন বাটীতে চাস করাইতে আনাইয়া এবং তাহার বাটীতে ধন্না পহচা দিয়া বাস করিএছিল মুত্যা পৃিথক থাকীয়া তাহাকে অন্নজল দিয়াছিল এবং তাহার উছিষ্টী ঘুচায়াছিল মতে দস জন গ্যাতি দ্রারায় স্বকীত ছিল কথক দীবষ পরে তাহার পরলোক হইলে ঐ পিসি মজুকুরের সংকার্য্য কারণ গ্রামি কুটুম্বরা কহিলেন এক্ষন তোমরা সংকার্য্য করগা তবে বেবস্থার দ্রারায় আটকায় প্রায়াচিত্ত করিতে হইবে নতুবা খালাষ পাইবে এমতে আমরা তাহার দাহন মাত্র করিয়াছি ইহাতে সাস্ত সর্ব্বমত জে ব্যেবস্থা হয় তাহার আজ্ঞা হইবেক ইতি সন ১২১৭ সাল তাং ২৫ মাঘ—

ইসাদ—

শ্রীতিলক সাহানা সাং বেল্যাড়া

শ্রীগোলক সৌ সাং কলগ্রাম

শ্রীভৈরব সৌ সাং টাকুরী

শ্রীমাগারাম সৌ সাং বেল্যাড়া

২২৪। বি ৫৮৪

শ্রীরামঃ

শরণং

অবস্য প্রতিপাল্যস্য শ্রীরামচন্দ্র সর্ম্মণঃ পরমাশিষামানন্তং নিবেদনঞ্চ বিশেষঃ। মহাশয়ের মহোন্নতি ৺স্থানে প্রার্থনা করিতেছি তাহাতেই আমার সর্ব্বার্থ সিদ্ধি অপর গৃহ মধ্যে গরু তুলিয়াছিল দৈবাৎ বজ্রপাত হইয়া গরু মরিয়াছে তাহাতে প্রায়শ্চিত্ত নাহি করিয়া শ্রীযুত কৃষ্ণানন্দ তর্কালঙ্কার ভট্টাচার্য্য লি[খি]য়া দিয়াছেন পণ্ডিত সকলেও লিখিয়া দিয়াছেন এ সদ্ব্যবস্থা অতএব মহাসও অবধান করিলে এই অর্থ জ্ঞাত হইবেন মহাশয়ের বোধের অবিশয় কিছু নাহি আমি শান্তপুরে কল্লি যাইব নিবেদন মিতি

মদেকান্তাশ্রয় মহামহিম শ্রীযুত রায় মহাশয়েষু—

২২৫। বি ৭২৭

৭ শ্রীশ্রীরামঃ—

চরণ—

মহামহিম শ্রীযুত জগতদুর্ল্লভ ন্যায়লঙ্কার বেবস্তাপক ভট্টাচার্য্য মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীঅটলবেহারি অধিকারি—

কস্য আত্ম বিবরন পত্র মিদং লিখনং কার্য্যনঞ্চাগে—

আমার কন্যা শ্রীমতি গরবিনি দেব্বা অল্প বয়স্কা অতি অজ্ঞান আপন মাতার সঙ্গে কলহ করিয়া ক্রোধ করিয়া আমার বাটির একজন কৃসান অন্ত্যজ ভৃত্রকে সঙ্গে লইয়া কোন স্তানান্তরে গমন ক্রমে জাইতেছিলা পথ মদ্ধে আটক পড়িয়া বাঘাণ্ডা গ্রামে আমার কুটুম্ব বাটিতে ছিল সংব্বাদ পাইয়া বাটিকে আনাইয়াছি লোক জনরব হুইবাতে কী জানি কোন পাপসৃপস হইয়া থাকে এই সন্দেহ অতএব আমী জনরব

প্রজুক্ত সন্দীঙ্ক হইয়া আত্ম বিবরন লিখিলাম ইহাতে শাস্ত্র সম্মত জদি প্রায়শ্চি করিতে হয় যথা শাস্ত্র ব্যবস্তা দিতে আজ্ঞা হইবেক ইতি সন ১২৪৭ সাল—তারিখ—১৬ ভাদ্র—

শ্রীহরিভজন সরকার
শ্রীকোমলাকান্ত ঘোষ
শ্রীগঙ্গারাম সরকার
শ্রীমহতচরন মণ্ডল
শ্রীরামচন্দ্র সরকার
শ্রীধর ঘোষ

শ্রীঅটলব্রহারি অধিকারি—
সাং—নানোর—
শ্রীদামুদর মণ্ডল
শ্রীগুরুদআল দাস
শ্রীরামচন্দ্র মণ্ডল

২২৬। বি ৭২৮

শ্রীরাম—

মহাম শ্রীজগত ডুলভ ন্যায়ালঙ্কার ভট্টাচায্য মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীরাম মোহণ ঘোষ কস্য হকীকত পত্রমিদং লিখনং কায্যনঞ্চা আগে আমী স্থান আন্তরে ছিলাম একারন লোকে আমার নিচ জনরব করে ইহাতে আমী ধম্ম সমস্তা করিতে উপস্তৎ আছি ব্রবস্তা আজ্ঞা হয় ইতি হকীকত পত্র লিখিআ দিলাম সাণ ১২৪৫ সাল তারিখ—৩০ চৈত্রী—

শ্রীসাধুচরণ মণ্ডল
শ্রীহরিভজন সরকার
শ্রীগঙ্গানারাণ সরকার—
শ্রীমহতচরণ মণ্ডল
শ্রীরামচন্দ্র মণ্ডল
শ্রীবটুনাথ মণ্ডল

শ্রীদামুদর মণ্ডল
শ্রীগুরুদয়াল দাস
শ্রীরামমোহন ঘোষ—
সাং—নানোর

২২৭। বি। ৭৩২

শ্রীহরিঃ।—

শরণং

মহামহিম শ্রীযুক্ত ব্যবস্থাপক ব্রাহ্মণ পণ্ডিত মহাশয়রা বরাবরেষু।—

লিখিতং শ্রীপরীক্ষিৎ শৌ হকীকত সওয়াল বন্ধ পত্র মিদং সন ১২১১ সাল লিখনং কার্য্যঞ্চ। আগে আমার কন্যা শ্বশুরালয়ে গণ্ডগোল করিয়া দূর করিয়া দেয়াতে ঐ গ্রামেই কোন

কুটুম্ব বাটীতে গোসাভাবে ছিলা কেহ সেদিন অন্বেষণ করিল না আর সেই কুটুম্ব স্থপারিষ করিলে তাহাতেও ডাকীয় লইলে না মতে আমার বাটী আসিয়া বিস্তারিত কহিলা জে ভাস্থর হইয়া যথোচিত ফজিয়ত করিয়া দিয়াছে আমী এ প্রাণ রাখিব না আমরা নানামত বুঝাইলাম ভাল ঘর করিতে সকলি হয় সেই ঘর পুনরায় জাইতে হইবে পরে কয়েক দিবস বাদে জামাতারা কয়েক জন লইতে আইল সন্ধ্যার সময় কাছারিতে ডাকাইল আমার কন্যা কহিলেক জে ভাস্থর হইয়া আমার নাক কাটিতে চাহিলে তাহার কেহ কীছু উত্তর করিলে না আমী আর সে ঘরে জাইব না স্থনিয়া অনেক কথান্তে তাহারা ক্রোধ করিয়া ইস্তবা করিয়া পরিত্যাগ করিয়া গেল আমী সেখানে ছিলাম না সেই অবধি কন্যা ঘরে আইল না রাত্রে তত্ত করিয়া কাহুকে দেখিতে পাইলাম না পরে দিনান্তরে বেত্ত হইল জে জবনান্ন স্বীকার করিয়াছে ধিক্কার প্রযুক্ত প্রাক্তন বশতোই বা করিয়াছে কিম্বা কোন লিপ্সাতেই বা কিন্তু আমার গৃহে থাকীতে কোন বিষয় নাহি যদি কোন পাপী থাকে এই সন্দেহক্রমে গ্রামস্থ লোকে আমাকে স্থকিত করিয়াছে অতএব তৎসন্দিগ্ধ পাপ নিমিত্তক পূর্ব্বকালীন তৎসংসর্গে আমাকে শাস্ত্রানুসারে যে ব্যবস্থা আজ্ঞা হইবেক ইতি—

সহসা জবন সংসর্গিন্যাঃ স্ত্রিয়াস্তৎ সংসর্গানন্তর সংসর্গ শূন্যেন পিত্রা তৎ সংসর্গ প্রাককালীন স্বগৃহ বর্ত্তিন্যাঃ সংসর্গেণ সন্দিহ্যমান পাপক্ষয়কামেণ ব্রতাদ্য শক্তেন চান্দ্রায়ণ ব্রতাত্মনুকল্প সার্দ্ধ সপ্তধেনু মূল্যং দেয়মিতি বিদুষাং পরামর্ষঃ

শ্যামসুন্দরো জয়তি। শ্রীগোপালো জয়তি
শ্রীউমাকান্ত শর্ম্মণাম্ শ্রীভারতচন্দ্র দেবশর্ম্মণম্
শ্রীচন্দ্রশেখর শর্ম্মণাম্ শ্রীনীলকণ্ঠ শর্ম্মনাম
শ্রীবিষ্ণু চন্দ্র শর্ম্মণাম্

২২৮। বি ৮৬৭

শ্রীরামঃ—

শরণং—

পরম পূজনীয় শ্রীযুক্ত ভট্টাচার্য্য মহাশয়েরা বরাবরেষু।

লিখিতং শ্রীরামকানাই দেবশর্ম্মণোঃ নিবেদন পত্র মিদং কার্য্যঞ্চ আগে বিশেষঃ আমার একটী ভ্রাতৃবধু অসুস্থ হইয়া কথক দিবস ছিলেন মৃত্যু পূর্ব্ব এক মাস থাকিতে অচল হইলেন শয্যাগত থাকেন মল মূত্র ত্যাগ সেই স্থানে করেণ স্বয়ং উঠিতে বসিতে

পারেন না এবং তুলসী ক্ষেত্র কয়েক বার করা গ্যাছে এমত অচল মৃত্যুদিবস সন্ধ্যাকালে দ্বারে শয়ন করিয়াছিলেন তাহার স্বামী রামনিধি বন্দ্যোপাধ্যায় কোলে করিয়া লইয়া ঘরে শয়ন করাইলেন তাহার পর সেই ঘরের নিকট পাঁচ সাত হাত অন্তর অপর ঘরের দ্বারে আমার তিন ভাই অপর স্ত্রীলোক প্রভৃতি সমস্ত সন্ধ্যাকাল অবধি বসিয়া আছি তাহার পর ৬ ছয় দণ্ড কিম্বা ৭ সাত দণ্ড রাত্রি মধ্যে ভোজন করিয়া তাহার স্বামী ঘরে গিয়া দেখেন শয্যাতে নাই না দেখিয়া আমাদিগ্যে কহিলেন এ বধু শয্যা হইতে কোথা গ্যাল আমরা সকলে স্বনে মহা বিস্ময়াপন্ন হইলাম এ অচল কিরূপে গ্যালেন তাহার পর আমারা সকলে অপর পড়স যে কেহ সমস্ত একত্তর হইয়া প্রদীপ ও মসাল লইয়া বাটী ঘর ও বাটির নিকট পুষ্কণী সমস্ত খোজা গ্যাল পাইলাম না তাহার পর বাটির অন্তর ৪ কুড়া কিম্বা ৫ কুড়া অতীত হইয়া একটি গড়্যা পুষ্কণী জলেতে পড়িয়াছিল পাইলাম নিশ্চয় করিলাম নিতান্ত ভৌতিক বিশয় নতুবা অচল বেক্তি কিমতে আইসে তাহার পর প্রমাদ মৃত্যু নিশ্চয় করিয়া ঔর্দ্ধদেহাদি ক্রিয়া সমস্ত করা গিয়াছে॥ এখন মহাশয়েরা কর্ত্তা এ বিশয় সাস্ত্র সিদ্ধ হইছে কিম্বা না হইয়া থাকে আপনারা যেমত ব্যবস্থা আজ্ঞা করিবেন সেই প্রমান নিবেদনমিতি—।

শ্রীমদ্গোপাল চরণং শরণম্

ইদমুদস্তীয়বিষয়ে সপিণ্ডানাং ত্রিরাত্রাশৌচং এবমাত্মঘাতজন্য প্রায়শ্চিত্তাভাব ইতি সতাম্মতম্

শ্রীহরিদেব শর্ম্মণাম্
শ্রীকৃষ্ণানন্দ শর্ম্মণাম্

২২৯। বি ৮৭৩

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ—

সন ১২২৬ সাল—

পরগনে চমৃ সাঃ পাঠানবেড়—

পরম পুজনিয় শ্রীযুৎ সোভাপণ্ডিত মহাসয়—

মহামহিম শ্রীযুৎ জটানাথ পরামাণিক ও শ্রীবেচারাম পরামাণিক ও শ্রীমথুর পরামাণিক ও শ্রীবিশ্বম্ভর পরামাণিক ও শ্রীমহন পরামানিক—

মোহাসয় শ্রীচরনেষু— (?)

শ্রীসিদাম পাগল—
সাং মনিরিরপুই—

লিখিতং শ্রীসিদা[ম]পাগল কস্য জবানবন্দি পত্র মিদং কার্য্যঞ্চ আগে আমার স্ত্রী বাড়ি থেকা এক দফা বাহির হইয়া গিয়াছিল পুনরায় বাড়িকে লইয়াছিলাম দুই চার

মাস থাকিয়া পুনরায় বাহির হই গেল অবেং আমিহ তাহাকে পরিত্যাগ করিলাম ইহার বেবস্থা সাস্ত অনুসারে জেমত হয় তাহা দিতে আজ্ঞা হইবেক ইহ অতি দারিদ্র—ইতি তাং—২৬ মাঘ—

ইসাদ—

শ্রীরাই মণ্ডল—
সাঃ দরিখিরপাই—
শ্রীগকুল দাস—
শ্রীমহন দাস—
শ্রীরাম দাস—

২৩০। বি ৮৯৯

৭ শ্রীশ্রীরাম—

সাং সেরপুর—

হকিকত পত্র—

শ্রীদুলাল গোহের নিবেদন—গোচারণে গিয়াছিলাম তাহাতে একটী বকনা বাছুরকে দণ্ডাঘাত কোমরে একটী করিয়াছিলাম তাহাতে বাছুরটী পড়িল উটিতে পারি[ল] না তাহাতে আগড়ে করিয়া আনিলাম চিকছক আনিয়া চিকছা করাইলাম তাহাতে ১এক মাষ কাল রহিল উটি হাঁটিতে পারিলে না তাহার পর বাছুরটী মরিল ইহা নিবেদন করিলাম তাং—

২৩১। বি ৯০৭

৭ শ্রীশ্রীহরিঃ—

হকীকত জবানবন্দী—

শ্রীরাম মাজী আমার গরু একটী মাহ বৈসাখে গোয়ালে ছিল তাহাতেই পিড়া হইয়াছিল চিকীর্চ্ছা করানা গিয়াছিল রাত্রী[তে গ]রুটী বাদা ছিল রাত্রী দুই প্রহরের [স]ময় দেখি জে গরুটী বন্দনেতে মরিয়াছে অতয়েব সাস্ত্র অনুসা[রে]ববস্তা আজ্ঞা হইবেক নিবেদণ ই[তি ১]২০১ সাল ৭ কার্ত্তীক—

শ্রীরাম মাজী—
সাং বইনান—

ইসাদ—

শ্রীগৌরহরি মণ্ডল
সাং বইনান
শ্রীগৌর নন্দী
শ্রীসার্থক নন্দী
সাং বুইনান
শ্রীগকুল কুণ্ড—

২৩২। বি ৯১৮

৭ শ্রীশ্রীকৃষ্ণ।—

সেবক শ্রীমহাদেব দাষ দেবস্য—

শ্রীগদাধর মণ্ডল ও শ্রীজগন্নাথ কুণ্ড ও শ্রীনিতাই কুণ্ড ও শ্রীটীকারাম পাল ও শ্রীনিমাই দে ও শ্রীকানাঞী নন্দী ওগয়রহ প্রনামা বহবো নিবেদনঞ্চ। আগে মহাসএর শ্রীচরনাশীর্ব্বাদে এখানকার মঙ্গল হয় বিসেষ নিবেদন বিনোদপুরের শ্রীমহাদেব দেয়ের ২৫ শ্রাবণ রাত্রে গোহালে একটী গরু বন্ধন দষাতে মরিয়াছে তাহার হকীকত পাঠাই হকীকত দৃষ্টী করিয়া সাস্তানুসারে বেবস্তা দিতে আজ্ঞা হইবেক ইহা নিবেদন করিল ইতি—তারিখ—২৬ শ্রাবণ—

২৩৩। বি ৯২২

৭ শ্রীশ্রীকৃষ্ণঃ।—

সন ১২০০।—

পরম পুজনিয় শ্রীযুত শ্যামানন্দ ভট্টাচার্য্য মহাসয় শ্রীচরনেষু—

লিখিতং মৌজে কেষপুর গ্রামের কর্ম্মচারি শ্রীরামচন্দ্র দাষ দাষ মণ্ডল শ্রীপরিক্ষীত কৌঙার ও শ্রীরামকান্ত রায় দরখাস্ত পত্র মিদং কাজ্যঞ্চাগে গ্রাম মজকুরের প্রজা শ্রীপাচু সেন এহার একটী বকনা বাছুর এক বছরের আর আর গরুর সহিত পালে চরিতে গীয়াছিল রাখাল সঙ্গে ছিল নজদিগ থাকে নাই ফোরক্ত ছিল একটা কুকুরে সেই বাছুরটীকে ধরিয়াছিল রাখাল দেখিতে পাইয়া তাড়া দিতে কুকুর পলাইল অনেক কাল ব্যাজে বাছুরটীর কাল হইল এহার প্রায়শ্চিত্তি সাস্ত্রানুসার দারিদ্র মতে ব্যবস্থা আজ্ঞা হইবেক নিবেদন করিলাম ইতি— তাং ২০ শ্রাবণ

নিং শ্রীরামচন্দ্র দাষ দাষ
নিং শ্রীপরিক্ষীত কৌঙার
নিং শ্রীরামকান্ত রায়

২৩৪। বি ৯২৪

৭ শ্রীশ্রীরামাঃ—

সন ১১২৯ সাল—

তারিক ২৪ ছ্রাবন—

শ্রীগোপাল খাঁএর গরু মরনের হকিগত গোপাল খাঁর গরু একটি ছালা বাহিতে দিয়াছিলেন শ্রীসন্তোস কুণ্ডকে সন্তোস কুণ্ড ছালা হাটীয়া পথেতে আনিতেছিল এহার মর্দ্ধে তল্যাড়ার বসন্ত পাল সেই ভিড়নে ছীল গরু তাড়াইতে গরুর পাএ ঠেঙ্গা মারিলেক তাহাতে গরু পড়িল্য পুনসূছ শক্য বি[ধা]ই অগড়ে করিয়া গরু আনা গেল [তা]হার

পরে এক মাস বাচিয়াছিল্য ঘা[স] খড় খাইত তাহার পাএ পুকা [হ]ইল্য তাহাতে মরিল—

মুরলি কুণ্ড—গোপাল খাঁ—বসন্ত পাল—

২৩৫ । বি ৯২৫

৭ শ্রীশ্রীহরি—

সন ১১৯৩।—

হকিকত পত্র মৌজে বাজার চিত্রগঞ্জের শ্রীরামকৃষ্ণ ঘোশালের আমার রাখাল কুটুম্ব বাটী গিয়াছীল একারন রাখালের বড় ভাই শ্রীক্রপারাম মোদকের রাখাল তাহাকে আমি সকল গরু গুলিন চরাইতে দিয়াছিলাম সন্ধ্যাকালে আর সকল গরু আইল শেই গাইটী আইল না তাহার পর জাহাকে গরু শোপর্দ্দ করিয়াছিলাম তাহাকে জিজ্ঞাশা করিলাম শে রাখাল কহিলেক গ্রামের নিকটে পেচুয়ার পুস্করনির নিকটে গরু সকল গুনিয়া লইয়া আশীয়াছি তথাচ গরু না পাইয়া গ্রামে অনেক খুজিলাম শে রাত্রে পাইলাম নাই রাত্র প্রভাতে আমার ভাত্রা শ্রীরঘুনাথ ঘোশালকে কহিলাম গরু খুজিয়া আন ইহা যুনিয়া তিহো খুজিতে গেলেন অনেক খুজিয়া না পাইয়া ফিরিয়া [আ]শীতেছিলেন এমত কালে নজর হইল পে[চু]য়ার পুষ্করনিতে যুকুনি উড়িতেছে ইহা দেখিয়া যুকুনি জেখানে বশীয়া আছে শেইখানে জাইয়া দেখেন গাইটী সিউলি ব্যানে (?) পড়িয়া আছে তাহার কাছে যুকুনি গোটা কয়েক আছে গাইটির গুহ্য জিহ্বারে ঠুকরিয়া রক্তপাত করিআছে ইহা দেখিয়া গরুটী তুলিয়া দেখিলাম চক্ষুতেয় ঠোকর মারিয়া রক্ত পাত করিয়াছে শে গরু দকে হইতে পাড়ে তুলিয়া ঘাষ জল খাওাইয়া আমাকে ডাকিতে লোক পাঠাইলেক লোক আশীয়া আমাকে খবর দিলেক আমি স্তনিঞা জনা চারী লোক লইয়া আগড়ে করিয়া আনিঞা দাগাইয়া দিলাম জথোচিত তাখিত করিয়া এবং ঘাষ জল খাওাইলাম ইহাতে দুই রোজ গাইটী বাচীয়া ছিল তাহার পর মরিয়াছে এই তাগাদী জানি ইতি—তাং ২৩ চৈত্র—

ইসাদ—

শ্রীসাহেবরাম রায়—
সাং কাইথি—

শ্রীসাগর মালাকার।—
সাং দুর্গাবাটী—

শ্রীবাঞ্ছারাম বনীক।—
সাং বাজার চিত্রগঞ্জ—

২৩৬। বি ৯২৬

৭ শ্রীশ্রীকৃষ্ণ—

চরণ সোহায়—

মহামহিম শ্রীযুৎ সভাপণ্ডিত ভট্টাচার্জী মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীগদাধর গোহ ও শ্রীরামতনু গোহ ও শ্রীপ্রসাদ কোঙর ও শ্রীভক্তরাম রেজা ও শ্রীপঞ্চানন পান ও শ্রীগদাধর পান ও শ্রীযুগল পাজা শ্রীজগনাথ দে দীগর সোল আনা উগয়রহ কয় জবান বন্দি পত্র মিদং কাজ্জনঞ্চ আগে মোজে রসুলপুর পরগণে সমরসাহী মোজে মজকুরে শ্রীবাঞ্চারাম কুণ্ডু একটী দামড়া গরু বিক্রয় করিয়্যাছিল সেই লোক মোছলবান সেই লোক লগুতা করিয়্যা সেই গরু নষ্ট করিয়াছে অতএব মহাসয় শাস্ত্রা অনুসারে বেবস্তা দিতে আজ্ঞা হয় ইতি সন ১২০৭ সাল—তারিখ ৭ আসাড়—

শ্রীগদাধর গোহ—
শ্রীরামতনু গোহ—
শ্রীপ্রসাদ কোঙর—
শ্রীভক্তরাম রেজা—

শ্রীপাচু পান—
শ্রীগদাধর পান—
শ্রীযুগল পাজা
শ্রীজগনাথ দে—
সোল আনা উগয়রহ—

২৩৭। বি ৯৩০

শ্রীশ্রীহরি—

স্বরণং

মহামহিম শ্রীযুত পরগনার সভাপণ্ডিত ভট্টাচায্য মহাসয় বরাবরেষু।—

লিখিতং শ্রীসিদ্ধেশ্বর দাষ দে কষ্য হকিগত পত্র মিদং কায্যনঞ্চ আগে মৌজে বি[নো]দপুর পরগনে সমরসাহি মৌজে মজকুরে ৯ কার্ত্তীক আমার এক রাখালে গরু চরাইতে লইয়া গিয়াছিল সে গরুটী সাকার নিচেতে চরিতেছিল চরিতে চরিতে অস্ত জলে পড়িয়াছিল তাহাতে রাখালে দেখিতে পাইলেক দেখিয়া টানাটানি করিয়া আনিয়া তুলিলেক জলেতে পা রহিল অন্য রাখাল খবর দিলেক গরুটী পড়্যা আছে আমারা জাইয়া দেখিলাম

গরুটী মরিয়াছে এই তাগাদি জানি দিবেদন করিলাম ইহা সাস্ত্র অনুসারে বেবস্তা আজ্ঞা হইবেক—ইতি—তারিখ—৯ কার্ত্তীক—

শ্রীসিদ্ধেস্বর দাষ দে—
ব শ্রীনিমাইচরণ দাষ দে—

ইসাদ—
শ্রীনিতাই কুণ্ড—
সাঃ বিনোদপুর-—
শ্রীস্যামাচরন দে দাশ—
সাং কাইথি—

২৩৮। বি ৯৩১

৭ শ্রীশ্রীকৃষ্ণ।—

স্বরনং।—

মহামহিম মহিমার্ন্নব পূজনিয়—

শ্রীযুত স্যামসুন্দর বিদ্যালঙ্কার ভট্টাচায্য মহাসয়—

শ্রীকালিচরন বষুর প্রনাম নিবেদন।—

আমার পিতা অস্তজ্জ্য রহিত ছিলেন। আমি আপন পিতার দৌলত ঘর বাডি জমী জমা আকর আওলাত বেবুত বেশাত ও বৃত্তি ভূম স্তাবর আদি এবং ঞিহার পুর্ব্ব নিবাস জে পরগনার জে গ্রামে ছিল এ সকলের সমস্তপ রহিতে আমি আপন সযুর্গথায় খোদ মুক্তারে হরেক চাকুরি করিয়া নানা বেবসার রোজকারের উপাজ্জনে ঘর বাড়ি ও বিত্তি ভূম ব্রবুদ বেসাত মাল আমাল স্থাবর আদি দৌলত বাটুরিয়া আ[illegible] আপন সয়ং অস্ত্যজ্জের একায়ন্নে পিতাব পুর্ব্ব করজ্জ শোদ দিয়াছি এবং মাতা পিতার পুন[illegible] কাজ জে ছিল করাইয়াছি আর পিতা মাতার শেবা ও ভরন পোশন এবং ৺প্রাপ্তি হইলে[illegible] শ্র্যার্দ্ধা আদি জে কীছু ক্রয়া এ সকল করিয়াছি মধ্যম ও কনিষ্ঠ দুই ভাইকে সি[illegible] পালনে সিক্ষা দিক্ষা ও ভরন পোশন ও বিবাহ ও জকজশন ও দুই জনের পরিবারে[illegible] পালন করিয়াছি এবং দুই ভ্রাতার মিত্তু প্রাপ্তী হইলে শ্রাদ্ধাদি ক্রীয়া করাইয়া[illegible] এখন কনিষ্ট ভ্রাতার পুত্র শ্রীলোচন বষু এই অন্নের্ব সিষু পালনের হদিশ নাএক হইয়[illegible] আমার সপাজ্জিত দৌলাতে অংশ দাওয়া করে অতেব শাস্তা অনুশার বিধিমত বিচা[illegible] অংশী কি নিরাংশী বিধান বেবশ্তা লিখিতে আজ্ঞা হইবেক ইতি—সন ১২০০ সাল—

২৩৯। বি ৯৩২

শ্রীশ্রীহরিঃ।

হকিকত জবান বন্দী শ্রীবাঞ্চারাম বাগ্দীর গরু মাঠে চরিতে গীয়াছিল তাহার মধ্যে একটী গরুর গোলাল ভাঙ্গিতে লাগীল ইহার পুত্র গোরক্ষ্যক ছিল তাহাতে এই সমাচার বাটীতে আশীয়া দিলেক সেই গরুটী জলের ধারকে জাইয়া পড়িল আশীয়া দেখে গরুটী মরিয়াছে অতয়েব কর্ত্তা মহাশয় সাস্ত্রানুসার জে ব্যবস্তা হয় তাহার জবাব আজ্ঞা হইবেক। এই হকিকত সোল আনা থাকীয়া কাছারিতে হইল ইতি—সন ১১৮২ সাল সাং বুইনান তারিখ—৭ চৈত্রী—

শ্রীবাঞ্চারাম বাগ্দী—

সাং বুইনান—

২৪০। বি ১০২৫

শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২৩০।—

মহামহিম শ্রীযুত সভাপণ্ডীত ঠাকুর মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীকৃষ্ণকান্ত মদক—

কস্য হকীকত পত্র মিদং লিখনং কাজ্যনঞ্চ আগে মোজে রাইতাড়া পরগণে আজমত সাহি মোজে মজুকুরে আমার বসত আমার ভাত্রি বধু বিদবা আমার বাটীতে আমার সহিত এক অন্নে ছিল ঐ বধুর সহিত কথন দুষ্ট জনরব হইআছিল কিন্তু গামস্ত লোকে অনেক মত তদারক করিলেণ একথা সাবুদ হইলা না আমী একর্ম্ম করি নাই ঐ দুষ্ট বাক্য জনরব হইয়াছে এমতে আমী আপণ খুসিতে হকীকত লিখিয়া দিতেছি জনরব দুষ্ট বাকীর সাস্তানুসারে প্রাছির্ত্তর বিদী দিতে আজ্ঞা হয় আমী গ্রামস্ত লোক লইয়া এ দাএ উর্দ্ধার হই আর ঐ বিদবা বধুকে আপন ঘর হইতে বাহির করিয়া দিয়াছি এতদার্থে হকীকত পত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৩০ সাল তারিখ ১৩ই

ইসাদ—

শ্রীনবকুমার ঘোষ—
সাং রাইতাড়া—

শ্রীমানিকচন্দ্র সরকার—
সাং রাইতাড়া—

শ্রীবাসি সরকার—
সাং রাইতাড়া—

শ্রীকৃষ্ণ মদক—
সাং রাইতাড়া—

২৪১। বি ১৩২৭

৭ শ্রীশ্রীকৃষ্ণঃ—

প্রতুলকত্তা—

মহামহিম শ্রীযুৎ সভাপণ্ডিত ঠাকুর মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীনফর দে মদক কস্য হকীগত পত্র মিদং কার্য্যনঞ্চাআগে আজমৎসাহি পরগনার মর্দ্ধে মোজে সেহানা গ্রামে আমার বাষ আমার বিধবা কন্যা শ্রীজয়মুনি আমার বাটীতে এক অন্নে ছিল এক্ষণে ঐ সাকীমের শ্রীসোনাতন মদক সহিত জনরব হইআ ঐ সোনাতনের বাটীতে আছে আহার বেবহার বেআন্দাজ করিতেছে সাস্ত জুক্তি দ্বারা দুষ্ট বেবহার দেখিয়া ঐ জয়মুনিকে ত্যাগ করিয়া পাএছিত্তী করিতে উদ্দত হইএ্যা আছি মহাসয় সভাপণ্ডিত সাস্তা অনুসারে বেবস্তা দিতে আজ্ঞা হয় ইতি সন ১২৩১ সাল তারিখ—২৭ জ্যৈষ্টী—

শ্রীনফর দে মদক—
সাং সেহানা—
ওরফে হাজারাপাড়া—

ইসাদ—

শ্রীনফরচন্দ্র ঘোষ—
সাং রাইতাড়া—
শ্রীনিলাচল মদক—
সাং খুজুটীপাড়া—
শ্রীহারাধোন মদক—
সাং সেহান—
শ্রীপাচু মদক—
সাং খুজুটীপাড়া—

শ্রীকানাই মদক—
সাং ব্রহ্মনখণ্ড—
শ্রীছিদাম নাগ—
সাং…
শ্রীসুখময় মদক—
সাং সেরপুর

২৪২। বি ১৩৪৩

৭শ্রীহরিঃ ॥—

শরণং—

প্রনামা নিবেদনঞ্চা আগে—

তব আশীর্ব্বাদেই অত্রানন্দ বিশেষ যুড়াগ্রামের শ্রীসোভারাম পাজার বাটীর প্রায়চিত্তোর বিশয় ব্যবস্থা পত্রের পুর্ব্ব পাজার বাটীতে পুরোহিত ক্রয়া করিয়াছেন এবং গ্রামের জে জে ফলহার করিয়াছেন তাহারা কুলিনগ্রামের শ্রীযুত ভট্টাচার্য্য মহাশয় ছিলে বাদা বাকীরে আনাইয়া ছিলাম তাহারা কহিলেন সেখানকার ব্যবস্থাপক

তাহারা পত্র দিলে আপনারা বিবচনা করিব অতয়েব ব্যবস্থা পত্র পাঠাইতে আজ্ঞা হইবেক ইহা নিবেদন করিল—ইতি তারিখ—৩ শ্রাবন—

পূজনীয়—

শ্রীযুত রাধাকৃষ্ণ তর্কালঙ্কার ভট্টাচার্য্য মহাশয় চরণেষু—

শ্রীযুত প্রানকৃষ্ণ বিত্তালঙ্কার ভট্টাচার্য্য মহাশয় চরণেষু—

২৪৩। বি ১৮২৪

৭ শ্রীরাম ।ঃ—

সরণং—

মহামহিম শ্রীযুত জগতদুলভ ন্যায়লঙ্কার মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীওজ্ঞান মেড়ে কস্য হকীকত পত্র মিদং লিখন কায্যনঞ্চা আগে আমার পুত্র শ্রীরাজিব মেড়ে আমার য়জ্ঞের্তসারে বাটী হইতে গিয়াছিল নিচ জনরব হওআতে প্রাচি করি উস্তীত আছি ব্রেবস্তা আজ্ঞা হয় ইতি সন ১২৩৬ সাল তারিখ ৫ ফালগু—

শ্রীওজ্ঞান মেড়ে—
সাং নানোর—

ইসাদ—

শ্রীদেবিচরন মণ্ডল—
শ্রীরামচন্দ্র মণ্ডল—
সাং নানোর—
শ্রীতিলক মেড়ে
শ্রীহারাধন মেড়ে
সাং পাকবিহাস্তা

শ্রীসিবু মেড়ে
সাং বেরুগ্রাম
শ্রীদুর্গাচরণ মেড়ে—
সাং বানকুপী—

২৪৪। বি ৩১৫৭

৭ শ্রীশ্রীরাম।—

মহামহিম শ্রীযুৎ গুরুমহাসয় বরাবরেস্থ—

লিখিতঃ শ্রীবদ্দিনাথ সর্ন্ন্যকার ও শ্রীপাব্বতি সর্ন্ন্যকার দাসে কস্য একড়া পত্র মিদং সন ১২০৬ সাল আদে লীখন কা[র্য্যা]ঞ্চ আগে আমাদের বাটিতে নবাই পাল মদিরা আনিআ বামুন মাতালে খইয়াছিল তাহা য়াপন নজরে দেখিএছীলাম এবং মাতাল মজুকুর ভাত খাইতে চাহিলে আমরা কহিলাম ব্রাহ্মন ঘরের অন্ন আনিআ দেই একথা তাহা না মানিএ আমদের অর্ন্ন খাইলেন আপনি য়ুনিএ আমদের থানে [এ]কড়ার

লইলেন আমাদ্দির হইয়া জে এমন সামিগ্র খাইবেক কি খআবেক সে গুরু পুরহি[ত] আমাদিকে আপকা আজ্ঞা হইল আমারা সিষ হইএ জে খাইবেক সে মার রক্ত খাইবেক এবং আমরাও কবুল করিলাম এতদার্থে একড়ার পত্র লেখিআ দিলাম ইতি তারিখ ১৬ ফাগুন—

শ্রীবদ্দিনাথ সর্ন্যকার

শ্রীপর্বতি সর্ন্যকার দাসে

সাঃ চানক—

পুনিছ লিখি এমন কম্মকার ব্রাহ্মন সর্ব্ব দেবতার স্তানে পতিত হই এবং গুরুদণ্ডী রাজডণ্ডী এবং গেআতডণ্ডী হইব ই[তি]ত

ইসদ

শ্রীভৈরবানন্দ দেবশর্ম্মন
সাঃ নওপাড়া—

শ্রীগিরিধর পাল—
সাঃ চানক—

২৪৫। বি ৩৪২৯

৭ঁ শ্রীশ্রীদুর্গা—

সহায়—

জথাবিহিত সম্মান মিদং।—

পালুড়িয়া নিবাশী শ্রীবেনিমাধব মণ্ডল মুচানী অপবাদে পঞ্চগ্রামি ও সপ্তগ্রামি ব্রাহ্মণ ঠাকুর ও সজাতি আদী থাকিয়া বিগত ১২৮৪ সালের ৯ আশাড় তারিখে বিচার পূর্ব্বক ওক্ত ব্যক্তিকে রহিত করিয়াছেন এবং ওক্ত ব্যক্তির সহীত আহার ব্যবহার আদী না [ক]রা বিশএ এক সন্মতি পত্র ওক্ত দিবষ আপন আপন গ্রামে আপন আপন দস্তখত করিয়াছেন সংপ্রতি ঐ সন্মতি পত্রের লিখিত পালুড়িয়া নিবাশী শ্রীবামাচরন চট্টোপাধ্যায় ও তারিনী চাটুজ্যা ও মল্লীকপুর নিবাশী মহানন্দ চট্টোপাধ্যায় ও খেত্রনাথ বন্দো[পা]ধ্যায় প্রভৃতি পঞ্চগ্রামি ব্রাহ্মন ও বেদের অমাণ্য করিয়া পাপী ব্যক্তির বাটীতে গত ১১ বৈশাখ তারিখে ফল[া]হার আদী করিয়াছেন এমতে মহাশয় দিগ্যে নিবেদন পা[ঠা]ইতেছি জে ওহাদের সহিত আহার বেবহার করা বিশয় জাহা বিবেচনা হয় তাহা করিবেন নিবেদন ইতি—সন ১২৮৫ সাল তাং—৯ জৈষ্ট—

শ্রীবেনীমাধব ভট্টাচাজা
শ্রীবেনীমাধব বন্দপাধ্যায়

শ্রীজগৎবন্ধু ঘটক
শ্রীশ্রীমন্ত বন্দপাধ্যায়

শ্রীগিরিষচন্দ্র চাটুজ্যা
শ্রীরামচন্দ্র ভট্টাচাজ্যা
শ্রীরামলাল চাটুজ্যা
শ্রীরামতনু মুখোপাধ্যা[য়]
শ্রীরামদয়াল ভট্টাচাজ্য
শ্রীবিপিনবিহারি চধরি
শ্রীকুসচন্দ্র বন্দ্যপাধ্যা[য়]
শ্রীরামলাল চাটুজ্যা

মান্যবর শ্রীযুক্ত ইশ্বরচন্দ্র হাজরা তথা শ্রীভোলানাথ মোখোপাধ্যায় তথা শ্রীউদয়চাঁদ হাজরা তথা শ্রীনিতাইশুন্দর ঠাকুর মহাসয়াণ মান্যবরেষু—

দেনা—মোঃ কোমা—

২৪৬। বি ৩৪৩০

শ্রীশ্রীদুগা

মহামহিম শ্রীযুৎ ব্রাহ্মনপণ্ডিত
মহাসয়ান বরাবরেষু—

লিখিতং শ্রীরামকুমার চক্রবর্ত্তি সাং পহলানপুর কস্য ভাশ পত্র মিদং কায্যনঞ্চাগে অকালে শ্রীশ্রী৺গয়াধাম গমনের প্রতিবন্ধক আছে কিনা সাস্ত্রানুসারে এহার ব্যাবস্থা দিতে আজ্ঞা হয় ইতি—

সাক্ষী—

শ্রীমতিলাল চক্রবর্ত্তী—শ্রীদুর্গাদাষ চক্রবর্ত্তী—শ্রীরাজিব বারিক—

শ্রীরামকুমার চক্রবর্ত্তি সাং পুহলানপুর। অত্র বিষয়ে পত্রমিদং ভাশ লিখিয়া দিলাম—

অনিরুদ্ধসুতায়াতে শ্রীকৃষ্ণ প্রপিতামহে। পূর্ন্নাসৌচং নভস্তাতৃবলে বল সুতেপিচ। বসুদেব ত্র্যহাসৌচং স্যাৎ বৃদ্ধ প্রপিতামহে। তৎপুত্রবলরামে চ বলরাম সুতেত্র্যহং। এবং কৃষ্ণসুতে সাম্বে পূর্ন্নান্তং তৎসুতেপি চ। বীজি সংকৃষ্ণমাদায় গণনাতু ত্রৈপুরুষী। অত কৃষ্ণপ্রপৌত্রেস্ত ত্রিরাত্রমিতি নিশ্চয়ঃ।

২৪৭। বি৩৪৩১

৭ শ্রীশ্রীহরি—

শ্রীহারাধন পাল—
সাং মুক্তাপাড়া—

মহামহিম শ্রীযুত শ্রীকান্ত ঠাকুর সার্ম্মনেক ভট্টাচাজ্য মহাসয় বরাবরেষু।—

লিখিতং শ্রীহারাধন পাল কস্য হকীগত পত্রমিদং কাজ্যনঞ্চ আগে আজমতসাহি

পরগনায় মোজে খুজটীপাড়া গ্রামে আমার বষবাষ আমার ভগ্নী জুগী সংসর্গ হইয়া আমার কাছ হইতে গিয়াছে অতএব হকীগত লিখিয়া দিতেছি মহাসয় বেবস্তাকর্ত্তা বেবস্তা দিতে আজ্ঞা হইবেক এতদার্থে হকীগত পত্র লিখিয়া দিলাম ইতি সন ১২৪১ সাল— তারিখ—২৭ ফালগুন—

ইসাদ—

শ্রীরামানন্দ সরকার
সাং সামুখ—
শ্রীহারাধন পাণ—
সাং সামুখ
শ্রীকৃষ্ণ পাল
সাং সুমুখ
শ্রীদিননাথ দে আস
সাঃ খুজুটিপাড়া
শ্রীরামভদ্র পাল
সাং সামুখ
শ্রীসখাচরন লাহা
সাং সামুখ

শ্রীবিস্বমভর মিত্র
সাং সামুখ
শ্রীকোমলাকান্ত চক্রবত্তি
সাঃ খুজুটিপাড়া
শ্রীশ্রীরাম চক্রবত্তি
শ্রীউমাচরন চক্রবত্তি
শ্রীখুদিরাম ঘোসাল
সাঃ সমুখ
শ্রীগদাধর মণ্ডল
সাঃ সামুখ

২৪৮। বি ৩৪৩২

৭ শ্রীশ্রীকৃষ্ণ—

পরম পুজনিয় শ্রীযুত প্রানবল্লব নেয়লঙ্কার সভাপণ্ডিত মহাসয় চরণযুগলেষু—

লিখিতং শ্রীসাকীন নবস্তা নিবাসীদিগে হকীগত পত্র মিদং কাজ্যান আগে আমাদিগের নিবেদন মোজে উক্ত গ্রাম নিবাশী সাকী বেয়া আসাত সাংঘটন উক্ত গ্রাম নিবাশী শ্রীরামকুমার ঘোষ সাহিত হয়াতে গ্রমে হইতে বাহির হইয়া জায় তাহাতে আমারা গ্রামদিগর মণ্ডল ও গোমস্তা সাহিত এবং চউকীদার আমা এত্তেলা করিবাতে ঘোশ বরকোনদাজ আসীয়া থানাদা[র]কে ফইজেত করি দারগার নিকট বান্দ-বস্তা সাইকার করিয়া লইআছে আমারা নাপীত পুরূহিত গেত সেলা সকলে আটক করিআছি কীছু দিন বাদে সাং বাঙ্কনখণ্ড নিবাশী শ্রীজগমোহন ফৈদারের নিকট শ্রীশ্রী৺ভেক লইয়াছেন লইয়া গ্রামে আসীয়া ঐ ঘোষ মজুকুরের সহিত ঘর দুয়ার কড়া এক অন্নে থাকী এমনটা আমরা দিষ্ঠ করিআছে এবং থারূ হস্তে দেখা দিষ্ঠ প্রমাণ কীস্ত

বঞ্চবের পক্ষ দায় নাই ইহাতে কী সব বেবস্তা দেন শ্রীযুত বিধিকত্রা মাহাসয় দারায় জে মত আজ্ঞা হয় হকীগত পটালাম ইতি—

সন ১২৬০ সাল—তারিখ—১২ জৈষ্ঠ—

শ্রীযুত মধুযুদন সরকার
শ্রীকুড়ারাম [ম]ণ্ডল
শ্রীরামসুন্দর মণ্ডল
শ্রীরামেশ্বর মণ্ডল
শ্রীসিতল পাল ও নফর নাই
শ্রীগদাই পাল
শ্রীমানিক ঘোষ
শ্রীজাদু পাল
শ্রীচন্দনা···
সর্ব্বসাকিম
শ্রীকেনারাম পাল

শ্রীবৈকুণ্ঠ পাল
শ্রীরাম পাল
শ্রীবিন্দবোন পাল
দিনু পাল
শ্রীবেনি ঘোষ
শ্রীরামচন্দ পাল
শ্রীদিনু পাল
শ্রীযুভন পাল
শ্রীভাগবত সাধু—
শ্রীরাইচরন সাধ—
সাঃ নবস্ত—

২৪৯। অ ৪

৭ শ্রীশ্রীহরি—

স্বরণং—

মহামহিম শ্রীযুক্ত বিধিকর্ত্তা শ্রীনাথ ঠাকুর মহাশয় বরাবরেষু—
লিখিতং শ্রীশ্যামচরণ ঘোষ কস্য হকিকত পত্র মিদং কার্য্যনঞ্চ আগে আমার আন্দাজী বএক্রম তিরিষ বৎস্বর হইবেক আমি আমাপ্তের ধানের জমীর ধান্য দেখিতে গিয়াছিলাম সেই জমীতে বিড়ের থাক দেওয়া ছিল থাকের মধ্যে ইন্দুর গড় করিয়াছিল সেই দেখিয়া আমি গাড়ের মাটি তুলিতে-ছিলাম এতমধ্যে ডাইন হস্তের মধ্যম আগুলে কামড়িয়া দিল তাহার চিকিস্বা করাইলাম তাহাতে মু[ত্র] থাকিল তাহার পর আন্দাজী এক বৎসর পরে কর্ন ফুলিল এবং পাএর বাম পাএর তিনটা মর্দ্দের আগুল ফুলিল কতকদিন পরে চিকিস্বা করাইলাম তাহাতে আরাম না হইয়া ঐ তিনটা আগুল লোপ পাইয়াছে ইহার পর আমার কর্নমূল ফুলে নাই এবং গায়ে দাগ দোগ কিছুই নাই ইহাই আমার হইয়াছে ইহাই আমি জানি

শ্রীশ্যামচরণ ঘোষ
সাং ছাতিনালাম

ইহার সয় আর কিছুই জানিনা ইহা শ্রীচরণে নিবেদন করিল ইতি সন ১২২৪ সাল তারিখ ২২ পৌষ রাত্তি

ইহাতে আমার বোধ হইল আমার কুল বেআধি হইয়াছে ইহার পাচিত্তি করিব আপনকারা সাস্ত অনুসারে বেবস্থা দিতে আজ্ঞা হইবে।

ইসাদী

শ্রীগোপীনাথ ঘোষ	শ্রীগৌরহরি ঘোষ	শ্রীজগতদুর্ল্লভ ঘোষ
সাং খুজুটিপাড়া	সাং ছাতিনগাঁ	সাং ছাতিনগাঁ

২৫০। ন ৮

৭ শ্রীশ্রীহরি—

সন ১২৬০ সাল—

পরম পুজনিয় শ্রীযুৎ সভাকর ভট্টাচার্য্য মহাসয় শ্রীচরন জুগলেষু—

হবিগৎ পত্র মিদং কাজ্জনঞ্চ আগে মকাম বুলচন্দ্রপুরের শ্রীযুৎ রামদুলাল চাটুজের মুখ জবানিতে আপন স্কুশিতে শোল আনা শত ব্রাহ্ম থাকিয়ে জে দরখাস্ত পত্র লিখি দিলে তাহা আমারা সকলে শ্রবন করিলাম এবং ও দুলাল চট্টপাধ্যে সলিক্ষিৎ দস্তক্ষতি ইশাদ শোহিত পত্র আমাদের দিষ্ট করিয়ে দেখিলাম জে ওহার জেষ্ট পুত্র শ্রীগআরা[ম] চট্টপাধ্যা জের্জ্জরে কাবেল বটে এইতদার্থে হবিগত পত্র লিখিয়ে দিলাম ইতি তাং ২৩ মাঘ—

শ্রীবিন্দাবন মুখপাধ্যা
সাং বাম্নিনে—
শ্রীরূপচাঁদ বন্দ্ধপধ্যা—
শ্রীগঙ্গাহরি বন্দ্ধপধ্যা—
সাং পচিমপাড়া—
শ্রীইস্যার চাট্টপাধ্যা—
সাকিম রারিল—
শ্রীলপর চাটুয্যে—
সাকিমঃ চকতুরা—

শ্রীগোউর চট্টাপাধে—
সাঃ বুলচন্দপুর—
শ্রীশ্রীনাথ চট্টপধ্যা
সাং হরিগড়া—
শ্রীসচিরাম চট্টপাধ্যা—
সাং চাদগ্রাম
শ্রীরামধন বন্দ্ধপাধ্যা—
সাং খাড্ডু—
শ্রীবংসি মণ্ডল

শ্রীঅদৈত নন্দি—
শ্রীগয়ারাম দিগের —
শ্রীরামকৃষ্ণ দিগের —

শ্রীগুরুচরন দিগের—
সর্ব্ব সাং বুলচঁদ —
শ্রীভিম দিগের—
সাং চোআডাঙ্গা—

২৫১। ন ৯

৭ঁ শ্রীশ্রীদুগা—

সাহায়—

মহামহিম শ্রীযুত শ্রীসভাপণ্ডিত মহাসয় বরাষু—

লিখিতং শ্রীসিতারাম বারিক ও গোবিন্দরাম মণ্ডল ও পারিক্ষিত মণ্ডল ও গোসাইচরণ রায় কস্য হবিগত পত্র মিদং কাঞ্চগে মহাসয়গনের নিকট বঞি বাদ্দিকে পাঠাইতেছি এহার গ্যাতি সকলে কহীলে জে ওই বিক্তি ওই বৈইনানে সাং নিদিরাম বগোর এক এড়ে গারু ছুত্তি দিআছিল এখাণে সেই গরু বাদ করিআ দিআছে এহার সাস্ত মত বেবস্তা দিতে আজ্ঞা হঅ ইতি শ্রীচরণে নিবেদন জানাইলাম ইতি তারিক ৪ জোষ্ট—

২৫২। ন ১০

শ্রীশ্রীহরি—

সহায়—

মহাঁ মোহিম শ্রীযুত সবাপণ্ডিত মহাঁসয় বরাবরেষু—

লিখিতং শ্রীলালচাঁদ ডোম কস্য হকিগত পত্রং মিদং কাজ্যঞ্চা আগে আমি ১একটি গাভি মছরবানকে বিক্রয় করিআছিলাম ঐই গাভি নষ্ট করিআছে এহা ষুনিআ আমার প্যাপ হৈল এহার সাস্ত্র মত বেবস্থা দিতে আজ্ঞা হয় এহা শ্রীচরনে জানাইলাম নিবেদন—ইতি সোন ১২৩০ সাল তাং ১১ মাঘ

শ্রীলালচাঁদ ডোম

ইসাদ—

নন্দরাম ডোম—
সাং বএরপোকুর—
বদ্দনচন্দ্র ডোম—
সাং চকভুর
শ্রীরাখাল ডোম
সাং খাহার

২৫৩। ন ১১

৭ঁ শ্রীশ্রীকৃষ্ণ—

স্বরণং—

মহামহিম শ্রীযুত সভাপণ্ডিত মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীমিত্রনঞ্জয় নন্দী কস্য হকিগত পত্র মিদং কার্জনঞ্চাগে আমার ১একটী এড়ে গরু খোট বাতুনি করিয়া দিয়াছিলাম তাহাকে নারিয়া বাদিবার জন্য জাইতেছিলাম তাহাতে আমাকে মারিতে আসিতে আমি একটী মুগর ফিকিয়া মারিলাম তাহাতে মার খাইয়া আমাকে ফের মারিতে আসিতে হুমুরি খেএ পড়িতে গলায় দরি খুলেএ দিলাম দেবার পরে পাঁ কাছারিতে লাগিল তাহাতে মাথায় জল দিলাম আর মুখে ঘাশ দিলাম কাণ টিপে ধরিলাম তাহাতে মুখ নারিতেছিল এহা সাস্ত্র অনুসারে বেবস্তা দিতে আজ্ঞা হইবেক ইতি সন ১২৬০ সাল তারিখ ১২ আশাড়—

শ্রীমিত্রঞ্জয় নন্দি
সাং—ছোটবৈনান

ইসাদ—

শ্রীরামজিবন মণ্ডল—
সাং বৈনান—

শ্রীশেবকরাম পাল
সাং বৈনান—

২৫৪। ন ১২

৭ঁ শ্রীশ্রীরামঃ—

শ্রীঃ
কৈবর্ত্ত—
কোং ।০ চারি আনা
গাঁটাই গঠেবল

পরম পুজনীয় শ্রীযুত সভাপণ্ডিত ভট্টাচায্য মহাসয় শ্রীচরনেষু—

সেরপুর নিবাসী শ্রীরামলোচন দানা ও শ্রীগয়ারাম দাঁ ও গয়ারাম গোহ প্রনাম নিবেদন বিশেষঃ—উক্ত গ্রাম নিবাসী শ্রীরামনাল দাঁএর ৭ ভাদ্র বুধবার রাত্রে একটী দামড়া হেলে গরু গলরজ্জু হইয়া খুটায় বাঁদা থাকাতে ৮ভাদ্র তারিখের প্রাতে দেখিলাম জে অপালনে মিত্তু হইয়াছে কহিলে এবং পরসপর সকলে দেখিলাম অতএব শাস্ত্রানুসারে ইহার প্রায়শ্চিত্তের ব্যাবস্তা দিতে আজ্ঞা হয় ইহা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি তারিখ ১৪ ভাদ্র—

শ্রীরামলোচন দানা—
শ্রীগয়ারাম দাঁ—
শ্রীগয়ারাম গোহ—

২৫৫। ন ১৩

৭ শ্রীশ্রীদূর্গা—

প্রতুল কত্তা—

পরম পূজনিয় শ্রীযুত লক্ষিনারায়ণ ভট্টাচায্য সভাপণ্ডীত মহাসয় শ্রীচরণ যুগলেষু—

লিখিতং শ্রীগদাধর কুণ্ডু ও শ্রীরামচাঁন্দ কম্মকার ও শ্রীতেজচন্দ্র কুণ্ডু ও শ্রীরামময় মণ্ডল ও শ্রীরাম কুণ্ডু কস্য হগীগত পত্র মিদং কায্যনঞ্চ আগে মৌজে সিঙ্গারপুরের শ্রীরামকান্ত নন্দীর গলা খুয খুয করে কাষ বেয়ামহ গএর ওঠে এবং কাসে এহার প্রায়চিত্ত জে জে বেবস্তা হয় তাহা দীত্তে আজ্ঞা হয় এহা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি সন ১২৬১ সাল—তারিখ—১৪ আষন—

শ্রীগদাধর কুণ্ডু— শ্রীরামময় মণ্ডল—

শ্রীরামচাঁদ কম্মকার শ্রীরাম কুণ্ডু—

শ্রীতেজচন্দ্র কুণ্ডু— সর্ব্ব সাং সিঙ্গারপুর—

২৫৬। ন ১৪

৭ শ্রীশ্রীহরি—

চরণ স্বরণং—

পূজনিয় শ্রীযুত সভাপণ্ডীত ভট্টাচাজ্য মহাসয় শ্রীচরণেষু—

মৌজে সেরপুর শ্রীগয়ারাম দাঁ ও শ্রীরামলোচণ দানা ও শ্রীগয়ারাম গোহ ও শ্রীরামভদ্র দত্ত ও শ্রীরামধণ গুপ্তস্য। সত সহশ্র প্রণাম নিবেদনঞ্চ বিসেষঃ নিবেদণ নিজগ্রামে শ্রীশ্রীহরি দাঁয়ের একটী ব্রীর্দ্ধ অর্গ্বডাই গোসালে বন্ধ ছিল রাত্রিজ্যেগে ঐ অর্গ্বডাইটি বন্ধণে মরিয়াছে ইহার সাস্ত্র মত প্রায়শ্চীত্তের বেবস্তা দীতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরণে নিবেদণ করিলাম ইতি তাং ২৬ আশার—

শ্রীগয়ারাম দাঁ— শ্রীরামলোচণ দানা—

শ্রীগয়ারাম গোহ— শ্রীরামভদ্র দত্ত—

শ্রীরামধন গুপ্ত—

২৫৭। ন ১৫

শ্রীশ্রীদূর্গা—

প্রতুল কত্রী—

মহামহীম শ্রীযুক্ত সভা ভট্টাচার্য্য মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীঅভয়চরণ মণ্ডল ও শ্রীছিটীধর মণ্ডল ও শ্রীধনঞ্জয় সরকার শ্রীরামসদয়

মণ্ডল ও শ্রীরামনয়ান পাল কস্য অগীগত পত্র মীদং কাযানঞ্চাগে আমী অভয় মণ্ডল আমার সাষুড়ি পুর্ব্বে অম্বল যূল বেদনা ছিল তাহা যুস্থ হইয়া সম্প্রতি বাইসোত ব্যেমহ উপস্থীত তাহার প্রায়শ্চীত্র করিব আমী অতি গরীব অতএব মহাশয়রা দুখের মত বিধান দিবেন—নিবেদনে ইতি তা ১৮ বৈসাখ—

শ্রীছীষ্টীধর মণ্ডল
শ্রীরামনয়ান পাল
শ্রীরামসদয় মণ্ডল—

শ্রীধনঞ্জয় সরকার—
সর্ব্ব সাঃ মমরেজপুর—
শ্রীঅভয়চরণ মণ্ডল—

২৫৮। ন ১৬

শ্রীশ্রীদুর্গা—

মহামহিম শ্রীযুত সবাপণ্ডীত ভট্টাচার্য্য মহাসয় বরাবরেষু—

লিখীতং শ্রীপঞ্চারাম মান্না—

কস্য হকিঅত পত্রমীদং কাজনঞ্চাগে পরগনে সমরসাহি মৌজে ছোট বইনান গ্রামে আমী বসবাস করিয়া আশীতেছি এক্ষানে আমার সারিরিক গুহ্মীদারে ঘা হইয়া পুজ রক্ত নির্গত হইতেছে এবং সরিরে উপর ধোব চিন্ন হইআছে আর নাভি স্থানে ঘা হইয়াছে আমী অতি দারির্দ্দো পাঁচিত্ত করিব দারিদ্র মতে বেবস্তা দীতে আজ্ঞা হয় ইতি সোন ১২৬১ সাল তাং ১০শ্রাবন—

শ্রীপঞ্চারাম মান্না—
সাং ছোটবইনান—

ইসাদ—

শ্রীমদন দে—
সাং বইনান—

শ্রীবিনদবেহারি সোঁ—
সাঃ ছোটবইনান—
শ্রীগোরাচাদ বারিক—
সাঃ ছোটবইনান—

২৫৯। ল ৩

শ্রীশ্রীহরিঃ

শরণং—

সেবক শ্রীনীলকণ্ঠ দেব শর্ম্মণ প্রণামা নিবেদনঞ্চ বিশেষঃ

একারণ নিবেদন লিখি আমার একটি গরু আমার কৃষক বন্ধন করিয়াছিল [আমি] বাটীতে না ছিলাম বন্ধন দশাতে সে গরুটি নষ্ট হইয়াছে ইহার ব্যবস্থা লিখিতে আজ্ঞা

হইবেক দুই চারি দিবশের মধ্যে আর খরচা কিছু পাঠাইবেন অধিক কি লিখিব মহাঁশয় কর্ত্তা……তাং—১৮ আষাঢ়—[সন ১১৪৫]

আর নেপার মার[ফ]ত পাস্থলি ছয়টি পাঠাইলাম—

২৬০। শ ১৫

শ্রীকৃষ্ণো—

জয়তি—

[শকাব্দ ১৭১৮]

শ্রীআনন্দচন্দ্র দেবশর্ম্মণাম্—

বাগদত্তা পর্য্যন্ত রহিতায়া মৃতায়াঃ পতি বিদ্যমানেঽপি পুত্রবতী কন্যা প্রাধিকারিণী তস্যা অন্যা সৌচোৎপন্নে তদ সৌচোত্তরকালে একাদস্যাং বা কার্য্যং নন্বত্রয়া অবীরয়া অনধিকারাদিতি বিদুষাং পরামর্শঃ—

ষষ্ঠে মাসি তথা স্ত্রীনাং নাস্তি যজ্ঞেঽধিকারিতা উদরস্থস্য বানস্য নখ লোম সমুদ্ভবাৎ

ইতি বচনেন ইদানীং অধিকারাভাবঃ যুক্তি এক ব্যক্তির পিতৃ মরণাশৌচ ত্রিরাত্রি হইয়াচে তাহার পর জ্ঞাতি মরণ দশ রাত্রি হইয়াচে দীর্ঘকাল ব্যাপ কালাশৌচ গুরু যানিবেন কিম্বা জ্যেষ্ঠ পুত্র বিদেশস্থ আচে কনিষ্ঠ পুত্র দেশে আচে কনিষ্ঠ পারে না।

॥ বৈষয়িক ॥

(১১৮৯-১২৭৩ সন)

২৬১ । বি ৪৮২

৭ঁ শ্রীশ্রীহরিঃ—

মহামহিম শ্রীযুক্ত ব্যবস্থাপক ব্রাহ্মণপণ্ডিত মহাশয় বরাবরেষু।—

লিখিতং শ্রীশ্যামানন্দময়ী দেব্যা হকীকত পত্র মিদং সন ১২৩৬ সাল লিখনং কার্য্যঞ্চাগে—মৌজে নান্নুরে ৺বৈদ্যনাথ হাজরা ও সদাশিব হাজরা ও কালীচরণ হাজরা তিন সহোদরে পৃথক হইয়া আপন আপন চিহ্নিত বিভক্ত স্থাবরাদি ধনে ভোগবান থাকিয়া তাহাদ্দের পরলোক হইয়াছে তন্মধ্যে মধ্যম সদাশিব হাজার পুত্র পুত্র পূর্ন্নানন্দ হাজরা আপন পুত্র কৃষ্ণপ্রাণ হাজরাকে রাখিয়া পরলোকগত হইয়াছেন পরে ঐ কৃষ্ণপ্রাণ হাজরা মাতৃপিতৃহীন ধনাধিকারি ছিলেন তাহারো পরলোক হইলোক হইলে আমার স্বামী বিশ্বেশ্বর ভট্টাচার্য্য ঐ মধ্যম সদাশিব হাজরার দৌহিত্র ধনাধিকারি কৃষ্ণপ্রাণ হাজরার লোকান্তরে তাহা সহোদরা কৃপাময়ী নাম্নীর বিবাহাদি দিয়া ঐ বাটীতে থাকিয়া ঐ হাজরার দেনা পাওনা দিয়া লইয়া ঐ স্থাবরাদি ধনে ভুক্তভোগী ছিলেন কারণ এই জে ধনা[ধি]কারি কৃষ্ণপ্রাণ হাজরা সোদর ভ্রাতৃষ্পুত্র পর্য্যন্ত রহিত তাহার স্বসন্তানাভাবে পিতৃসন্তান তদভাবে পিতামহ সন্তান দৌহিত্ররূপী আমার স্বামী ধনাধিকারী মতে ঐ হাজরা দিগের পৈতৃক ৺সেবা এবং শ্রী ৺দুর্গোৎসবাদি বংশানুরূপ করিয়া আসিতেছিলেন তাহার পরলোক হইলে তাহার পুত্র আমার গর্ভজ তারাগুরু ভট্টাচার্য্য শাস্ত্রানুসারে অধিকার পাইয়াছিলেন এইক্ষণে তাহার পরলোক হইলে আমি তাহার মাতা আছি অপুত্রা ঐ কৃপাময়ীর সংপ্রতি পরলোক হইলে ঐ মূল ধনাধিকারি কৃষ্ণপ্রাণ হাজার[ার] পিতামহ ভ্রাতৃ সন্তানরা ঐ ধনে বিবাদী উপস্থিত অতএব নিবেদন ঐ উপরের লিখিত স্থাবরাদি ধনে শাস্ত্রানুসারে কে অধিকারী হয় যথাশাস্ত্র বব্যস্থা দিতে আজ্ঞা হয় ইতি—তারিখ—২৩ পৌষস্য—

শ্রীশ্যামানন্দময়ী দেবী—

সাং নান্নুর—

শ্রীনন্দগোপাল শরণং—

শ্রীহরগোবিন্দ ন্যায়ালঙ্কারস্য—পিত্রূ পরমে তদুপার্জ্জিত ধনে তৎসংক্রান্ত পৈতৃক ধনে তৎসংক্রান্ত তন্মাতামহধনেচ পুত্র স্বৈরাধিকারঃ জাত তদ্ধনাধিকারস্য পুত্রস্যো পরমে

পিতৃ পর্য্যন্তো তুরাধিকার্য্যভাবে তদ্ধনে মাতুরেবাধিকারোনতু পিতুর্মাতামহ জ্ঞাতীনামিতি বিদুষাং পরামর্শঃ—

শ্রীশম্ভুনাথ ন্যায়বাগীশস্য—
শ্রীনকড়ি তর্কালঙ্কারস্য—
শ্রীহরিপ্রসাদ ন্যায়ভূষণস্য—
শ্রীশ্রীরাম ন্যায়পঞ্চাননস্য—

শ্রীগোপালো জয়তি
শ্রীভারত তর্কালঙ্কারস্য—
শ্রীমহাদেবঃ শরণম্
শ্রীহরমোহন তর্কভূষণস্য—
ঁ৭ শ্রীহরির্জয়তি—
শ্রীনকুড়চন্দ্র সিদ্ধান্তবাগীশস্য—

২৬২। বি ৫৫৮

শ্রীকৃষ্ণঃ
সরণং
শ্রীদুর্গা

লিখিতং শ্রীবিশ্বেশ্বর সর্ম্ম ভট্টা[চা]র্য্যস্য হকিগত পত্রমিদং কার্য্যঞ্চাগে আমার মাতামহ তিন সোদর প্রমাতামহ অবর্ত্তমানে তিন ভ্রাতায় অনেক দিবস প্রথক হইয়াছেন তাহার জ্যেষ্ঠ ভ্রাতা বর্ত্তমান কনিষ্ট ভ্রাতার এক সন্তান বর্ত্তমান আছে আমার মাতামহ মধ্যম সদাশিব হাজরা তাহার লোকান্তরে তাহার পুত্র আমার মাতুল জিবন পর্য্যন্ত পিতৃভুক্ত বিভক্ত ধনে তিরিষ পোঁত্রিস বৎসর পর্য্যন্ত ভোগ করিয়াছিলেন তাহার পরলোক হইলে তাহার পুত্র আমার মাতুলের ভ্রাতা কৃষ্ণপ্রান হাজরা অধিকারক্রমে ধনাদি ভোগ করিয়াছিলেন তাহার পরলোক হইয়াছে তখন আমার মাতুলী ও মাতুলেয়া ভগিনী অদত্তা বর্ত্তমানা ছিলেন সংপ্রতি মাতুলানীর পরলোক হইয়াছে সেই ধনাধিকারীরা সন্তান রহিত এবং প্রতৃসন্তান রহিত এবং পিতামহ প্রপৌত্র পর্য্যন্ত রহিত ইহার অদত্তা এক সহোদরা ভগিনী আছেন এ ধনে অধিকার কার যথাসাস্ত্র ববস্থা আজ্ঞা হইবে ইতি—

শ্রীহরিঃ

[খণ্ডিত] র্জয়তে—৭শ্রীসম্ভুর্জয়তি ॥
ভ্রাতৃপৌত্রান্ত হীনমৃতস্য স্থাবরাদিকং ভাগিনেয়স্যৈব নতু ভগিন্যাদীনামিতি সতাম্মতম্—

শ্রীহরিঃ ৭ শ্রীশ্রীহরিঃ শরণং
পিতৃবৈমাত্রেয় ভ্রাতৃপৌত্র পর্য্যন্তরহিতস্য মৃতস্য স্থাবরাদিধনে পিতামহদৌহিত্র স্যৈবাধিকারো ন তু সোদরভগিন্যা নবা তৎপিতামহভ্রাত্রাদীনামিতি বিদাং মতং ॥

২৬৩। বি ৭৩৪

৺ শ্রীশ্রীগুরুবে নমঃ।—

শ্রীজগদ্দুর্ল্লভো জয়তি—
শ্রীকালিগুরু শর্ম্মণাম্‌ —

প্রপৌত্র পর্য্যন্ত রহিতস্য মৃতস্য স্থাবরাদি ধনে পত্ন্যা এবাধিকারো নতু তদ্‌ভ্রাতৃ ভ্রাতৃপত্নী ভ্রাতৃদুহিতানামিতি সুবিদাম্মতম্‌—

নানা সাস্ত্রাধ্যাপক কোতলঘোষা নিবাশী শ্রীল শ্রীযুত ব্যবস্তাদাতা ভট্টাচার্য্য স্বরাচার্য্যবর্য্যেষু—

প্রশ্ন—হকিকত পত্রমিদং কার্য্যঞ্চাগে জেলা বিরভোম সংক্রান্ত পরগণে ফতেশীংহের অন্তর্পাতি মানিকাহার নিবাশী কাত্রস্ত কুলোদ্ভব ভৈরবনাথ সিংহ দুই সন্তাণ জেষ্ট লফরচন্দ্র সিংহ নামক কনিষ্ট মৎস্বামী ভুবনমোহন সিংহ বিদ্যমাণে লোকান্তর হওনের পর তৎ তজ্য বস্তু স্থাবর অস্থাবর ধনাদীতে আমার স্বামী আপনাগ্রজ উক্ত লফরচন্দ্র সিংহ সহিত সমানাংসে সাধারণরুপে একযোগে ভোগবাণ থাকিয়া উক্ত লফরচন্দ্র সিংহ আত্মজা অবয়প্রাপ্তা অবিবাহিতা সদুহিতাদ্বয় পত্নী শ্রীমত্যা হরষুন্দরী দাস্যা ও মৎ পত্যা-পত্যাভাবে আমাকে বিদ্যমাণা সর্ত্তে ক্রমে ক্রমে প্রাকৃত দেহ তক্তা সধাম প্রাপ্ত হইয়াছেন এইক্ষণ উক্ত হরষুন্দরীর সহিত আমী প্রথক হওনের বিশএ উভএ যথাযোগ্যা অংশের বিরোধ হওণে পঞ্চজন ভদ্রলোকের জোগে আমাকে অত্র ব্যবস্তাগারের ব্যবস্তা-কর্ষন হইয়াছে একারণ অত্র হকিকত পত্রের দ্বারা জে প্রশ্ন নিবেদণ করিলাম তদানু-মোদণপূর্ব্বক তদাদিতদস্ত বিবেচনা করণান্তর অত্র পত্রের উপরিভাগে আমী ও উক্ত হরষুন্দরী জে অংশ প্রাপ্যের যোগ্যা তাহা সাস্ত্রসন্মতো ব্যবস্তা লিখিয়া দিতে আজ্ঞা হয় নিবেদনেতি সন ১২৪৮। তারিখ ৯ মাঘ—শ্রীশ্রীমত্যা রাজমুনি দাস্যা—

শ্রীশ্রীমত্যা রাজমুনি দাস্যা—
নিবাস মানিকাহার—

২৬৪। বি ৭৪১

এক ব্যক্তি প্রপৌত্র পর্য্যন্ত রহিত হইয়া মৃত হইয়াছে তাহার পত্নী ও এ[ক] কন্যা আছে তাহার পর ঐ পত্নী তদ্ধনে অধিকার করিয়া ভোগাদি করিতেছেন এক্ষণে ঐ পত্নী স্বামির যে সকল স্থাবর ভূম্যাদি আছে তাহা দান বিক্রয় করিতে পারেন কিনা এবং করিলে সিদ্ধি হয় কিনা ইহার যথা ধর্ম্মসাস্ত্রানুসারে যথার্থ ব্যবস্থা লিখিতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচ[রণে] নিবেদন করিলাম ॥—

অস্যোত্তরং ॥

জাতাধিকারায়াঃ পত্ন্যা ভর্ত্রুপকারং বিনা স্থাবরাদিধনানাং দানবিক্রয়াদাবনধিকারঃ কৃতমপি দানবিক্রয়ণাদিকমসিদ্ধমেবেতি দায়ভাগদায়তত্ত্ব-বিবাদভঙ্গার্ণবাদিগ্রন্থসম্মতা ব্যবস্থেতি বিদুষাম্পরামর্শঃ ॥

২৬৫। বি ৭৪২

প্রশ্নঃ—

এক ব্যক্তিরা দুই ভ্রাতা তাহারদিগের পালনার্থ তাহাঁরদিগের মাতুল কিঞ্চিদ্ধন দিয়াছিলেন পরে তাঁহারা দুই ভ্রাতা ঐক্য থাকিয়া ঐ মূলধন হইতে দুই জনে স্থাবরাস্থাবর ধনোপার্জ্জন করিয়াছিলেন পরে কনিষ্ঠ ভ্রাতার এক পুত্র সত্বে তাহাঁর পরলোক প্রাপ্তি হয় আর এক ভ্রাতা বিদ্যমান আছেন তাঁহার সহিত মৃতপিতৃক ভ্রাতৃপুত্রের ঐ ধনেতে সমানাংস কি নুনাধিকাংস হইবেক তাহার যথার্থ গৌড়দেশ প্রচলিত ধর্ম্ম সাস্ত্রানুসারে ব্যবস্থা লিখিতে আজ্ঞা হইবেক ইহা শ্রীচরণে নিবেদনমিতি ॥

অস্যোত্তরং ॥

সাধারণধনব্যাপারাভ্যাং ভ্রাতৃভ্যাং যৎস্থাবরাস্থাবরধনমর্জ্জিতং তয়োরেকস্মিনর্জ্জকে মৃতে তত্র (মৃতে) তৎপুত্রেণার্জ্জকপিতৃব্যেন চ সমং বিভজনীয়মিতি বিদুষাম্পরামর্শঃ ॥

২৬৬। বি ৭৪৩

শ্রীযুক্ত পণ্ডিতবর্গ—

মহাসয়েষু।—

প্রশ্নঃ।—

এক ব্যক্তির দুই পুত্র এক কন্যা পিতামাতা ভরণপোষণ করিলেন পরে মাতা আপন পিতার অপুত্রকত্ব প্রযুক্ত পিতার স্থা[ব]রাস্থাবর ধনে অধিকারিণী হইয়া তদ্ধন মধ্যে দুহিতৃ দৌহিত্রের ভরণার্থ আপন কণ্যাকে যৎকিঞ্চিৎ ভূম্যাদি দান করিয়া কনিষ্ঠ পুত্র তৎকালে দুরস্থ প্রযুক্ত জ্যেষ্ঠ পুত্রকে কহিলেন তুমি জ্যেষ্ঠ পুত্র কনিষ্ঠ পুত্র নিকটে নাহি তোমাকে স্বামির সাক্ষাতে কহিতেছি তোমরা যদি আমার কৃতকর্ম্ম অন্যথা করিবার ইচ্ছা করহ তৎক্ষণাৎ জলপিণ্ড দান হইতে বহির্ভূত হইবা এবং স্বামির পাদাবনত হইয়া কহিলেন যদি কোন পুত্র আমার অবর্ত্তমানে আমার কৃতকর্ম্ম অন্যথা করিবার ইচ্ছা করেণ তাহাঁকে নিষেধ করিবেন আপনার বাক্যের অন্যথা যে করিবেক তাঁহাকে আপনি স্নেহপ্রকাশ না করিয়া পরিত্যাগ করিবেণ এই প্রকার পত্নীর বাক্য স্বীকার

হইয়াছিলেন কিছুকাল পরে কনিষ্ঠ পুত্র মাতৃকৃত পূর্ব্বদানাণ্যথা করণার্থ রাজদ্বারে চেষ্টান্বিত হইলে পিতা ও জ্যেষ্ঠ ভ্রাতা তাঁহাকে নিষেধ করিলে তাঁহারদিগের কটুবাক্য ও আঘাতাদি করেণ

এবং তিনি পতিত এ কারণ পিতা তাঁহাকে ত্যাগ করিয়াছেন সেই পুত্র এইক্ষণে ধর্ম্মশাস্ত্রানুসারে পিতৃধনে মাতৃ সংক্রান্ত ধনে চ অধিকারী হইতে পারেন কিনা তাহা যথার্থ ধর্ম্মসাস্ত্রানুসারে ব্যবস্থা লিখিতে আজ্ঞা হইবেক ইতি ॥—

পতিতস্য প্রায়শ্চিত্তবিমুখস্য ক্রমাগতধনে মাতৃসংক্রান্তধনে চানাধিকার ইতি বিদুষাম্পরামর্শঃ ॥

শ্রীহরি শর্ম্মণঃ
শ্রীচ...
শ...

[শকাব্দ ১৭১৩]

২৬৭। বি ৭৫৭

শ্রীদুর্গা।—

সন ১২৮৭। ৪ আষার—

বহিরগাছির কালিদাস বাড়ুর্য্যার বাটীর ব্যবস্থা—

পণ্ডিতবর্গ মহাসয়েষু

প্রশ্নঃ—এক ব্যক্তি স্ত্রীলোক বাস করিবার নিমিত্ত আপন পিতার নিকট হইতে ভূমি প্রাপ্ত হইয়া জাতাধিকার হইয়া কন্যাদ্বয়ের মধ্যে এক কন্যার দুই পুত্র এবং এক কন্যার এক পুত্র রাখিয়া মৃতা হয় পরে এক্ষণে ঐ মাতামহীর সংক্রান্ত ধনে তিন দৌহিত্রের প্রত্যেকের তুল্যাধিকার হইবেক কিম্বা পিতামহ ধনে পিত্রনুক্রমবৎ মাতৃক্রমে অধিকার হইবেক ইহার যথাসাস্ত্র ব্যবস্থা লিখিতে আজ্ঞা হয়—

যেমন পিতৃক্রমে পৌত্রদিগের ধনাধিকার হইয়া থাকে সেইরূপ মাতৃক্রমে দৌহিত্রের অধিকার হইবেক কিনা

অস্যোত্তরং।

পিতৃতো লব্ধ স্থাবরাদিধনে জাতাধিকারিণ্যাং মাতামহ্যাং মৃতায়াং তৎসংক্রান্ত স্থাবরাদিধনে প্রত্যেক দৌহিত্রাণাং .তুল্যরূপাধিকারো এব নতু পৈতামহধনস্য পিতৃক্রমাৎ পৌত্রাণামধিকারবৎ মাতৃক্রমেণ দৌহিত্রাণামধিকার ইতি বিদ্বষাম্পরামর্শঃ ॥

২৬৮। বি ৯০১

৭শ্রীশ্রীহারঃ।—

সন ১১৮৯।—

হকীকত পত্র শ্রীমানিকরাম দেবসর্ম্মন। সাং নজনপুর পরগনে সমরসাহী আমার প্রপিতামহো ঠাকুর ৺রতিরাম দেবসর্ম্মণ ও শ্রীগোপাল দেবসর্ম্মণ দুই সহদর ছিলেন। গ্রামে জজমান ও বিত্তি ভোগাদি জে ছিল তাহা ক্রতাংস করিয়া লইয়াছিলেন কথক দিন বাদে তাহার্দের ৺প্রাপ্তি হইল গোপাল ঠাকুরের দুই পুত্র ৺নিধিরাম ও ৺হিদয়রাম আর দুই কন্যা ছিলেন কন্যাদিগ্যে ও দহুত্রকে বিত্তি ও জজমান কছুই দেন নাঞী ইহারা দুই সহদর নিসন্তান কথক দিন বাদে ভাগীনাকে আপন বাটীতে রাখিয়াছিলেন ভাগীনার সহিত অপ্রনয় হইলে প্রথক করিয়া দিলেন বিত্তি ও জজমান কিছুই আমল দেন নাঞী গ্রামে আলাহিদা ভিটা লইয়া ঘর করিয়া রহিলেন কথোক দিন থাকীয়া [গ্রা]ম ছাড়িয়া পলাইয়া গেলেন তাহার পর নিধিরাম ঠাকুরের প্রাপ্তি হইল আমার পিতা ঠাকুর ইহার শ্রাদ্ধ সান্তী সকলি করিলেন তদবধি আজ নাগাদী আমারা জজমান ও বিত্তি আজ চল্লিষ বৎস্যর ভোগ করিয়া আশীতেছি এখন কার্ত্তিক মাহাতে তাহার ভাগীনার পুত্র শ্রীগঙ্গাধর দেবসর্ম্মণ আশীয়া কহেন আমার পিতা ঠাকুরকে জজমান দিয়া গেছেন গ্রামস্ত সোল আনা কেহো জানে নাঞী জনা দুই তিন জজমাণ মুর্দ্ধাই হইয়া তাহাকে আমল দিতে চাহেন ইহার সনন্দ পত্র বা কী সাস্ত্র অনুসারে ব্যবস্তাপত্র আজ্ঞা হইবেক—

ইতি—

২৬৯। বি ৯১০

শ্রীরামদুলাল দেবশর্ম্মণঃ—

শ্রীরামঃ—

শরণং—

পরম শুভাশিষামানস্ত্যং প্রয়োজনঞ্চা বিশেষঃ—

বৈইনানের বাটীতে শ্রীযুত দুর্গাপ্রসাদ ভট্টাচার্য্য বৃত্তির ধান্য এবং টাকা ও অধিকারের সামগ্রী আমার কৃতাশং করিয়া লইতেছেন এবং আপনি কৃতাশং করিয়া দিইতেছ শুনিতেছি অতএব লিখি বৃত্তির ধান্য ও টাকা এবং অধিকারের সামগ্রী তাঁহাকে কিছু কৃতাশং দিবেন নাঞি এখানে সমুহ অপ্রতুল লিখিয়া কি জানাইব দুর্গাপ্রসাদ হইতে আমিহ নিতান্ত উদাস হইলাম এবং বৃত্তির ধান্য যে

সাধিয়াছেন তাহার সমেত ২ দুই জনকে দামুন্যার বাটীকে পাঠাইবেন আমিহ বৰ্দ্ধমান অদ্য রাহি হয়িলাম শ্রীযুত গুরুপ্রসাদ ভট্টাচার্য্য জাইতেছেন কৃতাংশিত বিষয় বুজসুজ করিবেন ইতি তাং ৬ চৈত্র

অশেষ গুণভাজন শ্রীল শ্রীযুত শ্যামাচরণ বিদ্যালঙ্কার ভায়া প্রাণাধিকেষু—

২৭০। বি ৯৮৩

শ্রীশ্রীদুর্গা—

প্রতুল কর্ত্রী—

মহামহীম শ্রীযুক্ত বাবু রমাপ্রসাদ রায়—

সদর উকীল মহাশয় ববাবরেষু—

লিখিতং শ্রীজয়কৃষ্ণ মুখোপাধ্যায় বিবরণ এই জে আমার পীতা মৌরসান হরেকৃষ্ণ মুখোপাধ্যায় দুই সহদর জ্যেষ্ঠ আমার পীতা তাহার লোকান্ত পর আমরা দুই সহদর একান্নবর্ত্তী থাকিয়া পরে উভয় বিবনায় প্রযুক্ত প্রার্থক্য হইয়া সমুদয় বস্ত ৺পীতা মহাশয়ের চির্নিৎ যুরত্ত বস্ত রকম ॥ আনার সমুদয় দখল করিতেছি ও করিতেছে এতে শাস্ত্রানুসারে যাহা হইবেক তাহা লিখিতে আজ্ঞা হইবেক

২৭১। বি ১০০৬

৭ঁ শ্রীহরিঃ—

শরণং—

নানা শাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত অধ্যাপক ভট্টাচার্জ্য মহাসয়রা বরাবরেষু—

লিখিতং শ্রীকালিচরণ দেবসর্ম্মণ কস্য ভাগপত্র মীদং কাজনঞ্চাগে আমার পিতা ঠাকুর মহাসয়রা চারি সহদর বৰ্ত্তমান সংস্থষ্ট থাকীয়া পরে মর্দ্দম পৃতিরির্ব্ব মহাসএর ৺প্রপ্তী হয় তস্য পত্নীও কন্যা বৰ্ত্তমানা তৎপর কীয়ৎ কালান্তরে উক্ত পীতিরির্ব্ব মহাসএর পত্নীর কাল হয় তদপরে ৺পীতা ঠাকুর মহাসয়রা তিন সহদর বৰ্ত্তমান থাকীয়া ঐ কন্যার সহীত সকল বিসয় সোমান অংস হয় এবং আপন আপন অংসের সকলে দখলিকার থাকেন এবং ঐ কন্যার (বালিকার) অংস তিতিয় পীতিরির্ব্ব মহাসএর গছিত রাখেণ তৎপরে উক্ত কন্যার বিবাহ আপন অংস হইতে হয় তৎপরে আমার পীতা ঠাকুর মহাসএর ৺পাপ্তী হয় তৎপরে তিতিয় পীতিরির্ব্ব মহাসএর ৺পপ্তী হয় তৎপরে কীছু দীন আন্তে ঐ কন্যার লোকান্তর হইয়াছে এক্ষণ জেস্ট ৺রাম ঘোসালের পুত্র আমী ও তিতিয় মার্দ্দম ৺পদলোচণ ঘোষালের পুত্র বৰ্ত্তমাণ ও কনিস্ট পীতিরিব্ব শ্রীযুত ইশ্বরচন্দ্র ঘোষাল বৰ্ত্তমাণ

আছে আর উক্তী মত কন্যার স্বামী বত্রমাণ একণ ঐ কন্যার বিসএ সাস্তানুসারে জে জে প্রর্প হ[য়] তাহা সাস্তানুসারে বেবস্তা দীতে আজ্ঞা হয় ইহা নিবেদন ইতি সন ১২৬৭ সাল—তাং—১৯ পোষ—

২৭২। বি ১০৪২

শ্রীশ্রীদুর্গা—

সহায়—

শ্রীকমলাচরণ মুখোপাধ্যায় তথা শ্রীগঙ্গাধর মুখোপাধ্যায় ও শ্রীহারাধন মুখোপাধ্যায় তথা শ্রীযুত যদুনাথ মুখোপাধ্যায় কষ্য একরার পত্র মিদং কার্য্যনঞ্চ আগে ইতিপুর্ব্বে আমরা চারি সরীক ভদ্রাশন বাটীর অন্দর মহল.........বাটী সমস্ত চিহ্নীত করিয়া না লইলে ঐ সদর বাটীর কুটারি সমস্ত বিভাগ করিয়া না লইলে পতিত হওার সম্ভব এজন্য আমরা চারি সরিকে সনমতিতে সদর বাটী এই প্রকার চিহ্নীত করিলাম যে আমী গঙ্গাধর আমার সর্ম্মকার নামক ঘর হইল ও আমী কমলাচরণ আমার আপীশের ঘর নামক ঘর হইল ও আমি হারাধন আমার হীষ্মা উপরের তালা বৈটকখানা নামক ঘর হইল ও আমী যদুনাথ আমার হীষ্মা অতিতের ঘর নামক ঘর হইল ও বক্রী দুই পাশের......দরজা জানালা ৺দালান ও তাহার পার্শের চারি কুঠারি এজমালে থাকীল মামুদর ডাঙ্গা হইতে ও অপর নিজের ব্যাএ যে প্রকার মেরামত হইতেছে শেইমত হইবেক উক্ত চারি কুঠারি নিজ নিজ চিহ্নীত অংশে স্বীয় স্বীয় সত্য......করিয়া নিজে নিজে মেরামত করিবো চারি মাশের মধ্যে মেরামত করিতে প্রবর্ত্ত না হই তবে ঐ কুঠারি হইতে বেদস্ত হইবো ও এই চারি জনার মধ্যে যে মেরামত করিতে সক্ত হইবেক শেই লইবেক এবং আমাদীগের চারি সরিকের কোন বিরধ কার্য্য উপস্থীত হইলে ও ৺মাহাপুজার সময়ে আমরা পরস্পর বিনা ওজরে আবিশ্বক মতে ঐ কার্য্য সমাধা পর্য্যন্ত ছাড়িয়া দীবো আমী গঙ্গাধর ও হারাধন ও জদুনাথ আমাদীগের নিজ নিজ সরিকের আপত্য সমস্ত নিজ নিজ শীরে লইবো ও চিহ্নীত চারি কুঠারির ছাত সমস্ত জাহার ঘর তাহার থাকীবে ও আমী হারাধন আমী ইহা কহীতেছী যে জদীস্যাৎ গঙ্গাধর মুখোপাধ্যায় জদী...রাস্তা করিবো এতদার্থে ....সম্মতি পূর্ব্বক উক্ত চারি কুঠারির চিহ্নীত একরার লিখিলাম ইতি সন ১২৬৬ সাল তারিখ—১৬আশাড় রোজ বুধবার—

ইশাদ—

নিঃ শ্রীব্রজনাথ চট্টোপাধ্যায় হাং সাং বেহালা—

শ্রীযদুনাথ মুখোপাধ্যায় শ্রীহারাধন মুখোপাধ্যায় শ্রীশ্যামাচরন মুখোপাধ্যায় শ্রীঅন্নদা প্রসাদ মুখোপাধ্যায়

সাং বোড়া

২৭৩। বি ১৬৪৬

৭ঁ শ্রীদুর্গা—

সাহায়

৶মূল ধনি রাশমোহন ঠাকুরের দুই পত্নি প্রথমা পত্নির এক সন্তান তস্য দুই পুত্র এক কন্যা দ্বিতীয় পক্ষের পত্নির এক সন্তান এক কন্যা এই কন্যার এক সন্তান। প্রথম পক্ষের সন্তান গত তস্য দুই পুত্র তৎপর গত তৎপর তস্য মাতা ঠাকুরানী গত দ্বিতীয় পক্ষের সন্তান গত তস্য পত্নি বর্ত্তমান দ্বিতীয় পক্ষের কন্যার সন্তান গত তৎপর মূল ধনির দ্বিতীয় পত্নি গত এক্ষণ মূল ধনির প্রথম পক্ষের পৈত্রী বর্ত্তমান দ্বিতীয় পক্ষের এক কন্যা বর্ত্তমান দ্বিতীয় পক্ষের এক পুত্রবধূ বর্ত্তমান এই বিষয়ের বিবচনা করিবেন

২৭৪। বি ১৬৪৮

৭শ্রীদুর্গাঃ।—

সহায়—

মহামহীম শ্রীযুত নীলমাধব বন্দো মহাসয় বরাবরেষু

লিখিতং শ্রীকেদারলাল ভট্টা তোমার নিকট এক গাছ ডারা লইঞা আমী এক গাছ ডারা দিলাম যদ্যপি কমু ববুতে ফিরাফিরি হয় তবে সে না মুঞ্জুর আর ২ টাকা জরিমানা হইবেক ইতি সন ১২৭৩ সাল তাং ২৮ কার্ত্তিক

শ্রীকেদারনাথ ভট্ট— শ্রীরাখাল ঘোষ—

২৭৫। বি ১৬৬৭

মহামহিম শ্রীপণ্ডিতবর্গ মহাসয়েষু ॥—

এক ব্যক্তির দুই সংসারে দুই পুত্র তাহারদিগের পিতা বয়োধিক প্রযুক্ত সর্ব্বত্র গমনাগমনাসামর্থ হইয়া আপনি অস্থাবরাদি যাবত বিষয় রাখিয়া স্বার্জিত পৈতৃক সিম্ব ও নিবন্ধ যে যে ছিলো তাহার ঐ দুই পুত্রকে আপন স্বেছা পূর্ব্বক বিভাগ করিয়া দিয়াছেণ এবং পুত্রেরা দখলিকার আছে এক্ষণে প্রথম সংসারের কনিষ্ঠ পুত্রের বান্ধ হইয়া ঐ পূর্ব্ব

কৃত বিভাগ অন্যায় করিতে উদ্যত হইছেন এক্ষণে আমার নিবেদন তাহা করিতে পরেন কিনা তাহা অস্মদ্দেসীয় সাস্ত্রানুসারে পণ্ডিতের দ্বারায় ব্যাবস্থা লিখিতে আজ্ঞা হইবেক—

ইয়ং যুক্তিঃ

পুত্রেভ্যঃস্বেছয়া কৃত বিভক্ত ধনে স্বসত্বাভাবেন বিভাগকরণাৎ তদন্যথাকরণাসমর্থঃ পিতা ইতি যুক্তিস্চ—

সক্বদ[ং]সোনিপতিতঃ সকৃৎ কন্যা প্রদীয়তে সক্বদাহদদানীতি। ত্রীন্যেতানি সকৃৎ সকৃৎ স্মার্ত্ত ভট্টাচার্য্য ধৃত বচনাচ্চ

২৭৬। বি ৩০৮৭

৭শ্রীশ্রীকৃষ্ণ—

লিখিতং শ্রীসখি দেবী কস্য হকিকৎ জবানবন্দী পত্রমিদং সন ১২২৩ সাল আগে লিখনং কার্য্যঞ্চ আগে আমার স্বামী বর্ত্তমানে [আমার] ভাশুর শ্রীগিরিধর রায় জে কালে ৺ছয় শেবা দিঞাছিলেন শে কালে কহিআছিলেন আমার সনন্তান আদি নাই আমি আপন বিত্তি আপন অবিষ্টীকে দিঞাছি ৺ শেবার জায়াতে অই বিত্তির অদ্ধেক থাকিবেক আমার এই ছয় শেবা করিলে বিত্তি অনেক পাইবে এই কথা কহিঞা কহিলেন এক সন শেবা...খোরাকী পাচ টাকা পাইবে জাবৎ শেবার বিত্তির জায় জাজনা হয় এই কথা কহিঞা আমার স্বামি স্থানে জে দশ কাঠা জমি খরিদ পাচ টাকাতে করিঞাছিলেন কহিলেন অই জমিতে এক শন শেবা করিঞা তুমি খালাশ এখন আমার ছেলা সিশু আমার শ্বামী পাচ বশ্ছর শেবা করিলেন এখন নাহি সর্ত্ত দেন না এবং বিত্তি অদ্ধেক দেন না আর আমার সহিত বিবাদ করিতেছেন—ইতী—

৺শেবার জায়—

বাশুদেব—১

গোপাল—

ভুবনেশ্বর শিব—

আর শালগ্রাম—

এই সব শেবার ভাগি শ্রীগউরচন্দ্র রায় দীঃ—ইহ অন্যকে শেবা করাইলে.....কি মাহিনা দেন ইহা জ্ঞাতো হইবেন ইতী—

২৭৭। বি ৩১৪৫

৭ শ্রীশ্রীকৃষ্ণ—

শ্রীচরণভরসা—

মহামহীম শ্রীযুত জেলা বর্দ্ধমানের দেওানী আদালতের ভট্টাচার্য্য মহাশয় বরাবরেষু—পরগনে আজমৎসাহী মৌজে সামুক গ্রামের শ্রীগোবিন্দপ্রসাদ সর্ম্মার হকীগত পত্র মিদং কার্য্যঞ্চাগে পরগনে সেনপাহাড়ি মৌজে অমরপূর গ্রামের শ্রীগোলাম রায় আমার সিষ্য তাহার ব্রহ্মর্ত্তর জমী ঐ সেনপাহাড়ি ও সেরগড় ও গোপভূমি এই তিন পরগনাতে ২২৷ বাইষ বিঘা আছে ঐ রায় মজুকুর অবর্ত্তমান হৈলের পর তাঁহার পুত্র শ্রীঅভয়চরণ রায় তিহো ভোগ করিলেন তিহো অবর্ত্তমান হইলের পর তাঁহার পুত্র শ্রীকৃষ্ণচন্দ্র রায় তিহো ভোগ করিলেন তিহো অবর্ত্তমান হইলের পর তাঁহার ব্রাহ্মনি শ্রীমতি গোবিন্দমুনি দেবি আমাকে খোস বেজাতে সইচ্ছাপূর্ব্বকে স্বামির সর্গার্থে ঐ ২২ বাইষ বিঘা জমী ইমসন দান করিয়া দানপত্র লেখিয়া দিলেক এবং আমার সমিভ্যারিত গ্রাম ২ জাইয়া এই জমীর খাজানা জোদ্দারেদ্দে পাশ দেলাইয়া দীলেন এবং জোদ্দারদীগ্যে কহিয়া দীলেন জে শ্রী৺ঠাকুর মহাসয়কে এই সকল জমীর খাজানা সন২ দীবে আমার ইহাতে বিসয় নাঞী এক্ষেন আমার ঐ দানের জমী ২২৷ বিঘার মধ্যে ঐ শ্রীমতি গোবিন্দমুনির সাষুড়ি খানখা করিয়া আপন ভ্রাতার জামাতাকে ৮৷ আট বিঘা জমী লেখিয়া দীআছে অতএব মহাশয় সাস্ত্রজ্ঞ সাস্ত্রানুসারে কার অধীকার হয় ইহার ব্যবস্থা দিত্যে আজ্ঞা হয় ইতি সন ১২০৬ সাল—তারিখ—১৫ পোনরঞী ফালগুন

শ্রীদুর্গা জয়তি।—

শ্রীদুর্গাদাস শর্ম্মণাং

পত্ন্যা যৎস্বসংক্রান্তপতিস্থাবরাদি যস্মৈ গুরবে দত্তং তত্র তস্যৈবাধিকারো নত্বনধিকারি-তচ্ছ্বশ্রূদানপ্রতিগৃহীতুরিতি বিদুষাং পরামর্শঃ।—

২৭৮। ল ৪

শ্রীরামঃ—

স্মরণম্—

পরম পূজনীয় শ্রীযুৎ.ব্রাহ্মণ পণ্ডিত মহাশয় শ্রীচরণবর্গেষু—

এক ব্যক্তী অবিবাহিত ৺প্রাপ্তী হয় তাহার প্রপিতামহ দৌহিত্র পর্য্যন্ত রহিত উত্তরাধি-কারি তস্য মাতুল আর পুত্ররহিতা ভগ্নী এক আছেন এবং ষষ্ঠম,,পুরুষের মধ্যে জ্ঞাতি

এই তিন ব্যক্তীতে বিবাদ করিতেছেন অতএব নিবেদন ধনি ব্যক্তীর মাতুল কিম্বা ভগ্নি কিম্বা ষষ্ঠম পুরুষের মধ্যে জ্ঞাতি এই তিনের মধ্যে ধনাধিকারি কে হইতে পারে শাস্ত্রানুসারে উচিত ব্যবস্থা যা হয় তাহা দিতে আজ্ঞা হয় নিবেদন করিলাম ইতি—

২৭৯। শ ১৬

শ্রীশ্রীদুর্গা—

জিজ্ঞাস্য—

এক ব্যক্তীর তিন কন্যা জেষ্ট কন্যার বিবাহ দিয়া উহার মৃর্ত্ত্যু হয় দুই অবিবাহিতা কন্যা থাকে এবং উহার স্ত্রী জিবিত থাকেণ তদপরে কিছুদিন বাদে ঐ দুই অবিবাহিতা কন্যার মধ্যে এক কন্যার বিবাহ দিয়া উপরূক্ত ব্যক্তীর পত্নীর কাল হয় কেবল কনিষ্টা কন্যা মাত্র অবিবাহীতা থাকেণ

১ দফা

মাতাপিতার মৃত্ত্যুর পরে অবিবাহীতা কন্যাই সমস্ত ধনের অধিকারি হইতে পারে কিনা—

২। জদী উভয় অবর্ত্তমানে ঐ অবিবাহীতা কন্যা ধনাধিকারি হণ কিন্তু বিবাহর পর বিবাহের খরচ বাদে ঐ সম্পত্তী তিন অংশ হইবে কি কনিষ্ট কন্যারই সমস্ত সম্পত্তী প্রাপ্ত্য হইবে—

২৮০। শ ১৭

শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২২২—

রানিহাটী পরগনার সামীল বয়ড়া পরগনার মৌজে বুজুরূক বেলিয়ার শ্রীকমলাকান্ত গোস্বামীর হকিকত নিবেদন—

আমার পিতামহ ঠাকুর মহাসয়রা তিন সহদর আমার পিতামহ মর্দ্ধম ৺রামকান্ত গোস্বামীর জেষ্টা ভ্রাতা ৺ভাগবতানন্দ গোস্বামী কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামী ইহারা বর্ত্তমানে কিছুকাল একত্র ছিলেন তাহার পর ৺ভাগবতানন্দ গোস্বামী আমার পিতামহ ৺রামকান্ত গোস্বামী ও পিতামহর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামী সহিত তিন অংষ সমান করিয়া পৌত্রিক ও যুপাজ্জিত ও দিব্যাদি ওগয়রহ তামামী জায়দাদ ৺ভাগবতানন্দ গোস্বামী এক অংষ বুঝিয়া লইয়া প্রথক হইয়াছিলেন বাকী দুই অংষ লইয়া

আমার পিতামহ ৺রামকান্ত গোস্বামী ও পিতামহোর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামীর সহিত দুই জনে একত্র ছিলেন কিছুকাল পরে আমার পিতামহ ৺রামকান্ত গোস্বামীর ৺প্রাপ্তি হইল তখন আমার পিতা ৺গদাধর গোস্বামী বর্ত্তমান ঐ আমার পিতামহর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামীর সহিত পিতাঠাকুর অনেক দিবষ পর্য্যন্ত একত্র ছিলেন তাহার পর আমার পিতা ৺গদাধর গোস্বামীর ৺প্রাপ্তি হইল তখন আমি বালক আমি ঐ পিতামহর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামীর সহিত একত্র ছিলাম তাহার পর কিছুকাল পরে সন ১২১৪ সালের—ঐ পিতামহর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামীর সহিত প্রথক হইলাম কিন্তু নগদ টাকা ও গহনা ও তৈজসাদি বিভাগ হয় নাই পৌত্রিক ও অন্য যুপার্জ্জিত বিত্যাদির খাজানা ও ফষল সমান অংষ করিয়া লওয়া জাইতেছে প্রথক হইলে কীছুকাল পরে সন ১২১৬ সালের মাহ জৈষ্টীতে ৺পিতামহর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামীর ৺প্রাপ্তী হয় তিহোঁ বর্ত্তমানে প্রথক হইয়া অবধি আজি নাগাইদ পৌত্রিক বির্ত্তি ও যুপার্জ্জিত বির্ত্তির খাজানাদির অংষ করিয়া লওয়া জাইতেছে এক্ষেনে পিতামহর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামীর স্ত্রী শ্রীমতি গঙ্গাদেবীর সন্তান সন্তথী কিছুই নাই তিহোঁ কহেন জে আমার স্বামীর সৌপার্জ্জিত বির্ত্তির অংষ তুমি পাইতে পারিবা না আমী তাহাতে কহিলাম জে আমার পিতামহ ও পীতা জে সৌপার্জ্জিত বিত্যাদি করিয়াছীলেন তাহার অংষ পিতামহর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামী বুঝিয়া লইয়াছেন এবং আপন যুপার্জ্জিত বির্ত্তির অংষ আমাকে বুঝিয়া দিয়াছেন সে নাগাইদ অদ্যতক সেইমত অংষ বুঝিয়া লইতেছী তথাচ এক্ষেনে দুষ্ট লোকের পরামর্শে পিতামহর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামীর স্ত্রী শ্রীমতি গঙ্গা দেবী স্ত্রীলোক না বুঝিয়া কহেন সাস্ত্রানুসারে আমার স্বামীর যুপার্জ্জিত বির্ত্তির অংষ পাইবা না অতএব নিবেদন ৺পিতামহর কনিষ্ঠ ভ্রাতা ৺রামচন্দ্র গোস্বামীর যুপার্জ্জিত বিত্যাদি অংষ বর্ত্তমানে ও অবর্ত্তমানে অবিবাদে দখলকার আছী এক্ষেনে পাইতে পারি কী না মহাশয়রা সর্ব্ব সাস্ত্রার্দ্ধ্যাপক ধর্ম্ম সাস্ত্রানুসারে ব্যবস্তা দিতে আজ্ঞা হয়—ইতি—

ব্যবসায়-বাণিজ্য

॥ ব্যবসায়-বাণিজ্য ॥

(১১৯৮-১২৬০ সন)

২৮১ । বি ২১৬

৭ শ্রীশ্রীদুর্গা—

সরণং

শ্রীশ্রীচরণেষু ।—

প্রণামা নিবেদণঞ্চ বিসেষঃ ।—

শ্রীগুরুদাস সর্দ্দারাণং:—

নিবেদন অনেক দিবসাবধি কোন সংর্ব্বাদ আদী না পাইয়া বড়ই ভাবিত আছী আগতে সেখানকার মঙ্গলাদী সমাচার লিখিতে আজ্ঞা হইবেক শ্রীযুত মুনি সাহেবের শস্তের বড় দরকার মতে নিবেদন কাষ্ট গোলার তলপ কাষ্ঠর আমদানি হইয়াছে কী না আমরা পুরাতন কাষ্ট সোকর কীম্বা টুন কাষ্ট আছে কীনা জদী থাকে তবে অনুগ্রহে প্রকাষ করিয়া কাষ্টগোলা পরান্ত জাইয়া তাহার বেবকত্য আর তাহার মুল্য কত আর লর্ষ্বা কত হাত তাহার সংর্ব্বাদ লিখিবেন কাষ্ট অভাবে এখানে কর্ম্ম কামাঞী অধিক লেখা বাহাল্য নিবেদন ইতি সন ১২৬০ সাল তাং—৫ ভাদ্র

২৮২ । বি ২৬৮

The Great Mogul

Edward Hall, Card Maker to Her Majesty Piccadilly.

For Exportation.

Fifty Pounds Penalty, if re-landed ; and Twenty Pounds, if fold or ufed in Great-Britain.

৭ শ্রীরামলোচন সরকার

[১খ তালতড়ের সন্নীকট

গুরুচরন প্রকট

২৮৩। বি ৫৫৯

শ্রীশ্রীদুর্গা—

সরণং—

পোস্ত শ্রীরামনিধি দাস ঘোষস্ত—

পরম সুভাসি সিবঞ্চ বিশেষঃ ভাইজিউর মহোন্নতি শ্রীশ্রী৺দ্বারায় বাঞ্ছা করণেই অত্রানন্দ পরং দিবসকয়েক হইল পত্রাদি কোন সমাচার পাই নাই শ্রীযুত কালীপ্রসাদ ঘোষজা খুড়া এখান হইতে দিবস আষ্টেক হইল মোকামে গিয়াছেন সকল কথা তাহাঁর সাক্ষ্যাতে কহিয়াছি তাহাতেই জ্ঞাত হইয়া থাকিবা অদ্যাপি কাপড় পাঠাইলা না এখানে ইঙ্গেরের সহিত কাপড় সওদা করিয়াছি অতয়েব রাতি বিরতে জে যুরতে কাপড় আসিয়া পহুঁছে তাহা করিবা জল এইক্ষ্যনে হইল না মোকাম কাটওায় নৌকাজোগে জে-প্রকারে রাহি হয় তাহা করিবা কদাচ গৌন করিবা না গৌন হইলে সওদা চটীবেক আর আমা'ক খেসারত দিতে হবেক ইহা বুঝিয়া কার্য্য করিবা আর কাপড় জত তৈয়ার থাকে তাহাই এ চালানে পাঠাইবা এখন জে কাপড় আসিবেক তাহাই বিক্রী হবেক ইহার পর গৌনে জে কাপড় আসিবেক তাহা বিক্রী হওয়া ভার হবেক তাগাদা শেখান-কার কাজ নিকাষ হইলে বড় ভাল হয় এখানে বিক্রী হইলে ফের সে টাকা পাঠান জায় লাভালাভও বুঝা জায় লাভ না বুঝিলে কাজ করিতে ইঃছা হয় না জদি তুমি জাকুসি করিয়া কাজ ত্বরায় নিকাষ করিতে পারহ এখানেও বিক্রী হইয়া মুনাফা পাওয়া জায় তবেই বরাবর কাজ চলে নতুবা একবারেই বিরক্ত হইয়া কাজের দফায় নিরস্ত হইতে হয় অতয়েব তাগাদা করিয়া বেবাক কাপড় চালান করিয়া সিভ্র এখানে আসিবা কদাচ গৌন করিবা না এক পত্রে সত সত তাকিদ জানিবা কিমধিকমিতি সন ১১৯৮ সাল ১৫ অক্তবর ১ কার্ত্তিক

পত্রার্থে জ্ঞাতো হইয়া সিভ্র কাপড় চালান করিবা দেরি কদাচ না করাইবে

দীং ৬ কার্ত্তিক—

গুং ডাকের হরকরা—

২৮৪। বি ১১৩৩

শ্রীদুর্গা—

ভবদীয় শ্রীশ্রীরাম শর্ম্মণো নমস্কারা নিবেদনঞ্চাদৌ বিশেষঃ—

পরন্ত শ্রীপ্রাণকৃষ্ণ দত্তের মার[ফ]ত পত্র পাইয়া সমাচার জ্ঞাত হইয়াছী থালের

বিশয় জাহার থাল সে লোক অন্য বাটীতে নাই ইহাতে পাঠান হইল না এ লোক বড়ই ব্যস্থ হইয়া জাইতেছেন থাল দুই তিন প্রকার আছে দাম শক্ত কহে এবং ওজনেও ৩।০ চোদ্দ পোয়া চারি শেরেয়ের কমী নাই ১॥ টাকা সের কাঞ্চনের দাম কহে সাদা থাল যন্ত-পিস্যাৎ নেয়ন কর্ত্তব্য হয় তবে ওয়াগ্নায় মিলিতে পারেক ইহার জে বিহিত বিবেচনা করিয়া লিখিলেই থাল পাঠাইয়া দিব সাটী দুই খানী সেই মারফত পাঠাইব পূর্ব্বকার জে সকল কথা ছিল সেই মত করিতেছী পশ্চাত সংবাদ লিখিব গতায়াতে তথাকার কুশলাদী বাত্রা লিখিয়া চিত্তে পরমাপ্যাইত করিবেক কিমধিকমিতি—

তাং—১৫ বৈশাখস্য—

বিবিধ শাস্ত্যাপর্ক শ্রীল শ্রীযুক্ত জগদ্দুর্ল্লভ ন্যায়ালঙ্কার ভট্টাচার্য্য মহাসয়েষু—

২৮৫। বি ১১৯২

মহামহিম শ্রীযুৎ মেঃ জান চিপ সাএব বরাবরেষু—

লিখিতঃ শ্রীসোলআনা আসামি—

কস্য কাপর কড়ার পত্র মিদং কাজনঞ্চ আগে

সালিআনা ৩৬ হাতা বন্দবস্ত করিলাম—

আসামি—	দম—
নাম্নু পাল—	মোট—
সাঃ মুলগা—১৪	১॥০
সাফলিরাম কল	
সাঃ খান্দর—৩০	৩
রামদুলাল নন্দি—	
সাঃ পিপল—১২	১
পিরিতরাম ভদ্র—	
সাঃ ভারুছা—২০	২
নিমাই দে—	
সাঃ বেল্যা—৩০	৩
তিলকরাম দাষ—	
সাঃ যমুনা—১৪	১॥০

জুগল দাষ—	
সাঃ ঝুঝুন—১২	১
রামকীসোর দাষ—	
সাঃ ঝুঝুনা—৮	০
নন্দ ভুই—	
সাঃ ঝুঝুনী—২০	২
রামদুলাল দাষ—	
সাঃ পিপলন—১৪	১॥০
খুদিরাম দে—	
সাঃ বাওই—২০	২
রামচরন নন্দ[ী]—	
সাঃ পিপলন—১২	১
গোবিন্দ দত্ত—	
সাঃ বেলগুা—১০	১

২৮৬। বি ১৫৪১

৭ শ্রীশ্রীরামঃ।—

ইআদাস্ত আতসের কারখানা—

ভাগজায় সন ১২০০ সাল—

আসামী— ভাগ—

বন্দুকের—

বারুদের জায়—

সোহরা— ৪ চারি চাই—

কোএলা—১ এক চাই—

গন্ধক—সেরে ছটাক—

দিপক ভাগ—

সোহরা— ৩ তিন চাই—

গন্ধক—১ এক চাঞী—

হরিতাল—

সেরে তোলা—

আসামী— ভাগ—
হাওঁাই বাবুদ—
সোহরা—৫ পাচ চাই—
কোএলা— ১ এক চাই—
গন্ধক—
সেরে - ৵০ আদ পোওঁা—
তোমড়ি বাবুদ—
সোহরা—৬ ছয় চাই—
গন্ধক—১ এক চাঐী—
কোএলা—১ এক চাই—

২৮৭। বি ১৬১৪

৭ঁ শ্রীদুর্গা—

জয়তি

সেবক শ্রীবলরাম দেবশর্ম্মা প্রাণামা বহবো নিবেদনঞ্চ আগে মহাসয়ের শ্রীচরনাসী-বাদে এ নফরের মঙ্গল হয় বিশেষ সে বাটির মাঁ ঠাকুরানি পিড়ে স্থনিইয়া বড়ই ভাবিৎ হইয়াছি আর এখানে চাটে তালের গাছ ডে টেকা ১।।০ দর করিয়াছি নেয়া থাকে জদি সপ্রিতি আদ টাকা পাঠাইবেন তবে আমি এখানে রাখিতে পারি নতুবা আমি রাখিতে পারিবো না তবে জে খপর হয় তাহা লিখিবেন ইহা নিবেদন করিলাম ইতি তারিক ১৩ অগ্র্যান—

পরম পূজনীয় শ্রীযুৎ পিত্যা ঠাকুর মহাসয় শ্রীচরনেজুগলেষু—

ˆ শ্রীশ্রীহরি।—

॥৴ নয় পোণ

সণ ১২২০।—

সাং সোনামুখি।—

বাকি জায় রূপেয়া মোং সোনামুখি সরকার শ্রীযুত কুমপানী ইঙ্গরেজ সাহেব।—

রিসিডেণ্ট শ্রীযুত মেস্তর জান চিপ সাহেব সণ ১২২০ সাল সণ ১৮১৪ সাল।—

ইস্তক— ১ আপরেল— ২০ চৈত্রী— নাগাদী— ৩০ আপরেল— ১৯ বৈসাখ।—

আসামি—	জমুনা— বাকি—	গড়ার— বাকি—	রঙ্গীলের— বাকি—	চিনির— বাকি—	থাঁড়ের— বাকি—	গালার— বাকি—	সোনের— বাকি—
সাবেক মাহার।—							
বাকি।—	১২৬১২৵১৭	৯৩৯৩৵২	২৬৬২॥৬	১৪৯৬৶৬	৬৩	৮৮৬৴৭	৩১১॥৶১৩
হালপর্ত্তন সিক্কা।—	৬৮৭৫।৶০	৫৮৩।৶০	৬২৯২	০	০	০	০
সন ১২১৯ সালের।—							
ফাজিল সোধ।—	৮৮৬৵৮	০	৮৮৬৵৮	০	০	০	০
	৬৯৬৪।৴৮	৫৮৩।৶	৬৩৮০৬৵৮	০	০	০	০
	১৯৫৭৬॥৫	৯৯৭৬॥৴২	৯০৪৩।৵১৪	১৪৯৬৶৬	৬৩	৮৮৬৴৭	৩১১॥৶১৩
এয়াসিল।—							
বিঃ হুক্কী।—	১৬০॥১৫	৬৬৴৩	১৫৩॥৶১২	০	০	০	০
নগদ আদাই।—							
সিক্কা।—	১৭৬।৵১৬	১৬৮৬১৬	০	০	০	০	০
	৩৩৬৬৶১১	১৭৫॥৴১৯	১৫৩॥৶১২	০	০	০	০
বাকি—	১৯২৩৯॥১৪	৯৮০০৬৶৩	৮৮৮৯॥৶২	১৪৯৬৶৬	৬৩	৮৮৬৴৭	৩১১॥৶১৩

মঃ উনিষ হাজার দুই সও উণচলীষ আট আনা চোদ্দ গণ্ডা ইতি—

২৮৯। হ ৮

৭ঁ মহামহিম পরমাস্থান শ্রীযুত দেবীদাস সরকা॥ জিও মহাসয়েষু আজ্ঞাকারী পোষ্য শ্রীমুনিরাম দাসস্য নাঃ নিবেদনঞ্চ। আগে মহাসএর মঙ্গলোন্নতি কহিএ মহাসএর কৃপাতে অত্র কুসল। অপরঞ্চ সেকার কুশলাদি রাজসম্মান সমূলিৎ লেখিবেন এখনে সমাচার কিছু লেক্ষ নহে স্থিতি জে তাহা তোকদার বুঝিঞা লইতেছেন লাউযুলী অস্থিতী আমার নিজের ইহাতে প্রত্যহ পেরেসানী আজিতক সহ আবধি কর্জ্জ করিঞা আপনার জাবদেক আস্থা ছিল সমস্ত দিল···নাঞি। আখের সাল ৩ সৎ রুপেয়া বাকী মুজমিন হয় না তবে পোতদারের স্থানে সিকদারকে মাধ্য······দিএন ৩ সও রুপেয়া মাল দিঞা মুজমিন করিঞা লক্ষনপুর তরফকে আনিঞা পাহাড়পুরে নগদেক কিছু নারিলেক এক ব্রাহ্মন সও রুপেয়ার চিনী দিলে তাহাতে কিছু আসিঞা পঙছিছে বাকী চিনী বলদ সমেৎ পোতদার আটক করিঞা রাখিঞাছে সে এথা বাসিন্দা আজি বৎসর সেক ছাড়িঞা জাঞাছে সেইখানের সহিৎ দেখাযুনা কয় বার হঞাছে। কএক বৎসরের কর্জ মজমুদারের তিহোঁ ৩ বৎসর লোক এঞাছেন। ইহাতে কখন কোন প্রসঙ্গ করে নাঞি মহাসয় জেমৎ কর্জ রাখয়া সে বিসবিক্ষাত।······ক বৎসর এদেস ছাড়িল······ সাক্ষাৎ পরোক্ষাতে লোক দ্বারায় কীছু কহে নাঞি—পত্র পাত্র নাঞি। আকস্মিৎ··· চিনী ও বলদ রুকিঞা রাখিঞাছে। আমিহোঁ তেনমতি না···ইতে ছিলাঙ সিকদারের পেয়াদা সঙ্গে জাঞাছিল সে জাইতে নারি···ঞা আইল। এখানতে নানান কার্য্য তিন ঠাঞি ভ্রম খোয়া···মিথ্যা দাগাবাজী করিঞা কার্য্য ক্ষতি করিলেক এখানতে ·· ···রিঞাছি জে পাঁচ রোজের ভিতর সে চিনী আসিঞা পঙছিবেক। ··· ···সরম ভ্রম সকলী তোমার নাজীমৎ আছে কৃপাপূর্ব্বক···চিনী আসিঞা পউছে করিবেন তবে এখানতে ভ্রম র······নতুবা বড়ই একমৎ বলিঞা তবে সে বানিঞা আরজী হইবেক খৎ পত্র থাকে তবে খৎ মাফিক জে হয় তাহা · ···জাইবে গ্রাম লক্ষণপুরে দিলাএ দিব নতুবা মিথ্যা··· ··· ··· ···সেখানকে আসিবা জাবা······তোমার তকীয়া সরম নাজীম আছে জে দেখিল সে···নিবেদন করিল—

॥ কৃষি ॥

(১১৫৩-১২৬৯ সন)

২৯০। বি ৪৬৭

৭শ্রীশ্রীহরি ॥—

স্বরনং—

পরম পুজনিয় শ্রীযুৎ বর ঠাকুর কর্ত্তা মহাসয় শ্রীচরন কোমলেষু—

সেবকানুসেবক শ্রীরাধাবিনদ ঘোষ দাষষ্য য়সঙ্খ দণ্ডবৎ কোটি সও বহোবো নিবেদনঞ্চাগে য়াপনকার শ্রীচরন কৃপ্রাতে এ লফরের সমস্ত মঙ্গ[ল] হয় বিসেস নিবেদন লিখি য়ন্ত চালু মটা ভ্রাজাল য়ামসালি তিন রকমে ৩৶১৫ তিন মাপ তিন সলি পোনর সের চালু পাটান জায় য়াপনকারা যুদিস্থি করিঞা লইবেন শ্রীশ্রীবাটির মঙ্গলাদি লিখিতে য়াজ্ঞা হইবেক ইহা জ্ঞাতো কারন শ্রীচরনে নিবেদন করিলাম ইতি তাং ৪ জৈস্টি—

২৯১। বি ৭৭০

শ্রীশ্রীকৃষ্ণ।—

সরণং—

প্রনামা নিবেদনঞ্চাগে বিসেষ ইদানি কোন সংবাদ পাই নাই মঙ্গলাদী লিখিবেন তদনন্তরে নিবেদন আমার নিজের কোন জমিতে মুলা ব্যোপন করনের অন্তকরন এখানে বিচন অভাব অতএব মনিস্য পাঠাই মুলার বিচন এক সের আন্দাজ পাঠাইতে আজ্ঞা হইবেক ফল বিচন ভাল রকম হয় ইহাতে বিহিত মনজোগী করিবেন অপর মঙ্গল নিবেদন ইতি সন ১২৪৬ সাল তারিখ ২০ শ্রাবণ—

শ্রীপরেষনাথ সর্ম্মণ আচায্য—

নিবেদন পত্রী যুগোচর হইব নিবেদন ইতি—

বন্দনিয় শ্রীযুৎ জগৎদুল্লভ নেলঙ্কার ভট্টাচার্য্য মহাসয় চরণেষু—

পত্র দেনা—নান্মুর—

২৯২। বি ৮৫৩

শ্রীশ্রীকালি।—

[১২]৭০ সাল—

হিসাব শ্রীশ্রীরাম পাল।—

খাটুনী আরম্ভ ১ চৈত্র—সন ১২৬৯ সাল—

জমা—

বৎস্বরিক বেতণ—১৪৸০

ইঃ ২৬ চৈত্র নাং ২ বৈসাখ—

কামাই—

গাজণ উপলক্ষে—৭ দীন—

উহার পীতামহীর শ্রাদ্ধপলক্ষে—১ দীন

৮ দীন

কামাই—

১১।১২ বৈসাখ—২ দীন—

১০ দীন

২৫ জৈষ্ট—১বে—

২৪ আষাঢ় অবধি জ্বর ব্যামহ কারণ

২৭ নাগাদি— ৪ দীন—

৯ শ্রাবন—১

১০ শ্রাবন—১

১৬

১৭ ভাদ্র—১

পাইঠার ভোজন উপলক্ষে—

২১ কার্ত্তিক—১

২২ কাত্তিক—১

জ্বর ব্যামহ কারণ

২৮ কার্ত্তিক—১

ভ্রাতৃ দ্বিতীয়ার কারণ ২৩ পোষ—১

২ মাঘ— ১

২১

খরচ—

জমীর জমা— ২৲

জমীর কারকীত—১।০

৩।০

খরচা— ।/৫

১৭ বৈশাখ—১৲

২১ জৈষ্ট—১৲

৬ ভাদ্র— ১৲

২৪ আস্মিন—১৲

৯ কার্ত্তিক—১৲

২২ অগ্রহায়ন—১৲

১৯ মাঘ— ২৲

১১॥০

১॥/১০

১৩/১০

১।১১

১৶১৫

।/১০

/১৩

২৸

৸

১॥৶১॥

১৪৸

১৩ ৎ১৮॥

১॥

১॥ ১৮॥

২৯৩। বি ৮৫৪

নিজ ভাঙ্গা পড়িয়া যায়—
দফে বীজ ৵
সার্ণা ২

শ্রীরামঃ—
শরণম—
সন ১১৫৩ শাল—

ব্রহ্মোত্তর ভূমির ধান্য বন্দ্যোপাধ্যায়
একদফা অ[নি]ন্তরাম বাটোয়া গতি—নিজ—
দলইয়ার জোৎ দরুণ—৵২
দফে খিরসাপাৎ—
গতিতি সরকার—/১।
দফে নিজ জোতের আছড়ায়—৵১
সলি ॥/০ কাৎ বাটোয়া

।৵।

নিজগতি—।/৩
সরকার গতি—/১।

।৵।

[১খ উসুল তঙ্কা—
আসু ধান্য বেচা—২ তঙ্কা
আওোষের কাৎ— ৩
দফে মারফৎ দিগার—১
দফে মারফৎ দিগার—১
দফে মারফৎ নিজ —২

৯

কর্জ্জসোধ—৪
খাজানা— ৫

৯

২৯৪ । বি ৮৮৯

শ্রীশ্রীরাম—

শরনম—

পোষ্য শ্রীরামনিধি দেবশর্ম্মণঃ—পরম সুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চ আগে তোমার মঙ্গল শ্রী৺দ্বারায় প্রার্থনা করিতেচি তাহাতে অত্র মঙ্গল বিশেষঃ তোমার সাখ্যাতে সকল কহিয়াছি জ্ঞাত আছ শ্রীরামসান্ত গিয়াছেন তাহাকে তরায় পাঠাইয়া দিবেন এবং জমা জমির বিশয় পলানা কর্ত্তব্য নহে অতএব কিছু খরচ হইবেক কৃসি জমি করিতে চারা কি চাসের পিতুল দেওা ... ... ৬ বিঘা জমি রাখিয়াছেন এবং রামপূরে ৮ বিঘা আছে গ্রামে সাবিক গোমস্তা বেরিজ হইয়াছে রামপুরে নেওকিদের একজনা আসিয়াছে ভালই কিন্তু নাগমইতা একজনাকে না রাখিলে হইবে না অন্নাভাব চারাকি দেবতা জা করেন পুনশ্চ ২ দুই চাকরের মাহিনা ২ টাকা নাপিত ধোবা ২ দুই টাকা নাগমইতাকে ১ টাকা এই সকলে বড়ই ব্যামহ হইয়াছে কি করা জায় দেবতা জা করেন রামসান্তকে খাড়া খাড়া পাঠাইবেন কুবির দাদা মাতুল বাড়ি গিয়াছেন ইহা জ্ঞাত করিলাঙ ইতি—তাং—১৩ বৈশাখ— ॥—

পরম কল্যানীয়ঃ—শ্রীরামজীবন বন্দ্যোপাধ্যায় সার্ব্বভৌম কল্যাণবরেষুঃ—

২৯৫ । বি ৯২৩

৭শ্রীশ্রীকৃষ্ণ—

ভৃত্ত শ্রীরামকীশোর দাস দণ্ডস্য ভূমিদণ্ড সস্টাঙ্গ প্রনাম নিবেদনঞ্চ বিশেষ শ্রীচরণ শুভানুধ্যানে এ সেবক জনার মঙ্গল পরং নিবেদন চিরদিন গৌণে আজ্ঞাপত্র পাইয়া সিরো-ধার্য্য করিয়া জ্ঞাতো হইলাম দেসে যুকা হইয়া খরচ পত্র ব্যামহ হইয়াছে তাহা দেখিতে পাইতেছি আমি এ দেসে চাকরি করিতে আসা কেবল নাচারিতে দিন পাত হয় না নানান রুপ দায়গ্রস্থ এতর্থে দয হাজার টাকার মহল ইহার ডিহি মুহুরি হইয়া আসীয়াছি দরমাহা পাচ টাকার চাকর ইহাতে এই সময় মহাসয় এখাণ তক লোক পাঠাইয়াছেণ করিব নাচার ৪ চারিটী টাকা পাঠাই সেখাণকার জোগ্য নহে অনুগ্রহ পুর্ব্ব লইতে আজ্ঞা হইবেক। শ্রীযুৎ মুখপাধ্যাকে এক আদলি দিলাম জ্ঞাতো কারণ নিবেদণ ইহা শ্রীচরনে নিবেদণ করিলাম ইতি—তারিখ—২৩ পৌষ—[সন ১২০০ সাল]

রামকীশোর

২৯৬। বি ৯২৭

শ্রীরামঃ—

শরণম

পরম শুভাশীঃ প্রয়োজনঞ্চ। বিশেষঃ সেখানে চাসবাসের চেষ্টা পাইবেন কাপাস পূর্ব্বে যে পাতা গিয়াছিল তাহা রক্ষা পাইল কী না বাকী যে পাতিতে হয় তাহা ত্বরায় পাতাবেন ধান্য চাস ষষ্ঠ কুড়্যা এবং কাজলা এবং উত্তর মাঠ ইহা লোকে মাছ ধরিয়া যেন সারা না করে এমৎ করিবেন কৃষকেদের পরিধান বস্ত্র কিনিয়া দিবেন গজ ১ এক খান কিনিয়া দুই জনকে দিবেন আমী শ্রীশোভারাম চট্ট মারফৎ দুই তঙ্কা পাঠাইয়াছি এবং শ্রীপ্রীতিরাম ভট্টাচার্য্য উত্তর দেশ থাকিয়া কী আনিয়াছেন শ্রীজুত ভট্টাচার্য্যের দুই তঙ্কা বরাত দিয়া আসিয়া থাকেন ভালই না দিয়া আইসিয়া থাকে ঞিহাকে দিয়া বিদায় করিবেন বস্ত্রাদি যে দিতে পারহ তাহা দিবেন কাহার খাঁচটা সঙ্গতি হয় পাঠাবেন দুই চারি ঠাঞি বেড়াইয়া কিছু সঙ্গতি করিয়া জাইব পঞ্চ অবধূত যে টাকা আনিয়াছে সকল জমা খরচ করিয়া পাঠাবেন বাকী সমাচার শ্রীযুত বাঞ্ছারাম ভট্টাচার্য্য কহিবেন জ্ঞাত করিলাঙ ইতি তাং ২৬ কার্ত্তিক—

শ্রীটীকারাম দেবশর্ম্মণঃ—

পরম কল্যাণীয়েষু শ্রীযুত কালীশঙ্কর
ভট্টাচার্য্য ও শ্রীযুত শ্যামাচরণ বিদ্যালঙ্কার
ভট্টাচার্য্য কল্যাণবরেষু— শ্রী শ্রী

২৯৭। বি ১০৩৩

৭ঁ শ্রীরামঃ—

সন ১১৬৮ সাল

মাহ শ্রাবণ নাগাদি মাধব সূত্রধার খাটনি ১৮ আটরটা সন ১১৬৯ সাল মাহ আসঢ় ১৩ নাগাদি ২৩ রোজ ১১ খাটনি এবং গোপিনাথ খাটনি ১১ এগারটা

মাঞিনা দাদন

মাধব কুণ্ড ৩ তঙ্কা একুনে প্রছালি ১

গোপিনাথ দাস ১ এক তঙ্কা—

২৯৮। বি ৫১৬০

৭ শ্রীশ্রীহরি :—

স্বরনং ॥—

পরম পুজনিয় শ্রীযুৎ মধ্যম ঠাকুর মহাসয় শ্রীচরন কোমলেষু—

সেবকাহু সেবক শ্রীরাধাবিনদ ঘোষ দাষস্য য়[স]ঙ্খ দণ্ডবৎ প্রণামা কোটি সতং নিবেদনঞ্চ য়াগে য়াপনকার শ্রীচরন কৃপ্রাতে এ নফরের সমস্ত মঙ্গল হয় বিসেস নিবেদন য়ন্ত দুই মাপ চালু এক সের চালু পাঠাই চালু য়াচ্ছা নয় এ সন মটে জে চালু পাঠাই ইহার জায় লিখিয়া দিলাম হরেক দফায় ৪।৶ চারি মাপ সাত সলি পাঠাই য়ার চারিটী বলদের ভারা॥ টাকা এখানে ভারাতকে দিলাম য়ার এ সনের চালু।৵ সলি বাকি রহিল ইহা য়াপনি য়াজ্ঞা করিয়াছিলেন কিছু য়ামরা লইয়া জাব ছয় সলি চালু রহিল য়াপনি য়নুগ্রহ করিয়া জখন লোক পাঠাইবেন ততখনাত দিবসে বাটির যুভা সমাচার লিখিতে য়াজ্ঞা হইবেক এখানকার সকল মঙ্গল ইহা শ্রীচরনে নিবেদন করিলম

য়াপুনি কত্তা য়ধিক কি লিখিব—

ইতি তাং ৪ জৈস্টি—

চালু দফা য়য়ারি—
রঘুনাথ মাঝি—/০
ভাজান চালু
পাঠাই—৶০
খএর ধান্য—
।./১১ ক ৵১১৸০
এক দফা—
ভাজান ভাতি—
পাঠাই—১।৵৮
৫ জেস্টি—
পাঠাই—২ ৎ১
ঠাকুর পৌ—
নয়া জান চালু
বিক্রি করিয়া—
১ কা—৵১

৪।৶১৸

২৯৯। বি ৫১৬১

৭ শ্রীশ্রীকৃষ্ণঃ।—

পরগনে আজমতসাহির সিকদার ও তহসিলদার সত্নদার চরিতেষু।—

লিখনং কাৰ্য্যঞ্চা আগে শ্রীপুরোসত্তম বিত্তালঙ্কার ওগয়রহ নালিস করিলা সামুখ গ্রামে ইহাদিগের বিৰ্ত্তি জে আছে সে জমী নিজ জোত করিয়া থাকেন তাহার ফসল খামারে রাখিয়া থাকেন ভাগ দিবেক ফসল বাটীতে লইয়া গীআ থাকেন তবে সদর তলব জে হইয়াছে সেই হার মাফিক কড়ি দিবেক জে জমী জোতদার জোতিয়া থাকে জোতদার ভাগ দিবেক গ্রাস্তা হাসীল জমী হালে পতিত হইয়া থাকে তলবী ওয়াকাই করিয়া গোমস্তার ফৰ্দ্দ দস্তখতি করিয়া পাঠাইবে বিৰ্ত্তিওয়ালাকে তলব না করিবে পুনশ্চ নালিষ না পোহছে ইতি সন ১১৭০ সাল ত—৩০ ফালগুন

জায় আসামী—

নিজ বিত্তালঙ্কার—১

কীনুরাম সিদ্ধান্ত—১

উদয়রাম সৰ্ম্মা—১

বিরসিংহ মুখপাধ্যায়—১

বদ্দিনাথ আচায্য—১

রঘুনাথ চক্রবৰ্ত্তি—১

ফকীর চট্টোপাধ্যায়—১

নন্দ ঠাকুর—১

৭

সাত জনা—

আসামী—

৩০০। বি ৫১৬২

৭ শ্রীশ্রীহকনাম—

মহামহিম শ্রীযুত রাজারাম রাএ জমিদার মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীসেখ জঙ্গু কস্য ইস্তফা পত্র মিদং লিখনং কাৰ্য্যনঞ্চ আগে মহাসএর পতনি মাহালের তরফ জোতপিআরের সাকীম রসুলপুরের জেঠা পুষ্কনির হেড়া কোন নাগা ৪ কীতা ১॥ ডেড় বিঘা কাত জমা এক টাকা

শ্রীসেখ জঙ্গু—

সাং ডাঙ্গাপাড়া—

১।৵ ছএ আনা সরবরাহ করিতে না পারিঞা ইমসন ষুরু হালে ইস্তফা করিতেছি মহাসএ অন্য প্রজাকে দিঞা আবাদ করাইবেন আমা হৈতে সব্বাহ হইতে পারে না এ কারণ ইস্তফা পত্র লিখিঞা দিলাম ইতি সন ১২৫৩ সাল তারিখ ৩০ বৈসাখ—

ইসাইদ—

শ্রীসেখ দোপর—

সাঃ জাডাপাড়া—

শ্রীসেখ লোহারি—

সাঃ তথাই—

[১খ ৭ শ্রীশ্রীহরি—

আজ্ঞাকারি শ্রীকৈইলাসনাথ মণ্ডল দণ্ডবৎ প্রণামা কোটী সতং নিবেদনঞ্চ আগে বিসসেসঃ পরে নিবেদন সাঃ ডাঙ্গাপাড়ার শ্রীসেখ জোঙ্গু জোতপিআরের জমি ১ কীত্যা ইস্তফা করে কারণ এই জে প্রজা মাজুকুরকে জিজ্ঞাসা মোধ্যে জাহি করে জে ওই সালি মৌজে ওদ্ধপুরের দানিষদিগরের জুলুমে এ প্রজার এই জোমি ইস্তফা করে জদি দানিষ মণ্ডল দিগর হুজুরে তলপ করি জায় এবং একরার লিখীঞা জাবাদা করেন তবে এই জোমি প্রজা মজুকুর আবাদ করে নতুবা ওই জোমি তাইদ মাজুকুর দিগে আবাদ করাইতে হয় হুজুর মালিক এই বিসএর জেমত আজ্ঞা হইবেক তেমত হয় কোরিব ইতি—সন ১২৫৪ সাল তারিখ ১৩ জোস্টী।—

॥ খাজানা ॥

(১১০৩-১২৮১ সন)

৩০১। বি ৩৬৪

৭ শ্রীশ্রীহরিঃ—

মোহর

দখিল চালান মৌজে বিনন্দপুরের পত্রনিদার শ্রীশ্রীদাম ঘোষ সাং বসায়ায় লিখনং পীতরনঞ্চাগে আপনাদ্দের জমিদারি কাছারির যুভ পুণ্যাহ ১৩ আসীন সনিবার দিবা আড়াই প্রহর মধ্যে হইবেক অতএব বেবাক তলবের খাজানা ও দধি মৎস্য মান্য প্রণামী সমেত রাইপুর পোহছিবা সাইজথা যুভ পুণ্যাহ করিবা ইতি সন ১২৫৪ সাল—

তারিখ—৫ আসীন—

৩০২। বি ৪২৯ ঘ

৭ঁ শ্রীশ্রীদুর্গা—

স্বরনং—

আজ্ঞাকারি শ্রীকালিকান্ত দেবসর্ম্মন সবিনয় পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চাগে বাবুজি ও মহাসএর রাজস্ব্র্তি শ্রীশ্রী৺দ্বারা প্রার্থনা করিতেছি তাহাতে অত্তানন্দ বিশেষ পরে নিবেদন মহল মজকুরের খাজানা জেমহদে হইল তাহা পাঠাই চালান দিষ্ট করিআ দাখিল করিল আজ্ঞা হইবেক পরং মহল মজকুরের শ্রীহরি রায় ও রাধাকান্ত বাড়ুয্যা ও শ্যামাচরন ঘোষ ইহাদ্দিদ্ধের বাকি অনেক চালন মাফিক কিস্তিবন্দি মায় শুদ বেবাক লইতে আজ্ঞা হইবেক ইতি—তারিখ—৭ কার্ত্তিক [১২৩৫ সাল]

৩০৩। বি ৪২৯ চ

৭ঁ শ্রীশ্রীদুর্গা—

স্বরনং—

আজ্ঞাকারি সরনাগত শ্রীশ্রীনাথ দেবসম্মন চতুর্ব্বেদবক্তি পরম যুভাসির্ব্বাদ বিজ্ঞাপনঞ্চাদৌ দেয়াজি মহাসএর পরম রাজস্ব্র্তি শ্রীশ্রী৺স্থানে প্রার্থনা করিতেছি তাহাতে অত্তানন্দ বিশেষ পরে নিবেদন মহাসএ আজ্ঞাপত্র পাইয়া সমাচার জ্ঞার্তো হইলাম লিখিবে মোকাম

মজকুরের দুই ফর্দ্দি করিয়া পাঠাইবেন এখানে আসামি তলফ করিয়া জনাজত দুই ফর্দ্দি পাই দিষ্টী করিয়া করিলাম তাহাতে বাকি হইল ৫০০পাচ সও টাকা হইল এ বাকি হালে পত্তন না করিলে আঞ্জাম হইবেক না গড়া কাপড় ৫ পাচ গাট পাঠাই আর দুই ফর্দ্দি পাঠাই দিষ্টী করিয়া লইবে আর মোকাম গউরবাজারের গোমস্তা শ্রীযুৎ হরেকৃষ্ণ মজুমদার আমার সঙ্গে জমি জমার কাম্বিয়া করেন জে ১২৩৫ সালের লঘু দরে জমি বেশি হয় সেই বেশি তাহাতে খাজনা তলফ রাখের তকড়াড়ে জমি পাচ বিঘা বেশি বটে তাহার তজবির করিবেন বিবেচন মতে জাহা হয় তাহা সির্ঘ সির্ঘ লিখিবেন ইতি—

৩০৪। বি ৪২৯ ছ

৭ শ্রীশ্রীদুর্গা—

স্মরনং—

মহামহিম শ্রীযুৎ জজসাহেব বরাবরেষু ॥

লিখিতং শ্রীশ্রীনাথ বন্দোপাধ্যায় কস্য কর্জ্জপত্র মিদং লিখনং কায্যনঞ্চ আগে পরগনে ভুকুণ্ডা দরুন মৌজে গোয়ালপাড়াড় জমিদার শ্রীযুৎ রামকানাই রায়ের ব্রহ্মত্তর বাড়ি আমাদ্দেকে বসত করিতে দিএছিলেন এক্ষেনে সন ১২৩৫ সালের লঘু দর করিয়া খাজনা তলফ করেন তাহাতে কহিলাম জে খাজানা দিব না এই কথা শুনিয়া গ্রামের থান্দার লইয়া আমার বাটী কোরপ করিয়াছেন শ্রীশ্রীসাহেব ধর্ম্মঅবতার আমি গরিব ব্রাহ্মন আমার তজবির করিতে হুকুম হয় এতদার্থে দরখাস্ত লিখিয়া দিলাম ইতি সন ১২৩৫ সাল তারিখ—১৮ কাত্তিক—

৩০৫। বি ৪৩৯

৭শ্রীহরিঃ।—

সেবকাঞ্চ সেবক:—

শ্রীমির খয়রাত আলি ক্রোন্নীসাত—

বন্দগি বহুৎ বহুৎ নিবেদনঞ্চা আদৌ অপনকার শ্রীচরণ কৃপাতে এ জনার প্রাণগতী সমস্ত মঙ্গল আমী এখানে এখনতক কাহারু স্থানে কীছু লই নাই: এখানকার জে জেমন লোক তাহার বিবরণ সুন্দরমতে দরিআপ্ত করিয়া পচ্ছ্যাৎ লিখিব আর এখানকার ফওজদারি মতালকের সমস্ত কাজ সুন্দরমতে দরিয়াপ্ত করিয়া নিস্পত্র করিতেছী জাহাতে সুখ্যাত হয় তাহা করিতেছী কোঞ্চ আন্দেসায় করিবেন না সর্ব্বদায় ভারে ৺

প্রতুল করিবেন কাঠাল ২ তুই পঠাই লইবেন আর ওদড় পঠাবেন আর ফালসা ও কচলান ও মনছবি ও মহুলের ছাল পঠাবেন নারিয়লের তেল।০ চারি আনার আট্ঠা পঠাবেন আর পোতার জন্নে হাষুলি খেড়ুআ তইআর করিবেন পরে শ্রীযুৎ মির সাহেব গ্রামবহী গ্রামে সরাব খাইআ মস্ত হইতেছেন লোকে নিন্দা করিতেছে জ্ঞাতো কারণ লিখিলাম নিবেদন করিল ইতি সন ১২১৪ সাল—ত—৩ আসাড়—

এ পত্রে বিবির বন্দগী বহুৎ ২ জানীবেন প্রাণগতী ভাল আছী নিবেদন করিল এ পত্রে শ্রীরাজতুল্যাব বক্সীর বহুৎ ২ বন্দগী জানিবেন শ্রীফকীরচন্দ্র মুখজ্যার বহুৎ ২ বন্দগী জানীবেন প্রাণগতী ভাল আছী—

শ্রীগন্ধর্ব্ব সিংহের

বহুৎ ২ সেলাম

ইতি—

কিছু চা পঠাবেন—

৩০৬। বি ৫২১ ছ

আজ্ঞাকারি শ্রীকালিকান্ত দেবসর্ম্মন সবিনয় পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ আগে মহাসএর মোহোন্নতি শ্রীশ্রী৺দ্বারা প্রার্থনা করিতেছি তাহাতে অত্তানন্দ বিশেষ পরে নিবেদন মহল মজকুরের খাজনা জেমহদে হইল তাহা পাঠাই চালান দিষ্টী করিয়া দাখিল করিতে আজ্ঞা হইবেক পরং মজকুরের শ্রীহরিনাথ রায় ও রাধাকান্ত বাড়ুয্যা ও শ্যামাচরণ ঘোষ ইহাদিদ্দের বাকি অনেক চালান মাফিক কিস্তিবন্দি মায় শুদ বেবাক আর পুর্ব্বের পাচ বিঘা জমি র্ব্বেসি হয় তাহার জমা চারি টাকা লইতে আজ্ঞা হইবেক ই নিবেদন করিলাম ইতি সন ১২৩৫ সাল ৯ অগ্রায়ণ

৩০৭। বি ৬২০ খ

আজ্ঞাকারি প্রীতিপাল্য—

শ্রীনদেচাদ লাহা শ্ববিনয় পুর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ য়াগে মহাসএর শ্রীচরণ কৃপাতে এ জনার সমস্ত মঙ্গল বিশেষ নিবেদন আপনকার আজ্ঞা পত্র পাইয়া সমস্ত সকল সমাচার জ্ঞাতো হইলাম এ বাটীর সমাচার সকলে শারির গতিক ভাল য়াছী মহাসয় ভাবিত নাইবেন পরে হাট মাধবপুরের জে খাজানা মমুদ হইল তাহা পাটাই চালান দিষ্টী করিয়া দাখীলা দিতে আজ্ঞা হইবেক ১২৬৮ শাল—তারিখ—১ যুভ আশাড়—

৩০৮। বি ৮৯০

শ্রীরামঃ

স্মরণং—

শ্রীরামকানাঞি দেবশর্ম্মণঃ—

প্রানাধিক প্রাণ শ্রীরামজীবন সার্ব্বভৌম ভট্টাচার্য্যস্য পরম শুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চা-দৌ এ বাটীর সামগ্রিক প্রাণগতিক মঙ্গল হয় বিশেষঃ হালের যে সাধু তাহার সোধ... .. পাইয়াছেন এবং গঙ্গারাম পাইয়াছেন ষৎ··· ··· ···জবাব পাইয়াছেন···ধান্য বড় বধু পাইয়াছেন এক [ত]ঙ্কা বাকী স্থকদেব ঘোষ ১ তঙ্কা বাকী রায়তীর ৩ তঙ্কা ধান্য বাকী রামশান্ত এক সের পান না রাজস্ব দফা ফারখতী হইয়াছি জমা জমীর অনেক আপত্তি করিয়াছেলেন তাহা আশীর্বাদ করিয়া সিষ্টাচারী করিয়া সমাধা হইয়াছে চৌপাটীর কোণ আপত্তি নাই রামার মাকে বাক্যেতে রাখিতেছি ফলে কিছু হয় না কিন্তু চট্ট স্থদ দরুণ তিন তঙ্কা বাকী রামময়ীর সমুদায় দিতে হইবেক রহিবেক না রামনিধি আইলে ছোট খুড়া মহাসয় বিস্তর খাজনা জন্যে অনযোগ করিয়া লিখিয়াছেন জয়ন্তীর ব্রাহ্মণ ১ তঙ্কা পাইয়াছে অপরের জন্যে নানা আপত্তি করিতেছে সে কি কর্ত্তে পারে এবং শ্রীশ্রী৺ শ্রাদ্ধের বিষয়ে আমরা কি করিব আপনে প্রাজ্ঞ বিবেচনা করিয়া এই লোকের মারফৎ লিখিবে—

পরে ইক্ষু দুই দিন হইয়াছে আর ৩ তিন দিন হইবেক চারি সের পায়ার ১৬ যোলটা রোজ হয় উরুভ্যার সর্ষপ কিছু পিত্তাস তাকে না এইক্ষণে কিছু পাওনা হইবেক বোরা ধান্য নাবি আবাদ হইবেক সংসারের অপ্রতুল না ভাবিবেন গুরুদেব আছেন—

তুমী সরিরগতিক ভাল থাক এই প্রার্থনা লাভালাভ যত হয় না হয় ঈশ্বরেছা আমি পুজানন্তর তোমাকে শতত আশীর্ব্বাদ করিতেছি এবং আপনে অবকাশে বাটীকে আইসেন—তাং ১২ মাঘ—পুনশ্চ চাকরেরা মাহিনা পায় না এ সমস্ত একত্তর না ভাবিবেন গুরু আছেন—ইতি—

৩০৯। বি ৯০৮

৭ শ্রীশ্রীহরিঃ—

স্মরণং—

সেবকাহু সেবক শ্রীনিত্যানন্দ দাস বসো অসঙ্খ্য প্রনাম সহশ্র নিবেদনঞ্চঃ আগে মহাসএর শ্রী৺চরণ স্থভানুদ্ধ্যান করনে এ সেবকের সমস্ত প্রানগতিক মঙ্গল হয় বিসেষ মহাসএর ক্রিপা পত্র [পা]ইআ সিরধার্জ্য করিলাম পরং শ্রীযুতের এক নবকুমার

হইআচেন ইহাতে লক্ষ লক্ষ আনন্দ হইলাম এ সময় বাটির সকল অপ্রতুল হইআচে সে আমাদ্দিগের দুর্ভাগি এখানকার বিসয় সকল লিখিআচেন এ সময় টাকা হয়ন বড়ই ভার হইআচে ধান্য চালু দর স্থির হয় নাই খাজানার হয়ন বড়ই ভার তাহাতে বিস্তর ব্যামতে ডাহুকার খাজানা ২ দুই তঙ্কা পাআ গেল পরে সাং তোড়কোনার ২ দুই তঙ্কা বিস্তর ধাঙজে হইল আর আর জে আছে তাহা আপনে এগানে আইলে সকল বিসয় জেমত হয় তাহা করা জাইবেক শ্রীভৈরব বযুজা কহিলেন শ্রীযুত অগ্রান মাসে এখানে আইলে জে জে আছে তাহা প্রতুল হইবেক আডিনের ধান্য বিসয় তাহার কর্জা এ সময় পাআ গেল না সকডাইএর টাকা এ জাত্রা রহিল পাশ্চাত পাঠাইব শ্রীচরনে নিবেদন করিলাম—

পুনুশ্চ শ্রীযুত অবধৌত ঠাকুরকে পাঠাআচ অবধুতির নকল দিলাম পরে তোড়কোনার ৺পুজার এক সালি ২ দুই তঙ্কা সাং ডাহুকার ২ দুই তঙ্কা চারি তঙ্কা পাঠাই লইতে আজ্ঞা হইবেক এ বৎসর আমার বড়ই অপ্রতুল আসির্ব্বাদ আজ্ঞা হইবেক অধিক কি লিখিব শ্রী৺চরনে নিবেদন করিলাম ইতি তাং ২২ কাত্তিক [১১৯০ সাল]

পত্রদোস মর্জানা আজ্ঞা হইবেক—

পরম পরাৎপর পরম দেবতা শ্রী৺চরনযুগলেষু—

৩১০। বি ৯২৮

৭শ্রীশ্রীরাম—

সন ১১৯৪।—

পরম পুজনিয় শ্রীযুত ঠাকুর মহাসয়—

সেবক শ্রীগুরুপ্রসাদ দাস মিত্রস্য প্রনামা বহবো নিবেদনঞ্চ আগে মহাসয়ের শ্রীচরনাসির্ব্বাদে এ সেবকের সমস্ত মঙ্গল হয় বিশেষঃ শ্রীযুত পিতাঠাকুর মহাসয় অদ্যাবদি পহুছেন নাই বারসিকের টাকা বর্দ্ধমান হইতে দিয়া থাকিবেন ছাগল পাটাআছী জে জে সামিগ্রী পাঠাই জায় মাফিক পহুছিবেক ইহা শ্রীচবনে নিবেদন করিলাম— ইতি—তাং ২৩ আশ্বিন—

পত্র দেনা—শ্রীযুক্ত সামাসঙ্কর ভট্টাচাজ্য—
সাং বইনান ছোট—

৩১১। বি ১০২৮ ক

শ্রীশ্রীকৃষ্ণ—

আজ্ঞাকারি শ্রীরামগোপাল ঘোষ বিনয়পুর্ব্বক নোমস্কারা নিবেদনঞ্চাগে মহাসএর রাজনতি শ্রীশ্রীস্তানে প্রথ্থনা করিতেছি তব মঙ্গালে আত্র মঙ্গল বিসেষ পরে নিবেদন গঙ্গারামপুরের জে খাজানা মজুদ হইল তাহা পাটাই চালান দিঞা করিয়া দাখিলা দিতে য়াজ্ঞা হইবেক ইহার শ্রীচরনে নিবেদন করিলাম ইতি তারি[ক]…

৩১২। বি ১০৬১

৭ঁ শ্রীদুর্গাসহায়—

সন ১২৩৬ সাল

তারিখ মাহ ভাদ্র—

গুং তক্রবাগীশ ভট্টাচার্য্য

আলাপ সিংহের খাজানা আছে

এক দফা ৩০ টাকা জমা

বিত্তি দং ১৮ টাকা জমা—

---

৪৮ মবলগে আটচল্লিশ টাকা—

জমা— ৪৮

মাহ ভাদ্র—

সাং নডা—

খাজানা আদায়—

শিবু গরাঞী—১

কানন কৈবত্ত—

খরচ—

মাহ ভাদ্র—

সাং অন্ধপুর—

শিবু মুখয্যা—

ধান্য দং—১৲

অম্বিকাচরণ—

ভট্টাচার্য্য—২৲

চাউল খরিদ—২৲

বন্দোপাধ্যায়—১৲

কবিরাজ বিদায়— ৩৲

সিদ্ধেশ্বরী—১৲

উমা—২৲

কেষব চক্রবর্ত্তি—২৲

ভক্তিৎ—২৲

[১খ ৭ঁ শ্রীদুর্গা—

সহায়—

সন ১২৩৬ সণ—

তারিখ ১১ আশ্বি[ন]—

ধ্যান্যর উপর আটার আনা দরে ৬ টাকা—দফে য়ই রোজ ২ দুই টাকা সাং আকু-পুরের নফর মণ্ডল মবলনে সুদ সমেৎ ৯ নয় টাকার ধ্যান্য পোষ মাসে দিব—

ইয়ার প্রমান

য়ৈ গ্রামের কালামানিক—

ইতি তারিখ—১১ আসিন—

৩১৩। বি ১১৫৭ ক

৭শ্রীরাম—

৭ আজ্ঞাকারি—

শ্রীরামকান্ত দত্তস্য প্রণামা নিবেদনঞ্চা আগে মহাশয়ের আশীর্ব্বাদে সমস্ত কুষল বিসেষ খাজানা চৈত্র যুমার হইল পাঠাই চালান দীস্ট করিঞা দাখীল করিতে আজ্ঞা হইবেক কীস্তির বাকী চেত্র তদীরিবে আছি যুমার করিঞা পশ্চাত পাঠাইতেছি আমার কন্যাটীর বিভ্যাহ ওনীষা তারিখ হইবেক নাগাদ পচীসা সকল সমেত সাখ্যাতে সবিসেষ গীআ করিব গা ইহা নিবেদন করিল ইতি তা ১১৮৮ ১৪ অগ্রায়ণ

৩১৪। বি ১১৮৭

শ্রীশ্রীকালী—

সন ১২৭৫ সাল—

একজায় ব্যাগীদার বিত্তি আদায়—

মাঃ রামেশ্বর ভট্টাচার্য্য—

সাঃ গোওালপাড়া—

জমা— খরচ—

৪ বৈশাখ—

মাঃ রামনাথ—৩ টাং

বিঃ চালান শর্ব্ব সাধারন—

দঃ ৫১ হিঃ—২১৸৶০

নিজ্ বাগদার দঃ—১৲

২২৸৶০

জমা— খরচ—

২৩ আশাঢ়—

মাঃ রামনাথ—৩ টং—

বিঃ চালান শর্ব্ব সাধারন দঃ—

১০ হিঃ— ৪।৵০

৩১৫। বি ১৩৩৩

শ্রীশ্রীকৃষ্ণ।—

মহামহিম শ্রীযুৎ জজসাহেব বরাবরেষু—

লিখীতং শ্রীসেখ ইমাম বক্স জমাদার কষ্য রশীদ পত্র মিদং কাজ্জঞাগে জীলা বর্দ্ধমানের জেহাল খানায় আপন বিবাদারি তলব সন ১২০৫ সাল ১৭৯৮ সাল দিজাম্বর ২৫ টাকা সন ১৭৯৯ সালের জানেআরী ২৫ টাকা একুনে ৫০ পঞ্চাষ টাকা খাজাঞ্চী শ্রীযুৎ রামষুন্দর সরকারের তহবিল হইতে টাকা পাইয়া রসীদ পত্র লিখীয়া দিলাম ইতি। ১৭৯৯ সাল বাঙ্গলা সন ১২০৫ সাল তাং—

শ্রীশেখ এমাম বক্স—

জমাদার—৮

শিবু সরদার—১০

মেতরানি— ৩

ভেশস্তি— ৪

২৫

৩১৬। বি ১৬৭৮ ক

৭ শ্রীশ্রীহরিঃ—

সেবক শ্রীস্যামষুন্দর ঘোষস্য দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চী আগে মহাসয়ের শ্রীচরণ কৃপাতে এ জ[ন]ার সমস্ত মঙ্গল বিসেষ নিবেদন লিখি জে তথাকার মঙ্গলাদী সমাচা[র] না পাই বড়ই ভাবিৎ আছী গতায়াতে তথাকার মঙ্গলাদি সমাচার লিখিতে আজ্ঞা হই-বেক আর লিখি জে গোপীনাথ দিগরে জনাথ ফরদ করিতে লিখিয়াছিলেন তাহা এেখানে আমীহ সকল করিয়াছি তাহাতে এক দি[ব]ষকে আসীয়া এখানে জে জে হয় ইহা দেগে সকল কহিবেন সিগ্র আমীই দুই রোজে বাটীকে জাইয়া আপনকাকে সকল কহিব গা

আর গোলাম পরগনে খাজানা জে পাটই তাহা চালানদিহী করিয়া খাজান দাখিল করিবে আর কী লিখিব ইতি সাসদ—সন ১২১৬ সাল তা—২৫ পোষ—

৩১৭। বি ১৬৮৮

৭ঁ শ্রীদুর্গা—

ভরসা—

একজায় জঙ্গল মহালের শিস্তর জায়

শো ১২৬৪ সাল তাঃ ৮ ফাল্গুন—

জমা ———	খরচ ———	প্রণামী ———	খাজনা ———
সাঃ বলাজোড়ি—			
পরেষ চট্যো—১ কাৎ		॥০	০
সাঃ দলবাহাদরপুর			
শ্রীরামদয়াল চক্রবত্তি—১ কাৎ		১	০
সাঃ পরুলবোনা			
শ্রীরামধোন আচায্য—১ কাৎ		॥০	০
সাঃ কোন্দা—			
সুবল হাজরার পত্নী—১ কাত		।০	০
ও দারকানাথ আচার্য্য—১			
সাঃ রশা—			
তারাচরণ আচায্য দি ৬ কাৎ		২৸০	প্রজা বশায় গঙারাম দেশী- ১৸৴০
সাঃ শেমল্যা—			
রামু আচায্যা দিগর ৫ কাৎ		১।০	বামাচরণ আচ্যার ১ খজান ।০ নোমনা
সাঃ চিচুড়া—			
রামেশ্বর চাটুয্যা দি—৬ কাৎ		২॥০	০
সাঃ কেন্দা—			
নফর চক্রবত্তি দি—৪ কাৎ		২॥০	॥০
সাঃ হোমালা—			
মাগ্নারাম চক্রবত্তি ৩ কাত—		১।০	১
সাঃ ভামাত			

রামপ্রশাদ রায়—১কাৎ	॥০	০
সাঃ বাকগুা—		
দিগাম্বর বাড়ুর্য্যা—১কাৎ	১	০
সাঃ কাপিষ্টা—		
গুরুচরণ চক্রবত্তি—৩কাৎ	১॥০	০
সাঃ সিএরকাটী—		
য়ম্বিকা চক্রবত্তি—৪কাৎ	৩৸০	১।০
সাঃ কর—		
পীতাম্বর ভট্টায্যা—২কাৎ	১॥০	০
সাঃ বুতেমার		
বক্রেশ্বর বেলেট—		
ইশ্বর আয্যা দী—২কাত	॥০	
সাঃ ছোট কোঁরড়ি—		

গউর চট্টোপাধ্যায়—
ও ছিমন্ত চট্টোপাধ্যায়—
ও রামবিষ্ণ চট্টোপাধ্যায়—৩
সাঃ কুঁড়ুৎ গঙ্গা দেব্যা—১
সিহার কোটী দরুণ—
কাস্যপ গোত্র শ্রীদুক্ষাকর দেবশর্ম্মা—
কৃপামহী দেব্যা—

৩১৮। বি ১৬৯৪

৭ শ্রীশ্রীকালী—
সহায়—

নমস্কারা নিবেদনঞ্চাগে বিশেষঃ পরে-নিবেদন আপনকার নিকট ৯ তারিখ গিআছিলাম সাখাত করি সকল বিস্তরিৎ কহিআ আসিআছি আপনী কহিআ আছিলেন জে ১১ তারিখ ১৫।১৬ টাকা লইআ জাইব তাহা না আশাতে বরই চিন্তিৎ আছি লাটবন্দি ওপস্তৎ বাকি টাকা বোবাক ওপস্তত করিআ দি—বিস তিরিস টাকা তহপেল খাতি হইআ আছে হইআ তটর সতর নাই আপনকাকে কতক টাকা জাহাজ্য করিতে হইবেক ইহা নিশ্চয় জানীবেন রামমোহন মালকে পাঠাই একে আপনকার নিকট

পাঠা[ই] ইহাকে দিবেন খতি বিসয় সি মনুস্য আর খতি কি [লি]খিব এখানকার সকল মঙ্গল তথাকার মঙ্গল সংবাদ লিখিবেন—

পুঃ নিবেদন আমার পায়ে বাত শীরে ওপস্তৎ হইআছিল তাহাতে কুস্থু স্তানে জাইবার জো নাই আর এই টাকা জাহা ধড়া পাবেন তাহা দেস্যা জাবে—

ইতি সন ১২৬৯ সাল তারিখ ১১ জোষ্ট

৩১৯। বি ৩১৩৯

৭শ্রীশ্রীহরি—

সন ১১৯৮

মৌজে সাকড়াহার কর্ম্মচারি যুচরিতেযু লিখনং কাযাঞ্চা আগে সামুখের শ্রীযুৎ ভাগবত ঠাকুরের ব্রহ্মর্ত্তর জমী গ্রাম মজুকুরে জে আছে বাজে জমীর সরত্তা মতে জমীর ফষল ছাড়ীয়া দিবে আর দরখাস্ত করিলেন সে জমী এ সন শ্রীমথুর পাল জোৎ করিবা জমীর খাজানা দেয় না ব্রহ্মত্তর জমীর খাজানা না দেয় কারন কী তাহাকে ডাকাইয়া ইহার ব্রহ্মত্তরের খাজানা দেলাইয়া দিবে ইতি সন ১১৯৮ সাল আখেরি তারিখ—২০ বৈশাখ— শ্রীকৃষ্ণগঞ্জ—

৩২০। বি ৩৪৪৮

শ্রীরামকানাই—

সন ১২৮১ সাল—

সাঃ হাওড়া

কোপা পূজা শ্রীফুল্যরা মিস্তিরি ও গোপিনাথ পাল দিগর আদাই জমা—

ফুল্যরা মিস্তিরি ১৩ গোপিনাথ পাল ২।০ মহোন বাএন ৪ অবধুত মাজি ২

জমা—	খরচ—৫ আসাড়—
নিত্তর আদাই—	নিত্তর নিজ বাটীর খরচ—৫।/১০
৫ আসার—	২৭ আসিন তসর কাপর—
গোপিনাথ পাল—১৲	দরুন দেওআ জায়—৩৲
ফুল্যরা মিস্তিরি—২।০	মানিকের বচর কিত্তির—
মহানন্দ বাএন—১৲	খরচ দরুন— ১৵০

জমা—
অবধুত মাজি—॥৹
গোপিনাথ গরাই—॥৹

৫।৹

২৭ আসিন—
তিনকড়ি ঠাকুর আদায় করে—
ফুল্যারা মিস্তিরি—৩৲
মহোন বাএন—১
গোপিনাথ পাল—৵৹
২৫ কাত্তিক—
ফুল্যারা মিস্তিরি—২
অবধুত মাজি—॥৹
মাগারাম মাজি—১॥৹
গোপিনাথ গরাই—১৲
গাছ বিক্রি দরুন—২।৹
১৩ পস—
ফুল্যারা মিস্তিরি—৪৲
মহোন বাএন—২
অবধুত মাজি—১
মাগারাম মাজি—১
গোপিনাথ পাল—১
আওস চাল্য বিক্রি করে
গোপিনাথ মণ্ডল—৮
আমি নিজে বিক্রি করি—
নগদ—২
আওস চাল্য বিক্রি—১
হরিশ্চন্দ মণ্ডল - ৩

৩৯॥৵৹

হেত ধান্য বিক্রির উপরে দাদন নেওয়া জায়—৫

৪৪॥৵৹

১২ মাঘ—
গোপিনাথ পাল—৵৹
ফোল্যারা মিস্তিরি—১৸৹
গোপাল ক্রোলুই আওস খর বিক্রি দরুন—।৵৹

খরচ—
২৫ কাত্তিক—
হাতড়া তরফের খাজনা—
দেওআ জায়— ৪
রাসদাওার হাটের—
খরচ আনান জায়— ১
নিত্তর ঘর মেরাত জন্য—
বামাচরন সৌকে দেওআ জায়—।৹
বিলাতি সারি খরিদ— ১৲
মলিন্দর ছিট খরিদ— ১
১৩ পস জমুনাগঙ্গার—
খাজনা দেওআ জায়— ১৩
হাতড়া তরফের খাজনা—
দেওআ জায়— ১৪
পরান দাসের আগওরা খাজনা—
লেওআছিল তাই সোধ দেওআ—
জায় আউস চাল্য বিক্রি দরুন—১

৪৪॥৵৹

১২ মাঘ—
মুকোন্দ দোকানি— ৵৹
বলপুরের নবিন চাট্যাজের
হাওলাতি সোধ— ১৲
বামাচরন সৌকে পাচিরের—
ঠিকে দেওআ জায়— ।৵৹
নিত্তর কাপর খরিদ— ১
মনিন্দর কাপর খরিদ— ॥৹

৩২১ । বি ৫৫২০

/৭শ্রীশ্রীহরিঃ ।—

স্বরনং ।—

সকল মঙ্গলালঅ শ্রীজুক্ত বসন্তকুমার মাহাতো স্বতচরিতেষু ।—

আমার জমিদ্রারির মধ্যে মণ্ডলঘাট পরগনার লাট কৃষ্ণানন্দপূরের সামিল মৌজে তাজপুর গ্রাম সেওয়ায় নাখেরাজী খেরাজি জমি হাসিল ও পতিত ও বিল ও ঝিল ও জঙ্গল ও পুষ্কনি গঅরহ দরবস্তি বিমর্জিম জ্বায় মজুকুরের কাগজাত তামাম তোমাকে ২০০০০ হাজার টাকা পোন বাহাতে পত্রনি তালক দিলাম ইহার মালগুজারি সালি-আনা ২০০০ দুই হাজার টাকা সন সন মাফিক কীস্তীবন্দি আমার নিকট সরবরাহ করিবে জদ্যপি কীস্তি খেলাপ হইআ মালগুজারি টাকা দাখিল করহ তবে ফি সতে ১ টাকার হিসাবে কিস্তী খেলাপের যুদ দিবে আর বাট্টা ফি সতে ।৵০ আনা হিসাবে দিবে সন সন নাগাদি ৩০ চৈত্রের মধ্যে মালগুজারির টাকা মাঅ বাট্টা বেবাক সরবরাহ করিবে তাহা জদ্যপি না পারহ তবে মাফিক আইন অন্য তালুকদারের নিকট মহল মজুকুর বন্দবস্ত করা জাইবেক তাহাতে তোমার কোন্থ আপত্তি নাই এতদার্থে পোন বাহার বেবাক টাকা পাইআ বয়নামা পত্র লিখিআ দিলাম ইতি সন ১২৫৩ সাল—তাং—১৮ কাত্তিক—

৩২২ । হ ৩

৭ শ্রীশ্রীকৃষ্ণ—

স্বরণং ।—

মোহর

শ্রীমোহনলাল পাল ও শ্রীলাউশেণ দুওারি ও প্রজাদীগর যুচরিতেষু—সানুগ্রহ লিখনং কার্যঞ্চ—

এখানকার কুশল হয় তোমারর্দ্ধের কুশল চাহি পরন্তু কুশদ্বিপ গ্রাম আমার করারি তাহার সাঁজোওাল কএক টাকা তহসিল করিআছে এবং এখানে আমিহ নয় সও টাকা দিআছি তোমার আর সাঁজোওালকে কড়াকড়ি খাজানা আজী নাগাদী দাও তবে তুমরা মুজুরা পাইবে না খাজানা কোরক রাখিবে ইহাতে তফাত না হয় ইতি—সন ১১০৩ সাল তারিখ—৭ কার্ত্তীক—

৩২৩। হু ১

হজুরের আরজী ও মুনসীদিগরকে জে লিখিবেন তাহার মুসবিদা পাঠাই—

পরগনে বিষ্ণুপুর।—

সোনাতাপড় সাকীমের শ্রীগোপাল দাষ মহন্তের আরজ নিবেদন লাট খাজুড়িদিগর পাচ লাট শ্রীযুৎ মহারাজাধিরাজ বাহাদুর বাবাজী সাহেব পর্ত্তনী তালুক করিয়া দিয়াছিলেন শ্রীযুৎ সাহেবের হুকমে এবং শ্রীযুৎ বাবাজী বাহাদুরের হুকমে আমি তালুকদার হইলাম কি ইজাদার হইলাম কি সাজয়ালী সনন্দ পাইয়া ওষুল তহসীল করিয়া মহলের বাকী আদায় করিয়া হজুর সরবরাহ দিতে পারিলাম ইহার কিছুই বুঝিতে না পরিবাতে বাহাদুর বাবাজীর নিকট আমার সর্ব্বতোভাবে কষুর হইয়া থাকীবেক লাট খাজুড়ি লাট সাঙ্গ্যারগড়্যা দুই লাটে অদ্যাবধী আমি হাথ দি নাই বাকী তিন লাট জে আমার দখলে ছিল ইহার মধ্যে বিলাত আদায় করিলাম তিন হাজার দুই সও ছেয়াসী টাকা হজুরে মায় পোন কড়া সমেত ইরসাল করিলাম তিন হাজার চারি সও টাকা আর সরঞ্জামি তহখরচ মবলগ টাকা হইয়াছে আমি গরিব বৈষ্ণব বাবাজী বাহাদুরের কেবোল আসীর্ব্বাদক কিছু চাতরি প্রবোঞ্চনা জানিনা অতএব নিবেদন সাজয়াল শ্রীছীষ্টীধর সরকার খাষের তরফ সাজয়াল তহসীলদার হইয়া হজুরের পরয়ানা লইয়া মপস্বল আসীয়াছেন পরয়ানার নকল লইয়া হজুরের হুকম মাফীক আমার ছাওয়াল তহসীলদারের নিকট জাতাআত করিতেছেন এবং বাকীজায় ওগয়রহ কাগজ পত্র সমেত তহসীলদারের নিকট মুহরি রুজু করিয়া দিয়াছী ওয়ার মোকাবিলা রোজ রোজ হইতেছে ওয়ার তামাম মোকাবিলা হইলে জমাখরচ পশ্চাত পাঠাইব হজুরে নজর করিয়া পশ্চাত জেমত মরজী হয় তাহাই করিবেন সাম্প্রতিক তহসীলদার সরকারকে জে বাকী জায় দিয়াছী সেই মাফীক বাকীজায় তইয়ার করিয়া হজুরে নজর করিবার জন্যে দস্তখত করিয়া দিলাম।—

শ্রীকুড়ারাম নন্দী এখান হইতে বিদায় হইয়া হজুরে জাইতেছেন বাকী জায় হজুরে নজর করিয়া মহল মজকুরের বিগয় নন্দী জে জাহির করিবেন তাহাতে হজুরের মরজী হইয়া জেমত খাতির্দ্ধারি আইসে ইহা আরজ নিবেদন।—

এই মাফীক মোনষুবা করিয়া খাজাৎ হজুরের আরজী এবং এই মুনসবাতে দেওয়ান মুনসীকে ও গোপীনাথ মুনসীকে লিখিয়া পাঠাইবেন আর দেওয়ানজী কহিলেন গুড় এক পায়া আর সাক্রান্তীতে আমার বাটীর কারণ ঘৃত্ত কীছু ইহার মারফত খাজাৎ পাঠাইবেন সাক্রান্তীতে অনেক মুসুর্দ্দী বাটী জাইবেক পত্র পাঠ মুসবিদা মাফীক আরজী ওগয়ৎ ও গুড় খাজাৎ পাঠাইবেন

ইতি—

পুনশ্চ নিবেদন আপনী ধর্ম্মসীল মেয়নার দফা না দিলে আপনী লইবেন না এখানে সাত টাকা দর আপনী দেখিয়া গীয়াছেন মেয়না আমার দেয়া মহাসয়কে হইয়াছে আপনী ব্বিবেচনা করিয়া জে হয় পাঠাইবেন নতুবা আপনকার কাজের সেস করিয়া আমি লাউচানে করিয়া খাজাৎ চাহিয়া পাঠাইব ধর্ম্মের রিত এমত নহে আর এ নফর হইতে কি প্রকার ভাল হইবেক আখের ঐ শ্রীচরণে মাফ হইবেক

পুনশ্চ—

খাজাৎ আরজী তইয়ার করিবে ও লিখন পাঠাইবেন এ আরাজী দেয়া হইবেক না বাকী জায় নজর করাইবা এবং শ্রীযুৎ গোপীনাথ মুনসীকে কহিব জমা খরচ ও হজুরের আরজী ও তোমাকে লিখন লিখিয়া বাবাজী কল্য তাগাদী পাঠাইবেন ইতি—

হজুরের মরজী বুঝিয়া নিবেদন করিব বিলাত্ বাকী তিন হাজার ছয় সও টাকা ইহাতে মোহনর নামে বিনামি সাজয়ালী সনন্দ দিলে আট সও টাকা কমি বাদে বেবাক টাকা আদায় করিয়া ইরসাল করে আর সাজয়াল আট সও টাকা কমি বাদে বিলাত বাকী দস্তখত করিয়া দেয় ভালুই ইহাতে কী মরজী হয় জমা খরচের কথা এখন কহা জাইবেক না—

নারিকেল পাওয়া গেল না এইবার লোক আইলে পাঠাইব —

৩২৪। শ ১৮

প্রতিপাল্যস্য শ্রীকালীপ্রসাদ দেবসর্ম্মণঃ। পরমাসীবানিব সীমোস্তু ভবদীয়ভচ্যমচ্যাহতমীহমানস্য তদচ্যাহতং বিশেষ স্তেতীবান শ্রীমতঃ কুশলী বার্ত্তা ন মে জ্ঞানগতাধুনা মেতঃ সা কৃপয়া কার্য্যা নিবেদন মিদং বয়ি॥ অপিচ বিধগ্রামের শ্রীযুত ন্যায়ালঙ্কার ভট্টাচার্য্যের ভ্রাতৃপুত্র এবং নবদ্বীপের শ্রীযুত তর্কসিদ্ধান্ত ভট্টাচার্য্যের দৌহিত্র শ্রীযুত রমেশচন্দ্র ভট্টাচার্য্য নিক পর্য্যন্ত যাইতেছেন মণ্ডলঘাটে ইহারদিগের পৌত্রিক বহ্মোত্র ভূমী আছে ইহারা সকলে ভূমির খাজানা য়ানিবার নিমিত্ত যাইতেছেন রমেশচন্দ্র ভট্টাচার্য্যের পিতৃব্য ইহার প্রতি দৌরাত্য করিতে উদ্যতা আছেন বিস্তারিত ইহার প্রমুখাত জ্ঞাত হইয়া ইহার প্রতি আপনি মনোযোগ করিবেন আমি নবদ্বীপে অধ্যয়ন করিতেছি এ বিষয়ে আপনি মনোজোগ না করিলে আমাকে পাঠ ক্ষতি করিয়া ইহার নিমিত্ত আমপকার নিকট যাইতে হইবেক অতএব আমার পাঠ ক্ষতি না হয় এমত মনোযোগ করিবেন ইহা জ্ঞাপন করিলাম কিমধিকংকিমতমেহ্বিতি—লিপিরেসাং—মাধবস্য দ্বাদশ দিবসীয়া ইতি—

নানা(বিবিধ) দানাবিতবিতান বিস্তৃতয়সোবীসী প্রকাসী কৃতাশেষ দৃঙমণ্ডল শ্রীল শ্রীযুত বংসীধর মিত্র খুড়া মহাসয়

শ্রীদুর্গা—
জয়তি—

৺২৫। দ ২
শ্রীশ্রীদুর্গা—
সন ১২০৬।—

হিসাব খাজানা—
বেব্বক ওল্লাঢালি—

আসামী—	জমী—
বিং গুজস্তা	১॥/০
মিনাহ মযুকুপ—	/০
	১॥০
মিনাহ ওসত—	১
	॥
কর্পা—	॥/
করসা—	৫॥
	৬॥/

গুঃ—

১৯ জৈষ্ট—	১	৵০
২০ আসাড়—	১	১৫
	২	৵১৫
১৫ ভাদ্র—	১	/০
১৯ রোজ—	১	/১০
	২	৵১০
	৪	।/ ৫
১০ আশ্বিন—	১	১৫
	৫	।৵০
১২ আগ্রান—	২	৵১০
২২ রোজ—	১	৵০
	৩	। ১০
	৮	॥৵১০
৯ মাঘ	২	৵১০
	১০	॥১০
মিনাক মোজা—	॥১০	॥১০
	৯	৶১০ ০

	দর—	মোবো—
	১০০	২॥৹
	২০	॥৵
	২০	৫॥০
	০	৮॥৵
বাকী—		
দায় ধরা—		
বিং হিসাব—		৮॥৵০
চান্দোয়া—		
জমিদারি—		
।০ হিসাবে—		/৭॥
৺কালীমা—		৵৪
		৶১১॥
		৯/১১॥
দুর্গা ভেট—		

॥ কর্জ্জ-দাদন ॥

(১১৫৯-১২৭৪ সন)

৩২৬। বি ২৪৯

৭ঁ শ্রীশ্রীহরিঃ—

মহামহিম শ্রীযুত বাবু নিলকণ্ট সিংহ মহাসঅ বরাবরেষু—

লিখীতং শ্রীরামপ্রসাদ ঘোস কশ্য করজ্জ খত পত্র মিদং কাজ্যনঞ্চা আগে আমীহ আপনকার স্থানে জত্রটং কোম্পানি কল ১৮ আটার টাকা করজ্জ লইলাম ইহার যুদ দর মাহা ফি তংঙ্কে পিতি আইন হার যুদ দীব পরিসোদে ওআদা মাহ পৌসে উছ ভাএ ধান্ত দিআ পারিসোদ করিব এতদাথে লগদ টাকা পাইয়া খত পত্র লিখিআ দিলাম ইতি—

৩২৭। বি ২৯৩

৭ঁ হরিশ্রীশ্রী—

সন ১২২০ সাল—

ইয়াদিকীদ্ধ সত সাধু শ্রীকাসিনাথ ঘোষ সচ্চরিতেষু—

খাতক শ্রীকোমলাকান্ত রায় কস্য কর্জ্জ পত্র মিদং সন ১২২০ সাল য়াব্দে লিখনং কাজনঞ্চ আগে য়ামিহ তোমার থানে জত্তটং মুল ১৫ পোদর টাকা কজ লইলাম এই সিকা পরক লৌচকান (?) করয়া চার য়ানা করিয়া দিব ইহার যুদ সয়য়াদা মাহা আসাড়ে যুদ সমেত বেবাক টাকা পরিযুদ করিব ইতদাথে নগদা টাকা পাইয়া খত পত্র লিখিয়া দিলাম ইতি ১৯ মাঘ—লিখিতং শ্রীঠাকুরদাস ঘোষ—

৩২৮। বি ৪২৫

৭শ্রীশ্রীহরিঃ—

সন ১১৬৮

সঃ শ্রীশ্রীং প্রধান—

ইআদিকর্দ্ধ সাধু শ্রীগঙ্গানন্দ ঠাকুর যুচরিতেষু খাতক শ্রীপাচু রায় কস্য কর্জ্জ পত্র মিদং সন ১১৬৮ এগার সও আট সষ্টী সাল আব্দে লিখনং কজ্জ্যঞ্চা আগে আপনকার স্থানে জত্রটং ৭।৴ সাত টাকা পাচ আনা সলাত, কর্জ্জ

শ্রীপাচু রায়—

সাং কোটা—

লইলাম ইহার যুদ তঙ্কে প্রতি দর মাহা ৴১০ অৰ্দ্ধ আনা একুনে ৶১৩ তিন আনা তের গণ্ডা হিশাবে দীব ওআদা মাহ অগ্রানে টাকা দীব ওআদা মাফিক টাকা না দীএ তবে পৌসের উৰ্চ্চ ভাও ধান্য দীব এতদার্থে টাকা পাইয়া খত পত্র দিলাম—ইতি তারিখ—২৪ চোবিষা কাত্তিক—

৩২৯। বি ৪২৯খ

৭ঁ শ্রীশ্রীদুর্গা—

স্মরনং—

ইয়াদিকির্দ্ধ সাধু শ্রীরামগোবিন্দ সরকার সর্চ্চরিতেষু খাতক শ্রীহরমোহন রায় কস্য কর্জ্জ পত্র মিদং আগ্বে লিখনং কাযানঞ্চ আগে আমি আপনকার স্থানে জত্রটং সিক্কা ১৬৫ এক সও পৌসষ্টী তঙ্কা কর্জ্জ লইলাম ইহার যুদ দরমহা ফি তঙ্কে পিতি ৭॥ ডেড় পাই করিয়া দিব সোধের ওয়াদা মাহ পৌসে সামুক যুদ আর আসল মধ্যে ৮২ বিরিসি তঙ্কার ধান্য দিব সেওাই তঙ্কা মাহ ফালগুন চৈত্রিতে গুড় দিয়া পরিসোধ করিব এতদার্থে বাহুসে বাহাল তবিয়তে দস্তবদস্ত নগদ তঙ্কা পাইয়া খত পত্র লিখিয়া দিলাম ইতি ॥ [১২৩৫ সাল]

৩৩০। বি ৪৪৩

৭ঁ শ্রীশ্রীহরি—

সন ১২১৫ সাল—

মহামহিম শ্রীযুৎ দাদা গোস্বাই দাষ বরাবরেষু।—লিখিতং শ্রীগোপাল চন্দ্র ঘোষ কষ্য করজ্জ পত্রমিদং কয্যনঞ্চ আগে আমীহ আপনকার স্থানে শীককা ১২ বার টাকা কর্জ্জ লইলাম ইহার যুদ দুই মাসে ফি তঙ্কে ৴১০ অৰ্দ্ধ আনা করিয়া দিব সোধের ওয়াদা মাহ পোষে পঞ্চ জন মহাজনি দরে ধ্যান্য দিয়া পরিশোধ করিব জাদি ধ্যান্য দিয়া পরিশোধ করিতে না পারি তবে মাহা ফাগুননে গুড় দিয়া পরিশোধ করিয়া দিব এতদাথে নগদ টাকা পাইয়া খত পত্র লিখিয়া দিলাম ইতি তা সন ১২১৫ বার সও পোনর সাল তারিখ—১২ চৈহত্রী—

ইসাদী—

গোপীকান্ত বেরা (?)

৩৩১ । বি ৪৬০

৵৭ শ্রীশ্রীহরি—

সহায়—

মহামহীম শ্রীযুত তারাচন্দ চৌধরি মহাসয় বরাবরেষু—

লিখিতং শ্রীউমাকান্ত পোদ্দার—

কস্য একড়ার পত্র মিদং কাজ্যনঞ্চাগে আমীহ্ আপনকার স্থানে রূপা বাউটী কারণ ৩৫ পোইত্তিষ ভরি রূপা দিলেন আমীহ নমুনা সহি বাউটী দিব তাহাতে উন্থ্যা হয় তবে আমী বাউটী লইআ আপনকার টাকা বিনা উজরে ফিরিআ দী[ব] কোন উজর করিব নাই আর এই বাউটী মাহ আসীনের ১২ বারিই রোজে দীব তাহার অন্যথা করি[ব] নাই ইতি সন ১২৬৯ সাল তারিখ—১৮ ভাদ্র—

শ্রীউমাকান্ত পাল
পদার সাং পদ্মা—

৩৩২ । বি ৪৮৫

৵৭ শ্রীশ্রীকৃষ্ণ :—

মহামহীম শ্রীযুৎ সিবনারায়ন চক্রবর্ত্তী বরাবরেষু—লিখিতং শ্রীগয়ারাম ভূই কস্য কর্জ্জ পত্রমিদং কার্য্যনঞ্চা আগে আমী আপনকার স্থানে জত্রটং সিক্কা ৭ সাত টাকা কর্জ্জ লইলাম ইহার যুদ মাফিক আগ্রন দিব সোধের ময়াদা মাহ শ্চাবন যুদ সমেত বেবাক টাকা দিয়া পরিসোধ করিব এতদার্থে নগদ টাকা পাইয়া কর্জ্জ খত লিখিয়া দেলাম ইতি—সন ১২৩৫ সাল তারিখ—১৬ আসাড়—

খাতদাদন—
নিজরোজ—
শুং—খোদ—
রোক সিক্কা—৭৲
মবলগে সাত টাকা দাদন—
বেবাক পাইলাম ইতি—

ইসাদ—
শ্রীপরেসনাথ পাল্য—
সাঃ গোয়ালপাড়া—
শ্রীমোহন মণ্ডল ঘোষ—
সাঃ তালতড়্যা—
শ্রীনারায়ন গরাঞী—
সাঃ গোয়ালপাড়া—
শ্রীদিননাথ চাটুয্যা—
সাঃ গোয়ালপাড়া—
শ্রীগয়ারাম ভূই—
সাঃ গয়ালপাড়া—

৩৩৩। বি ৫২১

(ক)

শ্রীরামঃ—

সন ১১৫৯।—

দাখিলা শ্রীহটু পাল

তাং ১ কার্ত্তিক—

হাড়ী কলানী বড়	১০
মালসা	১০
সরা	১০
কলসী	৩
	৩৩

তেত্তিষ জিনিষ ইতি—

শ্রীবলরাম শর্ম্মনঃ
তেত্তিষ জিনিষ ইতি—

[১খ দর

বড়—৷৶৹

মধ্যম—।/৹

তেলাই—৷৵৹

মালসা—/১৹

সরা—১৫

কলসী—৵৶৹

(খ)

শ্রীশ্রীহরি :—

স ১১৫৯—

দাখিলা হাড়ি—

শ্রীহটু পাল

তা—৩০ আশ্বীন—

তৌলা—২

কলসি—২

মাজারি—২

তেলানি—৪

১০ দসটা

৩৩৪। বি ৫৯১

৵৭শ্রীশ্রীকালী—

শহায়—

মহামহিম শ্রীযুত ইশানচন্দ্র ভট্টাচার্য্য মহাশয় বরাবরেষু :—

লিখিতং শ্রীবেচারাম চট্টোপাধ্যায় কশ্য কর্জ্জ খত পত্র মিদং কার্জ্যনঞ্চাগে মহাশয়ের নিকট ইতিপূর্ব্বে এক তমুশুক করিআ টাকা লইআছিলাম তাহার উশুল মোকাবিলা বাদে ২২৷৹ বাইষ টাকা আট আনা হাল দঃ লইলাম ১২৲ বার টাকা একুনে ৩৪৲ চৌত্তিশ টাকা শেড়ে ইহার শুদ ৫ এক পয়শা হিশাবে দিব শোধের ওআদা আগত বৈশাখ মাহায় মায় স্থদ বেবাক টাকার আটার আনি হিশাবে ধ্যান্য দিয়া পরিশোধ করিব জদ্যপী না হয় তবে ঐ টাকার শুদ শকলের আউরি দিব আশল টাকার ধ্যান্য ঐ ভায় দিব এতদার্থে নগদ টাকা পাইআ এই খত পত্র লিখিআ দিলাম ইতি শন ১২৭৪ সাল—তাঃ—২৯ আশাঢ়—চোত্তর শাল—উনত্তিশে আশাঢ়শ্য—বুধবার—

শ্রীবেচারাম চট্টোপাধ্যায়— ইসাদ—

সাঃ—গোওালপাড়া— সহি

৩৩৫। বি ৭৭৮

৭ শ্রীরামঃ—

হিং শ্রীকুড়ারাম ভট্টাচার্য্য—

বাং কর্জা—

জমা গুং—

সন ১২০৫ সাল—

মাহ কার্ত্তিক—

আসল—	যুদ—	একুন—
গুং খোদ—		
৫৲	৪৲	৯৲
বাকী ১৭৲	৵৹	১৭৵৹

মাহ মাঘ—

গুং খোদ—		
৪৲	১৲	৫৲
বাকী ১৩	৷৵১০	১৩৷৵১০

খরচ—

সন ১২০৫ সাল—

মাহ বৈশাখ—

১৮ রোজ—	১৭৲
দাদন—	
হাওলাত দং—	৫৲
মাহ ফাল্গুণ—	
	২২৲

ইঃ বৈশাখ—যুদ

নাং আশ্বিন—

২২ কাত ৲১০ হিং ৷৵৹ কাত

জমা গুং —

ওং সন ১২০৬ সাল—

মাহ জ্যৈষ্ঠ ৩০ রোজ—

৭৲	২৲	৯৲
বাকী ৬৲	।/১০	৬।/১০

ও আষাঢ়—

২৲	৶০	
বাকী ৪৲	॥১০	৪॥১০

খরচ—

৬ মাহাতে—৪৶০

হিঃ—

মাহ কাত্তিক—

নাং পৌষ—

১৭ কাৎ— ॥১০ কাৎ

৩ মাহাতে— ১॥/১০

ইং মাঘ—

নাং সন ১২০৬ সাল বৈশাখ—

১৩ কাৎ ।৶১০ কাৎ

৪ মাহাতে ১॥৶

জের আসল— ১৩৲ সুদ ॥৶১০

দর— ০ ০ ১॥৶

১৩ ২।/১০

ইং জ্যৈষ্ঠ—

নাং আষাঢ়—

৬ কাৎ— ৶ কাৎ ৶

২॥১০

৩৩৬। বি ৮৬১

শ্রীশ্রীহরি—

স্বহায়—

হিং মাহাজন শ্রীবিপ্রচরন বন্দোপাধ্যায়—

খাতক শ্রীগুরুপ্রশাদ চট্টো—

জমা—

খরচ—

সন ১২৩৩ সালের—

ধান্য দং সীক্কা—৪৲

১৪ আসার—

ধান্য /২॥কা—৩

১৫ রোজ—

সীক্কা—১৲

জের খরচ—
খাজানা—
আজপুরের খাজানা
২০ভাদ্র—২
২৮ ভাদ্র—২
৩০ ভাদ্র—১

২৩॥০

খরচ—
২০ আসাড় জোন—
পয়সা—
২৬ আশাঢ়—
হলের—
গুং খোদ—১৲
২৯ আসাড় ৵৷৷কা—৩
২ শ্রাবন—
গুং খোদ সিক্কা—১৲

১৩॥০

৭ শ্রাবন—
হলের কেনা—১৲
২১ শ্রাবন—
ধান্য—৸৶ ২
২২ শ্রাবন সির্ক্কা—১
হলের ২৪শ্রাবন খাজানা—১

১৮॥০

[১খ শ্রীশ্রীদুর্গা

ফাল্গুন মাসে ধান্য বিক্রি ৯ নয় পালি বি

এহার মধ্যে কি করিয়া ১৪ চন্ত টাকা হয় ১১ চৈত্র ১৪ চন্ত টাকার মধ্যে ২ দুই টাকা পাই—১১রোজ—২৲

সন ১২৩৪

১৫ আশাড়

সুদের দরুন কৃষ্ণ দেকে

বরাত হয় পাওয়া জায়—

৩৩৭। বি ৯১৯

শ্রীহরিঃ—

শরণম্

শুভানুধ্যায়ি শ্রীতারাচন্দ্র দেবশর্ম্মণো সমাশিসাং রাশয়ঃ সন্তু ভবন্মঙ্গলং শ্রীশ্রী৺স্থানে প্রার্থনীয়ং তেনাস্মাকং শিবম্ তোমার পত্র পত্র দ্বারা সমগ্র বার্ত্তা অবগত হইলাম পরং এ স্থানে রামচন্দ্র গাঙ্গুলিকে টাকা চাইয়াছিলেন সেই ব্যক্তি [এ]ক্ষণে দিতে ছাহে না শ্রীযুক্ত দিগম্বর মুখোপাধ্যায় আসিলে সকল টাকা বুঝিয়া দিব যদি মন্দ হয় তবে আমার জাতির নিশা করিতে হইবেক অতএব ইহার বৃত্তান্ত ভালমতে জানিয়া উচিত জাহা হয় তাহা শীঘ্র লিখিয়া পাঠাইবেন ইহ সমাজস্থান সেইমতে অন্যথা না হয় তোমাকে শ্রীযুক্ত গঙ্গোপাধ্যায় দুষি করিয়াছে ইহাতে আমি লজ্জা পাইয়াছি কিমধিক তাং ২৪ বৈশাখ—

প্রাণাধিক শ্রীযুক্ত দিগম্বর মুখোপাধ্যায় ভাইজীউ পরম কল্যানবরেষু—

পুনশ্চয় শ্রীযুক্ত গাঙ্গুলি টাকাকড়ি কিছু দিবে না এহার উচিত সেইবার আসিয়া এই কন্যা লইয়া জায় এখানে সকল লোক ইহাতে উত্যক্ত আছে জানিবেন—

শ্রীবিশ্বনাথ মালির সিন্দুকে গছিত জিনিস জায়—

পিত্তল ঘড়া—	৫
থাল—	৭
গাড়ু—	২
লোটা—	২
ফেরুয়া—	১

যন্তল (?)—

৩৩৮। বি ১০৪৩ ক

৭শ্রীশ্রীরামঃ—

মহামহিম শ্রীযুত রামতনু চৌবে বরাবরেষু—

৭ লিখতং শ্রীরাম পাঠক কস্য গাছবন্ধক পত্র মিদং কার্য্যঞ্চ আগে আমার ৺পিতার হস্ত আরোপিত গাছ এই সাকিমের রূপা চোয়াড়ের বাড়ির উর্ত্তর রাস্তার দক্ষিন আম্র গাছ একটী কাঠাল গাছ একটী একুনে দুইটি গাছ আমার সরিক শ্রীকৃষ্ণ পাঠকের কন্যা তাহার অর্দ্ধেক আমার হিস্যা অর্দ্ধেক আমি আপন হিস্যা তোমার

নিচার সহি
শ্রীরাম পাঠক—
সাং ভুরসুয়া—

স্থানে ৩।৴ তিন টাকা পাচ য়ানায় বন্ধক রাখিলাম মাহ কার্ত্তিকে টাকা সোধ দিব. জদি মাহ কার্ত্তিকে সোধ দিতে না পারি তবে আপনকার স্থানে এই তিন টাকা পাচ য়ানা পনে বিক্রি করিলাম পশ্চাত তাহার কোন বয়ন্ত করিব না জদি বয়ন্ত করি সে বাতিল আমি কিম্বা আমার ওয়ারিসান কেহু দণ্ডা করে কিম্বা করি সে বাতিল এতদর্থে গাছ বন্ধক কওলা পত্র লিখিয়া দিলাম ইতি সন ১২১৬ সাল তা—২৮ শ্রাবন—

ইসাদ—

শ্রীসরূপচন্দ্র নাএক সাঃ যুগসরা

শ্রীভাগবত মোদক সাঃ যুগসরা

শ্রীজগন্নাথ রুজ সাঃ যুগসরা

শ্রীভাগবৎ গোপ সাঃ তস্য

শ্রীইন্দ্রনাথ সেন সাঃ যুগসরা

শ্রীরূপা বাগতি সাঃ যুগসরা

শ্রীজগন্নাথ বাগতি সাঃ যুগসরা

শ্রীভাগবৎ বাগতি সাঃ যুগসরা

৩৩৯। বি ১১০৩

শ্রীশ্রীদুর্গা—

শ্বহায়—

মহামহিম শ্রীযুত প্রশাদগিরি মহাসয় বরাবরেষু।—

লিখিতং শ্রীমানিক মালা সাকীন চণ্ডিপুর পরগণে অরঙ্গানগর কস্য ধান্যের কীস্তীবন্দী পত্র মিদং কায্যাঞ্চাগে আমি জে মহাশয়র স্থাণে তমষুক দিআ ধান্য বাড়ি লইয়াছিলাম তাহার হিশাব করিয়া ওয়াশীল বাদে বাকী ৴৩॥ এক বিশী চোর্দ্ধ মাণ ধান্য আমাকে দেনা হইল এই ধান্য দিবার মেওাদ কীস্তীবন্দী নিচের তপশীল মত সন সন ধান্য আদায় দিব এই করারে না দি মেওাদ খিলাপ হয় মাফিক আইণ আমলে আসীব এই তদার্থে ধান্যের কিস্তীবন্দী পত্র লিখিআ দিলাম ইতি সণ ১২৭০ সাল—তারিখ—১৩ কার্ত্তিক

তপশীল—

কিস্তীবন্দী—

সন মজকুর—৮

সন ১২৭১ সাল—৮

সন ১২৭২ সাল—৭॥

৴৩॥০

ইশাদ—

শ্রীঅজর (?) জানা—

সাং এড়াশাল—পং যুজামুঠা—

শ্রীসেখ বড় যুকু—সাং চণ্ডিপুর—পং অরঙ্গানগর—কণ্টায়—

শ্রীনিধিরাম ভূঞ্যা—নবিসীন্ধা সাকীম—ব্রজলালচক—পং অরঙ্গানগর—

শ্রীহটু পট্টনাএক—সাং ব্রজলালচক—পং অরঙ্গানগর—

নিঃ শ্রীমানিক মালা—

মং ৵০ দুই আনা—

সন ১৮৬২ বাশোটী শাল তাং ২০ বিশা আক্টোবর মোং কৃষ্টনগর পং শুমগড় মতালকে জেলা মেদনিপুর শ্রীমানিক মালা শাং চণ্ডিপুর পং অরঙ্গানগর

শ্রীকৃষ্টপ্রশাদ প্রধান—

বেণ্ডার

৩৪০। বি ১১০৮

৭৭ দুর্গা—

মহামহিম শ্রীযুক্ত প্রশাদ গিরি মহাশয় বরাবরেষু।—

লিখিতং শ্রীজাদবরাম গিরি সাং দামুদরপুর ও শ্রীকান্তিরাম মালা সাং চণ্ডিপুর বাড় গোবৰ্দ্ধনপুর পরগণে অরঙ্গানগর কস্য দেড়া বাড়ি ধান্যর তমষুক পত্র মিদং কায্যাঞ্চাগে আমরা মহাশয়র স্থানে আসল ৴৫ এক বিশী পাঁচ আড়ি ধান্য বাড়ি লইলাম ইহার মুনফা ফি আড়িকে ।।০ আট কাঠার হিসাবে ১২।।০ সাড়ে বার আড়ি একুণ ৴১৭।। এক বিশী সতর আড়ি দুই থাল ধান্য দিবার মেওাদ সন আইন্দার মাহা পৌষ মাষে তোমার গোলা পৌঁচ করিয়া বেবাক ধান্য আমরা পরিসোদ করিব এই করারে না দি মেওাদ খিলাপ হয় মাফিক আইন আমলে আসীব এই তদার্থে দেড়া বাড়ি ধান্যর তমষুক পত্র লিখিয়া দিলাম—ইতি—সন ১২৬৬ সাল—তারিখ ২৬ শ্রাবণ—

ইশাদ—

শ্রীগঙ্গারাম মালা—সাং চণ্ডিপুর—বাড় গোবৰ্দ্ধনপুর—পং অরঙ্গানগর—

শ্রীগঙ্গারাম জানা—সাং এড়াশাল—পং যুজামুঠা—

শ্রীগঙ্গারাম কটাল—সাং ব্রজলালচক—পং অরঙ্গানগর—নিঃ শ্রীজাদবরাম গীরি—নিঃ শ্রীকান্তীরাম মালা—মং এক বিস পাচ কুড়ি ধান্য—শ্রীনিধিরাম ভূঞা—নবিশীন্দা সাকীন ব্রজলালচক—প অরঙ্গানগর—

৪ নং মঃ দুই আনা সণ ১৮৫৯ উনশাট সাল তা ২৭ সাতাশে জানয়ারী মোং তমলুক জেলা মেদনিপুর খঃ জাদবরাম গীরি সাং দামুদরপুর পং অরঙ্গানগর শ্রীরমাকণ্ঠ সৌ মোহরি—

৩৪১। বি ১১১৩

শ্রীশ্রীরাম—

শহায়—

মহামহীম শ্রীযুত প্রশাদ গিরি মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীদয়ারাম আদক ও শ্রীচণ্ডি আদক সাকীন শ্যামষুন্দরপুর পরগনে অরঙ্গানগর কস্য ধান্যের হাওলাত নায়া পত্র মিদং কায্যাঞ্চাগে আমরা মহাশয়র স্থানে।/৮৬ পাঁচ বিশী আট আড়ি বার কাঠা ধান্য হাওলাত লইলাম এই ধান্য দিবার মেওাদ সন মজকুরের মাহা পৌষ মাষে তোমার গোলা পৌচ করিয়া আমরা বেবাক ধান্য পরিশোদ করিব এই করারে না দি মেওাদ খিলাপ হয় মাফিক আইন আমলে আশীব এই তদার্থে ধান্যের হাওলাত নামা পত্র লিখিয়া দিলাম—ইতি—সন ১২৫৭ সাল—তারিখ ২৬ কার্ত্তিক—

ইশাদ—

শ্রীনারায়ন গুড়্যা—
সাং শ্যামষুন্দরপুর—
প অরঙ্গানগর—

শ্রীশত্রুঘন মণ্ডল—
সাং উত্তর বড়বাড়ি—
পঃ যুজামুঠা—

শ্রীবংশী দাষ—
সাং—তস্য—
প—তস্য—

শ্রীনিধিরাম ভঞ্জ—
নবিশীন্দা—
সাং ব্রজলালচক—
প অরঙ্গানগর—

নি শ্রীদয়ারাম আদক—
নি শ্রীচণ্ডি আদক—
বং শ্রীদয়ারাম আদক—

মঃ চারি আনা মাত্র সন ১৮৪৯ সাল তারিখ ২২ আকুটবর মোহরি শ্রীত্রিলোচন ভঞ্জ থানা মহানন্দপুর জেলা মেদনিপুর খঃ শ্রীদয়ারাম আদক সাং সামষুন্দরপুর পঃ অরঙ্গানগর—

৩৪২। বি ১২৪১

শ্রীদুর্গা—

সহায়—

প্রিয়তম শ্রীযুত গোপীনাথ ভট্টাচার্য্য মঙ্গলাস্পদেষু পুর্ব্বে তোমার নিকট কহিয়াছিলাম বরজের জমি রাখিয়া টাকা লইব তাহাতে শ্রীযুত শ্রীশ্রীকান্ত ভট্টাচার্য্যর নিকট জে কোবালা ছিল তাহা হাত করিয়া লইয়াছি এ জমি রাখিয়া টাকা এহাঁরাও দিতে চাহেন কিন্তু তোমার নিকট কহিয়াছি তাঁহারদিগের নিকট টাকা লইব না তোমার নিকট

টাকা লইব তোমার নবদ্বিপ জাওনের পূর্ব্বে তোমার নিকট কহিয়াছিলাম তুমি চলিলা এ টাকা কাহার নিকট পাইব তাহাতে কহিয়াছিলা বাটীস্তে টাকার বিষয় কহিয়া জাইব তোমার বাটীতে টাকার বিষয় জিজ্ঞাসা করিলাম তাঁহারা কহিলেন আমারদিগের টাকার বিষয় কহিয়া জান নাই এ কারণ শ্রীরামধোন ভাণ্ডারিকে পাঠাই লোহাগাছির ৶৬ ছয় বিঘা হাটের বরজের ৶৬ ছয় বিঘা একুন বারো বিঘা জমি রাখিয়া ৪০ চল্লিস টাকা লইব ইহার বিলি করিয়া অন্তই লিখিবা না হয় তাহারও জবাব লিখিয়া এখানে আর দুই এক স্থানেও উপস্থিত আছে তোমার জাহা বেপিত্যয় হয় তাঁহারে লিখিবা তিনি থাকিয়া কোবালা লিখিয়া লন কিমধিকং মিতি—তাং ২৬ জ্যৈষ্ঠস্য—

পুঃ এক কেতা একরার দিতে হইবেক তাহা নাঝ্যা বাটী জিম্বা থাকিবেক এই মত লিখিবা— ইতি—

শ্রীদুর্গা—

সরনং—

শ্রীশ্রীনাথ সর্ম্মণঃ

পত্রীয়ং—

৩৪৫ । বি ১৩১৬

শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২৪১ সাল—

মহামহিম শ্রীযূত নিলমোহন সীংহ মহাপাত্র মহাসয়

বরাবরেষু—

লিখীতং শ্রীবোনমালি কোড়া ও রবি কোড়া কস্য কিস্তিবন্দি পত্র মিদং কাজ্জনঞ্চাগে আমরা চাষ কারণ আপনকার স্থানে কজ্জ করিয়াছিলাম নিকাষ পাওনা আমার্দ্দের নিকট ৪॥৩৫ আপনকার পাওনা ওয়াজীব পাওনা অতএব নিজ সোনে পোষ মাহাতে ২॥৩৫ দুই আনা আট কোড়ি পোনের কোনা দীব বাজার ভাউ বিক্রী দর টুকু ॥৵ দশ কুড়ি কাত ৪৲১৫ চারি টাকা তিন পাই আর সন ১২৪২ সালে ঐ ২ দুই আড়া ধান্যের মাহ পৌসে ঐ দর মাফিক ৩৵৪ তিন টাকা তিন আনা চারি গণ্ডা ঐ সকল কিস্তি মাফিক বিনা ওজরে সরবরা করিব মিওাদ খেলাপ হয় মায় মুনুফা সমেদ দেব এতদার্থে আপন খুসিতে কিস্তিবন্দি লিখীয়া দিলাম ইতি—সন ১২৪১ সাল—তারিখ—২৬ অগ্রান—

শ্রীবোনমালী কোড়া—

শ্রীরবি কোড়া—

ইসাদী—

শ্রীনিলাম্বর রক্ষিত—
সাং মোকোন্দপুর—

শ্রীহরি দোওারি—
সাং মোকন্দপুর—

শ্রীমোটা রায়—
শ্রীমদন রায়—
সাং মথুরাকাটা—

৩৪৪। বি ১৩১৭

শ্রীশ্রীকৃষ্ণ—
সহায়—

মহামহীম শ্রীযুত নিলমোহন সিংহ মহাপাত্র মহাসয়
বরাবোরেষু।—

লিখিতং শ্রীলক্ষণ দাষ সাং আগমবনি বিক্কারডাঙ্গা কস্য কর্জ্জ পত্র মিদং কার্জ্যনঞ্চার্গে আমিহ আপনকার স্থানে চাষ করিবার কারণ মুল ধান্য গুলা ২৷৷০ আড়াই আড়া কর্জ্জ লইলাম ইহার মুনফা ফি আড়া মাহাজনি হারে দীব পরিসোদের উআদা নিজ সনের মাহ পোষে আপন চাষে পরিসোদ করিব এতদার্থে ধান্য পাইআ আপন খুসিতে কর্জ্জ পত্র লিখিআ দীলাম ইতি সন ১২৪৯ সাল—তাং—২০ আসাড়—

শ্রীলক্ষ্মন দাষ—
সাং আগমবনি বিক্কারডাঙ্গা—

ইসাদী—
শ্রীগদাই বেতাল—
শ্রীরাম রানা—
শ্রীযুবল মাজী—
সাং মুকুন্দপুর—

৩৪৫। বি ১৩২৩

সাক্ষী—
শ্রীশ্রী৺গদাধর—

মহামহিম শ্রীযুত কৃষ্ণরাম সেন কয়াল ঠাকুর চরণেষু—
লিখিতং শ্রীগৌরমনি দেব্যা।—

কর্জ্জখত পত্রমিদং কার্য্যাঞ্চ আগে· আমী শ্রীশ্রীগয়াতির্থে আশীয়া পিতৃকার্য্য করিয়াছী তাহার দক্ষিনা দান সমেত ২০ কুড়ী টাকার খত মহাশয়েকে দিলাম এই খত লইয়া মহাশয়ের লোক জখন আমার বাটী জাইবেক তখন এ খতের টাকা শোদ দিয়া খত

খালাষ করিব এতদার্থে খত পত্র দিলাম ইতী সন ১২০৭ বারো সশু সাত সাল আখিরি তেরিখ—৩০ ত্রিষা চৈত্র—

নিসান সহি—

শ্রীগৌরমনী দেব্যা—সাং খুল্টীপাড়া—

প আজমতসাহি—চাকলে বর্দ্ধমান।—

৩৪৬। বি ১৩৩৮

শ্রীহরিঃ

শরণং

যুস্মস্ত পরম শুভাশিষামানস্ত্যং বিজ্ঞপ্তিশ্চাদৌ ভবদীয় মঙ্গল শ্রীশ্রীস্থানে নিয়ত প্রার্থনীয় অত্র সাময়িক মঙ্গল বিশেষঃ এখানকার সমাচার কি লিখিব শ্রীযুত তর্কবাগীশ ভায়ার স্থানে দুই তঙ্কা কর্জ করিয়া খরচ করিয়াছি আর গাড়ু একটী বিক্রয় করিয়া খরচ করিতেছি শুনিলাম শ্রীযুত বিদ্যাভূষণ ভূমের অংশের বিরোধ করিতেছেন অংশের লিখন পাঠাই সাবধানে রাখিবে অংশ চৌতে দিবে নতুবা তিল বাটীর উত্তরে দিবে তাহা না লন সংপ্রতি কোন বিশয় আমল দেবা না পশ্চাৎ যেরূপ হয় তাহা করিব ভূমি ভাগে জোত করিতে কেহ লয় তাহা তত্ব করিবে যেরূপে ভূমি না পড়ে তাহা করিবে কথকগুলি বীজ ভাল করিয়া পাঠাইবে আয়ুশ খানিক অতিরিক্ত হয় তাহা করিবে কিমধিক মিতি—তা ১ জৈষ্ঠি—

লিখিতং শ্রীপ্রাণকৃষ্ণ বিদ্যালঙ্কার ভট্টাচার্য্য সর্ব্বশাস্ত্রা…

শ্রীঃ প্রাণাধিক শ্রীযুত তর্কপঞ্চানন ভায়া চারুচরিত্রেষু—

৩৪৭। বি ১৪৯১

৭৺শ্রীশ্রীদুর্গাঃ।—

মহামহিম শ্রীযুত বলরাম তর্কবাগীষ মহাসএষু—

লিখিতং শ্রীরঘুনাথ চুনারি কস্য কর্জ্জ পত্র মিদং কায্যাঞ্চা আগে আমী মহাসএর স্থানে শ্রীজগতরাম মুখোপাধ্যায় মহাসএকে মাল জামিন দিয়া সিক্কা ১৬৲ সোল তঙ্কা কর্জ্জ করিলাম ইহার যুদ দর মাহা ফি তঙ্কে এক আনা একুনে ১এক তঙ্কা হিসাবে দিব ইহার ওয়াদা মাহ পৌসে লব্যমুল সমেত তঙ্কা পরিসোদ করিব এই করারে তঙ্কা লইয়া খত দিলাম ইতি সন ১১৮২ সাল—১৪ অগ্রহায়ন

শ্রীরঘুনাথ চুনারি—

সাং জ্যোতিবাগান—

ইসাদী—

শ্রীজগতরাম রক্ষিত সাং শঙ্করপুর   শ্রীনন্দ শর্ম্মা সাং লস্ক[র]পুর

শ্রীঘনস্যাম শর্ম্মা

এই খতে মাল জামীন শ্রীজগতরাম শর্ম্মণঃ—করার মাফিক টাকা আমী দিব—ইতি

শ্রীজগতরাম শর্ম্মণঃ—

সাং বেহালা—

১৬ এ সোল তঙ্কা

আড়কাট—

৩৪৮। বি ১৪৯৫

৭শ্রীরামা—.

মহামহিম শ্রীযুত দল সীং বাবু বরাবরেষু—

লিখিতং শ্রীগঙ্গারাম মুণ্ডল কস্য কর্জ্জ পত্র মিদং কার্য্যঞ্চ আগে আম শ্রীমান সীং ঠাকুরের মাতার তহবিল হইতে তোমার স্থানে ১১৲ গারো তঙ্কা কর্জ্জ করিআ লইলাম ইহার লব্য দর মাহা ফি তঙ্কে ৻১০ আদ আ[না] করি একুনে।৴১০ সাড়ে পাচ আনা দিব ইহার ওআদা আসাড় মাষে তঙ্কা যুদ সমেত পরিসোদ করিব জদি ওআদা সির তঙ্কা না দি তবে যুদের দেড়া দিয়া তঙ্কা দিব এই করারে তঙ্কা লইয়া খত দিলাম ইতি সন ১১৬৬ সাল—তারিখ— ২৮ ফাল্গুন—

শ্রীশ্রীধর্ম্মদেবতা— ইসাদ—

শ্রীগঙ্গারাম মুণ্ডল— সাং জগন্নাথপুর— বং শ্রীঅজোধ্যা রায়স্য

৩৪৯। বি ১৪৯৭

৴৭শ্রীরামজয়

এআদিকির্দ্দি সাধু শ্রীদল সিংহ রায় যুচরিতেষু খাতক শ্রীরাম দাস কস্য কর্জ পত্র মিদং কার্জ্যআঞ্চ আগে আমি শ্রীমান সিংহ মাতা তবিল ইতে ২ দুই তঙ্কা লইলাম ইহার লব্য দর মাহ ফিঁ তআঙ্ক ১৫ - তিন পাই করিঅ একুনে ৴১০ ডেরায়া আনা দিব উআদা অগ্রঅন মাসে যুদ সমেত পরিসোদ করিব জদি উআদা সির না দি তবে পউস মাসে উষ্‌চ দরে ধান্ত দিব এই করারে তঙ্কা লইআ খত দিলাম ইতি সন ১১৬৫ সাল তারিখ ১৬ ভাদ্র—

শ্রীশ্রীধর্ম্মদেবতা ইসাদি—

শ্রীরাম দাস

সাং জয়রামপুর

পুনুষ্‌চ খত মাফিক আসিন মাসের ১০ দসই আর ২ দুই তঙ্কা লইলাম .

৩৫০। বি ১৬৭৫

৭ঁশ্রীহরি—

স্বহায়—

মহামহিম শ্রীযুত রামকান্ত ভট্টাচার্য্য ও শ্রীমতি সর্ব্বানি দেব্যা

বরাবরেষু—

শ্রীমানিক ঘোষ—

সাং বিজ্ঞাধরপুর—

লিখিতং শ্রীমানিক ঘোষ কস্য করজ্জ পত্র মিদং কার্জ্জনঞ্চাগে আমী আপনকারদ্দের নিকট ৩৲ তিন টাকা স্বীক্যা ধান্যের উপর কর্জ্জ লইলাম ইহার যুদ মোক্তা ফী টাকা ৵০ দুই আনা করিআ দিব শোধের ওয়াদা মাহ কার্ত্তিকে মায় যুদ তিন টাকা ছয় আনার ধান্য কাত্তিক মাহার দরে দিয়া পরিশোদ করিব এতদর্থে কর্জ্জপত্র লেখিয়া দিলাম ইতি সন ১২২০ সাল—তারিখ—৩২ আশাড়—

ইসাদী—

শ্রীভৈরবনাথ ভট্টাচার্য্য—

সাং করিমোহন বাটী—

শ্রীসাধুচরণ চট্টোপাধ্যায়—

সাং আমুদপুর—

৩৫১। বি ৩৪৪১

৭ঁশ্রীশ্রীকালী—

মহামহিম শ্রীযুক্ত ব্রজকুমার মুখোপাধ্যায় মহাশয়

বরাবরে—

লিখিতং শ্রীনারায়ন পাল কস্য কজ্জ পত্র মিদং কাজ্যঞ্চাগে আমীহ আপনকার স্থানে জতটং মূল কোঁঃ—২ দুই টাকা কর্জ্জ লইলাম ইহার যুদ দর মাহা ফি তঙ্কে প্রতি আইন হিসাবে দিব এই টাকার কড়ার মাহ আসাড় তক দিব জদী না দিতে পারি তবে আমার কুইলা রঙ্গের দুই রাস গোরু লইবেন এতদাথে আপন খুসিতে খত্র পত্র লিখিয়া দিলাম ইতি স ১২৫৫ সাল ৩০ পোষ ইসাদ শ্রীগঙ্গানারায়ন বন্দোপাধ্যায় সাং … …

৩৫২। বি ৩৪৪২ক

৭ শ্রীশ্রীহরিঃ।—

ইআদীকীর্দ্ধ সাধু শ্রীহরেকৃষ্ণ দাস যুচরিতেষু খাতক শ্রীরামবহ্লব দাষ। কস্য কর্জ্জ পত্র মিদং সন ১১৯০ সাল আব্দে লিখনং কায্যনঞ্চা আগে আমি তোমার স্থানে জত্রটং সিক্কা ১০ দস তঙ্কা কর্জ্জ করিলাম ইহার যুদ ফি তঙ্কে ৴১০ অর্দ্ধ আনা করিয়া ওয়াদা মাহ আস্বিনে যুদ সমেত পরিসোধ করি জদি এওয়াদাতে না দীতে পারি তবে পোসের উর্চ্চ মুর্ল্যে যুদ সমেত ধান্য দিয়া পরিসোধ করিব এতদর্থে করজ খত পত্র দিল ইতি তারিখ ১৫ পোনেরই আসাড়

শ্রীরাজবহ্লব দাষ

সই শ্রীলালমোহন সম্মা— সাঃ মোঙ্গলকোট

আমিহ ইহার মাল জাবিন হইলাম ইহ করার মাফিক না দেন আমি নিজে দিব ইতি—

৩৫৩। বি ৩৪৪৩

শ্রীশ্রীহরি—

সন ১২৩৪—

ধান্য বিক্রয় ফর্দ্দ—১৪ আশীন

আশামী—	ধান্য—	দর—	নেকত
গুরুপ্রসাদ চট্টো	৴২॥	৭॥	৩৲
নিজ	৴২॥	০	৩৲
বাসী সীল	৴১	৭	৩
দপা খাষ	১৪	০	২
রামদেব নাই	১৪	০	২
চৈতন নাই	১০॥	০	১॥
	।৴৪॥	০	১৪॥
সোবানি			
ষবাব—	৴১	৭	৩৲
	।৵৫॥	০	১৭॥

২৯ আশাঢ় —

ধান্য বিক্রয়—

গরুপ্রসাদ চট্টো—/২॥৭॥ ৩৲

হলধর মুচি—/০ এক সলি—

এক দফা—৩৫ ॥০

লোচন মুচি—৭ ১৲

নিজ—/২॥ ৭ ৩

গুরু প্রসাদ দে—৭ ১৲

১১।

হলধর মুচি—

গুং খোদ সিক্কা—১

শ্রীশ্রীদুর্গা—

খাত্রার মদন ভড়ের স্থানে বন্দক দেয়া জায় অগ্রায়ন মাসে জিনিস দুই ছড়া তাবজ—দুই ছড়া পৈচা—পৌষ মাসে এক দফা ২ দুই ছড়া আনা জায় পাঙজোর আট বাটকি ২ দু গাছা।

৭ সাত টকা ২ মাঘ—১

১৯ উনিস তঙ্কা আনা জায়—

৩৫৪। বি ৩৪৪৪

শ্রীশিবঃ—

শরনম্।—

সন ১১৯০ সাল—

জমা রূপেয়া আমদানী জায়—

১৬ জৈষ্ট মরাগেড়া—১

পশ্চিম পাড়া—॥০

বিদ্যাধর পুত্র দীক্ষা দং—২

কবচ লিখন দং—১

শোভারাম দাসী—১

খরচ—

মশরী দং—২৫

২৫ আষাঢ়

দুখিরাম কলু নিজ দং—২

তলপীদারকে

বলরাম বাগ্দী—১

জমা রূপেয়া আমদানী জায় —
নারীচা রথিপুর হাট দং—১
ভায়া দীক্ষা দং—১
১ শ্রাবণ হরিমাতা
মঠ প্রতিষ্ঠা দক্ষিণা—২
প্রাণবল্লভপুর খুদিরাম
সরকার মঠ প্রতিষ্ঠা
দফে জলদান বিশয় ৮ পণ কড়ি
দুখিরাম কলু কড়ি—৴১০
ফেরতা এক টাকা—১।৵১০
৯ রোজ জ্যোত
রাঘব তৈলবট—১ সি
১৫ রোজ কৃপারাম ভাট
ভায়া গলা দড়া (?) উতসর্গ—১
১৭ রোজ মধ্য ভজামাতা
প্রণামী—১
৩১ রোজ ধারান্দ ভূমির
খাজনা—১
২৮ শ্রাবণ মধ্যান ১
১ ভাদ্র ফতেপুর তৈল ১
২ রোজ পলহানপুরে তৈ ॥০
৮ রোজ কায়থীর ঘটী
এবং দামুন্তার থালকি ১
কুবালী থাল এবং
গাত্যার ঘটী বি ১
৯ রোজ গলরজ্জু (?) তৈল ।০
১৮ রোজ শ্রীতিলক পাল
কন্তার বিবাহ শ্রীশ্রী ১
দফে বাঞ্ছারাম নন্দি ॥০

খরচ—
তোতারাম বসৌ কর্জ্জশোধ
গুং অবধূত—২
শিরোমনি দাদা—১
সার্থক ভঙ্গিত
নিজ খরচ ১
নিমাই পোদ্দার বস্ত্র খরিদ—১
২৭ রোজ দয়াময়ী
হাসুলী ছাড়ানী—৩
নবদ্বধ্ স্থানে—৪॥
সাঙ্গ´ মুখুজের
বী পণ দং—
দুলাল সাকারী
গাড়ু ছাড়ানি—৮৶
৭ শ্রাবণ রামকিশোর চক্রবর্ত্তী দং
ফেরতা কেবল বাগ্দী ১
২০ অবধূত ৪
রামসুন্দর বসু
খ দামুন্যা পাঠাই—
১৩ শ্রাবণ নিজ গ্রামের
খাজনা—১ সি
কলাই রাধু দে—১ সি
তস্য পুত্র
৯ রোজ নিজ গ্রামে খাজনা গুং নিজ
১ সি
গুং নকুড়্যা বাগ্দী
পলহানপুর তৈলবট ॥০
২১ রোজ মোহনপুরের ভূমির খাজনা
১ সি

জমা রূপেয়া আমদানী আয়—
কন্যা বার্ষিক—
১৭ রোজ শ্যামসুন্দরপুরের
ভূমির খাজনা ২
১৮ রোজ কৈয়ড় অধরচরণ
মিত্র খাজনা ১

খরচ—
দফে সার্থক ভাণ্ডত
নিজ খরচ—১ সি

৩৫৫। শ ১৯

৭ শ্রীশ্রীহরি :—

মহামহীম শ্রীযুত কেসবচন্দ্র দে ও শ্রীদুর্গাপ্রসাদ দে বরাবরেষু—

লিখিতং শ্রীকালিপ্রসাদ ভট্টাচায্য কস্য হাওলতি কর্জ্জ পত্র মিদং কায্যণঞ্চ আগে আমী আপনকাদ্দের খাজনার তহবিল হইতে সিকা ৩০৲ টাকা কর্জ্জ করিলাম এ টাকা নাং ২০ কাত্তিক দাখিল করিয়া দীব এতদার্থে নগদা টাকা পাইয়া হাওলাত খত পত্র লিখিয়া দিলাম ইতি— সন ১২৩৩ সাল তারিখ—১৯ আশ্বিন —

শ্রীকালীপ্রসাদ ভট্টাচার্য্য—
সাং সাতগাছিয়া—

ইসাদ—

শ্রীগোবর্দ্ধন চক্রবর্তি—
সাং সাতগাছিয়া—

শ্রীচণ্ডীচরণ কর—
সাং সাতগাছিয়া—

৩৫৬। শ ২০

শ্রীশ্রীহরি—

সন ১১৯৭ সাল—

মহাজন শ্রীযুত রামকীসে[া]র ভট্টাচাজ্জ্য
খাতক শ্রীরামচন্দ্র সর্ম্মা—
জমা—
সন ১১৯৬ সাল—
মাহ শ্রাবন—
ভাদ্রে— ১৷৷০
ইহার বেয়াজ—
মকরা যুদ— ৷৷০

২৲

শ্রীরামচন্দ্র সর্ম্মা—
সাং সাতগাছিয়া—

ইহার কাবার—

১৫ অগ্রাহয়ন— ১৲

২৫ পৌসে— ১৲

২৲

এই করারে টাকা দিব ইতি তারিখ ১৬ কার্ত্তিক—

শ্রীশ্রীকৃষ্ণ সরণং ।—

ইসাদ—

লিখিতং শ্রীদুর্গাপ্রসাদ দেবশর্ম্মণ এই করার মাফিক টাকা না দেন আমি দিব ইতি—

শ্রীপ্রাতাপনারায়ন নাগ—সাং কৃষ্ণপুর—

শ্রীস্যামষুন্দর বষু—সাং সাতগাছীয়া—

শ্রীরাধামোহন বষু—সাং নিজগ্রাম—

৩৫৭ । শ ২১

৭ শ্রীশ্রীহরি ।—

আজ্ঞাকারি শ্রীইস্বর চন্দ্র দেবসম্মনং—

প্রণামা নিবেদনঞ্চা আদৌ মহাসএর শ্রীচরণা আসির্ব্বাদে এ জনার সমস্থ মঙ্গল জানিবেন সে বাটীর এক প্রকার অকুসল যুনিআ পরম দুখানিত হইলাম শ্রীশ্রী৺সেচ্ছা তাহার সার্দ্দ নাহি নিবেদন জে জন্যে শ্রীমত্যা মাতুলানি ঠাকুরানিকে আনান গিআছিল তাহা আপনি না আসিলে কিছু হইতে পারে না কারণ এক্ষণে কহেন গ্রামস্থ লোকে জে ইহার কর্জ্জ ১॥ সও টাকা আছে তাহার হিস্যা অদ্দেক লইলে হিস্যা পাইবেন আপনি নবদ্দিপ হইতে জে ব্রবস্তা আনিআছিলেন জে চার হিস্যা মাতুলানি পাবেন ইহারা সে মত কহে না কহেন জে সং উছেষ্ট ধন কৃষ্ণকান্ত চক্রবর্ত্তির প্রাপ্ত হইবেক আপনি কহিআছিলেন জে মাতুলানিকে জর্দ্দপি ৬ মাস থাকিতে হয় তাহা থাকিবে তাহা হইতে পারিলে না কারণ কৃষ্ণকান্ত খাবার দেন না অতপর আপনকার আসিবার ওজর হইল কারণ আমীই এখানে আর তির্স্টিতে পারিনে আমাকে দফা দফা দাআজি চিঠি লেখিতেছেন আমী তরাএ জাইব—ইতি জ্ঞাত কারণ নিবেদন—তারিখ—১৪ অগ্রহায়ণ—নিসি—সন্তান— পুঃ—রাধাবল্লবের দিনেজপুর মোকামের জে দেবার কথা আছে তাহা আমী ডাকজোগে চিঠি পাঠাইলে আপনি সমীভ্যারে লইআ জাইবেন—

পরম পুজনিয় শ্রীযুত শ্রীনাথ গোস্বামী মর্দ্ধম দাদা মোহাসয় শ্রীচরণে— দেয়া পত্র

৭৪ ।—

(১১৬২-১২৮২ সন

৩৫৮ । বি ৪৫ ।

শ্রীদুর্গা—

শরণং—

পরমারাধ্যতম শ্রীমন্মদীশ্বর ভট্টাচার্য্য—

মহাসয় চরণ কমল পঙ্কেরুহেষু—

নিতান্তানুগ্রাহ্য সেবক শ্রীতারিণীচরণ শর্ম্মণঃ ॥

প্রণামাঃ পরার্দ্ধং নিবেদনঞ্চ বিশেষঃ শ্রীচরণধ্যান করতা

স্বশ্রেসবোধ প্রতিজ্ঞানা কারিকা শান্তি হইতেছে ঠাকুর যে বিষয়ের কারণ শ্রীযুত কমলাকান্ত চক্রবর্ত্তীর সহিত শ্রীযুত রামলোচন ভট্টাচার্য্যের বিরোধ আপনার আজ্ঞানুসারে ভট্টাচার্য্যেরা মন্নিকটে আসিয়াছেন অদ্য আমি অমাত্যগণ সমভিব্যাহারে নিষ্পত্তি নিমিত্তে বসিয়াছিলাম এক প্রকার নিষ্পন্ন হইয়াছিল যেমত ব্যাবস্থা ইহাতে ভট্টাচার্য্যাং অকিঞ্চিত অল্প স্বীকার করিতে হয় ভট্টাচার্য্য ইহা শুনিয়া কহিলেন অদ্য অদঃ কৃত্য চিন্তয়ামি পশ্চাত কহিব ভট্টাচার্য্যের প্রতি এখান-কার চিত্তমালিন্যতা অত্র তদ্বিষয়ে কোনরূপেই অন্যথা বুঝিতেছেন না এখানে সতকৃত্য করিয়াই রাখিয়াছি মধ্যে মধ্যে মঙ্গলাদি সংবাদে পরমাপ্যায়িত করিবেন আমার মনসি নিয়তান্বিত শ্রীচরণবাসনা সর্ব্বদা ভক্ত্যুদ্রেকানন্তর কাল জাপন করি আমারদিগের বাসনা সম্পূর্ণএ অনেক দুঃসাধ্য এখন কিঞ্চিত কটাখ্যানন্তর সুনয়নে মনোযোগ পূর্ব্বক দৃষ্টি হইলে কৃতকতার্থানন্তর শিবজ্ঞানোদ্রেক হইয়া চিরকাল পর্য্যন্ত সেবা…হইয়া আত্মশুদ্ধি বোধ হয় আর আর স…বচনে পশ্চাত আমার সুসময় জ্ঞান…সুভসূচকতা প্রকাশ হইলেই জ্ঞাত…র্দ্ধাদসদি…লিপিরেষা—

শ্রীসহি পত্রমিদংবে তদসেচনকংত্রিবেণী
ভট্টাচার্য্যাদশ নাত—

৩৫৯ । বি ৬২০ ক

(খণ্ডিত)

সাহেব বরাবরেষু—

দরখাস্তকারী শ্রীগঙ্গাগোবীন্দ তোওারি সাং বোলপুর পরগনে সেনভোম মত্তালকে জেলা বিরভোম গরিব পরওর সেলামত শ্রীস মযুকুরের পুর্ব্ব তরফ এ মধিনের

পৌত্রিক নাখরাজ একটী আম্ব বাগিচা আছে তাহাতে মযুদ অম্ব গাছ পাচ হাজার ও পগারে তাল গাছ পাচ সও মযুদ আছে তাহাতে এ য়ধিন বরাবর ভোগ দখল করিআ আশীতেছি করুনানিধান ইহাতে কেহু কখন মালের মোজাহেম হয় নাই ধর্ম্ম য়বতার ইহার— [১২৬৮ সাল]

৩৬০ । বি ৬৮৭

৭শ্রীশ্রীহরি—

সেবক শ্রীসদাসিব দেবসর্ম্মন প্রণামা নিবেদনঞ্চা মহাসয়ের চরন প্রসাদাত য়ে নফরের প্রানগতিক কুসল বিসেষ সেখানকার সমাচার অনেক দিবস না পাইয়া বড় ভাবিত আছিলাম শ্রীযুত হট সর্ম্মার লিখীত সমাচার জানিয়া কেবল জিবনমত হইলাম শ্রীশ্রীইশ্বর সকল করিতে পারেন মনিসের [সা]ধ্য কি য়েখানকার সমাচার পত্রে কতেক লিখিব বিলাতের [অ]প্রতুল বড় ৬০ সাট হাজারের পুনাতে ১০ হাজার নজরআনা নয়াছ বাকি ৭ সাত হাজার করিয়া সরয়া বন্দি করিয়া অত্যবধি আছেন সে বিসয় মহাসয়রা জ্ঞাতো হয়াছো পুর্ব্বে ৭ সাত হাজার না হলে য়াসর খালাস কদাচ না করিব তাহার কোনো জোত্র নাই ৬ ছয় হাজার নহিলে নিতান্ত রূপ খালাস না হইবেন মহাসয়কে ৫ পাচ হাজারের খত য়েকখানি মহাসয়কে পাঠাইয়া দিয়াছেন তাহাতে দুজনার নাম আছে ও মাঘ মাহ জেষ্টে করা গিয়াছে তিয় খালাস হইলে ১ য়েক রোজের মধ্যে বেবাক টাকা পইবেন মহাসয় জে বিসয় আজ্ঞাপত্র লিখিয়াছিলে মহাসয়ের ফরমাস পালেনয় য়ে কারন পাঠাই নতুবা সে বড় আক্রা ২৫ পাচিস হাজার ১৬ সোলো টাকা যেকাল য়েক চল্লিশ হইল মহাসয়েরদের সেখানে না মিলে য়ে কারণ শ্রীযুত সভারাম ভট্টাচায্য অনুসারে য়েবং মারফত জায় পাঠাই দৃষ্টি করিয়া জিনিস লইবা—

[শকাব্দা ১৬৮?]

শ্রীবিজয় দেবসর্ম্মন—
সাং—চোরদুনা—

৩৬১ । বি ৮৩৭

/৭ শ্রীশ্রীকৃষ্ণ ।—

৪৯২২ নং—

ফয়সলা আদালতে দেওানি জেলা জঙ্গলমহাল এজলাসের মেস্তর হনরি বেণ্ড সাহেব রেজষ্টর জেলা মজকুর সন ১৮১৯ সাল তারিখ—২৭ জোলাই—

ফেঃ রামতনু রায়—আং কৃষ্ণানন্দ অধিকারি ও রোহিনীনন্দন অধিকারি—

ফরিয়াদি মজকুর পুস্কন্নির পাহার মহদ্দপির মর্ন্দমা ৫৫ টাকার দাবিতে নালিষ করে এ মকর্দ্দমা সন হালের ৬ জোলাই তারিখে স্মরকার হইয়া মুলতবি ছিল অত্ত রোবকার কালিন ফরিয়াদীর উকিল গুরুপ্রসাদ মুখুয্যা আর আসামী কৃষ্ণানন্দের উকিল বলরাম দত্ত ও কমল ভট্টাচায্যা হাজীর হইলেন দোসরা আসামী সাবেক হইতে গরহাজীর মিছিলের সকল কাগজ দৃষ্টে আইন পরে রামকৃষ্ণ হাজরা আমীন হাজীর হইয়া আপন তহকি-কাতের কাগজ সকল হলফনামা যুরত হলফনামা যুরত দাখিল করিলেক আমীনের দৃষ্ট করিয়া উভএর উকিল আনকে জিজ্ঞাষা গেল জে আমীনেব কাগজাতে তোমাদ্দের মওকেলানদ্দের কোনই উত্তর আছে কিনা জাহের করিলেন আমাদিগ্যার মওকেলেরদ্দের কোনই উত্তর নাঞী পরে মিছিলের কাগজাত আরজী ১নং এত্যালামনামা ২ নং হুকুম-নামা ৩নং আসামী উকালতনামা ৪ নং আসামীর উকিলের মেহনতআনার রসিদ ৫নং জওাব ৬নং ফরিয়াদী খেত্তমোহনের উকালতনামা ৭নং ফরিয়াদীর উকিলের মেহনতআনার রসিদ ৮নং জওাবলাওায় ৯নং সন ১৮১৯ সালের ২২ মেএর রোবকারি ১০নং ফরিয়াদী রামতনু রাএর দরখাস্ত ১১নং ফরিয়াদী মজকুরের উকালতনাম ও মক্তারনামা ১২।১৩ নং সন ১৮১৯ সালের ১২ জুন তারিখের রোবকারি ১৪নং নাজীরের রেপর্ট ১৫নং হলফনামা ১৬নং আমিনের জামিনী ১৭নং সন ১২১৯ সালে ৬ জুলাই তারিখে রোবকারি ১৮ নং আমিনের দোষরা হলফনাম ১৯নং আমিনের দাখিল করা কাগজ ফিরিস্তী মতাবক ১৬ ফরদ্দ ২০নং এই সকল কাগজ দিষ্ট করা গেলো ফরিয়াদী আরজীতে লেখে জে রাধাকাণ্ডপুর গ্রামে আমার বসবাসের এক বাটী আছে ঐ বাটীর মধ্য এক পুস্কন্নি আছে সেই পুস্কন্নিতে আমার স্ত্রীলোক পরিজোন স্নান করেন ঐ বাটীর উত্তর তরফের দেওালের নিকট আসামীরদ্দের রেবতি নামে এক পুস্কন্নি আছে আসামীআন আমার বাটী ও পুস্কন্নি বেপরদা করিবার এরাদায় সন ১২২৫ সালের আখরি মাহ বৈসাখে ঐ রেবতি নামে পুস্কন্নির পঙ্ক উদ্ধার করিয়া পাহাড় উচা করিতেছিলেন আমার কারপরদাত লোক মজাহেম হওাতে যুনিলেন না এ কারণ আমার ঘরের কারপরদাত খেত্তমোহন বন্দোপাধ্যায় এক কেতা দরখাস্ত ঐ সকল বিসয় সরেওয়ায় লিখিয়া জজ সাহেবের হুজুরে গুজরাইয়াছিলেন তাহাতে দেওানি আদালতে নালিষ করিয়া এ জাবত হইয়াছে মুক্তার বন্দোপাধ্যায় মজকুর আমী বাটীতে না থাকায় আপন মোক্তারির এজহারে এই নালিষি আরজী পুস্কন্নি মজকুরার দক্ষীণ পাহাড মহদ্দপির কারণ দরপেষ করে তাহার পর ফরিয়াদী দরখাস্ত মায় মোক্তারনামা বন্দো-পাধ্যায় মজকুরার নামে আর উকালতনামা উকিল গুরুপ্রসাদ মুখোপাধ্যাএর নামে এই

নালিষ মনজুরের মজমুনে গুজরায় আসামী কৃষ্ণানন্দ অধিকারি আপন জওাবে লেখেন জে রেবতি পুস্কন্নি মজকুর আমরা পুরূশনুকেমে এজমালিতে ভোগ দখল করিয়া আসীতেছী পুস্কন্নি মজকুর পুরাট হইয়াছীল এ কারণ পুনুরায় খাদ করিবার যুরূ করিয়াছী ফরিয়াদী পুস্কন্নি মজকুরাকে খরিদ করিবার পয়লাম করিয়াছীল আমরা রাজি না হইবাতে আদাওতিক্রমে এই নালিষ করিয়াছে আর আসামী রোহনিনন্দন অধিকারি আমার ভাই এক অন্নে আছে তাহার জওাবদিহি আমার জিমবারি জওাবলাওার আরজী মতাবক বর্দ্দজওাব দাখিল নাই এই মকর্দ্দমা সন ১৮১৯ সালের ১২ জুন তারিখে রোবকার হইয়া রামকৃষ্ণ হাজরাকে আমীন এই হুকুমে তাইন করা গিয়াছীল জে আমীন সরেজমীতে পোহছীয়া উভএর সালিসানের মোকাবিলায় প্রথম ফরিয়াদীর বাটীর ও রেবতি পুস্কন্নি মজকুর কি আন্দাজ তফাত নক্সা করিয়া ফরিয়াদীর বাটীর দেওার আর পুস্কন্নি মজকুরার খাতাই জরিপ করিয়া আসামীর স্তানে দরিয়াপ্ত করে জে পুস্কন্নির পাহার কি আন্দাজ উচা করিবার বাসনা রাখে আর উভএর মানিত গ্রামের ভদ্র ভদ্র লোকের দ্রারায় দরিয়াপ্ত করে জে আসামীর জে আন্দাজ পুস্কন্নির পাহার উচা করিবার বাষনা আছে সেই আন্দাজ পাহাড় উচা হইলে ফরিয়াদীর বাটীর ভিতর ঐ পাহাড়ে হইতে নজর না হয় কি আন্দাজ ফরিয়াদীর বাটীর হেফাজতের কারন দেওাল উচা করা জরূর হইবেক আর এক্ষনে পুস্কন্নির পাহার জে আন্দাজ উচা হইয়াছে তাহাতে ফরিয়াদীর বাটীর ভিতর নজর হয় কি না জত্তপী পুস্কন্নির দক্ষিণ পাহাড় উচা না করিয়া আর আর সকল পাহাড়ে মাটী ফেলা জায় তবে তাহাতে পুস্কন্নির কিছু নকসান বোধ হয় কি না জদী দক্ষীন পাহাড় উচা করা জরূর বটে তবে কি আন্দাজ উচা করিলে পুস্কন্নির নকসান না হয় আর ফরিয়াদীর বাটীর দেওাল কি আন্দাজ উচা করা জরূর রাখে ইতি আমীনের রোয়দাদ ও নকসা জে উভএর কোনই উত্তর নাই দৃষ্টে জাহের হইল জে ফরিয়াদীর বাটীর উত্তর তরফের দেওাল হইতে পুস্কন্নি মজকুরার দক্ষিণ পাহাড় তিন হাত তফাত আর পুস্কন্নির পাহাড়ের উচার কৈফিয়ত এই দক্ষীণ পাহাড় ২॥ আড়াই হাত পুর্ব্ব পাহাড় ২।/০ তুই হাত পাচ ছটাক উত্তর পাহাড় ৩ তিন হাত পচ্চীম পাহাড় ২॥০ আড়াই হাত আর ফরিয়াদীর বাটীর দেওয়ালের উচার কফিয়ত এই জে উত্তর ও পুর্ব্ব ও দক্ষিণ তরফের দেওাল ৪॥ হাত পচ্চীম তরফের দেওাল ৮ হাত আর আসামী পুস্কন্নির পাহার তুই হাত উচা করিবার এরাদা রাখে আর উভএর সালিষ লোক জাহের করিয়াছেন জদী পুস্কন্নি মজকুরার দক্ষীণ পাহাড়ে মাটী না ফেলিয়া আর আর পাহাড়ে মাটী ফেলা জায় তবে পুস্কন্নি মজকুর দেখিবার অসসটব হয় এবং জেয়াদা খরচ হয় আর জদী পুস্কন্নি মজকুরার দক্ষীণ পাহাড় আর তুই হাত উচা করা জায় তবে পুস্কন্নির কোনই

নকসান হয় না আর ফরিয়াদী আপন বাটীর দেওাল আর ৩৷৷ হাত উচা করে তবে আসামীআন আর দুই হাত পাহাড় উচা করিলে ফরিয়াদীর বাটীর ভিতর ও বাটীর ভিতরের পুস্কন্নি রেবতি পুস্কন্নির পাহাড় হইতে নজর হইবেক না এই সকল প্রকারে মালুম হইল জে ফরিয়াদীর পচ্চীম তরফের দেওাল ৮ হাত উচা আছে আর তিন তরফের দেওাল ৪৷৷ হাত উচা এমতে ফরিয়াদীকে আপন বাটীব হেফাজতের কারণ তিন তরফের দেওাল আর ৩৷৷ হাত উচা করা উচিত বটে আসামীআন জে আপনদ্দের পুস্কন্নি খাদ করিয়া তাহার পাহাড় মনাসিব মতাবক তৈয়ার করিবেক ইহাতে ফরিয়াদীর বাটীর দেওাল উচা কমের নিম্মিত্তে মংকুব রাখা আদালতের ইনসাব হইতে দূর জত্তপী আসামীআন আপনাদ্দের পুস্কন্নির পাহাড় মনাসিব মতাবক জে আন্দাজ উচা আছে তাহার উপর আর দুই হাত উচা করে আর ফরিয়াদী আপন বাটীর পচ্চীম তরফের দেওালের আন্দাজ আর তিন তরফের দেওাল তৈয়ার করে ইহাতে উভএর রফাহিয়ত জ্ঞান হয় উপরের অজুহাত অনুসারে পুস্কন্নির পাহার সহদ্দরি জাহা ফরিয়াদী নালিষ পাহাড় মহকুব উচিত না জানিয়া হুকুম হইল জে এ মকৰ্দ্দমা ডিষমিষ করা জায় ফরিয়াদী আপন বাটীর তিন তরফের দেওাল আর ৩৷৷ হাত উচা করে আর আসামীআন পুস্কন্নি মজকুরার পাহাড় আর দুই হাতের জেয়াদা না হয় উচা করে আর জাহের হইল জে ফরিয়াদীর বাটীর দেওাল জে আন্দাজ তৈয়ার আছে আর আসামীআন জে আন্দাজ পুস্কন্নির পাহাড় উচা করিবার বাসনা রাখে তাহাতে ফরিয়াদীর বাটী বেপরদা হওা জ্ঞান হয় এ কারণ ফরিয়াদী পাহাড় মজুকুরের প্রথনার এই নালিষ দরপেষ করিয়াছে ইহাতে কাজিয়ার বুনিয়াদ বেচা নহে এ কারণ আমীন খরচা অদ্দাঅদ্দী উভএর জিমবায় বাকি খরচা উভএ খরচা আপন আপন জিমবা জানেন এই প্রকার মকৰ্দ্দমা ফয়সলা হইল ইতি—

খরচ—

তরফ—

ফরিয়াদী—

আরজীর কাগজ—	৪
উকালতনামা—	৷৷
দরখাস্ত—	৷৷
এখালনামা মেয়াদী	৶৴
হুকুমনামা—	৶৴
উকিলের মেহনতআনা—	২৶
আমীনের জামিনি—	১
আমীনের মেহনতআনা ও পেয়াদা—	
	১১৷৷৴

জিনবা উভয়—

তরফ আসামী—

উকালতনামার কাগজ—	৷৷০
উকিলের মেহনতআনা—	২৶০
ফয়সলা কাগজ—	২
	৫৷

আমীন খরচার জায় উভএর জিমবাতে এক টাকা জেয়াদা লেখা আছে বোধ হয় এক টাকা সইক্রমে জেয়াদা লিখিয়াছেন—

৩৬২। বি ৮৪৪

শ্রীশ্রীকৃষ্ণ।—

স্বহায়।—

আজীমাবাদ পরগনার চালুখলা সাকীনের শ্রীরামষুন্দর ঘোসের আরজ নিবেদন মুড় পরগনা কেসবপুর গ্রামের ১১৯২ সালের আমার জর খরিদা তিত্তুরাম সেনের দরুন মহুলুন রাজি···সত জমা জাই যুদ ৩৬৷৶ আর মানিরাম সরকারের দরুন সন ১২০১ সালের এওজিআ আদায়··· ··· ··· ··· ···
৩৴৪ জমি কাত জমা ১৯৬৮ টাকা ও বকুলতলা গ্রামে ১৫৴০ ··· কাত জমা ১৭৬৵১৮ টাকা ও শ্রীবল্লবপুর গ্রামে ১৴৩ জমি কাত জমা ২৷১০ জমা একুনে ৪৭৬৪ জমির কাত জমা ৭৬৬৵১৬ টাকা আছে আরিজ দাখিল হওয়ার পুর্ব্ব আগে সাবেক নামে মালগুজারি করিতে মহল ১২৯ আখিরিতে খারিজ দাখিল হইয়া দুই কেতা পাট্টা হাসিল করিয়া সন বরসন নিজ নামে মালগুজারি করিতেছি ও পেট্টায় প্রজা মারফতে জতাইয়া উপসর্ত্ত লইয়া ভোগ দখল করিয়া আসিতেছি সন ১২১৯ সালে আমার পেটা ও প্রজাগন ঐ তামাম জমি করেকিত করিয়া বিহনের তলা করিয়াছিল তাহাতে সন মযুকুরের ২০ আসাড় তারিখে মুড়াগাছা পরগনার গজা চণ্ডিপুর সাকিনের শ্রীরামষুন্দর লস্কর ও কমল লস্কর এই দুই জোন আর হালুয়া ক্রিসান প্রিভিতি আজ্ঞা···সি জোন লোক জমিআতে চড়াও হইয়া আসিয়া ঐ মানিকরাম সরকারের জামতা শ্রীনয়ানন্দ ঘোষের পাট্টা পাইয়াছি বলিয়া খোদ উকুম জবরদস্তিতে ঐ মানিকরামের মহুলুন দরুন ঐ কেসবপুর ও বকুলতলা বল্লভপুর এই তিন গ্রামে তামাম ৩০।২ জমি জোর দখল করিয়া ঐ তলায় হল ভাঙ্গিয়া ঐ সব জমিনে ধান্য রুপিয়া আমাকে বেদখল করিয়া দিয়াছে আমি শ্রীযুৎ হাকিমের দহাই দিয়া মোজাহেম হইয়াছিলাম তাহা আমলে আনে নাই খদাবন্দ মানিকরামের মহুল ঐ জমি সন ১২০১ সালে আমি এওজি আদায় পাইয়া নাগাদ সন ১২১৮ সাল ক্রিমিক আঠার বচ্চর ভোগ দখল করিয়াছি ও এহার পরে সন ১২১৯ সালে নাগাইদ ২৬ আসাড় আমার দখল কাবেজ ছিল এতো কালের আমার ভোগ দখল জমি আইন আদালতের বেহুকুম খোদ উকুম জারিতে বেদখল করিয়াছে আমার ঐ ৩০।২ জমি দখল পাইবার কারন এহার এক সনি উৎপন্ন জমা ৮৬।৶ টাকার তায়দাদে সন

১৭৯৩ সালের উনপঞ্চাষ আইনের বিলের ধারা মতে নালিস করিতেছি শ্রীযুৎ সাহেব মালিক আসামি রামষুন্দর লস্কর ও কমল লস্করকে তলব করিয়া আমার দখল বেদখলের সাবুদ লইয়া আমার জমি আমাকে দখল দিতে হুকুম হয় সন ১২১৯ সাল—তাং ১৫ ভাদ্র—

৩৬৩ । বি ৮৪৬

শ্রীশ্রীরাম

সন ১২৩৬ সাল—

পরম ষুভাসিব্বাদ বিজ্ঞ্যাপঞ্চ বিসেষ ঃ—

মৎশ্চের কথা কহিয়া পাঠাইয়াছিলেন অনেক চেষ্টায় পাওয়া গেলো তাহাও পাঠাই লইবেন ঃ পরে ধনা মণ্ডলের সপ্তম কাননের পেয়দা গিরিধর সিদিগরের নামে এতলা আসিয়াছে ষুনিলাম আসামী রূপস বলিয়া দাখিল করিবেক জগন্নাথ দলই তোমার ওখেনে জাইতেছে এহার ওকিব হইয়া জা বিবোচনা হয় করিবেন—

শ্রীশ্রীরাম—

পরম ষুভাসী বিজ্ঞ্যাপনঞ্চাদো বিসেষ শ্রীভবন ধৃবিকে পাঠাই মৎস্য রূহিত ১ একটা তুপীস্য মৎস্য সাত গণ্ডা পাঠাই লইবেণ দরবারের সত্বত্তর লিখীবা বাকী জবানি ষুনিবেণ ইতি—২ আসাড় বুধবার

শ্রীচরণে নিবেদন মহাসএর পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম মশ্চ পঙছিল এখানকার সমাচার বদন ঘোসের মকদ্দমায় একরারে বাজাওয়া দুইটা গুজারিয়াছে আর মহাসয় লিখিয়াছেন শ্রীজগর্ন্নাথ দলইএর মকর্দ্দমার বিসয় এখানে কী প্রকার হইবেক এক মাস দুই মাস বাদ দরখাস্থ ষুনে আমি দুই এক রোজের মদ্ধে জাইব জাহা কর্ত্তর্ব্ব হয় তাহা করা জাইবেক আকিরের মকর্দ্দমা দুই এক রোজের মর্দ্ধে হইবেক জ্ঞাতো কারণ শ্রীচরণে নিবেদন করিলাম ইতি তাং—৪ আসাড়—

কল্যানিয় শ্রীযুত গঙ্গাবিষ্ণু ঘোষ কল্যাণবরেষু—

৩৬৪। বি ৮৫৯

শ্রীশ্রীদুর্গা—

কল্যানিয় শ্রীযুৎ রামপ্রসাদ মিত্তা কল্যানবরেস্থ—

রোকা—

কল্য শ্রীযুৎ ন্যায়পঞ্চাননের পুত্র শ্রীযুৎ রামধন চোট্টোপাধায় এখানে য়াসিয়া কহিয়াছিলেন শ্রীযুৎ রামজয় চট্টোপাধ্যার সহিত য়ামার্দের য়াপসে নির্পত্তি হইয়াছে য়তএব তাহার মারফত তোমাকে এক রোকা লিখিয়াছি তাহার পর শ্রীযুৎ রামজয় চট্টোপাধ্যা এখানে য়াসিয়া কহিলেন মিমাংসা হয় নাই য়তএব সিরিসার বরন বিদায়া দক্ষিনা ও দান য়ার খারুসার ইহাঁদের জে পাপতি এ সকল কোরোক করিয়া এখানকে পাঠাইবে উভয়কে সক্ষ্যাতে খেয়ানায়্যা নিস্পর্তি করিয়া দেয়া জাইবেক সেখানে এ সকল সামিগ্রি কাহাকেও ছাড়িয়া দিবে নাই এহার মর্দ্ধে জর্দপি কেহো কোন দানাদি ও নগদ কিছ লইয়া থাকেন তাহার সমাচার লিখিবেন শোতো করিলাম ইতি—তাং— ২৭ পোইষ—রবিবার—

রোকায়—জানিবে সেখানে বিরোধের জন্যে দুই জায়গার সামগ্রী এখাণে পাঠাইবে আর এইখাণে দুই জনের জে পাওনা মিমাংসা করিয়া দি[য়াছে]ন

কৃষ্ণপ্রসাদ—

৩৬৫। বি ৯১২

শ্রীকৃষ্ণঃ—

শুভানুধ্যায়ি শ্রীহরিনারায়ণ সর্ম্মণঃ।—

পরম শুভাশী বিজ্ঞাপনঞ্চ বিশেষঃ তোমার মহোন্নতি নিয়ত শ্রীশ্রী৺প্রার্থনা করি তাহাতে অত্র মঙ্গল পরং সাক্ষাতেই সকল কহিয়াছি শ্রীযুত ৺ বিদ্যাভূষন ভট্টাচার্য্য ভায়া এখানে আসিয়াছিলেন রাজীনামা সাকিনামা করিয়া মকর্দ্দমা ফয়ষা করিয়া দিলাম তোমারা দুই ভাই আর বিরোদ করিবেন না দুই ভাই পরামর্ষ্য করিয়া কর্ম্ম কার্য্য করিবেন ইহাতে অন্য মত কেহ করে তাহার মাটী হইবেক করারদাদ হইল এ সমাচার আমারে লিখিবেন॥ বিত্তির সনন্দ অনেকে দাখিল করিতেছে তুমি সনন্দ পত্র লইয়া বর্দ্ধমান আসিবেন এখন না করিলে পশ্চাত খরচ বিস্তর হবেক গৌন করিবেন না সম্প্রতি খরচ কিছু লাগিবেক ইহাতে ঔদাস্য করিবে না ইতি—১৯ শ্রাবণ—

পুঃ নেউগী আমার আট তঙ্কা তোমাকে দিয়াছেন তাহা আমি পাই নাই পাঠাইয়া দিবেন না পাইয়া থাকেন তলপ করিয়া লইবেন ইতি—

প্রাণাধিক শ্রীযুত শ্যামাচরণ বিদ্যালঙ্কার ভট্টাচার্য্য ভায়া—

৩৬৬। বি ৯২৯

৭ শ্রীহরিঃ।—

সেবকানুসেবক শ্রীচৈতন্যপ্রসাদ দাস মিত্রষ্য প্রনামা বহবো নিবেদনঞ্চঃ আগে মহাসয়ের শ্রীচরণ শুভানুধ্যান করনই এ নফরের প্রাণগতিক মঙ্গল বিশেষঃ শ্রীকালিচরণ কলু মারফতে আজ্ঞা পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম এখানকার সমাচার সামইক কুষল পরে শ্রীদুখিরাম কলুর সনন্দের বিশয় মিছিল মোহর হয় নাই কিছু কাল গোল আছে সংপ্রতিক বিলাবন্দীর গোলমাল জাইতেছে এহাতেই কোন কাজ হইয়া উঠে নাই এহ ৺বাটীর উঠানাদার কলু এহার বিশয় ক্রৃতসাধ্য পনে কষুর করিব এমত নহে জাহাতে ভাল হয় করিয়া দিব সনন্দ মোহর হইলে আমি সংবাদ পাঠাইব তবে কলুকে পাঠাইবেন মহাশয়ের ফরমাইষ পশ্চাত পাঠাইব খরচ জে পাঠাইয়াছিলেন পোহুছিল এহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি তাং—২৪ জৈষ্ট—[১১৯৪ সাল]

শ্রীরামস্য—

সরণং

সন ৯৪

বাকচনি ভুনি ৭ কাত ১৸৴

বড় ভুনি ১ এ কাত ॥৴

ছোট ধুতি ৬ কাত ॥৴

বড় ধুতি ২ কাত ॥০

কাচা ৭ কাত ১

৪॥৴

ও ৪ কাত্তিক—১

[১খ শ্রীরাম ঃ—

সারনাম—

১২ আশ্বিন রূপেয়া আমদানী—
দয়ারাম বসুজা মাতা শ্রাদ্ধ বি ১
১৩ রোজ বেলডা ব্রহ্মত্ত ভূমির
খাজনা গুং হরি পাটক—১
ধারান্দ খাজনা ব্রহ্মত্ত ভূমি ১
এবং মাথুটী গুং কৃষ্ণ মণ্ডল ১

খরচ বর্ন্নক সজ্য বাবদ ১৫
১২ আশ্বিন পাঁটা ২ কাত
খরিদ গুং কৃষ্ণ মণ্ডল ১ সি

৩৬৭। বি ১০৩৬

শ্রীদুর্গা—

শরণং—

ভৃত্যঃ শ্রীরামচাঁদ দেবশর্ম্মণঃ প্রণত্যা নিবেদন মিদং তত্রত্য ভব্যে নৈরাত্রত্য ভব্য··· বিশেষন্বেষঃ আমি মহাসয়কে দুই তিন বার সমাচার লিখিয়া পাঠাইছি অনুভব করি পান নাই অতএব আমারদিগের পার্থিকের কারণ এ বাটীর ভায়াচারি বিরোধ উপস্থিত হইয়াছে ইহাতে আমারা অতি বিব্রত কোন প্রকারে সুস্থির নই অতএব এই লোক্কে মহাসয়ের নিকট পাঠাইতেছি মহাসএর কন্যাকে দেবীপুরের বাটীতে লইয়া যাইবেন মহাসয় দুই পাঁচ দিবসের মধ্যে ভাল দিবস স্থির করিয়া এই লোকের সহিত অবশ্য অবশ্য সমাচার পাঠাইবেন পশ্চাত ডুলি ও বেহারা সমিভ্যাহার করিয়া আপুনি আসিবেন ইহাতে অন্যথা না হয় ইতি তাং—১১ বৈশাখ [সন ১২২৭ সাল]

পরম পূজনীয় শ্রীযুত রামমোহন চট্টোপাধ্যায়—

মহাসয় চরণকমলেষু—

৩৬৮। বি ১০৩৯

শ্রীশ্রীহরি।—

৫৩ নং—

জেলা হুগলী চৌকী আমতার মণসফী বিচারালয়—

বিতারিখ ২৬ সে জানুআরি ১৮।৭৫।

বাদী—

মৃত রামমোহন মাইতির পুত্র শ্রীঠাকুরদাষ মাইতি জাতি কৈবর্ত্ত্য পেসা চাষ সাং বলাইচক—পং ভুরসীট্ট চৌকী আমতা—

প্রতীবাদী—

১নং হীরাচাঁদ পোড়েল—পীতার নাম অজ্ঞাত—

২নং গোসাঁই সাঁনা—পীতা ৺রামজয় সাঁনা—

৩নং উদয় ঘোড়োই—পীতা ৺বেচারাম ঘোড়োই—

৪নং উমাচরণ সামন্ত—পীতা ৺মধুযুদন সামন্ত—

৫নং কৈলাস সামন্ত—পীতা শ্রীবলাই সামন্ত—

৬নং গোলাম গোলুই—পীতা শ্রীমহন গোলুই—

৭নং লফর সামন্ত—পীতা ৺কমল সামন্ত—

জাতী কৈবর্ত্ত্য পেসা চাস—সাং গৌরাঙ্গচক মোকাবিলার প্রতিবাদী ৮নং কৃষ্ণচরণ ভুঞা ৯নং মধুযুদন ভুঞা জাতি কৈবর্ত্ত্য পেসা তালুকদারি মোঃ বলাইচকের মালের কাচারি পং ভুরসীট্ট সর্ব্ব সাকিম চৌকী আমতা—

দাবি—

তপস্বীলের লিখীত জমাই জমীর উপরীর সহীত তছরূপী ধান্য ও বিচালীর মূল্য ১০৯ টাকা পাইবার লালীস—

লালীসের হেতৃ যথা ৮।৯নং মোকাবিলার প্রতীবাদিগনের দরপত্তনি তালুক ভূর-সীট্ট পঃ লাট মালঞ্চার অন্তঃগত নিজ কুণ্ডু নামক চাকর মাল মতালকে তপসীলের লিখীত ২বন্ধে ১১৴ বিঘা জমী উহাদিগ্যের নিকট ১২৮১ সালের ১৭ বৈসাখ তারিখে এক সন মিআদে কবুলতি দীআ ভাগজোতি পাট্টা লইআ বর্ত্ত্যমান সনের নিজ জোতে আবাদ [করায়] প্রচুর ধান্য প্রস্তুত হইআছিল। ১নং ৭নং প্রতীবাদীগন গ্রামের অপরাপর কতিপয় প্রজাগনকে বাধ্য করিআ নিজ কুণ্ডু চকের বাঁদ খরচা না দিবার মালিক জমিনের বিরূদ্ধে দলবর্দ্ধ হইআ ধর্ম্মঘট করত মূল প্রতিবাদিগন আমাকে ঐ ধম্মঘটে লিপ্ত হইতে বলে আমী তাহাতে অসম্মত হওয়ায় ১নং ৭নং প্রতীবাদীগন ঐ আক্রসে আমার অনিষ্ঠ করিবার অভিপ্রায়ে গত পোউষ মাষে তাহারা স্বয়ং ও অপরাপর ২৫।৩০ জনা লোকে দ্বারায় আমার আবাদী উপজুক্ত ভূমীর গাচধান্য বলপুর্ব্বক অন্যায় মতে কাটীআ লইআছে অতএব ১নং ৭নং প্রতিবাদীগনের নিকট নিম্নলিখীত হিসাব মতে তছরূপি ধান্য ও বিচালীর মূল্য ১০৯ টাকা পাইবার প্রার্থনায় পাট্টা সম্বলীত নালীস করিতেছি নালীসের হেতু গত পোউষ মাষ হইতে হইআছে ইতি— ॥

বিশেষত—

তপস্বীল ভূরসীট্ট পঃ মালাঞ্চর অন্তর্গত নিজ কুণ্ড চকে জমী ১ বন্দ সালী ৮৴০ বিঘা—পুর্ব্ব ভাগবৎ ঘোড়োইয়ের জোৎ জমী উত্তর মতী সীএর জমাই জমী পশ্চীম বাঁদ

দক্ষিণ ছাঁদ—ঐ চকে ১ বন্দ সালী ৩/ বিঘা—পূর্ব্ব রাজু মাঝীর জমী দক্ষিণ চাকরান পশ্চীম মালের জমী উত্তর লালচাঁদ দোলুএর জমাই জমী—

আসামী—	জমী—	উৎপর্ন্ন—	উৎপর্ন্ন	দর—	[বাজার]
	।—	বিচালি—	ধান্য—	।—	মুল্য—
১ বন্দ সালী—	৮ /০	৪ কাহন—	৮৵সলী—		
১ বন্দ সালী—	৩ /০	২ কাহন—	।৵ সলী—		
		৬	১॥	৫৲ হি	১০০৲

ফি সলী—

খড় ফী কাঁহন ১॥ টাকার হিঃ ৯৲

১০৯৲

সত্ত্য পাঠ আছে—দিন ধার্জ্য ২৩ ফ্রেবরারি—

৩৬৯। বি ১০৫২

শ্রীকৃষ্ণ—

সহায়—

সন ১৮২৮

পারসী— ৬৩২নং নকল

১১ নং ম—এত্তেলানামা আদালতে দেওানি জেলা বিরভূম মতালকে কাছারি মৌলুবি সদর আনিলাম ফৈরিআদি এই জে—

ফরিআদি—	আসামী—
গিরিধর নাএক—	মদনমোহন দাষ দীং—
সাকীম যুগসরা—	সাকীম সলফা—
থানা লাবপুর—	

ডিগিরি বাবত মায় খরচা—৫২।৵৫ টাকা তোমার দরখাস্ত মতে এই টাকা আদায় কারন নাজিরের নামে এক কীত্তা হুকুমনামা জারি হইয়াছিল তাহাতে সন ১৮২৮ সালের ২২ নম্বর তারিখে নাজিরের কৈফিয়তে মালুম হইল জে তুমি পরয়ানার পিয়াদার রোজ দিয়া পরওানা জারি করহ নাই এ কারন ওই পরআনার গরজারিতে আসিয়া মিছিল সামীল হইয়াছে একারন ১৫ রোজ মেয়াদে এত্তেলা দেওা জাইতেছে কচিত জে মেআদ মর্দ্ধে খোদ কীম্বা উকীলের দারায় এই মকুর্দ্ধমায় হাজীর হইয়া আপন

মকর্দ্দমার তদবির করহ নতুবা মেয়াদগত মোকর্দ্দমার পক্ষে মোনাসিব হুকুম সাদর হইবেক।—ইতি সন ১৮২৯ সাল তাং—ফেবরেওরি ম সন ১২৩৫ সাল তারিখ—১১ ফালুগুন—

[১খ পারসি—

নয় রোজ পায় সি—

১৶০ আঠারো আনা—

দোড়—১৭৮ নং—

পারসী—

২৪ ফেবরো—

৩৭০ক। বি ১১২৯ ক

শ্রীহরি

বিশেষঃ। মহা[শ]হের ডিগরির হুকুম হইয়াছে এরূপ বৃত্তান্ত জ্ঞাতা হইয়া একান্তাহ্লাদিত হইলাম তদ্বিষয়ে লভ্য যে হইল তাহা হস্তস্থও ত্বরা হইবেক তৎকারণ আসীর্ব্বাদ প্রবর্ত্ত হইলাম এবং অন্য ও সংপ্রতি যদযদ্বিষয়ের প্রতুল চেত্তার্থে প্রাণাধিক প্রিয়তম বাজপেয়ি শ্রীযুত উমেশচন্দ্র রায় মহোদয়ে বস্তুভাব স্থিতি আছে তত্তদ্বিষয়েরও প্রতুল ত্বরা হইবেক তদর্থেও আসীর্ব্বাদ করিতেছি মধ্যে মধ্যে মঙ্গলান্বিত বার্ত্তা লিখিয়া পরম প্রীত করিবেণ প্রাণাধিক প্রিয়তম বাজপেয়ি শ্রীযুত উমেশচন্দ্র রায় মহোদয়ের অবস্থিতি সংপ্রতি কলিকাতায় আছে সেস্থলেও প্রতিপত্তি বৃদ্ধিপূর্ব্বক চেষ্টিত সমগ্র বিষয়রই প্রতুল। সে স্থলেও ভবদীয় বিসেষ প্রতিপত্তি বৃদ্ধিপূর্ব্বক সমগ্র স্বীয়াভিলাস সিদ্ধি হইবেক এতদর্থে আসীর্ব্বাদ করিতেছি—

৩৭১। বি ১২২২

শ্রীদুর্গা—

সরণং—

শ্রীমন্মদীশ্বর পূজ্যতম—

চরণসরসীরুহরাজেষু—

সেবক বাজপেয়ি রাজ শ্রীশম্ভুচন্দ্র শর্ম্মণঃ—

প্রণামাঃ পরার্দ্ধং নিবেদনঞ্চ বিশেষঃ শ্রীচরণ ধ্যানাদেবসেবকৈহিক পারত্রিক নিস্তারঃ—উনিশা বৈশাখের আজ্ঞাপত্র ডাকে কৃষ্ণনগরে উকিলের নিকট পঁহুচিয়াছিল।

উকিলে তাহা পাঠাইলে আঠারই জ্যৈষ্ঠে পাইয়া সিরোবন্দনায় লইয়া সংবাদ জানিলাম। চৌদ্দই ও আঠারই বৈশাখে ৺কৃপায় নির্ব্বিঘ্নে ঠাকুরেরা ৺কাশীতে পঁহুছিয়াছেন। ইহাতে নিরুদ্বেগ হইলাম। বাটীর যে দুই পত্র পাঠাইয়াছিলেন। বহিরগাছিতে তাহা পাঠান গিয়াছে। শ্রীযুত চতুর্থ প্রাণাধিক তেরাই চৈত্রে ৺কাশী হইতে নৌযোগে রাহী হইয়া শ্রীচরণাশীর্ব্বাদে নির্ব্বিঘ্নে পহিলা বৈশাখে হরধামের রাজধানিতে পঁহুছিয়াছেন মশাহেরার দফায় রায় সদর আপিলের দরখাস্ত দিয়া আপন চাকর দেবীয়া বসু প্রভৃতির জামিনি নাজেরকে অধিকরা প্রয়োগে মঞ্জুর করাইলে জামিনিতে রেজষ্টরি হইয়াছিল। পরে বাইশা বৈশাখে কোঠ আপিলের সাহেবান আদালতে বসিলে এখানকার তরফ বাদিওহাদি উকিল কহিলা বিনামি জমিদার আপন তরফ ক্ষুদ্র চাকর দৌলত মাত্র নাহি। ইহারদিগের জামিন মঞ্জুর হয় না। তাহাতে প্রধান বখস্তাদি সাহেব কহিলেন। জমিদারি যে আছে কম্পনিতে তাহার মাল-গুজারি লন। সে দৌলত নহে। ইহা কহিয়া ৺ইচ্ছায় জামিন না মঞ্জুর করিয়াছেন কোঠ আপিলের ডিগরি সমেত জেলায় দরখাস্ত দিয়া টাকা লওনের বিহিত চেষ্টা হইতেছে। কিন্তু এ জজের পরি[বর্ত্তে] শ্রীযুত মেসী সাহেব জজ হইয়াছেন। তিনি না পঁহুছিলে হওয়া কঠিন। মিয়াদ মধ্যে রায়ের সদর আপিল করণে এখানকার জামিন দিয়া টাকা লইতে হবেক। মশাহেরা না পাওনে যেমত অপ্রতুল তাহা বিদিত আছে। প্রেরিত চৌরাশী টাকা হুণ্ডীওয়ালারা দেয় নাহি। এ কারণ শ্রীযুত শম্ভুনাথ মুখর্য্যাকে পত্র লিখিয়া মহাজনের চিটী সমেত ডাকে পাঠান গেল। হুণ্ডীর টাকার মধ্যে ঠাকুরের জন্যে দক্ষিণার দশ এবং শ্রীশ্রী৺লিঙ্গদ্বয়ের পশ্চিমের ঝাঁপের খরচ দুই। একুনে বার টাকা বাদে বাহাত্তরি টাকা প্রাণাধিকের মুক্তা বন্ধকের কর্জ এক শও দশ মধ্যে শোধ দিতে মুখর্য্যাকে লিখিলাম। দক্ষিণার দশ টাকা লইতে আজ্ঞা হবেক। ৺গৃহের পশ্চিমের দেও-আর দেওন জন্যে বিশ পঁচিশ ব্যয় যে আজ্ঞা আসিয়াছে। তাহা সুসারক্রমে হবেক। ৺পূজার দফায় ছয় মাসের ছয় টাকা প্রাণাধিক দিয়া আসিয়াছেন। আর যে হয় ভাদ্র মধ্যে পাঠান কল্প শ্রীযুত প্রাণাধিকেরদিগের এখন কিছু পাঠাবার সঙ্গতি হয় না। শ্রাবণ ভাদ্র তক ঠাকুরের আইসন কল্প। আইলে ঋণ শোধের দফায় বিহিত করিবেন। ৺গায়ত্রীর প্রণব ত্রয়ের বিষয় গায়ত্রী তন্ত্রে স্ফুট লিখিত। তাহা সুগোচর আছে। তথাচ বচন লিখিয়া পাঠাই। নানাদেশীয় পণ্ডিতেরদিগের সঙ্গে বিবেচনায় বিহিতাজ্ঞা আইসে বহিরগাছির বাটীর এবং এ বাটির সকলে ভাল আছেন। এখন বড় অসুসার। প্রেষিত চৌরাশী টাকার মধ্যে দক্ষিণার্থ দশ মুদ্রা শাদি মুখর্য্যা ঠাকুরকে দিলে তাহার রসীদ দিতে আজ্ঞা হবেক। সম্প্রতি টাকা দুইতে শ্রীশ্রী৺গেহের পশ্চিম দিগাবরণার্থ

ঝাঁপ দিতে এবং বক্রীতে মুক্তা বন্ধকের কর্জ মধ্যে শোধ দিতে শাদি মুখর্য্যাকে লিখিলাম। বক্রী দিয়া মুক্তা খালাস এবং আর আর ঋণ শোধ পশ্চাৎ দেয়া যাবেক সম্প্রতি কর্জে সেখানকার নির্বাহ করিয়া এখানে ঠাকুরের শুভাগমন হইলে মাসিক লাভোত্তর শোধের দফায় বিহিত হবেক। পরে মোদক এবং শ্রীমতী ৺ঠাকুরানীর ধারণৌষধ সমেত চাদি রায়কে বহিরগাছিতে চারি পাঁচ দিন মধ্যে পাঠান কল্প। শ্রীচরণাশীর্ব্বাদে বাটীর সকলে ভাল আছেন।

জ্যৈষ্ঠষদ্বিংশতিতম দিনীয়া শ্রীচরণে নিবেদন লিপিরিয়ং—

৩৭২। বি ১৩২১

৭ শ্রীশ্রীহরি—

দরখাস্ত—

শ্রীকুড়ানি বেয়াঁ নিবেদন আমার ঠাকুঝি লালমুনি বেয়াঁ আশামি গনেষচন্দ্র নাএক প্রভিতি বনামে ইদ পুস্কনি ও য়াদিরা পুস্কনি ইত্তাদি দাবিতে দখল প্রপথনায় ৪ কাঁনুনের মোতাবক জে নালিষ করিয়াঁছে এ য়তি য়ন্যায় আদৌ ঐ পুস্কনি হার বাদীনি কথুনু উত্ত্ররাধিকারিএ দখিলকার কথুনু নহে এই সকল বস্ত আমার স্যামি ৺ত্রিলক মণ্ডলের তিহো ফৌত করিলের পরে আমী ও আমার সাষুরি [বগলা] মুনি আমারা দুই জনে উত্ত্ররাধিকারি ও তাবৎ বিসএ দখিলকার থাকীয়াঁ সামী মহাসয়ের কজ্জার দেনা সো[ধ] কারণ উপর উক্ত দুইটী পুস্কনি ৯৫ পাচানব্বই টাকা পোন লইঞা পিতিবাসী গনেষচন্দ্র নাএকর নিকট সন ১২৪৬ সালে বিকীরি করিয়াছি এখন বাদীনি কোন্থ বদলোকের সলাতে আমার হক না হবার মালুসে এই মিথা নালিষ করিঞাছে এতএব হুযুর জানান কারণ দরখাস্ত করিতেছি মিছিল স্যামীল করিঞা বিচার আজ্ঞা হয় ইতী সন ১২৫৪ সাল তারিখ—২১ শ্রাবন

শ্রী লালমুনি বেয়াঁ—
সাং ভৈতাল্লা—

[১খ লিখিতং শ্রীনীতাই মণ্ডল—আমী এই দরখাস্ত দেহান্দার খোদ বটে চিনি ও জানি ইতী সন ১২৫৪ সাল তারিখ—২২ শ্রাবণ—

৩৭৩। বি ১৬২৪

শ্রীশ্রীকৃষ্ণ।—

শ্রীকৃষ্ণমোহন মুখোপাধ্যায় শুচরিতেষু লিখনং কায্যঞ্চাগে পং হাবেলি মোজে রানিহাটী গ্রামের শ্রীতারাচাদ সরকার এখানে জাহির করিলেক ঐাহাকে খানখা

করিয়া রাধাকৃষ্ণ গ্রামের শ্রীরাজকীশোর সরকার খানকা করিয়া মারপীট করিয়াছ বিশষ্ট লোকের অপমান করা কোনমতে ভালো হহে অতএব সরকার মজকুরকে রাজী করিয়া এখানে খাড়াখাড়া রাজীনামা পাটাও ইহাতে অন্যমত না হয়—
[সন ১২১৪]

৩৭৪। বি ২১৭৭ ক

৭ঁ শ্রীগোপাল জয়তাং

শন ১০৭৩ সাল

শ্রীরাধাকান্ত মুখুর্জ্যা সঙ্গে ঝকড়া করিবার জন্যে শ্রীসর্ব্বেশ্বর মুখুর্জ্যার দরবার করিবেন তাহার কারন শ্রীকুঞ্জু ভট্টাচাজিকে দং পিট এক ১ টং দসো ১০ শ্রাবনে

ভাদ্রে ১৪ চৌদ্দ রোজে—
শ্রীসর্ব্বেশ্বর মুখুর্জ্যাকে দং
নগদ পাচ তঙ্কা— ৫
এক জোড় বালার কাত—
রূপা সাড়ে সাত তঙ্কা— ৭॥
পলাসডাঙ্গা শ্রীমত্যা
মা গোস্বামিকে দং শ্রীসর্ব্বেশ্বর
মুখর্জ্যার মারফত দুই তঙ্কা— ২
সন ১০৭২ সালে মাহ অগ্রায়নে—
শ্রীসর্ব্বেশ্বর মুখুর্জ্যাকে দং
কলিকাতার কাগজ এক ১ টং
সন ১০৭৩ সালে মাহ অগ্রায়নে
শ্রীসর্ব্বেশ্বর মুখুর্জ্যাকে দং—
কলিকাতার খুর এক টং— ১
সন ১০৭৪ সালে—
মাহ পৌষে
কলিকাতার নারাঁজি পটু
শ্রীসর্ব্বেশ্বর মুখুর্জ্যাকে দং এক—
নগদ খরীদ পাচ টং— ৫।০

এবং ২২৮

৩৭৫। বি ২১৭৭ ঘ

৭ শ্রীগোপাল জয়তাং

(ক)
পৈত্রিক শ্রীশ্রীসেবা ও সেবক
ও বিত্তি র্জন্যে বিরোধ ও
শ্রীরাধাকান্ত মুখুর্জ্যাদিগর
সঙ্গে ইহা র্জন্যে খরচ জায়—
সন ১০৬১ সালের ৫ ফাল্গুনে
শ্রীজসোদানন্দন গোস্বামির
সেবার খরচ তিন— ৩

(গ)
গোপিরায় ব্রাহ্মণ আবিন্দা— ১
সন ১০৬৩ সাল পুড়া—
কোন্দা মোকাম খরচ—
নগদ দুই তঙ্কা— ২
গিরিধর দাস ব্রজবাসিকে দং— ২
কুঞ্জ ভট্টাচার্জ্যিকে দং— ১

এবং ৪১

(খ)

বিদায় চারি— ৪

শ্রীকৃষ্ণ ফৌজদারে—

দং এক তংঙ্কা— ১

বিষ্ণুপুরের দরবার খরচ

শ্রীরাধাকান্ত দেঘর্য়্যার মারফৎ

কমল ছত্রপতিকে

দং দশ তংকা— ১০

২২ ফাল্গুনে বৈষ্ণবদাস

পাত্রকে দং দুই তঙ্কা— ২

বৈকুণ্ঠরাম নামহাতাকে

দং তিন— ৩

ওমাকার টিপ করণ— ১

রাহ্ন ঠাকুরানির মার্ফৎ

ইস্বরি মাম্বাকে দং চারি— ৪

পট্টমহিসিকে দং দুই— ২

নরহরি ফৌজদারকে দং— ১

রাহ্ন ঠাকুরানিকে দং দুই— ২

সন ১০৬২ সাল বৈষাখে

পলাষডাঙ্গার গোস্বামিনিকে

দং গোকুল বন্দিঘটির মাফৎ

দুই তঙ্কা— ২

(ঙ)

ঘরঘর লুটি করিঞা

পরিজন লোকের গহনা

পত্র শ্রীমত্যা তুলসীরাম

পাজার সত রাখিঞাছিলেন

তাহার ছাড়ানি তুলসীরাম

পাজাকে দং চৌদ্দ আনা—

(ঘ)

জের— ৪১

রামকৃষ্ণ চাটুর্জ্যাকে দং

হিরাবলির কাৎ— ১॥

৪ অগ্রায়ন

শ্রীকুঞ্জবেহারি গোস্বামিকে

দণ্ডবতি দং— ১

খৎ পত্র দং পাঁচ— ৫

গোস্বামির গমস্তা

গোরাচাঁন্দ মিত্রিকে দং— ১

সন ১০৬১ সালের মাহ

ফাল্গুনে রাজদ্বারে সস্তক

করন— ১

সন ১০৬৪ সালের

৭ জৈষ্ঠে নরহরি

ফৌজদারকে দং এক

তংঙ্কা— ১

সন ১০৬২ সালের

৯ আস্বিনে

(চ)

রত্নু শর্ম্মাকে কিতাবৎ—১

নিমাঞি নায়ক কিতাবৎ— ১

সন ১০৬৪ সালের মাহ মাঘে

নিতাই বিস্বাসকে কিতাবৎ

দং এক তঙ্কা— ১

এবং ৫৫।৵

৭ চৈত্র শ্রীবল্লবিকান্ত

গোস্বামিকে দং দুই— ২

মোকাম বল্লবপুর—

৩৭৬। ২১৭৭ ঙ

৭ শ্রী[গোপাল জয়তাং]

সন ১১৬৬ সাল

তাং ৩ স্রাবন—

মোকাম পানাগর—
শ্রীরাধাকান্ত মুখুর্জ্যা—
দিগরের সহিৎ ঝকড়া
জহৎ খরচ জায়—তংকা
কাজির পেয়াদার জন্যে গুঃ গোবিন্দ
মণ্ডলকে সিক্যা— ৫
৭ স্রাবন বাসা খরচ গুঃ রতন
মোদক ১
৯ রোজ শ্রীগোপি রায়
গুঃ জগৎ ঠাকুর ৪
নিজ জগৎ ঠাকুর— ১
১২ শ্রাবণ কর্জ কর্দ্দন—
শ্রীগঙ্গানন্দ ঠাকুরের স্থানে
গুঃ গোবিন্দ মণ্ডল সলৎ চারি—৪
অরংসাই তিন— ৩
১৫ রোজ গুঃ শ্রীকুঞ্জবেহারি
ভট্টাচার্জি— ২
২১ রোজ বাসা খরচ
গুঃ দুর্জোধন মোদক সিক্যা— ১

এবং ২১

২২ রোজ শ্রীগৌরমোহন ঠাকুর
গুঃ গঙ্গানন্দ— ৩
২৪ রোজ গৌর্চ্চরণ সিংহ— ১
২৬ রোজ বাসা খরচ
গুঃ দুর্জোধন মোদক সিক্যা— ১

শ্রীকৃষ্ণদেব ভট্টাচার্জিকে দং সলৎ ১
২৭ রোজ শ্রীকুঞ্জ ভট্টা
চার্জিকে দং শলৎ— ১
গৌর্চ্চরন সিংহকে দং— ১
গুঃ শ্রীজগৎ অধিকারি
গোপিরায়কে দং ৪
সলৎ চারি—
৪ ভাদ্র বাসা খরচ—
ভঞ্জিৎ সালৎ— ১
২১ রোজ বাসা খরচ—
গুঃ রতন মোদক
ভঞ্জিৎ সলাৎ— ১
২৭ ভাদ্র এক দফা—
মাউড়ি কাজিকে দং
গুঃ গৌর্চ্চরন সিংহ— ৪
সলাৎ চারি—

এবং উনচল্লিষ ৩৯

জের— ৩৯

২১ আস্মিন বাসা খরচ—
ভঞ্জিৎ গুঃ নরসিংহ মোদক—
সিক্যা এক— ১
বর্দ্ধমানে কাজির পেআদা
খরচ মাহ কার্ত্তিক অবদি
মাঘ স্বদ্ধা ইস্তকে এক টঙ্কা— ১
ছাব্বিসা ২৬ মাঘ গদাধর
অধিকারির মার্ফৎ

সাফুল্লিরাম	
ঘোষকে দং দুই তঙ্কা—	২
ফাল্গুনের ২৮ রোজ	
মুথুরাগড় মোকামে	
ভাঅা দৈবকীনন্দনকে দং	
দুই তঙ্কা—	২
বাসা খরচ—	১
চৈত্রে ৬ রোজে	
অম্বিকা শ্রীশ্রীমহাপ্রভুকে	
দং এক তঙ্কা—	১
এবং	৪৭
চৈত্রে ১৩ রোজে	
শ্রীগউরমোহন	
গোস্বামির মারফৎ	
খোনকার সাহেবকে দং	
দুই তঙ্কা—	২

চৈত্রে ২৫ রোজ	
শ্রীগউরমোহন গোস্বামি দং	২
বিদারে পেয়াদা খরচ এক—	১
সন ১১৬৭ সাল	
বৈষাখ ৩ রোজ	
শ্রীকৃষ্ণকান্ত ভট্টাচার্জিকে	
দং শুং গৌরমোহন গোস্বামি	
এক তঙ্কা	১
আঠ ৮ রোজ	
পেঅাদা খরচ	
জন্নে ভঞ্জিং -	
সিক্যা এক—	১
শ্রাবন ৩ রোজ	
দলু বাবু দং—	১
এবং	৫৫
পঞ্চায়ন্ন	

৩৭৭। বি ২২০০

২১৮২ নং—

ফৈসলা আদালতে দেওানি জেলা জঙ্গল মাহাল মিস্তর হনরি বয়লেট সাহেব এঃ রাজষ্টর জেলা মজকুরের বৈঠকে সন ১৮১১। ৯ ডিসম্বর—

নিলমহন মাহাপাত্র— বাদী—

চিরঞ্জিৎ সিংহচৌধরি— প্রতিবাদী—

বাদী মজকুর মৌজাহারে মাহাসিল মঃ ৩০৭ টাকার মকদ্দমায় খরোপোশের বিসয় নালিশ করে এই মকদ্দমা ঐ সনের ৯ যুলাই তারিখে দরপেশ হইয়া উভয়ের নিকট কুরসিনামা তলব হইয়া মুলতুবি ছিল অদ্য মকদ্দমা দরপেশ হইবার সময় বাদির উকিল গুরুপ্রশাদ মুখুয্যা ও বলরাম দে ও খোদ বাদী ও প্রতিবাদীর উকিল রাধামহন বন্দপাধ্যায় ও খোদ প্রতিবাদী হুজুরে হাজির হইল মিসিলের কাগজাৎ আরজি নং ১ উকালৎ-নামা ও বাদীর জামিনি ২নং ও ৩নং এলামনামা ৪নং বাদীর জামিনি ৫নং জবাব ৭নং

জবাবুল জবাব ৮নং রদজবাব ৯নং ঐ সনের ৯ জুলাই মাহার লিখিত ৭ কেতা রোবকারি ১০নং বাদীর উকিলের দর্শাইত ১ কেতা কুরসিনামা ও ১ কেতা করারনামা ১১ ও ১২নং প্রতিবাদীর উকিলের অত্র আদালতের দরপেশি ১ কেতা নকল রোবকারি ১৩নং দৃষ্ট হইল বাদীর উকিলের নিকট কুরসিনামা তলব হইল উক্ত উকিলগণ আপণ মৌক্কিলের দস্তখতি কুরসিনামা ১নং আর সন ১২০৩ সালের ২৪ অগ্রহায়ন তারিখের লিখিত ১ কেতা নকল একরারনামা বলরাম চৌধরির দস্তখত ইংরাজি নিসানে আর জেলা মেদনিপুরের দেওানি আদালতের মহরি ২নং হুযুরে দরপেশ করিলেক শ্রবণার নকল হইল পরে প্রতিবাদীর উকিল অত্রাদালতের সাহেব মিস্তর অল্‌ইম সাহেবের হুজুরের সন ১৮০৮ সালের ১৯ মেই তারিখের লিখিত ১ কেতা নকল রোবকারি ১নং হুজুরে দরপেশ করিলেক তাহা দৃষ্ট হইল প্রতিবাদীর উকিলকে জিজ্ঞসা করা জায় যে আপণ মৌক্কিলের খাণদানের অর্থাৎ বংসের কুরসিনামা তোমার নিকট আছে কিনা কহে যে শংপ্রতিক আমার নিকট নাই পরে সওাল হয় যে তোমার মৌক্কিল বাদিকে কি পরিমাণ খরোপোশ দিতে ইচ্ছা করে প্রকাশ করে যে আমার মৌক্কিলের পিতা জিবিত অবস্থায় বাদির খরোপোশ যে পরিমাণ নিযুক্ত করিয়াছিল তাহা আমার মৌক্কিল বাজায় রাখিয়াছে আদালত হইতে জত খরোপোশ নিযুক্ত হয় তাহা আমার মৌক্কিল দিতে হাজির আছে সওাল হয় যে যে মৌজা যাহা বাদির দখলে আছে তাহার উৎপন্য কত হইতে পারে কহে যে মঃ ৫০ টাকা বাদীর উকিলকে জিজ্ঞশা হয় তোমার মৌক্কিলের মাহওারি কত খরচ হয় কহে যে মাহওারি ৩০ টাকা খরচ হয় প্রতিবাদীকে জিজ্ঞাসা হয় যে তোমার জমিদারির সদর জমা কত কহে যে সদর জমা ৭২৯ টাকা সওাল হয় যে মাহালের কত হইবেক কহে যে আন্দাজি মঃ ১৩০০ টাকা অএ মকদ্দমার সমস্ত অবস্থা বিবেচনায় জানা গেল যে বাদীর আরজিতে লিখিতেছে যে বাদী চারি সহদর জেষ্ট প্রতিবাদী দ্বিতিয় ভবানি সিংহ মহাপাত্র ও বাদী কনেষ্ট বিরসিংহ মহাপাত্র ও খানদানের বংসের রিতি এই যে জেষ্ট পুত্র জমিদার হয় দ্বিতিয় পুত্রগণ বেদাগ খরোপোশ পায় তবে পিতা ৺জগর্নাথ চৌধরি পরগণে সিমলাপালের রকম ৷৵ আনার জমিদার হইয়া সন ১২১৫ সালের কাত্তিক মাহায় ২।৩ দিবসের পিড়ায় ফৌত করিয়াছে তলব পিতার জিবিতাবস্থায় চারি ভ্রাতাকে পাণ তামাক ও চাকরের বেতনের জন্য কথক কথক জমি দিয়াছে তাহাতে বাদী মঃ ২৫ টাকার জমি পাইয়া তাহাতে দখলিকার আছে দ্বিতিয় ভ্রাতাগনের হস্তেও পাণ তামাক চাকরের মাহিনা বাবৎ জমি আছে পিতার জিবিতাবস্থায় চারি ভ্রাতা এক অণ্যে ছিল এইজন্য খরোপোশের জমি প্রথক হয় নাই

প্রতিবাদী পিতার মৃত্যুর পর জমিদারিতে দখলিকার হইয়া বাদির সহিত এক অণ্যে থাকিয়া বিবাদ আরাম্ভ করিলেক এইজন্য বাদি খরোপোশের জমি চাহিয়াছিল কিন্তু প্রতিবাদি প্রতারণা উপস্থিত করিলেক অতএব বাদী আদালতে নালিশ করিতে উদ্দত হয় ইহাতেও প্রতিবাদী নালিশ করিতে দেয় নাই মৌজে গোবিন্দপুর ও সিরসা ও নিকার্য্যা ও অদ্ধেক মৌজা পাথরকামার ও রকম ৵৹ আনা মৌজে বাবুইপাড়া একুণে ৩ মৌজা৷৷৵ আনা জাহার বেদাগ জমা ৫০৷৷ টাকা মাহাসেল ২১৫ টাকা বাদিকে খরোপোশ বাবৎ দিতেন কিন্তু বাদি খানদানার দস্তরমতে সমস্ত জমির বেদাগ ৯৩ টাকা জমা অর্থাৎ উক্ত মৌজা সকল ও হাতগড়্যা ও মৌজে কালিয়াম ও মেট্যা মৌজার জমা একত্রে তলব করিলেক কিন্তু তাহা দেয় নাই যে হেতুক খানদানের দস্তরানুসারে বেদাগ উক্ত জমার জমি সকল যাহার মাহাসেল মঃ ৩৫০ টাকা আছে বাদি তাহা উচিৎ খরো-পোশের বাবৎ পাইয়াছে ইহাতেও বাদি মঃ ৩০৭ টাকা যাহা সোণ পাইবার ইচ্ছা করে কিন্তু প্রতিবাদি তাহা দেয় নাই উক্ত পরগনার জমিদারিতে অনেক উৎপন্ন আছে এ বিধানয় বাদি আরজির তফসিলের লিখিত রকম ৷৷৵ আনা ৬ মৌজায় সালিয়ানা বেদাগ মঃ ৯৩ টাকা জমা ও মাহাসেল মঃ ৩০৭ টাকা খরোপোশ বাবৎ এই নালিশ করিতেছে প্রতিবাদি স্বিয় জবাবে লেখে যে সে খানদানের রিতি অনুসারে জমিদারিতে বাহাল হয় ও উহার পিতা জিবিতাবস্থায় বাদিকে মৌজে মুকুন্দপুর ও গিলাগড়্যা খরোপোশ বাবৎ দিয়াছেন ঐ মৌজার জমি আবাদ হওাবস্থায় অনেক উৎপন্ন হইতে পারে বাদি পাণ তামাক ও চাকরের মাইনা বাবৎ উক্ত জমির কম উৎপন্ন থাকা প্রকাশ করিয়াছে উহাদের পিতা জমিদারির দস্তরমতে উক্ত মৌজা সকল খরোপোশ বাবৎ দিয়া তাহার মালগুজারি লইতেন না শংপ্রতিক প্রতিবাদি জমিদারিতে বাহাল হইয়া বাদির খরো-পোশ বাবৎ মৌজা সকলের মালগুজারি পাইবার হকদার আছে এক ব্যক্তির খরোপোশ দুই বার নিযুক্ত হইতে পারে না বাদি খানদানার দস্তরের বিপরিত পিত্রি অংস রকম ৷৹ আনার দাবিতে কালেকঠর সাহেবের হুজুরে নালিশ করিয়াছিল পুনরায় এই নালিশ করিয়াছে আর বাদি প্রতিবাদির মুখালিফ সিমলাপাল পরগনার মহাপাত্রগনের সহিত ঐক্য হইয়া দৌরাত্ত্য পূর্ব্বক দরোবস্ত কাগজাৎ ও নগদ টাকা আর পিতার সময়ের মহর লুট তারাজ করিয়া বানিজ্য কারবার করিতেছে যদি জমিদারির রিতানু-জাই মাহাসিল মঃ ৩৫০ টাকার জমি সকল বাদির পাওনা হইত তবে বাদি ৩০৭ টাকার দাবিতে নালিশ করিত না আর কখন বাদিকে খরোপোশ বাবৎ ৩০৭ টাকা দিতে স্বিকার করিত না যদি প্রত্যেক জনকে মঃ ৩০৭ টাকা দেওা হইত তবে এ পর্য্যন্ত ঐ পরগনার জমিদারি বাজায় থাকিত না যদি বাদির এই পরিমাণ খরোপোশ

পাওনা ছিল তবে পিতার জিবিতাবস্থায় খরোপোশের জমি না পাওয়ায় সেই সময় এই উৎপন্নের জমি সকল কেন লয় নাই যথা বির নারায়ন হেকিম ৫৫১ টাকার খরোপোশের দাবিতে পরগণে মানভূমের জমিদার রাজা প্রতাবনারায়নের নামে নালিশ করিয়াছিল ঐ মকদ্দমায় জজসাহেবের বিচারে ৫০ টাকা উহার খরোপোশ নিযুক্ত হইয়াছিল আর বেগুন ফোদর পরগনার বাবু সকল খরোপোশের দাবিতে জেলা বিরভূমের আদালতে নালিশ করিয়াছিল উক্ত জেলার জজসাহেবের বিচারে উহাদের জমিদারি ও প্রতি-বাদির জমিদারি সম্বন্ধে ফি রোজ ৵০ আনার হিসাবে উহার খরোপোশ নিযুক্ত হওা আবিশ্বক জদি বাদি আপন পিতার ধার্জিত খরোপোশের প্রতি অসনমত ও নারাজ হয় তবে উক্ত মৌজ সকল জমিদারি আদায় উষুলের শামিল হয় আর বাদির খরোপোশ আদালত হইতে জাহা নিযুক্ত হয় প্রতিবাদি তাহা দিতে হাজির আছে এ পর্য্যন্ত আদালত হইতে খরোপোশের জমি দোনো ব্যক্তির প্রতি নিযুক্ত হয় নাই জবাবুল জবায় আরজির পশোক কেবল বেশি এই যে অত্র জঙ্গলা দেশে প্রত্যেক ব্যক্তির খানদান প্রত্যেক জনের খানদানের সহিত অনৈক্য (এই স্থানে অক্ষর কথকগুলি নাই) দ্বিতিয় ভ্রাতাগণ খরোপোশ না পায় বাদির পিতা ও পিতামহ ও পর পিতামহর আমল হইতে বাদি ও উহার ভ্রাতা সকল খরোপোসের জমি পাইয়াছে এ পর্য্যন্ত খরোপোশ পাণে-ওয়ালা আর তলব ওারিস্তান উক্ত জমিতে দখলিকার আছে আর বাদির পিতার জমি-দারির সময় বাদির খরোপোশ নিযুক্ত হয় নাইআর জাহারা খরোপোশ পায় তাহাদিগকে মালগুজারি দিতে হয় খরোপোশের জমি নাখেরাজ শ্বরুপ হয় না রদ জবাব জবাবের পোশক ইতি বাদির উকিলের দরপেশি কুরসিনামা দৃষ্টে প্রকাশ হইল যে জমিদারের আত্মিয়গণের খরোপোশ কমি বেশি যুত্রে নিযুক্ত হইয়াছে চিরকাল হইতে কোন পরিমাণ নিযুক্ত নাই কারণ জমিদার আপন ইচ্ছায় আত্মিয়গনের খরোপোশ নিযুক্ত করিয়াছে কখন আদালতের বিচারে খরোপোশ নিযুক্ত হয় নাই প্রকাশ হইল জে বেগুন ফোদরের জমিদারের জমিদারি বিভাগ না হইয়া খানদারের রিতামুজাই বাজায় আছে এই সকল জমিদারকে·উচিত যে উচিত মতে আত্মিয়গনের খরোপোশ নিযুক্ত করে কিন্তু এ প্রকার খরোপোশ নিযুক্ত করা উচিৎ নহে জাহাতে দিনপাত না হইয়া অপমান হয় বাদি পিতার সময় এক অঙ্গে থাকিয়া [অতঃপর খণ্ডিত]

৩৭৮। বি ২৪৫৮

৭শ্রীশ্রীরাধাকৃষ্ণ—

স্বরণং—

দরখাস্ত কানুন চাহারণ—

থানা সোনামুখী সামীল পখন্যা নিবাসী শ্রীরাধাকান্ত পালের নিবেদন এই জে আমী উক্ত গ্রামে বসবাষ করিয়া গুজরান করিয়া আসীতেছী এক্ষ্যেন আমাদ্দের গ্রামের মধ্যস্থলে বাজীরগড়্যা পুষ্কন্নি নামক জে পুষ্কন্নি আছে ঐ পুষ্কন্নিতে আমার রকম ॥০ আনার হিস্বা ও আমার খুড়া খেত্তনাথ পাল তাহার রকম ॥৹ আনার হিস্বা থাকাতে আমী ঐ রকম ॥০ আনার হিস্বায় মৌরসান হইতে ঐ পুষ্কন্নিতে ভোগ দখল করিয়া এবং মৎস্য আদী ফেল্লাইয়া ও ধরাইয়া উভএ অদ্ধাঅদ্ধী যুরত বণ্টন করিয়া লইয়া ঐ অদ্ধেক রকমে দখলীকার ছিলাম দরিয়ালে ঐ পুষ্কন্নির জল যুখাইয়া জওাতে খুড়া মহাসয় কোড়ার লাগাইয়া পাক মাটী তুলিয়া লইয়া জওায় আমী কহিয়াছিলাম জে তুমি কি জন্য এজমালের পুষ্কন্নিতে মাটী উঠাইতেছ কহায় তেঁহ কহিয়াছিলেন জে তুমিহ মজুরের দ্বারায় মাটী কাটাইয়া লহ তাহাতে আমী বত্তমান সনের ২১ বৈসাখ তারিখে মজুর লোক সঙ্গে করিয়া লইয়া ঐ পুষ্কন্নিতে পাক মাটী কথক কাটাইয়া দীতে আরাম্ভ করায় এমত কালীন খুড়া মহাসয় ও তস্য পুত্র মধুযুদন পাল ও মাধবচন্দ্র পাল ও কাত্রীক পাল ও গনেষ পাল ও তস্য তরফ লোক সীদ্ধেস্বর বন্দোপাধ্যায় ও দুগাচরণ কামার দীগর আন্দাজী ১০।১২ জোনা লোককে সমিভারে আনীয়া ঐ পুষ্কন্নিতে গীয়া আমাকে কহিলেক জে তুমি কোন বাপের পুষ্কন্নিতে মাটী কাটাইতেছ তোমার ইহাতে অংস নাই কহায় আমী কহিলাম জে আপন হিস্বায় মাটী কাটাইতেছী ও কি জন্য আমার ইহাতে অংস থাকিবেক না কহায় তাহা না মানীয়া আমাকে জথোচিত গাল গালাজ দীয়া খানখা জবরদস্তী ও খোদ হাকিমের দ্বারায় আমাকে ঘাড় ধাক্যা দীয়া ঐ রকম ॥০ আনা হিস্বা হইতে বেদখল করিয়া দীবাতে আমী মোজাহেম হইয়া হাকিমের দোহাই দস্তর দীবাতে কেহ কিল ও কেহ গোড়ারি আদীর দ্বারায় মারপীঠ করিয়া এবং কোদাল ও টাঙ্গনা ও ঝুড়ি আদী করিয়া লইয়া আমাকে উঠাইয়া দীয়াছে বিচারপতি আসামিআন অতিস্বয় দাবীবাজ মনিস্য উহাদ্দের জুলুমে গ্রামে থাকা ভার এমতে নাচার হইয়া হজুরে অছিত দরখাস্ত দীয়া প্রর্থনা জে সন ১৮৪০ সালের ৪ আইনের মর্ম্মমতে আমার দখল ও বেদখলের নিচের লিখিত সাক্ষীগনের দ্বারায় প্রমান প্রয়োগ লইয়া আমার হক বাজায় রাখীতে আজ্ঞা হয় শ্রীযুত খামেন্দী নিবেদন ইতি সন ১২৬৩ সাল তা—

তপসীল চৌহদ্দী—

সীবঠাকুরের তলার দক্ষীণ—বেণিমাধব মুখপাধ্যাএর বাটীর পশ্চীম—গোপাল সাএর পুষকন্নির উত্তর—খেত্তনাথ পালের বাটীর পুর্ব্ব—এই চতুসীমার মধ্যে ঐ পুষ্কনি—

আসামী—		দখলের সাক্ষী—	
খেত্তনাথ পাল—	১	নফর দে কৈবত্ত্য—	১
মধুসুদন পাল—	১	ভাগবৎ মুচী—	১
মাধব পাল—	১	বংসী পোর্দ্দার—	১
কার্ত্তীক পাল—	১	রাম কেওট—	১
গনেষ পাল—	১	চিনিবাষ কেওট—	১
নদের চাদ দে—	১	সর্ব্ব সাং পথন্যা—	১
দুর্গাচরণ কামার—	১	বেদখলের সাক্ষী—	
পরাণ ঘোষ—	১	রুপা কৈবত্য—	১
নফর কল্যে—	১	মুক্ত্যারাম বাউরি—	১
সীদ্দেরস্বর বারুজ্যা—	১	তনু বাউরি—	১
উমাকান্ত ঠাকুর—	১	নফর ঘোষ—	১
ভৈরব পোর্দ্দার—	১	সর্ব্ব সাং পথন্যা—	
সর্ব্ব সাং পথন্যা—			৪

৩৭৯। বি ২৪৬৬

(খণ্ডিত)

...আরজি য়াদালতে দেওানী জেলা জঙ্গল মহল

ফরিয়াদি—	য়াসামী
শ্রীলোকনাথ গোস্যামি—	পঃ সেরগড়
পঃ বিষ্ণুপুর সাং পথন্ন—	মৌজে সিঙ্গাডিহী
	শ্রীপরেস মণ্ডল
দাবি ৫৬ টাকা	ওয়াদৎ মুণ্ডল ফৎ করিলা ও সুভদ্রা বেয়া—২

বয়ান এই জে ঐ পরগনার সাকিম কুচুড়ার শ্রীগোবিন্দরাম মুণ্ডলের কন্যা শ্রীমত্যা দাসি মুনি বেয়া আমার পীতা ইস্বর গোস্যামীর সিস্য ছিল এই সিস্য মজকুরান

স্থন ১২২৮ শালের মাহ ফাল্গুনে আপন বার্টিকে লইঞা ঐ সিস্ত মজকুর য়াপন সেচ্ছাপুর্ব্বক কহিলেক শ্রীবৃন্দাবন ধাম দরসন করিতে জাইব কহিঞা ঘরের জিনিস ও জিনিস পত্র সমুদায় বিক্রয় করিঞা ইরসল করিঞা জাওনের কলে ও আসামিয়ান দিঃ পাষ ৫৬ ছাপন্ন টাকা জিম্বা রাখিঞা য়াপন সেচ্ছা প্রযুক্ত কহিলেক জত্মপি য়ামি ফীরঞা আসি তবে তোমাদ্দের পাষ নীকাস করে লইব ২৪ শাল তক না য়াসি তবে য়ামার য়বিষ্ঠকে মায় স্থদ সমেৎ দিবে আঃ রা আপ ২ জিম্বা পত্র লিখিঞা আমর বরাবর দাখিল করিলেক খোদাবন্দা আমি ২৭ শালের আখেরিতে তলপ করিলাম দিচ্ছী দিব ২৮ শাল তক উজর করে টাক দে না বন্ধেগান ঐই আসামিকে তজবিজ ফরমাইঞা আমার হক দেলাইতে হুকম হয় ইতি—

৩৮০। বি ২৪৯৫

৭ শ্রীশ্রীহরি।—

—সমঅ এক দফা ও ভোরের শময় এক দফা ঔশধি বাটীআ চন্দ্রাকে শেবন করাইআ-ছিলাম তাহাতে হামেল নষ্ট হঅ নাই তাহার পর দিবষ আমার মাতাও চন্দ্রাকে শঙ্গে লইআ পুনরাঅ ও কালী বাগদীর নীকট জাইবাতে কালী বাগদী জড়ি তিন পান ও হরিতুকি দুইটী বাথর গুলি ও চুনের জল দিআ শেবন করিতে দিবাঅ ১২ চৈত্রে রাত্রে আপন হস্তে ও ঔশধি বাটীআ শআ দুই পহরের শমঅ ১ এক দফা ও শেষ রাত্রে এক দফা চন্দ্রাকে শেবন করাইবাতে ১৩ চৈত্র তাবত দিন ও রাত্রি দুই প্রহর পজ্যন্ত জ্বরের মত অত্যান্ত পী[ড়ি]ত থাকুআ রাত্রি শওা দুই প্রহরের শমঅ হামেল নষ্ট হইআ ভূমীতে পড়িলের পর আমার মাতা খড়ে করিআ রক্ত শহিত হামেল উঠাইআ লইআ ফেলিআ দেঅ তাহার পরও চন্দ্রা পেটের বেদনা প্রেবল হইআ রাত্রি ৪।৫ দণ্ড থাকতে ফোত করিলে আমার ভ্রাতা গআরাম ও তস্য শ্বালক পীতাম্বর ও মাতুল হরিলাল ও চন্দ্রার লাষ জোড়ের ধারে পুতিআ দেঅ আর আমী গর্ভ নষ্ট হইবেক জানীআ ঔশধি খাওাইআ-ছিলাম ফোত করিবেক জানীআ খাওাই নাই ইতি এই একরার অনুজাঅ বক্রী প্রতিবাদীগন ধৃত হওাঅ মীতা চন্দ্রার মাতা ভগবতি চাশিন বৃন্দ্রার একরারের অনুজাই একরার লেখাইআ অধিক প্রকাশ করে জে গত ফালগুন মাশের আখেরী মাগারাম চাশা আমার গ্রামে আশীআ কহিলেক জে তোমার কন্যা চন্দ্রা চাশানীর চারি পাচ মাষ হইতে আমার শহিত আশনাই হওাতে গর্ভ হইআছে আপন ঘরে আনীআ ঔশধির তদবির করহ নতুবা তাহাকে ভেক দিআ দিব ইহাতেই তাহার দুই দিবষ পরে আপন কন্যা বৃন্দ্রা ও ভগ্নীর কন্যা রঙ্গ চাশানীকে ভবানিপুর হইতে চন্দ্রাকে আনীবার কারন

পাঠাইআছিলাম ও দিবষ রাত্রি এক প্রহরের শমঅ উহারা চন্দ্রা চাশানীকে লইআ মাজগ্রামে আশীআছিল আর রঙ্গু কহিলেক জে চন্দ্রার শাশুড়ি শ্রীমতি ও উহার শ্বামীর ভগ্নীপতি মাগারাম চাশা ছামনের ঔশধির তদবির কারন পীতলের ঘটী একটী ও কাশার বাটী একটী দিআছে ইতি ও কালিচরন বাগদী প্রতিবাদী একরার করে জে শন হালের ফালগুন মাহার ৫।৭ পাচ শাত দিবষ বাকি থাকিতে এক দিবষ আমী নদির কেনারাঅ শাক বাটীতে ছিলাম বেলা আন্দাজী ২ দুই দণ্ডের শমঅ রঙ্গু চাশানী আমার নিকট জাইআ কহিলেক জে তোমাকে একবার আমার ঘর জাইতে হইবেক আমার ঘরে গেলে শকল কথা কহিব আমী তাহার পর দিবষ ডেড় প্রহরের শমঅ মাজগ্রামের বংশী বাগদীর ঘরে আইলের পর ও রঙ্গু চাশানীর শৃহিত শাক্ষাত না হওাঅ আপন ঘরে ফীরীআ জাইতেছিলাম ও শমঅ ভগবতি চাশানীর শহিত আমার সাক্ষাত হওাতে কহিলেক জে আমার কণ্যা চন্দ্রা চাসীনীর ৩ মাসের গর্ত্ত হইআছে তুমী ও গর্ত্ত নষ্ট হওার ঔসধি দেও তোমাকে ঘটী একটী ও বাটী একটী দিব আমী তাহা শীকার করীলাম না তাহার পর দিবষ আমী অপন সাক বাটীতে ছিলাম বেলা ডেড় পহরের সমঅ ও ভগবতি চাসীন সীমলা গ্রামের একজন বৃর্দ্ধ চাসা তাহার নাম জানী না অথাৎ ভগবতির বৈবাহিক হঅ তাহাকে সঙ্গে লইআ আমার নিকট জাইআ ভগবতি কহিলেক জে তুমী হামাল নষ্ট করিবার ঔসধি দেও টাকা নাগে দিব ও দিবষ গর্ত্ত নষ্টের ঔষধি আমার নিকট ছিল না মতে ভগবতিকে কহিলাম জে তুমী কল্য এই সাগ বাটীতে আমার নিকট আসীবা ঔষধি লইআ জাইবা তোমার বৈবাহিককে আর আসীতে হইবেক না তাহার পর দিবষ আমী আপন সাক বাটীতে ছিলাম দিবা দুই প্রহরের সমঅ ও ভগবতি আপন কন্যা চন্দ্রা চাসীনিকে সঙ্গে করিআ আমার নিকট জাইবাতে আমী পুর্ব্ব দিবসের কহত মত ও ভগবতির বৈবাহিকের নিকট টাকা পাইব জানিআ ঔশধির মুল্য চাহিবাতে ফোতি চন্দ্রা একটী পঅসা দিলেক আমী ও পঅসা লইআ উহাদিগ্যে সাক বাটীতে বসাইআ—

[সন ১২৫৫ সাল]

৩৮১। বি ২৫৬১ ক

শ্রীশ্রীরাধাকৃষ্ণ—

পদর ভরসা—

কলিকতা রাজধানির অন্তঃপাতি নানা বিচার স্থলে নিযুক্ত উঁকিল শ্বীয় শ্বীয় পদ সম্পর্কিয় কায্য উত্তমরূপ সমাধা কারন জন্য এবং ১৮৪৬ সালের ১ আইনের ৪ ধারার

বিধ্যনুসারে উকালতি কর্ম্মের অকাঙ্ক্ষি ব্যক্তিদের পরিক্ষা হইবার কারন ১৭ জুলাই দিবসে যে নিদ্ধারিত হইয়াছে তদমুজাই যে সকল ব্যক্তিরা পরিক্ষায় উত্তিন্ন হয়নের বাসনা রাখেন তাহারদের তৎসম্বন্ধিয় আইন ও আইনের অর্থ এবং সদর আদালতের সাধারন লিপির মর্ম্ম সকল জ্ঞাত হয়া অত্যন্ত প্রয়োজন কিন্তু গবর্নমেণ্ট হইতে যে সকল আইন প্রকাস হইয়া প্রচলিত আছে অথবা সময়ে সময়ে কোন কোন মহাসয় কর্তৃক ঐ সকল আইনের যে যে সঙ্কলন হইয়াছে তাহা সমুদ্রয় ক্রয় করনের অনেকেই অক্ষম বিসেষত যে সকল ব্যক্তিরা মন্সুসেফ ইত্যাদি আদালতে উকালতি কর্ম্মে নিযুক্ত আছেন তাহার দিগের শ্বল্পায় প্রযুক্ত এতাদৃস আইনও ক্রয় করা সর্ব্বোভাবে দুস্যাধ্য অতএব ঐ সকল ব্যক্তিদের আইন সিক্ষা সুলভ করন হেতুক নানায়ন্ত পূরসর বিবিধ গ্রন্থাদী হইতে সন ১৭৯৩ সালেবধি সন ১৮৪৬ সাল পয্যন্ত যে যে আইন ও আইনের অর্থ এবং সদর আদালতের সাধারন লিপি সময়ে সময়ে প্রচার হইয়া প্রচলিত আছে এবং যাহা উকিলদিগের ও আদালতে অল্পকিয় রাজকিয় কর্ম্ম উত্তমরূপে সমাধা হওন নিমিত্ত স্থির আছে তাহা একত্রীভুত করিয়া নিচের লিখিত বিসয় সকলের···

৩৮২। বি ২৫৬২ ক

শ্রীমহামহিম শ্রীযুত জজ সাহেব বরাবরেসু

লিখিতং শ্রীরামহরি পাল কস্য একড়ার পত্র মিদং কাজ্যনঞ্চ য়াগে সন ১২৩৯ সাল পরগনে বিষ্ণুপুর জেলা জঙ্গল মহল তরফ বারোহাজারি মোঃ পথনার সামিলে সাঃ পেতাপুর মধ্যের ঐ রামহরি পাল য়ামিহ ঐ শাকিমের শ্রীনারায়ন ঘোসের সহিত দাঙ্গা করিয়াছিলাম তাহাতে আমিহ কাহিল হইলাম অতএব আর কখন জদ্যপি কারু সহিত দাঙ্গা করি তবে ২৫ টাকা জরিমানা দিব না দি তবে মাঃ আইন য়ামলে য়াসিব এতদথে একরার পত্র লিখিয়া দিলাম ইতি তাঃ ৪ শ্রাবন

ইসাদ

গনেস মণ্ডল॥

৩৮৩। বি ২৯৪৩ ক

৭ঁ শ্রীশ্রীরাম।—

মহামহিম শ্রীযুৎ থানাকর বল।—
দারগা সাহেব পবল পতাবেষু।—

লিখিতং শ্রীপরেস নাথ চক্রবর্ত্তী—সাকিম কাবিরি তারিখ ১১ বেসাখ আমার বাটিতা ভাদিজা দুই পহর রাত্রি ঘুমায়া আর আর ভাতিজ্যা ও শ্রীমাহানন্দ চক্রবর্ত্তি কামারিপ্রিুট (?) করয়া সায়ত্রিসয় কাতর হইয়াছি আর আর দক্ষন দুয়ার ঘরে আলুতা চারটী থাল আছিল তাহা নয়াছে আর দুইটী ঘটি লইআই যাওা আপ্রিনি বিচার কতা তাহাতা গরিবে হকা জাহা হ[য়] তাহা করি নী ইতি সন বার স পঞ্চস সাল তারিখ ১৭ জোষ্ঠী—

৩৮৪। বি ৩১৪৪

৭ শ্রীশ্রীদুর্গাঃ।—

সকলমঙ্গলালয়।—সর্চ্চরিতেষু।—

শ্রীরাম কল্যান গুঞীমোদক বরাবরেষু—

লিখিতং শ্রীকনকমুনি রুজ মোদকানি কর্স্য একরার পত্র মিদং সন ১২২৭ বারো সও সাতাস সাল আব্দে লিখনং কার্য্যঞ্চ আগে মুত্তালকে জিলা বিরভোম পরগনে কাঠগড় মৌজে যুগসরার মর্ধ্যে আমার পৌত্রিক বাস আমি পুত্রহিন ছয় কন্যা বর্ত্তমান আমার স্বামি ৺নারায়ন রুজ মোদক বর্ত্তমান থাকীয়া আপন মর্ধ্যম কন্যা শ্রীমতি তুলসীকে সম্পদান করিয়া তোমার বিভাহ দিয়া পুত্র সাদৃস করিয়া আপন গৃহতে ঘর জামাতা রাখিয়া আপন মাল আমোয়াল বাটী ঘর পুস্কন্নী তৈজসাদি ও নেস্ত বিত্তাদি জে কীছু সার্মক তোমাকে আমার সনমতিতে হেবা করিয়াছেন তুমিহ আপন সইছা পুর্ব্বক তুলসি নামে আমার কন্যাকে বিভাহ করিয়া সকল মাল আমোআলের মোক্তার হইয়া ঘর জামাতা আছহ কারন এই জে আমারদ্দির্গের খোরপোস ও পুন্যাদি কার্য্য ও উর্দ্ধক্রিয়া ছাধ্যাদি সকল করিবা মাল আমোআল দান বিক্রয় সত্তা তোমার আমার স্বামি বর্ত্তমান কাল পর্য্যন্ত তাহার খোরপোষ দিয়া সেষ ক্রিয়া আদি সকল করিয়াছ এইক্ষনে তাহার স্বর্গার্থে শ্রীশ্রীগয়া ক্ষেত্রতে ছার্দ্ধ করিতে হয় তোমার জাইবার না অবকাস মতে আমাকে খরচ পত্র দিয়া বিদাই করিলা আমিহ গমন করিলাম ক্ষেত্র পোহছিয়া ছাধ্যাদি

শ্রীকনকমুনী রুজ মোদকানী—
সাং যুগসরা—
নিশান সহী—

করিব ৺না করেণ আমার তথাতে নেক সেওাই কীছ বদি হয় জদি হয় সেস ক্রিয়া আমার সকল তুমি করিবা তথাকার কার্য্য সাঙ্গ করিয়া পুনরায় বাটী আশীয়া পুর্ব্বমত জেমত ছিলাম তেমতি থাকীব তুমি আমার খোরপোষ দিবা এবং পুত্রাদি কার্য্য করাইবা সেস কালে উর্দ্ধ ক্রিয়া ছাধ্যাদি করিবা আমার আর পাচ কন্যা ও জামাতা ও দোহুত্র সকলে বর্ত্তমান আছেন তাহারদ্দির্গের সহিত এ সকল মাল আমো-আলের এলাকা কীছ নাঞী আমি অবর্ত্তমানে জদি কালে কশ্চীন অন্য অন্য কন্যা জামাতা দোহুত্র কেহু দাওা কবেন সে মিথ্যা আদালতে না মঞ্জুর তুমি বেসরাকত জেমত ভোগ দখল করিতেছ তেমতি তোমার পুত্রপৌত্রাদি ক্রমে ভোগ করিবেক ইহাতে আর কাহার দাওা এলাকা নাস্তী এতদর্থে একরার পত্র আপুন খুসিতে বিনা উপরোধে বাহুস বহাল তবিয়তে লিখিয়া দিলাম ইতি সন ১২২৭ সাল তারিখ—১০ ফালুগুন—

ইসাদ—

শ্রীগিরিধর সম্মা— সাং যুগসরা—

শ্রীভোলানাথ সম্মন—

শ্রীরামতনু দত্ত— সাঃ যুগসরা—

শ্রীগোবিন্দ দত্ত— সাঃ সাতুপুর—

শ্রীহারাধন রুজ— সাঃ বড়য়া—

শ্রীসেবকরাম চৌবে— শ্রীজগন্নাথ মোদক— শ্রীরামকৃষ্ণ গরাই— সাঃ যুগসরা—

শ্রীরাজীব গোপ—সা যুগসরা—

শ্রীহারাধন দাষ— সা যুগসরা—

শ্রীদিগামা কোটাল – সাং যুগসরা—

শ্রীপ্রানকৃষ্ণ সর্ম্মা নাএক—সাং যুগসরা—

শ্রীভগবান সম্মন—

সাঃ যুগসরা—

[১খ ৬৩৮৬ নং—

বিক্রী সন ১৮২১ সাল ২৫ ফেবেরওরি—

শ্রীঈশাণচন্দ্র চৌধরি—

৩৮৫। বি ৩১৪৬

৭শ্রীশ্রীহরি:—

ভৃত্যাভাষঃ শ্রীশ্যামসুন্দর শর্ম্মণঃ দণ্ডবৎ প্রণামা বহবো নিবেদনঞ্চ। আগে শ্রীচরণ শুভানুধ্যান করণেই এ জনার অহিক পারথিক মঙ্গল বিশেষ এখানকার সমাচার সকল শুগোচর আছে শ্রীযুৎ ঠাকুর পুত্র মহাশয় উস্মা করিয়া শ্রীযুৎ বযুজাকে পত্রি লিখিয়াছেন তাহা সেই লিখনের নকলে বেত্ত হইবেন এমত ধারা প্রভুদিগের কথনো ছিল না এখন আপনকাদিগের ভাগ্যেই করে ঘরে ঘরে বিবাদ করিয়া তাহার অবধি না করিয়া সিস্যগনকে পিড়া দেয়া উচিত হয় না এখন এই হইল চারা কি আমরা উভয় পক্ষে কথা কহিতেই দোষ অতঃপর শিষ্যের দফা আপনারা ন্যায়ত বিবাদ মিটাইয়া জে কত্তব্য করিবাই উচিত তবে এখানকার ভাল তাহা না করেণ আমরা কি কহিব জেমত রাখেন তেমতি থাকিব কিন্তু প্রভুদিগের এ কথা লোকব্বারে বিক্ষাৎ হইবেক সে কথা যুনিতে হইলেও দোষ ফলতো এই হইল চারা কী আমি কিছুর মধ্যে নাঞি অথচ ঠেকিতে হয় আপনারা সকল বেত্ত যাহাতে আমি এ দায় খালাস হই ইহা প্রভুর কত্তব্য। জাবত অনুগ্রহ পত্রি না আসিয়াছে তাবত এইরূপ থাকিতে হইল ইহা বুঝিহ বিধান করিবা হবেক। ইহার নিদান প্রভু জানিলে হইত না এখন চির্ত্তবাদ কেন হইবেক ব্রাহ্মণ সিশু কলঙ্কি হইলে অন্যলোক কি কহিবে বিবাদ দুর করিয়া চির্ত্ত প্রসন্ন হইবেন জেন আমরা খালাষ হই না করিলে আপনার প্রাপ্তন ধেয়াইব শ্রীযুৎ রামনাথ মালখণ্ডে জাইতেছেন সাক্ষাতে নিবেদন করিবেন জে যাহা কাহাতক লিখিব:। মরমক বেদন মরমহী যানত ইহা নিবেদন করিলাম ইতি—২০ কার্ত্তিক

শ্রীশ্রীদুই ঠাকুর পুত্র মহাঁশয় এখানে আগমন করিয়া বিধান করিবেন ইতি—

৩৮৬। বি ৩১৫৯

চৌকী সিকদার—

শ্রীসেখ আকবর আলী দারোগা জানিবা বারহাজারি পরগনার রাধাকান্তপুর সাকীনের শ্রীক্ষেত্রমোহন বাড়ুর্য্যার দরখাস্তে এই জেলার রেজষ্টর সাহেবের পাঠানতে জানা গেল ঐ সাকীনের কৃষ্ণানন্দ অধিকারী ও রোহিনীনন্দ অধিকারী রামতনু রায়ের হবেলির উত্তর দেওারের নিকট আখেজ করিয়া মাটী পেলাইতেছে অতএব তোমাকে লিখা জাইতেছে জাবত দেওানি আদালতে মোকদ্দমা নিষ্পত্য না হয় তাবত ঐ হবেলির

উত্তর দেওারের নিকট মাটী এক পাজা পেলাইতে মহকুব রাখিতে কহিয়া দিবা ইতি সন ১৮১৮ সাল ২৫ জুণ—

৩৮৭। বি ৩১৬২

৭ শ্রীশ্রীহরি—

স্মরন—

পতিত পাবন তারন শ্রীযুৎ ছোটঠাকুর নন্দন মহাসয় শ্রীচরনজোগল কোমলেষু—

শ্রীচরন যুগল কোমলেষু অসংক্ষ্য দণ্ডবৎ প্রনামা নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরন আসিব্বাদে এ নরাধমের সোমস্ত মঙ্গল বিসেষ নিবেদন মহাসএর পত্র পাইয়া সিরধাজ্য করিলাম শ্রীনিতাই মণ্ডলের বাটিতে তণ্ডুলের জন্নে লিখিয়াছিলেন ঐ মণ্ডলের বাটিতে তণ্ডুল মজুৎ নাই এ জন্নে শ্রীগোউর মণ্ডলের বাটিতে ⁄১৩ এক সলি তের সের তণ্ডুল ভাজান শ্রীভৌরব বনিককে ভাড়া ডের সের সমেত দিলাম ঐ মণ্ডলের বাটির বেবাক তণ্ডুল সোধ হইল আর বারীসিক ।০ চার আনা অন্ত দিলেন পাঠাই লইতে আজ্ঞা হইবেক আর আমার মকদমা কলকাত্তায় তদবস্তই আছে এখানে জে মকদমা সালিসি আদরন হইয়াছে তাহাও নিসপত্য হয় নাই পাচ সাত রোজ মদ্ধে হইতে পারে এ জন্য শ্রীচরন দরসন করিতে জাইতে অখেম হইলাম এ মকদমা এক প্রকার জত দিবস নিসপত্য না হইয়াছে ততদিন সালিসদের নিকট হাজির আছি জখন জেমত হইবেক শ্রীচরনে সম্বাদ লিখিব আর বেল ৮ আটটি পাঠাই লইতে আজ্ঞা হইবেক এ বাটির সকলে প্রানাধিক ভাল আছে শ্রীচরণে নিবেদন করিলাম ইতি তারিখ ১৫ ফালগুন সন ১২৫২ সাল—

শ্রীযুৎ মদ্ধম ঠাকুর মহাসয় কাহিল আছেন ইহা ষুনিয়া বড়ই ভাবিৎ হইলাম পত্রীতে কি নিবেদন জানাইব হামেসা শ্রীচরণের সংবাদ লিখিতে য়াজ্ঞা হইবেক ইতি—

৩৮৮। বি ৩১৭৩ ক

মহামহীম শ্রীযুত দেওানি আদালতের সাহেব বরাবরেষু।—

লিখিতং শ্রীমোহনলাল অগ্নীহোত্রী ও শ্রীগোবিন্দলাল অগ্নীহোত্রী কস্য ওকালতনামা পত্র মিদং কাজ্যঞ্চাগে পরগণে সিনামপুর মোজে পানাগর কিসমতি বড় হিস্যা আমার্দ্দের মেয়াদি ইজারা তাহার মালগুজারির প্রজা শ্রীধর্ম্মদাশ দেএর নামে খাজানা বাকী বাবদী ১২।৶৪ বার টাকা সাত আনা শোল কড়ার মোকর্দ্দমায় ১৩২ নম্বরে ঐ

পরগনার মনসোকের নিকট আরজী দিয়া নালিস করিয়াছী অতেব ঐ মকর্দ্দমার সওাল জবাব কারণ উকিল মোকরোর করিলাম উকিল মজুকুর বরক্ত কাছারিতে হাজির থাকিয়া ঐ মোকর্দ্দমায় আমার্দ্দের তরফ সওাল জবাব এবং কাগজাতে জে দস্তখত করিবেণ তাহাই আমার্দ্দের কবুল মঞ্জুর এতদার্থে ওকালতনামা পত্র লিখিয়া দিলাম ইতি—[সন ১২১৭ সাল]

ইশাদ— শ্রীমোহনলাল অগ্নিহোত্রী—

শ্রীরামকান্ত দেবসমন শ্রীগোবিন্দ[লাল অগ্নিহোত্রী]

সাং গোপালপুর—

৩৮৯ । ৩৪৩০

শ্রীশ্রীহরিঃ ।—

স্বরণং—

পোস্য শ্রীরুপচন্দ ঘোষ দাষয্য—

নমস্কারা নিবেদনঞ্চ আদৌ আপনকারদের মঙ্গলে অত্য মঙ্গল বিশেষ পরে নিবেদন আমী শোমসার বাটীকে গীআছী[লা]ম তাহাতে আপনকার সহিত সাক্ষ্যাত হয় নাই অতএব আমার ভগ্নীকে শ্রীবুখলাল ঘোষ সাক্ষী লিখিআছেন অতএব আপনি থাকিতে সাক্ষী নেয়ানে এমত ভাল নহে অতএব তোমার ভগ্নী আমার ভগ্নী ষুদা নহে তাহাতে তোমার সরম আমার সরম জদী সাক্ষী লিখিআ থাকে তবে জেন অন্য মত না হয় আপনি বিবচনার লোক বিবচনাতে জাহা হয় তাহা করিবেন—

পুনচ্ছ নিবেদন কিন্তু কুটুম্বের কাজ্য বটে—

[জাহাতে] সাক্ষী না দীতে [হয়] তাহা করিবেন সাক্ষী [দিলে] বড় সরম হয়—

শ্রীশ্রীদামদর সহায়—

মহামহিম শ্রীযুত বৈবেহাই মহাশয় মহঁদএষু—

৭৪।০—

৩৯০ । ত ৩

শ্রীশ্রীরাম ।—

মোহর

দরখাস্ত—

সিমলাপাল পরগনার শাং মোকুন্দপুরের শ্রীনিলমোহন শীংহ মহাপাত্রের দিবেদন পরগনে সিমলাপালের রকম ।৷৵ আনি আমার পীতা ৺জগন্নাথ শীংহ চৌধুরির মৌরশী

জমীদারি ছীল পিতামহ ত্তক বর্ত্তমানে আপন চারি পুত্র অর্থাৎ জেষ্ট ৺চিরঞ্জিব শীংহচৌধুরি দ্বিতিয় ভবানি শীংহ মহাপাত্র ত্রিতিয় আমি কনেষ্ট ব্রিজকিশোর শীংহ মহাপাত্র এই চারি সন্তানকে থোড়া থোড়া জায়গা পান খাইতে ও চাকরের দরমাহা কারন দিয়া হামতামে রাখিয়াছীলেন পিতার বাদ ফৌত জেষ্ট ভ্রাতা চিরঞ্জিব শীংহ চৌধুরি জমীদারিতে কাএম হইআ ঘরের দস্তুর মতাবক খোরপোষ জায়গায় মকরোর না করাতে খরোপোষ জায়গা মোকরোর হইবার কারন ২১৮২ নম্বরে দেওানি আদালতে নালিষ করিয়াছীলাম চৌধুরি মহযুফ আদালত হইতে খরোপোষ মকররে রাজী থাকিয়া জওাব দাখিল করিয়াছীলেন মোকর্দ্দমা মযুকুর শ্রীযুত রেজষ্টর শাহেবের হজুরে দরপেষ হইআ আমার সামতের গরদশে ঘরের দস্তরাসের তজবিজ না করিয়া পিতার দেওা পান খাওা ও চাকুরের দরমাহার বাবুদি মকুন্দপুর মোজা ও গিল্যাগাড়া জায়গা আশামির এজহার যুরত সালিআনা ৫০ টাকা উৎপন্ন তযুর্ত্তরে আমার খরো-পোষ কারন শালিআনা এক শর্ত্ত টাকা তাইন করিয়া ঐ দুই জায়গা খরোপোষ শরব দখল থাকিবার ও ইহা শেওায় নগদ খরোপোষ শালিআনা ৫০ টাকা আশামির পাষ আমার পাওনা হইআ ডিগিরি হয় এক্ষেনে জমীদার চিরঞ্জিব শীংহ চৌধুরি ফৌত হওাতে তষ্য পুত্র নটবর শীংহ চৌধুরি নাবালগ শরব ক্রোট আফশুশের শামিল হইআ হুজুর হইতে জয়গোপাল রায় শাঁজওাল মকরোর হইআ মফস্বলে গীয়াছে শাঁজওাল মজকুর আমার ডিগীরির বাবুদি খরোপোষ মকুন্দপুর মোজা ও বেহর্পপর গিনাগাড়া জায়গা তহশীল করিয়া লইতে উর্দ্ধত হওাতে আমি শাঁজওালকে ঐ ফয়শলা দেখাইআ কহিলাম এই দুই জায়গা আমার খরোপোষ কারন মফরোর আছে আর ইহা শেওায় সালিআনা ৫০ টাকা করিয়া নগদ খরোপোষ ফয়শলার হুকুম মতাবক পাইতে হইবেক তাহাতে শাঁজওাল কীছু মনজোগ করিলেক না এ কারন হুজুরে আশিয়া দরখাশ্ত করিতেছী খোদাওন্দা গৌর হুকুম হয় ঐ দুই জায়গা পতিত জঙ্গল ছীল আমার অনেক পরিবার গুজরান হয় না আমার পরিজন জমাই যুরত লইআ খরচপত্র মতে বাঁন্ধখাদ ও জঙ্গল বুরিআদি করিয়া কেবল কশম কষমতে গুজরান করিতেছে এবং করিতেছী অতএব হুজুরে ঐ ফয়শলা মোলাহেজায় সাঁজওালের নামে হুকুম হয় জে আমার খরো-পোষ জায়গা কোন আপর্চ না করেন আর ফয়শলা মোতাবক আমাকে বাকী খরোপোষ ৫০ টাকা করিয়া শালিআনা দিতে থাকেন ইহা নিবেদন করিলাম ইতি সন ১২৩৮ শাল—তারিখ—১১ শ্রাবন—

ঐক্যক— মূলবৎ।—
শ্রীনবগোপাল রায়— শ্রীবেনিমাধব রায়।—
মহাফেজ— শেরেস্তাদার—

শ্রীনিলমোহন শীংহ মহাপাত্র—

৩৯১। ত ৪

…মহন মণ্ডল ও মোহন মণ্ডলের পেটায় কথোক আমরা আবাদ করিআছী ঐ বিরোদী জমীনের পুর্ব্ব মুকুন্দপুর কাটবহা রাশ্‌তার ধার পস্ছীম মহন মণ্ডলের কেমধার মুকুন্দপুর উর্ত্তর মুকুন্দপুর আটু পাতরের জমী ধার দক্ষীন সিলাই নদীর ধার মুকুন্দপুর সওাল হাল সনে এ জমীন বীরুশীংহ মাঝি আবাদ করিআছে জবাব তাহা দেখি নাই হুজুরের সওাল ধুল্যাপুর মৌজার ইজাদার কে বটে কহে জানি না সওাল বিরোধি জায়গা ধুল্যাপুরের সামিল বটে কহে না মুকুন্দপুরের সামিল বটে পরে সাক্ষি রাম রানা ধর্ম্মত পিতিজ্ঞা করিআ প্রকাষ করে জে পাটুআম ও জামকালানি জমিন নিলমোহন সিংহ বাবুর ও মহন মণ্ডলের দখলে ১০ বৎশ্বর হইতে আছে সন হালে বাবু ও মহন মণ্ডল পাটু আম ও জাম কালানি দুই জমিন আবাদ করিআছে বীরশীংহকে কখন দখল করিতে দেখি নাই আসামীর মুক্তারের সওাল মুকুন্দপুর ও লক্ষণপুরে সিমা সরহর্দ্দের কোণ নিশান আছে কহে না সওাল কোণ রাশ্‌তা আছে কহে রাশ্‌তা আছে সওাল ঐ রাশ্‌তার কোণ দীগে লক্ষণপুর কোণ দীগে মুকুন্দপুর জবাব লক্ষনপুর পুর্ব্ব দীগে আর মুকুন্দপুরের এ দীগে অর্থাদ পশ্ছীম দীগে সওাল বিরোধি জাঅগার চৌহদ্দী জান কহে পুর্ব্ব কাটবহা রাশ্‌তা উত্তর মুকুন্দপুর আঁটু পাতরের জাঅগা পশ্ছীম হল রানীর খেমধার দক্ষীন শীলাই নদী সওাল এই চৌহদ্দী মোদ্ধে জলেশ্বর মৌজা আকীনী ছেকলে সওাল বীরশীংহের ঘর কোণ গ্রামে কহে তাহা জানি না মথুরাবাটী কী লক্ষণপুর বটে সাক্ষী পঞ্চানন খামরুই হাজীর হইআ কহে জে জাম আহার ও পাটুআম জমীন মুকুন্দপুরের সামীল বটে ও জমীন মহন মণ্ডল ও নিলমোহন বাবু দখল করে জাম আহারের অর্দ্ধেক মহন মণ্ডল দখল করে আর বাকী নিলমোহন সিংহ বাবু দখল করে এ বৎশ্বরেও নিলমোহন বাবু দখল করিতেছে বীরশীংহ বাদীকে কখন জোত আবাদ করিতে দেখি নাই আশামীর মুক্তারের সওাল লক্ষণপুর আর মুকুন্দপুরের কোন সিমার চিহ্ন আছে কহে কাট-বহা রাশ্‌তা আছে ঐ রাশ্‌তার পুর্ব্ব লক্ষণপুর আর পশ্ছীমে মুকুন্দপুর বাদীর মোক্তারের সওাল বিরোদী জমীর চৌহদ্দী জান কহে পুর্ব্ব লক্ষণপুর পশ্ছীম মুকুন্দপুর উত্তর আট পাতড়ের জমীর জোত ধার দক্ষীণ মথুরাকাটা ধার হইআ সিলাই নদী সওাল

এই চৌহদ্দী মোদ্ধে জলেশ্বর মৌজা আছে কহে না সওাল লক্ষণপুরের পশ্চীমে জলেশ্বর মৌজা আছে কী না কহে না জানি না সও᾿ ᾿ বীরশীংহের ঘর কোথা আছে কহে জলেশ্বর খালের ডিপের পুর্ব্ব তরফ সওাল তুমি নিলমোহন সিংহের চাকর বট কী না কহে মুনিষ বটী সওাল বাদীর মুক্তারের উত্তর দেশ ধার্জ্জি আছে কহে জানি না—

৩৯২। স ১০০১

৭ শ্রীশ্রীদুর্গা—

সন ১২৪৫।—

মোং কুচ্যাকল্যা—

শ্রীচরনেষু।—

প্রনামা নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরনা আসির্ব্বাদে এ জনার সমস্ত মঙ্গল হয় বিসেষঃ নিবেদন নাজির আসিয়া কেবল তোমার উপর ও শ্রীযুত রাজীবলোচন রায় ও শ্রীযুত সদানন্দ রায় ও শ্রীযুত বেচারাম রায় এই চারি জোনার উপর তব্বী জেয়াদা হইবায় রায় মহলের মদ্ধে সদানন্দ রায় ও বেচারাম রায় ও যুধিষ্ঠীর রায় ও নিমাই রায় ও রামলাল রায় ও রামচাদ রা᾿ ও গবিন্দ রায় আমি হাজির হইবায় তব্বি মহকুপ হইবায় সকলের এজাহার হইল জে চুরি হয় নাই তাহার পর চালান লিখিয়া সকলকে চালান করিবায় দরবারের দ্বারায় আমাকে ছুটী করিয়া দিলেক আর সক[ল]কে ছুটি করিয়া রায় মহলের মদ্ধে চারি জোনাকে ছাড়িলেক নাই তাহাদিগে বালি লইয়া গেল তাহার পর শ্রীযুত কৃষ্ণকান্ত রায় খুড়া মহাসয় বালি মোকাম জাইয়া অনেক তজবির করিলে তাহাতে খোলাসা করিতে পারিলেন নাই তাহারা সকলে চালান হইল খুড়া মহাসয় অদ্য বালি মোকাম হইতে ফিরিয়া আইলেন তুমি হাজির হইলে তোমাকে একান্ত ছাড়িত নাই আমি জে রকমে খোলাসা হইয়াছি তাহা মহাসয়কে সাক্ষাতে সকল কহিব মহাসয় অতি অপ্রকাসে থাকিবেন কি জানি যদি তলব করে কারন গএন্দা বাজবন্দী হয় নাই তোমাদ্ধের নাম লিখিয়া দিআছিল মিছিল খোলাসা পজ্জন্ত অপ্রকাসে থাকিতে হইবেক এক রোজ কারন বাটী সদার সময় আসিবে কেহ জেন জানে নাই এহা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি—শ্রীরামদাষ রাএর নিবেদন পত্র—

বাটীর কারন
অল্প কিছু পাঠাই—

পরম পুজনিয়—
শ্রীযুত পিতাঠাকুর মহাসয়—
শ্রীচরনেষু—

৭৪||০

৩৯৩। স ১০০৫

শ্রীশ্রীকৃষ্ণ।—

সন ১২০৭।—

দরখাস্ত—

সমরসাহী পরগনার মোজে ছোট বুইনান গ্রামের শ্রীগৌরহরি মণ্ডলের নিবেদন ঐ পরগনার ঐ সাকীমের শ্রীজয়দেব পণ্ডীত মোজে নলিআ গ্রামের শ্রীগয়ারাম দের নামে দেওআনি আদালতে ৪৩২ নম্বরে.........আরজী দিআ নালিশ করিআছিল তাহাতে শেরাস্তার উকীল শ্রীকালিপ্রশাদ বিশ্বাষ আমার নামে হাজীর জামিনি খত লিখীআ দিআ আপনি মাতবরী লিখীয়া দিআ শেরাস্তায় দাখীল করিআছে ঐ জামিনী খত আমী দস্তখত করি নাই এখন ঐ বিশ্বাশ মজুকুর ও জয়দেব পণ্ডীত খানখা খোদ হাকীমি করিআ আপন তরফ লোক দিআ আমাকে ধরিআ ঐ আশামির হাজীর কারন নাজীরের নিকট ধরাইয়া দিআ গারদে কএদ করাইয়াছে বিশ্বাষ মজুকুর শেরাস্তায় উকীল আইন ওয়াকীপ আছে তথাপী এইরূপ কারসাজী জামিনী খত দাখীল করিআ আমাকে কএদ করাইয়াছে শ্রীযুত সাহেব মুলুকের খামিন্দী জামিনি খত মিছিলে তলব করিআ নজর করিআ আমাকে খালাষ করিআ দিআইতে হুকুম হয় এহা দরখাস্ত নিবেদণ করিলাম ইতি।—

শ্রীগৌরহরি মণ্ডল—

৩৯৪। স ১০০৭

দরখাস্ত ফরিআদী হলধর পাত্র ও রাধামোহন কল্যা ও কানাই বেতাল ও কমল মণ্ডল ও দয়ারাম দলুই ও বোনমালি ঘড়ুই ও গৌর পাজ্জা শ্রীহরি মাইতি শ্রীহরি কল্যা সাং শ্যামবল্লবপুর পং রায়না।—সন ১[২]৫২ সাল—তারিখ—১৮ চৈত্রী—

আসামী—	তালুকদার—	পীতা—
শ্যামবল্লবপুরের ২ হিস্বার	রামনারায়ণ মুখোপাধ্যায়—	জগন্নাথ কল্যা—১
রাজকৃষ্ণ দে তালুকদারের	গোমাস্তা নবকুমার মুখোপাধ্যায়—	শ্যামাচরণ পসারি মণ্ডল—১
তরফ—	জগমোহন রায় তহসীলদার—১	হারু নগদী মণ্ডল—১
গোমাস্তা সীবচরণ নেউগী—১	রতন সরকার নগদী—১	মোহন দে মণ্ডল—১
বিধু কোটাল নগদী—১	ইস্বরচন্দ্র ঘোষ তালুকদারের	, সাং শ্যামবল্লবপুর

তালুকদার রামানন্দ রাএর তরফ—তরফ দ্বারিকানাথ হাজারা

গোমাস্তা সম্ভূচন্দ্র চক্রবর্তী—১ গোমাস্তা——১
অভয়চরণ লগদী—১ গুরুচরণ বৈষ্টব নগদী- ১

৪ ৯

বিবরণ এই জে গ্রাম মজুকুরে বহু কালের দরুন জমীজমার চাষ ইত্যাদী করিয়া মালগুজারি আদায় পূর্ব্বক বষবাষ করিয়া আসীতেছী কখন কোন আপত থাকে নাই বর্ত্তমান সনে আসামীআন আমাদ্দের পর কাহার ২ টাকা ও কাহার ৩ টাকা অন্যায় মামুট করিয়া চাহিবায় আমরা তাহাতে অস্বীকার হইলে আসামী মণ্ডল দীগ্যের জোগে ও আসামী গোমাস্তা দীগের জুল্যম দোরাত্রর দ্বারায় দরক্তান মহসীল দীয়া মামুট আদায় করিয়া লইতে উর্দ্দত হওায় একারণ হুজুরের শ্রীচরণ আশ্রয় লইয়া দরখাস্ত দানে প্রার্থনিয় জে থানা দেওানগঞ্জের দারগার নামে পরওানা হুকুম জাহের হয় জে আমার্দ্দের পর আসামীআন জুলুম করিয়া অন্যায় মামুট লইতে না পারে ইতি—

হুকুম হইল জে জুলুম দৌরার্ত বিসয়ে ছাত্রলালের এজাহার লওা জায়—তাং ৩০ মার্রর্চ—সন ১৮৪৬ সাল—

৩৯৫। ল ৫

৭ শ্রীশ্রীকৃষ্ণ।—

প্রতুল কর্ত্তা—

শ্রীমন মদিশ্বর শ্রীযুৎ বড় গোসামী জিউ শ্রীচরণ জুগলেষু—

গোসামী জীউ—

ভির্তানুর্ভিত্ত শ্রীজগমোহন দাষ দর্ত্তস্য অষ্টাঙ্গ সত কোটী প্রণামা নিবেদনঞ্চ আদৌ শ্রীযুৎ শ্রীচরণ যুভানুধেনোই করনোই তাহাতে এ ভিত্তর অহি পরমাত্যে নিতার বিসেষ কৃপাপত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম শ্রীযুৎ মদনমোহন মল্লিকের মারফতে ১ একটী টাকা আর কাপাষ ৭ সাত সের তিল ৪ চারি সের পাঠাই লইতে আজ্ঞা হইবেক—

আমাদ্ধের জমি কাজিয়া শ্রীরামপুরের কাসিনাথ রায়ের সহিত হইতেছে বড়ই উতপাতে পড়িয়াছী শ্রীশ্রী৺সিংহবাহির ঠাকুরানির নিকট পুজা করিবেন সিগ্র জেন আমাদ্ধের প্রতুল হয় আমার্দ্ধের কেবল শ্রীচরণ ভরসা শ্রীচরনে নিবেদন করিলাম ইতি তাং—২০ ভাদ্র—

৩৭৬ । শ ২২

৭ শ্রীশ্রীরামঃ—

শ্রীবলাই পাইক—

৺দুর্গাপ্রসাদ ভট্টাযার জমার জমীর ফসল ছাড়িয়া দিবে ইতি—

তা—২১ অগ্রহায়—

৩৭৭ । শ ২৩ ক

শ্রীশ্রীরামঃ ।—

জেলা নদিয়ার জজ শ্রীযুত রাক সাহেবের দেওান—

শ্রীযুত মুনিসি দাএমের নামে লিখন হয়—

সান্তিপূরের শ্রীযুত সিবচরন বিদ্যাবাচসপতি ভট্টাচার্য্য এহাকে এহার ভাআদরা নষ্টাম করিয়া নিরংসি করিয়াছে কারসাজি কথক গুলা লিখন করিয়াছে সেই লিখন ফাড়িয়া এহার ওয়াজিব অংস দেয়াইয়া দিবা তারা এক কারসাজী করিয়া এক পরো-আনা করিয়াছে সেই পরআনা তজবিজ করিলে এহার অংস পান মকোর্দ্দমা ডিগীরি হয় নাহি ইনি আমর্দ্ধের আসনার লোক ইনি অংস পাইলে ইহাতে আমী বহুত খুসি হইব ইতি তাং—১০ চৈত্র—

৩৭৮ । শ ২৪

শ্রীরামঃ

মহামহিম শ্রীযুত রামদুলাল তর্কবাগীশ ভট্টাচার্য্য মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীগোবিন্দরাম শর্ম্মা ও শ্রীকৃষ্ণচন্দ্র শর্ম্মা অবিচল পত্র মিদং কার্য্যঞ্চ আগে মৌজে রাধাকান্তপুর গ্রামে আমারদিগের পৈতৃক যজমান অনেকগুলি আছে তাহাতে কৃষ্ণদেব বাচস্পতি দিগের এক হিস্‌সা আমাদির্গের দুই হিস্‌সা আমার্দিগের ছোট খুড়া রাম চরণ ভট্টাচার্য্য বর্ত্তমানে ক্রিয়া কলাপ করিয়া জাহা পাইতেন তাহার অংশ বিভাগ মৎ আমার্দিগে দিতেন তাঁহার ৺প্রাপ্তি হইলে বাচস্পতি মজুকুর আমার্দিগে কহিলেন তোমরা গমনাগমন করিতে পারিবে না এইক্ষণে আমাকে যজমানের ক্রিয়া কলাপ করিতে দেহ তোমার্দিগে উপস্তত্ত হইতে সকলকে সাড়ে তিন তঙ্কা ৩৷৷০ দিব এই নিয়মে তিহঁ প্রবর্ত্ত হইয়া ক্রিয়া কলাপ করিয়া তাবৎ দিতেন তিহ অবর্ত্তমানে তাঁহার

পুত্র শ্রীগঙ্গাবিষ্ণু সার্ব্বভৌম কিছু দিতেন চাতুরি করিয়া অনেক দেন নাঞি অতএব আমরা সম্প্রতি আপন আপন বিভাগ মং যজমানের কিশমৎ করিয়া লইয়া ক্রিয়া কলাপ করিব ইহাতে সার্ব্বভৌম মজুকুর হিস্‌সা মাফিক যজমান বিভাগ করিয়া দেন্ না মিথ্যা কাগজ করিয়া দুঃখ দিতেছেন অতএব জমিদার মহাশয়েদিগের নায়েবের লিখন সালিসী আনিয়া মহাশয়কে দিইয়াছী আপনে বিচার্য্য তজবিজ করিয়া জে জবাব দিবেন সেই মঞ্জুর এতদর্থে অবিচল পত্র দিলাম নিবেদনমিতি—তারিখ ১১ ভাদ্র:

শ্রীরামগোবিন্দ শর্ম্মণঃ শ্রীকৃষ্ণচন্দ্র শর্ম্মণঃ সাং শঙ্করপুর

৩৯৯। শ ২৫

শ্রীকৃষ্ণ।—

স্মরণ—

৵৭ভৃত্য শ্রীগুরুচরণ দেবসর্ম্মণঃ।—

প্রণতীনামানন্ত্যং নিবেদনঞ্চ মহাসয়াসীর্ব্বাদাদেবাস্মত সারীরিক মঙ্গলং বিসেষঃ পরং আমি এতদ্ধে আগমনাবধি মহাসয়ের একখানি আসীর্ব্বাদি পত্র পাইয়াছি পরে বহুকাল পর্য্যন্ত কোন সংবাদ পাই নাই ইহাতে অত্যন্তোদ্বিগ্ন আছি অপর বনিকরা বাটীর লালিষ করিয়াছে লিখিয়াছিলেন তাহাতে আর উদ্বেগ হইয়াছে এবং সস্যাদি কিছু হয় নাই অপ্রতুল সমূহ হইয়াছে ইহাতে মহাসয় অত্যন্ত ব্যস্ত এবং আমি কি পর্য্যন্ত ব্যস্ত হইয়াছি তাহা লিখন সাধ্য নহে এখানের কাণ্ড প্রত্যাসীর ন্যায় শ্রীযুত রাম-ধন মিত্র বাবাজীর নিকট তদ্রূপ আছি মাত্র পূর্ব্ব যে সকল আশ্বাস করিয়াছিলেন তার কিছুই এ পর্য্যন্ত প্রকাসিত করেন নাই কহিলেই কহেন এ বিষয়ে মহাসয়কে অধিক কহিতে হইবেক না আর মাসেক থাকিতে হইবেক আমি মহাসয়কে সুস্থ করিয়া দেসে পাঠাইব ইহাতেই বদ্ধ আছি কিন্তু সেখানকার মঙ্গলাদি না পাইয়া সুস্থ হয়া জায় না এই পত্র পাইলের প[র] মহাসয় একখানি পত্র লিখিবেন আমি এখানে জৈষ্ঠ মাস সমুদয় থাকিব আষাঢ়ের দস বার দিবস মধ্যে যদি কিছু করিয়া বিদায় করেন তবে ভালই নতুবা দেস যাইব ইহা শ্রীচরণে নিবেদণ করিলাম এবং দুই এক জন বিজ্ঞ লোকের নিকট যাইব কহিলেও নিবারণ করেন ইহাতে বোধ হয় কিছু করিতে পারেন নতুবা এ পর্য্যন্ত রাখিতেন না আমার নিকট কিছু নাই যে মহাসয়কে পাঠাইয়া কিঞ্চিত সুস্থ করি এবং যার যার কর্জ নয়া গিয়াছে সে সকল লোককে কোন প্রকার করে আর দুই চারি মাস সান্ত করিবেন ৺ইছায় কোন প্রকারে পরিষোধ করিব বাটীর সকলের মঙ্গলাদি পত্র কোন প্রকারে একখানি পাঠাইবেন নিবেদনমিতি ১৪ জৈষ্টস্য—

অত্র পত্রে শ্রীযুত বীরেশ্বর ভট্টাচার্য্য ভায়া জ্ঞাত হইবেন বাটীর তত্তাবধান করিবেন ইতি—

পরম পূজনীয় শ্রীযুত কালীপ্রসাদ ন্যায় পঞ্চানন ভট্টাচার্য্য সেজ দাদা মহাসয় শ্রীচরণ কমলেষু—নিবেদন পত্র শ্রীগুরুচরণ সর্ম্মণঃ—পত্র দেনা—মোঃ সাতগাছিয়ার ঘটক পাড়ায়—

৭৪৷৹

৪০০। শ ২৬ ক

শ্রীহরিঃ—

স্বস্তি—করুণা বরুনালয় শ্রীযুত স্যাম সুন্দর রায় মহাসয় মহোগ্র প্রতাপেষু সমাশ্রিতস্য পরমাসী রাসি রসী মোহস্ত ভবদীয় ভচ্য মচ্যাহতমীহ মানস্য তদচ্যাহতং নিবেদনঞ্চ বিসেষঃ শ্রীযুত শ্লাঘ্যরাম ন্যায়ালঙ্কার আমার পিতৃব্য ইহারদের বিবাদে নালিষ হইয়াছে শ্রীযুত দুর্গাপ্রসাদ ভট্টাচার্য্যকে আদালতের ভার হইয়াছে অতএব মহাশএর নিকট জাইতেছেন সাক্ষাতে সকল নিবেদন করিবেন আপনি জ্ঞাত হইয়া ইহাদের বি[ষ]য় অন্যায় এমৎ মনোযোগ করিবেন কিমধিকতি—

৪০১। শ ২৭

শ্রীদুর্গা—

নং ১০১ নকল ছা[প] পারসী মোহর

চিঠি তলপ আসামী কাছারি কমিসেনী হাউস্ব আদালতে দেওয়ানী জেলা নদিয়া সন ১২২৭ সাল তাং ২৮ ফাল্গুন :

আসামী—	জন—	তঙ্কা—
সিবচন্দ্র বসু—	১	
মালজামিন		
তারিনীসঙ্কর চট্টো—	১	
সর্ব সাং সুজনপুর—		

২ ১২৷৶

সব্ব তোমার দিগের দুইয়ের নামে বহিরগাছি সাকিনের শ্রীরুক্মিনীপতি ভট্টাচার্য্য খতি কর্জ্জা বাবুদী বার টাকা এগার আনা দাবিতে আরজী দিয়া মোকাম হুজুরের আদালতের কাছারিতে নালিষ করিয়াছেন এ কারণ তোমার দিগের তলপ চিটি দেখিতে

সাত রোজ মেয়াদ মধ্যে কাছারি পছিয়া খোদ কিম্বা উকীলের দ্বারা জবাব দাখিল করহ ইতি—

৪০২। ন ১৭

৭ শ্রীশ্রীদুর্গা।—

সহায়।—

চৌকী কাইথি ও সিবরামপুর সামীল—
সমরসাহি পরগনার মৌজে ছোট বৈনানের মর্দ্ধে
মেরজাপুর নিবাসী শ্রীলক্ষীনারায়ন ভট্টাচার্য্য ও
শ্রীনবিনচন্দ্র ভট্টাচার্য্য— বাদিগণের—

ঐ চৌকীর ঐ পরগনার ঠাকুরনচক নীবাসী শ্রীকাসীনাথ কুণ্ড ও পুরহিত ঐ চৌকী ও পরগনার সেরপুর নিবাসী শ্রীসিবনারায়ণ চক্রবত্তি ও শ্রীজয়নারান চক্রবত্তি ও শ্রীরাঘব চক্রবত্তি ও শ্রীসর্ব্বেশ্বর চক্রবর্ত্তি ও শ্রীরাজনারায়ণ চক্রবত্তি ও শ্রীবিশ্বনাথ চক্রবত্তি প্রিতিবাদী দাবি সভাপণ্ডীত তৈলবট ১ টাকা আর প্রায়চিত্রের কাড় ৩০ কাহনের কড়ির সিকী ৭॥ কাহন মুর্ল্য ১॥ ডের টাকা একুনে ২॥ আড়াই টাকা পাইবার প্রার্থনা— আমাদ্দের নালীশের সর্ব্বত্র এই জে আমাদিগের পূর্ব্ব পুরুষ ৺সিবরাম চক্রবত্তি মহাসয় ঐ চৌকীর ঐ পরগনার আমাদ্দের বাষস্থল ঐ মেরজাপুর আয়মা ব্রহ্মত্তর আর সমরসাহি পরগনার মৌজে সেরপুর ও ষুন্দরপুর ও ঠাকুরানীচক দীঃ অনেক অনেক মৌজা বিধি বেবস্তা দেবার আর ঐ সকল গ্রামের ক্রীয়া সকলের আচায্য বরন ও সন্ত্রসি বরণ ও জলদান ও জজ্ঞেশ্বর ও দেবপক্ষ্য ও সভাভুজ্জি ও বেদীয় বিষ্ণুপূজা ও বাস্তুপূজা দীঃ অধিকার প্রাপ্য ও হাবিলি পরগনার মৌজে বাষুদেববাটীর আয়মা ব্রহ্মত্তর ও ঐ পরগনার অনেক অনেক মৌজার ক্রিয়া সকলের পাওনা উপরের লীখিত প্রথক প্রথক সনন্দ হাসীল করিয়া বিধি ব্যাবস্তা দিগর তৈলবট ও প্রায়চিত্রের কড়ির সিকি ও উপরের লিখিত সকল বিসয়ের পাওনা পাইয়া তাহার লোকান্ত হইলের পর তাহার পুত্র ৺অভিরাম চক্রবত্তি ভট্টাচার্য্য ও তাহার পর তাহার পুত্র ৺রামশ্বরন চক্রবত্তি ভট্টাচার্য্য ও তাহার পর তশ্ব পুত্র ৺টীকারাম চক্রবত্তি ভট্টাচায্য ঐরুপ দখলকার থাকীয়া লোকান্তর হইলে ৺ ঐ টীকারামে চক্রবত্তি ভট্টাচার্য্যর পা[ওনা] পুত্রর জেষ্ট ৺রামসঙ্কর চক্রবত্তি ভট্টাচার্য্য মর্দ্ধম ৺কালীসঙ্কর চক্রবত্তি ভট্টাচার্য্য ত্রিতিয় ৺রামদুলাল চক্রবত্তি ভট্টাচার্য্য চতুর্থ ৺শ্বামাচরন চক্রবত্তি ভট্টাচার্য্য পঞ্চম আমি শ্রীলক্ষীনারায়ণ ভট্টাচার্য্য আমার পিতা ও আমি ও শ্রীনবিনচন্দ্র ভট্টাচার্য্য আমার পিতামহ ৺পিরিতরাম

চক্রবত্তি ভট্টাচার্য্য ইহার পাঁচ সহদরে আপনাদ্দের পৌত্রিক বিসয় সকল পাচ অংস সমান করিয়া লইবায় ও দহত্র সন্তান দীঃ দেওা বাদ আমাদ্দের মৌরুষ ৺পিরিতরাম ভট্টাচার্য্য মহাসয়ের অংসে এই দুই পরগনার মর্দ্ধে মৌজে ঠাকুরানী চক ও মুন্দরপুর ও সেরপুর দীঃ ২১ একুষ মৌজা হইবায় তেঁহ উক্ত মৌজাহারের দস্তরমতে দখলকার থাকীয়া লোকান্তর হইবার পর আমরা সাবেক বদস্তর ভোগবান থাকীয়া আপনাদ্দের হিস্যার মৌজায় উক্ত ঠাকুরানীচক দীঃ মৌজা হাএর বিধি ব্যাবস্তা দিয়া তাহার তৈলবট আদী ও প্রায়চিত্রর কীত্ত সিকি হেশ্যা ও দান ক্রয়া আদী করাইয় দিব্যায়াদী লইয়া আসীতেছি তাহাতে কাহার কীছু আপর্ত্ত নাই সংপ্রিতি প্রিতিবাদি কাসীনাথ কুণ্ডুহ অঙ্গ মহাব্যাধির প্রায়চিত্র সন ১২৫৪ সালের [মাহ] অগ্রহায়ণে করিয়া কুণ্ডু মজুকুরের পুরহিত প্রিতিবাদি গণের সহিত জোগ সাজস করিয়া আমাদ্দের স্থানে ব্যাবস্তাদি না লইয়া ও সংবাদ না জানাইয়া ৩০ কাহন কড়ি উৎসর্গ করিয়া তৈলবট ১ টাকা ও কড়ি ৩০ কাহনের সিকী ৭॥ কাহন পুরহিত প্রিতিবাদী গনকে দীয়াছে উক্ত ক্রয়ায় তৈলবট ও কড়ির সিকী আমাদ্ধের পাওনা দুষ্টুতা মতে আমাদিগে না দিয়া পুরহিত প্রিতিবাদী গনকে দীয়াছে ধর্ম্মাবতার ঠাকুরানী চক গ্রামের অঙ্কপুর লোক পুরুহিত প্রিতিবাদীগণের সিশ্য থাকায় ওহাদ্দিগে সত্ব য়াসীতে পারে না এমতে হকীওতে নালীষ ভিন্ন উপরের লিখিত তৈলবট পাওনা ১ এক টাকা ও কড়ি ৩০ কাহনের সিকী ৭॥ কাহনের দাম ১॥ ডের টাকা একুনে ২॥ টাকা প্রিতিবাদী গনে স্থানে না পাইয়া প্রার্থনা দাবির কাগজের দাম ১ টাকা দামের সেটম কাগোজে আরজি দিয়া নালীষ করিয়াছি শ্রীযুত থাম্মিন্দি প্রিতিবাদী গনকে হুজুর তলব করিয়া দাবির টাকা তাবৎ আদায় মায় সুদ ও খরচা সমেত দেলাইতে আজ্ঞা হয় ইতি সন ১২৫৫ সাল—তারিখ ৫ আসাড়—

৪০৩। ন ১৮

শ্রীশ্রীকৃষ্ণ স্বরন।—

ইংরাজীর দস্তখাত— মোহর দলিলের নকল—

বাগরের দস্তখত—

১২৪৪ নং বিচার—

পরগনে শোমর সাহি মৌজে বৈনানের শ্রীটীকারাম দেবশর্ম্মার আরজ পরগনে হাবেলি ও পরগনে শোমর সাহি এই দুই পরগনার আবহমান সভাপণ্ডীতি ক্র্য়া করাইয়া আসীতেছি এহাতে জেখানে জেখানে প্রথম ছার্দ্দ হয় এহাতে কেহ চন্দন ধেনু করে তাহাতে আমি আবহমাণ পাইয়া আসীতেছি এহাতে হাবেলী পরগনার সীঙ্গারপুর

গ্রামের শ্রীরামকৃষ্ণ তেলির বাটীতে চন্দন ধেনু হইয়াছে তাহা কুণ্ড মজুকুরের পুর‍্যহিত শ্রীআত্মারাম চক্রবতি খানকা আটক করিয়া রাখিয়াছে তাহার মাযুলে কখন নাই মিছা বিরোধ করিতেছে সাহেব খামিন্দী চক্রবর্ত্তি মজুকুরকে তলপ করিয়া আমার মাযুল মাফিক চন্দন ধেনু দেলাইয়া দেন আরজ করিলাম ইতি সন ১১৭০ সাল—

হুকুম বনাম তৈহশীলদার ও শীকদার পরগণে হাবেলি ও সমর সাহি আরজীতে হকীকত বেওরা মালুম করিয়া শ্রীআত্মারাম চক্রবর্ত্তিকে তলপ করিয়া তজবিজ ওয়াক্কাই করিবে বাদী যুদামদ ইহারি আমল মামুলি এ বিত্তি জবর দস্তী করিয়া লইয়া থাকে তবে এহাকে দখল দেলাইবে জেন ই বাদি তাহা কেরাইয়া দীবে হজুর খপর লিখিবে ইতি সন ১১৭০ সাল তা—২৮ বৈসাখ—

৪০৪। ন ১৯

৭ শ্রীশ্রীহরি—

সন ১২০৮।—

মহামহিম শ্রীযুত জেলা বর্দ্ধমানের দেওয়ানি আদালতের সাহেব বরাবরেষু—

শ্রীরামজয় ঘোষ—
সাং হরিপুরা—

লিখিতং শ্রীরামজয় ঘোষ কস্য সাকীনাম পত্র মিদং কায্যঞ্চ আগে হাবেলী পরগনার দামুন্যা গ্রামের শ্রীগুরুপ্রসাদ ভট্টাচায্য আমার নামে সভাপণ্ডিতি অধিকার ৺বিষ্ণু মণ্ডব প্রীতিষ্ঠান দীং জলদান ও সভাবরন ও আচায্য বরন ও হুত্রিরি বরণ ও বেদীয় ৺বিষ্টু পুজা ও বাস্তু বেদীয় বাস্তুপূজা ও বেদী সামিগ্র হয় দীক্ষা ওগয়রহো পাওনা বলিয়া আমার নামে ও বালিয়া ও বাহামতি গ্রামের শ্রীনিধিরাম মুখপাধ্যা ও শ্রীগৌরদাসের নামে মোটে পাওনা ১১ এগার টাকার মোকদ্দমায় ১১২৯ নম্বরে আরজী দিয়া নালিষ করিয়া পেয়াদা আনিয়াছিলেন তাহাতে এ মোকদ্দমা আপসে গ্রামস্ত পঞ্চ ভাল মনস্য থাকীয়া ঐ নিধিরাম মুখপাধ্যা ও গৌরদাষ ঐ মোকর্দ্দমা মায় খরচা ফেরাদী মজুকুরকে দিয়া রাজী ক[রিয়া] রাজীনামা সাকীনামা করিয়াছেন আমা[দিগ্যের] ঐ মোকর্দ্দমায় মায় খরচা বেবাক দিয়া ......দিয়া রাজী করিয়া সাকীনামা পত্র আ ...

সাকীনামা পত্র লিখীয়া দিলাম—ইতি সন ১২০৮ সাল—তারিখ—২৪ [বৈসাখ]

ইসাদ—

শ্রীলালমোহ[ন] রায়	শ্রীগুরুপ্রসাদ সর্ম্মা	শ্রীগকুল ঘোষ	শ্রীরামদুলাল ঘোষ
সাং ফতেপুর	সাং তলিআড়া	সাং হরিপুর	সাং ফতেপুর

৪০৫। ন ২০ ক

৭ শ্রীশ্রীকৃষ্ণ—

সরণং—

শ্রীচরণাম্বুজেষু।—

প্রনামা সত কোটী নিবেদণঞ্চ বিসেষ দুই দফা আজ্ঞা পত্র পাইলাম নিমন্ত্রন পত্রের বিসয় পুর্ব্ব হয় নাই আমি আসাতে পুর্ব্ব সকল মিটীয়াছে তত্রাপী প্রসঙ্গ করিয়াছীলাম জে বেক্তী যুদ্রানি হইয়াছে তাহার সহীত বচসা হইয়া খেস্ত হওা গিয়াছে এ কারণ খবর লিখি নাই এবং শ্রীপাট ও গোপালনগর কোথাও পত্র হয় নাই যুগোচর কারণ নিবেদন লিখিলাম শ্রীচরনে নিবেদন ইতি—তাং—১অগ্রহাণ

শ্রীনবকৃষ্ণ মিত্র—

পরম পুজনীয় শ্রীল শ্রীযুত ঠাকুর পুত্র মহাসয় শ্রীচরনাম্বুজেষু।—

৭৪॥০

৪০৬। ন ২১ ক

৭ শ্রীশ্রীকৃষ্ণ।—

চরন পরায়ন—

ভিত্ত শ্রীরাজকৃষ্ণ দাস মিত্রস্য—

অষ্ট আঙ্গ প্রীনিপাত প্রনামা নিবেদনঞ্চাদো মহাসএর শ্রীচরনাযুভাম্বুধ্যান করনে তাহাতেই এ সেবকের অহিক প্রার্থিকের নিস্তার পরং এখানকার সমাচার হুগলি হইতে অদ্য পত্র আসিআছে জে যুনানি হয় নাই দুই তিন রোজের মদ্ধে হইবেক মহাসয় হুগলির বিসয় সাক্ষাতে জেমত কহিআছিলেন সেই মত করিআ থাকিবেন শ্রীরামমোহন মালিককে পাঠাই ইহার মারফত পাঠাইবেন জেমত জেমত করিতে হয় বিস্তারিত রোকায় লিখিআ পাঠাইবেন আর শ্রীমতি মাতা ঠাকুরানির কারন ঘৃত।০ এক পুওা পাঠাই ইহার জে প্রীতিকার হয় করিবেন শ্রীচরনে নিবেদন করিলাম ইতি—২০ চোই[ত্র] [শকাব্দ ১৭৪০]

শ্রীমন মদিস্বর—

শ্রীযুৎ ছোটঠাকুর মহাসয়—

শ্রীচরনাম্বুজেষু—

৭৪॥০

৪০৭। বি ৪৪৪

৭ শ্রীশ্রীহরি—

মহামহিম শ্রীযুত গদাই ঘোষ বরাবরেষু।—

লিখিতং শ্রীরামহরি চট্ট কস্য কবুলতি পত্র মিদং কায্যনঞ্চনঞ্চ আগে আমীহ আপনকার ইজার ও ইজার মর্দ্ধে আমাকে গোমাস্তাগীরীতে খিজমৎ বহন করিলেন আমীহ আপন খুসিতে কবুল করিলাম হুদা মল্য দৃষ্টে জখন জে কাগজ পত্র তলব হইবেক তাহা তৎখনাৎ দাখিল করিব কোন্ন কাজে খতরা করি তৎখনাত মাহিনা বাজেআপ্ত করিয়া লইবেন তাহা নালিষ করিব না জদী নালিষ করি ঝুট ও বাতিল চাকীরী মাল জামিন সাং যুগতে বিস্বনাথ ঘোষকে দিলাম খত লিখিয়া দিলেন খত দপ্ত তথ দাখিল হইল এতদার্থে আপন খোসিতে কবুলীত পত্র দিল ইতি সন ১২১৫ সাল— তারিখ—২২ আসাড়—

ইসাদী—

গোপাল ঘোষ — ঘোষ দাদা

সাঃ রূপপুর — সাঃ তস্য—

৪০৮। বি ৪৭০

শ্রীশ্রিহরিঃ—

সন ১২১৫।—

মহামহিম শ্রীযুত রামচন্দ্র ভট্টাচার্য্য মারফত শ্রীযুত কালিপ্রসাদ সর্ম্মা—

পঞ্চানন মহাসএর হাল—

লিখীতং শ্রীরামকানাঞী গন—

কবুলিয়ত পত্র মিদং সন ১২১৫ সকাব্দ—

লিখনং কার্য্যনঞ্চ। আগে মৌজে ডিহি সামিলা পরগনে মৌজে মজুকুরের মহাসএর ব্রহ্মাত্তর ধানী জমি ১০৲১॥ দষ বিঘা দেড় কাঠা ছিল তাহা আমাকে ঠিকা মুকরা পত্তন করিলেন আমীহ সইৎসা পুর্ব্বক কবুল করিয়া কবুলিয়া দিলাম ইহার মালগুজারি সই

সীক্কা হরবাবতে ঠিকা মোক্তা ২॥০ আড়াই টাকা সনবরসন দিব আবাদ বহাল করিয়া জমী সম্ভ ভোগ করিব ইহার পর কোন অন্ক দিব না জমি মিঞাদ ইস্তক সন ১২১৫ সাল নাগাদ সন ১২২০ সাল এই বরার্দ্ধে মালগুজারি করিয়া ইহার পর জমার ধার্য্য করিবেন তাহার মত মালগুজারি করিয়া এতদর্থে কবুলিয়া পত্র দিলাম ইতি—তারিখ—১৬ আশ্বীন

শ্রীরামকানাঞী গনস্য—

ইসাদ—

শ্রীগোরাচান্দ ঘোষ—সাঃ দিগরা—

শ্রীরামাঙ্গীনস্য—সাঃ গঙ্গারামপুর—

৪০৯। বি ৮৪৫ ক

৭ শ্রীশ্রীহরি—

ডৌল পাট্টা জমি জমা মৌজে সিদ্ধিপুর পরগনে মুড়াগাছা সন ১২২৪ ॥

তারিখ—	প্রজা শ্রীরাম দাষ—	২৬ আস্বিন—
আসামী—	জমি—	কাত—
।০	ষমুলা—	জমা—
রাইঅতি—	৭।০	২০।৶১৮
পাতকর—	৬৸২	১৫।৵১৮।
ঠিকা—	১৬৸১	৩৮॥⁄১৬
	৩০৸৩	৭৪॥২

তিরিস বিঘা আঠার কাঠা জমির কাত জমা বেল মক্তার সর্ব্ব যুদ্ধা চৌহুক্ত র টাকা আট আনা দুই গণ্ডা এক কড়া খাজনা সহি সিক্কা মালগুজারি করিআ জমিতে বসত করিআ তরূদ্দদ আবাদ করিআ পরম যুখে ভোগ করহ অপর কোন দাআ নাস্তি এতদাথে ডৌল পাট্টা—

৪১০। বি ৮৫১

শ্রীশ্রীহরি—

সহায়—

শ্রীকাসিনাথ মণ্ডল যুচরিতেষু যুভ জমি পট্টক পত্র মিদং কার্য্যঞ্চঃ আগে পরগণে পেচাকুলি তৎ বাজ হৈবতপুর মৌং নিজ বাজ হৈবতপুর গ্রামের মধ্যা আমার খৈরাদ্দি কেনা ও ৺কল্যাণ মণ্ডলের মহুলুল তিন বন্দের কাত ৩৸৬ তিন বিঘা আঠার কাঠা জমি

তোমাকে রাইয়তি জোত করিতে দিলাম এহার রাজস্ব সদর হার সরকারে মালগুজারি করিবা কিফাইত ১১।০ এগার তঙ্কা চার আনা আমার স্থানে সরবরাহ করিবা জমি হাজা যুখা ওজর করিবা না বিনিওজরে মালগুজারি করিবা এতদার্থে ঠিকা জমির পাট্টা দিলাম ইতি—সন ১২২৯ সাল—তাং—১১ জৈষ্ট—

শ্রীসহি বসুদেব মণ্ডল

৪১১। বি ১০৪৩ খ

৭শ্রীশ্রীরাম—

মহামহিম শ্রীযুৎ রামতনু চৌবে বরাবরেষু—

লিখিতং শ্রীরাম পাঠক কর্স্যা গাছ বিক্রয় পত্রমিদং কার্য্যঞ্চ আগে আমার পিতার হস্তরোপিত আম্র গাছ ১ একটী ও কাঠাল গাছ ১ একটী একুনে দুই গাছ রূপা বাগতির বাটীর উত্তর লাগা রাস্তার দক্ষিন এক ইজমালি আছে তাহাতে আমার সরিক কৃষ্ণ পাঠকের অর্দ্ধেক আমার অর্দ্ধেক আমি আপন হিস্যা তোমার নিকট ২৮ আঠিসা শ্বাবনে ৩।৴০ তিন টাকা পাচ আনা লইয়া বন্ধক রাখিয়াছী বন্ধক পত্র লিখিয়া দিয়াছী তাহার করার কার্ত্তীক মাসে সুদ সমেত টাকা বেবাক দিয়া খালাস করিব করার মাফীক টাকা না দিতে পারি এই মূল্যে ঐ দুই গাছের আপন হিস্যা বিক্রি করিব তাহাতে করার বহিভূত তিন মাহা গেলো কোন প্রকারে টাকা দিতে পারিলাম না অতয়েব ঐ দুই গাছের অর্দ্ধেক আপন হিস্যা আপন সইছাপূর্ব্বক ঐ ৩।৴০ তিন টাকা পাচ আনা মূল্যতে গাছ ও গাছের নিচের জমী সমেত তোমার স্থানে জর খরিদগী বিক্রয় করিলাম বৃক্ষ ফল ভোগ করহ কীম্বা কাটহ কীম্বা রাখহ সে এক্তার তোমার আমার সহিত এবং আমার ওয়ারিসান সহিত দাওা এলাকা নাস্তী এতদর্থে গাছ বিক্রী জর খরিদগী পত্র লিখিয়া দিলাম ইতি সন ১২১৬ সাল বারো সও সোল সাল তারিখ—২ দোসরা ফালুগুন—

শ্রীরাম পাঠক—সাং জুগসরা—

ইসাদ—

শ্রীগিরিধর সর্ম্মন—সাং যুগসরা—
শ্রীভগবান সম্মন—সাঃ জুগসরা—
শ্রীরামবল্লভ সেন সাং—ভূঞেড়া
শ্রীহারাধন দাস—সাঃ জুগসারা—
শ্রীদিমু ডোম— সাঃ জুগসরা—

শ্রীবিপ্রচরন ঘোষ—সাং ওমুতা—
তরফ যুগস্বরের গোমস্তা—
শ্রীসেবকরাম পাঁড়ে—সাঃ যুগসারা—
শ্রীপ্রাণকৃষ্ণ সর্ম্মা—সাং যুগসরা।—

৪১২। বি ১০৪৫

ইয়াদিকির্দ্দ সকল মঙ্গলালয় খরিদিগী কারক।—
শ্রীশ্রী৺লক্ষ্মীনারায়ণ দেব ঠাকুর সেবাইত শ্রীবংসিবদন সেন ওলদে শ্রীসাফলরাম সেন ও শ্রীরামলোচন সেন ওলদে শ্রীভোলানাথ সেন ইবনে খেলারাম সেন সচ্চরিতেষু। খরিদিগীদাদে বিত্তশ্যামি লিখিতং শ্রীগঙ্গাগোবিন্দ সম্মণঃ ওলদে সিবনাথ সম্মণ ইবনে কৃষ্ণকান্ত সম্মণ ও শ্রীশ্যামকিসোর সম্মণ ও শ্রীকণ্ঠারাম সম্মণঃ ওলদে কৃষ্ণকান্ত সম্মণ ইবনে বাবুরাম সম্মণ খরিদিগী পত্র মিদং সন ১১৯৯ এগার সও নিরানর্ব্বই সাল আব্দে লিখনং কার্য্যঞ্চ। আগে আমারদ্দিগের্গের তালুক কীসমত মৌজে সাব্বদ ও গয়রহ আমলে পরগনে বিরাহিমপুর ওগয়রহ সরকার ওড়ম্বর মুতালুকে চকলে মুরসিদাবাদ মহাল খালিসা সরিফা রকম।/১৪।৵ পাচ আনা চোর্দ্দ গণ্ডা ডেড় কড়া জমা তকসিম মবলগে ৭১৵/১৬৸৵ একাত্তরি টাকা দুই আনা সোল গণ্ডা সাড়ে তিন কড়া মাফীক তপসিল জএন আমাদ্দিগে হইতে আবাদ তবদুদ ও মালগুজারির সরবরাহ হইলো না এবং আইন্ধা হইতে হবেক না এমতে আমারা আপন আপন সের্চ্ছাপুর্ব্বক কিসমত হায় মজকুরা দবোবস্ত মাল ও সাএর সজলস্থলে সপ্রজে সবিক্ষে সবিজে চতুসিমা ছায়াদ্রুদে হাসিল ও পতিত ও জঙ্গল ও জলকর ও বনকর ও ফলকর ও তালাবহা ও বাগাত ও ইশজ্ঞাবাত মেয়াদার ও গর মেয়াদার বিক্ষাদি সেওাই দেবত্তর ও ব্রহ্মত্তর ও পিরান ও ফকীরান ও মহোত্রান ও নাথরাজ ও খানাবাড়ী ও সখ্যাত পুস্কন্নী ও হস্তরোপীত বিক্ষাদি আপনকাকে খরিদিগী দিয়া অর্স্য পন মবলগে ৯৭ সাতানর্ব্বই টাকা সিক্কা বায়জন ওক্ত পুরা ওজন নগদ দস্তবদস্ত সেবাইত মজকুরেরদ্দিগের্গের মারফত বেবাক বুঝিয়া পাইয়া আপন কাবেজ তসরুপে আনিয়া তালুক মজকুরার মালগুজারির বাকীতে দাখিল করিলাম আপনে তালুক মজকুর আমল দখল করিয়া সদরমর্খলে আমাদ্দিগের্গের নাম খারিজ করাইয়া আপন নামে তালুক লেখাইয়া সেবাইত মজকুরেরদ্দিগের্গের মারফত এবং তাহাদ্দিগের পুত্র পৌত্রাদি ক্রেমে আবাদ তবদুদ ও মালগুজারির সরবরাহ করিয়া পরম ষুখে ভোগ করহ দান বিক্রয় সত্যাধিকার আপনকার কশ্চীনকালে আমাদ্দিগের্গের সহিত ও আমাদ্দিগের্গের ওয়ারিসান সহিত দাওা এলাকা নাস্তী নমাইদ জদি কশ্চীন কালে কেহু দাওা করি কীম্বা করে সে ঝুটা বাতিল এতদর্থে কওালা খোস খরিদিগী পত্র দিল ইতি—

শ্রীকণ্ঠারাম সম্মণ —
তালুকদার কীসমত সাব্বদা ওগয়রহ—
শ্রীশ্যামকীসোর সম্মণ—
তালুকদার কীসমত সাব্বদা ওগয়রহ—
শ্রীগঙ্গাগোবিন্দ সম্মণ—
তালুকদার কীসমত সাব্বদা ওগয়রহ—

তপশীল জএন—	৭১৵/১৬৮৵
রকম ।/১৪।৵ কাত তকশীম—	কীসমত মৌজে অমর
কীসমত মৌজে সাব্বদ—	ঘোষ বাটী—পরগনে
আমলে পরগনে বিরাহিমপুর—	দাদুসাহি—রকম
রকম ৵/১৭৵ কাত জমা তকশীম—	৵/১৭। কাত জমা তকশীম—
৬৮৵/১৭।৵	২৮৶/১৯॥

ইতি সন ১১৯৯ এগার সও নিলানর্ব্বই সাল বাঙ্গলা চরাখিরি—তারিখ—১০ দসএৗ মাহ বৈশাখ—

ইসাদ—

শ্রীরামলোচন দেবসম্মণ—

তালুকদার কীসমত সাব্বদা—

শ্রীজীবনকৃষ্ণ দেবসম্মণ—

তালুকদার কীসমত সাব্বদা—

৪১৩। বি ১০৪৬

শ্রীশ্রীরাম—

পারশী মোহর

ইয়াদিকির্দ্দ সকল মঙ্গলালয় খরিদীগী কারক শ্রীগিরিধর নাএক য়োলদে শ্রীরামকান্ত নাএক ইবেনে শ্রীহটু নাএক সুচরিতেষু খরীদিগী দাদে বিত্তস্বামি শ্রীজয়চন্দ্র পাড়ে ওলদে শ্রীঅভয়চরন পাড়ে ইবেনে গোরাচান্দ পাড়ে কর্ষ্য নাখেরাজ জর খরিদিগী কোয়ালার কবজ পত্র মিদং কায্যনঞ্চ য়াগে আমার পোয়ত্রীক ব্রহ্মত্তর পরগনে সেরপুর মোজে সলফার মধ্যে ইহার চতুসীমা দুর্গাচরণ পাড়ের বাস্তু বাটীর দক্ষী[ন] ৺মন্দীরের তদ নাগা রাএর খানাবাটীর পুর্ব্ব পথ তাহার পুর্ব্ব নাগা দক্ষীন তাড়ি আত গাছের উত্তর নাগা ভট্টাচার্য্যের পতিত বাস্তু বাটীর পছিম নাগা এই চতুসীমা মর্ধ্যে জব্দ কাঠা চাহার দস্তী মাফীক তপস্বীল মবলগে /২৻১০ দুই কাঠা দষ গণ্ডা বাস্তু বাটী তোমাকে জর খরিগী দিঞা য়র্স্থ য়োচিত পনবাহা য়ায়জন য়োক্ত পুরা য়োজন সীকা সহি মবলগে ৩ তিন টাকা দস্তবদস্ত লইঞা আপন কাবেজ তষুরূপে আনিঞা বাস্তু বাটী ময়ুকুর তোমাকে সইর্ছা পুব্বা লাখেরাজ জর খরিদিগী দিল তুমি বাস্তু ময়ুকুর আপন কাবেজ তষুরূপে আনিঞা প্রজা বসতাদি জে সেচ্ছা তাহা করিয়া পুত্র পোয়াত্রাদি ক্রমে পরম যুখে

শ্রীজয়চন্দ্র পাড়ে—
সাং জুগসরা—

ভোগ করহ দান বিক্রএর সত্তাধিকার তোমার আমি ও আমার য়োয়ারিসান সহীত দয়া এলাকা নাস্তী নমাইদ জদি কস্মীনকালে দায়া করি এবং আমার য়োআরিসান জদি কেহো দায়া করে সে বাতিল এতদর্থে জর খরীদীগী কোয়ালার কবজ দিল ইতি সন ১২০১ সাল—বার সও এক সাল তারিখ—২৬ ফাগুন—

ইসাদী—

শ্রীবাবুরাম সর্ম্মা— সাং সলফা—
শ্রীহিরারাম পাড়ে—সাঃ সলফা—
শ্রীরামপ্রসাদ সর্ম্মা—সাং যুগসরা—
শ্রীতুলুসীরাম সেন—সাঃ সলফা—
শ্রীআমিরচন্দ পাঁড়ে—সাঃ সলফা—
শ্রীপরমানন্দ দেবশর্ম্মা—সাঃ সলফা—
শ্রীরাজচন্দ গোপ—সাঃ সলফা—
শ্রীহরিচরন চৌবে—সাঃ যুগসরা—
শ্রীবালকরাম সর্ম্মণ সাঃ সলফা—

৪১৪। বি ১০৪৭

৴৭শ্রীশ্রীহরি—

শ্রীইন্দ্রনারায়ন ঘোষ
সাং জুগসরা—

ইয়াদিকির্দ্দি সকল মঙ্গলালয় শ্রীভোলানাথ নাএক সুচ্চরিতেষু লিখিতং শ্রীইন্দ্রনারায়ন ঘোষ কস্য বাঁসঝাড় বিক্রী জর খরিদগী কওালা পত্রমিদং সন ১২১৭ বার সও সতের সাল আব্দে লিখনং কার্য্যঞ্চ আগে মোজে যুগসরার মধ্যে ছোট ঘাটা পুস্কনীর পছিম গাবা ডোম পাড়ার দক্ষীন আমার হস্তরোপীত বাঁস ২ দুই ঝাড় আছে তাহা আমী আপন সইছা পুর্ব্বক বাহুস বহাল তবিয়তে আপনকার নিকট বিক্রয় করিয়া অস্য উচিত পনবাহা মবলগে ৪ চারি টাকা সিক্কা দস্তবদস্ত লইলাম বাঁস দুই ঝাড় আপনে তদবির করিয়া পুত্রপোত্রাদিক্রমে পরম শুখে ভোগ করহ আমী ও আমার ওয়ারিশান সহিত কালে কস্মীন দাওা নাস্তী এতদর্থে বাঁস বিক্রয় কওালা পত্র লিখিয়া দিলাম ইতি সন সদর তাং— ৩ আশাড়—

ইসাদ—

শ্রীগদাধর দায—সাং আকুন্ধী—
শ্রীসংস্কর গুঞি—সাং যুগস্বরা—
শ্রীভারথচন্দ্র গুঞি—সাং যুগস্বরা—
শ্রীভাগবত গোপ—সাঃ যুগসরা—
শ্রীচিদাম সৌ—সাং যুগসরা—
শ্রীদিগম্বর ডোম কোটাল—সাং যুগসরা—
শ্রীনারায়ন রুজ—সাঃ যুগসরা—

৪১৫। বি ১০৪৮

৴৭শ্রীশ্রীকৃষ্ণঃ ॥—

চরণ সহায়—

ইয়াদিকির্দ্দি সকল মঙ্গলালয় খরদি কারক শ্রীরামকৃষ্ণ চক্রবত্তি ওলদে ৺ভবানিপ্রসাদ চক্রবত্তি ইবনে দুখহরন চক্রবত্তি সাকীন শ্রীহট্টী পরগনে সরূপ সিংহ সচ্চরিতেষু খরদিগী দাদে বিত্তিস্বামি লিখিতং শ্রীমতি ব্রহ্মমহি দাস্যা ওলদে ৺ মানিকচন্দ্র ঘোষ ইবনে পদ্মলোচন [ঘোষ], সাকীনান পাচখুপী দরিবাস সাকীম শ্রীহট্টী পরগনে সরূপসিংহ কস্য জর খ[রিদিগী] কওালা পত্রমিদং সন ১২৪৩ সাল আব্দে লিখনং কার্য্যঞ্চ আগে মতালকে জিলা বিরভোম পরগনে সরূপ সিংহ লাট শ্রীহট্টীর মধ্যে মৌজে নিজ শ্রীহট্টীতে আমার পীতার সৌপাজ্জীত খরদিগী নাখেরাজ বাগীচা ও সমুরালয়ের পাওনা মহোত্রান বসতবাটী ওগয়রহ সার্ম্মক বিত্তি দখিলকার থাকীয়া আমাকে ঐ সকল বিত্তি দাওা করিয়াছেন তিহো অবর্ত্তমান অবধি আমী ঐ সার্ম্মক বিত্তির দখিল-কার আছি দখিলকার থাকীয়া আমী আপন সইর্ছা পুর্ব্বক বাহুস বাহাল তবিয়তে বিনা উপরোধে কান্দর পার আম্ব্র বাগীচা নাখেরাজ ইহার চৌত্তুসিমা ধেন পুস্কন্নীর উত্তর জহির হালসাহানার মালের জমির পুর্ব্ব কফীল থানাদারের বাগীচার দক্ষিণ হাসনু মিরের মালের জমির পছিম এই চৌত্তুস্বিমা মধ্যে জব্দরসী আসী দস্তী মৌওাফিক তপসিল আম্ব্র বাগীচা মায় বৃক্ষাদি মৌওাজী ১৴ এক বিঘা সরকার পুস্কন্নীর পশ্চীম পাড় বৃক্ষাদি ৩ তিনটা এই সকল আপনকার নিকট বিক্রয় করিয়া অস্য পনবাহা বায় জন ওক্ত পুরা ওজ সহি সিক্কা মবলগে ১২৲ বারো টাকা দস্তবদস্ত লইয়া আপন কাবেজে তসরূপে আনিলাম আপনি ঐ সকল আপন দখলে কাবেজে আনিয়া দান বিক্রয়ের সত্তাধিকারি হইয়া পুত্র পৌত্রাদি ক্রেমে পরম ষুখে ভোগ দখল করহ আমী ও আমার ওআরিসান সহিত দাওা এলাকা নাস্তি কস্বিনকালে দাওা করি কীম্বা আমার ওয়ারিসান সহিত দাওা নাস্তি জদি কেহু দাওা করে সে ঝুটা বাতিল নামঞ্জুর এতদর্থে নাখেরাজ জর খরদিগী কওালাপত্র লিখিয়া দিলাম ইতি সন সদর তারিখ—অগ্রহায়ন—

শ্রীমতি ব্রহ্মমহি দাস্যা—
বঃ শ্রীরামতনু দাষ—
সাঃ দাসপুর—
সাঃ হাল শ্রীহট্টী—

তপসিল—

আসামী—জমী—কাত—

১ দাগে— বৃক্ষাদি—

ইসাদ—

শ্রীরাধামাধব সীংহ—

সাঃ শ্রীহট্টী—নিসান সহি—

বাগীচা—

১ বঃ—১/ ৫৪

২ দাগে—জায়—

সরকার পুস্কর্নির—অম্ব্র বৃক্ষ—১৮

পশ্চীম পাহাড় জাম— ২

অস্বত্ত বৃক্ষ—২ অর্জুন— ৬

বট বৃক্ষ—১ তাল গাছ ছোট—২৫

বাষ—৩

৩ ৫৪

শ্রীবৃন্দাবন চক্র—সীহ—

সাঃ শ্রীহট্টী

শ্রীবাঞ্ছরাম ভট্টাজ—নিসান

শ্রীপাচকড়ি চৌবে দী—

সর্ব্ব সাঃ শ্রীহট্টী

শ্রীশ্যামলাল সীংহ—

সাং শ্রীহট্টী—

মওাজী এক বিঘা হবেক দফা……গাছ পনবাহা ১২৲ বার টাকা সীক্কা দস্তবদস্ত পাইয়া বিক্রি করিলাম—সন সদর তারিখ—সদর—

৪১৬। বি ১০৪৯

/৭শ্রীদুর্গা—

শ্রীতুলসি মোদকানি—
সাঃ জুগসরা—

ইয়াদিকৃর্দ্দ সকল মঙ্গলালয় খরিদগী কারক শ্রীপ্রানকৃষ্ণ নাএক ওলদে ৺ভোলানাথ নাএক ইবনে ৺রামকান্ত নাএক সাকিম জুগসরা বরাবরেষু— সচ্চরিতেষু খরিদগী দাদে বিত্তিস্বামি লিখিতং শ্রীতুলসি মোদকানী ওলদে নারায়ন মোদক ইবনে বদ্দিনাথ মোদক সাকিম জুগসরা কস্য নাখেরাজ খনিৎ পুষ্করিনী জর খরিদগী বিক্রি কওালা পত্র মিদং সন ১২৪৭ বার সও শাত চল্লিষ সাল আব্দে লিখনং কার্য্যনঞ্চাগে মতালকে জেলা বিরভোম পরগনে খারিজা কিত্তিহাট। মৌজে জুগসরার মধ্যে আমার পিতার খনিত পুষ্করিণী বনামে মোয়ার পুষ্করিণী…পুষ্করিণীর দক্ষিণ ছোট ঘাটা পুষ্করিণীর পুর্ব্ব এই সরহর্দ্দ মধ্যে মওাজি জল ও পাহার ২৷৹ দুই বিঘা পোনের কাঠা এক পুষ্করিনী আছে আমার পিতা সন্তান রহিত আমী সন্ততি পিতা য়াপন মাল আমোয়াল ও নেস্ত বিত্তাদি ও পুষ্করিণী ও হস্তরোপিত বৃক্ষাদি ও গয়রহ জে কিছু সাম্যক আপন সইছাপুর্ব্বক মাই ভদ্রাসন আমাকে হেবা করিয়া হেবানামা পত্র লিখিয়া দিয়া ঐ ভদ্রাসনে আমার বসত বাষ করাইয়া আমার বিবাহ দিয়া গ্রহজামতা রাখিয়াছিলেন আমি হেবা প্রাপ্তাবধি ঐ ভদ্রাসনে অবিরোধে বাষ করিয়া মাল

আমোয়াল নেস্ত বিত্তাদি সাম্যক দখলিকার হইয়া আছি এক্কনে আমি আপন সইছাপুর্ব্বক বিনা উপরোধে বাহুষ বাহাল ভবিয়তে ঐ মোয়ার পুষ্করিনী মজুকুর মওাজি জল ও পাহাড় মায় বৃক্ষাদি ২৮ দুই বিঘা পোনের কাঠা আপনকার নিকট বিক্রয় করিলাম অস্য উচিৎ পনবাহা বায়জন ওক্ত পুরা ওজন সহি সিক্কা মবলগে ৩৬ ছত্তিষ টাকা নগদ দস্তবদস্ত লইয়া য়াপন কাবেজ তস্বরূপে আনিলাম আপনি পুষ্করিনী মজুকুর আপন দখল কাবেজে আনিয়া মৎস্য জেলাই করিয়া পাহাড়ে বৃক্ষাদি ও ঘাষ লাগাইয়া ও খনন করিবার ইছা হয় জে সেছা তাহা করিয়া পুত্র পৌত্রাদি ক্রমে পরম শুখে ভোগ করহ দান বিক্রয় সত্তাধিকার আপনকার আমি ও আমার ওয়ারিশান সহিৎ কস্মিনকালে দাওা এলাকা নাস্তি কালে কস্মিন আমি কিম্বা আমার ওয়ারিশান কেহু দাওা করি ও করে সে ঝুটা ও বাতিল আদালতে নামঞ্জুর এতদর্থে নাখেরাজ খনিত পুষ্করিনী বিক্রি কওালা পত্র লিখিয়া দিলাম ইতি শন ১২৪৭ বার সও সাতচল্লিষ সাল তারিখ—১৪ পৌষ—

ইসাদ—

শ্রীরামকিশোর শর্ম্মা—সাং শ্রীহট্টী—
শ্রীপদ্মোলোচন পাল—সাঃ কোয়াজী পাড়া—
শ্রীসনাতন মণ্ডল—শ্রীভাগবৎ দাষ তাতি—সাঃ যুগসরা—
শ্রীহরোসিত মণ্ডল—সাং যুগসরা—
শ্রীগুরুদয়াল দত্ত—সাঃ যুগসরা—
শ্রীলালমোহন মদক—শ্রীপরেষ গরাঞি—
সাঃ জুগসরা—

শ্রীকনেস দাস তাতি—সাঃ জুগসরা—
শ্রীমথুরদাষ তাতি—সাঃ যুগসরা—
শ্রীবংশী চৌকীদার—শ্রীমানিক চৌকীদার—
শ্রীসন্ন্যাসি চৌকীদার—শ্রীশ্যামা চৌকীদার—
সাকীনান যুগসরা—শ্রীসিবুপ্রসাদ পাড়ে—
সাঃ যুগসরা—

৪১৭। বি ১০৫১

৭শ্রীশ্রীদুর্গাঃ—

ইয়াদি কির্দ্দ সকল মঙ্গলালয় খরিদগী কারক।—শ্রীপ্রানকৃষ্ণ নায়েক ওলদে শ্রীভোলানাথ নায়েক ইবনে রামকান্ত নায়েক সর্চ্চরিতেষু খরিদগী দাদে বিক্তস্বামি লিখিতং শ্রীআতরশী সর্ম্ম রায় ওলদে গুলাপচন্দ্র সর্ম্ম রায় ইবনে পরমেস্বর রায় কস্য নাখেরাজ জর খরিদগী কওালা পত্র মিদং সন১২২৮ বারো সও আঠাইস সাল আব্দে লিখনং কার্য্যঞ্চ আগে মোতালকে জিলা বিরভোম পরগনে কাঠগড় মৌজে মুক্তাপুরের মর্দ্ধ্যে আমার পৌত্রিক ব্রহ্মোত্তর বড় দগড়্যার পুর্ব্ব চেঙ্গমারার মাঠ তাহার চতুস্বিমা ভাগবত মণ্ডলের মালের জমীর পছিম গগন মণ্ডলের মালের জমীর দক্ষীন ও পুর্ব্ব স্যাম রাজ-

পুতের মালের জমীর উত্তর এই চতুস্বিমা মধ্যে জব্দ চাহার দস্তী কাঠা মোওাজী সালি॥ দস কাঠা ঐ মোওাজী মযুকুর আমি আপন সইছা পুর্ব্বক বিনা উপরোধে আপন খুসিতে বাহুস বহাল তবিয়তে আপনকার নিকট বিক্রয় করিয়া অস্য উচিত পনবাহা বায়জন ওক্ত পুরা ওজন সহি সিক্কা মবলগে ৫পাচ টাকা দস্তবদস্ত লইয়া আপন কাবেজ তসরুপে আনিলাম আপুনী জমী মযুকুরা আপন দখল কাবেজে আনিয়া আবাদ তবদ্দুদ করাইয়া দান বিক্রয়ের সত্তাধিকারি হইয়া পুরুসক্রমে পরম শুখে ভোগ করহ আমী ও আমার ওয়ারিসান সহিত দাওা এলাকা নাস্তী কস্মীন কালে দাওা করি কীম্বা কেহ করে সে বাতিল এতদর্থে নাখেরাজ জর খরিদগী কওালা পত্র লিখিয়া দিলাম ইতি সন সদর তারিখ—২২ বাইসা আশাড়—

ইসাদ—

শ্রীনিলকণ্ট সেন—সাঃ সলফা—
শ্রীসামাচরণ সম্মা—সাং সলফা—
শ্রীহারাধন হাষ চৌকীদার—সাঃ সলফা—
শ্রীরঘুনাথ চক্রবত্তি—সাং সলপা—
শ্রীআতরসিরাম সম্মন সাঃ সলপা—
শ্রীবদনচরণ চক্রবত্তি—সাঃ সলফা—
শ্রীগুরুচরণ কোটাল—সাং মিজাপুর—
শ্রীভারথ কোটাল—সাং তিলঙ্গা—
শ্রীভগিরথ সমা সাকিম সলফা

৪১৮। বি ১০৫৩

৭ শ্রীশ্রীরাম—

চরনে স্বহায়—

(ফারশী মোহর ও সহি)

ইআদী কির্দ্দি সকল মঙ্গলালয় খরিদিগী কারক শ্রীগিরিধর নাএক ওলদে রামকান্ত নাএক ইবনে হটু নাএক শুচরিত্রেষু খরিদগি দাদে বিত্তী স্বামী লিখীতং শ্রীআদরমুনি দেব্যা মত স্বামী অভয়চরন তেয়ারি ওলদে চণ্ডিচরন তেয়ারি ইবনে স্বজ্যমুনি তেয়ারি কন্য জর খরিদীগী বাগীচা জমী কওালা পত্র মীদং সন ১২০১ সাল বার সও এক সাল আব্দে লিখনং কাজ্যনঞ্চা আগে আমাদির্গের পউত্রিক ব্রহ্মত্তর বাগীচা জমী পরগনে খড়গা ওগয়রহ মর্দ্দে মোজে যুগসরাতে ইহার চতুরসীমা চরথ পুস্কনির উত্তর এই সালি গাবা লাগা বদনচান্দ নাএক ওগয়রহ আম্ব বাগীচার পুর্ব্বনাগা ছুট ঘাটা পুস্কনির দক্ষিন রামনাথ নাএকের বাগীচা তাহার দক্ষিন নাগা বেবস্থার পশ্চিম নাগা এই চতুসিমা মর্দ্দে চদ্দ রসি আসী দস্তী মাফীক তপসীল জএন মবলগে

শ্রীআদরমুনি দেব্যা—
সাং যুগসরা—নিসানি সহী—

মওাজী ৷৷২ বার কাঠা বিঘা পতিত বাগীচা জমী বাদ সরিক হিস্বা ৷৷১০ আট আনি সাড়ে কমে ৷১৭৷৷ ছয় কাঠা সাড়ে সাত গণ্ডা সেয়াই নিজ সাড়ে সাত আনির কমে ৷০১২৷৷ পাচ কাঠা সাড়ে বার গণ্ডা আছে তাহা তোমাকে জর খরদগী দিঞা অম্ম উচিত পনবাহা বায়জন ওক্ত পুরা ওজন সীক্কা সহী মবলগে ১ এক টাকা লইয়া আপন কাবেজ তসরূপে আনিঞা বাহুষ বাহাল তবিয়তে সইৎসা পুর্ব্বক বাগীচা জমী মজুকুর তোমাকে খরিদগী দিল তুমি জমী মজুকুর আপন কাবেজ তষরূপে আনিঞা আবাদ তবদুদ করিঞা এবং বাগীচা নাগাইয়া কিম্বা প্রজা বসতাদী করাইঞা ক্রে সেছা তাহা করিয়া পুত্র পৌউত্রাদী ক্রমে পরম শুখে ভোগ করহ দান বিক্রয় সত্তাধিকার তোমার কস্মিন কালে আমী ও আমার ওয়ারিসান সহিত দাওা এলাকা নাস্তী জদি কস্মিন কালে দওা করি কিম্বা আমার ওয়ারিসান কেহু দাওা করে সে ঝুঠা বাতিল এতদর্থে জর খরদগী কওালা পত্র দিল ইতি সন সদর তারিখ— ২ মাঘ—

ইসাদী—

শ্রীজগন্নাথ তেআরি সাঃ যুগসরা—

শ্রীসঙ্কর দাষ—সাং সলপা—

শ্রীরামকিসোর চোবে সাঃ জুগসরা

শ্রীহরগোবিন্দ সর্ম্মণ সাঃ যুগসরা—

শ্রীরাজচন্দ্র ঘোষ— সাং পধুপতীবাটী—পং কীং সন্দপ সীংহ—

৪১৯। বি ১০৬১

৭শ্রীশ্রীরামঃ—

হিঃ শ্রীভলানাথ নায়েক—

সাং জুগসরা—

জমা—		খরচ—	
সন ১১৮৬ সাল—		সন ১১৮৬ সাল—	
নগদ—		খাতায় বাকী—	৭
মাং পাব্বতি নায়েক —	১৩	লোয়ারাম নায়েক—	
মহীনাদ—	২১	৯ চৈত্র—	
মাং লক্ষিরায় ম—	১৫	গু পাব্বতী নায়েক—	৯
স্সনতি—		১৪ রোজ—	

শ্রীতরতচাদ
সাং উতকল—

জমা—	
সন ১১৮৭ সাল—	
মাহ বৈসাখে—	৪
	৫৩
মহীনাদ—	১০

খরচ—	
গু পাব্বতী নায়েক—	২৫
২৩ রোজ্জ—	
গু পাব্বতি নায়েক—	২০
দফে—	৩
ঐ—	৫৩
বাকী—	১১
মহানা খরচ—	১০
ভলা[না]থ নায়েক—	
	২১
ঐ—	১০
বাকী	১১

শ্রীশ্রীরামঃ—

শ্রীভারত সম্মন—
সাং ইড়কল—

ইআদিকির্দ্দি সকল মঙ্গলালয় শ্রীভোলানাথ নাএক লিখিতং শ্রীভারত চন্দ্র শম্মনঃ ফারখতি পত্র মিদং সন এগার সও অষ্টাসি সাল আব্দে লিখনং কায্যঞ্চাগে তোমার সহিত আমার সন এগার সও ছিআসি সাল ইস্তক নাং সন অষ্টাসি সালের না ১০ চৈত্র জে জে বাবত কায্য ব্যেপার দেনা লেনা ছিল তাহা আমি সকল সমুঝিঞা পাইঞা তোমাকে ফারক দিল এবং তোমার জেষ্ঠ স্থানে হায়লাত ছিল এবং শ্রীলোহারাম নাএকের স্থানে জে ছিল সকল তোমার স্থানে পাইঞা সকল বিসএ ফারক দিলাম এ বিসএ কস্মিন কালে দওা করি সে মির্থা এতদর্থে ফারখতি পত্র দিল ইতি—

সন ১১৮৮ সাল তা—১০ চৈত্র—

ইসাদ—শ্রীউদয়নারায়ন সীংহ—সাং সলপা—শ্রীপ্রান[না]থ রায়—সাঃ সক্তীপুর—শ্রীকালিচরণ সর্ম্মা—সাঃ সলফা—

৪২০। বি ১০৬২

৭শ্রীশ্রীদুর্গাঃ।—

চরনে শ্বরণং—

ফিরিস্তী তালিক র্কওালা—

সন ১২২৭ বারো সও সাতাস সাল—

তারিখ— ১১ স্বাবন—

আশামী— কীত্তা—

সন ১২০৮ সালের—

৪ ফাল্গুন—

জিলা বিরভোম—

বেজযুরি—

সেটাম কাগজ— ১

সন ১২১৫ সাল—

দং বদনচান্দ নাএক—

ও নয়ানচান্দ—

সিবতলার পুব্ব—

সেটাম কাগজ—১

কওালা—

সন ১২১৪ সাল—

দং রামপ্রশাদ সরকার—

সোনাকোড়ার বাড়ী—

সেটাম কাগজ—

কওালা—১

সন ১২১৬ সাল—

দং মানিকা ডোম—

তাল গাছ খরিদ—

ডোম পাড়ার—

বাঙ্গলা কাগজ—

কওালা—১

সন ১২০৯ সাল—

ব্রহ্মোত্তর পত্র—

সলফার বাড়ী—

দং কালি মুখজ্যা—

বাঙ্গলা কাগজ—১

সন ১২০১ সাল—

দং জয় পাড়ে—

সলফার বাড়ী—

কওালা বাঙ্গলা—

কাগজ—১

সন ১২০১ সাল—

সিবু রায়—

সাং সলফা—

সিবতলার বাড়ী—১

সন ১২০১ সাল—

কাশীনাথ নাএক—

সাং উদ্ধবা—

বাস্তু গয়রহ—১

সন ১২০১ সাল—

আদরমুনী দৈব্যা—

বাগীচা—১

সন ১২০১ সাল—

জগদিস পাড়ে—

সাং উদ্ধবা—

বাগীচা—১

৪২১। বি ১০৬৮

৭শ্রীশ্রীদুর্গা—

মহামহিম শ্রীযুত প্রানকৃষ্ণ নায়েক বরাবরেষু।—

লিখিতং শ্রীকনকমুনি সেনী দাস্যা কস্য অস্বত বৃক্ষ বিক্রী কওালা পত্র মিদং সন ১২৩৪ বারো সও চোতিস সাল আব্দে লিখনং কায্যঞ্চ আগে পরগনে কাঠগড় মৌজে যুগসরার মধ্যে আমার স্বামি বনামে ভাগবত সেনের খরিদা দরুন গৌর চোবে ও রাম চোবে ও নবকীশোর চোবে তালবোনা পুস্কন্নীর অগ্নীকোন পাহাড় অস্বত এক বৃক্ষ খাড় পুস্কন্নীর উত্তর পাহাড় ঘাটের পছিম অস্বত এক বৃক্ষ একুন দুই বৃক্ষ আমার খরিদা ঐ দুই বৃক্ষ আমি আপন সইছা পূর্ব্বক আপন খুসিতে বাহুস বহাল তবিয়তে আপনকার নিকট বিক্রয় করিয়া অস্য উচিত পনবাহা মবলগে সিক্কা ১১ এগার টাকা দস্ত বদস্ত লইয়া আপন কাবেজ তসরূপে আনিলাম আপুনী ঐ বৃক্ষ মযুকুর আপন দখল কাবেজে আনিয়া দান বিক্রয়ের সত্তাধিকারি হইয়া বৃক্ষ মযুকুর বহাল রাখেন কিম্বা ছেদন করেণ সে এক্তার আপনকার আমি ও আমার ওয়ারিসান সহিত দাওা এলাকা নাস্তি কস্মীন কালে দাওা করি কীম্বা কেহু করে সে বাতিল এতদর্থে অস্বত বৃক্ষ বিক্রয় কওালা পত্র লিখিয়া দিলাম ইতি সন সদর তারিখ—৪ জ্যেষ্ঠী—

শ্রীকনকমুনি সেনী দাস্যা—
সাং যুগসরা—

ইসাদ—

শ্রীশ্রীকণ্ঠ বড়ন সাঃ যুগসরা—

শ্রীরামচন্দ্র চোবে—সাং যুগসরা—

শ্রীভারত চৌকীদার—সাং যুগসরা—

শ্রীসিবপ্রসাদ ধর—সাং যুগসরা—

শ্রীদিগম্বর চোকীদার—সাং যুগসরা—

শ্রীমধুবুদন চৌবে সাঃ যুগসরা—

শ্রীবংশী চৌকাদার—সাং যুগসরা—

শ্রীসনি চৌকীদার—শ্রীরাজকীসোর গোপ—সাং যুগসরা—

শ্রীভাগবৎ দাষ—শ্রীবদন দাস—সাং যুগসরা—

শ্রীশ্রীকণ্ঠ দত্ত—শ্রীনফরচন্দ বর্দ্ধন—সাঃ জুগস্বরা—

[১থ সন ১৮২৭।১ ফেরিবেল—/৭ শ্রীরতিকান্ত আনা মোহরাকান্ধা—জেলা বিরভোম খরিদার প্রানকৃষ্ণ নাএক দীঃ—৶ আনা—

৪২২। বি ১১০৪

শ্রীশ্রীদুর্গা—

শ্বহায়—

মহামহিম শ্রীযুত প্রশাদ গিরি মহাশয় বরাবরেষু লিখিতং শ্রীগঙ্গারাম কটাল ও শ্রীগোপাল কটাল সাকীন মাল জাটীয়াগড় পরগণে অরঙ্গানগর কস্য ধান্যের কীস্তীবন্দী পত্রমিদং কায্যাঞ্চাগে আমরা জে মহাশয়র স্থানে তমযুক দিআ ধান্য বাড়ি লইআছিলাম তাহার ওয়াশীল বাদে বাকী ১৮ আঠার আড়ি ধান্য আমাকে দেনা হইল এই ধান্য দিবার মেওাদ কিস্তীবন্দী নিচের তপশীল মত সন সন আদায় দিব এই করারে না দি মেওাদ খিলাপ হয় মাফিক আইন আমলে আশীব এই তদার্থে ধান্যের কিস্তীবন্দী পত্র লিখিয়া দিলাম—ইতি—সন ১২৭০ সাল—তারিখ—২ কার্ত্তিক—

দঃ শ্রীগঙ্গারাম কটাল—
(ওড়িয়া সহি)
দঃ শ্রীগোপাল কটাল—

শ্রীপতিরাম তাওত (?)
নবিশিন্দা সাকীন
ব্রজলালচক
পং অরঙ্গানগর—

তপশীল—

কিস্তীবন্দী— ইশাদ—

সন মজকুর—৬ শ্রীমল্ল শাঁতরা সাং পাটনা—পং অরঙ্গানগর—
সন ১২৭১ সাল—৬ (ওড়িয়া সহি)
সন ১২৭২ —৬ শ্রীনারায়ণ মাইতি—সাং ব্রজলালচক—পং—ঐ

১৮ (ওড়িয়া সহি)

শ্রীছোট বৃন্দাবন পাটনা—সাং ব্রজলালচক—পং অরঙ্গানগর—
(ওড়িয়া সহি)

মং ৵০ দুই আনা—

সন ১৮৬২ বাশোটী শাল তাং ৯ লই আক্টোর্ব্বর মোং কৃষ্টনগর পং গুমগড় মতালকে জেলা মেদনিপুর—খং গঙ্গারাম কটাল শাং মাললাটীয়াগড়—পং অরঙ্গানগর—শ্রীকৃষ্ট-প্রশাদ প্রধান—বেণ্ডর—

৪২৩। বি ১১০৬

শ্রীদুর্গা—

শ্বহায়—

মহামহিম শ্রীযুক্ত প্রসাদ গারি মহাশয় বরাবরেষু—নিঃ শ্রীঅভিরাম বাড়্যাই ৺হিরু বাড়ির পূত্ত্রর জাতিএ বাগতি পেশা চাষ সা এড়্যাশাল প্রঃ মুজামূঠা কস্য বার মাহার মজুরের কোবলত পত্রমিদং কার্য্যনঞ্চাগে আপনকার বাটীতে বারমাহা রুজু হাজির থাকিয়া মজুরু খাটীতে থাকিব দর মাহা ফি মাহা মাত্র খরাকি ১৶ এক টাকা বার আনার হিসাবে পাইব এবং অরঙ্গানগর প্রগনার সশীগঞ্জ মোউজাএ আপনকার নিজোতি জমি জাহা আছে ঐ জমি আবাদ তোরুতুৎ করিতে থাকিব দর মাহা ফি মাহা সয়াএ খরাকি ১।০ এক টাকা চারি আনা হিসাবে পাইব জদিসাৎ আমার গাফিলী ও গরহাজির যতত গিরস্তি ও চকের চাসের কুক্ষের খেতি হয় জাহা দাবি করিবেন তাহা নিজ হইতে সম্ধ জায়া দিব তাহাতে না দেই নষ্টতা করি চলীত আএন জারি দরাএ দাবি মাত্র খরচা আদাএ করিআ লইবেন এখেনে আগামি দাদন ২০৲ কুড়ি টাকা সাখগন সাখদাএ দস্ত বদস্ত নগদ বুঝিয়া লইয়া বার মাহা মজুরের কোবলত পত্র লিখিয়া দিলাম ইতি—সন ১২৭৯ সাল—তাং—৮ চৌত্র—

ইশাদ—

শ্রীমনসারাম মণ্ডল—সাং উঃ বোড় বাড়ি—প্রঃ মুজামূঠা—

শ্রীমুচিরাম বেরা—সাং সামমুন্দরপূর—প্রঃ অরঙ্গানগর—

শ্রীফকির বেরা—সাং উত্তর বোড় বাড়ি—প্রঃ মুজামূঠা—

শ্রীঅভিরাম বাড়্যাই—

নবসন্দা—

শ্রীকান্তরাম মণ্ডল—সাং উত্তর বোড় বাড়ি—প্রঃ মুজামূঠা—

[১খ ১৫৯৬ রেঃ ৩নং মং ৵০ দুই আনা—সন ১৮৭২ বাহাত্তর শাল তাং ১৮ আঠরাই মার্চ মোং সন ১২৭৯ সাল—তাং ৭ চৈত্র মোহাঁশয়র জেলা মেদনীপুর—খঃ অভিরাম বাড়াই সাং এড়াশাল—পঃ মুজামূঠা—শ্রীতারাপ্রসাদ খাঁও—বেণ্ডার—

৪২৪। বি ১১০৭

শ্রীশ্রীদুর্গা—

শ্বহায়—

মহামহিম শ্রীযুত প্রশাদ গিরি মহাসয় বরাবরেষু।—

লিখিতং শ্রীমনসারাম বেরা সাকিন নন্দপুর ও শ্রীবেচু পড়্যা সাকীণ রামপুর পরগণে

অরঙ্গানগর কস্য ধান্তের কীস্তীবন্দী পত্র মিদং কাজ্যাঞ্চাগে আমরা জে মহাশয়র নিকট ধান্য বাড়ি লইয়াছিলাম তাহার হিশাব বাকী ⁄০ এক বিশী ধান্য আমাদিগে দেনা হইল উক্ত ধান্য দিবার মেওাদ সণ মজকুরের মাহা মাঘ মাহাতে ১০ দষ আড়ি মাহা বৈশাখ মাহাতে ১০ দষ আড়ি এমতে উক্ত ধান্য বেবাক আদায় দিব এই করারে না দি মেওাদ খিলাপ হয় মাফিক আইণ আমলে আশীব এই তদার্থে ধান্তের কীস্তীবন্দী পত্র লিখিআ দিলাম—ইতি—সণ ১২৬৯ সাল—তারিখ—১৪ পৌষ—

ইশাদ—

শ্রীহাড়ী পাটলা—সাং ব্রজলালচক—পং অরঙ্গানগর—এ সই—

নিঃ শ্রীমনশারাম বেরা—

(ওড়িয়া সহি)

নিঃ শ্রীবেচু পড়্যা—

(ওড়িয়া সহি)

শ্রীঘটিরাম সাষমল—সাং উর্ত্তর বড় বাড়ি—পং—ষজামুঠ—য় সই—

শ্রীনিধিরাম ভূঞা—নবিশীন্ধা সাকীণ—ব্রজলালচক—প অরঙ্গানগর—

[১খ মং ।০ চারি আনা—সন ১৮৬১ আঠার সও একসট্টী সাল তারিখ ৩০ তিরিষা আক্টবর মোং কমলপুর—জেলা মেদনিপুর খং নিত্য প্রধান সাং ব্রজলালচক পং অরঙ্গানগর—

শ্রীগুরুপ্রসাদ বক্সী—মোহরির—

৪২৫ । বি ১১১১

⁄৭শ্রীশ্রীদুর্গা—

শ্বহায়—

মহামহিম শ্রীযুত প্রশাদগিরি পুত্র ৺কৃপারাম গিরি সাং উত্তর বড় বাড়ি পং যুজামুঠা এলাকে থানা নন্দীগ্রাম জেলা মেদনীপুর বরাবরেষু।—

৺বড়খাণ সাহেব সেবাইত শ্রীদুলু শাহা ও শ্রীমৌজাদি শাহা পুত্র ৺ইমামুদী শাহা সাকীণ এড়াশাল—পং যুজামুঠা—

কস্য মেওাদী ইজারা পট্টক পত্র মিদং কায্যাঞ্চাগে। যুজামুঠা পরগণার এড়াশাল গ্রামের ৺সাহেবের ৪৭৩ নম্বরের হাশীল সনন্দের লিখিত ১৪।১৪ চৌদ্দি মাল চৌর্দ্ধ খুট জমি আমাদের দখলে আছে। তনমর্দ্ধে উক্ত পরগণার উক্ত সাকিণের চিঠার ২৪৫।৬০১।

শ্রীরামচরন দত্ত শ্রীহরেকৃষ্ণ সরকার শ্রীবিজয়রাম পাঁজা শ্রীদয়ারাম দে শ্রীনিত্য সরকার—

৫৯৯। ন ৩৭

৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণঃ—

সন ১২০৯ সাল—

সাঃ তালুক বইনান—

পরম পুজনীয়—

শ্রীযুত সভাপণ্ডীত মহাশয় বরাবরেষু।—

লিখিতং শ্রীমোহন পাল কস্য হকিকত পত্র মিদং কাজ্যঞ্চ আগে। আমি ভট্টাচার্য্য

মহাসয়ের বাটীতে মাহিনদার চাকর আছি শ্রীযুৎ চক্রবর্ত্তীর একটী আদান্ত বকনা গরু ভট্টাচার্য্য মহাশএর কর্প ফসল খাইতেছিল আমি একটী ডেলা মারিয়াছিলাম দৈবাত অই ডেলা গরুটীর মাথায় লাগীয়াছিল তাহাতে গরুটী কাছারির বড়তলায় পড়িয়া রহিল কতক্ষণ বাদে রক্ত মুখ দিয়া পড়িয়া গরুটী মরিয়াছে মহাসয় কর্ত্তা সাস্ত্রানুসার বেবস্তা আজ্ঞা হইবেক এ পত্র গ্রামের সোল আনা থাকীয়া কাছারি মোকামে হইল এতদার্থে হকিকত পত্র লিখিয়া দিলাম ইতি—সন ১২০৯ সাল—তারিখ—৮ আশ্বিন—

শ্রীমোহন পাল—সাং বইনান—

৬০০। ন ং৮ ক

শ্রীশ্রীকৃষ্ণজী—

মহামহিম শ্রীজুৎ রাজ সভাপণ্ডীত—মহাশয় বরাবরেষু।—

শ্রীরামঃ—
শরণং—
শ্রীহরপ্রসাদ নন্দী—
সাং ছোটবইনান—

লিখিতং শ্রীহরপ্রসাদ নন্দী কস্য হগীকত পত্র মিদং কার্জ্জ্যানঞ্চাগে—পরগনে শমর সাহি মৌজে ছোটবইনান গ্রামে বসবাষ করিয়া আসিতেছি সন ১২৩৬ সালের ২৩ চৈত্রে বেলা আদাজী আড়াই প্রহরের শময় মাটে হইতে লাগল করিয়া আসিয়া বাটীতে দেখিলাম জে গাভি দোহন হয় নাই বচ্ছাটী রর্দ্ধে বাধা আছে এ প্রজুক্তে বাটীতে রাঁগ করিয়া বচ্ছাটীর গলা হইতে দড়ি খুলিয়া দিলাম দিবার পর বচ্ছাটী গাভির দুগ্ধ্য পান করিতে জাইতেছিল আমি তাহার পর পিছে পিছে জাইয়া দুগ্ধ্য পান করিতে না দিএ হাথে করিয়া ঠেলিয়া দিলাম দিবার পর দাওা হইতে বচ্ছাটী নিচে পড়িয়া গেল পড়িয়া ভিমির মতন হইল এহা দেখিয়া আমি তৈল জল বচ্ছাটীর মাথায় দিলাম এবং অল্প জল তাহার মুখে ঢালিয়া দিলাম তাহাতে উদুরস্ত হইল কীছু ক্ষেন বাদে ঐ বর্চ্ছটী মরিয়া গেল এহার জে সাস্ত অনুসার জে বেবস্তা হয় তাহা দিতে আজ্ঞা হয় আমি অতি দারির্দ্ধ এহা নিবেদন করিলাম—ইতি সন ১২৩৬ সাল—তারিখ ২৪ চৈত্রী—

ইসাদ—

শ্রীসিবপ্রসাদ সিংহ শ্রীগোলামচরণ নন্দী—সাং বৈইনান শ্রীপ্রাণকৃষ্ণ নন্দি সাং বইনান শ্রীরামধন মণ্ডল সাং বইনান শ্রীপ্রসাদ কর্ম্মকার সাং বইনান শ্রীঅভয় চক্রবর্ত্তি সাং বইনান শ্রীরামধন নন্দী সাং বইনান—

॥ বৈষয়িক ॥

৬০১ । বি ৫৪০ক

৭শ্রীশ্রীহরি—

স্বহায়—

মহামহিম শ্রীজুৎ য়সেষ সাস্ত্র অর্দ্ধাপক মহাশয় বরাবরেষু—

লিখিতং শ্রীগঙ্গাধর নাগ ও শ্রীনিবাষ নাগ ও ৺গৌর নাগের পুত্র চন্দমোহন নাগ ও ৺খেত্রনাথ নাগ ইহার পরিজন নাম যুরধনি দাস্য ও দ্বারিনাথ নাগ কস্য হকিগত পত্রমিদং কাযানঞ্চাগে আজমতসাহি পরগনা মোজে য়ড়া আমাদের বাষতুল আমি গঙ্গাধর নাগ শ্রীনিবাষ নাগ আমি চন্দ্রমোহন নাগ আমার পিতা ৺গৌর নাগ আমরা ৺অর্দ্ধইত নাগের প্রতম পক্ষের সন্তান আমি দ্বারিনাথ নাগ আমি যুরর্দ্ধনি দাস্যা আমার সামি ৺খেত্রনাথ নাগ আমরা দুতিয়া পক্ষের সন্তান আমরা এক য়ন্নে এক কারবারে থাকিয়া আমি যুরর্দ্ধনি দাস্য আমার য্যামি ৺খেত্রনাথ নাগ ৺গঙ্গা প্রাপ্তি হয় তাহার পর আমার কন্নের বিবাহ দিই এখনে ভাত্রে বিরদ হৈয়াছে আমরা সকলে সাস্তমাগ্য করিয়াছি সাস্ত য়নুসারে কিমত য়ংশ ধায্য হয় অনু পূর্ব্বক বেবস্তা দিতে য়াজ্ঞা হয় ইতি—১৮ আসার—

শ্রীগঙ্গাধর নাগ শ্রীচিনিবাস নাগ শ্রীচন্দ্রমোহন নাগ শ্রীদ্বারিকানাথ নাগ শ্রীস্বুরধনি দাস্যা সর্ব্ব সাকীম য়ড়্যা—

ব্যবসায়-বাণিজ্য

॥ ব্যবসায়-বাণিজ্য ॥

(১১৫৫ সন)

৬০২ । বি ৫৪১

৭শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১১৫৫ সাল—

হিং লখিরাম দাষ সাং গড়গড়্যা—

জমা—	খরচ—
৫ ভাদ্র—	২২ শ্রাবন—৫৲
৩৬ গজ—১ - ২॥০	গুং খোদ—

জমা—

১১ রোজ—

৩৬ গড়া—১—২॥

৫৲

হিং রামজিউ দত্ত সাং গড়গড়্যা—

জমা—

১৫ ভাদ্র—

৩৬ হাতা ১—২॥৫

২৪ রোজ—

৩৬ হাতা ১—২।৶

৪৮৶৫

বেতি ৭ রোজের—।৵

দং স[ন] ১১৫২—

সনের বকয়া

সিক্কা—।৵

৫।৴৫

খরচ—

সিক্কা—৫৲

খরচা—৻১২॥

৫৻১২॥

বাদ তং—৫৲

বাকী—৻১২॥

খরচ—

২ ভাদ্র—৫৲

গুঃ নয়ান—

সিক্কা—৫

৪টা অগ্রহায়ণ—৫৲

সিক্কা—৫

খরচ—৻১২॥

৫৲১২॥

বাদ তং—৫।৴৫

দেনা— ।১২॥

॥ খাজানা ॥

(১১৮০-১২৩৬ সন)

৬০৩। বি ৫৪২

শ্রীশ্রীরামঃ—

স্বহায়—

পরম পূজনিয় শ্রীযুত ঠাকুর পুত্র মহাশয় শ্রীচরণজুগলেষু—

সেবক শ্রীকেবলরাম দাশ দর্ণ্ডব্য প্রনামা অশঙ্খ্য নিবেদনঞ্চা আগে মহাশএর শ্রীচরন আশীর্ব্বাদে এ শেবকের প্রাণগতিক সমস্ত মঙ্গল বিশেষঃ শেহারার মাথটীর পাওন ১ একটী টাকা পাঠাই পঙছিবেক শ্রীযুত নকুড় সীহ মারফত পাঠাই আর রামকৃষ্ণ-পুরের ব্রহ্মোত্ত জমির ধান্য কাঠার ৶০ তিন সলি হইয়াছে মজুদ রাখিয়াছি জেমত আজ্ঞা

করেন তদনুসার করিব ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি—২৫—বৈশাখ—পত্রে দোস মাপ আজ্ঞা হইবেক নেকরাড় নাস্তী—ইতি—[সন ১১৮০ সাল]

[১খ শ্রীরামঃ—

খসাল মাজী—৪৬
কৃষ্ণ বৈষ্ণব—১
সূত্রধর—১
বিজয় মাজি—১
কুলিন্দে—১
ব্রজ মণ্ডল—১
গোতান—১
মালীক—৬
পাঁচু মাজী—১

১২॥

গোতান—
সাফল্য দত্ত —২
বেলাড়—১
চৈতন পাল—১

১৫॥

বাকী—লুই খাঁ—
আদায় গু—
মধ্যম ৩৵১০ নও ৪৵১০ ছোট ৪৵১০
মধ্যমং জেটা ৫ কাত ।০
নিজ পাই—৬৴০
এক দফা—।৴১০
জলদান—১০
গোস্বামির খাস—১

৬০৪ । বি ৫৪৩ক

৭ঁশ্রীশ্রীরাধাকান্ত জীউ—
প্রতুল কৰ্ত্তা—

(মোহর)
জগমোহন সিংহ

পরগণে সেনভোম—

লাট তিলোড় দরুণ মৌজে খুদ্রাপুর ও চক পলাশী ও নাএকবাজার ও একোম্বা ও উদয়পুর ও বাথরপুর ও চক শ্রীকৃষ্ণপুরের প্রজাহায় ও পাইক কোতওয়াল সাকিনান-বর্গেযু প্রতিবেদানঞ্চ যাগে মৌজে মজকুরাণ মোকাম ইলামবাজারের শ্রীমেস্তর জাণ এস্কীণ সাহেবকে মপস্বলী পত্তনী তালুক দেওয়া গেল সাহেব মহযুপ মাফিক কবুলতি কিস্তীবন্দী আমলে আনিয়া মালগুজারি আদীর সরবরাহ করিবেণ তোমরা ঞিহার নিকট রুজু হইয়া আবাদ মালগুজারির সরবরাহ করিবা কোনো বাবতি পুসীদা না করিবা—ইতি—সন ১২৩৬ সাল—তারিখ—৩০ ত্রিষা ভাদ্র—

৬০৫। বি ৫৪৪

৭শ্রীশ্রীহরি—

নকল সুদ—

প্রমাণ— (মোহর)

১নং— শ্রীশ্রীরেবতীরমণচরণচারিণী শ্রীমতী গঙ্গামুনী দেবী শন ১২৩০

পরগনে বারহাজারি—

লাট ডিহিপাড়া সামিল হুদা মেঁচার কম্মচারি যুচরিতেষু লিখনং কাজঙ্গাগে শাকিম কল্যানপুরের শ্রীকেসবানন্দ অধীকারি দরখাস্ত করিলেন হুদা মজকুরের মর্দ্ধে মেঁচার সামিল মাট মণ্ডলবান্ধায় ইহার শ্রীশ্রী৺জিএর দেবর্ত্তর শালি জমী ৩/ তিন বিঘা আছে ঐ জমির ।৵ ছয় আনা পঞ্চক সাবেক বদস্তুর সরবরাহ করিলেন ইহার পঞ্চক জমা করিয়া লইবে ইহার জমির কোনহ আপত্য করিবে না ইতি—শন ১২৩২ বার সও বত্রীষ সাল—তারিখ—২৮ আঠাশ্যা আস্বীন—

॥ কর্জ্জ-দাদন ॥

(১১৮৪-১২৩০ সন)

৬০৬। বি ৫৪৫

শ্রীহরিঃ—

সন ১১৮৪ সাল—

হিসাব—	নাগদী—
শ্রীরঘুনাথ চুনারী—	১১৮৪ সালের চৈত্র
কর্জার	/ এক আনার দর
আসল—১৬	২৯ উনত্রিষ মাষের কাত—১৭
সুদ—	৩৩
ইং ১১৮২ মাহ আগ্রহায়ন	ওয়াসীল—৯
	বাকী—২৪

[১খ

শ্রীহরিঃ—

ওয়াশীল—

তঙ্কা—

শ্রীরঘুনাথ চুনারী—

সন ১১৮২ শাল—

মাহ চৈত্র—২ তঙ্কা আড়কাঠ

সন ১১৮৩ সাল মাহ চৈত্র—

গুং শ্রীজগতরাম ম্বখোপধ্যায়া ৫ [ত]ঙ্কা আকোট

গুং রামচাঁদ চট্ট—২ আকোট

তাহা কমী—৵ দুই আনা—

৬৭। বি ৫৪৬ক

৭ঁ শ্রীদুর্গা— ৭ঁ শ্রীশ্রীকৃষ্ণঃ—

শরণং—

শ্রীশ্যামা জয়তি—

মহাজন শ্রীজগতুল্লব ভট্টাচার্য্য—

হিং শ্রীরাজকিসোর স[র]কার—

মোওতা ওআরিস গঙ্গানারায়ণ সরকার—

ওআশীল—

ওং সন ১২৩০ সাল—

১৬ আসী নাং—

২৭ রোজ—

১৬ ৭ একুনে—২৩৲

বাকী—

দাদন তঙ্কা—

সন ১২২৯ সাল—

৯।২০ পোষ—

সীক্কা—৪৯৲

তলব ষুদ—

ইং পোষ—

নাং চৈত্র—

৪ মাহা—১৮৶১৭ ১৮৶১৭

৫০৮৶১৭

ষুদ—

সন১২৩০

নাং জৈষ্ট—

২ মাহা—৸৶১৮॥ ৸৶১৮॥

৫১৸৶১৫॥ ২৸৶১৫॥

ওং—

১৬ আসল—

নাং ২৭ রোজ ২৩৲ ২৸৶১৫॥

বাকী ২৯৸৶১৫॥

২৮৲ ০ ৸৶১৫॥

তলব ষুদ—

সন.১২৩০ সাল—

ইং আসাড়—

নাং চৈত্র—

১০ মাহা—২৸১৭॥ ২৸১৭॥

ইং সন ১২৩১সাল—

নাং সন১২৩৯সাল—

মুখতে ৯ সন—

তলব ষুদ—৩০।৶৪ ৩০।৶৪

ষুদ—সন১২৪০সাল—

ইং বৈসাখ—

নাং ফালগুন—

১১মাহা ৩⁄৭। ৩⁄৭।

৩৪।৶১৸

বাকী ৩৭।⁄৪।

আসাল

২৮ ২৮৲

৬৫।⁄৪।

৬০৮। চ ১

শ্রীশ্রীহরিঃ—

মহামহীম শ্রীজুৎ রামতনু সিংহ মহাসয় ব্ররাবরেষু—

লিখিতং শ্রীগৌরহরি তাতী দে কষ্য কজ্জপত্রমিদং কাজ্জঞ্চাগে য়ামি তোমার স্থানে নগদ সিক্যা ৫ পাচ তঙ্কা কজ্জ করিলাম এহার ষুদ ফি তঙ্কে ১০ য়র্দ্ধ য়ানা একুনে দর-মাহা ৵১০ আড়াই আনা করিয়া দিব টাকা করার মাহ চৈত্রী ষুদ সামেদ টাকা দিব এ করারে নগদ টাকা পাএ খতপত্র লিখিয়া দিলাম ইতি—সন ১২১২ সও তারিখ—১৮ আসাড়—

[১খ ইসাদ—

শ্রীপ্রসাদ কুণ্ড—সাঃ বুইনান—

শ্রীঠাকুরদাষ দে—সাঃ বইনান—

শ্রীনিতাই বারিক সাঃ বইনান –

শ্রীগৌরহরি দে তাতি—সাঃ বইনান—

×

৬০৯ । চ ২

শ্রীশ্রীহরিঃ—

মহামহীম শ্রীজুৎ রামতনু সিংহ মহাষ বরাবরেষু—

লিখিতং শ্রীসার্থক পাল তাতি কয্য কজ্জপত্রমিদং কাজ্জঞ্চ য়াগে আমি তোমার স্থানে নগদ সিক্যা ৬ ছয় তঙ্কা কজ্জ করিলাম এহার যুদ ফি তঙ্কে ১০ য়র্দ্ধ আনা একুনে দরমাহা ৵ তিন য়ানা করিয়া দিব এ টাকার করার মাহ চৈত্রী যুদ সামেদ টাকা দিব এ করারে টাকা নগদ পাএ খতপত্র লিখিয়া দিলাম ইতি—সন ১২১২ সও তারিখ—১৮ আসাড়—

শ্রীসাথক পাল তাতি—সাঃ বইনান—

×

[১খ ইসাদ—

শ্রীঠাকুরদাষ দে—সাঃ বইনান—

শ্রীনিতাই বারিক—সা বুইনান—

শ্রীপ্রসাদ কুণ্ড—সাঃ বুইনান—

বিবাদ-বিসম্বাদ

(১৮৪৮ খৃ)

৬১০ । বি ৫৪৭

শ্রীশ্রীহরি—

সেবক শ্রীকালিদাশ নন্দীণঃ ।—

প্রণামা নিবেদনঞ্চাগে মহাশএর শ্রীচরণাশীর্ব্বাদে এ জণার মঙ্গল বিশেষঃ। আপনী খানকা করিয়া রামবাটীর জমিতে চাশ দিয়েছেন—সে কর্ম্ম ভালো নহে—অদ্য কলিকাতার পত্র পাইলাম ভায়ার নিকট হৈতে আপনী এক পত্র আনীয়াছেন—অতএব সেই পত্র সমেৎ আপনী ত্বরায় বৈদ্যপুর পৌছিবেন স্বাক্ষ্যাতেই সকল কথর কথন হইবেক আসীতে বিলম্ব করিবেন না ইহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি—তাং ৩১ বৈশাখ—

নিবেদন—
পত্রে জ্ঞাত হইবেন—
ইতি—

পরম যুভাসী—শ্রীযুত গুরুপ্রসাদ ভট্টাচায্য—

তথা শ্রীযুত কালীপ্রসাদ ভট্টাচার্য্য মহাসয় শ্রীচরণেষু—

দেনা—সাতগাছীয়া—

৬১১। ন ৩৯ক

৯৭ নং ডিক্রীদারি—

শন ১৮৪৮ সাল—

(ফার্সি মোহর ও সহি)

মোহর আদালত মনসেফ কাইতি জেলা বর্দ্ধমান

এত্তালানামা আদালতে দেওানি পূব্বাংশ জেলা বর্দ্ধমান এলেকায় মোনষুফা চোকা কাইতি ও সীবরামপুর শন ১৮৪৮ সাল তাং ১৫ জুন—

উক্ত চোকার শামীল ছোটবৈনানের মর্দ্ধে মেজ্জাপুর শাকীমের রামধন ভট্টাচার্য্য ও কেনারাম ভট্টাচার্য্য ও শ্রীমত্ত্যা কৃপামই দেব্যা ও ৺রমারাম নেয়ারত্ন ভট্টাচার্য্যের ওয়ারিষ পুত্র চন্দ্রশীখর ভট্টাচার্য্য ও নাবালগ বেনিমাধব ভট্টাচার্য্যের মাতা শ্রীমত্ত্যা শহচরি দেব্যা—

প্রাতি আগে মালুম করিবা ঐ মেজ্জাপুর শাকীমের ডিক্রীদার লক্ষীনারায়ন ভট্টাচার্য্য ও নবিনচন্দ্র ভট্টাচায্যর দরখাস্ত ও ফয়ছালা দাখীল করায় জানে গেল জে ডিক্রীদারাণ ৩১৭ নং সেরেস্ত ফয়ছালার লিখীত খরচা ৫৮২ টাকা ও যুদ ১৷৷১০ টাকা ও ১২১ নং আপীলের ফয়ছালার লিখীত খরচা মায় কাগজের কীম্মত মুদ্ধা ৪৴১২ টাকা ও যুদ ৷৷০আনা একুনে ১১৮৴৪ টাকা তুমী রামধন ও তুমী কেনারাম ভট্টাচার্য্য ও তুমী কৃপামই দেব্যা ও তুমী চন্দ্রশীখর ভট্টাচার্য্য ও তুমী সহচরি দেব্যা তোমাদীগে ৺রমারাম ন্যারত্ন ভট্টাচার্য্যের ওয়ারিষ করা···তোমাদ্দের স্থানে পাইবার প্রাথনারাখ এমতে সন ১৮১৪ শালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরনের হুকুমানুসারে ১৫ রোজ মেয়াদে······ ··· এত্তালা দেওা জাইতেছে জে জদী ডিক্রীদারানের দাবির প্রীতি তোমাদ্দের কোন ওজর থাকে তবে এত্তালা নামার পীষ্টে একরার লীখীয়া দীবে মীয়াদ মদ্ধে হাজীর হইয়া দরখাস্তের দ্বারায় আপন আপন ওজর দরপেস করহ নতুবা মেয়াদ গতে মোতাবেক আইন আমলে আসীবেক—ইতি—

৬১২। ন ৪০

শ্রীশ্রীহরি—

সরণং—

শ্রীশ্রী৺করকমলেষু—

সেবকানুসেবক শ্রীগঙ্গাধর দাস ভঞ্জস্য প্রনামা সত সহস্র নিবেদনঞ্চাগে শ্রীচরণ সর্ব্বদা ধ্যান করিয়া মঙ্গল হয় পরন্তঃ পূর্ব্ব ভাগ্যক্রমে শ্রীচরনাদী দরসন করিয়া এক

বিশয়ে রক্ষা করিয়াছেন এক্ষনে পাচটা মোকর্দ্দমা হুগলি মোকামে উপাস্থত করিয়াছে অতএব শ্রীচরণে দরখাস্ত করিতেছি জাহাতে রক্ষা পাই তাহা করিতে আজ্ঞা হইবেক পরং আমাকে জাহা আজ্ঞা করিয়াছেন শেই গ্রন্থ এই লোক মারফত পাঠাইয়া দিবেন এইখানে মোকাবিলা করিয়া লইয়া পুনুরায় পাঠাইয়া দিব পাঁপোষ কারন যুনিলাম আজ্ঞা করিয়াছিলেন অতএব কত বড় পাঠাইতে হইবেক এই লোক মারফত আজ্ঞা করিয়া দিবেন আমি কলিকাতা হইতে পাঠাইয়া দিব—ইহা শ্রীচরণে নিবেদনেতি—তাং—১৯ জৈষ্ঠী—

পুনুশ্চয় নিবেদন মহাসয় এক্ষনে শ্বারিরিক কেমন আছেন এবং সামুয়িক কুসলাদী আজ্ঞা করিয়া পাঠাইবেন মহাসএর এখানে জেমত মৎস্য আছে তাহার মধ্যে কীঞ্চীত পাঠাই পঙছিবেক—ইহা নিবেদনেতি—

পরম পূজনীয় শ্রীল শ্রীযুক্ত চরণসরজেষু।—

৭৪॥

দলিল-দস্তাবেজ

(১১৮৮-১২৭১ সন)

৬১৩। বি ৫৪৮

৭শ্রীশ্রীহরি—

সন ১২৪০

ইয়াদিকীর্দ্ধি সকল মঙ্গলান শ্রীযুত গোলামচন্দ বন্দপার্দ্ধা ওলদে ৺বাথড়চন্দ বন্দোপাধ্যা এবনে ৺সিবসিংহ রায় বন্দোপার্দ্ধা সাকীনে দিননাথপুর পরগণে গোপভূমি সামিল জিলা বর্দ্ধমান বরাবরেষু।—লিখিতং শ্রীসম্ভুনাথ ভট্টাচার্জ্যর আর শ্রীমতি দ্রিপমনি দেবি ওলদে ৺কীংকর ভট্টাচার্জ্য এবেনে ৺গকুল ভট্টাচার্জ্য সাকীনে যুরুল পরগনে বারবকসিংহ সামিল জিলা সিউরি কষ্য নাখরাজ ব্রহ্মাত্তর জমি জর খরিদিগি বিক্রয় কোবালা পত্র মিদং কাজ্যনঞ্চা আগে পরগণে গোপভূমি মোজে বাকতরা ও········ ও রামনগর ও খটনগর ওরফে জামালপুর এই চারি গ্রামে য়ামাদের পৌত্রিক ব্রহ্মত্তর জমি য়াছে তাহার অন্দরে ··

৬১৪। ত ১৩

শ্রীশ্রীরাধাকৃষ্ণ।

স্বহায়।

লিখিতং শ্রীজুগল কিশোর আঢ্যস্য।

উইল পত্রমিদং কার্য্যনঞ্চাগে আমি আমার স্ত্রি শ্রীমতি কিশোরি দাসি ও আমার পুত্র শ্রীনন্দলাল আঢ্যকে স্বইৎসাপূর্ব্বক আমার ইষ্টেটের জাইণ্ট একযেকিটরস করিলাম আমার দৌলাত ও আমলা ওগয়রহ সমস্তের মালিক করিলাম এই উইল পত্র সেওয়ায় আর কোন উইল পত্র কাহারো নামে থাকে তাহা রতুল করিলাম ইতি বাঙ্গালা সন ১১৮৮ এগারো শত অষ্ট আসি সন ইংরাজী সন ১৭৮১ সাল তারিখ ৫ ভাদ্র। ১৮ আগষ্ট।

শ্রীজুগল কিশোর আঢ্যস্য

৬১৫। ত ১৪ক

শ্রীশ্রীদুর্গা—

শন ১২৫৩ শাল—

সেবক শ্রীনবিনচাঁদ মজুমদার।—

প্রনামা সতসহশ্র নিবেদনঞ্চাগে।—মহাসয় শ্রীচ[র]নাশীষে য়ে সেবক।— প্রানগতিক মঙ্গল হয় বিশেষ—পরে নিবেদন আজ্ঞে হয় বিশেষ।—

শ্রীলক্ষিনারায়ন চষ্টোপাধ্যায়—

পুষ্কর্ন্নী ভাগ পট্টক পত্র মিদং কার্য্যঞ্চাগে পরগনে বালিয়া মোজে উত্তর মাজু গ্রামের আমাদীগের ভদ্রাসন বাটীর উত্তর খড়কির পুষ্কর্ন্নী ইস্তক সন ১২৫৩ শাল নাং শন ১২৫৮ আঠান্ন সাল পর্য্যন্ত ছয় শন মেয়াদে ভাগ পাট্টা দেয়া গেল পুষ্কর্ন্নী মেরামত আদী করিয়া মৎশ্য ফেলিবে মৎশ্য জখন ধরানা জাইবে তাহার জে খরচপত্র হইবেক উভয়ে সেই খরচ দীয়া অন্ধেক ভাগ দীবে এহাতে অন্য উজর না করিয়া উপরের লিখিত ভাগ দীবে এতদাথে ছয় সন মেয়াদে কবুলতি লইয়া পাট্টা লিখিয়া দিলাম—ইতি—শন ১২৫৩ বার সও তিপান সাল—তারিখ—১৫ শ্রাবন

৬১৬। চ ৩

শ্রীশ্রীদুর্গাঃ।—

শ্রীশ্রীরাম সোম যুচরিতেষু। যুভ পট্টক পত্র মিদং।—কায্যনঞ্চাগে সমর সাহি পরগনার মৌজে ছোটবইনান গ্রামের পষচিম মাঠে আমার খরিদা খেরাজী ঠাকুরদাষ

দত্তর জমি জমার মর্দ্ধে খিল নামক সালি জমি ৩ কিতা মধুসুদন ও বোনমালি নন্দীর জমির পযচিম সাধু পাল ও গোরাচাঁদ ও মধুষুদন বারিকের জমির দক্ষিন ও জগন্নাথ পাল ও বিনদ সর্দ্দারের জমির পুর্ব্ব ও ছিয়াগড়্যা ও ৺কালিঠাকুরানির জমির উত্তর এই চৌহদ্দীর মর্দ্ধে ৯৸৹ বিঘা আর রাম জুগীর ভাগাড়ের উত্তর ও উপরুক্ত জমির পুর্ব্ব ও দক্ষিণ ও প্রেমচাদ সর্দ্দার ও গোবিন্দ নাপীতের জমির পযচিম এই চৌহদ্দীর মর্দ্ধে ১ কিতা ⁄।৹ পাচ কাঠা একুনে ১০⁄৹ দয বিঘা কম বেসি জমি তোমাকে পাচ সন মেয়াদে জোত করিতে বন্দবস্ত করিয়া দিয়া গেলো ইহার খাজনা সালিয়ানা বেলমোক্তা কোং ২৯৸৹ উনত্রিয টাকা বারো য়ানা বিঃ নিচের কিস্তীবন্দী মাফিক আমার সরকারে উক্ত পাচ সন সরবরাহ করিবে কিস্তি খেলাপ হয় মাফিক আইন যুদ দিবে হাজা যুখা পতিত ইত্যাদির কোন ওজর করিতে পারিবে না আর উক্ত জমিতে জর্দ্দপী সরকার হইতে কোন দরিঅপ্ত হয় তাহা আলাহিদা দিবে এবং মেয়াদ মর্দ্ধে জমি ছাড়িতে পারিবে না এতদার্থে কবুলতি লইয়া পাচ সন মেয়াদে পাট্টা দিলাম—ইতি—সন ১২৭১—একাত্তর সাল—তারিখ—২ জৈষ্টী—

শ্রীহরপ্রসাদ সিংহ—

জের— ১৯৸৹

জায় কিস্তি—

মাহ আশ্বিন— ১৮৲

মাহ পৌষ— ৭৲

মাহ চৈত্র— ৪৸৹

২৯৸

মং উনত্রিয টাকা বার য়ানা—

মোং দয যিঘা জমির কাত জমা ২৯৸৹ উনত্রিয টাকা বার য়ানায় পাচ সন মেয়াদে জোত করিতে দেওা গেলো—ইতি—

H.P.S.

৬১৭। ন ৪১

শ্রীশ্রীহরি—

সমরসাহি পরগনার মৌজে ছোটবৈনান গ্রামের শ্রীস্যাগ্যরাম খাঁ শ্রীরঘুনাথ খাঁ আমাদ্ধের নামে খাঁ পুস্কনি হিস্যা।⁄৭ পাচ আনা সাত গণ্ডা খরিদী বেদখলি বাবুদী ১৮। টাকার মকর্দ্দমা ৩৭৪৯ নম্বরে নালিস করে তাহার জবাব।৹—

লিখিতং শ্রীহারু চক্রবর্ত্তি কষ্য জবাব পত্র মিদং কার্য্যনঞ্চাগে।৹—

ফরিদী মজুকুরা জে নালিষ করে সেমস্ত খেলাপ তাহার সরেওয়ায় জবাব লিখিতেছী গোর ফরমাইতে হুকুম হয় ফরিরাদী আরজীতে লেখে।⁄ পাচ আনা কিঙ্কর খাঁএর একটী সখাদ খাঁ পুস্কনি নামে আছে ঐ খাঁএর চারি পুত্র তাহার জেষ্ঠ্য ৺বাঞ্চারাম খাঁ

মদ্ধ্যম শ্রীকুবির খাঁ তিতিয় ৺গোমির খাঁ চতুথ শ্রীপাচু খাঁ ইহার মদ্ধে ৺গোমির খাঁএর কৈম্বত হইআছে তাহার সন্তান আদী কেহ নাই ঐ বাঞ্চারাম খাঁ ও কুবির খাঁ ইহারা গ্রাম হইতে আন্ধাজী চল্লেস পতালিস বৎষ্যর পালাইআ গিআছে ঐ পাচু খাঁ গ্রামে থাকীআ ঐ পুস্কনি তামাম দখল করিআছীল তাহার পর ঐ বাঞ্চারাম খাএর পুত্র মোহন খাঁ ঐ কুবির খাঁএর পুত্র ঠাকুরদাস খাঁ ইহারা দুই জনে আসিআ আপন আপন হিস্যা হারু চক্রবত্তিকে বিক্রয় করিআছে ঐ পাচু খাঁ আপন হিস্যা।/৭ পাচ আনা [সাত] গণ্ডা সন ১২১৮ সালে মাহ আসাড়ে ১৭ টাকা পোনে আমাদিগ্যে বিক্রয় করিআছে ইহার জবাব ফৈরাদি মজুকুর আপন আরজিতে আমার খরিদা খাঁ পুস্কনি কথক সাকির হইআ কথক মোনকের হইআছে সন ১২১৬ সালে মাহ আশ্বনে পাচু খাঁ ঐ খাঁ পুস্কনি আপন হিস্যা।/৭ আনা ১৩৬ টাকা কিমত করিআ কোওলা লিখিআ দিআ আপন সরিকদার শ্রীমোহন খা ঐ ঠাকুরদায খাঁ দিগ্যে সাইদ করিয়া এবং আর লোককে সাইদ করিআ দিআ ঐ পোনের ১৩৬ টাকা লইআছে ইঃ খরিদের তারিখ নাগাদী আজ ঐ পুস্কনি দখল করিতেছি তাহার সাইদ গ্রামস্ত লোক জানে আর ঐ পাচু খাঁ ঐ ফৈরাদী রঘুনাথ খাএর ৺পিতা নুইদর খাঁএর স্তানে ৮ টাকা কজ্জা লইআ খত লিখিআ দিআছিল ঐ পোনের ১৩৬ টাকা মদ্ধে ৯ টাকা কজ্জা সোধ দিআছে টাকা লইয়া ফৈরাদীরা ঐ পাচু খাএর খত ফিরিএ দিআছে সে খত আমার দস্তে আছে রোবকারের ওক্তে ঐ খত ও কোওালা দাখিল করিআ দিব মোলাহিজা করিতে ফৈরাদীর মিথা নালিস ছাপজোনারে রোসন হইবেক আর সন ১২১৭ সালে মাহ ফালগুনে ঐ কুবির খাঁ ঐ মোহন খা এই দুই জনা আপন আপন কিসমত ঐ খাঁ পুস্কনির ৩২ টাকা কিমত করিআ কোওালা লিখিআ দিআ ঐ সরিকদার পাচু খাকে সাইদ করিআ এবং আর আর লোককে সাই[দ] করিআ দিআছে ঐ পোনের ৩২ টাকা বেবাক লইআছে হঃ খরিদা তারিখ নাগাদ আজ ভোগ দখল করিতেছি তাহা গ্রামের অনেক লোক জানে এবং ঐ দুই কোওালা আমার দস্তে আছে মোলাহিজা হইলেই ফৈরাদী দির্গের তুঞ্চতা জোমায়ে রোসন হইবেক আর লেখে পুস্কনির পাহাড়েড় ঘাস কাটীতে গিআছিলাম ঘাস কাটীতে দেও নাই ইহার জবাব সিরমাস্তি সিরপিড়া তাহার ঘাস কোথা জে কাটীতে জান ঐ পাচু খাঁকে নাগমিথা চাকর রাখিআছে তাহাতে কোনু দস্তাবিজ তয়ার করিআ থাকে তাহাতে আমার মকর্দ্দমা হক পওমান হইতে পারিবে না আর লেখে সন ১২১৮ সালের মাহ আসাড়ে খরিদ করিআছি ইহার জবাব সন ১২১৯ সালে মাহ ভাদ্রে ঐ পুস্কনির ঘাস আমার স্তানে খরিদ করিতে আসিআছিল তাহা আমী কহিলাম পছীম পাহাড়েড় ঘাস চৈইতন পালকে বিক্রয় করিআছি বাকী

তিন পাহাড় আছে তাহাতে ঘাষ ভাল তুমি জদি লইবে তবে ৩।৪ ন টাকা দাম দেহ তাহাতে কহিলেন দুই টাকা দিব তাহা আমি দিলাম না না দিয়া ঐ তিন পাহাড় ঘাস জয়দেব পণ্ডীতকে বিক্রয় করিআছে ঐ ঘাষ না পাইয়া ন সউাল করিআ নালিষ করিআছে শ্রীযুত খামীন্দি আমার দব জবাব নজর করিআ আদালত আজ্ঞা হয়—ইতি—সন ১২১৯ সাল

শ্রীহারু চক্রবত্তি দী—

৬১৮। ন ৪২ক

শ্রীহরিঃ—

শ্বরণঃ—

সন ১২১০ শাল—

মহামহিম শ্রীরামদুলাল ভট্টাচার্য্য ও শ্রীপ্রীতরাম ভট্টাচার্য্য ও শ্রীরামনারায়ণ ভট্টাচার্য্য বরাবরেষু—

লিখিতং শ্রীত্রিলোচন ভট্টাচার্য্য ও শ্রীকুড়ারাম ভট্টাচার্য্য ও শ্রীরামদাস ভট্টাচার্য্য—কস্য কবুলতি পত্রমিদং কার্য্যঞ্চাগে পং সমরসাহী মধ্যে মৌজে তীরল ও যাদবপুর ও ফকিরপুর ও জানচক এই চারি গ্রাম তোমাদের পৈতৃক সভাপণ্ডিতি অধিকার ইহার ক্রিয়াকলাপ যে যে হইবেক তাহা আমারা করাইতেছি এবং করাইব বৃহৎ ক্রিয়াকালে সংবাদ পাঠাইব ইহাতে যে যে জ[জ]মানের বাটীতে প্রথম শ্রাদ্ধ ও বৃক্ষপ্রতিষ্ঠা ও গৃহ-প্রতিষ্ঠা ও ব্রতপ্রতিষ্ঠা ও পুষ্করিণীপ্রতিষ্ঠা ওগয়রতে যজমান স্থানে পায়না হইবেক তার মধ্যে দশ আনা তোমাদিগ্যে দিব এবং জলদান তোমারা পাইবে জলদান সয়া ছয় আনা আমারা লইব এই করারে কবুলাতি দিয়া পাটা লইলাম—ইতি সন ১২১০ দশ শাল তাং ২৮ আষাঢ়—

সভাপণ্ডিতির পায়নার জায়—

প্রথম শ্রাদ্ধের জলদান—	১	
সভাভোজ্য—	১	
যজ্ঞেশ্বর—	১	
জলদান দক্ষিণা কাতা—	১	৩ এই তিন দান গতো শ্রীরামদাষ
আচার বরণীয় বস্ত্র দক্ষিণা	১	মুখোপাধ্যা দী—ভোগ—
বেদির সামগ্রী অদ্ধেক—	১	আলাহিদা—

বৃষাভরণ সামগ্রী— ১
বৃষোৎসর্গ দক্ষিণা— ১
উৎসর্গ বস্ত্র— ১
চন্দনধেনুর ধেনু— ১
১০

যাদবপুরের ও ফকিরপুরের তৈলবট ও চৌত—আপ তৈলবট আলাহিদা পাইবেন চৌত আমারা পাইব ইতি—

প্রতিষ্টাদি বরণ দক্ষিণা ও জলদান ও বেদির সামগ্রীর অৰ্দ্ধেক— ১
রাহু পূজার বস্ত্র দিং—
উৎসর্গ বস্ত্র— ১

বিবিধ

(১১৬৫-১২৮৯ সন)

৬১৯ । বি ৫৪৯

৭শ্রীগোপাল জয়তাং—
শন ১০৬৪ সাল—
(ক)

অথ সেবক জায়—
…ডিহা রামুআচি আগুরি—১
গোপালপুর গৌরচরন সরকার—১
বান্দড়া নিলুকেষ আগুরি—১
বিড়রা স্নাগগিরাম কোঙর চাসা—১
পানাগর রঘুনাথ তাঁতি—১
…রাম নাপিৎ—১
ওড় গাঞের কাছে নৌতুন গা পাচু তাঁতি—১
…স্নাগগিরাম বারিক ১
খুজাটিপাড়া ছাতিন গাঁ আত্মারাম মুন্দি তাঁতি—১
মুখসুধা বাজে নবাবের বাড়ির ইসানদিগে তিন কোষ বৈ সমষখালি পরগনা রামপুর হাসনপুর—
নর্মণ্ডা যুরুলা বদি মণ্ডলের ভাগিনা বাঞ্ছারাম পাল—১
কুড়মিঠা সাফুল্লিরাম তাঁতি—১

কানপুর ফকির ঘোষ চাসা—১

ধনাক্ষি পাচু গোপ—১

নারানপুর গঙ্গারাম পাল চাসা—১

বেলোঞা সেবারাম বনিক—১

ইলামবাজার—বলাই নাপীত—১

ইন্দাষ খাড়া পঞ্চানন কেষ—১

জুগুনিবাসি কুঞ্জু তাতি—১

গোন্দলপাড়া রামসরন ঘোষ চাষা ১

কলিকাতা বাগবাজার খেলারাম পাল চাসা ১ দআরাম—১ রাম পাল—১

দআরাম তাতি

আনাক্ষিপুর দিশন—সাঁনন্দকুমার আগুরি—১

ওর্দ্ধান লক্ষনকুমার দিগর—৩

পুরুন্যা গোপাল মণ্ডল চাসা—১

শাজ্যা জিবন ভুই কৈবর্ত্ত—১

সন্নরপুর নয়ান মোদক—১ চৈতন গোপ—১

নৌতুন গা— গোপাল খাঁ—১ হটু চাসা—১

জামরান্দ—মুনিরাম পাল—১

রানিপাথর নিদিরাম পাল—১

পাঁচরা গোপীর ভাগিনা বদি চাসা—১

রতনপুর জুগুল চাসা

বদ্দিনাথপুর—রতন চাসা—১

বাসুদেবপুর রাধাকৃষ্ণ শর্ম্মন—১

দফরপুর নালু চাসা

সির্ষা রঘুনাথের সোল বনি নিতাই ঘোষ দিগর

(খ)

৭শ্রীগোপাল জয়তাং—

শন ১০৭৫ সাল

সেবক জায়—

রানিগঞ্জের হাট ॥ সাফল তাঁতি—১

জাম্বা। নবাই নাপীত দি—১

ভুবনেশ্বর ॥ ছিরূ ঘোয চাসা
কানাঞি পাতর ॥ সুরুলি।
কস্তুরি রাঁড়ি বুড়ি—
খুদ্রাপুরের ॥ নন্দু নাপাতের ভা[জ]
রাউত পাড়া ॥ চরন সামন্ত চাসা ইত্যাদি

(গ)

অথ মাণ্ডুঞি প্রবাসের সেবক জায়—
সাঁকাড়ি বৈষ্ণব গাএনের পুত্র ঝঠুরায় সামন্ত—১
চাম়ক রাবন্ রায়—১
সুসুন্যা ভাদু রায় ১
জিতু জুগি—৩ টীকারাম বান্যা—১ হটু পাখিরায়—১ রঘু রায়ের মা—১
সিড্ডাই গোবিন্দরাম নাপীত ১
রাইপুর রাজার পথরের দক্ষিনে গোলোক পাঁজা চাসা—১
মানকর কাএৎপাড়া—
চৌধরি মাপৈ চাসা—১
তেলরুই জগন্নাথ চাঠুর্জ্যা—১
ফরাসডাঙ্গা সাউলি রামপাল চাসা ১ ইত্যাদি

(ঘ)

পলাতক সেবক জায়—
… … …

৬২০। বি ৫৫০

৭ শ্রীশ্রীরাধাকৃষ্ণ—
শ্বরণং।—

(মোহর)	(মোহর)
শ্রীমতি রঙ্গিনী দাসী	শ্রীমতি গরবিনী দাসী
১২৫৬	১২৫৬

হুদা খুর্দ্দপুরের পত্রনিদার অবগত হইবেন—
জে হেতুক আমাদিগের জমিদারি বিরভোম কালেকটরি তৌজীর ৪নং শেনভোম অন্তপাতি লাট তিলড় আমাদিগের মৌরুষ ৺বাবু বিশ্বম্ভর সিংহ মহাশয়ের সময় হইতে…মোকামী শ্রীযুত মেং হেনরি কোণ্টর এস্কীন সাহেব এটর্নীর…পত্রনিদারের

নিকট প্রাপ্ত্য খাজনা আদায় উষুল হইয়া··· প্রশংশীত সাহেব ইংলণ্ড গমন করায় ও তাহার পক্ষের ভারপ্রাপ্ত এটর্ন্নী শ্রীযুত মেস্তর ডবলীউ ডবলীউ ফারসী হর্শল সা[হেব] আগামী ২ মে ভারতবর্ষ ত্যাগ করিবার কৃতসংকল্প হইয়া এটর্ন্নী সাহেবের প্রতি ভারার্পীত কর্ম্ম পরিত্যাগ শুচক মুক্তিপত্র লিখি[য়া] দিয়াছেন অতএব তোমাকে এতদ্বারায় সংবাদ দেওয়া···বর্ত্তমান সন ১২৮৯ বার শত উননব্বই সালের শুরু হইতে···মতাবেক খাজনা আমাদিগের রাইপুরের জমীদারি · দাখিল করিবেন সন ১২৮৯ বার শত উননব্বই সালের··· শুরু হইতে সাহেবের কোন কর্ম্মচারিকে খাজনার টাকা···দিবে না এবং তদ্রূপ কোন টাকা উষুলের আপত্য করিলে তাহা হইবেক নাই এই নুটীষ প্রাপ্ত হইবার বিশয় রসিদ দিবা ইতি সন—১২৮৯ বার শত উননব্বই সাল তারিখ—১৮ আটারই বৈশাখ—

[১খ ১১ নং নকল শোধ—

৬২১। ত ১৫

শ্রীরামঃ

শরণং

পোষ্য শ্রীগুরুদাস দেবশর্ম্মণঃ প্রণাম নিবেদনঞ্চাগ্রে পরে বিশেষস্লেষঃ ২৫ পৌষ রবিবার পুনর্ব্বিবাহ দিনস্থির করা গিয়েছে আপনি মহাশয় এই লোকের সহিত শ্রীরামসদয় বন্দোপাধ্যায়কে অদ্য বৈকালেহবশ্য অবশ্য পাঠাইতে আজ্ঞা করিবেন অবজ্ঞা করিবেন নাই না পাঠালে এখেনে অত্যন্ত দুখ হইবে লিখিয়া আর কি জানাইব ইতি ২৪ পৌষ

মদেক পোষ্টাবর শ্রীগুরুপ্রসাদ বিদ্যালঙ্কার ভট্টাচার্য্য মহাশয় শ্রীচরণকমলেষু—

৬২২। ন ৪৩

৭শ্রীশ্রীদুর্গাঃ—

স্বহায়—

পৌষ্য শ্রীগৌরীকান্ত দেবশর্ম্মনঃ।—

পরম সুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চাগে বিশেষঃ—

পরে এ বাটীর সকলে সারিরিক ভাল আছেন জানিবে শ্রীমতি মঙ্গলাকে এ বাটী আনিবার দিন স্থির ৭ অগ্রহায়ণ বুধবার দিবশ স্থির হইয়াছে অতএব কাহার এবং বাটীর ছালারা কেহ ৬ তারিখ মঙ্গলবার সে বাটীতে পোঙছিবেক অতএব শ্রীমতিকে অবষ্য অবষ্য পাঠাইবে অন্যমত করিবে নাই ইহা জ্ঞাতো কারণ—মিতি—তা ৪ অগ্রহায়ণ

৬২৩। ন ৪৪ক

শ্রীদুর্গা—

শরণং—

শ্রীরমারাম দেবশর্ম্মণঃ—পরম শুভাশিষামানস্ত্যং বিজ্ঞপ্তিশ্চ তোমার্মঙ্গলোন্নতি নিয়ত প্রার্থনীয়াত্রশিবং পরন্ত তোমার মঙ্গলাদি পত্র পাইয়া চিত্তে পরম সন্তোষ হইলাম। আর প্রনামি জাহা পাঠাইয়াছিলে তাহা পাইলাম। এ বৎসর আমার ব্রহ্মোত্তর ভূমির্ধান্ন কোথায় হয় নাঞি এজন্যে এ বৎসর শ্রীশ্রীশিব প্রতিষ্ঠার বিষয় করিতে পারিলাম নাঞি এ বাটির পরিজন সকলে নির্ব্বাহ করা ভার হইয়াছে আর শ্রীযুত মধ্যমদাদা মহাশয়ের কন্যার বিবাহের কালাত্যয় হয় ইহাতে বড়ই উদ্বিগ্ন আছি অতএব আপনি আমার প্রধান শিষ্য তোমায় সকল সুগোচর করিয়া কর্ম্ম করিতে হয়—

শিষ্যবাটির আদায় জমা—	খরচ—
সাং খানাকুল মহেশ ঘোষস্য বার্ষিক—১	মশারি খরিদ—১৮
সাং কেয়াগড়্যা—৭	হায়লাত— ৪।
ভূমির্খাজানা মাঃ কৃষ্ণমোহন বক্সি— ১॥	বস্ত্র খরিদ— ১॥
গৌরহাটি রাম মিস্ত্রী বার্ষিক—।০	লৌহ চাটু খরিদ—॥০
সাং রামনগর হলধর বসু প্রণামি—।০	বড়বধূর্বস্ত্র খরিদ—১।
মিঠানী খাজানা	ছোটবধূর ঐ—২
রজতি বর্ন্নিক দং—১	হিরারামস্য চাদর খরিদ—১
মন্ত্র গ্রহণস্য দক্ষিণা—॥০	

৬২৪। ন ৪৫

৭শ্রীশ্রীরামজী—

স্বহায়—

পরম পুজনীয়

শ্রীজুৎ ছোট ঠাকুরপুত্র মহাশয়—

শ্রীচরণজুগলেষু।—

শ্রীরাধাকান্ত দাশ দত্তের প্রণাম বহোবো নিবেদনঞ্চাগে বিশেষঃ। মহাসএর কারন ঘৃত কীছু পাঠাই লইয়া জায়গা ফিরিয়া পাঠাইবেন শ্রীজুৎ মর্দ্ধম মহাসএর কারন পাপোশ একজোড়া পাঠাই এ পাপোশ জদী তাহার পায়ে বড় হয় তবে সেইখানকার

মুচীকে দীয়া পাপোস পাএর আন্দাজ রাখায়া কাটাইয়া লইবেন সেখানকার মুচীতে জদী পাপোস না কাটীয়া দেয় সমাচার লিখাবেন কয় আঙ্গুল কাটীতে হইবেক আর পাপোশ পাঠাইবেন এইখানে কাটাইয়া পাঠাইয়া দীব ইহা শ্রীচরণে নিবেদন ইতি—তা—৫ অগ্রহায়ণ—

জায় জীং—

গঙ্গাজলী সন্দেষ—৻৪৮ গণ্ডা

কদমা—। বাটী

বাতাসা—৬ গণ্ডা

ফেনী—১ এক

দলুয়া—

ছাবা—

পাটালী—

কাচকলা—৭ গণ্ডা

পাপোশ—১ জোড়

ঘৃত—১ আদা পুয়া—

ইতি—

এই সকল জীং পোছ খবর লিখাবেন আর আপুনী একবার আসীবেন ইতি—

৬২৫। ন ৪৬

৭শ্রীশ্রীকৃষ্ণ—

সন ১২০০ সাল—

চালান নারিকেল শ্রীপাট বইনান—তারিখ—২৬ আশ্বীন

আসামী—আদদ—

গু ভগিরত বাহক—

নারিকেল ১৪ চর্দ্ধটা নারিকেল ইতি—

৬২৬। চ ৪

শ্রীশ্রীদুর্গাঃ—

শ্রীচরনকমলেষু—

প্রনাম নিবেদনঞ্চাগে মহাসএর শ্রীচরনাসির্ব্বাদে এ সেবকের সমস্ত মঙ্গল বিসেষঃ নিবেদন মহাসএর আজ্ঞাপত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম শ্রীরাঘব মণ্ডলের নামে

নালিস করিয়াছেন সে ভাল হইয়াছে জাহাতে ফসল কোরোক হয় তাহার তদবির করিবেন আর সাতাদিঘির খাজনা দাখীল করিবেন জাহাতে সসমাই না হয় আর বাকী সমাচার শ্রীজুত মণ্ড[ল]কে জে পত্র লিখীলাম দিষ্ট করিয়া কর্ম্ম করিবেক প্রানাধিকের্দ্দের লেখাপড়ার তদবির ভাল করিয়া করিবেন তাহাতে অন্নথা কীছু হয় তাহা আমাকে লিখীবেন প্রানাধিকেরা জেমত থাকেন সংবাদ হামেস লিখীবেন আমরা সারিরিক ভাল আছি এহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি—১৩ আশ্বিন—

পরম পুজনিয় শ্রীজুত রুপনারায়ণ ঘোসজা দাদামহাসয় শ্রীচরণেষু

পত্রদেনা—মোং বইনান—

৭৪॥

৬২৭। চ ৫

শ্রীদুর্গাঃ—

স্বরণং—

বিজ্ঞাপনঞ্চাগে আপনকার রাজন্নতি শ্রীশ্রী৺করিতেছেন তাহাতে অত্রানন্দ পরং কএক দিবস হইলো বাটীর কোন সমাচার না পায়াতে অতিসয় উদবিগ্ন আছি লিখীয়াপ্রাইত করাইবেন পরে প্রানাধিকের টিকে দেয়নের খবর পুর্ব্ব পত্রে লিখীয়াছিলাম তাহার কি হইয়াছে জানিতে পারি নাই লিখীবেন তাহার টিকার পর এখানে আসিতে হইবেক জানিবেন আর কানবালা গড়াইবার জে সোনা আমার নিকট রাখীয়া গিয়াছিলেন ঐ সোনা পুজার কালিন আমি সমিভার করিয়া লইয়া গিয়াছিলাম তাহা আমি বাটীতে রাখীয়া আসিয়াছি কি না আমার স্মরণ হয় নাই এখানে তলাষ করিয়া পাই নাই তদারক বাটীতে করিয়া সিভ্র সংবাদ লিখীবেন আর ধান্যার জমাখরচ পাঠাইবেন আর সতাদিঘির খাজনা কত টাকা ইরসাল হইলো লিখীবেন—শ্রীজুত দত্তজা মহাসয়ের নিকট টাকা পাইয়াছেন কি না জানিতে পারি নাই আমি সারিরিক ভাল আছি তথাকার মঙ্গলাদী লিখীবেন এহা জ্ঞাপন ইতি—তাং—৮ ফাল্গুন—

শ্রীহরপ্রসাদ সিংহ—

আমি অতিসয় উদবিগ্ন রহীলাম সিভ্র খবর পাঠাইবেন ইতী—

পোষ্টাবর শ্রীজুত মথুরমোহন মণ্ডল খুড়া সত অন্তকরণেষু—

পত্রদেনা মোং ছোটবইনান—

শ্রীহরপ্রসাদ সিংহের পত্র—

৭৪॥

৬২৮ । চ ৬

শ্রীশ্রীদুর্গাঃ—

স্মরণং—

পোষ্য শ্রীহরপ্রসাদ দাস সিংহস্য বিনয়পূর্ব্বক নমস্কারা নিবেদনঞ্চ বিসেষঃ আপনকার পত্র শ্রীবাই সোএর মারফত পত্র পাইয়া সমাচার জ্ঞাতো হইলাম পরে সাতাদিঘির খাজনা জাহাতে আনজাম হয় তাহার তদবির করিবেন প্রানাধিক শ্রীজুত বেনিমাধব সিংহ বাবাজীকে সে বাটী পাঠাইবার কারন লিখীয়াছিলে আমার মত এহার মর্দ্ধে পাঠাইতাম পরে আমার ব্যামহকালিন দুই এক রকম মানসিক আছে সে মানসিক সোধ হয় নাই এ কারণ এহার্দ্দের জায়নের গোল হইতেছে নাগাইদ মাঘ এহাদিগে পাঠাইবো জিয়াদা মানসিক অনাসে হইতে পারে না জানিবেন আর কর্ম্মের সুপ্রতুল নহে ধান্য খরিদের কারণ লিখীয়াছ এখানে হাওলাত করিয়া টাকা পাঠাইয়াছিলাম এ কারণ ঐ টাকার মর্দ্ধে ১০০ টাকা জনেক খাতিরজমার লোক মারফত সিগ্র পাঠাইবেন বাকী ৫০ টাকার মর্দ্ধে ২০ টাকা শ্রীজুত সরকার মহাসয়কে বৈনানের দেনার মর্দ্ধে দিবেন বাকী জে ১৫৲ টাকা আখীরির সময় দিবো এহার মর্দ্ধে আর কিছু টাকা শ্রীজুত সেনের খরচার বাকীর মর্দ্ধে দিবেন বাকী জাহা থাকীবেক বিবচনা মাফীক খরচ পত্র করিবেন আর সতাদিঘির নওয়ান প্রজার ধান্য আটক করিয়া জাহাতে খাজনার খুব আনজাম হয় তাহাই করিবেন সাজার জমির ধান্য জাহাতে আদায় হয় তাহার তদবির করিবেন কারণ সর্দ্ধার মজুকুরর্দ্ধের ফসল ভাল হয় নাই সুনিলাম অতএব আপনার লেবদ মাফীক রাখীয়া ধান্য খড় আদায় করিয়া লইবেন সেখানকার কর্ম্ম বিবচনা করিয়া করিবেন তোমাকে সকল লিখীতে হয় এমত বিসয় নহে আর সারিরিক আমরা ভাল আছী তথাকার মঙ্গলাদী লিখীবেন শ্রীমত্যা বড় বহুর ব্যামহ আরাম হয় নাই এহাতে বড়ই ভাবিত আছি মঙ্গলাদী লিখীবেন ইতি—তাং—১৮ অগ্রাণ—শ্রীহরচন্দ্র সিংহ—

পুজনিয় শ্রীজুত রুপনারায়ণ ঘোষজা—দাদামহাসয় শ্রীচরণকমলেষু—

শ্রীহরপ্রসাদ সিংহের প্রনাম নিবেদনঞ্চ বিসেষঃ—মূল পত্রে ওয়াকিব হইয়া কর্ম্ম করিবেন এহা শ্রীচরণে নিবেদন করিলাম ইতি—

এহা পত্রে প্রানাধিক শ্রীজুত বিনদবেহারি বসু তথা শ্রীজুত খেত্রমোহন সিংহ বাবাজী মূল পত্রে ওয়াকিব হইবেন—তোমারা সর্ব্বদা লিখাপড়া করিবেন এহাতে অন্নথা করহ তবে আমি বড় বেজার হইবো তোমারা সর্ব্বদা জেমত থাকহ আমাকে পত্র লিখীবেন ইতি—

পরম পোষ্টাবর—শ্রীজুত মথুরমোহন মণ্ডল খুড়া পরম পোষ্টাবরেষু—

পত্রদেনা—মোং ছোটবইনান—

৬২৯। তা ১

৭শ্রীশ্রীহরি— নকল

সহায়—

৫৫৭ নম্বর –

ডাকীলান কোরোকী জায়দাদ আদালতে দেওানি—জেলা বর্দ্ধমান ফোঃ শ্রীকুড়ারাম সাহা আং ৺রামসুন্দর ঘোষজা (?) জায়দাদ বিক্রী করা জায়—সন ১২৩৪ সাল—তারিখ—৩ পোষ—

আশামী—	জমুলা— জীনিষ—	কাত— তঙ্কা—	নাম— খরিদার—
পুর্ব্বদ্বারি ঘর			
মায় কপাট—	১	১১	কুড়া[রা]ম সাহা—
দক্ষিণদ্বারি ঘর—	১·	৯	ঐ
পছীমদারি ঘর—			
বেশো ভাঙ্গা—	১	২	ঐ
পুর্ব্বদ্বারি বেশো ভাঙ্গা—	১	১৷৷০	ঐ
সদর দরজার চালা	১	১৷০	ঐ
পাচির [আট পাটী] উছা—	১	।৵	ঐ
এড়্যা গরু বুড়া—	১	২	ঐ
গাই গরু বুড়া—	১	১৷৷০	শ্রীজহর মণ্ডল
পিতলের ঘটী ছোট—	২	৷৷৶	আনন্দ হাজরা
পালান ছেড়া—	২	।৶	কৃষ্ণদাষ বৈরাগ্যা
কাপা ছেড়া—	২	।৶	ঐ
সীনী—	১	৵	ঐ
কোদাল—	২	১	ঐ
কাশার থাল—	১	৷৷৶	ঐ
রানি সাএের পুস্কন্নীর পাহারে বাষ—৪০		১৷৷০	ঐ
সদর দোরজার কপাট –	১	৷৷৴১০	গয়ারাম মুখুর্য্যা
কুড়ালি—	১	।৵	কৃষ্ণদাষ বৈরাগ্য
গুন ছেড়া—	২	৶	ঐ

ছেড়া লেপ—	২	।৹	ঐ
ছোট বালিষ—	২	⁄	আনন্দ হাজরা
পিতলের ভাঙ্গা বাটী—	২	।৹	কৃষ্ণদাষ
আম্বর গাছ ছোট—	৬	৪॥৹	কুড়ারাম সাহা
তালের গাছ ছোট—	৮	৬	ঐ
তেতুল গাছ—	১	১	ঐ
অর্জ্জুন গাছ—	১	১॥৹	
		৪৮ ৶১৹	

মঃ আটচলিষ টাকা তিন আনা দীষু (?) সাড়ে ইতি—

৬৩০। শি ১

(১৪০ টাকা মূল্যের ষ্ট্যাম্প ও ইংরাজী সহি)

সকল মঙ্গলালয়—
শ্রীযুত কন্দর্পনাথ রায় পীতা ৺নন্দদুলাল রায় নিবাস কালীকাপুর ও শ্রীযুত চন্দ্র-নারায়ণ রায় পীতা ৺রামনিধি রায় ও শ্রীযুত তারিনীপ্রশাদ রায় পীতা ৺ভুবনেশ্বর রায় নিবাষ মৌখিরা সকলে জাতি সৎগোপ পেশা তালুকদারি আদী পরগণে গোপভূমী জেলা ও কালেকট্টরি ডিষ্ট্রেক্ট রেজেষ্টরি বর্দ্ধমান সব রেজে-ষ্টরি মানকর চৌকী বুদবুদ থানা আউশ-গ্রাম বরাবরেষু—

লিখিতং শ্রী মেং হেনরি কউণ্টর এর্স্কীন সাহেব ও শ্রীমেশেজ হেমলটন বেণ হেবেন গীলনের পক্ষ ষ্ট্রষ্টী জেম্‌শ এষ্টারলীং ফারকীউ হর্সন ও রবট গীলন সাহেবের পক্ষ আমমোক্তার শ্রী মেং ডবলীউ ২ ফারকীউ হর্সন সাহেব পীতা ৺বেলাজাক ফারকীউ হর্সন সাহেব মোকাম ইলামবাজার হাল মোকাম সহর কলীকাতা ২০ নম্বর ব্রিটীষ ইণ্ডীয়াণ আন এষ্টিট—

কস্য পত্তনি তালুক বিক্রয় খোশ কবালা পত্রমিদং কার্জ্যনঞ্চাগে জেলা ও কালেক-ট্টরি বিরভোম সব রেজেষ্টরি ও থানা বৌলপুর পরগনে শেনভোম সামীল ৪ নম্বর তৌজী-ভূক্ত লাট তিলোড় তদান্তর্গত হুদা খুদ্রপুর বিং নিচের তপশীল ৭ মৌজা জাহা জমীদার ৺জগমোহন সীংহবাবুর স্থানে আমাদের পূর্ব্ব মালীক ৺জান এর্স্কীন সাহেব সন ১২৩৬ সালে ৩০ ভাদ্র দীবশীয় পত্তনি পাট্টার দ্বারায় বার্শীক ২৬৫০ টাকা

জমার ও তত্তুল্য পোনে পত্তনি তালুক লইয়া তিনী দখলীকার থাকীয়া লোকান্তরিত হইলে তাহার ভ্রাতা মেং হেনরি কউনট্টর এস্কীন সাহেব সোলআনা রকমের সত্ববান হইয়া এস্কীন এন কোম্পানীর নামজারিতে দখলীকার ছীলেন তদপরে সন ১৮৬৭ সালে ২৭ নবেম্বর তারিখের লেখিত অংশনামা দলীলের দ্বারায় ঐ সম্পত্য এবং জেলা ও কালেকট্টরি বিরভোম সব রেজেষ্টরি ও থানা বৌলপুর পরগনে শেনভোম সামীল ১৬ নম্বর তৌজীভুক্ত লাট মহেশ্বরপুরের অন্তর্গত হুদা গউর-বাজার ডাকনাম ইলামবাজার উহার পত্তনি মালগুজারি সালীনা ৯৬১/১ টাকা জমীদার বর্দ্ধমানাধিপতি মহারাজাধিরাজ বাহাদুরের পত্তনি সেরেস্তায় এস্কীন এন কোম্পানীর নামে নিদৃষ্ট আছে ঐ হুদা গউরবাজার ও অপরাপর সম্পত্য এগার অংশের তিন অংশ আমাকে দেওায় তৎসূত্রে উক্ত মেং হেনরি কউণ্টর এস্কীন সাহেব ও আমী ডবলীউ ২ ফারকীউ হর্শন সাহেব সন ১৮৭৬ সালের ২১ জুন তক উভএ দখলীকার ছীলাম তৎপরে আমার বিবাহের সময় আপন পত্নিকে উপরুক্ত আপন সমস্ত অংশ জৌতুকস্বরূপ দীবার অঙ্গীকার থাকায় সন ১৮৭৬ সালের ২২ জুন তারিখে আমী আপন সত্ব ত্যাগে আমার পত্নি মেশেজ হেমলটন বেণ হিবেন গীলনের পক্ষে ষ্ট্রষ্টী মেং জেমশ এষ্টার্লীং ফারকীউ হর্শন ও রবট গীলন সাহেব বরাবর কন্তেন্শনামা লেখিয়া দীয়াছী ঐ ষ্ট্রষ্টী মেং জেমেশ এষ্টার্লীং ফারকীউ হর্শন ও রবট গীলন সাহেব উভএ সন ১৮৮১ সালের ᠄ নবেম্বর তারিখে বেলাতের এডিনবরা সহরে জন বেণআর নামক পবলীক নোটারি তষ্দীক করা এক কীতা আমমোক্তারনামার দ্বারায় উক্ত কন্তান্শের অন্তর্গত সমস্ত সম্পত্য বিক্রয় করনের ক্ষমতা আমাকে দীয়াছেন এবং উপরুক্ত মেং হেনরি কউণ্টর এস্কীন সাহেব আপন অংশ ঐ এগার ভাগের ৮ ভাগ বিক্রয় করনের ক্ষমতা জুক্তে সন ১৮৮১ সালের ১০ নবেম্বর তারিখে বেলাতের লণ্ডন সহরের উইলীয়ম গ্রিবণ নামক পবলীক নোটারি দ্বারায় তষ্দীক করা আমী ও মেং চীবলেশ সণ্ডারশন ও রবট নাই শেষ্টার অপটন ও ডোনাল্ড মকীয়ান সাহেবান দীগ্যকে আমমোক্তারনামা দীবায় এবং উপরুক্ত মেং সণ্ডরসন ও মেং মেকয়ন ও মেং রবট নাই সেষ্টার অপটন সাহেবানের অনউপস্থীতে আমী উভএর তরফ উভএর দস্তক আম-মোক্তারনামার বলে উভএর সত্বদখলী সম্পত্য সকল আমী বিক্রয়করনের ক্ষমতা প্রাপ্ত হইয়া উপরুক্ত হুদা খুদ্রপুর সন ১২৮৮ সালের প্রথম সষমাহার বাকীদারিতে অষ্টম কানুন মতাবেক নীলাম করাইবার মানশে জেলা বিরভোমের কালেকট্টরিতে সন ১৮৮১ সালের ১৫ নবেম্বর তারিখে অষ্টমের নীলামে চড়াইবায় অপর খরিদারের ডাকে উচিত মূল্য না হওায় আমী আমাদের তরফ মোক্তার শ্রীযুত নবীনচন্দ্র

চট্টোপাধ্যায় দ্বারায় ঐ নীলামে খরিদ করাইয়া পত্তনিদার মালীকগনের সত্বে পূর্ব্ববৎ মালীকত্বরূপে দখলীকার আছী এক্ষেন উপরূক্ত মেং হেনরি কউণ্টর এর্স্কীন সাহেব এদেশ হইতে আপন কার্জ্য উঠাইয়া ইংলণ্ডে বাস করায় ও এদেশে আশীবার মতলব না থাকায় ও আমরা শ্রীমেশেষ হেমেলটন বেণ হিবেন গীলন ও আমী এদেশ হইতে বেলাত জাইবার মানশ করায় ও এখানে পুনরায় প্রত্যাগমন করিবার অভিপ্রায় না থাকায় তৎহেতু এখানকার বিসয় আদী বিক্রয় করিতে ইচ্ছুক হইয়া উপরের লেখিত হুদা খুদ্রপুর বিং তপশীল ৭ মৌজা ও হুদা গউরবাজার জাহার ডাকনাম ইলামবাজার এক হুদার কাত ৭ পটী এই দুই দফা পত্তনি সত্ব শোলআনা রকম আমী উপরূক্ত ব্যক্তিগনের পক্ষে বিক্রয় করণের শোহরত দীবায় আপনকারা খরিদ করিতে ইচ্ছুক হইবায় উচিত মুল্য উক্ত হুদা খুদ্রপুরের ৮৫০০ টাকা ও হুদা গউরবাজারের ৪৫০০ টাকা ধার্জ্য হওায় একুনে ১৩০০০ তের হাজার টাকা মুল্যে উপরূক্ত পত্তনি তালুক বিক্রয় করিয়া আপনাদের অনুকুলে এই কবালা লেখিয়া দীয়া অঙ্গীকার করিতেছী জে এই বিক্রীত সম্পত্তিতে মেং হেনরি কউণ্টর এর্স্কীন সাহেবের এবং আমার পত্নির তরফ মেং জেমশ এষ্টার্লীং ফারকীউ হর্সন ও মেং রবর্ট গীলন সাহেব ট্রষ্টীগনের জে সত্বাধিকার হক হকুক জে কীছু ছীল তাহা অদ্যকার তারিখ হইতে রহিত হইয়া আপনকারা সত্বাধিকারি ও দানবিক্রএর মালীক হইলেন মালীক জমীদারগণ বরাবর পত্তনির দেও মালগুজারি সন ২ মাশ ২ কীস্তী ২ সরবরাহ করিয়া পুত্রপৌত্রাদীক্রমে জদেচ্ছাপূর্ব্বক পরম সুখে ভোগদখল করিতে রহুন তাহাতে কস্মীনকালে উক্ত মেং হেনরি কউণ্টর এর্স্কীন সাহেব ও আমার পত্নির তরফ ট্রষ্টী মেং জেমশ এষ্টার্লীং ফারকীউ হর্সন এবং রবর্ট গীলন সাহেবের বা তাহাদের ওয়ারিশান স্থলাভিশীক্তরা কাএম থাকাকালের কোন ওজর আপত্য ও দাবিদাওা চলীবে না জদী করেন তাহা নামঞ্জুর ও বাতিল হইবে বিক্রীত সম্পত্য মধ্যে হুদা খুদ্রপুর সন ১৮৮১ সালের ১৫ই নবেম্বর তারিখে অষ্টম নীলাম হইবায় আমাদের তরফ মোক্তার শ্রীযুত নবীনচন্দ্র চট্টোপাধ্যাএর নামে খরিদ হইয়াছীল ঐ খরিদার মজকুরের উক্ত সম্পত্যতে কোন সত্বাধিকার নাই তথাচ আপনাদের সন্তোষ জন্য উক্ত নবীনচন্দ্র চট্টোপাধ্যাএর উহার নামীত ঐ নীলাম খরিদা সম্পত্তিতে উহার কোন সত্বাধিকার না থাকা বিশএ ঐ ব্যক্তী নাদাবির একরার একখণ্ড আপনাদীগো দীলাম এবং বিক্রীত সম্পত্তির মুল দলীল ও লওাজীমা আদী কাগজাতে জাহা আমার দস্তে ছীল তাহা বিঃ ফিরিস্তী আপনাদীগ্যে দীলাম আর এই বিক্রীত সম্পত্তিতে মালীকা জমীদার সেরেস্তায় চলীত নামখারিজে আপনাদের নাম দাখিল

করাইবার আবশ্যক হইলে তৎবিশএ আমাদীগ্যে কোন সন্মতির দরখাস্ত দীতে হয় তাহা দীব ও নীলাম খরিদের মোক্তার শ্রীযুত নবীনচন্দ্র চট্টোপাধ্যায়দীগকে জদী না দী ও না দেন তবে এই কোবালা ও মুক্তীপত্র দর্শাইয়া আপনাদের নামজারি করাইয়া লইতে পারিবেন ও করিবেন আর ইহাও প্রকাষ থাকে জে বিক্রীত সম্পত্তির উপর কোন দায় নাই ভবিস্বতে কোন দায় প্রকাষ পাইলে ও তাহাতে আপনাদের জে ক্ষেতি হইবে তাহার দায়ি আমী হইব এতদার্থে পোনবাহার টাকার মধ্যে সন ১৮৮২ সালের ২৭ মার্চ্চ তারিখে বায়না স্বরূপ ২০০০ টাকার নোট পাইয়াছী বক্রী ১১০০০ টাকার নোট নিচের তপশীলের নম্বরহাএ পাইয়া স্থিরচিত্রে শুর্দ্ধান্তকরণে বিনা অনুরোধে আপন খুশীতে এই খোশ কবালা পত্র লেখিয়া দীলাম ইতি সন ১৮৮২সাল তারিখ ১৮ এপ্রিল—বাং সন ১২৮৯ সাল তারিখ—৬ বৈশাখ—

তপশীল মৌজা হুদা গউরবাজার—

ইসাদী—

লেখক শ্রীবঙ্কুবিহারী [দাস]—
মোং ইলামবাজার—
শ্রীইন্দ্রনারায়ণ খাজাঞ্চী—(?)
সাং কাসীপুর—
মোং কলীকাতা—
শ্রীউমেশচন্দ্র বন্দোপাধ্যায়—
সাং দেবিপুর

শ্রীনবীনচন্দ্র চট্টোপাধ্যায়—
মোং কলীকাতা—
শ্রীগদাধর রায়—
সাং সানিঘাট—
মোং কলিকাতা—

৬৩১ । ত ১৬

শ্রীশ্রীহরি—

স্বরনং—

(মোহর)

পরগনে সিমলাপাল সাকিম···লদার শ্রীলিলমোহন সিংহ মহাপাত্র খোরোপোস বাবুদী ৩০৭ টাকার মোকর্দ্দমায় ২১৮২ নম্বরে জে জবাবলজবাব দেয় তাহার বর্দ্ধজওাব— লিখিতং শ্রীরাজা চিরঞ্জিব সিংহ চোধরি কস্য বর্দ্ধ জওাব পত্রমীদং কাজ্জঞ্চাগে ফরিয়াদী মজকুর আপন জবাবল জবাবে লিখে জঙ্গলা মুলুকের জমীদারানের ঘরের [কানুন] এক ঘরের কানুন দোসরা ঘরের সহিত কখন নিদর্ষণ হইতে পারে না এজন্যে সাহেবাণ

আলিসান ··· হইতে সন ১৮০০ সালের ১০ আইন ছাপা জারি হইয়াছে আনামালা-হিতে হজুরে হাবেদা হইবেক ইহার জওাব সাহেবান আলিসান জমীদারানের প্রতি সন সনে অনেক আইন মোকরোর করিয়াছেন দসসালা বন্দবস্তের জমীদারের জমা জমী ও গ্রামহায় কাহাকেও নাখরাজ ও কোন জমা দিতে দিবার জন্যে আইন মোকরোর করেন নাই এবং আদালত হইতে কাহাকেও জমী দিবার হুকুম হয় নাই আইন সকল মোকরোর হওার পূর্ব্বে জমীদারান সকলে জে জাহা করিয়াছেন সে সকল সাবেক দস্তুরাত এক্ষেনে মতাবক আইন মাতবর হইতে পারে না লিখে আমার্দ্ধের ঘরের অতি পূর্ব্বের কানুন জমীদারিতে হিস্যা ছিল পরে জেস্টপুত্র জমীদারি পাইবার ও আর ২ পুত্ররা মিসদাগের কাগজ স্বরতে খোরপোস পাইয়া কানুন মোকরোর হইয়া আমার পিতা পিতামহ ও পিতামহ্বর ভাই সকলে খোরপোসের গ্রামহায় পাইয়া তাহারা খোদ ও তাহার্দ্ধের ওআরিসানে দখলিকার আছেন সাবেক কানুন মতে হিস্যার উমেদে শ্রীযুত কালেক্টর সাহেবের হজুরে দরখাস্ত করিয়াছিলাম এজন্যে হালজারি কানুন খোরপোসের দাওা মস্থরদ হইতে পারে না ইহার জওাব ফরিয়া-দীর চাতুরির ও প্রপঞ্চনার লালীস সাফজাহের হইতেছে একদফা কালেক্টর সাহেবের হজুরে জমিদারির হিস্যার লালিস করিয়াছিলেন পুনরায় পিত পীতামহের দস্তুরাতের এজাহারে জমীদারি গ্রামহায় লইবার এরাদায় খোরোপোসের দাবিতে ঝুট লালিস করিয়াছেন আমার জমীদারি থোড়া ৭২৯৷ টাকা মালগুজারি হইতে জত্যপী জমীদারি হইতে জমী জমা সকল ভাই বেরাদারিকে দেওা জায় তবে জমীদারি কাএম থাকিতে পারে না কারন এই জে আমার কনিষ্ট আর তিন সোহদর জত্যপী ফিঃ সহোদরে ৩০৭ টাকা করিয়া দিতে হইলে তিন সহদরকে ৯২১ টাকার জায়গা দিতে হয় তবে আমার জমীদারি কোনমতে থাকীতে পারে না খরচপত্র ও কুম্পানী বাহাদুরের মাল-গুজারি জমীদারির খরচ ও লওাজীমা খরচপত্র ও দেবসেবা ও পিতিরিকিত্তী ও অতিতসেবা কোন প্রকারে চলিতে পারে নাই ফরিয়াদী মজকুর আমাকে জমীদারি হইতে বেওতন করিবার এরাদায় সরিকদারি হইতে ও খোরপোসের ওরফে জেয়াদা দাবিতে লালিস করিয়া জেরবার করিতেছে খোরপোসের জওাব আপন দব জবাবেই বিস্তারিত লিখিয়াছী তাহাতেই সরেওার জাহের হইবেক লিখে পীতা বর্ত্তমানে খোর-পোসের জায়গা মোকরোর হয় নাই আসামী সমেত চারি সোহদরে পান খরচার ও পান খাওাসের মহিনার জায়গা নিদৃষ্ট হইয়াছীল আমার পানখরচার জায়গা জাহা দিয়াছেন তাহা আরজীতে লিখিয়াছী দুই মৌজা পাইবার বিসয় শ্রীমকুন্দপুর এক মোজা ও গিলাগাড়া আন্দাজী দুই হালের জমীন দিয়াছেন ইহাতে

সালিআনা উৎপন্ন ২৫ টাকা পাইয়াছী কানুন মতে খোরপোসের গ্রামহায় পাই নাই ইহার জবাব মকুন্দপুর মোজা হাঁসিল পতিতে আন্দাজী ৫০০ বিঘা জমী প্রজাবিলিতে জোত করিতেছেন আর গিলাগাড়াতে আন্দাজী হাসিল ৫০ বিঘা জমী ফৈরাদী নিজ হালে জোত করিতেছেন এই দুই গ্রামের উপসর্ত্তে ফৈরাদীর খরচপত্র সেওাই জে মজুদ থাকে এবং পীতার দোলাত আদী গাঁতাঘর হইতে জবরদস্তীতে জে সকল দোলাত লইয়া গিয়াছেন তাহাতেই তেজারতি কাজ্য করিতেছেন ইহাতে ফৈরাদীর গুজরাণের সমস্থান সুন্দররূপ চলিতেছে তথাচ ফৈরাদী মজকুর আর আর ভাই ভায়াদ মহাপাত্রর্দ্দের সহিত এক ইতফাক হইয়া আমাকে জেরবার ও জমীদারি হইতে বেওতন করিবার নিমির্ত্তে খেলাপ লালীষ করিয়া না হক তষুদী দিতেছেন শ্রীযুত সাহেব খামীন্দী বর্দ্ধজবাব মঞ্জর করিয়া আদালত করিতে আজ্ঞা হয় ইতি—সন ১২১৮ সাল তাং—২৯ জৈষ্টী—

(ফারসী সহি)

শ্রীরাজা চিরঞ্জীব সিংহ চোধরি—মাং শ্রীরাধামোহন বন্দোপাধ্যায় ওকীল—
শ্রীরামপ্রসাদ ঘোষ উকীল—

৬৩২।ত ১৭

শ্রীশ্রীদুর্গা—

(মোহর)

মহামহিম শ্রীযুত কমিসনর সাহেব মৌকাম বর্দ্ধমান বরাবরেষু।—
দরখাস্ত—

শ্রীভবানি সীংহ হিকিম সাং সিমুলাপাল পরগনে সীমুল্যাপাল মোতালকে জেলা জঙ্গলমহাল সন ১৮৩১ সাল তারিখ—৩ আক্টবর—সন ১২৩৮ সাল—১৮ আশ্বীণ— নিবেদন এই জে পরগণা মজকুর আমার সহদর ৺চিরিঞ্জিব সীংহ চৌধরি মহাসয়ের রাজত্ত তাহাতে আমাদৃগের খানন্দানের দস্তর এই জারি আছে জে জে জখন জে রাজা হয়েন তস্ত কনিস্ট ভ্রাতা হিকিম হয়েন ও হিকিমি দস্তারাত রাজগীর হিস্যার এওজে খোর- পৌস গ্রাম ও ভুম মোকরোর হইয়া খোরপৌসের গ্রাম পেযকস অর্থাদ সরকারি সদর জমা রাজা বরাবর আদায় হইয়া মোনাফার দ্বারায় পরিবার প্রতিপালন হইয়া আসিয়া থাকে এমতে আমার জেস্ট ভ্রাতা ৺রাজা মহযুপ রায্যাভিসিক্ত হইয়া ও আমি তাহারি কনিস্ট প্রজুক্ত দস্তর মোতাবক হিকিমী এহনাতে মৌকরৌর হইয়া রায়্যতের

মোজাহায়ে নগদ ৬০।৬২ টাকা ও রাজস্তের মিনকিঅতের মর্দ্ধে মৌজে হাতিবারি ও গোবিন্দপুর ও মধুপুর ও কালিআম ও উত্তর হুসিন্যা ও কুসতডার ॥০ অর্দ্ধ মৌজা ও নিজ জোত আনন্দপুর ও হাতিবারির খাপ হুসিন্যা ও কড়াকালানী ও জট্যাকালানি আমার খোরপোসের হকিঅতে মোকরোর করিয়া পেসকসী সদর খাজনা ২৭।৶১০ টাকা জাহা সরকারে তাহার দেনা ও সেলামী দিগর ১১৲ টাকা একুনে ৩৮।৶১০ টাকা আমার স্থানে লইয়া দখলীকার রাখেন আমী ও আপন ঐ হকিঅতের উপর চিরকাল দখলীকার থাকিয়া মৌজাহায় মজুকুরাণ জলাসয় খোনন দ্বারায় তামাম কামাল আবাদী করিয়া রাজকর আদায়পূর্ব্বক উৎপন্ন মুনফা হইতে স্বপরিবার প্রতিপালন হইয়া আসীতেছীলাম ইতিমধ্যে সন ১২৩৭ সালে রাজা মহযুপ লোকান্ত হইলে তস্য নাবালগ পুত্র শ্রীযুত রাজা নটবর সীংহ চৌধুরি খানদানের দস্তরমতে রাজ্যাভিসিক্ত হইয়া পরে নাবালগিসবায় জমিদারি সরকারি এক্তারে আসিবায় জেলা মজুকুরের কালেট্টর সাহেব নাবলগ মজুকুরের মাল মিনকিঅতের পর মহাফেজ ও তহসীল আদায় জন্য সাজআল মোকরোর করেন তাহাতে আমি উপরের লিখিত জমা উগায়রহ সাজওাল মজকুরের নিকট বদস্তর আদায় করিয়াছী তথাচ সাহেব কালেট্টরের হুকুমানুসার সাজওাল আমার খোরপৌসের জায়দাদ ক্রোক করিয়া বেদখল করিয়া আমার বন্দবস্ত তবসীলের দ্বারায় ছানি বন্দবস্ত করিতেছেণ তাহাতে আমার সরেওয়ায় বওানে সাহেব মোওযুপের হুজুরে দরখাস্ত গুজরাইবাতে আমার নসীবের গরদোসে কিছু গওর না করিয়া হুজুরে কি প্রকার রেপট করিয়াছেন তাহা আমাকে মালুম নাই অতএব উম্মেদার ঐ রেপট ও রেপট সামিল আমার সাবেক দরখাস্ত মোলাহেজা ফরমাইয়া আমার ঐ সকল মোজাহায়ে আমাকে সাবেক বদস্তর দখলকার কায়েম রাখিতে হুকুম হয় তবে আমী স্বপরিবারে বজায় থাকিতে পারি।—খোদাওন্দা মালীক—নিবেদন ইতি।—

(ফারসী সহি)

শ্রীভবানী সীংহ—হিকিম

মুলবৎ।—
শ্রীবেনিমাধব রায়—
শেরেস্তাদার—

ঐক্যক—
শ্রীনবগোপাল রায়—
মহাফেজ—

নির্ঘণ্ট

(শব্দকোষ)

অখেম ২৮৩-১৫ অক্ষম।

অগড় ১৭১-২৯ দ্র আগড়।

অগ্নীহোত্রী ২৮৩-২৪ নিত্য হোমকর্ত্তা সাগ্নিক ব্রাহ্মণ ; পদবী বি।

অঙ্গভাঙ্গ ১৫৯-১ অঙ্গহানি।

অছিত দরখাস্ত ২৭৫-২৭ (অছিত—আ রসীয়ৎ—Will) সম্পত্তি-পরিচালনের নিমিত্ত অভিভাবক নির্ণয়ের আবেদন।

অজবঞ্জর ৩৪৩-১৪ [*আদ্য+(হি) বংজর] আদৎ অনুর্ব্বর পতিত জমি।

অজরাহ জবরজস্তি ৪২৯-২২ (ফা) জবরদস্তীক্রমে ; বলপূর্ব্বক।

অণ্ডুড়াই ১৮৫-১৯ (অনডুহ্—অনড্বান্, ১মা ১ব) বৃষ।

অতি বির্দ্ধ আউটী ১০৩-২ গণিতে অঙ্ক বি। (* আবৃত্তি—পুনঃ পুনঃ আবর্ত্তন অর্থাৎ গুণন)। আর্য্যা, আর্দ্যাস্তে বসিলা নেত্র্া, সড় ঋতু করিয়া যুক্তা। করি গ্রহ বসিলা মাঝে, সমস্তাতে চন্দ বিরাজে। দণ্ডি কড়া দুই দুই হএ এক, সুমুদ্র বুড়ি বসু য়ংসে দেক। এ চারি ভাগ জান, অতি বির্দ্ধ আউটি ইথে আন॥—(হ গু)

অত্র জঙ্গলা দেশে ২৭৪-১২ এই জঙ্গলমহল জেলায়। দ্র জঙ্গলমহাল।

অদ্বয়ে ৪১১-২৩ দ্বৈতবিহীন ; নিশ্চিত।

অধিবাস ১৩-১

অনট চুটকী ৪১৩-১২ রূপার তৈয়ারী ঝুমঝুমি-দেওয়া পায়ের আংটী।

অনুগ্রহ পাত্রি ২৮২-১৪ দ্র নিগ্রহী পত্র।

অনুরাগ ৫-১৭, ৮৬-৮ ক্রোধ।

অন্তকরণ ৩২৬-১৩ আন্তরিক প্রণয়প্রসঙ্গ।

অন্তস্তলে মধ্যা ৪৫-১ অন্তঃকরণের মধ্যে অর্থাৎ মনে।

অন্নপাপ ৪৫৩-২০ জাত্যন্তরের অন্নগ্রহণজনিত পাপ।

অপালনে মিত্তু ১৮৪-২৩ গলবদ্ধরজ্জু অবস্থায়, অচিকিৎসিতভাবে এবং বিনা সেবাযত্নে গোরুর মৃত্যু হওয়া।

অবধুত ২১২-১৪ পদবী বি। দ্র গোর্খ-বিজয়, পৃ ২৪০।

অবিচল পত্র ২৯০-১৯ যে পত্রের (দলিলের) সিদ্ধান্ত অবিচল অর্থাৎ যাহার নড়চড় হইবে না।

অবিষ্টী ১৯৭-১৩ (অভীষ্ট) অভিলষিত বা প্রিয়ব্যক্তি। এখানে গুরু বা গুরু-স্থানীয়; ইষ্টদেব।

অব্যাজে ৪১১-২১ অবিলম্বে।

অমৃতি ৩৫৪-৩ অমিত্তি (অমত্র) গলাসরু জলাধার তৈজসপাত্র বি।

অরংসাই ২৭০-১৯ ; ৩৮৩-১৯, ৬ ; ৩৮৮-৮ আওরঙ্গজেবের মুদ্রা ; আওরঙ্গজেবে আর্কট।

অর্জুন মিহির চুর্নক ৯৪-৯ অর্জ্জুন মিশ্র কৃত মহাভারতের সংক্ষিপ্ত টীকা।

অষ্ট কোটা ১০২-২৯ গণিতে অঙ্ক বি। আর্য্যা, (১) মুনি অম্বর পাখা পাখা, বাণ চান্দে দিয়ে সখা। ঘোড়ার পিষ্টে দিয়ে বাম, অষ্ট কোটার এই নাম। (২) পণের বাইসা সন্নির সাত, সত্তোর তিহাত্তরি দিয়া ভাগ, অষ্ট কোটার পাবে লাগ।—(হ শু)

অষ্টম কানুন ৪৭৯-২৮ ১৮১৯ সালের ৮নং আইন; ইহাকে সাধারণতঃ অষ্টম বলা হয়। পত্তনীর খাজানা খেলাপ করিলে জমিদার পত্তনী তালুক কালেক্টরের কাছে দরখাস্ত করিয়া বিক্রয় করাইয়া দিতে পারেন। ৩রা সেপ্টেম্বর ১৮১৯ সনে এই আইন প্রচার হয়। এখনও এই আইন বলবৎ আছে।

অয্যজ্জ্য ১৭৪-১৪ ঐশ্বর্য্য।

অহোওাল ১৬-২ (অ: হাল্—বহু ব) অবস্থা; দশা। চল্‌তি 'আহাল'।

আইন্দার ২৪১-১৬ (ফা) ভবিষ্যৎ।

আউড়ি ৩৯৮-১৯ (আবৃত্ত) বাঁশের চাঁচ বা দরমা আবৃত্ত করিয়া (বৃত্তাকারে ঘুরাইয়া) প্রস্তুত ধান্যাদির আধার বি; আগা বাঁকাইয়া নুড়ার মত করা খড়ের গুচ্ছ।

আউরি ২৩৬-১০ চক্রবৃদ্ধিহারে আবৃত্ত (বৃদ্ধিপ্রাপ্ত) সুদ।

আউল ১০৩-২৫ (আ আয়াল) প্রথম।

আক কাটা ১০১-২৪ গণিতে অঙ্ক বি।

আকর ৩৯১-২১ (আখর) অক্ষরিত বা লিখিত সংবাদ।

আকর আওলাত ১৭৪-১৫ (আ+আ রলদ) অনুর্ব্বর উর্ব্বর (ভূমি)।

আকাড় ৩৩০-২৪ (আ-কাঠ) আকাশের কাষ্ঠবৎ শুষ্কভাব।

আকিরের ২৫৯-২১ আখেরের অর্থাৎ শেষের।

আকুটবর ২৪২-১৯ October।

আক্ষতি ৪৫-১৪ অখ্যাতি।

আখবত ১০৩-২১ (আ) ভ্রাতৃত্ব।

আখেজ ১১২-১৬ (আ আখোজ্) বিরোধিতা; বিদ্বেষ; বিবাদ। চলতি 'আড়ি-আকজ'।

আগওরা ২২৭-১৫ অগ্রিম; আগাম।

আগড় ১৭০-১৬ (অর্গল) বাঁশ ও বাখারির তৈয়ারী কপাট; ইহাতে করিয়া ভারী জিনিষ বহন করা এবং আটীধান ঝাড়াও হয়।

আগত ৪৭-১০ আগামী।

আগত্রা ৩৮১-১২ আসায়।

আগরি ৪০৩-১১ (অগ্রহারিক) প্রাচীনকালের যোদ্ধা (জুঝার) জাতি বি।

আগে, আদো ৬-১৭; ২-২৪ পত্রের আরম্ভসূচক শব্দ।

আচায্য বরন ২৯৩-১৮

আচ্যার ২২৪-২১ (আচার্য্য) পদবী বি।

আজিমা কাগজ ৩২৩-১৭ (আ) নথীভুক্ত হয় নাই এমন কাগজপত্র। আইনের চক্ষে বাজে কাগজ।

আঞ্চ ১০১-২১ সংযুক্ত বর্ণ-পরিচয়ে "আঞ্চ" বা "আঙ্ক" (ঞ্চ, ঙ্ক) ইত্যাদি যুক্ত বর্ণের পাঠ।

আট পা দক্ষিণদ্বারী ঘর ৪২৭-৭ আট-পাঁচী অর্থাৎ দৈর্ঘ্যে ও প্রস্থে ৮×৫ হাত একুঠরী দক্ষিণমুখী ঘর। এই মাপে কাঁচা ঘর নির্ম্মাণ দক্ষিণ রাঢ় অঞ্চলে সুপ্রাচীন প্রথা। এইরূপ ঘরে জানালা রাখার বিধান ছিল না। 'যমদণ্ড' ও 'সূর্য্যদণ্ড' অর্থাৎ দক্ষিণে ও পূর্ব্বে ঘুলঘুলি রাখিতে হইত। মকর ও সিংহ লগ্নে জন্ম হইলে সূতিকাগৃহের দ্বার দক্ষিণ দিকে হইবে। "মকরে সিংহ লগ্নে চ দক্ষিণস্যাং দিশিক্রমাৎ"।

আড়কাট ৩৫-৩০ ; ২৪৬-৮ ; ৩৬৭-২ ; ৩৭২-২৪ ; ৩৮৩-২০, ৯ ; ৩৯২-২৪ ; ৩৯৩-১৫ ; ৪১২-২২ ; ৪১৩-২৮ ; ৪৪৯-১৭ ; ৪৬০-৭, ৯, ১০ দক্ষিণ ভারতে আর্কট (কর্ণাট) সহরে ইংরেজদের ট্যাঁকশালে প্রস্তুত মুদ্রা। অষ্টাদশ ও উনবিংশ শতাব্দীতে বহু প্রকারের আর্কট প্রচলিত ছিল।

আড়ভাঙ্গা ৩২৩-২৭ পতিত হইতে আবাদযোগ্য।

আড়া ২৪৩-২৫ (আঢ়ক) চার সেরে এক মান, চার মানে এক কুড়ী, ষোলো কুড়ীতে এক আড়া।

আড়ানী ৪২-২০ তালপত্রের বা ময়ূরপক্ষের বৃহৎ ব্যজনী।

আড়ি ৪৩-৮ পাকা ওজনের দুই সের মাপের বেত্রনির্ম্মিত আধার বি।

আড়্যা গরু ৪৫৪-১০ এঁড়ে গরু।

আতিম্যানী ১৬৩-৭ ?

আত্ম বিবরন পত্র ১৬৬-২১ আপনার বা আত্মজের (পুত্র ও কন্যার) চরিত্র সম্বন্ধে বিবরণ পত্র।

আদরন ২৮৩-১৩ (আদর-অন ?) গ্রহণযোগ্য।

আদাওতি ২৫৬-৫ (আ) শত্রুতা।

আদান্ত ৪৫৫-১ অদন্ত অর্থাৎ দন্তপঙ্‌ক্তির মধ্যে অল্পসংখ্যক দন্তযুক্ত অর্থাৎ যে গরুর সব দাঁত উঠে নাই।

আদীরায় ৪৩৭-১০ (আদর্শ) নমুনা ; আদ্‌রা ?

আতুলি ৪০-২৬ অর্দ্ধ সিক্কা।

আদদা ১৫৬-১ (আ আদাদ্) সংখ্যা।

আন্দেসায় ২১৭-২৭ দ্র আন্দেসা।

আত্মকৃত্য ৪৪০-২৩

আনন্দ পেলা ৩৭৫-৯ ধাতুপাত্র বি।

আনসেছা ৩১২-১৫ (অন্ স্বেচ্ছা) যাহাতে স্বীয় ইচ্ছা খাটাইবার কোনও অবকাশ নাই অর্থাৎ বাধ্যতামূলক।

আনামালাহিতে ৪৮২-১, ২ ?

আন্দারমানিক ৩৭৬-১১ আতসবাজী বি। বারুদপূর্ণ চ্যাপ্টা টাটির মুখ ও নিম্নভাগ আটা দিয়া কাগজে মুড়িয়া তাহাতে আগুন দিলে অন্ধকারে মাণিকের মতো জ্বলে।

সঞ্চয়—জলাশয় বা দীর্ঘ খাদ। ইহা মজিয়া গেলে পাড় দিয়া ছোট ছোট পুষ্করিণী করা হইত।

ইআদাস্ত ২০৪-১৭ (ফা ইআদ্ দাস্ত্) স্মারকলিপি।

ইং ৯৭-৩ 'ইআদাস্ত'-এর সংক্ষেপ।

ইক্ষু পীড়ন ৪০৩-৯ আখমাড়া।

ইঙ্গের ২০২-৯ ইংরাজ।

ইজা ৩৫১-২২ (ফা ঞিজা) জের।

ইজাদার ২৮৬-১০ (আ+ফা) ইজারাদার্ ; ঠিকাদার।

ইতফাক ৪৮৩-৮ (আ) জোট।

ইন সন ৫৯-২৪ (ফা ইম্‌সাল) এই বৎসর।

ইনসাব ২৫৭-৯ (আ নিস্‌ফ্) বিচার।

ইবনে ৩০০-৫ (আ) পুত্র।

ইয়াদিকির্দ্ধ ১৪৩-১৬ (ফা) স্মারকপত্র।

ইরসাল ২২৯-১২ (আ রসল্) প্রেরিত খাজানা ; সরবরাহ।

ইশজাবাত ৩০০-১৮, ১৯ (আ) অদ্যাবধি।

ইষ্টম্প ফোরশ ৩৩১-২০ (ই+ফা) টিকিট বিক্রয়কারী।

ইষ্টম্পরের দারোগা ৩৩-২৮ (ই+ফা) টিকিট অফিসের প্রধান কর্ম্মচারী।

ইষ্টাশীন ৪৭-১৮ Station।

ইসদ ৪-১২ (আ সাহেদ্) সাক্ষী।

ইস্তক ৩-১৬ (হি) এই পর্য্যন্ত।

ইস্তফা ১১২-১৫ (আ ইস্‌ত্ আফা=মাফ) ক্ষমা ; মাফ ; শেষ ; জবাব।

ইস্বরাবাদ ৪৩৯-১৫ (রূপকে) ভগবানের শাসনাধীন স্থান।

ইহৈব ৫০-৩০ এই বিষয়েই।

ঈশ্বর পার্থি ৪২-১০ বিপৎখণ্ডনের জন্য ঈশ্বরের অর্থাৎ শিবের দয়াপ্রার্থী।

উআদা ২৪৪-১২ (আ) অঙ্গীকার।

উইল পত্র ৪৬৫-৫

উগয়রহ ১৭৩-৭ (আ রগয়্ রঃ) ইত্যাদি, প্রভৃতি।

উঘাড়িঞা ১৭-২৫ উদ্‌ঘাটিত করিয়া।

উছ ভাএ ২৩২-৮ উচ্চ মুল্যে বা চড়া দামে।

উদ কষ্টী ১০২-২৮ (উদক কষ্টী—জলের পরিমাণার্থ অঙ্ক কষা ; পুকুরকালি ?) গণিতে অঙ্ক বি।

উদত্ত ৭৯-১৩ উদ্যত।

উদাস ১৯৩-২৮ হতাশ ; নিরাশ ; ব্যাকুল।

উদূখল ধং ৯০-২১ (ভাগবতে) শ্রীকৃষ্ণের সবেগে উদূখল আকর্ষণের কাহিনী।

উদূখল মুষল শ্রুপদী ১৪৮-২৮ ধানভানার গড়, (বিল্বকাষ্ঠনির্ম্মিত) মুষল, ঘৃতাদি (স্রুব) রক্ষার্থ যজ্ঞপাত্র বি। হোমের চরুপাকে ইহার প্রয়োজন।

উপরি ৮৯-১৪ কথকতা ইত্যাদিতে শ্রোতাদিগের প্রদত্ত অতিরিক্ত অর্থ ; ফেরি, পেলা।

উপীক্ষা ১-১২ অপেক্ষা।

উমলা চালু ৪৪৭-১৩ উমদা (আ উ'ম্‌দহ্ = উৎকৃষ্ট)—ভালো (আতপ) চাউল ?

উমেদে ৪৮২-১২ (ফা) আশায়।

উম্মোদার ৪৮৪-১৯ দ্র ওমেদবার।

উরুড্যা ২১৯-১৮ ওড্র অর্থাৎ ওড়িষ্যা।

উলার দাদন ৩৯৮-১৪ দ্র উঠানা। "উল্‌নো খাওয়া" = ধার খাওয়া (চল্‌তি)।

উষুল ৯৯-১৭ (আ রস্‌ল্) সংগ্রহ ; প্রাপ্ত।

উঠানাদার ২৬১-১১ (√ উঠ্ = ওঠা—বিক্রী হওয়া)। মাস বা কোনো নির্দ্দিষ্ট সময়ের শেষে মূল্য দিবার বন্দোবস্তে মুদীর দোকান হইতে তৈল তণ্ডুল লবণাদি লওয়া। পূর্ব্বে এই উঠানা বন্দোবস্ত বোধহয় কলুর সঙ্গেই হইত। ঘানির বানি স্বরূপ কলু টাকা দাদন লইয়া সম্বৎসর তেল দিয়া দাদনের টাকা শোধ করিত। পরে ইহা গৌণার্থে মুদীর সহিত যুক্ত হইয়াছে। উঠানাদার—যে উঠানা দেয় (কলু)।

উত্তাদি কীআ ৩১৮-১৯ ঔর্দ্ধদেহিক ক্রিয়া।

উস্তীত ১৭৭-১২ (উৎ+স্থিত)—উত্থিত অর্থাৎ যে প্রায়শ্চিত্ত দ্বারা সমাজে উঠিয়াছে। সমাজে গৃহীত।

এওজতে ৩২১-১৪ (আ ইব্‌জ্) পরিবর্ত্তে।

এওজিআ ২৫৮-৯ (আ) বদল।

এওয়াজীব ৪৮-১১ (আ) স্বেচ্ছামূলক।

এওয়াদাত ২৪৮-৬ (আ ইবাদাৎ) পূজা।

এঃ রাজষ্টর ২৭১-১৯, ২০ এজলাসের রেজিষ্ট্রার।

এক ঘটী জলে উদ্ধার ১৬৪-৮, ৯ পতিত ব্যক্তির নিকট হইতে তুচ্ছ এক ঘটি জল লইলেও তাহার জলাদি আচরণীয় বলিয়া সমাজে গৃহীত হয়।

একদৃষ্ট শ্রার্দ্ধ ৪৪০-১৫

একমৎ ২০৭-২১ (আ) জ্ঞান ; পরিশ্রম।

একরার ১০০-২৬ (আ) স্বীকার ; কবুল।

এক সাত ১৬১-১৩ (অন্য কাহারও সহিত) এক সঙ্গে।

একাদষ তিলি ৪৫৪-১৮ দ্র তিলি।

একুন ৫২-১ [একু—মিলিত ; (মরাঠী) একুণ,-ন] সমষ্টি ; যোগ ; একীকরণ।

এজ ৩৯৫-১৩ এজমালি ?।

এতমামদার ৩৪১-১৬ (আ) বন্দোবস্তকারী।

এতরায় ৩৮-২১ (হি) ভরসা।

এতোবার ১০৫-১২ (আ) ভরসা ; বিশ্বাস।

এত্তেলা ২৯-৮ (আ ইৎত্তলা) বিজ্ঞাপন ; খবর ; নোটিশ।

এন ৪৭৯-৩ and।

এনসাল ৭৩-২৬ (ফা) এই বৎসর ?।

এবং ৪৯-৯ ; ২৬৮-১৯ (সংশয়ার্থক) বা, অথবা ; (সমুচ্চয়ার্থক) অর্থাৎ সংখ্যা সমূহে সম পরিমাণ বা একুন।

এরাদা ২৫৫-২৩ (আ) মতলব।

এরেদাবাদ ১০৩-২২ (আ+ফা) এই অভিপ্রায়।

এলামনামা ২৭১-২৮ (আ+ফা) বিজ্ঞপ্তি পত্র।

এহনাতে ৪৮৩-২৮ হেনমতে, এই প্রকারে ?

ঐক্যক ২৮৬-১ মূলের সহিত ঐক্যযুক্ত ; এক ; অভিন্ন (True copy)।

ওআকিব কালাম ৬৩-১৩, ১৪ (আ) জ্ঞাত করিলাম।

ওআদা ২৩২-৮ (আ ৱাদাহ্—প্রতিশ্রুতি) অঙ্গীকার।

ওক্ত ৩৬-১৯ (আ)সময়।

ওগয়রহ ১৭১-৫ দ্র উগয়রহ।

ওদড় ২১৮-১ (উড়ুম্বর ?) যজ্ঞডুমুর।

ওমেদবার ১০৪-১৪ (ফা) আশান্বিত ; প্রার্থী (candidate)।

ওয়াকাই ২৯৫-৭ (আ) স্থির ; নিশ্চয়ই ; ঘটনা।

ওয়াজীব ২৪৩-২২ (আ) স্থায়সঙ্গত ; ঠিক ।

ওলট কলা ৪২৯-২ বরবটি ?

ওলদে ৩০০-৪ (আ রলদ্) পুত্র ।

ওসয়াস ৫০-১ (আ রস্‌সা) ভয় ; সন্দেহ ।

ঔর্দ্ধদেহাদি ক্রিয়া ১৬৯-১২

ঔলা ১৭-৪ (গোলা, দোলা ?) দলুয়া বা দোলা অর্থাৎ সাদা চিনি হইতে প্রস্তুত গোলাকার মিষ্টান্ন বি ।

কচলান ২১৮-২ ?

কট কবলা ১০৩-৮ (আ কবালা) নির্দ্দিষ্ট সময়ের জন্য স্বত্বযুক্ত বিক্রয়পত্র ।

কটকী ঘটী ৬০-২৭, ২৮ কটকে নির্ম্মিত ঘটী ।

কটকীনা দাবী ২৪৮-২ (হি+ফা) নির্দ্দিষ্ট সময়ের মধ্যে পাওনা না দিলে স্বত্বচ্যুতি-পত্র ।

কড়াকালানী ৪৮৪-৩ জমি বি ?

কড়ি ২১৪-৭ ইত্যাদি ।

কড়িকষ্যা ১০১-২৭ কড়ির মূল্যনিরূপক গণিত—কড়িকষা ।

কথক ৯৯-২৪

কদমা ৪৭৪-৭ কদম্বপুষ্পাকৃতি চিনির মিঠাই ।

কদ্রনি ১০৫-৯ (আ কদর+বাং নি)=কদরনি অর্থাৎ সম্ভ্রান্ত (মহিলা) ।

কন ৬৮-১৫ কহন, কথন ; কথা ।

কন্‌তেন্‌শনামা ৪৭৯-১৫ (contents+নামাহ্) বিষয়ের বিবরণ পত্র ।

কপ ৩২১-২০ (ফা কব্‌জ্)=করতল ; অধিকার ।

কবচ লিখন ২৪৯-২৬ বিঘ্নবিনাশ এবং অভীষ্টসিদ্ধির নিমিত্ত দেবদেবীগণের ও গ্রহাদির বীজমন্ত্র ও তান্ত্রিক যন্ত্রাদি ভূর্জ্জপত্রের উপর লেখা ।

কবজ ৪৩৮-২৭ দ্র কবচ লিখন ।

কবজ পত্র ৩০১-২০ দ্র কপ । অধিকার পত্র ।

কবুলতি ৯৬-৩০ (আ) পাট্টার অনুরূপ সর্ত্তে লিখিয়া জমিদারের নিকট খাজানা দিবার অঙ্গীকার পত্র ।

কমিসেনী হাউস্ব ২৯২-১৮ (Commissioner-house) রাজস্ববিভাগের প্রধান কর্ম্মচারীর কুঠী । আদালতের জজ ।

কয়্য ১৭৩-৭ কথিত ।

কয়ড়া ৪৪২-২ কড়ি।

কয়র ৪০৪-১৫ কড়ি।

কয়ালি ৩১৬-৩ (আ কইয়াল্) বিক্রেতার ধান্যাদি ক্রেতার নিকট যে মাপিয়া দেয় (কয়াল)। কয়ালের প্রাপ্য মজুরি।

করঙ্গ ৩৬৩-২১ কমণ্ডলু।

করসা ২৩১-১৭ (ফা কড়চা) প্রজার নামওয়ারী খাজানার হিসাব।

করারদাদ ৭৩-৫ (আ+ফা) সিদ্ধান্ত; চুক্তি।

করার নামা ৫৫-৮ (আ+ফা) চুক্তিপত্র।

করারি ২২৮-২২ (আ) অঙ্গীকৃত।

করাসারি ৩৭৮-১৭ পদবী বি।

করিএ ৫০-১৭ করি।

করিব ২১১-২৩ (আ) গরীব; আগন্তুক।

করেকিত ২৫৮-১৬ দ্র কারকিত।

কর্করী ১৩৫-২ (গর্গরী) ছোট কলস।

কর্দ্দন ২৭০-১৬ (ফা) করা।

কর্প ফসল ৪৫৫-২ কাপাস ফসল। গৌণার্থে দো ফসল।

কর্পা ২৩১-১৬ কার্পাসের জমি।

কর্ম্মাণ্য ৪৬-৬ (∠অকর্ম্মণ্য) কর্ম্মে পটু; (গৌণার্থে ভ্রমে) কর্ম্মে অপটুতা; তজ্জন্য কর্ম্মের কুফল।

কল ২৩২-৬ চল; প্রচলিত।

কলানী হাড়ী ২৩৫-৭ যে হাঁড়ীতে ষষ্ঠীপূজার সময় ছোলা মুগ ইত্যাদি 'পাঁচ কলাই কলানো' বা ইহার অঙ্কুরোদ্গম করানো হয়।—দ রা

কলিকা ৫৭-৬ তামাক সাজিবার কল্কে।

কলিকাতার নারাঁজি পটু ২৬৮-১৬ কলিকাতায় প্রস্তুত নারাঙ্গী বা হরিদ্রা রঙ্গের পট্টু (tuid)?

কলুই ৪১৮-১২ কলায়; ডাল।

কশম কষমতে ২৮৫-২৪ (আ) বিভিন্ন উপায়ে।

কসবা ১৩০-১৫ (আ) ছোট সহর।

কহিতাগ্রে ১০৬-২১ অগ্রে কহিত বা প্রাগুক্ত।

কাওরা ৪৩৪-২২ শূকরপালক, পাল্কীবাহক ও লড়াইয়ে হিন্দুজাতির পদবী বি। কেওড়া—হাড়ি।—দ রা

কাঁচার ডাল ৭৬-৪,৫ কাঁচা কালো বিড়ি (ব্রীহি) কলাইএর ডাল।

কাঁড়ার ৩৬৭-২৯ (কাণ্ডার) পদবী বি। নৌকার মাঝি।

কাকলী ১০-১ (কাকনী ?) কঙ্কণ বা কটীভূষণ বি।

কাচা ৪৩৫-৮ ধোওয়া সাদা থান কাপড় বি।

কাছারি মৌলুবি ২৬৪-১৭,১৮ জজ পণ্ডিতের মতো আদালতে নিযুক্ত মুশ্লিম কানুনের ব্যাখ্যাতা মৌলুবী।

কাজলা ২১২-৬ (আ কাতিল্—ঘাতক, ঠেঙ্গাড়ে) ঠেঙ্গাড়ের মাঠ। বর্ত্তমান 'কাতলা'।

কাজি ২৭০-৯ ; ৩৩২-৫, ৬ : ৩৩৬-১৬ সন ১১৬৬ সালের (খৃ ১৭৫৯-৬০) একটি হিসাব-তালিকায় বর্দ্ধমানে কাজীর বিচারের, ১১৬৪ সালে (খৃ ১৭৫৭-৫৮) সোনারগ্রামে কাজীর বাহালী পরয়ানার ও ১২০২ সালে (খৃ ১৭৯৫-৯৬) মেদিনীপুরে কাজীর মোহরের উল্লেখ আছে।

কাজীয়া ৪৪-২৪ (আ) ঝগড়া।

কাঞ্চন ২০৩-৩ ঢাল্, ঢেউখেলানো ও চওড়া কানাযুক্ত কাঁসার থালা।

কাঠা ২৪২-৭ দ্র আড়ি। তাহার অর্দ্ধেক অর্থাৎ পাকা এক সের মাপ।

কাৎ ৭-২৮ পরিমাণ ; দফা।

কাত ৫৫-১ দ্র কাৎ।

কাতার ৩৩৩-২৫ (আ কতার্) সারি ; পঙ্‌ক্তি।

কাননগুই ৩৫০-২৩,২৪ (গ্রী-আ কানন+ফা গো) রাজস্ববিভাগের ভূমিপরিমাণ ও আয়ের সম্বন্ধে হিসাব কিতাবকারী কর্ম্মচারী।

কানফালাও ১১৩-১০ জনশ্রুতিতে অর্থাৎ পরস্পরের কানেকানে কথায় কথায় ফলাও অর্থাৎ প্রসারপ্রাপ্ত।

কানবালা ৪৭৫-১৭

কানানি ৭৪-৫ নদীর কাঁধা বা তীর ; মজা নদীর খাত।

কানুন চাহারণ ২৭৫-৪ (আ+ফা) চার সংখ্যার আইন (অনুসারে)।

কান্দর ৩০৩-১৬ (কন্দর) বর্ষার সঞ্চিত জলপূর্ণ কন্দর অর্থাৎ গর্ত্ত (বীরভূম) ; মজা নদীর খাত।

কাপা ৪৭৭-২২ খড় বা আটিধানের ছালা বা সাধারণতঃ গরুর বহনযোগ্য বোঝা বাঁধিবার জন্য শণ-দড়ির প্রস্তুত বিননো পট্টী বি।—দ রা

কাবিজ ১৪৩-২২ (আ কব্‌জ্‌) আয়ত্ত ; করতলগত ; দখল।

কাবিলা বাগালী ৩৯২-২১ (আ কবীলা—স্ত্রী) যে স্ত্রীলোক বাগালের বা রাখালের কাজ অর্থাৎ গরুর রক্ষণাবেক্ষণ করে।

কামানি ৭৪-১ কামান।

কামাল ৪৮৪-৮ (আ) উত্তম।

কায়থীর ঘটী ২৭০-২২ কাইতি গ্রামে নির্ম্মিত অথবা তথায় প্রাপ্ত ঘটি।

কায়স্থ ৩৭৮-১৩ হিন্দুর পেশাগত পদবী বি।

কারকীত ২০৯-৮ জমির আবাদ বা কৃষিকর্ম্ম ; তজ্জন্য ব্যয় ; নিজ জমি নিজ হালে সাধারণতঃ বাড়ির কৃষাণকে তাহারই নিমিত্ত এবং তাহার বেতন বাবদ আবাদ করিয়া দেওয়া।—দ রা

কারপরদাত ২৫৫-২৪ (ফা কার্‌পর্‌দাজ্‌ কার্‌ পরদ্‌খতান্‌) কর্ম্মচারী ; চাকর।

কাল কালাও ১৪৫-১০ কালে কালে অর্থাৎ কোনও কালে।

কালষ্টরি ৩:-২৮ Collectory।

কালানি জমিন ৩২৮-৫ জমি বি।

কালামুখীর প্রকরণ ১৬০-২৩ বিপদ হইতে উদ্ধারের জন্য তন্ত্রসারধৃত মাতঙ্গীর উপরূপ পিশাচী কৃষ্ণমুখীর আভিচারিক অর্চ্চনা-প্রণালী।

কালাসৌচ ৫৬-৬

কালি ১০২-১৯ (√ কল্‌—গণনা ?) জমির মাপ ; পরিমাণনির্ণয়।

কালিয়া ৪৪৯-১৫ কালো পোড়ের হাঁড়ী।

কালীম ১:৯-১১ (আ) বাচক ; যে কাহারও পক্ষে কথা কয়। এখানে পদবী বি।

কাল্যা লতার পাতা ৬৭-১ কেলে কোঁড়া—কালো অঙ্কুরবিশিষ্ট লতা বি। ক্ষতের ঔষধ।

কাশীর টুকনা ৩৫১-২৪ টুক্নি—বড়ো ঘটি বি (বৈরাগীর ব্যবহার্য্য)। চল্‌তি 'টুকি পেতে'—শিশুদের ব্যবহার্য্য বাঁশের তৈয়ারী ছোট ডালা বি ; ঝালমশলা রাখার 'চারটুকি'।—দ রা

কাষ্ঠ ডুইএও ৩৫৫-২২ (কাষ্ঠ দ্রুম) কাষ্ঠখণ্ড, কাঠের ডুমা।

কাসা ৬১-১১ কাঁসার তৈয়ারী কানা-উঁচু ছোট থালা।

কাস্‌টছেন ১৪৬-২০ কাষ্ঠছে[দ]ন।

কাহন ৩৮১-১৬ (কার্ষাপণ) ষোল পণ কড়ি ; এক টাকা।

কাহার ৭-২৪ (কাহারক) শিবিকাদিবাহক হিন্দুজাতি বি।

কাহার বেগার ৯০-২ (আ বগইর্) বিনা মজুরির কাহার।

কিণারা ৫২-১১ (ফা) বিবাদের শেষ, অন্ত বা মীমাংসা ; আশ্রয়স্থান।

কিতাকুশ ৩১৮-১৪ জোত জমির বন্দ।

কিতাবৎ ২৬৯-২১ (আ) লেখন ; লেখকের কাজ ; লিখিত।

কিত্তি বেকত্রী ১৬৪-৫ কৃতী অর্থাৎ সৎকার্য্যকারী কীর্ত্তিমান্ ব্যক্তি।

কিফাইত ২৯৯-২ (আ কিফায়ৎ) সস্তা ; লাভ ; দরকারমতো পাওয়া।

কির্ম্মত ৩৬৫-৮ (ফা) দাম ; মূল্য।

কিসমতি ১৪৪-৬ (আ কিস্মৎ) খণ্ড। দুই জমিদারের উভয় তালুকের অধীন জমি।

কীতাবত মোকদ্দম ৩৪৪-২৩ (আ) (পূর্ব্বে) লিখিত (অভিযোগ বা) বিষয়।

কীন্নুনি ৪০৫-১৭ ক্রয়মূল্য।

কুইলা ২৪৭-২৫ কপিলা।

কুঞ্জে ৪৯-১০ ঘরে (বৈষ্ণবভাবে) বৃন্দাবনে দেবতাধিষ্ঠিত বাসগৃহমাত্রই কুঞ্জ।

কুটুম্বিতার বিবরন ৪১৭-২ ধর্ম্মঠাকুরের বারমতী গাজনে বারো জায়গার নামজাদা ধর্ম্মঠাকুরকে আনার বিধি আছে। তাহা হইতে এই লৌকিক দেবতার কুটুম্বিতা কল্পিত হইয়াছে। এইরূপ অভিজাত ধর্ম্মঠাকুরের কয়েকটি পীঠস্থানের নামের তালিকা।

কুড় চালু ৩৩০-১৯ গুঁড়া চাল।

কুড়া ১৬৯-৯ (* কুড্যবাপ, *কুল্যবাপ) বিঘা ; কুড়ি-কাঠা-পরিমাণ ভূমি।

কুড়ি ২৪১-২৪ ; ৪০৮-৮ ষোল সের পরিমাণ ; পাত্র বি।

কুড্যা ২১২-৬ দ্র কুড়া।

কুণ্ড ৪৪৯-৭ ঘট।

কুৎ ৩৩০-২৭ (আকূত—অভিপ্রায় ; হি কূত) আনুমানিক সংখ্যা মূল্য বা পরিমাণ।

কুবালী থাল ২৫০-২৪ কোবরালো অর্থাৎ কূপের মতো কানা-উচুঁ থালা বি ; গয়লা থালা।

কুম্ভকর্ম্ম রায়বার ৯৯-১১ বাঙ্গালা পুঁথি বি। রাবণের সভায় কুম্ভকর্ণের রাজনীতি-বিষয়ক উপদেশ।

কুরসিনামা ২৭২-২ (ফা) বংশতালিকা।

কুল মিশ্র ৩৩৬-২ ব্রাহ্মণ পণ্ডিতের পদবী বি।

কুলাচার্য্য ৪-১৪ কুলগুরু ; কুলপুরোহিত ; গৌণার্থে পদবী বি।

কুলি কাষ্ট ৪৩৭-৯ শরু লম্বা কাষ্ঠখণ্ড।

কুলুপ ৮০-১৩ (আ কুফ্‌ল্‌) চাবিতালা।

কেরদার ১০৬-৮ (ফা) চরিত্রবান।

কেরল ৩৩১-২৮ কেরলদেশ বাসী। ইহা হইতে পদবী বি।

কেরাআ ৭৩-২০ (আ কিরায়া) ভাড়া।

কেলট্টরি ৪১৭-১৯ Collectory ।

কেষ ৪৭০-৬ পদবী বি।

কোএলা ২০৪-২৩ (কোকিল) কয়লা। (রঙ্গের সাদৃশ্যে)।

কোঁচ ৩৮৩-১৫ বিবাহে বরের পরিধেয় কোঁচানো জোড়।

কোঞ্চ ২১৭-২৭ কোনও।

কোটা ১০২-২৯ পর্য্যায় ; প্রকার।

কোটার সাজ ১২৪-১ (কোষ্ঠা—পাট jute) ঠাকুরের পাটনির্ম্মিত সাজ ?

কোটালী ৪০৬-৪ (কোষ্ঠপাল, ফা কোট্‌বাল) নগররক্ষক। কোটালের পদ, কার্য্য, মজুরি বা বেতন।

কোড়ার ২৭৫-১২ (কুণ্ডকার) কুণ্ডের অর্থাৎ কুণ্ডাকার গর্ত্তের খনক। এই মাটী-কোঁড়ার পেশা হইতে পদবী বি।

কোতওাল ১৪৪-৯ কোটাল।

কোনা ২৪৩-২৪ কড়ির চতুর্থাংশ মুদ্রা বি ? "পুআ মাপ"—বাঁকুড়া।

কোনেন্দা ১০৩-২৫ (ফা) যে করে।

কোপা পূজা ২২৬-১৯ কোপাই চণ্ডীর পুজা।

কোরপ ২১৭-১৬ (আইনের পারিভাষিক শব্দ) ক্রোক—বিক্রয়ার্থ আটক।

কোরদ ৪৩-১৯ ক্রোধ।

কোলাপে ৩৩৫-২৬ (কল্প ?) কালেকল্পে অর্থাৎ সুদূর ভবিষ্যতে।

কৌউর ৪০১-২৬ পদবী বি।

ক্রেণ ৩৭৮-১৩ ক্রয়েন ; ক্রয়করণ।

ক্রোট ২৮৫-১৫ ক্রোক ?

ক্রোম্নীসাত ২১৭-২২ শতকোটী।

ক্ষয় ব্যাজ ৬৬-১৯ ক্ষণ বিলম্ব ; একটুকু দেরি।

ক্ষেউর ৮৪-৯ ক্ষৌর—ক্ষুরকর্ম্ম অর্থাৎ ক্ষুরে কামানো (আশৌচান্তে)।

ক্ষেরুয়া ১২৫-১৯ মোটা লাল বস্ত্র বি।

ক্ষৌর ১-২২ দ্র ক্ষেউর।

খএর ধান্য ২১৩-১৯ খৈএর ধান।

খড়কি ৪৬৫-১৯ (খড়কী—পাছদোর ; ক্ষুদ্র জানালা) খিড়কী ; অন্দরের দ্বারের নিকটবর্ত্তী পুষ্করণী।

খড়ির জেব ৬৯-৯ ?

খত ১০৩-৩ (আ খৎ=রেখা) তমসুক।

খতরা ২৯৭-৯ (আ খৎরহ্) বিপদ ; ভয়।

খদির শঙ্কু ১৪৮-১৬ খয়ের কাঠের গোঁজ।

খনখনী ৪১৩-১১ (ধ্বন্যাত্মক) খনখন শব্দকারী নূপুর।

খয়রাত ৩৯৮-২ (আ খয়্রাৎ) দান ; ভিক্ষা।

খরচ পোতা ৩৭২-২২ আগাম খরচ ?

খরিদিগীদাদে ৩০০-৬ (ফা) ক্রয়ের আবেদনে।

খাঁড় ২০৬-৮ (খণ্ড) শক্ত ও সাদা গুড়পিণ্ড বি।

খাগড়াই ৩৭৫-১৪ খাগরায় নির্ম্মিত।

খাজাঞ্চী ২২৩-১১ (আ খাজানাঃ+তুর্কী চী) ধনাধ্যক্ষ।

খাজাৎ ২২৯-২৫ (আ খাজা—মাননীয়) মাননীয়ের ভেট।

খাড়া মাট ৩১৯-৭ (খড়ক—স্থাণু) পাহাড়ের মতো উচুঁ বা ডাঙ্গা মাঠ।

খাড়ি সোল্লোওকে ৩৩৭-১১ খারী সমূহ বাবদ ? (খারী—শস্যের ষোড়শ দ্রোণ পরিমাণ)।

খাণদান ২৭২-১১ (ফা) মর্য্যাদাসম্পন্ন বংশ বা পরিবার।

খাতাই জরিপ ২৫৬ ১১ (আ) দলিল অনুসারে মাপ।

খাতি ২২৫-২৮ ক্ষতি ; ঘাটতি ; কম্তি।

খাতির্জামা ৩২-৯ (ফা=আ+আ) নিশ্চয়তা ; নিশ্চিন্ত।

খাতির্দ্ধারি ২২৯-২৪ (ফা=আ+ফা দাস্তন্=রাখা) সম্মাননা ; খুসী ; অনুগ্রহ ; মনরাখা।

খাদীম ১০৪-২ (আ) ভৃত্য ; সেবক।

খানা ১২৪-৯ ; ৪২১-১৭ খানে অর্থাৎ স্থানে ; বিলাতী বা মুসলমানী রাঁধা খাদ্য।

খানাবাড়ী ৩০০-২০ খাল বা নীচু জমি ; খানাবেষ্টিত বা গড়কাটা বাড়ী।

খামরুই ২৮৬-২১ বৈশ্য জাতির পদবী বি।

খামেন্দী ২৭৫-২৯ (ফা) স্বামী ; প্রভু ; রাজা ; স্বামিত্ব।

খারা ৬৪-১৮ পূরা ; সম্পূর্ণ পরিমাণ।

খারা খারা ৪০-১০ (হি) সোজাসুজি ; শীঘ্র।

খারু ১৮০-২৯ করভূষণ বি।

খালিসা ৩০০-১৩ (আ) খাসমহল।

খালুজী ১০৫-১৪ (ফা) মেসো।

খিচা ৩৪৪-২৪ কঙ্কর বালুকাময় চাষের অযোগ্য জমি ; খিল ভূমি।

খিজমৎ ২৯৭-৬ (আ) সেবা।

খিরসাপাৎ ২১০-১১ (ক্ষীর—পায়স ; আ সিফৎ—গুণ) পায়স হওয়ার মতো গুণ-বিশিষ্ট ধান্য অর্থাৎ পায়সের চালের ধান।

খিল ৪৬৬-১ (খিলক্ষেত্র) প্রাণীর গমনযোগ্য ; আচষা খেত ; পতিত বা অনুর্ব্বর ভূমি। এই গোচার ডাঙ্গাকে কালক্রমে ভাঙ্গাইয়া সালী জমি করা হইয়াছে।

খুচি ৩৬-১ (কুঞ্চি) আট মুঠা মাপের বেতের পাত্র বি।

খুট ৩১৩-২৭ ভুমিপরিমাণ বি।

খুরী ৩৯৪-২০ ছোট খোরা ; মৃৎপাত্র বি।

খুল্লনার বারমাস্যা ৯৯-১৪ বাঙ্গালা পুঁথি বি। ইহাতে খুল্লনার বারমাসের দুঃখ-বর্ণনা আছে।

খুস্কী ৩১৪-১০ (ফা) শুষ্ক ; ডাঙ্গা জমি।

খেউর ৮৪-৫ দ্র ক্ষেউর।

খেজমত ৮৩-২১ দ্র খিজমৎ।

খেড়ুআ ২১৮-৩ দ্র খারু।

খেদিত ৭৩-১ খেদযুক্ত।

খেয়ানায়্যা ২৬০-১০ এখানে আনিয়া ; কাজকর্ম্ম লেনদেন ও ব্যবহার করিয়া।

খেয়ের খোবি ১০৪-৪ (আ+ফা) সম্পূর্ণ কুশল।

খেরাজি ২২৮-৬ (আ খিরাজ—খাজানা) খাজানাযুক্ত।

খোচে ৩৯৭-২৬ ঝোড়ে বা পরিষ্কার করে।

খোজেস্তা ১০৫-১২ (ফা) মঙ্গল ; শুভ।

খোট বান্ধুনি ১৮৪-৬ খুঁটার (কীলকের) সহিত লম্বা দড়ি দিয়া গরু বাঁধা।

খোদকীর পেয়াদা ৪৩৭-১২ (ফা আখুন্দ্) খোনকার বা সেরেস্তাদারের পেয়াদা।

খোদ মুক্তারে ১৭৪-১৭ (ফা খুদ্ + আ মুখ্তার্) স্বাধীনভাবে ; যথেচ্ছভাবে ; নিজেনিজে।

খোদাওন্দা গৌর ২৮৫-২২ (ফা+আ) মাননীয়ের সম্বোধন পদ ; তাঁহার বিবেচনা ও মনোযোগ।

খোনকার ২৭১-১৫ (ফা খব্‌ন্দ্‌গার, আখুন্দ্‌কার) লেখক।

খোরদন ১০৫-২৩ (ফা খুর্‌দানী) রসদ।

খোস বেজাতে ১৯৮-১১ (ফা খুশ্ + ফা বে + আ জায়েজ্) প্রফুল্লচিত্তে।

গএন্দা বাজবন্দী হয় নাই ২৮৭-২৫ (ফা) গোয়েন্দা এখনও কার্য্যরত।

গওর ৪৮৪-১৮ (আ) মনোযোগ।

গঙ্গাজলী সন্দেষ ৪৭৪-৬ ক্ষীরমিশ্রিত গঙ্গাজলের মতো বর্ণযুক্ত ছানার সন্দেশ।

গজ ২১২-৮ খেলো কাপড়। গজী কাপড়—খুব পাৎলা খেলো কাপড়।

গঞ্জ গোলা ৬৩-১১ (ফা) সহরের আড়ৎ ; বাজারে কেনাকাটা।

গড় ১৮১-২২ গর্ত্ত।

গড়া ২০৬-৮ মোটা থান, বস্ত্র বা বুনানি বি ; লেপ-তোষকের খোলের কাপড়।

গড়্যা পুষ্কনী ১৬৯-১০ গর্ত্তের মতো কিছু গভীর ছোট ডোবা (বা পুকুর)।

গঢ়না ৪০৫-২৩ (হি) গড়ন।

গতি ২১০-৯ ভাগে প্রাপ্ত অংশ।

গতিক ৯৬-২ ভাব ; নিমিত্ত।

গফিল ৪১-২৫ (আ) অমনোযোগী ; অসাবধান।

গরদোসে ৪৮৪-১৮ (আ+ফা) বিপর্য্যয়ে।

গরন সার ৪০২-২৯ কুচানো, শুখানো, গুঁড়া গোবর সার।

গরাএী ৪৭-২৪ কলু ; পদবী বি।

গরিব পরওর সেলামত ২৫৩-২৭ (আ+ফা+আ) দরিদ্রপালকের প্রতি সবিনয় সালাম নিবেদন।

গর্য্যার বানি ৩৭৮-২২ মোটা কাপড় বোনার মজুরী।

গল ৫৩-১৩ (*গড়পতি) পদবী বি।

গাঁতাঘর ৪৮৩-৫ গ্রন্থগৃহ, library।

গাজণ ২০৯-১০ দ্র চৈইত্রী গাজন।

গাড় ১৮১-২২ গর্ত্ত।

গাত্তি ৩১৮-১৪ জ্ঞাতি ; গোষ্ঠী।

গাত্যার ঘটী ২৫০-২৫ ঘটী বি।

গাদি ৩১৮-১৯ রাজা, ব্যবসায়ী বা সাধুসন্তদের গদী বা আসন।

গাবা ৩০২-১৫ (গর্ভ) চল্‌তি 'গাবাল'। পুকুরের ভিতরের শুষ্ক অংশ।

গাভুআ ১৭-৩ (গর্ভক) অনভিজ্ঞ ও অল্পবয়স্ক।

গামুনি ১৬৩-২২ (গ্রামীণ) গ্রামের মাতব্বর। (গ্রামুন্নি=গ্রামবাসী—দ রা)।

গালিব ১০৪-২৭ (আ) শক্তিশালী।

গাল্লা ৪১৪-১৩ গালা।

গিরি খেদমতে ৩৫০-১১ (গৃহী+আ খিজমৎ—সেবা) গৃহভৃত্যরূপে।

গীরদী ৪৩২-২৩ (ফা গির্দাওয়ারি) ফসলের হিসাব।

গুঙ্গা ২০-২০ (ফা গুংগ্) অস্পষ্টভাষী ; মূক।

গুজত্রা ৩৪১-২১ দৈনিক জীবিকানির্ব্বাহের বা গুজরানের জন্য প্রদত্ত ভূমি। তু দেবত্র।

গুজরাইবাতে ৪৮৪-১৭ (ফা গুজ্‌রানিদন্) পেশ করিতে।

গুজরাইয়াছিলেন ২৫৫-২৬ পেশ করিয়াছিলেন।

গুজরিরা ফিরিতেছে ৪৩৭-১২ সন্ধান করিতেছে।

গুড়ি হাড়ি ১৪৮-২৮ গুড়ি বা ছোট হাঁড়ী।

গুন ৪৭৭-২৯ (গোণী) শণ-দড়ির ঘন-বুনানি বড়ো থলিয়া বি।

গুরুজাজন ১৩৯-৩ গুরুপূজা।

গুরূদণ্ডী ১৭৮-৮ গুরুর দ্বারা দণ্ডনীয়।

গুরূ রাহু যোগ ১৫৯-৯ বৃহস্পতি ও রাহুর এক রাশিতে অবস্থান। অমঙ্গলসূচক।

গুলা ৩৭৭-৯ গোলা। আতসবাজী বি।

গুলান ৯৬-১৭ প্রকার।

গুলি ১৬২-১৩ (গোল) গোলাকৃতি বা গোল পাত্র বিশেষে রক্ষিত।

গুলেয়া ৯১-৭ গুলি ; সমূহ ; নানা প্রকার।

গেআতডণ্ডী ১৭৮-৯ জ্ঞাতি কর্ত্তৃক দণ্ডনীয়।

গেরামুনি ১৬৪-২ গ্রামবাসী। দ্র গামুনি।

গেত মেলা ১৮০-২৬ জ্ঞাতির সহিত সম্মেলন বা ভোজনাদি সামাজিক ব্যবহার।

গে প ৩৯৯-৬ (আ গলাফ্) আস্তরণ ; চাদর।

গোচার ১৪৪-১৯ গরু চরিবার ডাঙ্গা।

গোছাথা ৬[illegible]-২১ ('গোয়া ছাতা'—[illegible] রা) বাঁশের বাঁটওয়ালা তালপাতার প্রকাণ্ড ছাতা। (রাখালের ব্যবহার্য্য ?)।

গোড়ুট ১৩৯-২৮ চালের গোড়ায় খড়ের ছাউনির প্রথম থাক। গৌণার্থে ইহার উপরের থাক মাত্র।

গোড়াইঞা ১৮-১০ (গোড়) পদানুসরণ করিয়া।

গোড়ারি ২৭৫-২৪ গোড়ালির আঘাত ; লাথি।

গোত্ত বসিষ্ঠ ৭৭-২৫

গোর ফরমাইতে ৪৬৬-২৮ (আ+ফা) হুজুরের আদেশ করিতে ; মনোযোগ দিতে ; দৃষ্টি দিতে।

গোলক ৫৩-৯ (গণক ?) পদবী বি।

গোলাবেজ ৩৭৬-৫ (ফা) আতসবাজী বি (cracker)।

গোলাল ১৭৫-৪ পীড়িত গরুর মুখের লালা বা গোটানাল।

গোলুই ২৬৩-৭ (*গড়পতি) পদবী বি।

গো শব্দ উশ্চারন ৪৫৩-১

গোষ গোজর ১০৪-১২ (ফা) কর্ণগোচর।

গোসামী ২৮৯-১৭ (গোস্বামী) গৌণার্থে দীক্ষাগুরু।

গৌন ৩৬-২৫ বিলম্ব।

গ্রহব্যাবহার ১৩-১ গৃহব্যবহার।

গ্রামবহী গ্রাম ২১৮-৪ গ্রাম ও গ্রামের বহির্ভূত গ্রাম অর্থাৎ স্বগ্রাম ও অন্যগ্রাম।

গ্রাস্তা হাসীল ২১৪-৮ (হি+আ) গ্রাসাচ্ছাদনের জন্য আবাদি জমি।

গ্রেহ জাগ ৪৩৭-২০ গ্রহপূজা।

ঘটিৎ ৩২-৫ ঘটিত, সংক্রান্ত।

ঘড়ি ৭০-৪ (ঘটিকা) ক্ষণ।

ঘলুই ৯০-৫ ডুলি-পাল্কীবাহকদিগের পদবী বি।

ঘশী ৪০৩-১২ (করীষ) ঘষী, শুষ্ক গোময় খণ্ড।

ঘস্র ২৯-২৭ (√ঘস্ রক্) ? দিবস (অমর)।

ঘাটে জায়া ৭০-৩, ৪ শৌচে যাওয়া।

ঘাটেতুলা বস্ত্র ৮৬-৮ ঘাটে-তোলা কাপড়। মৃতাশৌচান্তে ঘাটে স্নানের পরে পরিধেয় বস্ত্র। (অশৌচান্ত দিনে ঘাট হইতে উঠিয়া নূতন কাপড় পরিতে হয়)।

ঘানির বানি ৫৩-২২ ঘানিতে সর্ষপাদি ভাঙ্গাইয়া লইবার ব্যয়।

ঘোড়োই ২৬৩-৪ (ঘোটকপতি) পদবী বি।

চআগত ৩২৭-১৯ (চরাগত) চর জমি।

চকনামা ১৪৭-১০ (চক্র+নামাহ্) গ্রামের চকের বা জমি সমূহের ফর্দ্দ।

চটকী ৪১৮-২০ দ্র অনট চুটকী।

চটা ৩১৭-৯ (চতুর্থ) টাকার চতুর্থাংশ অর্থাৎ চড়া বা অত্যধিক। (চটা স্থদে টাকা বিশেষ প্রয়োজনে স্বল্পকালের জন্য গৃহীত হয়)।

চতুর্ধুরীণ ৩৪-২৯ 'চৌধুরী'র সংস্কৃত রূপ।

চতুর্মুখ ৭০-২০ বৈদ্যশাস্ত্রে কবিরাজী ঔষধ বি।

চন্দন ধেনু ২৯৪-২৮ পতিপুত্রবতী, অনিবৃত্তরজস্কা নারীর মৃত্যুতে তাহার প্রেতত্ব-পরিহারের নিমিত্ত এবং স্বর্গার্থে সোপকরণ সবৎসা চন্দনাঙ্কিত ধেনুদানের শ্রাদ্ধ বি।

চন্দ্রকোনা ধুতি ৩০-১০ চন্দ্রকোণায় তৈয়ারী ধুতি।

চন্দ্রবলী ৩৯৫-১৪ চন্দ্রাবলী (স্ত্রীলোকের নাম)।

চম্মের আলান ৪০৩-৭ (ফা. আলান—পিঠঢাকনা) অথবা গরুর গলায় বদ্ধ-ঘুঙ্গুরযুক্ত চর্ম্মবন্ধ বা চামাতি (চর্ম্ম পট্টী) ?

চয়ন্ত ১৪৪-১৮ চতুর্দ্দিক ; সীমানা ; চৌহদ্দী।

চরকপুস্কর্ন্নী ১৪৩-১৮ চড়কের পর যে পুখুরে চড়ক গাছ নিমগ্ন থাকে। অথবা যে পুখুরের ধারে চড়ক উৎসব অনুষ্ঠিত হয়।

চরকা ৪০৮-৪ (চক্র) চরকা।

চরকী ৪০৮-৩ ছোট চরকা।

চরখী ৩৭৬-১৮ আতসবাজী বি।

চরাখিরি ৩০১-৭ চরম আখিরি অর্থাৎ একেবারে শেষ।

চরুস্থলী ৩৭৫-১৭ যজ্ঞীয় অন্নের বা চরুর পাত্র।

চা ২১৮-১২ সন ১২১৪ সালের চিঠিতে ইহার উল্লেখ আছে।

চাই-এঙী ২০৪-২২, ২৭ (চঙ্, চাঙ্) বৃহৎ খণ্ড, বড়ো ডেলা। গৌণার্থে প্রধান ব্যক্তি।

চাকত্তি ৫৪-২৬ চক্রাকৃতি মিষ্টান্ন বি।

চাকলে ২৪৫-৫ (ফা চকলহ্) কতকগুলি 'পরগণার সমষ্টিভুত অঞ্চল। ('চাকলাময়'=সর্ব্বত্র)—দ রা।

চাঙারি ৪৬-১ বাঁশের বেত্তির তৈয়ারী ধামার মতো পাত্র বি।

চাচল ৮০-৩০ চাচনী, যাহাতে করিয়া চাঁচা যায়; খুন্তী বি।

চাচি ৪২১-২৩ (*চর্চ্চিকা, *তক্ষ্) জমাট দুগ্ধ।

চাটে ২০৫-১৬ এক চোটে; একচাপে অর্থাৎ একসঙ্গে; একেবারে।

চাদমাল ১৩২-৬ চন্দ্রাকৃতি চক্রযুক্ত সোলা, রাঙ্‌তা ও অভ্রের চিত্রিত মালা। পূজার উপকরণ বি।

চান্দ পেয়ালা ৩৭৫-১৭, ১৮ পানপাত্র বি।

চান্দ্রওয়া ৩৯-১২ চন্দ্রাতপ; চাঁদোয়া।

চাপান ৪০৬-৩ সমষ্টিতে অতিরিক্তভাবে যোগ (unspecified excess)।

চারা ৩৭-২১ (ফা) উপায়।

চালা ৪০৭-২৪ সূত্রচালনার্থ তাঁত যন্ত্রের অংশ বি।

চাহার দস্তী ১৪৩-১৯ (ফা) দলিল বি।

চিছক ৬৮-১৩ চিকিৎসক।

চিনে নিল ৩৫৬-১০ চীনদেশীয় নীল রঙ্গ।

চির্ম্মিৎ যুরত ১৯৪-১৩ বিভাগীকৃত।

চিহ্নানা ৪৩৪-২২ চিহ্নিত করা বা চেনানো।

চুনারি ২৪৫-২৩ (চূর্ণকারী) চূণ প্রস্তুতকারক ও ব্যবসায়ী।

চৈইত্রী গাজন ১৫৩-২৫ চৈত্র-সংক্রান্তিতে অনুষ্ঠেয় ধর্ম্মঠাকুরের (বা শিবঠাকুরের) 'বারমতি' পূজা। এই পূজায় পুত্রৈষিণী নারীর সহিত যাহারা দেউলে যাত্রা করে তাহাদিগকে সাংজাত (সাংযাত্রিক) বলে। এই সাংজাত ধর্ম্মঠাকুরের নামে হুঙ্কার বা গর্জ্জন করিতে করিতে ধর্ম্মঠাকুরের দ্বারে উপস্থিত হয়। এই 'গর্জ্জন' হইতেই গাজন শব্দের উৎপত্তি। সাংজাতের এই গাজন শুনিয়া ধর্ম্মরাজের নিদ্রাভঙ্গ এবং দ্বারমুক্তি (∠দ্বারমৌক্তিক) বা তাঁহার গুহ্য সংখ্যা 'বারো' এইহেতু বারমতি পূজানুষ্ঠান সুরু হয়।

চোত্তাড়ি ৩৯৬-১০ চৈতালী অর্থাৎ দো ফসলের।

চোয়াড় ২৩৯-২৭ প্রাচীনকালের অসভ্য জাতি বি। (অশ্লীল গালি—'গালচোয়াড়ি' —দ রা। পূর্ব্বে ইহাদের মধ্য হইতে বারমেসে অর্থাৎ বাঁধা 'জুঝার' নিযুক্ত করা হইত)।

চোরস ৪৯-২২ (চতুরস্র) চৌকা। গৌণার্থে সর্ব্বপ্রকারে দ্বৈধশূন্য বা নির্ব্বিবাদ; সর্ব্বকার্য্যে দক্ষ।

চৌকী সিকদার ২৮২-২২ (ফা) চৌকীর করসংগ্রাহক। (চৌকী ∠ চতুরক—পাহারা, পুলিশের এবং চুঙ্গি বা শুল্ক আদায়ের ঘাঁটি)।

চৌটি ৬৪-১৮ চতুর্থাংশ।

চৌতে ২৪৫-১৩ চতুর্থাংশে।

চৌপাড়ী ১১৭-১ ; ২১৯-১০ (চতুষ্পাঠী)। দ্র টোল-চৌপাড়ি।

ছড়া ৯৪-৭ ভাগবতের মূল সংস্কৃত শ্লোক আবৃত্তি করিয়া শ্রোতাদিগের সহজে বোধার্থ মধ্যে মধ্যে বাঙ্গালা পদ্যে বুঝাইয়া দেওয়া হয়। এই বাঙ্গালা পদ্যই ছড়া।

ছত্রপতি ২৬৯-৭ উপাধি বি। রাজচ্ছত্রের অধিকারী।

ছমান ৭৩-২৫ দ্র সে ছমান।

ছয় শেবা ১৯৭-১২ ছয়টি বিগ্রহের সেবা।

ছর্ব্বি দক্ষীনা ৪০৫-২৩ বিশেষ সজ্জার সহিত প্রদত্ত দক্ষিণা অর্থাৎ পুরা বা নিখুঁত দক্ষিণা।

ছাঁদ ২৬৭-১ ?

ছাড় ফারখতি পত্র ৩২৬-৮ (আ ফারিগ্‌খতি) ত্যাগপত্র।

ছানি ৪৮৪-১৬ (আ সানী) মোকদ্দমার পুনর্ব্বিচারের জন্য আবেদন।

ছাপজোনারে ৪৬৭-১৮ (হি) সবজনকে।

ছাবা ৪৭৪-১১ চিনিমিশ্রিত বাঁটা নারিকেল কোড়ার মিষ্টান্ন বি। (ছাঁচে চাপ দিয়া প্রস্তুত হয় বলিয়া এই নাম)।

ছামনের ঔশধি ২৭৮-৩ (√স্রু—স্রাবণ (ণিজন্ত) 7 সাবন 7 ছাবন, ছামন)। গর্ভ-স্রাবণের বা গাবখসানোর ঔষধ। [আপাং গাছের আট আঙ্গুল মাপের কাঠি বা শিকড় প্রয়োগ এবং চিতে গাছের শিকড় একুশটি গোলমরিচ দিয়া বাঁটিয়া সেবন ইত্যাদি 'বিসান'-এর (বিস্রাবণের) উপায়]।

ছায়াদ্রূদে ৩০০-১৭ দ্র তরুদ্বদ ইত্যাদি। 'তরু' হইতে 'ছায়া'; ইহা হইতে রচিত শব্দ।

ছালা বাহিতে ১৭১-২৬ বস্তা বা বোঝা বহন করিতে।

ছালারা ৪৭২-২৮ (ছেলে 7 ছাইলা 7 ছালা) ছেলেরা।

ছালিআ আহার ৩৩৮-২৭ ?

ছালুম ৪১৯-১৮ (আদালতের পারিভাষিক শব্দ) জমীর বিভাগ বা বাটওয়ারা (ছাহম্)।

ছিঙ্গ ৪১৫-৯ (অষ্ট্রিক) ঝিঙ্গা।

ছিটাম করে ১২০-২০ চিত্রময় করে ; বাঁশের বা কাঠের কাঠামো চাল বেতের বুনানি দ্বারা নানা আকৃতিতে চিত্রিত করে। ('ছিটে যাওয়া' = কার্য্যক্ষম হওয়া)। — দ রা

ছিয়াগড়্যা ৪৬৬-৩ (ছেদ ; ক্ষেপ) ছিন্ন কাষ্ঠখণ্ড বা মুষলক্ষেপ দ্বারা কৃত গর্ত্ত। (এই নামে এখন কোনও পুকুর নাই ; নীচু মাঠ আছে। এই মাঠে 'কাঙুর-গেড়ে' নামে একটি পুকুর আছে)।

ছুত্তি ১৮৩-১২ চুক্তি করিয়া আগাম দেওয়া অর্থাদি ; অগ্রিম বায়না।

ছোট ২০-৮ (ক্ষুদ্র) কোঁচা অপেক্ষা ছোট—কাছা।

জআর ৩২-৪ যাওয়ার (প রাঢ়ের উপভাষা)।

জওাবলাওায় ২৫৫-১৩ (আ) সওয়াল জবাবে।

জকজশন ১৭৪-২২ (ফা) জাঁকজমক ।

জঙ্গল মহাল ২২৪-৬ (অধুনা লুপ্ত) জঙ্গলমহল জেলা। বিষ্ণুপুরের প্রতিষ্ঠাতা ও প্রথম রাজা রঘুনাথ সিংহ। বহুকাল হইতে ইঁহার রাজ্যের নাম ছিল মল্লভূমি। মল্লভূমির পরবর্ত্তী নাম জঙ্গলমহল। ইহা এখন বর্দ্ধমান বাঁকুড়া ও বীরভূম এই তিনটি জেলার সহিত সংযুক্ত হইয়া গিয়াছে।—(Annals of Rural Bengal—Hunter, p 442)

জজ্ঞপবিত্র ১৫৭-৬ যজ্ঞোপবীত।

জট্যাকালানি ৪৮৪-৩ জমি বি

জড় খরিদগি ১৪৩-১৬, ১৭ (ফা) ক্রীত সম্পত্তি।

জড়ি তিন পান ২৭৭-১৪ (জড়ি ∠ জট) তিনবার পেয় জড়ানো শিকড় বা লতাপাতা-জাতীয় ঔষধ।

জতাইয়া ২৫৮-১৫ জোত করাইয়া অর্থাৎ চষাইয়া।

জত্রটং ২৩২-৭ যে টাকা।

জন ১৩৯-২২ মুনিশ।

জনরব ১৬৫-২০ (অবৈধ প্রণয়ের) জনশ্রুতি।

জাম আহার ২৮৬-২২ (ফা জাম্—বড়ো) দ্র আহের।

জামকালানি ২৮৬-১২ জমি বি।

জামকেরে ১৩৩-৩ ?

জামদানে ৩০-৯ (ফা) বুনিয়া ফুলতোলা কাপড়।

জাম বাটি ৬১-৬ কাঁসার বড়ো বাটী।

জায় ৩৮-২০ (ফা) প্রস্থ ; দফা ; ফর্দ্দ ; তালিকা।

জায়দাদ ৪৭৭-৫ (ফা জাদাদ্) স্থাবর অস্থাবর সম্পত্তি।

জায়া ৫-৪ ; ১৪৭-১৪ যাওয়া (প রাঢ়ের উপভাষা) ; (তৎকাল) পর্য্যন্ত গিয়া।

জালন্ধরি ৪১৭- ২ স্থানের নাম ?

জাহাব ৩৭৩-২০ (আ) জবাব।

জিঃ ৬০-২৬ 'জিম্মা'র সংক্ষেপ।

জিজির ৪১৮-২৫ (জিঞ্জির) ঘুঙ্গুরবাঁধা কোমরবন্ধ বা কটিভূষণ।

জিন বাটী ৩২৩-৫ ?

জিবন দত্ত ৪৩৯-১৪ রূপক বর্ণনায় পুরুষরূপে বর্ণিত জীবন ; রূপক কাহিনীতে ব্যক্তির নাম।

জিবানন্দ দাষ ৪৩৯-১৬ রূপক বর্ণনায় পুরুষরূপে বর্ণিত জীবাত্মা।

জিমবারি ২৫৬-৬ (আ+ফা) দায়িত্ব।

জিয়াদা ৪৭৬-১০ (আ জিয়াদাহ্) অধিক ; বেশী।

জিসে ৫২-১১ যে প্রকারে (প রাঢ়ের উপভাষা)।

জীউ ৩-১৩ (জীবন) জীবনতুল্য প্রিয়।

জুগি ৩৩৫-৭ যোগী। দ্র মৎসম্পাদিত গোর্খ-বিজয়, ভূমিকা—'নাথযোগী'। এখানে পদবী বি।

জুমলা ৩৩৯-২৪ দ্র জমুলা।

জুল খড় ১৪৯-৩ রান্নাঘরের ঝুলযুক্ত কালো খড় ; কালচুনা।

জেঠা কন্নে ৪-৭ জ্যেষ্ঠা কন্যা।

জেঠা পুস্কনি ২১৪-২৭, ২৮ বংশের কোনও জ্যেষ্ঠ পুত্রের প্রতিষ্ঠিত অথবা তাহার স্মৃতিযুক্ত পুষ্করিণী। (তু 'জেঠেগেড়ে'—পুকুরের নাম)।

জেন্দাস্ত ১০৬-১৫ (ফা) দীর্ঘজীবী হউক।

জেন্দেগানি ১০৫-১২ (ফা জিন্দ্গী) জীবন।

জে মহদে ২১৬-১৬ (আ মহদ্) যতদূর হইল।

জেয়াদা ৩৬-১ দ্র জিয়াদা।

জেরবার ৪৮২-২৫ (ফা) ভারাক্রান্ত ; নাকাল।

জেরেন্দাজা ৪০০-২৩ (ফা) মোটামুটি (approximate)।

জের্জ্জরে কাবেল ১৮২-১৬ [ফা (জারে = অর্থ) + আ] যোগ্য অর্থ।

জেলাই ৩০৫-৬ (জীবল) বাঁচাইবার জন্য এক পুকুর হইতে অন্য পুকুরে মাছ ছাড়িয়া দেওয়া।

জোটন ৪১-২৩ বিবাহে মেলন, যোটক (জ্যোতিষে)।

জোটার ১৪৫-২৫ (যূথ) একত্র করা ; যোগাড়।

জোড় ১৬৩-১৯ জোট।

জোতাদার বন্দুক ৩৭৬-১৬ (ফা) Match-lock।

জোতিয়া থাকে ২১৪-৭ চাষ করে।

জোত্র ৬৯-২ (যোত্র) জোত ; সরবরাহ ; উপায়।

জোদ্দারেদ্দে ১৯৮-১৩ রায়ৎদিগকে।

জোমায়ে রোসন ৪৬৭-২৪ (ফা) প্রকাশিত।

জোলির মাঠ ১৪৪-৬ নীচু মাঠ। লম্বা নীচু জমিকে সাধারণতঃ 'জোল জমি' বলে।

জ্ঞানকৌমুদি গ্রন্থ ১০৯-২৩ আদর্শ চিঠিপত্রের বাঙ্গালা বই।

ঝকের ১০৪-২৪ (আ জিক্‌র্) উক্ত ; নির্ব্বন্ধ ; বিবৃত।

ঝরকা ১৩৯-৩০ (হি) জানালা।

ঝল্লিফল্লি ২৮-২৮ ঝালাপালা ; জালাপ্রায়।

ঝাঁপ ২৬৬-১৯ (ঝম্প) আচ্ছাদন ; চাঁচ, দরমা ইত্যাদির কপাট বি।

ঝালঝস ৪১৮-১৯ ঝালমশলা।

ঝালর ৩৯-৯ (হি) কারুকার্য্যখচিত প্রান্তভাগ।

ঝুমকা ৪০৩-৬ কানের গহনা বি ; ফুল বা লতা বি।

ঝুরি ৩৩৭-১০ ঝুরা গুড় ?

টাট ৪০৮-৭ রেকাবীর মতো তাম্রনির্ম্মিত পূজাপাত্র ?

টাঠি ১৪৮-২৭ কটরা।

টিকা ৫২-৩

টুকু ২৪৩-২৪-টা,-টি ?

তকীয়া ২০৭-২৪ (আ) বড়ো বালিশ—যাহাতে ভরসা করা হয়। সম্ভ্রান্তগণের সভাস্থলে বিছানায় বিশ্রামার্থ বড়ো মোটা বালিশ রাখার প্রথা আছে। ইহা হইতে গৌণার্থে বারোয়ারীতলা প্রভৃতি স্থান।

তজবির ২১৭-১৭ (আ তজ্‌বীজ্‌) বিচার ; অনুসন্ধান ; তল্লাস।

তটর সত্তর ২২৫-২৮ তাহাতে সত্বরতা। তু অচল ছচল ।

তদীরিবে ২২২-১৫ তদ্বিরে।

তনখা সরব ৩৯৬-২২ তঙ্কা স্বরূপ বা হিসাবে ।

তপস ৫২-২৫ দ্র তপসিল।

তপসিল ১৪০-২০ (আ) বিস্তারিত বিবরণ ; বিভাগ ; বণ্টন।

তপসিল জএন ৩০০-১৪, ১২ সংশ্লিষ্ট বিভাগ ।

তবত্তুদ ৩০০-১৫ দ্র তরজুদ ।

তবিবখানা ৪৩৯-২০ (আ+ফা) চিকিৎসালয়।

তমস্সুক ৩২-১০ (আ) ঋণস্বীকারপত্রী ; খত।

তম্বী ২৮৭-১৩ (আ তম্‌বীহ্‌) শাসন ; তর্জ্জন।

তরজুদ ৩১৪-৯ (আ তরদ্দুদ) চেষ্টা ; পরিশ্রম।

তরুদ্দদ ২৯৮-২২ দ্র তবদুদ ।

তলপীদার ২৪৯-২৬ (তল্প) গাঁঠরী-বাহক।

তলফ রাখের তকড়াড় ২১৭-৬ খাজানার পরিমাণ নির্ণয়ে বাদানুবাদ।

তলব ১৩৯-২ (আ) ডাক ; বেতন।

তলবী ওয়াকাই ২১৪-৮ (আ) আদত বেতন বা খাজানা।

তলা ৩৬৮-১১ দরজার চৌকাঠের তলায় বা নীচে বসানো কাঠ (গোবরাট ∠গর্ভকাষ্ঠ)।

তলাগিরি ১২০-২৩ ঘরের দেওয়াল দেওয়া, কাঠামো বা ছাওয়া ইত্যাদির সময় তলে বা নীচে থাকিয়া যে কাজের সহায়তা করে। তু তলপেটী (বীরভূম)।

তলি ৪৩৯-১৮ সহায়ক। দ্র তলাগিরি।

তলুয়া ৪৪৯-১৩ (পো talha—জল ইত্যাদি রাখিবার জন্য মাটীর পাত্র বি) চ্যাপ্টামুখ খোবরালো মাটীর হাঁড়ী।

তস্মুদীক ৪৭৯-১৮ (আ) সনাক্ত।

তষুর্ত্তরে ২৮৫-১১ তাহার উপরে বা তাহার পরে।

তায়দাদ ২৫৮-২৯ (আ) রাজস্বাক্ষরিত যে দলিলে রাজার প্রদত্ত ভূমির পরিমাণ ও বিবরণ লিখিত থাকে।

তারকনাথ ঠাকুর ১৫৩-১ তারকেশ্বরের তারকনাথ কি ?

তালাই ৪০৭-২৮ তাল চাটাই।

তালাবহা ৩০০-১৮ (ফা, বহু ব) পুকুরসকল।

তালিক পড়ুয়া ৪৪১-৫ তালিকায় লিখিত ছাত্র; তখনকার দিনের class-register।

তাহুজি ৩৪১-১৫ (আ ত- উজ্-ই—তৌজি) খাজানার হিসাব (rent-roll)।

তিজাল ৪৪৯-১৯ (পো tigela) ব্যঞ্জনপাকের ছোট মাটীর হাঁড়ী বি।

তিতী ঠাকুর ১০৯-১০ তৃতীয় বা সেজ ঠাকুর।

তিলি ৩৬৪-৫ বৈশ্যজাতি বি। খৃ একাদশ শতক হইতে দেশজ 'তিলি' শব্দটির হদিশ মিলিতেছে। ইহা মূল 'তেলি' শব্দের রূপান্তর। একাদশ দ্বাদশ ইত্যাদি বিভাগ ও উৎপত্তি সম্পর্কে বিস্তৃত বিবরণের জন্য দ্র বিশ্বকোষ, অষ্টম ভাগ, পৃ ১৩৭-৪০ ও 'বঙ্গীয় তিলি-সমাজ' পত্রিকায় প্রকাশয়িতব্য মল্লিখিত "তিলি" প্রবন্ধ।

তিহু ৩০-১১ সেও।

তুপীস্য মৎস্য ২৫৯-১৫ তপসে মাছ।

তুমরি ৩৭৬-১২ তুবড়ি; আতসবাজী বি।

তুরন ৪৫-১০ ত্বরান্বিত।

তুলসী ক্ষেত্র ১৬৯-১ তুলসী তলায় উত্থানশক্তিরহিত রোগীকে রাখিয়া স্বস্ত্যয়ন বা প্রায়শ্চিত্তাদি কৃত্য।

তুলসী চড়াঅ ৭৭-২৪ রোগনিরাময়াদি মঙ্গলকামনায় ব্রহ্মপুরাণোক্ত মন্ত্রপাঠ করিয়া নারায়ণশিলায় সচন্দন তুলসীপ্রদান।

তুলাটা ৩৬৩-২৫ তুলোট কাগজ।

তুলাতে ৮-২ তুলোট কাগজের পাতায়।

তেউলা ৪২৯-২০ দ্র তলুয়া।

তেজেল ৫৬-২৯ দ্র তিজাল।

তেরিজা ১০১-২৩ (গণিতে) যোগ; সঙ্কলন।

তেলাই ২৩৫-১৬ দ্র তলুয়া।

তেলানি ২৩৫-২৯ (তেলাবনী) মাটির ছোট হাঁড়ী বি; তলুয়া ?

দেবতাগণ অধিষ্ঠিত। সেইজন্য দক্ষিণ কর্ণের সন্নিকটে অর্দ্ধ হস্ত দূরে উক্ত কোনো কথা বিস্মৃত হইলে তাহা পাপ বলিয়া গৃহীত হইত ; তজ্জন্য প্রায়শ্চিত্ত।

দক্ষিণ শিরা পুত্র জনন ৪২৭-১১ কর্কট ও সিংহ লগ্নে শিশুর জন্ম হইলে সূতিকাগৃহের দক্ষিণভাগে প্রসূতির শয্যা ছিল বুঝিতে হইবে। ইহাতে সাধারণতঃ শিশু দক্ষিণ-শিরা হইয়া ভূমিষ্ঠ হয়।

দক্ষীণেশ্বর সিব ৩৬-২৭ দক্ষিণ দেশের (আঠারো ভাটীর) অধিপতি দক্ষিণ-রায়ের পুত্রত্বসম্বন্ধে সংশ্লিষ্ট শিবমূর্ত্তি। মতান্তরে, দক্ষিণরায় শিবের কামজ পুত্র (হরিদেব)।

দণ্ড ৩৯২-২২ (দং) 'দরুন'এর সংক্ষেপ।

দণ্ডবতি ৩৭৯-৩ প্রণামী মুদ্রাদি।

দধি সর্থ ৪১৩-২৬ (পর ছত্রে "মৎস্যার্থে"র অনুকরণে) দধির নিমিত্ত।

দব জবাব ৪৬৮-৪ (আ জবাব দাওয়া) আর্জির জবাব।

দবোবস্ত ৩০০-১৭ দ্র দরবস্তি।

দর ১০৪-১০ (ফা) অধীন।

দর খাদেমি ১০৩-২১ (ফা+আ) অধীন ভৃত্য।

দরতান ২৮৯-৮ (ফা দোতা) দ্বিগুণ।

দরপেশ ২৭১-২৪ (ফা) সামনে, সম্মুখে।

দরবস্তি ২২৮-৭ (ফা দর্-ও-বস্ত্) সমগ্র, সম্পূর্ণ।

দরবাগ ১০৬-১৩ (ফা) দরবার ; হুজুর।

দরমাহা ২১১-২২ (ফা) মাসিক বৃত্তি বা বেতন।

দরি ১৫৫-২৮ (ফা) অধীন। অর্থাৎ দুই গ্রামের এক নাম হওয়ায় গৌণভাবে এক গ্রামের নামোল্লেখে ব্যবহৃত 'দরি' বা অধীন। তু 'ছোট', 'বড়ো', 'বাজে' ইত্যাদি। যেমন, প্রতাপপুর, বাজে প্রতাপপুর।

দরিআপ্ত ২১৭-২৫ (ফা) অনুসন্ধান ; বিবেচনা ; তদন্ত।

দরিয়াল ২৭৫-১১ গ্রীষ্ম ; গর্ত্ত ?

দলই ১৪০-৪ (দলপতি) পদবী বি।

দলাদল ৪৯-২০ সামাজিক বিরোধ হেতু স্বপক্ষ ও বিপক্ষ ; দলাদলি।

দলুয়া ৪৭৪-১০ দোলো চিনি।

দিপক ২০৪-২৫ আতসবাজী বি।

দিবগ্যা ১৩০-২২ (দিব+গ্যা) গিয়া দিব।

দুআটে ৩৬-২ (দুই+আট—অনেক) একাধিক অর্থাৎ দুই, দুইবারে।

দুই সংসার ১৯৬-২৫ দুই স্ত্রী।

দুর্গানাম ১২৯-৪

দেওানী আদালতের ভট্টাচাজ্য ১৯৮-৪ জজ-পণ্ডিত।

দেওানী বাটী ৬১-১০ দেওয়ানগঞ্জে প্রস্তুত ? বাটী।

দেওার ২৫৬-১০ (ফা দিবার্) দেওয়াল।

দেড়া বাড়ি ২৪১-১৩ মূলের অর্দ্ধেক বাড়ি (বৃদ্ধি বা সুদ)-যুক্ত।

দেনা, দেয়া ৩-২৪ ; ৭-১৫ দেবার স্থান বা ঠিকানা। তু (হি) লেনাদেনা।

দেবকুয়া ৪৪৯-৯ দেবতার স্নানার্থ কূপাকৃতি জলপাত্র বি।

দেবপক্ষ্য ২৯৩-১৯ (দেবপক্ষীয়) দেবোদ্দেশে পূজাদানাদি।

দেবল ৩৯১-৩০ দেবপূজা করিয়া জীবিকানির্ব্বাহকারী ব্রাহ্মণ; পদবী বি।

দেবানুগ্রহ মনুষ্য ৭৭-২২ দেবতার অনুগৃহীত ব্যক্তি।

দেবালম্ব ১১৩-৪ দেবতুল্য ; দেবাশ্রিত ; দেবানুগৃহীত।

দেয়াজি ২১৬-২৪ দেওয়ান জী।

দেয়াশী ৩৪৯-১ (দেববাসিক) মন্দিরের সেবক ; এখানে, মনসা ঠাকুরের পূজারী। (তু দেবকুলিক>দেউলে—ধর্ম্ম ঠাকুরের সেবায়ত।—দ রা)।

দেশী ২২৪-১৯ (দেয়াশী) পদবী বি। দ্র দেয়াশী।

দেহকৃৎ ঠাকুর ৯৯-২৯ দেহের জন্মদাতা অর্থাৎ পিতা।

দেহতপুর ৪৩৯-১৬ রূপক বর্ণনায় দেহরূপ পুরী।

দেহান্দার ২৬৭-২৩ (ফা) দাতা।

দো ১৫০-৫ (দ্বি) দুই ফসলের জমি।

দোগা ৪৫৪-১৩ (দ্বিক) দুইএর সমষ্টি। দুই বা ততোধিক গরু একসঙ্গে বাঁধিবার রজ্জু ; ('পাগা'র সহিত সংলগ্ন) গরুর গলানী দড়ি।

দোড় ২৬৫-৭ ?

দোনা ৩১৫-২১ (দ্রোণ) ঠোঙ্গা।

দোয়া ১০৪-২১ (আ) প্রার্থনা ; আশীর্ব্বাদ।

দোরা ১৩৫-১৭ দ্বারা।

দোলাই ৩০-১০ ছেলেদের ব্যবহার্য্য রঙ্গীন দুই স্তর কাপড়ের তৈয়ারী শীতবস্ত্র।

দোলাই পরবি ১০-১১ (দোল পর্ব্বীয়) দোলপর্ব্বে দেয় পার্ব্বণী।

দোহাই দসের ১৬৪-৭ বহুলোকের দোহাই। বিপদ হইতে উদ্ধারের জন্য সমবেত জনগণের নিকট করুণ আবেদন। দ্র 'দশের মাহাত্ম্য'—(বি ভা পুঁ সং ৪৭৭৩)।

দৌওয়া ১০৪-৪ (আ) দাবী।

দ্বারায় ১১-৫ দ্বারে অর্থাৎ নিকটে।

দ্বার্থ ১১৭-২২ (দ্ব্যর্থ—দ্বিপ্রকার অর্থযুক্ত ; শ্লিষ্ট শব্দ। এই শব্দের এক প্রকার অর্থ সহজবোধ্য, দ্বিতীয় অর্থ প্রণিধানগম্য, সুতরাং দুরূহ) গৌণার্থে ক্লেশকর বা কষ্টজনক।

·**দ্বিতিয় সংশার** ৪০৮-১৪ দ্বিতীয় পক্ষের স্ত্রী।

ধঞ্চের মোড়া ১২১-১৩ ধঞ্চে গাছের ছালনির্ম্মিত দড়ির মলা অর্থাৎ গুটাইয়া পাক দিয়া বাঁধা দড়ি।

ধন্না পহচা ১৬৫-২২ ধর্ণা প্রহরা অর্থাৎ সর্ব্বদা তদারক বা পাহারা।

ধম্মপূজা ১৩২-৪ ধর্ম্মঠাকুরের পূজা। দ্র চৈইত্রী গাজন।

ধম্ম সমস্তা ১৬৭-১৩, ১৪ (ধর্ম্মসংস্থা) পণ্ডিতমণ্ডলীর মধ্যে শাস্ত্রালোচনা করাইয়া সমাজভুক্তি।

ধরাত্মজ বার ৮৪-১০ কুজবার ; মঙ্গলবার।

ধর্ম্মঅধিকারি ১১২-২২ (ধর্ম্মাধিকরণিক) বিচারক।

ধর্ম্মঘট ২৬৩-২১ প্রার্থনা পূরণ না হওয়া পর্য্যন্ত কাজ বন্ধ করা। ১৮৭৫ খৃষ্টাব্দে ইহার উল্লেখ।

ধর্ম্মতলা ৩১৭-২৩ ধর্ম্মঠাকুরের আস্তানা।

ধর্ম্মপুতে ৯৬-২৮ ধর্ম্মসাক্ষী করিয়া পুত্ররূপে গৃহীত ব্যক্তি ; ধার্ম্মিক।

ধর্ম্মরাজের ওষধি ১০০-৪ ধর্ম্মঠাকুরের নামে পূজারী পণ্ডিত দেউলে বা দেয়াশীর প্রদত্ত শ্বেতকুষ্ঠাদির ঔষধ।

ধর্ম্ম সংস্থাপন ১১২-১৬

ধাঙজ ২২০-৪ আঘাত ; ক্লেশ ; কায়ক্লেশ।

ধান্য সেলেম ১০২-৩ গণিতে ধানের হিসাব-বিষয়ে অঙ্ক বি।

ধারা ৫-২১ ; ৬৭-১২ রকম, প্রকার ; গতিক, অবস্থা।

ধারান্দ ২৫০-১৭ ধারাণ গ্রামের বা ধরানো।

ধুনাচী ৩৯৪-২৮ ধুনা জ্বালাইবার পাত্র।

ধুন্দুলি ৪১৫-১৪ ধুঁধুল, পুরুল, ঝিঙ্গা জাতীয় সব্জী বি ।

ধুর্য্য ৩৬১-১৪ ভারবাহী অর্থাৎ ভারধারক স্তম্ভ ।

ধুতরাফুলি ৩৭৫-১০ ধুতুরাফুলের আকৃতির গেলাস ।

ধুলাতড়ি ৩১৭-২৯ নদীর তট বা চর হইতে উত্থিত বেলে জমি ।

ধোব চিহ্ন ১৮৬-১৪ ধবল অর্থাৎ শ্বেতকুষ্ঠের চিহ্ন ।

ধোশা বাড়ি ৩১৪-২৪ যে জমিতে প্রায়ই ধ্বস নামে ।

ধ্রুব চং ৮৯-২৫ ভাগবতে বর্ণিত ধ্রুবচরিত্র ।

নআনজুলি ৫৫-১৪ (নআন বাং *নাবান—নিম্নাভিমুখ বা নিম্নাভিমুখত্ব ; √নী>নয়ন—প্রাপন—অন্যত্র লওয়া) যে ছোট পয়ঃ-প্রণালী (জুলি) বৃহত্তর পয়ঃপ্রণালীতে জল লইয়া যায় ; রাস্তাবাঁধার মাটি লওয়ার জন্য রাস্তার পার্শ্বস্থ জুলি ।

নও ৮২-১১ দ্র নয় ।

নওকরি ৩২১-১৪ (ফা) চাকরি ।

নওয়া ৩৯৫-১১ দ্র নয় ।

নওয়ান ৪৭৬-১৬ নূতন ।

নওাজিমা ৩২৩-১৯ (আ লওাজীমা) প্র য়োজনীয় জিনিষপত্র ।

নওা হেকাণ ৩৩৯-১৫ (আ লওাহেক) সম্পর্কিত ।

নগদী মণ্ডল ২৮৮-২৬ মণ্ডল পদবীধারী তাগাদাদার ।

নজদিগ ১৭১-১৮ (ফা) নিকট ।

নজরআনা ২৫৪-১১ (ফা) ভেট, উপহার ।

নৎ ৬৪-৫ (নাথ—পশুর নাসাবদ্ধ রজ্জু) গৌণার্থে স্ত্রীলোকের নাকের গহনা বি ।

নব কৈলাষ ১১৭-১৮ কৈলাসের অনুকরণে নিৰ্ম্মিত ও প্রতিষ্ঠিত শিবমন্দিরের স্থান ।

নবরত্ন ১২৮-১৩ নয়চূড়াবিশিষ্ট মন্দির ।

নবাত ৪১৫-১০ আধারে জমাট খেজুর গুড় । (ছোট নবাত—টিকলি) ।

নবাবি দস্তখত ৩৩৬-১৭

নবিনওা ১০৪-৪ (আ) ঈশ্বরেচ্ছায় ; ঈশ্বরের নামে ।

নবেস্তা ১০৪-১৩ (ফা) লেখন, পত্র ।

নমাইদ ৩০০-২৮ (ফা) প্রকাশ ।

নয় ৩৯-১৮ (নব) নূতন । চতুর্থ বা সেজর পরবর্ত্তী ব্যক্তি ।

নর্ত্তক রাশ ৯৯-৮ পদাবলীর পালা বা ভাগবতে বর্ণিত কৃষ্ণের রাসলীলা।

নল খড়ি ১০১-২৫ গণিতে অঙ্ক বি

নহবত সমাস্তের ১২৫-১৮ (ফা) নহবৎখানার সমস্ত সরঞ্জাম বাবদ।

নহিবেন ৩২-২৪ না হইবেন।

নাইবেন ২১৮-২৬ না হইবেন।

না উপর ৩৩৭-১০ বেশী নয়, অনধিক।

নাএব মহাফেজ ৩৪১-২৪ (আ) সহকারী পুস্তপাল।

নাগমইতা ২১১-১০ (লগ্ন+?) চাষের কাজে এক বৎসরের জন্য প্রতিদিন দেয় পরিমিত মজুরীর বাঁধা চাকর ; লাগাড়ে (লগ্ন+বৃত্ত ?)।

নাগমিথা ৪৬৭-২৬ দ্র নাগমইতা।

নাগাহালি ৪৩৯-১৯ (আ) সহসা ; অপ্রত্যাশিতভাবে।

নাজীমৎ ২০৭-২০ (আ) শাসন ; জ্ঞাত, জানিত।

নাঝ্যা ২৪৩-৯ গ্রামের নাম ?

নাটান ৪০৭-২৩ লাটাই।

নাদ ৪০-২৩ হাঁদাল অর্থাৎ বৃহৎ বৃত্তাকারমুখ-বিশিষ্ট মৃৎপাত্র-বি।

না পড়ে ২৪৫-১৫ পতিত বা অনাবাদী না থাকে।

নাবালগিসবায় ৪৮৪-১১ (ফা) অপ্রাপ্তবয়স্ক হেতু।

নামহাতা ২৬৯-১১ পদবী-বি।

না য়াটী হয় ৪৯-২৭ আঁটে না অর্থাৎ কুলায় না।

নারিয়া বাদিবার ১৮৪-৬,৭ ঠাঁইনাড়া অর্থাৎ স্থান পরিবর্ত্তন করিয়া বাঁধার।

নাসাটা পত্র ৩৩৭-৯ দ্র সাটা পত্র।

নাহ ৩২৩-৬ ?

নি ১১৩-১২ (লি) লিখিত ?

নিগ্রহী পত্র ৩৯০-৬ দণ্ডপত্র ; গুরু কর্ত্তৃক শিষ্যের প্রতি সামাজিকদণ্ড-বিধায়ক পত্র। ইহার বিপরীত 'অনুগ্রহ পত্রি'।

নিঘাপা ৩৫-১০ (ফা নিগাহ্ পা) মজুরি।

নিচান সহি ২৩৯-৩০ (ফা +আ) চিহ্নিত স্থানে স্বাক্ষর।

নিজ মাহা ৩-১ (নিজ—স্বীয়) গৌণার্থে বর্ত্তমান অর্থাৎ চল্‌তি মাস—দ রা।

নিজোতি ৩১২-৮ নিজ জোতের।

নিট ৯১-৮ (neat) ঠিক দফা-ওয়ারী।

নিবেদীতেছি ১৩১-১৯ (বাঙ্গালা নাম ধাতু) নিবেদন করিতেছি।

নিম তঙ্কা ৩৯৪-২৯ (ফা) অর্দ্ধ টাকা অর্থাৎ আট আনা।

নিমন্ত্রণ ১১-১৯ শ্রাদ্ধাদি কার্য্যে অধ্যাপক-নিমন্ত্রণ।

নিরুদ্বেগে পার হইয়াছেন ৭৪-১৮ বর্গীর ঘাঁটি নির্ব্বিঘ্নে অতিক্রম করিয়াছেন।

নিলের খাতা ৩৯৬-২০ ?

নিলের পাত ৩৯৫-২৩ ?

নিসা,-শা ১০১-৫ (আ ইন্‌সা—লিখিত) তামিল ; পালন।

নিসাদা ১৪৪-১০ (ফা) সীমানা দেখানো।

নিসান ২৭২-৬ (ফা) চিহ্ন ; সহি।

নুইদর ৪৬৭-১৪ ব্যক্তির নাম-বি। পুত্রার্থে ধর্ম্মঠাকুরকে মানসিক করিয়া উৎসর্গ-করা মিশ কালো পাঁঠার পায়ে সংলগ্ন লৌহবলয়ের 'লৌহ' শব্দ হইতে 'লুই বা নুই'। মানসিক করিয়া প্রাপ্ত পুত্রের ডান পায়েও লৌহবলয় দেওয়া হয়। ইহা হইতে 'নুই' হইতে পারে। এই 'নুইধারক' পুত্রের নাম 'নুইধর'। লৌহবলয়যুক্ত পাঁঠার (নুএার), কালো হাঁড়ীতে করিয়া জলে ভাসানো কাটা মুণ্ড ক্রোড়ে ধারণ করিয়া পুত্রৈষিণী যে সন্তান লাভ করেন তাহার নামও 'নুইধর'।

নুটি করিএগ ২৬৯-২৪ ঘরে ঘরে নতি নতভাব বা কাতরতা প্রকাশ করিয়া অথবা ঘুরিয়া।

নেকত ২৪৮-১৭ (আ) নগদ।

নেকনজর ১০৫-২ (ফা+আ) অনুগ্রহ দৃষ্টি।

নেকবক্ত ১০৬-৮ (ফা+আ) সৌভাগ্য ; ঐশ্বর্য্য ; সুসময়।

নেকরাড় ৪৫৮-২ (ফা নেক্‌রাঃ) সুপথ, সদ্গতি।

নেক সেওাই ২৮১-১ (ফা+আ) উত্তম ব্যতীত ; ভালো ছাড়া।

নেয়ানে ২৮৪-১৬ লইয়া যাওয়ায়।

নেয়ালির দড়ি ১৩৯-২৭ (ফা নরার্) ফিতার অনুকরণে ভাঙ্গানো বা বোনা রজ্জু-বি।

নেলাচ ১৩২-১২ ধর্ম্মঠাকুরের পূজার উপকরণ বি।

নোদনা লিখন ৪০৯-২ (√নুদ্—প্রেরণ) প্রেরণার্থ পত্র।

নোমনা ২২৪-২২ নমস্কারী ; প্রণামী।

নোলক ৬৪-৫ (লোলক) নাকের অলঙ্কার-বি।

পনবহা ১৪৩-২১ (ফা) মূল্যসমূহ।
পনে ২৬১-১১ মূল্যে ; প্রতিজ্ঞায়।
পবলীক নোটারি ৪৭৯-১৮ Notary public।
পয়লাম ২৫৬-৪ (ফা) সংবাদ।
পয়োত্রা ৩৪১-২১ (তু দেবত্র) জলমগ্ন ভূমি বা বিল জমি ?
পরক ২৩২-১৭ প্রতি ?
পরকিয়া সংস্থাপন ১১৩-২
পরকী ধর্ম্ম অধিকারি ১১৩-৬ পরকীয়া-ধর্ম্মের সংস্থাপক বৈষ্ণব-গোস্বামী।
পরতানা ৪১২-১৮ (আ পর্‌তাল—তদন্ত) তদন্তকারী ব্যক্তির পদবী-বি।
পরতা প্রজা ৩৪৪-৬ পতিত অর্থাৎ ফৌতী বা দেশত্যাগী প্রজা।
পরদা পোসে ৩২৬-১০ (ফা) পর্দ্দার আবরণে অর্থাৎ পর্দ্দানশীন অবস্থায় বা সসম্ভ্রমে ; ভাত কাপড় দানে।
পরান্ত ২০১-১২ প্রান্ত।
পরিজন ৬০-১৭ পরিবার ; স্ত্রী।
পরিসংখ্যা রূপ ভোজন ১২৬-৭ পঞ্চ বা দ্বাদশ ইত্যাদি সংখ্যাপরিমিত ব্রাহ্মণ-ভোজন।
পরুস্ত ৪০৭-১৯ পরশু।
পলা ৮৯-১০ ; ৩৭৪-২৬ পেলা ; ফেরি। ধুঁতুল বা বড়ী ?
পশ্চিম জাইবেন ৩৮১-১৪ পশ্চিম দেশস্থ গয়াকাশী ইত্যাদি তীর্থে যাইবেন।
পশ্চীম মুখে হইয়াছিল ২-৬ কন্যা ও বৃষ লগ্নে শিশু ভূমিষ্ঠ হইলে প্রসূতির ঘর পশ্চিমমুখ হইবে। "কন্যায়াঞ্চ বৃষেলগ্নে পশ্চিমায়াং গৃহং সদা"—(বৃহজ্জাতক)।
পসরি জায় ১০২-১০ গণিতে পাঁচ সের হিসাবের অঙ্ক-বি।
পসরী ৩২০-১১ পাঁচ সের পরিমাণ।
পাঁপোষ ৪৬৪-৪ (ফা) চর্ম্মনির্ম্মিত পাদাবরণ বা পাদুকা।
পাইয়া ৭৬-২০ (পুঁথির শুদ্ধ পাঠ 'পাপুনা') পাওনা।
পাইকান ৩৩৫-২৩ পদাতিকদিগকে প্রদত্ত নিষ্কর জমি।
পাকা ৩৮২-২৪ খাঁটী হিসাব বা দর।
পাখ ৩৯৪-৩ আবর্ত্তন।
পাখিরায় ৪৭১-১১ (পকৃখর—রণসাজে সজ্জিত শ্বেত অশ্ব) অশ্বারোহী যোদ্ধা। গৌণার্থে পদবী—চল্‌তি 'পাখড়ে'।

পাসুলি ১৮৭-৩ পাদাভরণ-বি।

পাত্থর ৩৯-৭ প্রস্তরনির্ম্মিত।

পাহাড়া ৯৫-২৬ পাঠ ; পত্রলেখার পদ্ধতি।

পিট, পীট ২৬৮-৯ ; ৩৮৪-১৮ ; ৩৮৭-২৬ হাত-খরচা। কোনও কিছু উপরোধের বায়না (advance brokerage) ?

পিতিরিকিত্তী ৪৮২-২২ পিতৃগণের অনুষ্ঠিত কৃত্যসমূহ।

পিনদ্ধ কাপড় ১৪২-২৬ পরিধেয় বস্ত্র।

পিরান ৩০০-১৯ পীরত্তর বা পীরের সেবার্থ প্রদত্ত নিষ্কর ভূমি।

পিরেত্তর ১৪৯-২৭ দ্র পিরান। (তু দেবত্তর)।

পুটিত চণ্ডী ১৩১-৫ পুটিত অর্থাৎ চণ্ডীর প্রতি শ্লোকের আদি ও অন্তে ওঁ-কার যুক্ত করিয়া চণ্ডীপাঠ করা।

পুটে ৩৯৯-২ গহনার অঙ্গ-বি।

পুত্র স্থানে গ্রহ ৩৯-২২, ২৩ (জ্যোতিষে) লগ্ন হইতে পঞ্চম রাশি পুত্রস্থান। সেই স্থানে বিদ্ধাবিদ্ধ অর্থাৎ অনুকূল-প্রতিকূল গ্রহের অবস্থান।

পুনর্ব্বিবাহ ৪৭২-১৬ আদ্য ঋতুর পর সপ্ত বা ষোড়শ দিবসের মধ্যে গর্ভাধান-সংস্কাররূপ বিবাহ-বি। (এই বিবাহদিবসে জননক্রিয়ার প্রতীকোৎসব 'কাদা-খেউর' ইত্যাদি অনুষ্ঠিত হইত। পরে রাত্রিতে দম্পতির শয়নগৃহে শয্যার এক পার্শ্বে হলুদ পিটালীর একুশটি সন্তানের প্রতীক পুতুলের থালা স্থাপিত করার দেশাচার ছিল)।

পুনাতে ২৫৪-১১ পোনেতে অর্থাৎ মূল্যে।

পুন্যাহ ১৩৩-৬

পুরবি ধানি ওজন ৪২০-২৩ পূর্ব্বদেশীয় ধানের মাপ-বি ?

পুরসারি ৩৩০-২০ সম্পূর্ণ ঠিক। ('পূর্ণ, সারা' একার্থক। তু সারাকালি—জমির খাঁটি বর্গপরিমাণ)।

পুরাট ২৫৬-৩ পূরিত, পূর্ণ, ভরাট, ভর্ত্তি।

পুরাপর মান্য ১৬৪-৬ পূর্ব্বাপর অর্থাৎ সর্ব্বসময়ে (উত্তরাধিকার-সূত্রে) সম্মানিত।

পুরুস্তরন ৩৬-১৬ পুরশ্চরণ।

পুরুস্তান ৩৩৫-২৩ পুরুষানুক্রমে।

পুরুহিত ঐ হুকা দিব ১৬৪-১০ পতিত ব্যক্তিকে সমাজে গ্রহণ করার জন্য

পেষকস ৪৮৩-২৫ (ফা) উপহাররূপে প্রদত্ত।

পেলার কয়ড়া ৩৮০-১১ পেলা বা ফেরির কড়ি বা অর্থ? দাদন; কড়ার—চুক্তি (retaining fee)?

পেসরে ৩২৫-১৭ (ফা son of) অমুকের পুত্র।

পৈচা ২৪৯-১৪ দ্র পঞ্চিছ্যা।

পৈত্রী ১৯৬-১৩ পৌত্রী।

পোক্তা ৫৫-১০ (ফা) পাকা; ইষ্টকরচিত।

পোঙালা ৩৮২-১ (প্রবাল) শুখনা ধানগাছের কুটি বা পল (পোয়াল)।

পোতার জন্নে হাষুলি খেড়ূআ ২১৮-৩ পৌত্রের জন্য কণ্ঠভূষণ ও করভূষণ।

পোরিতোশীবেণ ৪৭-৭ (বাঙ্গালা নামধাতু) পরিতুষ্ট করিবেন।

প্রকাশীয়া ৭৯-৫ (বাঙ্গালা নামধাতু) প্রকাশিত করিয়া।

প্রছালি ২১২-২৩ (প্রচ্ছাদী) প্রচ্ছাদনদ্রব্য খড় ইত্যাদি।

প্রজাহায় ৪৫৮-২৪ (ফা হায়) সকল প্রজা।

প্রত্যাস্তিরা ৯৮-১০ (প্রত্যঙ্গিরা) মহাশক্তির প্রত্যঙ্গসম্বন্ধী অর্থাৎ তন্ত্রোক্ত মহাশক্তির অবয়ববিষয়ক স্তবপূজাদি।

প্রত্রান ৩৯৩-২৬ পত্র সকল; প্রভৃতি?

প্রবর্ত্ত ১৯৫-১৯ প্রবৃত্ত।

প্রমাদ মৃত্যু ১৬৯-১১,১২ গৃহস্থের অনবধানতাবশতঃ স্থানান্তরে নীত হওয়ায় অপমৃত্যু।

প্রয়া[রা] ৭৬-১৬ (প্রিয়কার) প্রিয়কার্য্যকারী, প্রীতিপাত্র।

প্রশংশীত ৪৭২-১ মাননীয় (Honourable)।

প্রস্ত ১০১-১৫ দফা (item)।

প্রহ্লাদ চং ৮৯-২৮ প্রহ্লাদচরিত্র।

প্রাচির্ত্ত করাইয়া ঔষুদ্ধি সেবন ৪৩৮-১৭, ১৮ সুচিকিৎসকের যথাবিধি চিকিৎসায়ও যে ব্যাধির উপশম হয় না তাহা পাপজ ব্যাধি। এইহেতু হিন্দুমতে মহাপাতকাদিজন্য যথাশাস্ত্র প্রায়শ্চিত্তপূর্ব্বক পুনঃ ঔষধসেবনের ব্যবস্থা।

প্রাগুন ধেয়াইব ২৮২-১৭ প্রাক্তন অর্থাৎ পূর্ব্বজন্মের কর্ম্মফল চিন্তা করিব।

প্রামাদ ১-১৯ অনবধানতা ; বিপদ।

প্রেক ১২১-৯ (পোর্ত্তু pre go) লৌহাদি ধাতুর কাঁটা।

ফকীরান ৩০০-১৯ (আ) ফকীরের জীবিকার্থ প্রদত্ত নিষ্কর ভূমি।

ফজিয়ত ১৬৮-৩ (আ ফজীহৎ) নিন্দা ; তিরস্কার ; অপমান।

ফ্রজুদর ৭৩-২৫ (আ+ফা) ফৌজদার (Superintendent of military force)।

ফৎ ২৭৬-২৫ (আ ফৌত) মৃত্যু।

ফমিদা ১০৬-১১ (ফা) মতিমান্।

ফরমুদা ১০৩-২২ (ফা) আশীর্ব্বাদ।

ফরাদ ১১৮-৫ (আ ফর্দ্) সূচী ; তালিকা।

ফরাস ৭৩-২৫ ফ্রান্স-দেশীয় লোক।

ফল গত ১৫৯-১ ফল অনুয়ায়ী।

ফলনা ১১১-১৫ (আ ফলানা) অমুক।

ফলহার ১৭৬-২৯ ফলাহার, ফলপ্রধান খাদ্য।

ফাজিল সোধ ২০৬-১৪ (আ+ফা) অবশিষ্ট শোধ।

ফারক ৩০৮-২০ (আ ফারিগ্) খোলসা ; ঋণমুক্ত ; মুক্ত।

ফার কালি ১০২-১২ (গণিতে) বর্গপরিমাণ-বি।

ফারখতি ৯৬-৩০ (আ ফারিগ্‌খতি) সম্বন্ধত্যাগ-পত্র ; ছাড়পত্র ; মুসলমানদিগের বিবাহিতা স্ত্রীকে ত্যাগ করিবার পত্র।

ফালসা ২১৮-১ (ফা) কৃষ্ণ-লোহিতবর্ণ অল্পমধুর ক্ষুদ্র গোল ফল-বি (Grewia Asiatica)।

ফুটিআ নষ্ট হইল ৬৫-২০ (ফাটিয়া) মড়াইজাত ধানে জল পড়ায় গরমে তাহা গুমিয়া ফাটিয়া গেলে তাহাতে আঁকুড় বা চাল হয় না, সুতরাং তাহা নষ্ট হইল।

ফুলেল ৭৪-২১ ফুলের গন্ধযুক্ত তেল।

ফল্লরার বারমাস্যা ৯৯-১৫ চণ্ডীমঙ্গলে আক্ষটিখণ্ডের নায়িকা ফুল্লরার বারমাসের দুঃখকাহিনীর বর্ণনাসম্বলিত বাঙ্গালা পুঁথি।

ফেজেএ ৫২-৯ (আ ফজীহৎ) কলঙ্ক ; নিন্দা ; অপমান ; তিরস্কার ; লজ্জা।

ফেণী ৩৫৫-১০ (ফাণিত) ফেনের মতো সাদা বাতাসা।

ফেরি ৯০-৯ (প্র+ঈরি—প্রেরি>ফেরি) কীর্ত্তনে, রামায়ণ-মহাভারত-গানে বা মঙ্গলগানাদিতে গায়কাদির পুরস্কারার্থ ফেরি অর্থাৎ প্রদত্ত অর্থ ; পেলা।

ফেরিবেল ৩১০-২৪ April বা February।

ফেরুয়া ২৩৯-২০ নীচে ফের দেওয়া বা পলতোলা ঘটি বি ; বালি চুণ ইত্যাদির মাপের বৃহদাকার পাত্র-বি।

ফৈদার ১৮০-২৭ (ফৌজদার) পদবী-বি।

ফৈয়ত ৪৬৭-২ দ্র ফৎ।

ফোরক্ত ১৭১-১৮ (আ ফোরকত—বিচ্ছেদ) গৌণার্থে দূরে।

ফৌউত ৩৩-২৮ দ্র ফৎ।

বএণ ৩৯৮-১৮ বায়েন ?

বওানে ৪৮৪-১৭ (আ) বিবরণে।

বকদম ১০৩-২১ (আ) শ্রীচরণে।

বকনা বাছুর ১৭০-১৪ (বষ্কয়ণী) যাহার বাছুর হয় নাই এইরূপ গরু।

বকরার ৩৯১-৬ অংশীদার।

বক্রী ৭৪-২৫ (আ বাকী) ইহার সংস্কৃতাকৃতি।

বখস্যাদি ২৬৬-১১ (ফা) বখসী প্রভৃতি। মুসলমান রাজার দপ্তরের প্রধান কর্ম্মচারী। মুনশীর উপর ও নাজিরের নিম্নে ইহাঁর পদ।

বঙ্গদেশীয় ৮৭-২৬ পূর্ব্ববঙ্গবাসী।

বঙ্গভুষণ ৮৫-১২ পণ্ডিতের পদবী-বি।

বচকানি ৩-১১ (ফা) ছোট।

বচন ১২৫-১২ শাস্ত্রবচন-মূলক ব্যবস্থা।

বচর কিস্তি ২২৬-২৫ বাৎসরিক শ্রাদ্ধ বা প্রতিবৎসরে সাধ্য দোল-দুর্গোৎসবাদি কৃত্য বা অনুষ্ঠান।

বচ্ছ্য ৪৫৫-১৪ বাছুর।

বজলে ৭৭-১০ (আ) সদাশয় পণ্ডিত বৈদ্য।

বজাভ ১০৩-২১ (ফা) স্থানে ; বদলে, পরিবর্ত্তে।

বজেব ১০৫-২৯ (আ) অলঙ্কৃত ; ভূষিত ; সম্মানসূচক (শব্দ)।

বট ৩৮৪-১৩ বটফলের মতো ছোট মুদ্রা অথবা কড়ি।

বড়খাণ সাহেব ৩১৩-২৪

বড়পীর ১৫৩-১৫

বদরগাহে ১০৪-৩ (ফা) দরবারে।

বদ রূপা ৪১৩-২১ খাদমিশ্রিত রূপা।

বদলাই ৪৩৬-১৯ ?

বদস্তুর ২৯৪-৫ (ফা) রীতিমত ; নিয়ম বা প্রথার অনুযায়ী।

বনপর্ব্ব ৯৩-৮

বনবিবি ১৫১-১৫

বনিক ৩৮২-১ (বৈদিক *পনি) জাতিবাচক শব্দ। গন্ধ, শঙ্খ, কাংস, মণিকার ও স্বর্ণ এই পঞ্চবিধ বণিক। এখানে জাতিগত পদবী।

বনিকসজ্জ ৪৪৭-২৪ বেনেতী দ্রব্যাদি, বেনের দোকানে প্রাপ্য পূজোপকরণ।

বন্দ ৩২৮-৬ (ফা বন্দ্) ভূমিখণ্ডের সমষ্টি।

বন্দগির ৯২-২৭ (ফা) পূজনীয়, মাননীয়।

বন্দনেতে মরিয়াছে ১৭০-২৪ গলায় দড়ি বাঁধা থাকিতে মরিয়াছে। অসুখের সময় গরুর গলানী দড়ি খুলিয়া রাখা বিধি ; নতুবা বদ্ধগলরজ্জু অবস্থায় গরুর মৃত্যু হইলে অপালন-মৃত্যু হয়। ইহা গৃহস্থের পক্ষে পাপ।

বন্দরের ভায় ৩৩৭-১৪ বন্দরের ভাও বা হার (rate)।

বন্দিঘটি ২৬৯-২১ রাঢ়ীয় ব্রাহ্মণের গাঞী বি।

বন্দুক পাথর কলের ৩৭৬-২১ Flint-gun, গাদাবন্দুক-বি।

বন্ধ ২৬৩-১৭ দ্র বন্দ।

বন্ধেগান ২৭৭-৮ (ফা) ভৃত্যের বিনীত নিবেদন।

বফেরাযুত ১০৩-২৫ (আ) বিজ্ঞতার সহিত।

বয়নামা ২২৮-১৫ (আ+ফা) নীলামে বিক্রীত জমির দলিল (sale deed)।

বয়স্ত ২৪০-৩ (বয়ান অস্ত) লিখিত বিষয়ের অন্যথাভাব বা আপত্তি।

বয়ান ২৭৬-২৬ (আ) বিবরণ ; ব্যাখ্যা ; বর্ণনা ; সাক্ষ্য।

বরওয়ান ১০৪-২৬ (ফা) পরিপুষ্ট, সুপরিণত।

বরও সল ১০৪-৭ (ফা+আ) মিলনের সময়।

বরকোনদাজ ১৮০-২৫ (ফা) বন্দুকধারী সৈন্য।

বরক্ত ২৮৪-২ (ফা+আ) প্রতিদিন ; সময়মত, নিয়মিত (in time)।

বরগি ৭৩-২৩, ৭৪-১৯ (মারাঠী বর্গীর্—অশ্বারোহী সৈন্য) অশ্বারোহী মারাঠা-সৈন্য। গৌণার্থে অশ্বারোহী মারাঠী লুঠেরা।

বরজ ২৪২-২৬ (* √বৃ—আচ্ছাদন) পানের আচ্ছাদিত ক্ষেত্র।

বরদার ১০৫-১ (ফা) বাহক, ভৃত্য।

বরদেয়া ১০৪-১৯ (ফা+আ—দোয়া) আশীর্ব্বাদকারী।

বরফক্ত ৩১৬-১ [বরয়ক্ত (ফা+আ)] যথাসময়ে।

বরসন ২৫৮-১৪ (ফা) বছর বছর, প্রতিবৎসর।

বরাত ৩৩-১৪ (আ) জন্য, নিমিত্ত ; প্রয়োজন।

বরাহাবনীনাথ ১১৬-১১ বরাহভূমের রাজা। বরাভূম এখন মানভূম জেলার অন্তর্গত।

বরেয়া ১২০-১৩ বাঁশের গোল চটা। ইহা দাঁড়কের সঙ্গে লম্বালম্বিভাবে রোয়া বা ভাগটানের সহিত বাঁধা থাকে।

বর্দ্দ জওাব ২৫৬-৭ (ফা+আ) আদালতে আর্জির জবাব।

বর্ণ্ক সজ্য ২৬২-৩ বণিক সম্বন্ধী বা বেনেতী মশলা।

বলন্দ ১০৫-৪ (ফা) উচ্চ, বড়, মহৎ।

বলি বামন ৯০-৫

বস্কী মহল ৪০৮-২২ (ফা) বেতনদাতা কর্ম্মচারীদের অফিস।

বস্কে ১০৫-২ (ফা বক্‌শীদন্) বকশীসে ; আশীর্ব্বাদে ; মেহেরবানীতে।

বস্তুভাব স্থিতি ২৬৫-১৫ বাস্তবিক অপ্রতুলভাবের বা অনটনের স্থিরতা।

বহড় ১০১-১১ উপাধি-বি।

বহন ব্যক্তি ১২৩-১৩ বাহক।

বহাড়া ৩৯৬-১৫ দ্র বহড়।

বহুগুনা ৬১-১৪ বোগ্‌নো, পিতলের তৈয়ারী কানামোড়া বড়ো পাত্র-বি।

বাইসোত ব্যেমহ ১৮৬-২ বায়ুর কোপজন্য দেহের স্ফীতি বা ফুলা।

বাউটী ২৩৪-৭ বাহুর অলঙ্কার বি। দ্র বাওটা।

বাউরি ২৭৬-১৩ (*বাগুরিক) হিন্দু জাতি-বি।

বাউল ১১৯-১৯ (*বাতুল, *ব্যাকুল) ধর্ম্মসম্প্রদায়-বি ; গৌণার্থে পদবী।

বাওটা ৪২৯-১২ (বাহু পট্টক) বাহুভূষণ-বি ?

বাওত্তি ১৪৬-২২ (বাদিত্রিক) বাইতি। বাদ্যকরের উপাধি-বি। ইহারা বেতের বুনানীর কাজও করে।

বাক ৩৯৯-২৭ বাঁকমল।

বাকচনি ভুনি ২৬১-১৮ (ফা বাচকানি) ছোট কেটে ; পাড়হীন মোটা ছোট তসরের ধুতি।

বাকদান ১২-১১

বাকার বন্দি ৩৬৮-১২ বাখারির দ্বারা প্রস্তুত গোলাজাত (ধান্যাদি)।

বাকীর ১৭৫-২১ (বাক্যির) বাক্যের '

বাখর গুলি ২৭৭-১৫ গর্ভস্রাবার্থ (ও মদ-চোলাইয়ের জন্য) লতা-বি, নিমের ছাল, ধুতুরা, ঝাঁটী ইত্যাদির মূল আতব চাউলের পিঠালির দ্বারা প্রস্তুত বাতাসার মতো গোলাকৃতি দ্রব্য।

বাখার ৩২০-১০ বাঁশের বাখারি দ্বারা নির্ম্মিত ধান রাখিবার ডোল বা গোলা।

বাগদার ২২২-২৯ ভাগীদার।

বাগবক্ত ১০৫-২৩ (ফা+আ=বেৱক্ত) অসময়।

বাগরের দস্তখত ২৯৪-২৪ (আ+ফা) স্বাক্ষরবিহীন।

বাগাত১৪৫-৬ (ফা) বাগান।

বাগিতি ৫২-১ হিন্দু "লাঠি"-য়াল জাতি-বি।

বাগীস ১২-৬ পণ্ডিতের উপাধি-বি। বাগীশ—ব্রহ্মা ; ইহার বিষয়সূচক পূর্ব্বপদ 'বিদ্যা' ইত্যাদি শব্দের প্রয়োগ নাই।

বাঙগ্লা অঙ্গদ রায়বার ৯৯-১২, ১৩ বাঙ্গালা ভাষায় লিখিত রাবণের সভায় অঙ্গদের কথিত উপদেশাদি। কৃত্তিবাস কবিচন্দ্র ফকিররাম প্রভৃতি বহু কবির ভনিতায় বাঙ্গালা ও হিন্দী ভাষায় লেখা 'রায়বার' পাওয়া যায়।

বাঙ্গলা কাগজ ৩০৯-২৮ বাঙ্গালার (অর্থাৎ পূর্ব্ববঙ্গের) 'কাগজী' বা কাগজ-প্রস্তুতকারীদের তৈয়ারী দলিলের কাগজ।

বাঙ্গলা বন্দুক ৩৭৬-২৪ দেশী বন্দুক-বি ; গাদা-বন্দুক। মুঙ্গেরে প্রস্তুত হইত।

বাচক ১৩৫-১১ কোনও বিষয়ে বিবৃতিকারক বক্তা।

বাজাওয়া ২৫৯-১৮ (ফা ৱেজাহ্) অযৌক্তিক, অযোগ্য, বাজে।

বাজু ৪০৭-২৫ তাঁতের অঙ্গ-বি।

বাজে নবাব ৪৬৯-২৫ ছোট নবাব বা নবাবের মতো ধনী ব্যক্তি। দ্র দরি।

বাটকি ২৪৯-১৫ ভূষণ-বি। বাওটি ?

বাটা কসা ১০২-১৪ শুভঙ্করী অঙ্ক-বি।

বাটুরিয়া ১৭৪-১৮ বাঁটিয়া বা বণ্টন করিয়া।

বাটোয়া গতি ২১০-৯ বণ্টনের অংশ।

বাট্টা ২২৮-১১ প্রাপ্য মূল্য হইতে যে অংশ বাদ যায় (discount, brokerage)।

বাড়ি ৭৯-১৫ (বৃদ্ধি) ঋণ-দেওয়া ধানের বৃদ্ধি বা সুদ।

বাড়ি পড়ন্দ দো ৩২৭-১২ কোনও জমির স্থানীয় নাম। তু তিল কলাআ ডাঙ্গা—তিলকলাই বুনিবার ডাঙ্গা।

বাৎ ২৭-১২ বার্ত্তা।

বাতা ৭৫-১৭ ছোলা বাখারি।

বাতাবন্দী ৩৬৮-৯ বাতাদ্বারা বদ্ধ।

বাতি ১২৪-৫ ঝাড়-লণ্ঠন ইত্যাদি ?

বাতেক ৩২২-১৮ দ্র হইতে বাতেক।

বাদদতা ১০৪-৩ (ফা বাদ+আ দোয়া) অকৃপা।

বাদসা গাজী বাহাত্তুর ৩৩২-৩ (আ গুজ্—যোদ্ধা) বাদশাহ আহম্মদ শাহের উপাধি।

বাদা ৩৪২-৬ (বন্দ) বঁধ অর্থাৎ কয়েক কিতা জমির সমষ্টি।

বাধি ৩৩৮-২৬ মোকদ্দমায় বাদী।

বানিএা ২০৭-২১ মজুরী।

বাবুই ১৩৯-২৮ (Ischaemum augustifolium) তৃণ-বি। ইহা হইতে দড়ি প্রস্তুত হয়।

বায়জন ৩০০-২১ (ফা) পূরা ওজন।

বায়েস্ত ৩১৬-২ (আ) হিসাবে প্রাপ্য।

বার সনা ৬৫-২৫ (ফা) বছর বছর; প্রত্যেক বছরের জন্য।

বার হরবার নাস্তি ৩২৮-৮ বার হওয়ার নাই। দলিলে লিখিত রাজস্বাদি হইতে অধিক আর কিছু গৃহীত হইবে না বা তদ্বিষয়ে কোনও গোলযোগ ঘটিবে না।

বারিত্ত ৬৯-২৩ নিবারিত।

বারুজ ৩৭৬-৪ (তুর্কী বারুত্) বিস্ফোরক চূর্ণ-বি।

বালাসাই ৩৭৮-১০ শাহ্ আলমের সময়ে তেহ্রীর ত্রিশূল-দণ্ড-মার্কা তাম্র-মুদ্রা-বি ?

বালেস্বরি আব খোরা ৬১-১, ২ বালেশ্বরে প্রস্তুত ছোট শিলাপাত্র-বি।

বাযতুল ৪৫৬-৮ বাস্ত।

বাসা ১৫৩-২৫ বাড়ী (পশ্চিম বঙ্গ)।

বাস্তুপূজা ২৯৩-১৯

বাস্তুযাগ ১৪৮-৪

বাহুজুত ৪৩৯-১০ (ফা+আ—হুজ্জত্) বাগ্‌যুদ্ধ, ঝগড়া, বিবাদ।

বিং গুজস্তা ২৩১-১১ (বিং = বিমজিম + ফা) বকেয়া বাবদ।

বিঃ ছুক্তী ২০৬-১৮ (বিঃ = বিমজিম) চুক্তি-অনুসারে।

বিচন ২০৮-১৮ বীজ।

বিচিলি ১২১-৮ খড়-পাকানো দড়ি ; খড়।

বিছা ৪১৩-১৯ বৃশ্চিকাকার কটীভূষণ-বি।

বিট ৩৭৫-১৬ বিট বা পলতোলা পাত্র-বি।

বিড় ১৪৮-১৯ ; ১৮১-২১ বৃত্তাকারে বদ্ধ গোছ ; এইভাবে রচিত গাছধানের থাক বা স্তূপ। ধানের আটিগুলি এক মুখে বিন্যস্ত থাকিলে তাহার নাম 'জাঙ্গী'।—দ রা

বিত্তং ৯৯-৭ বিবরণ।

বিতা ৩৭২-২৪ বিবরণ।

বিতারিখ ৮৯-৪ (ফা+আ) তারিখযুক্ত।

বিধবা ৪২৭-৯ দ্র সধবা মেয়্যা ছিল।

বিধিকর্ত্তা ১৮১-১৮ শাস্ত্রীয় বিধানদাতা অধ্যাপক ব্রাহ্মণ।

বিধি বৌধিক ৪৫১-২৩ শাস্ত্রজ্ঞানযুক্ত।

বিনামা ৫৯-১০ জুতা।

বিবরিয়া ৭০-১৩ (বাঙ্গালা নামধাতু) বিবৃত করিয়া।

বিবাদারি তলব ২২৩-১০ বিবাদী খাজানা।

বিমজিম ৫১-২৯ (ফা ব-মোজিব) অনুযায়ী।

বিম বরগা ৫৫-১৭ (ইং beam, পোর্ত্তু verga) কড়ি ও দুই কড়ির মধ্যবর্ত্তী আড়কাঠ।

বির্দ্ধ আউটী ১০৩-১ গণিতে অঙ্ক-বি। দ্র অতি বির্দ্ধ আউটী। আর্য্যা, যুগ বান রস রস কর সসি খণ্ডা, ভুজ যুগ বান পোন দিয়া রস গণ্ডা। দুই বট দুই ক্রান্তি ভাগ বিসেস, শুভঙ্করদাস বলে বির্দ্ধ আউটির প্রেস্য।—(হ শু)

বিলাত ১১৩-১০ ; ২২৯-১১ (আ বিলায়াত) গভর্ণমেণ্ট ; অধিকার। (ফা বিলা আদা) অনাদায়, বাকী।

বিলাবন্দী ২৬১-১০ (ফা) বে-বন্দোবস্তী ; বে-হিসাবী ।
বিলি ২৪৩-৬ ব্যবস্থা ।
বিশালাক্ষী ১৬২-১৪ দেবী দুর্গার আকৃতিভেদ—"রঙ্কিণী বিশালা"। ইনিই বাশুলী-চণ্ডী। দ্র মৎসঙ্কলিত পুঁথি-পরিচয়, প্রথম খণ্ড, পৃ ২২২ ।
বিশী ২৪০-১৭ কুড়ি আড়ায় এক বিশ। দ্র আড়া।
বিশেষ ৭১-১৯ ইতরবিশেষ ; আরাম, সুস্থতা, আরোগ্য ।
বিষ ৪৩-৭ দ্র বিশ ।
বিষ্ণুপ্রত ৩৭২-২৫ ?
বিসা প্রতুল খরিদ বিক্রী ১০২-১৮ শুভঙ্করী অঙ্ক-বি ।
বিহনের তলা ২৫৮-১৬ বীজ-ফেলার জমি ।
বুজসুজ ১৯৪-৩ (* বুধ্য * শুধ্য = বুদ্ধ শুদ্ধ) = বোঝা-সোঝা ; (√বুধ্ + √সম্ বুধ্) বোঝা ও সমঝানো ; বুঝিয়া বিশেষভাবে কর্ত্তব্যনির্দ্ধারণ ।
বুন্দা ৩৭৬-১৬ আতসবাজীর উপকরণ-বি ।
বুরিআদি ২৮৫-২৪ (ফা) বরবাদি, ধ্বংসপ্রাপ্ত ।
বেঁইচার দড়ি ১৩৯-২৯ (ধেঁইচা = ধঞ্চা Sesbania cannabina) ধঞ্চার ত্বক্ দ্বারা নির্ম্মিত দড়ি ।
বেআন্দাজ ১৭৬-৮ (ফা) অপরিমিত ; সমাজবিরোধী, গর্হিত ।
বেওতন ৪৮২-২৪ (ফা) বেদখল ।
বেওা ১৩৮-২৫ (ফা) বিধবা ।
বেওরা ৩৯-৫ (ব্যাপার) ঘটনা, বৃত্তান্ত ।
বেখেতর ১০৬-১১ (ফা + আ) বিপদশূন্য ।
বেগার ৩৪-২৯ (আ বগয়ের্) বিনা বেতনে (কাজ) ।
বেচা ২৫৭-১৯ (ফা) কাঁচা ; অসঙ্গত ।
বেজ ৫৪-১৮ ?
বেজমুই বঞ্জর ৩৩২-১৮ (ফা + হি) পতিত ভূমি ।
বেজায়া ৩৬৪-২৯ (ফা) হিসাবের বহির্ভূত ।
বেজার ৪৭৬-২৯ (ফা) বিরক্ত ; দুঃখিত। 'গা-বেজার'—জ্বরের জন্য গা গরম। —দ রা
বেঞ্জন্যা ৫৬-২৮ ব্যঞ্জনীয়া অর্থাৎ ব্যঞ্জনরন্ধনের মৃৎপাত্র-বি ।
বেড়কান্ধা ৩১৭-২০ (√বেষ্ট) বেষ্টনীর প্রান্তস্থিত জমি ।

বেড়্যা হয়াই ৩৭৭-৪ আতসবাজী-বি। (এই হাউই কিছু দূর উঠিয়া বৃত্তাকারে ঘুরিতে থাকে)।

বেণী বাতা ৩৬৮-১০ (দ্বি>বেন্নি>েণী+*পট্ট>পাটা>পাতা>বাতা) দরজার বাম কপাটে সংলগ্ন দ্বিতীয় পাটা। (ডান দিকের কপাটে শিকল লাগানো থাকে)।

বেতাল ২৮৮-১৯ পদবী-বি।

বেতি ১৪৭-৩ ব্যতিক্রম ; তারিখের ব্যতিক্রম বা ছাড়।

বেদস্ত ১৯৫-১৯ (ফা) বে-দখল।

বেদাগ খরোপোশ ২৭২-২৪ (ফা) জমিদারি হিসাবের বহির্ভূত অর্থে বন্দোবস্ত-করা খোরাক ও পোশাক।

বেদামি ৪২১-৩ সস্তা।

বেদার্ত্তা ১১৩-৮ (বেদাত্মা) সম্যগ্ জ্ঞাতা ?

বেদীয় বিষ্ণুপূজা ২৯৩-১৯ যজ্ঞীয় বেদীতে করণীয় বিষ্ণুপূজা।

বেদ্য ৪৬-২২ জ্ঞেয় ; (এখানে) অবগত।

বেন্যাদ কালির ভায় ৩৩৭-১০ বণিকের প্রদত্ত হিসাবের হার।

বেপিত্যয় ২৪৩-৭ অপ্রত্যয়, অবিশ্বাস।

বেফাকত্ত ১০৩-২৬ [আ রেফাকৎ] বন্ধুত্ব।

বেবকত্য ২০১-১২ (ব্যাপকত্ব) বিস্তার, চওড়া।

বেবনদী ৪০৪-১৪ বে-হিসাবী ; যে টাকার হিসাব নাই।

বেবস্তাপক ভট্টাচার্য্য ১৬৬-১৯ শাস্ত্রীয় বিধির ব্যবস্থাদাতা ভট্টাচার্য্য।

বেবুত বেশাত ১৭৪-১৫ (ফা) ব্যবসায়ে অর্জ্জিত ঐশ্বর্য্য।

বেব্বক ২৩১-৯ (ফা+আ) বেবাক ; সমস্ত (হিসাব)।

বেমুহ ৩৩-১২ (সং √মুহ্) ব্যামহ ; কষ্ট।

বেয়া ৬২-৫ দ্র বেওা।

বের বের ৫-২০, ২১ বার বার।

বেরাদারি ৪৮২-১৮ (ফা) আত্মীয়-স্বজন।

বেরিজ ২১১-৯ (ফা বে+আ রিজ্ক্—রুটি) বিয়োগ। গৌণার্থে কর্ম্মচ্যুত।

বেল মক্তা ১০২-২৪ (আ বিল্-) সর্ব্বসমেত, মোট।

বেলাভরি ৪৫৪-১২ গোধূলির পূর্ব্ব পর্য্যন্ত।

বেলায় ৭১-৯ পক্ষে।

বেলেট ২২৫-১১ পদবী-বি।

বেল্যা জমিন ৩৪২-১৮ বালিমিশ্রিত ভূমি।

বেষুমার ১০৫-১ (ফা) অসংখ্য।

বেসরাকত ২৮১-৭ (ফা+আ) একক ; বিনা শরীকে ; অবিভক্তভাবে।

বেহদা ১০৫-২৩ (ফা+আ) সীমাতিরিক্ত ; অত্যন্ত।

বেহর্পপর ২৮৫-১৭ স্থানের নাম ?

বেহানী ৯০-১৭ (বৈবাহিকানী) বেয়ান।

বেহেতেরি ১০৩-২১,২২ (ফা) মঙ্গল ; উন্নতি।

বৈ ৪৬৯-২৫ (বহিঃ) বহির্ভূত ; দূরবর্ত্তী।

বৈকালি ১৪০-১,২,৩ বৈকালে কৃত কর্ম্মের মজুরী।

বৈরাগী ও বৈষ্ণম ১১২-২২

বৈভূর্ত ৫০-২২ অতিক্রান্ত।

বোন্দ ষুরিত ১৬৩-২০ বন্ধু সুহৃৎ।

বোব কাড়ি ১০৩-৭ দ্র রবকার। তৎসম্বন্ধী পাঠ।

বোরক্ত ৩৩৮-৬ (ফা বার্+আ রক্ত) নিয়মিত ; যথাসময়ে।

বোরা ধান্য ২১৯-১৮,১৯ বোড়ো ধান।

বোলাক ৯-২৬ (ফা) নোলক ; নাসিকাভরণ-বি।

বোহি গ্যামুনি ষুরিত ১৬৪-১৫ বহির্গ্রামের প্রধান বা নায়ক সুহৃৎ।

বৌগুণ ৩৭৫-১০ দ্র বহুগুনা।

ববক্ত ১০৫-২৩ (আ) সময়।

ব্যবসায় ৭৫-১০ অধ্যবসায়।

ব্যবহার ৮৬-৬ সামাজিক সম্পর্ক হেতু লৌকিকতা।

ব্যাগীদার ২২২-২১ ভাগীদার।

ব্যাপার ৪২-২৪ ব্যবসায় ; ব্যবসায়লব্ধ আয়।

ব্যাম ৬৫-২৭ দ্র বেমুহ।

ব্যামহ ৪৬-২০ অন্যথাভাব ; দুঃখ।

ব্রহ্মার পূজা ১৪০-১৯ দেশভেদে অগ্নিভয় নিবারণার্থ অথবা গৃহাদির অগ্নিদাহের পর অনুষ্ঠেয় ব্রহ্মার পূজা।

র্ব্বওক্তো ৩২০-২৮ (ফা+আ) নিয়মিত।

ভঞ্জিৎ ২২১-২৯ ভাঙ্গানো অর্থ।

ভট্ট বিদাই ৩৯৭-৮ ভাট-বিদায়। (ব্রাহ্মণাদি বিশিষ্ট জাতির নিমন্ত্রণে প্রেরিত পত্রবাহক 'ভাট')।

ভদ্রেস্থ ১২৪-৫ মঙ্গল, সুবিধা।

ভর ৩৫-৭ পদবী-বি।

ভাআদ ১৬৩-১৫ (ভ্রাতৃদায়াদ) জ্ঞাতি-শরীক।

ভাও ৪২-২০ (হি) চল্‌তি হার।

ভাগপাট্টা ৩৪৮-১৮ জমির অংশসম্পর্কিত দলিল।

ভাগরা ৪২০-২০ (=ভাগড়া < *ভাগ বৃত্তি) বর্গা; বখরা।

ভাগাড় ৪৬৬-৪ (১) সাধারণের ব্যবহার্য্য জলসঞ্চয়ের লম্বা অগভীর গর্ত্ত বা খাদ। (ইহা হইতে 'পয়নালা' কাটিয়া মাঠের প্রত্যেকের জমিতে 'সেচ-মেলনা' দেওয়া হইত। ইহা তখনকার দিনের উত্তম সেচ-ব্যবস্থার নমুনা। 'ভাগাড়-ভাঙ্গা জমি'=নীচু জোল-জমি) ; (২) সাধারণের মৃত গবাদি পশুর দেহ বাড়ানোর বা ফেলার জন্য গ্রামের বাহিরে নির্দ্দিষ্ট স্থান। (এইখান হইতে মুচিরা মৃত গরুর চর্ম্ম ও মাংস কাটিয়া অর্থাৎ 'ভাগাড় কামাইয়া' লইয়া যাইত) ; (৩) শবাদি বহন করা, গরুর গাড়ী, ধানের 'গুটী' (ছালা) লইয়া যাওয়া ইত্যাদি সর্ব্ব প্রয়োজনে সাধারণের ব্যবহার্য্য প্রশস্ত পথ—'ভাগাড়-রাস্তা')।—দ রা

ভাঙ্গা পড়িয়া ২১০-২(=ভাঙ্গা পড়া) বাদসাদ ; কম ; খরচ ; আত্মসাৎকরণ।

ভাজান চালু ২১৩-১৭ ভাজিবার বা মুড়ি করিবার চাল।

ভাজান ভাতি ২১৩-২২ ভাজিয়া খাওয়ার জন্য ভাতের চাল।

ভাজু ৪৫২-১১ (ভাউজ) ভাজ, ভ্রাতৃজায়া।

ভাঞ্জা ১০৫-২১ ভাগিনেয়, ভগিনীপুত্র।

ভাটার কাষ্ঠ ১৪৬-১৮ ইঁট, চূণ ইত্যাদি ভাটিতে পোড়াইবার জন্য আনীত কাষ্ঠ।

ভাড়ি ৪০৭-২৮ তাঁতের ছোট যন্ত্রপাতি রাখিবার আধার-বি।

ভাতিজা ১০৫-২১ (ভ্রাতৃজ) ভাইপো।

ভাত্রি দিতিয়ার চন্দন ৪০০-৪,৫

ভাবিৎ নহিবেন ১২৩-৮, ৯ (ভাবিত ন হইবেন) ভাবিবেন না।

ভায়াচারি ২৬২-১৪ ভ্রাতৃগণের আচরণ জন্য (বিরোধ)।

ভার ৪২-৪ ; ৪১৫-১১ দায়িত্ব ; ভারবহনার্থ বাঁক।

ভালইতে ৬৮-১৪ (বর্ণ লোপ) ভাল হইতে।

ভাশ পত্র ১৭৯-১২ ভাষাপত্র। শাস্ত্রের ভাষা বা বচন অনুসারে বিহিত ব্যবস্থা-পত্র। সামাজিক দুর্নীতি বা বৈষয়িক বিরোধ ঘটিলে ব্রাহ্মণ পণ্ডিত কৃত তদ্বিষয়ে বিচার ও ব্যবস্থা।

ভাষ ১৬৩ দ্র ভাশ পত্র।

ভাষা ৫০-৩০ বাচনিক বিবরণ।

ভিআঞাছ ১৭-৪ (বাঙ্গালা নামধাতু) ভিয়ান করিয়াছ।

ভিক্ষু শ্রীসেখ ১০৫-১৫

ভিড়নে ছীল ১৭১-২৮ দলে ছিল, সঙ্গে ছিল।

ভিতে হুণ্ডি ৮০-২৮ ভাতের হাঁড়ী।

ভিত্তে ১৩২-১৫ ভেতো অর্থাৎ ভাতের হাঁড়ী।

ভিমি ৪৫৫-১৮ (ভ্রমি, ভৃমি) মস্তকঘূর্ণন-জাত রোগ বি।

ভীষ্মাদি তর্পণ ১৬৪-২৮

ভুজন ৩৯৫-১২ ভোজন, অন্নপ্রাশন, ভাত।

ভুনি ৪৫-২২ বিধবার পরিধেয় পাড়-শূন্য মোটা কাপড় বা থান। দ্র বাকচনি ভুনি।

ভুর্জ্জপত্র ৩৭-২২

ভেক দিআ দিব ২৭৭-২৮ (*ভৈক্ষ্য, *বেষ) বৈষ্ণবসমাজ-ভুক্ত করিয়া দিব।

ভেক লইআ বৈষ্ণব ১৩৮-২৭

ভেরি বন্দী ৩১৪-৩ জমির চতুর্দ্দিকে বেষ্টনভূত মোটা আল বা বাঁধ যুক্ত।

ভেশস্তি ২২৩-১৮ (ফা ভিস্তি <বিহিস্তী—স্বর্গে জলসরবরাহকারী) জলবাহক।

ভোগ প্রমাণ ৩২৮-২৬ ভোগের বা খোরাকের উপযোগী কিয়ৎপরিমাণ জমি।

ভৌতিক বিশয় ১৬৯-১১

ভ্রাজাল ২০৮-৯ ভাজার জন্য (চাল)।

ভ্রারাত ২১৩-৯ (*ভার হারা ত) ভারহারক অর্থাৎ ভারবাহক।

মওলা ১০৪-৭ (আ) জ্ঞানী, পণ্ডিত।

মওাজী ১৪৩-১৯ (আ) সর্ব্বসুদ্ধ ; একুন।

মং ৪৮১-১০'মতাবক'-এর সংক্ষেপ।

মকরা যুদ ২৫১-২৮ (আ+ফা) নির্দ্দিষ্ট সুদ।

মচলকা ৯৬-৩০ (তুর্কী) বিশেষ সর্ত্তে অঙ্গীকারপত্র।

মজমুন ২৫৬-১ (আ) মর্ম্ম ; আরজীর বর্ণিত বিষয়।,

মজুকুর ৩৭-১২ (আ) উল্লিখিত ; উল্লিখিত বিবরণ।

মরাইজাত ৪২০-২১ মড়াইবন্দী। মড়াই—খড়ের মোড়ে বা পাকে নির্ম্মিত বড়, ঝাড়া খড় বা 'ছই'-এর গায়ে জড়াইয়া রচিত গোলাকার ধান্যাধার-বি।

মশাহেরা ২৬৬-৬ (আ) মাসিক বেতন ; মাসহারা।

মষুয়া ৯৬-১৩ (মাতৃষ্বসৃপতি) মেসো।

মসহাত ৩১৬-১৮ (আ) মাপা (জমি)।

মসালের তৈল ৩৫-২২

মস্নুদ ২১৮-২৬ (আ) মজুদ।

মস্নুরদ ৪৮২-১৩ (আ) সুবিধাজনক ; সুখকর।

মস্ত ২১৮-৪ (ফা) মত্ত।

মহকুপ ১৩৫-১১ (আ) পরিত্যক্ত ; বন্ধ, স্থগিত।

মহদ্দপি ২৫৫-২ [আ সরহদ্দ] সীমানা।

মহরম ৩৩২-৪ ইস্‌লামী সনের প্রথম চান্দ্র মাস।

মহষুব ১০৪-১৫ (আ) যাহার হিসাব লওয়া হইয়াছে।

মহাকাল ভৈরব পূজা ৭৬-৩

মহাপাত্র ২৭৩-২৪ পত্রনবিশের অধ্যক্ষ পাত্র ; পদবী-বি।

মহাফেজ ২৮৬-৩ (আ) পুস্তপাল, record-keeper।

মহাবৃসব সংক্রান্তি ১৬২-৭ মহাবিষুব-সংক্রান্তি।

মহামহিম শ্রীযুৎ জটানাথ পরামাণিক শ্রীচরনেষু ১৬৯-২৫, ২৭ পরামাণিক—নাপিত। পূর্ব্বে নাপিতেরা সেবকরূপে ব্রাহ্মণের সঙ্গে থাকিত এবং প্রায়শ্চিত্তাদিতে ব্রাহ্মণের প্রদত্ত ব্যবস্থা জানিতে পারিত। যাহারা জল-চল নহে সেইরূপ জাতির বিধান ব্রাহ্মণেরা দিতেন না ; নাপিতেরা ব্রাহ্মণের মুখে শ্রুত বিধি অনুসারে তাহাদিগকে ব্যবস্থা দিত। এই হেতু নাপিতেরা ইহাদের সমাজে ব্রাহ্মণের ন্যায় সম্মান পাইত বলিয়া 'মহামহিম' ইত্যাদি সম্মানসূচক নাপিতের বিশেষণ। (সম্ভবতঃ বর্ণ-ব্রাহ্মণের উৎপত্তি এই ভাবেই হইয়াছে)।

মহুল ২৭৮-২৫ (আ) আইনসঙ্গত।

মহুলুন ২৫৮-৮ দ্র মহুল।

মহুলুল ২৯৮-২৮ দ্র মহুল।

মহোত্রান ৩০০-২০ শূদ্র বা দাসকে ভোগার্থ প্রদত্ত নিষ্কর ভূমি।

মাউড়ি কাজি ২৭০-১৮ ?

মাউৎ গোড় ৫৪-৬ (মস্ত+গুড়) গুড়ের মাৎ ; অসার তরল গুড়।

মাগ ৫-১৯ (*মাতৃগ্রাম) স্ত্রীজাতি, স্ত্রী।

মা গোস্বামি ২৬৮-১৬ মেয়ে গোঁসাই ; গোস্বামীর স্ত্রী।

মাছ ধরিয়া সারা না করে ২১২-৭ আশ্বিন কার্ত্তিক মাসে মাঠে জমির কোণ ছিঁচিয়া 'কোঁচল' মাছ ধরিয়া গাছধান নষ্ট না করে।

মাজনা ৪০৭-২৬ (মার্জ্জন) দড়ি মাজিবার জন্য গোবালি অর্থাৎ গরুর লেজের আগার চুল দ্বারা প্রস্তুত বিনানো ও গুড়ানো দড়ি।—দ রা

মাজুর ৪০-১৯ (*মন্দোদরী) মাদুরী, তৃণবিশেষ দ্বারা নির্ম্মিত আস্তরণ।

মাণ ২৪০-১৭ (মানক) চার সের পরিমাণ।

মাৎবরি ৩২-২১ (আ) বিশ্বাস ; কর্ত্তৃত্ব ; সঙ্গত।

মাতা গোস্বামিনি ৩৯৯-৫ দ্র মা গোস্বামি।

মাথটী ৪৫৭-২৪ (মস্তক বর্ত্ত) মাথা-পিছু চাঁদা।

মাথুটী ৪২১-৪ মথুরেশ কৃত টীকা।

মাদার সাহেব ১৫২-১৫

মান ৩১৪-১ [মাল] দ্র মাল।

মানশাছে ১৫৯-২৪ মানস অর্থাৎ ইচ্ছা আছে।

মানসিক ৪৭৬-৮ মানত।

মানাজাত ১০৪-১৬ (আ) ভগবদ্‌বন্দনা।

মানিকপীর ১৫০-১

মানিক সাহেব ১৫১-১

মাপ ৫৮-১ ধানের পরিমাণ-বি। চার কনাতে পাই, কুড়ি পাইএ সলি, আট সলিতে মাপ।

মামুট ২৮৯-৭ [মাথট] দ্র মাথটী।

মাল ৩১৩-২৭ জমির মাপ-বি।

মাল আমাল ১৭৪-১৮ (ফা) সকর-নিষ্কর জমি।

মাল জামিন ২৪৫-২৪ কাহারও নিকট হইতে কিছু আদায় করিয়া তাহা প্রতিশ্রুত স্থানে জমা দিবার জন্য কাহারও নিকট ঠিকা লওয়া।

মালতিমুঞ্জরি দেবী ৪৩১-১৩ জ্ঞানকৌমুদী গ্রন্থে ধৃত আদর্শ প্রেমপত্রে লিখিত আদর্শ নামের পাঠ।

মাল সাইরি খড়ি ১০২-১৬ গণিতে অঙ্ক-বি।

মালা ২৪১-৩ নৌবাহীদের পদবী-বি।

মালুস ২৬৭-২০ (ফা) মতলব।

মালের কাচারি ২৬৩-১০, ১১ (ফা) রাজস্ব আদায়ের স্থান (revenue office)।

মাষুর ৩৬-১৮ (আ) জড়িত।

মাষুল ২৯৫-২ (আ) শুল্ক, কর। গৌণার্থে দক্ষিণা।

মাসষুর ১৬৫-১৯ (মেসো-শ্বশুর) মাস-শ্বশুর।

মাস্মা ২৬৯-১৫ মাসী।

মাহাতা ৩৭৬-৫ (মাহাতাপ) আতসবাজী বি, চাঁদবাজী।

মাহাসিল ২৭১-২৩ (আ) আদায় ; আয় ; উৎপাদন।

মাহিনদার ৩৭২-২৭ (আ+ফা) মাসিক বেতনভোগী কর্ম্মচারী বা ভৃত্য।

মিছিল ২৫৫-৫ (আ মিস্‌ল্‌) মোকদ্দমার কাগজপত্র ; নথী (file)।

মিদ্ধা ৮৩-৬ (ফা আমীর্‌ দহ্‌) মীর্দ্দা ; গ্রামের প্রধান, মণ্ডল ; পদবী-বি।

মিনকিঅত ৪৮৪-১ (?) আদায় ?

মিনাক মোজা ২৩১-১৫ (আ) বাদ মৌজা দরুন ?

মিনাহ ওসত ২৩১-১৪ (আ) বাদ ওয়াশীল।

মিনাহ মযুকুপ ২৩১-১২ (আ) ছাড় বাদ।

মিসদাগ ৪৮২-৯ (miss+ফা) নম্বর-বিহীন, যাহা তপশীলভুক্ত নহে।

মুখতে ৪৬১-৩ (আ) সর্ব্বশুদ্ধ।

মুখালিফ ২৭৩-২৪ (আ) বিরোধী, বিপক্ষ।

মুজমিন ২০৭-৮ (আ) জামিন।

মুজুরা ২২৮-২৪ (আ মুজ্‌রা) বাদ, ছাড়, কাটান।

মুত্তা ১৬৫-২৩ (মোদ্দা) কথার মাত্রা-বি।

মুনিষ মসনা ৩৯৪-২ (মনুষ্য) মজুর ; মসনা—সহচর শব্দ।

মুনিসি দাএম ২৯০-৯ (আ) স্থায়ী কেরানী।

মুর ৪১৬-২০ মোর, আমার।

মুরিদ ১০৩-২০ (আ) মুসলমান ধর্ম্ম-গুরু।

মুরুদী ৩৯৪-৫ (আ মর্দ্দী) ক্ষমতা।

মুর্দ্ধাই ১৯৩-১৬ (ফা মর্দ্দাই) বাহাদুর, মাতব্বর, মোড়ল।

মুলবৎ ২৮৬-১ মূলের মতন ; যাহাতে মূল আছে (true copy)।

মুল্যের ৫০-২৬ (দিবাহে) পণের ।

মুষুরা ৩২৭-১৯ দ্র মুজুরা ।

মুস্থর্দ্দী ২২৯-২৮ (আ মুত্‌সদ্দী) আফিসের ভারপ্রাপ্ত কর্ম্মচারী, জিম্মাদার, এজেণ্ট ।

মুহুর্ত্ত ১২৬-৬ ব্রতের উপলক্ষ্যে শুভকাল। দিবামান ও রাত্রিমানের পনেরো ভাগের এক এক ভাগেব নাম মুহূর্ত্ত। দেবতাগণের অর্চনা করিতে হয় পূর্ব্বাহ্নে। যে তিথি ভোর বেলা এক মুহূর্ত্ত হইতে অল্পকাল থাকে তাহাতে ব্রত স্নান উপবাসাদি কর্ম্ম কর্ত্তব্য ।

মেড়ে ১৭৭-১০ পদবী-বি ।

মেদনিপুর চাকালার সন ৩৭১-১ এই সন বাঙ্গালা সন অপেক্ষা এক বৎসর বেশী। (ইহার ইতিবৃত্ত এখনও জানা যায় নাই) ।

মেন্নত ১০৪-৩ (আ) মানত, পূজা ; দয়া ।

মেয়না ২৩০-১ মেহনৎ; পারিশ্রমিক ?

মেলানি ৭৪-২ মেলন ; মিত্রতা ; সন্ধি ।

মেহের রই আপ্ত ১০৬-১৩ (ফা) অনুগ্রহপ্রাপ্তি ।

মেহেরবানগি ৯৬-২৭ (ফা) দয়া ; অনুগ্রহ ।

মোওতা ওআরিস ৪৬০-১৮ (আ মোতোআরিস্) বংশধর, উত্তরাধিকারী ।

মোওাফীক ১৪৩-২০ (আ) অনুসারে ।

মোওেদ ১০৪-২২ (আ) সহায়ক ।

মোকড়োর ৩-১৬ (আ) নির্দ্দিষ্ট ; স্থায়ী ; নিযুক্ত ; স্থাপিত ।

মোকাম ৩১-১ (আ) থাকার জায়গা, আশ্রয়, আড্ডা ।

মোকামী ৪৭১-৩০ মোকামে স্থিত ; স্থানীয় ।

মোছোল্লম ১০৫-১৮ (আ) সুপ্রতিষ্ঠিত ।

মোজাহেম ২৫৪-৩ (আ) আপত্তি, প্রতিবন্ধক ।

মোটে ৩২০-২৬ স্থানে ; পদে ?

মোনকের ৪৬৭-৯ (আ ইন্‌কার্) পরিত্যক্ত ।

মোনষুবা ২২৯-২৫ (আ) মানস ; উদ্দেশ্য ।

মোনিস ১৪৭-৪ দ্র মুনিষ মসনা ।

মোনোদরে ৩৭৮-১ মনকষ্টে ?

মোবো ২৩১-৯ 'মবলগ'-এর সংক্ষেপ ।

মোলাহিজা ২৯-৩ (আ) সবিশেষ দেখা ; বিচার, আলোচনা।

মোষতন ১৬৪-১৪ (ফা—মস্তী) ঘোঁট, চক্রান্ত।

মোস্ক ১০৪-১৩ (ফা) সুনামযুক্ত।

মোহর ১১৫-২৮ মোর ; আমার।

মৌ ৩-২৪ 'মৌজা'-র সংক্ষেপ।

মৌজে ১০৬-১৯ (আ) গ্রাম।

মৌরসান ১৯৪-১০ (আ) পুরুষানুক্রমে ভোগদখলী ; পৈতৃক।

মৌরুষ ৪৭১-২৯ (আ) পৈতৃক।

যমুলা ২৯৮-১৪ (আ জুম্‌লা—জমা) মোট, সমষ্টি, একুন।

যস্মল ২৩৯-২১ ?

যুদা ২৮৪-১৬ (ফা) ভিন্ন।

যুলির জমী ৩২৯-৮ দ্র জোলির মাঠ।

য়খা চালু ৩৩০-২৭ আঁকা চাল। অনবধানতাবশতঃ অধিকমাত্রায় সিদ্ধ-করা বা সিজানো ধানের চাল ?

য়গাতক ৩৮৮-২০ (অগতিক) যাহা গতির বা প্রয়োজনের অনুযায়ী নহে অর্থাৎ অনাবশ্যক ; অকারণ।

য়নুবোধন ৫১-১১ (অনুবোধন) অনুধাবনপূর্ব্বক বুঝা।

য়বিষ্ঠ ২৭৭-৬ (অভীষ্ট) অভিলষিত, প্রিয় ; পূজনীয় ব্যক্তি।

য়সী ৩৩০-২৭ (*অস্য) ইহাঁর।

য়াথবাড় ৩৩৭-২১ October।

য়ানব ৪৪৭-৩০ ?

য়াসর ২৫৪-১৩ আসল ?

য়ৈ গ্রামের কালামানিক ২২২-৮ কালামানিক ধর্ম্মঠাকুরের নাম। (এখানে ঋণ-গ্রহণে ধর্ম্মঠাকুরকে সাক্ষী মানা হইয়াছে। ধর্ম্মসাক্ষী করিয়া সমাজে বিশেষ বিশেষ কার্য্য করিবার প্রথা প্রচলিত আছে। সেই সূত্রে লৌকিক ধর্ম্মঠাকুর একেবারে আপন জন হইয়া গিয়াছেন)।

য়োক্ত ২-৫ (আ ৱখ্‌ৎ) সময়।

রঙ্গীল ২০৬-৮ রঙ্গিন বস্ত্র।

রদজবাব ২৭২-১ (আ) পাল্টা-জবাব, counter-reply।

রুজু হাজির ৩১২-৬ (আ) মোকদ্দমায় উপস্থিত।

রুপস ২৫৯-১১ (ফা রু—মুখ+পোস<পোসিদন্—লুকানো) পলাতক, ফেরারী।

রুবকার ৬৩-২০ (ফা) আদালতে পেশ হওয়া।

রেকাবি ৪০-২০ (ফা) ধাতুপাত্র-বি (plate)।

রেপট ২৫৫-১৬ report।

রেবতীরমণচরণচারিণী ৪৫৯-৫ বলরামপদাশ্রিতা। (স্ত্রীলোক জমিদারের নামে এইরূপ বিশেষণ দুর্লভ। বলরাম চাষ-আবাদের দেবতা। বীরভূমে খয়ড়াসোলে ও বর্দ্ধমানে বোরোতে দেবতা বলরাম এখনও আছেন। জঙ্গল-মহলের জমিদার 'গঙ্গামুনী' ইহাঁকেই গৃহদেবতা মানিয়াছেন। জঙ্গলমহল আবাদ করিতে লাঙ্গল-প্রতীক রেবতীরমণই উপযুক্ত দেবতা)।

রেস্পাণ্ডেণ্ট ৩৭৩-২০ (respondent) প্রতিবাদী।

রোক ৩১৫-২৯ (হি) নগদ (টাকা)।

রোকসিককা ১৩-২১ (হি) নগদ টাকা।

রোয়দাদ ২৫৬-২১ (ফা) বিবৃতি, minutes।

লওাহেক ৩৩৯-১৭ (আ) সম্পর্কিত ; পরিজন ; অধীনস্থ লোক।

লকুতা ৪৩-১৮ (লৌকতা <লৌকিকতা) সামাজিক কার্য্যে দেয় ধনাদি।

লক্ষিনারায়ণ জীউ ১৫২-১

লক্মি ৩৭৫-৮ (ফা) নক্সা-করা পাত্র (গেলাস বাটী ইত্যাদি)।

লগন পত্র ৪-৬ বিবাহে লগ্ন স্থির করিয়া লিখিত চুক্তিপত্র।

লগুতা ১৭৩-৯ (লঘুতা) ক্ষিপ্রতা অর্থাৎ কার্য্যে ক্ষিপ্রতাজন্য অবিবেচনা ?

লঘুই ১৩২-১৯ পাটায় লগ্ন বা লাগানো শাল ?

লঙ্কাকাণ্ড পুস্তক ৯৭-১৬ রামায়ণের লঙ্কাকাণ্ডের পুঁথি।

লটকনা ১২২-১৭ (arnatto, annatto) লাল রঙ্গের জন্য ব্যবহৃত ফল-বি। (লটকনার দোকান অর্থাৎ সকল রকম দ্রব্যের মুদীর দোকান ; লটকনা ফলের রঙ্গে রঞ্জিত মালীর প্রদত্ত ডাকের সাজ।—দ রা)

লতা ৩-১ ; ৩৪৭-৩ (*নক্ত) প্রসবের দিন হইতে নবম নক্তের অর্থাৎ নবম রাত্রির দিবসে অনুষ্ঠেয় প্রসূতির ক্ষৌরাদি শৌচকার্য্য লতার মতো নমনীয় পাতলা পাত।

লবণ কোটা ১০২-৩০ গণিতে অঙ্ক-বি।

লব্যমুল ২৪৫-২৬ (লভ্য মূল) গণিতে মূল ও লাভের হিসাবের অঙ্ক-বি।

লষ্ট ১৮৩-১৯ হত্যা।

লহার ৪৬-৭ (লৌহকার) তেঁতুলে কুশমেটে লোহার ও দুলে—বাগদির এই চার প্রকার থাকের অন্যতম থাক।

লাট ৩২৩-৮ (lot) জমিদারির অংশ।

লাটসাহেব ৭২-৭

লাটা ৪০৮-৫ লাটাই।

লাষ ২৭৭-২১ (তুর্কী) শব, মৃতদেহ।

লুই ৪৫৮-৯ নাম-বি। দ্র লুইদর।

লেবদ ৪৭৬-১৯ লভ্য।

লোয়ারণ ৪০৪-৯ ?

ল্লোক ৫১-১০ লোক।

লৌচকান ২৩২-১৭ (আ নুক্) লোসকান, লোকসান, ক্ষতি।

শওারি ৩৯৭-২৮ (আবেস্তা অসবারী) আরোহী।

শঙ্খকার ৩৯২-২৩ বৃহদ্ধর্ম্মপুরাণ-মতে উত্তম সঙ্করজাতি-বি, শাঁখারী।

শকাব্দ ১-৭ অধিকাংশের মতে, প্রথম কনিষ্কের প্রবর্ত্তিত বৎসর। ১৩৫ সংবতের ও খ্রীষ্টাব্দের ৭৮ বৎসর পরে এবং বঙ্গাব্দের ৫১৫ বৎসর পূর্ব্বে ইহার আরম্ভ সুতরাং শকাব্দ সংবৎ হইতে ১৩৫ বৎসর ও খৃষ্টাব্দ হইতে ৭৮ বৎসর কম এবং বঙ্গাব্দ হইতে ৫১৫ বৎসর বেশী।

শনি কসা ১০২-২১ গণিতে শূন্যসম্পর্কিত অঙ্ক-বি।

শরব দখল ২৮৫-১২, ১৩ সশব্দে অর্থাৎ ঢোলসহরতে জমি ইত্যাদির দখল লওয়া।

শরহ ৩৩৬-২২ (আ) হার, rate।

শরাব ১৩৬-১ (সং) মাটীর সরা।

শরে ৩৫০-১৬ ?

শাঁজওাল ২৮৫-১৬ (ফা সজাৱল, bailiff) অংশীদার, বর্গাদার, ভাগীদার; এজেন্ট।

শান্তি স্বস্ত্যয়ন ৭২-৮ দুরারোগ্য রোগাদির উপশমনের এবং মৃত্যুকালে বার তিথি নক্ষত্রাদির দোষশান্তির নিমিত্ত অনুষ্ঠেয় মাঙ্গলিক পূজা।

শারা ৩১৬-২৫ কালি-করা অর্থাৎ বর্গপরিমাণ-বিশিষ্ট জমি।

শিনি ৩৯৯-২৪ (ফা শির্নি, সি- ; হি *সিখরন) আটা দুধ কলা গুড় ইত্যাদির মিশ্রণে প্রস্তুত পীরকে প্রদেয় ভোগ।

শিব কবচ ৪২-১০ ভূর্জ্জাদি পত্রে লিখিত তন্ত্রোক্ত শিবমন্ত্রের কবচ।

শিব বিবাহ ৮৯-২২ শিব-পার্ব্বতীর বিবাহবিষয়ক পালা।

শিশুমারক ১৩৬-২৭ শুশুক।

শীকদার ২৯৫-৫ (ফা) কর-সংগ্রাহক।

শুক্র পষচিমে ৩৮-১০ দ্বিরাগমনকালে পশ্চিমে শুক্র থাকিলে যাত্রা শুভ ; পূর্ব্বে থাকিলে অশুভ ; কিন্তু স্বামীর সহিত দ্বিরাগমনে পূর্ব্বে শুক্র থাকিলেও যাত্রা শুভ ; ইহাতে পূর্ব্বে শুক্র দুষ্ট হয় না।

শেওায় ২৮৫-১৩ (ফা) ব্যতীত।

শেঠাম কাগজ ৩৩১-২০ stamp-paper।

শেড়ে ২:৬-৮ সারে অর্থাৎ মূল অনুসারে।

শেহওয়া ৭৬-২৭ দ্র শেওায়।

শোতা ৩২৫-১ যে জমি বা স্থানের উপর দিয়া বর্ষায় পয়ের (<প্রবাহ) বা স্রোত যায়।

শোতো ২৬০-১২ (শ্রুত) কর্ণগোচর।

শোপর্দ্দ ১৭২-১০ (ফা সুপুর্দ্) জিম্মা।

শ্রবণা ২৭২-৮ (আদালতের পরিভাষা) শুনানী, hearing।

শ্রী ১-৪ দেবতা গুরু গুরুস্থান ক্ষেত্র, ক্ষেত্রের অধিদেবতা, সিদ্ধ, সিদ্ধস্থান—ইহাদের পূর্ব্বে 'শ্রী' ব্যবহৃত হয়। "দেবং গুরুং গুরুস্থানং ক্ষেত্রং ক্ষেত্রাধিদেবতাম্। সিদ্ধং সিদ্ধাধিকারাংশ্চ শ্রীপূর্ব্বং সমুদীরয়েৎ॥" (কিন্তু এই গ্রন্থে নির্ব্বিচারে 'শ্রী' শব্দের প্রয়োগ পাওয়া যায়)।

শ্রীএনীঞ্জি ৩৪৬-২৮ এনায়েতুল্লা ? (১০৫৯ বঙ্গাব্দের দিকে ইনি সমরসাহী পরগণার ডিহিদার শীকদার বা ঐরূপ কোনও পদিক ছিলেন, অনুমান হয়। দলিলে উল্লিখিত মূর্জ্জাপুর গ্রামের (বর্ত্তমান ছোট-বৈনান গ্রামের উত্তর-পশ্চিমাংশ) প্রান্তে 'এনের ডাঙ্গা,' 'এনের বাগান,' 'এনের পুকুর' ছিল। বর্ত্তমানে ডাঙ্গাটি অংশতঃ জমি ও চটান (ডাঙ্গা), বাগানটি কেবল ডাঙ্গা ও পুকুরটি পাঁচ বিঘা পরিমাণ জোল জমিতে পরিণত হইয়াছে)।

শ্রী৺ঘাট ৭২-৬ কালীঘাট।

শ্রীচৈতন্যচরিতামৃত শ্লোকে টীকা ৭৭-২৪ পুরুষোত্তম বিদ্যালঙ্কার-কৃত টীকা। (ইহা বর্ত্তমানে দুষ্প্রাপ্য)।

শ্রীধর গোস্মামির টিকা ও তোসনি ১১২-২৩, ২৪ ভাগবতের শ্রীধরস্বামি-কৃত 'ভাবার্থদীপিকা', সনাতন গোস্বামি-কৃত 'বৃহৎবৈষ্ণবতোষণী' ও জীবগোস্বামি-কৃত 'লঘুবৈষ্ণবতোষণী' টীকা।

শ্রীধর্ম্মরাজ ডেলা ৪০৫-২১ ধর্ম্মঠাকুরের পূজার ডালা বা নৈবেদ্য।

শ্রীনি ৩৩৮-২৫ শ্রেণী, পক্ষ ?

শ্রীপাট ৪৭-৬ বৈষ্ণব পীঠস্থান, ধাম। গৌণার্থে গুরুবাড়ী।

শ্রীফলনা ১১১-১৪ (আ ফুলান্) শ্রীঅমুক ব্যক্তি।

শ্রী ভাগবৎ চুর্নক কথা ৯৪-৬ ভাগবতের সংক্ষিপ্তসার-প্রকরণ।

শ্রীযুত ৺ বিদ্যাভুষন ভট্টাচার্য্য ভায়া ২৬০-২১ মৃত ব্যক্তির নামের পূর্ব্বে '৺' লেখার নিয়ম। এখানে জীবিত ব্যক্তির নামের পূর্ব্বে '৺' অর্থে ঈশ্বরতুল্য ভক্তিপাত্র। [এই গ্রন্থে এইরূপ প্রয়োগ একাধিক স্থানে (৩৭-৫, ৩৪৮-৩) পাওয়া যায়।]

শ্রীল ১১২-৬ (অস্ত্যর্থে 'ল') শ্রীযুক্ত।

শ্রীশ্রী ১৩৯-১ (শিষ্যি) শিষ্য।

শ্রীশ্রী৺ কাত্তিক ঠাকুর ১৫০-১৫ কার্ত্তিক ঠাকুরের ভোগার্থ দেবত্তর ভূমির খতিয়ান। (সাধারণতঃ কার্ত্তিকের নামে দেবত্তর দেখা যায় না)।

শ্রীশ্রী৺গুরুগোস্মামি ৩৬-১১ 'শ্রীশ্রী৺', 'গোস্বামি' পূজ্যতাসূচক। দ্র গোসামী।

শ্রীশ্রী৺দুর্য্যোগ ৪৩৩-১৭ প্রাকৃতিক ঘটনা আধিদৈবিক বলিয়া তাহাতে ঈশ্বরত্ব-আরোপপূর্ব্বক পূজ্যতাজ্ঞাপক এই প্রয়োগ।

শ্রীশ্রী৺পাত্তি ৩১৮-১৮ শ্রীশ্রী৺প্রাপ্তি (মৃত্যুসূচক)।

শ্রীশ্রী৺বরণ ১২৮-১৪ গুরুবরণ।

শ্রীশ্রী৺বেবহার ৩৭-১১ সামাজিক বিধান অনুসারে দেবতার বা গুরুর প্রণামী

শ্রীশ্রী৺শ্রান ৬৭-২৩ ; ১৬৪-২৭ গঙ্গাস্নান।

শ্রীশ্রী৺সুত ৩৬৪-২৭ [*চ্যুত—ভ্রষ্ট ; *ছুত (< ক্ষুব্ধ)—পরিত্যক্ত] ঈশ্বরের পরিত্যক্ত অর্থাৎ ঈশ্বরের পথভ্রষ্ট বা বিরাগভাগী।

শ্রীশ্রী৺সেহ্রাগ্রতএম ৪৯-১৮ ঈশ্বরের অভিপ্রায়-অনুসারে।

শ্রীশ্রীপঞ্চানন্দ ধর্ম্মরাজ ৩২৪-১ ধর্ম্মঠাকুর। ইনি শিবঠাকুরের সহিত অভিন্ন। ইহাঁর চলতি নামান্তর 'পেঁচো ঠাকুর'। ইনি সন্তানের বরদাতা ও তাহাকে নিরাময় করার দেবতা। দ্র মৎসঙ্কলিত পুঁথি-পরিচয়, ১ম খণ্ড, পৃ ২২৫, পাদটীকা।

শ্রীশ্রীবাটী ৫৮-২ গুরুর বাড়ী।

শ্রীশ্রীভোজনের জায় ৩৫৫-৩ ব্রাহ্মণভোজন-সম্বন্ধে বিশেষ শ্রদ্ধা-জ্ঞাপনার্থ 'শ্রী' শব্দের ব্যবহার। (ইহা অতিশয়োক্তি-বি)।

শ্রীশ্রীরামকৃষ্ণঃ সরনং ৩৪৫-২, ৩, ১৮, ১৯ কালেক্টরী হইতে প্রাপ্ত দাখিলাতে এই প্রয়োগ অভিনব।

শ্রীশ্রীস্বামীর ভিক্ষার জাই ১৫৭-১৭, ১৮ ?

শ্রীসাহন সাহ ৩৪৬-২৯

শ্রীসিংহবাহিনী ঠাকুরানী ৩৯-৯ সিংহারূঢ়া দুর্গার মূর্ত্তি-বি। (কবিকঙ্কণ মুকুন্দরামের বংশধরদিগের গৃহে ইনি অদ্যাপি পূজিতা কুলদেবতা। অধ্যাপক শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায় মহাশয় অষ্টধাতু-নির্ম্মিত মূর্ত্তিটি দেখিয়া প্রায় তের শত বৎসরের প্রাচীন নিদর্শন বলিয়া অভিমত প্রকাশ করিয়াছেন। কিন্তু কবিকঙ্কণের কাব্যে এই নামে ইহাঁর উল্লেখ নাই)।

শ্বর ব্যয় ১১৫-২৪ (স্বর্+অব্যয়—দুই-ই স্বর্গার্থক) স্বর্গ ?

শ্বাস ৭৩-২৭ শাসনকর্ত্তা ?

ষদৈবত ১৫৯-১৪ ক্রিয়ানুষ্ঠান (আদেশমতো)।

ষর্ম্ম মাতুলী ৪১৮-২৩ সোনার মাতুলী-গাঁথা করাভরণ-বি ; যশম ; মুড়কি-মাতুলী।

ষষ্ঠ কুড়্যা ২১২-৬ ছয় বিঘা পরিমাণ নীচু জমি। ইহা বর্ত্তমানে 'ষষ্ঠী-কুঁড়ে'। শিবরাম চক্রবর্ত্তী কবিকঙ্কণ মুকুন্দরামের পুত্র বলিয়া কথিত আছে। তিনি মুর্জ্জাপুর আয়মা পাইয়াছিলেন। বর্ত্তমানে তাহাঁর উত্তর পুরুষ 'ভট্টাচার্য্য'-বংশের বসত-বাটীর সন্নিহিত ছয় বিঘা পরিমাণ এক বন্ধ চৌকা নীচু জমি 'ষষ্ঠ-কুড়্যা'। (শব্দসাম্যে কালক্রমে 'ষষ্ঠ'

'ষষ্ঠী'-তে পরিবর্ত্তিত হইয়াছে। বর্ত্তমানে সাধারণে ইহাকে ষষ্ঠী ঠাকুরানীর দেবত্তর জমি বলিয়া ধারণা করে। ভবিষ্যতে এখানে ষষ্ঠী-মূর্ত্তি প্রতিষ্ঠিত এবং সাড়ম্বরে পূজা প্রচলিত হওয়াও অসম্ভব নহে)।

স্বস্ত্যয়ন নিত্য, কাম্য ৩৯২-১১, ১৩ আহ্নিককৃত্য তুলসীদান স্তবকবচ গীতা-চণ্ডীপাঠাদি নিত্য এবং যে-কোনও কামনা করিয়া পূজাদি করা কাম্য স্বস্ত্যয়ন।

স্বগচরইলম ৬৯-২১ (বাঙ্গালা নামধাতু) স্বগোচর করিলাম।

স্বগোছ ৩০-১৭ সুবিধা।

স্বচার ৪২৪-১৭ সুচারু ; উত্তমরূপ।

স্বদ মোক্তা ২৪৭-১১ (ফা+আ) পাকা সুদ।

স্বদা ২৮৪-১৬ দ্র যুদা।

স্বদামদ ২৯৫-৭ (হি সদামত) অনেক দিন হইতে ; বরাবর।

স্বদ্ধমঞ্জরি ঠাকুর জীউ ১০০-২৩ বৈষ্ণব-গুরুর নাম-বি। অনঙ্গ লবঙ্গ রূপ রস গুণ রতি ভদ্র ও লীলা—এই অষ্ট মঞ্জরীর বা সখীর ভাবে ভাবিত হইয়া কৃষ্ণসেবা করেন বলিয়া বৈষ্ণব মহান্তগণ এইরূপ নাম গ্রহণ করিয়া থাকেন।

স্বনা ১৫০-৪ (শুখনা) ডাঙ্গা জমি। (এই জমিতে আউস-ধান রবিশস্য আক আলু ইত্যাদি হয়)।

স্বন্দররূপ ৪৭-১০ ভালোরূপে ; সুস্থ শরীরে ; নির্ব্বিঘ্নে।

স্বপাদ ১০৩-২৩ সুকোমল পাদ অর্থাৎ পাদপদ্ম।

স্বপিষ্ট ৯৬-২৯ ?

স্ববা ৩৪৬-২৫ (আ) জমিদারি ; প্রদেশ।

স্বব্যক্তে ৭১-১০ সরলভাবে ; সহজে।

স্বভ প্রস্থান ৪৪-৯ (ভ্রমে) শুভাগমন।

স্বমার ২২২-১৪ (ফা) গণনা।

স্বরত ২৭৫-১০ (আ) রকমে, ভাবে, প্রকারে।

স্বরিতে কারন ১৬৩-১২ সুহৃত্তের কারণ ; বন্ধু এই হেতু।

সইলি ৪৩৬-১৯ (*সৈলী, *সহেলি—বন্ধুত্ব) বন্ধুভাব, আপোস, সহযোগ। (তু সয়লা, সৈলিক—বন্ধুভাব।—দ রা)।

সএক কারন ৩০-১৭, ১৮ প্রায় এক শত। ('কারণ'—কথার মাত্রা)।

সওার ৪৩৯-১৯ অশ্বারোহী। এখানে জ্বরাতিসার-নামক অশ্বারোহী। (ইহা বর্গীর হাঙ্গামার সময় সৈন্যরূপে বর্ণনায় রূপক)।

সংবাদ পত্র ৫৬-৯ খবর-লেখা চিঠি, সংবাদযুক্ত পত্র।

সকলেকাকার চাক ১৬৩-৭,৮ (চক্র >চাক—গ্রামসমূহ) গ্রামসমূহের অধিবাসীদিগের একাকার অর্থাৎ তাহাদিগের একত্র মিলন; সকলের সমবায় বা সম্মেলন।

সকাতরি ১১-৯ সকাতরে, সক্লেশে, কষ্টে।

সকুষ কারাদি ৩১৮-১৩ (বর্ণবিপর্য্যয়) সংস্কারাদি।

সঙ্গি ও তলি ৪৩৯-১৭, ১৮ সহচর ও সহায়ক।

সড়েবিতাং ৩৩০-২১ সারা বা খাঁটি বিবরণ বা বিবৃতি।

সত ২৬৯-২৭ সহিত, সাৎ; কাছে।

সতন ৩৭০-১১ ?

সত পরত ৪৩৪-২৬ (স্বতঃ পরতঃ) নিজে বা অন্য দ্বারা।

সতাদিঘি ৪৭৫-২১ সতীনের টাকায় খাত দীঘী। (ইহা হইতে 'সাতা', বর্ত্তমানে 'ছাতা দীঘী' হইয়াছে। 'ছত্র' হইতেও 'ছাতা' বা 'সাতা' বা 'সতা' হইতে পারে। সুতরাং এই দীঘী ছত্রসিংহ, ছত্রধর বা ছত্রপতি নামক কোনও রাজার খাত হইতেও পারে। দ্র পুঁথি-পরিচয়, ১ম খণ্ড, পৃ ২২৫, পাদটীকা।

সত্যনারায়ণ সির্নি ৩৭০-২৬, ২৭ সত্যনারায়ণের শির্নির উপকরণ। দ্র শির্নি।

সত্যপীরের সীরনী ৩৬৭-১৪, ১৫

সত্বত্তর ২৫৯-১৫ (সত্বর উত্তর—বর্ণলোপ) শীঘ্র উত্তর।

সদর তলব ২১৪-৬, ৭ জমিদারের সদর কাছারিতে দেয় খাজানা।

সধবা মেয়্যা ছিল ২-৬; ৪২৭-১০ যুগ্মরাশি লগ্ন হইলে ধাত্রী সধবা ও অযুগ্মরাশি হইলে বিধবা হইবে।
"যুগ্মাযুগ্ম লগ্নবশাৎ প্রসবস্য চ কারিণী।
বিধবা সধবা জ্ঞেয়া ক্রমাৎ খলু বিচক্ষণৈঃ॥"
—জ্যোতিস্তত্ত্ব।

সন ১-৬ (আ) বঙ্গাব্দ। ১৫৫৫-৬ খৃষ্টাব্দে এপ্রিল মাসে আকবর বাদশাহ কর্ত্তৃক ৯৬২-৩ হিজরী সাল হইতে চাষবাস ও রাজস্ব আদায়ের প্রয়োজনে

ইহা প্রচলিত হয়। ইহার আগে চান্দ্র মাসে গণিত হিজরী সন এদেশে চলিত। বাঙ্গালা সন সৌর মাসে গণিত হয়। ইহা শকাব্দ হইতে ৫১৫ বৎসর, খৃষ্টাব্দ হইতে ৫৯৩-৯৪ বৎসর ও মেদিনীপুর চাকলার সন হইতে ১ বৎসর কম এবং মল্লাব্দ হইতে ১০১ বৎসর বেশী। কেহ কেহ বঙ্গাব্দকে মহারাজ শশাঙ্কের প্রবর্ত্তিত বলিয়া অনুমান করেন।

সন ১৩২-১৭ (সং—শণ) দড়ির জন্য শণ।

সনন্দ ১৩০-৪ (আ সনদ্) হুকুমনামা, দলিল, diploma।

সনবরসন ২৯৮-১ (ফা) বৎসর বৎসর।

সনমায়ানি ৪১১-১৭ সম্মতি। (তু হি সন্মান)।

সনাল গগর্গরি ১৪৮-১২ নলযুক্ত জলপাত্র, গাড়ু বা বদনা।

সনিদোম ১০৫-২৪ (ফা) শ্রুত।

সন্তানের নিবির্ত্তে ৪৫১-২০ সন্তানের নিমিত্ত।

সন্দ্রসি বরণ ২৯৩-১৮ (সদস্যবরণ) বৃষোৎসর্গাদিতে বেদীর কার্য্যে যিনি সভার মধ্যে থাকিয়া কার্য্যাদি তত্ত্বাবধান করেন তাঁহার সম্মানার্থ দান।

সন্ধ ১৫৬-১২ সন্দেহ।

সপ ৪০-১৬ (আ) লম্বা ও সরু মাদুর।

সপীণ্ডীকরন ৪২৪-১৪

সপ্তগ্রামি ১৭৮-১৭ সাত গ্রামের অধিবাসী। (এখানে 'সাত' শব্দটি 'পঞ্চ' শব্দের ন্যায় ঠিক তৎসংখ্যাজ্ঞাপক নহে ; কিছু ন্যূনাধিক্য হইতে পারে)।

সপ্তম কাননের পেয়দা ২৫৯-১০ সাত আইনের পেয়াদা। (এই ৭ আইন ১৮২২ খৃষ্টাব্দের ৭ সংখ্যক রেগুলেশন। এই কানুনে সমস্ত বাঙ্গালা দেশ এবং অন্যান্য দেশের নূতন জমা বন্দোবস্ত ও পরচা তৈয়ারী করার উপদেশ দেওয়া আছে। ইহার বলে তকরারী সম্পত্তি কালেক্টর ক্রোক করাইয়া তাহাতে পেয়াদা বসাইয়া দিতে পারিতেন ; তাহার পর দুই পক্ষের কথা শুনিয়া জমির স্বত্বের সত্য মীমাংসা করিতেন)।

সভাকর ভট্টাচার্য্য ১৮২-১১ বৃষোৎসর্গাদিতে বৈদিক কার্য্যে ব্রাহ্মণসভার মধ্যে

ব্যবস্থাপক প্রধান ব্রাহ্মণ-পণ্ডিত। বর্ত্তমানে পদবী-বি।—দ রা।

সভাপণ্ডিত ১১২-২১ রাজা বা জমিদারের সভাস্থিত ব্রাহ্মণ-পণ্ডিত ; দ্বারপণ্ডিত।

সভাভুজ্জি ২৯৩-১৯ শ্রাদ্ধসভাস্থিত অধ্যাপকের উদ্দেশ্যে প্রদত্ত ভোজ্য।

সমাচার ১৬০-২৫ ধর্ম্মাচরণে অবশ্য প্রয়োজনীয় পূজার উপকরণ।

সমিভ্রারিত ১৯৮-১২ (সমভিব্যাহৃত) সঙ্গে গৃহীত।

সমুলিৎ ২০৭-৪ মূলের সহিত অর্থাৎ বিস্তৃতভাবে।

সম্বচ্ছরিক ৮৫-৪ সাংবৎসরিক শ্রাদ্ধ। (চলতি 'সম্‌বজ্‌রিক' ।—দ রা)।

সম্বন্ধপত্র ৮-১৬ বিবাহে সম্বন্ধপত্র।

সম্বন্ধি ১৩৮-১৯ সম্বন্ধযুক্ত ; স্ত্রীর ভাই। (সামাজিক অর্থে 'শালা সম্বন্ধী' অভিন্ন। স্ত্রীর জ্যেষ্ঠ সহোদর 'সম্বন্ধী' ও কনিষ্ঠ সহোদর 'শালা' এইরূপ অর্থেও প্রচলিত আছে।—দ রা)।

সম্ভারে ৪৯-৮ সমভিব্যাহারে।

সয় ১৮২-১ (ফা সেওয়ায়) ব্যতীত।

সয়দা ১০৩-২১ (ফা) ভক্ত।

সয়য়াদা ২৩২-১৭ (স ওআদা—দ্র ওআদা) অঙ্গীকৃত।

সরওা ২২৬-১০ (আ স্বরাঃ) দরের হার, rate। দ্র শরহ।

সরফরাজ ১০৪-১৪ (ফা) উচ্চপদস্থ, মহামান্য।

সরব ৪০২-৪ (সর্ব) সমস্ত।

সরহর্দ্দ ২৮৬-১৫ (আ হদ্‌) সীমানা।

সরির ১৮৬-১৪ অবয়ব-বি অর্থাৎ শিশ্ন।

সরিরাক্রমে ৭৭-২১ শরীর-গতিকে।

সরেওয়ায় ২৫৫-২৬ (ফা) সমস্ত ; সবিস্তর।

সরেজমিনে ১৩০-১০ (ফা) ঘটনাস্থলে ; সীমানায় ; সশরীরে গমনপূর্ব্বক।

সরে রাস্তা ৫৫-১৪ (ফা) রাস্তার উপরে ; সাধারণ রাস্তায়।

সণ্ডিক দক্ষতা ৪৪-২৫ ষণ্ডের বা ষাঁড়ের মতো গোঁয়ারতুমি।

সর্পবন্ধ ২৯-২৫ শব্দালঙ্কারে সর্পাকারে রচিত বর্ণসমূহের চিত্রকাব্য-বি।

সর্ব্বত্র ২৯৩-১৫ সর্ব্ব বিষয়ের সংক্ষেপ বা সার বস্তু ; মর্ম্ম।

সর্ম্যান্ন ৬-৯ সম্মানিত ; গৌরবান্বিত।

সলা ১২০-১৬ (শলাকা) বাঁশের সরু ফলা বা শিক।

সলাওাত ১৪৪-৮ (আ) সেলামী, নজর ; ভেট, উপহার ।

সলাত ২৩২-২৬ সেলামী ।

সলাতি ৩৬৫-১৯ সেলামী বাবদ ।

সলি ৫২-১ ; ৩৪২-৭ ধানের বা চালের, কোনো কোনো স্থানে গুড়েরও পরিমাণ-বি ; প্রায় আধ মণ । বাঁকুড়ায় এক মণ পরিমাণ ।

সষমাহা ৪৭৯-২৭ (সং ষষ্‌+ফা) ছয় মাস ।

সসমাই ৪৭৫-২ (সং+ফা) ছয় মাসের বাকী-খাজানায় নীলাম ।

সহদনী ৪০৪-১২ ?

সহদ্দরি ২৫৭-১৩ (আ হদ্—সরহদ্দ) সীমানা ।

সহমরণ ৮-২ সহমরণবিষয়ক পুঁথি । (সম্ভবতঃ ত্রয়োদশ শতাব্দীতে রচিত) বৃহদ্ধর্ম্ম-পুরাণে সহমরণ-প্রথার উল্লেখ আছে ।

সহি সিক্কা ১৪৩-২২ (আ) স্বাক্ষরযুক্ত অর্থাৎ চলতি আসল মুদ্রা ।

সহু ১০৩-২১ (আ) ভ্রান্ত, ভ্রমযুক্ত ।

সাইকার ১৮০-২৬ স্বীকার ।

সাইজথা ২১৬-৯ যথাবিধি ?

সাইদ ৪৬৭-১১ (আ সাহেদ্) সাক্ষী । দ্র ইসদ ।

সাইধ ৫৩-১২ (সাধু) পদবী-বি ।

সাউ ১৩০-৯ (<সাধু) পদবী-বি ।

সাএর ৩০০-১৭ (সাগর) বৃহৎ পুষ্করিণী ।

সাঁজোওাল ২২৮-২৩ দ্র শাঁজওাল ।

সাকার ১৭৩-২৩ সাঁকোর ।

সাকিনান ৪৫৮-২৪ (আ) নিবাসী ।

সাকিনামা ২৬০-২২ অবস্থানসম্পর্কীয় বিবৃতি ।

সাকিম ১০৬-১৯ (আ) বাসস্থল ।

সাকির ৪৬৭-৮ (আ স্থকীর্) ধন্যবাদদাতা । গৌণার্থে ধন্যবাদের সহিত গৃহীত ।

সাক্ষ্যার ১১৫-৮ স্বাক্ষর ।

সাখদাএ ৩১২-১৪ (ফা) খোদার বা ঈশ্বরের নামে ।

সাজা ৪৭৬-১৭ (হি সাঝা) অংশ, ভাগ, হিস্‌সা ।

সাট্ ৩৯০-২৬ স্বল্পতা, কমী ।

সাটাপত্র ৩৩৭-১৫ (হি সট্টা—চুক্তি) চুক্তি বা প্রতিজ্ঞা পত্র । দ্র একার্থক 'নাসাটা পত্র' ।

সাড়ক ১২০-১৩ খড়ের চালের কাঠামোয় ব্যবহৃত ভিতরে বদ্ধ বাঁশের চেপ্টা বাতা।

সাড়ে ৭০-১৮ (সার্দ্ধ) ধান্যপরিমাণ 'সলি'-র অংশ-বি ? এখানে, ১৯॥ সলি ?

সাত ১৪৬-৪ সঙ্গে যাওয়ার উপযুক্তভাবে প্রস্তুত বা সজ্জিত।

সাতাদিঘি ৪৭৫-২ দ্র সতাদিঘি।

সাদর ২৬৫-১ (আ) মামলার ইস্যু (issue)।

সাদাকেরা ৩৭২-১০ ছুতারের বা মজুরের দ্রব্য-বি ?

সাধারণ বিরাট ১৪১-৩ শ্রাদ্ধানুষ্ঠানে মহাভারতের বিরাটপর্ব্ব-পাঠের সর্ব্বসমেত ব্যয়।

সাধিয়াছেন ১৯৪-১ প্রত্যেকের নিকট হইতে দান অর্থাৎ দেয় নির্দ্দিষ্ট অর্থাদি চাহিয়া সংগ্রহ করিয়াছেন।

সাধু ২১৯-৬ দাদনের মহাজন।

সানা ৪০৭-২৭ তাঁতের অঙ্গ-বি (reed)। (ইহা চিরুনির মতো ; ইহার ভিতরে টানার সুতা গাঁথা থাকে)।

সান্তী যাগ ১৫৯-১০ দ্র শান্তি স্বস্ত্যয়ন।

সাফজাহের ৪৮২-১৪ (আ) প্রকাশ ; পরিষ্কার।

সাবুদ ১৭৫-১৯ (আ সুবুৎ) প্রমাণ।

সামতের গরদেশে ২৮৫-৯ স্থানের নাম ?

সামিআনা ১২৫-২২ (ফা) চন্দ্রাতপ।

সামি ও ভাপ ১৩২-৫, ৬ ধর্ম্মঠাকুরের পূজার উপকরণ-বি।

সামুক ২৩৩-১১ সম্যক্।

সাম্বৎসরিক কৃত্য ৮২-৫ দ্র সম্বচ্ছরিক।

সারেওয়ায় ৩৪-৫ দ্র সরেওয়ায়।

সার্ণা ২১০-৪ (√সৃ—অপসারণ বা নিষ্কাশন) ধান্যরাশি হইতে কুলার বাতাসে অপসারিত আগড়া, চিটা-ধান বা পল ইত্যাদি।

সার্ধাম্ল ৬০-১০ সপ্তম বা নবম মাসে গর্ভিণীর দোহদসম্বন্ধে অনুষ্ঠান-বি ; সাধভক্ষণ।

সার্ম্ম ১০-২১ স্বর্ণমুদ্রা।

সার্ব্বভৌম ৬৯-৩ উপাধি-বি।

সার্ব্বিবরণ ৪০৩-২৩ ?

সিবঠাকুর নিম্মান ১৩৫-৮ প্রতিষ্ঠার বা পূজার নিমিত্ত শিবমূর্ত্তি বা শিবলিঙ্গ নির্ম্মাণ।

সিমম্ম ১৩২-১৩ ধর্ম্মঠাকুরের পূজোপকরণ-বি।

সির তঙ্কা ২৪৬-১৭, ১৮ (ফা—সার তঙ্কা) আসল টাকা।

সিরপিড়া ৪৬৭-২৫ (ফা) প্রত্যুত্তর।

সিরমাস্তি ৪৬৭-২৫ (ফা) মদোন্মত্ত।

সিরসা সিন্দুর ১৩২-৮, ৯ ধর্ম্মঠাকুরের (কামিন্যার জন্য) পূজোপকরণ মাথার সিন্দুর।

সিরিকলা ৩৭৭-২১ (শ্রীকলা) শৃঙ্খলা ; সাংসারিক সর্ব্ব বিষয়ে সমৃদ্ধি।

সিরোপা ১১৩-৭ (ফা) সম্মান বা পুরস্কারের স্বরূপ প্রদত্ত পাগড়ি।

সির্দ্ধান্ত বিচার ১১২-১৯

সী ২৬৩-৩০ (শিব) শিবোপাসক ; পদবী-বি।

সীনী ৪৭৭-২৩ (সেচনিকা, সেচনী) জল ছিঁচিবার পাত্র-বি।

সুইতা ৪২-২০ (সূত্র) সূতা।

সুজায় ৬৫-১১ (সু+ফা—জায়) যথাযথ তালিকা।

সুতিকা ষষ্ঠী ৪২৮-২ সন্তান-জন্মের ষষ্ঠ দিবসে সূতিকাগৃহে সন্তানের আয়ুর্ব্বৃদ্ধ্যাদির কামনায় পিতার ষষ্ঠীপূজাদি কৃত্য।

সুপ্রতিষ্টীত ১৩০-১০ জমিদারিতে উর্দ্ধতন কর্ম্মচারীর সম্মানার্থ প্রযুক্ত পাঠ।

সুবে বেহার ১১৩-৭ (আ সুবা—প্রদেশ) বিহার প্রদেশ।

সুমারনবীষ ৩৬২-১৬ (ফা) জমিদারী সেরেস্তায় হিসাবপত্র রাখার কর্ম্মচারী।

সুরুষা ১৪০-৪ চৌকাঠের 'কপালী' কাঠে সংলগ্ন শিকলি দেওয়ার জন্য বক্র লৌহ-শলাকা। (চলতি 'সুর্শো' ।—দ রা)।

সূচি কটাহ ন্যায় ২৯-৭ প্রসিদ্ধ ন্যায়-বি। সূচ তৈয়ারী করার মতো অনায়াসসাধ্য কার্য্য আগে সারিয়া কড়াই তৈয়ারী করার মতো আয়াস-সাধ্য কার্য্যসম্পাদনরূপ ন্যায়।

সেওায় ১৩-১ দ্র শেওায়।

সেক ২০৭-১২ [দ]সেক ?

সেকব ১০৫-১৮ (ফা) উজ্জ্বল।

সে ছমান ৭৩-২৫ [সেছমান] কোনও মুসলমান ফৌজদারের নাম কি ?

সেটম কাগোজ ২৯৪-১৮ দ্র শেঠাম কাগজ।

সেতম্বর ১৪৫-১৫ September। [উচ্চারণসাম্যে ফরাসী 'সেতাঁবর্' (Septembre) হইতে আসা সম্ভব]।

সেত হরিন ১৫৬-১০ তান্ত্রিক কর্ম্মবিশেষের যজ্ঞমৃগ। (কালিকা-পুরাণের মতে হরিণ প্রশস্ত বলি। হরিণ নয় প্রকার ; তন্মধ্যে শ্বেত হরিণই শ্রেষ্ঠ)।

সেত্রা [ফা সেওা—ব্যতীত ?] ৩৮৯-১৩ সত্ত্বেও।

সেন কয়াল ঠাকুর ২৪৪-২৩ 'সেন, কয়াল' পদবী ; বৈষ্ণবধর্ম্ম গ্রহণ হেতু 'ঠাকুর'। গয়ার বাঙ্গালী পাণ্ডার পদবী ?

সেনী দাস্যা ৩১০-৪ (সেন—স্ত্রীলিঙ্গে, সেনী) সেন বংশের বিধবা স্ত্রীর।

সেম মাট ৩৪৮-২৮ জলা জমি ?

সেহা ৩১৬-৪ (ফা সিয়াহ্) জমা-খরচের লিখিত হিসাব।

সোকর ২০১-১১ সকল ?

সোনের বাকি ২০৬-৮, ৯ শণ-দড়ির বাবদ বাকী।

সোপরোর্দ্ধ ৩১৯-২৫ দ্র শোপর্দ্দ।

সোবানি ২৪৮-২৫ ?

সোভাপণ্ডিত ১৬৯-২৪ দ্র সভাপণ্ডিত।

সোমরাজ ৭৮-১০ তিক্তরস কৃমিঘ্ন বীজের ওষধি-বি।

সোহরা ২০৪-২২ (ফা সোরা) লবণজাতীয় দ্রব্য-বি (nitre)। (বারুদ প্রস্তুত করিবার জন্য ইহা তখন বিহার হইতে আনীত হইত)।

স্থাপিয়া ৪১১-১৫ গৃহস্থ-ধর্ম্মে স্থাপিত অর্থাৎ প্রতিষ্ঠিত করিয়া।

স্যাখত সন্ধান ১০২-২৪ সেহার ও চিঠিপত্রাদি-লেখার উপদেশ।

স্যাজা ৩৫৬-২৮ সজ্জা (বেনেতী)।

স্বঈষা ৭১-১০ ঈর্ষ্যাযুক্ত, বিদ্বিষ্ট।

স্বয়ম্বরের আকার হয় ৪৫৩-২৩ স্বয়ংবরের মতো হয়। (যদি কোনো অবিবাহিতা স্ত্রীলোক ভিন্ন জাতীয় পুরুষের সহিত প্রণয়াসক্ত হয় ও তজ্জন্য সমাজে পতিত হয় তাহা হইলে সেই স্ত্রীলোক স্বীয় ইচ্ছা অনুসারে যে কোনো পুরুষকে পতিত্বে বরণ করিতে পারিত)। ভূমিকা দ্র।

স্বাপাইঞা ৩৯১-২৭ শপথ, অঙ্গীকার বা সমর্পণ করাইয়া।

স্বার্থে২ ৭২-৮ নিজ নিজ প্রয়োজননিমিত্ত।

হইতে বাতেক ৩২২-১৮ (হইবাতেক) হওয়াতে।

হউঁতে ৩৩-১২ হওয়াতে।

হওাই ৩৭৬-১৮ হাউই।

হক ১৩০-১৩ (আ হক্) প্রকৃত, যথার্থ, ন্যায্য, সত্য।

হক পওমান ৪৬৭-২৭ (আ+ফা) সত্যপ্রমাণ।

হক হকুক ৪৮০-১৫ (আ) ন্যায্য অধিকার বা স্বত্ব।

হকীওতে লালীষ ২৯৪-১৫ (আ+ফা) স্বত্ব সাব্যস্তের অভিযোগ বা নালিষ।

হকীকত পত্র ১৬৫-১৮ (আ) সত্য-বর্ণনার বা সত্য বিবরণের পত্র।

হকীকত সওয়াল বন্ধপত্র ১৬৭-২৬ (আ) অভিযোগে যথার্থ বিষয়ের প্রশ্নপত্র।

হজাঁও ৪৩৬-৮ (<হজম) অজীর্ণজন্য উদরাময়।

হদিশ নাএক ১৭৪-২৪ (আ) বিষয়তত্ত্বের উপযোগী বয়ঃপ্রাপ্ত বা সাবালগ।

হব্য ৫০-২৪ হওয়ার যোগ্য।

হরধামের রাজধানি ২৬৬-৫,৬ ?

হরবাবতে ২৯৮-১ (ফা) প্রত্যেক দফায়।

হর বিধতে ৩২১-১৫ হরেক বিধানে, নানা প্রকারে।

হরসালাত ৩৭২-২৪ (ফা) বিবিধ ভেট বাবদ।

হরিদ্রা তৈল ৪২৮-৩ সূতিকা ষষ্ঠীর দিনে শিশুর শুভার্থ প্রতিবেশী সধবা নারী-দিগকে হরিদ্রা-তৈলাদি প্রদানের মাঙ্গলিক লৌকিক কৃত্য।

হল ভাঙ্গিয়া ২৫৮-২২ লাঙ্গলে চষিয়া।

হলের ২৫৮-৫ লাঙ্গলের।

হস্তবশ ৭৫-৬ হস্তগত।

হস্ত বুধ ৩২৮-২৮ (ফা হস্ত্-ও-বুদ) হাল ও বকেয়া রাজস্বের খোকা (rent-roll); জন্মমৃত্যুর বা রোজগারের আয়ব্যয়ের হিসাব।

হস্তবদনবীষ ৩৬২-১৭ হস্তবুদের কর্ম্মচারী।

হাএর ১৪৫-৬ (হা—ফা বহু ব+ষষ্ঠ্যন্ত '-এর') সমূহের।

হাওাই ২০৫-২ হাউই।

হাঁম ৭১-২০ বসন্তের ন্যায় চর্ম্মরোগ-বি। (মিলমিলে।—দ রা)।

হাঁসকল ৫৪-১৩ চৌকাঠের বাজুতে সংলগ্ন ডুমনীতে পরানো লৌহপেটী। ইহাতে কপাট ঝোলানো থাকে। ('হাঁসকল তুলিয়া' অর্থাৎ ডুমনি হইতে হাঁসকল উঠাইয়া ডাকাতি করার প্রসিদ্ধি আছে।—দ রা)।

হাঁসুলি ৩৪-২৬ কণ্ঠভূষণ-বি।

হুণ্ডী ২৬৬-১৭ (ফা) চেকে (cheque) টাকা দিবার পুরাতন পদ্ধতি।

হুত্রিরি ২৯৫-১৮ (হোতৃ) হোতা অর্থাৎ যজ্ঞে হোমার্থ ঋত্বিক্।

হুদা ২৯৭-৭ (আ) পরিমিত; এলাকাস্থিত।

হুস বাহালে ১৪৫-১১ (ফা+আ) সজ্ঞানে।

হেকাণ ৩৩৯-১৫ দ্র নওাহেক (বহু ব)। দ্র নওা হেকাণ।

হেড়া কোন ২১৪-২৮ হেলা কোণ। বাঁকা অর্থাৎ দুই দিকের মধ্যবর্ত্তী কোণ?

হেত ২২৭-২৯ (হৈমন্তিক) হেমন্তে পক্ব (ধান্য)। (তু 'হেঁওৎ ধান'। —দ রা)।

হেবা ৯৬-২৭; ৩০৪-২৫(আ) পত্রে লেখনীয় পূজ্যতাসূচক পাঠ। প্রকৃত উত্তরাধিকারী ব্যতীত অন্য কাহাকেও ভূম্যাদিদানের অঙ্গীকার।

হেলা গরু ৩২০-৪ হালের গরু।

৺কারণ ৭৪-২০ গৃহ-দেবতার নিমিত্ত।

৺গৃহ ২৬৬-২১ মন্দির, ঠাকুর-ঘর।

৺ছায় ৪২০-১০ ভগবদিচ্ছায়।

৺তির ৭৩-১৮ গঙ্গাতীর।

৺দালান ১৯৫-১৫ চণ্ডীমণ্ডপ, ঠাকুর-দালান।

৺নিবিত্রি হইলে ৯১-৯ দেবতার কোপ নিবৃত্ত হওয়ায় নিরাময় হইলে।

৺বাটী ২৬১-১১ ঠাকুরের বা গুরুর বাড়ী।

৺শরকারে গুনাগার ১১৩-১১ বাদশাহী দরবারে ক্ষতিপূরণ।

৺শুরতেশ্বর ৩৯৭-৬ শিবলিঙ্গ-বি। প্রবাদ, ইহা সুরথ রাজার প্রতিষ্ঠিত। (বোলপুর ও রাইপুরের মধ্যপথে সুরথেশ্বরের মন্দির আছে)।

৺সাহেব শ্রীযুত ৩৭৩-১১ পূজনীয় প্রবলপ্রতাপ কুঠির সাহেবের সম্বন্ধে পত্রের পাঠ।

৺স্থানে ৯৪-৪ দেবতার 'থানে' অর্থাৎ নিকটে।

৭ঁ; /৭ ১-৪; ৫-৭ মঙ্গলসূচক চিহ্ন-বি। (১) ৭ঁ—আঞ্জী বা আঁজী। 'ঁ' মহেশ্বরী বা কুলকুণ্ডলিনী শক্তির স্মারক-চিহ্ন। '৭' সিদ্ধিদাতা গণেশের শুণ্ডাকৃতি চিহ্ন বা আঁকড়ি, কার্য্যসিদ্ধিসূচক। পত্রের আরম্ভে 'দুর্গা', 'কালী' প্রভৃতি শক্তির নামলেখার যে মঙ্গলসূচক পদ্ধতি আছে '৭ঁ' তাহারই প্রতীক। (২) /৭—দক্ষিণ রাঢ়ে ইহা ১০৮ অর্থাৎ অষ্টোত্তর শত 'শ্রী' লেখার সঙ্কেত। '/' (এক পণ) কুড়ি

গণ্ডা অর্থাৎ 'আশী' (৮০), '৭' (সাত গণ্ডা)-র অঙ্ক 'আটাশ' (২৮); সর্ব্বসুদ্ধ (৮০+২৮=) ১০৮ বার 'শ্রী' লেখার সঙ্কেত। (জীবিত ব্যক্তির নামের আগে সাধারণতঃ একটি 'শ্রী' লেখা হয়। দেবতাদের বা সাধুসন্তাদির নামের আগে একাধিক অর্থাৎ ভক্তির আধিক্যহেতু দুই হইতে এক শত আট বার এমনকি ততোধিক বারও শ্রী' লেখার রীতি আছে)।

৪ কাঁনুনের মোতাবক ২৬৭-১৩ চার আইন অনুসারে। (রেগুলেশন ৪, ১৭৯৩ খৃষ্টাব্দ। এই আইন ঐ বৎসরের ১লা মে তারিখে প্রচারিত হয়। এই আইনে জেলা-কোর্টে যাবতীয় জমি-সংক্রান্ত নালিশ রুজু করা হইতে শুনানী ও রায় দিবার নিয়মাদির ব্যবস্থা করা হইয়াছে। ১৮৭৪ সালের ১৬ নং আইনের দ্বারা ইহার সমস্তটাই উঠাইয়া দেওয়া হইয়াছে। দ্র **কানুন চাহারণ**।

৭৪॥ ১১-২৬ খামে আঁটা পত্রের উপরে লিখিত অঙ্ক। প্রসিদ্ধি, রাজপুতানায় আকবরের সহিত ক্ষত্রিয়গণের যে ভীষণ যুদ্ধ হয় তাহাতে মৃত ক্ষত্রিয়গণের উপবীতের পরিমাণ সাড়ে চুয়াত্তর মণ হইয়াছিল। এখানে উদ্দেশ্য, খামে উদ্দিষ্ট ব্যক্তি ভিন্ন অন্য যে এই পত্র খুলিবে, তাহার ঐ সমস্ত ক্ষত্রিয়গণের বধজন্য পাপ হইবে।

১৭৯৩ সালের উনপঞ্চাষ আইন ২৫৯-১ তকরারী জমির সীমানা লইয়া মারামারি বন্ধ করার জন্য এই আইন ১৭৯৩ সালের ২৮-এ জুন পাশ হয়। ১৮৪০ সালের ৩ আইনে ইহা রদ হয়।

১৮০০ সালের ১০ আইন ৪৮২-১ জঙ্গলমহল ও মেদিনীপুর জেলায় নিয়ম ছিল, বড় বড় জমিদারের ঘরের জমিদার মরিলে তাঁহার জ্যেষ্ঠ পুত্র জমিদারীর উত্তরাধিকারী হইবেন, বাকী ছেলেরা মাসহারা পাইবেন। এই রেগুলেশনের দ্বারা সেই প্রথাকেই সমর্থন ও আইনসম্মত করা হইয়াছে।

১৮১৪ শালের ২৬ আইনের ১৫ ধারার ৮ প্রকরন ৪৬১-১৮,১৯ ইহাতে ডিক্রি-জারি উপলক্ষ্যে

জমি বা অস্থাবর সম্পত্তি ক্রোক করিয়া বেচিয়া দিবার ব্যবস্থা করা হইয়াছে। ১৮৭৪ সালের ১৬নং আইনে ইহা উঠাইয়া দেওয়া হয়।

১৮৪০ সালের ৪ আইন ২৭৫-২৭ জোর করিয়া তকরারী জমি দখল করিতে গিয়া যে সব দাঙ্গা-হাঙ্গামা হইত সেগুলি বন্ধ করা ও সেই সংক্রান্ত সাজা দেওয়ার জন্য এই আইন পাশ হয়। আবার জোর করিয়া কোনো জমির দখলিকারকে বেদখল করিলে তাহারও বিচার ও সাজা এই আইনমতে হইত। ১৮৬০ সালের ৪৫ নং আইনে ভারতীয় পিনাল-কোডের সৃষ্টি হওয়ায় ও তাহাতেই সব রকম অপরাধের সাজার ব্যবস্থা থাকাতে এই আইনের আর প্রয়োজন রহিল না। ১৮৬২ সালের ১৭ নং আইনের দ্বারা এই আইন রদ করিয়া দেওয়া হয়।

১৮৪৬ সালের ১ আইনের ৪ ধারা ২৭৮-২৯ এই আইনে উকিলেরা কিভাবে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আদালতে প্র্যাকটিস করিতে সমর্থ হইবেন তাহার ব্যবস্থা আছে। বিলাতী চার্টারের বলে হাইকোর্ট বসিলে এই আইন বাতিল হইয়া যায়।

স্থানসূচী

অশুদ্ধ, পাঠ	পৃষ্ঠা	পঙ্‌ক্তি	শুদ্ধ, সংযোজন
অত্র	২৭২	২১	অত্র
অক্ষম্	১৬২	৯	অক্ষেম
অন্তপুর	২৯৪	১৪	অন্তঃপুর
অরিমুক্তেশ	৪২৮	২৫	অবিমুক্তেশ
অহো ঔাল	১৬	২	অহোঔাস
আকীআ	৩১৮	১৯	থাকীআ
আদালতের জজ	৪৯৩	২৯	জজ আদালত
আন্কেসায়	২১৭	২৭	আন্দেসায়
আপনকারে	৩৩৪	২	আপনকাকে
আপর্চ	২৮৫	২৬	আপর্ত
আপুষ্য পুত্র	৪৮৯	৫	পুষ্যপুত্র
আবিন্দা	২৬৮	২৩	আরিন্দা
আমপকার	২৩০	২৬	আপনকার
আমরা	৩৪৬	১৩	আমল প্রদান
আমলস্বহ	৩৪৬	১৪	আমল করহ
আমী	৩২৩	৫	আ[সা]মী
আসীলে	৩	২১	[না] আসীলে
ইশেঁ একটি	৭৬	১৬	ই সেবকটী
ইহাতে আমার বোধ হইল	১৮২	৩	ইহাতেই বোধ হইল
ঈতি	৫৬	১২, ১৩	ইতি
উঠাপ্র	১১৮	১১	জ্ঞা প্র
উমলা চালু	৪৯১	১০	উমনা চালু (তু 'উহ্‌না' চাল—সিদ্ধ চাউল—শ্রীহট্ট)
এওয়াজীর	৪৮	১১	এওয়াজীব
এখানে কে	১৬২	১০	এখানেকে
এঠা	৭২	১৯	মেঠা (?)

অশুদ্ধ, পাঠ	পৃষ্ঠা	পঙ্‌ক্তি	শুদ্ধ, সংযোজন
ওআকির	৬৩	১৩	ওআকিব
ও গয়রহ	৩০০	১১	ওগয়রহ
ওমী	৪০৯	১৬	তুমী
ওয়ায়িশান	৩৩৪	৫-৬	ওয়ারিসান
কটকী নাদাবী	৩৪৮	২	কটকীনা দাবী
কবিরঞ্জনের পদ আছে।	৩৮৩	২৫	(কবিরঞ্জনের পদ আছে।)
করি আপুষ্য	৩১৯	২৫	করিআ পুষ্য
করিবার	১৬২	১৬	করিবার [জন্য]
করিল ইতি	৯৩	৯	করিল
কর্কবী	১৩৫	২	কর্করী
কর্য্য	৩৮৯	১০	কর্ষ্য
কল	২৩২	৬	চল
কলে	২৭৭	৩	ক[া]লে
কস্তুভাস্ত	১৫	২৪	কস্তভাস্ত
কাকলী	১০	১	কাকনী (?)
[কাটগড়]	৩৩৪	১০	সরূপসীংহ
কাত্রস্ত	১৯০	৯	কাএস্ত
কামড়িয়া	১৮১	২৩	কামিরিয়া
কুল	১৮২	৩	কুস্ট
কোটা	৪৯৮	১৪	স্থানের নাম কি ?
কোন	১৬৭	১৩	কেন
খাইবেন	৭৬	৭	খাইবেনা
খাঁটি	১৬২	১৭	খাঁচি
খামার	৩১৯	৮	আমার
খুবী	৩৯৪	৩০	খুরী
গড়	১৮১	২২	গার
গল	৫৩	১৩	গণ
গাজনাতে	৩২৪	২১	খাজনাতে
গিনাগাড়া	২৮৫	১৭	গিলাগাড়া

অশুদ্ধ, পাঠ	পৃষ্ঠা	পঙ্‌ক্তি	শুদ্ধ, সংযোজন
গেত সেলা	১৮০	২৬	গেতমেলা
গোলক	৫৩	৯	গোনক
॥ ঘরোয়া খুঁটিনাটী ॥	৪৩২	১	ইহার পরের ছত্র (১১৭০-১২৩৮ সন) হইবে।
ঘাটে তুলা বস্ত্র	৮৬	৮	ঘাটেতুলা বস্ত্র
ঘোষ	১৮২	৬	ঘোসাল
চতুরক	৫০৬	৩	চতুর্‌ক
চলেস্টেরে	৯৬	২৭	কনেস্টেরে
চাকর	২৬৩	১৬	চকের
চারাকি	৩৭	২১	চারা কি
জঙ্গল মহাল···	৫৭২	২৩	(জি) ২২৪,
॥ জন্ম ॥	৪২৭	২	ইহার পরের ছত্র (?-১২৪৭ সন) হইবে।
জব খরিদগী	২৯৯	২০	জর খরিদগী
জবাবণ জমা	১০৩	৪	জবাবল জবা
জমি বি	৫০৭	২৩	জমি বি ?
জমুনা	১২৪	১৪	জমুলা
জাডাপাড়া	২১৫	৬	ডাঙ্গাপাড়া
জালা	৩১৪	১৯	জানা
জাহাজ্য	২২৫	২৮	সাহাজ্য
জিমবারি	২৫৬, ৫০৯	৬, ১৭	জিমদারি
জেন্দে গালি	১০৪	৮	জেন্দেগানি
জেমহদে	২১৬,২১৮	১৫, ১৬	জে মহদে
জেসরোষ	১০৪	৫	জেস রোয
তদ	৩৪৯	২৩	অর্থ, তাহার দক্ষিণ
তদু	৩৪৯	৫	অর্থ, তাহার উত্তর
তপ	৩৪৮	২৮	অর্থ, তাহার পশ্চিম
তপু	৩৪৯	৮	অর্থ, তাহার পূর্ব্ব

অশুদ্ধ, পাঠ	পৃষ্ঠা	পঙ্‌ক্তি	শুদ্ধ, সংযোজন
তবতুদ	৩৩৪	৪	তরূতুর্দ্ধ
তলফ রাখের	২১৭, ৫১২	৬, ১৮	তল ফরাখের
তাড়ি আত	৩০১	২৩	তাড়িআত
তাহাব	৪০৬	১৫	তাহার
তিল কলা আডাঙ্গা	৩২৭	১৫	তিলকলাআ ডাঙ্গা
তেইন্ন	১৩২	২০	তেইল্ল
তোমাদীপে	৫৮	২৫	তোমাদীগে
দণ্ড	৩৯২, ৫১৬	২২, ১১	দং
দবোবস্ত	৩০০, ৫১৬	১৭, ১৫	দরোবস্ত
দরখা দেমি	১০৩	২১	দর খাদেমি
দিন	৩৪৬	১১	দিল
দিনায়	৩১৬, ৫১৭	২৪, ৩০	দিলায়
দিবেদন	৩১, ১৭৪, ২৮৪	৯, ১, ২৮	নিবেদন
দিবেন	১৬২	১০	দিবেন···
দোগ	১৮১	২৮	দোগ কোন
ধন্বা পহচা	১৬৫, ৫১৯	২২, ১৩	ধর্না প্রহরা
ধর্ম	৪৪৬	১৭	ধর্ম্ম
নওাজিমা	৩২৩	১৯	লওাজিমা
নওা হেকাণ	৩৩৯	১৫	লওাহেকান
নডা	২২১	১৮	নড়া
নবিনওা	৫২০	২৭	ইহার পরের ছত্র, নবিসীন্ধা (নবসন্দা) ২৪১-১ (ফা নবীসন্‌দহ্) দলিললেখক।
না আসিতে	৫৬	৮	আসিতে না
নানায়ন্ত	২৭৯	৯	নানা যত্ন
নিবে	৫৮	১৬	লি[খি]বে
নিলের খাতা ৩৯৬-২০ ?	৫২২	৫	···২০ নীলকরদের হিসাবের খাতা

অশুদ্ধ, পাঠ	পৃষ্ঠা	পঙ্‌ক্তি	শুদ্ধ, সংযোজন
নিশ্চয়ঃ।	১৭৯	২১	নিশ্চয়ঃ।…
…নীয়	৫৬	১৬	পরম কল্যানীয়
পত্র পাত্র	২০৭	১৫	অর্থ, পত্র বা লোক দ্বারা সংবাদ।
পয়লাম	২৫৬, ৫২৪	৭, ৩	পয়গাম
পাটনা	৩১১	২৪	পাটলা
পাটু আম	২৮৬	১৩	পাটুআম
পাঠাই।	২৬৬	২৭	পাঠাই।…
পূআ	১৬২	১৫	পূআ…
পূর্ব্বাহ্নে	৫৪৫	৭	পূর্ব্বাহ্ণে
প্র…	৫৬	১৬	প্রাণতুল্যেষু—
প্রণতনামানঞ্চং	৯৩	৮	প্রণতীনামানস্ত্যং
প্রণতীনামানঞ্চং	৭৪, ৭৫	১৬, ২৭, ৩	প্রণতীনামানস্ত্যং
॥ প্রণয়পত্র ॥	৪৩১	১০	ইহার পরের ছত্র (১২৫৩ সন) হইবে
প্রণামী	৫৫১	২৮	প্রণামী।
প্রত্যাস্তিরা	৯৮	১০	প্রত্যাঙ্গিরা
প্রয়া…	৭৬	১৬	প্রয়ারা
প্র য়োজনীয়	৫২০	১৬	প্রয়োজনীয়
ফল গত	১৫৯	১	ফলগত
ফল্লরার	৫২৯	২৬	ফুল্লরার
ফারসী হর্শল	৪৭২	২	ফারগী হর্শন
ফৌজে	৭৪	১, ৫	কোঠে(?)
বধু কলু	৩৯৫	১০	বউকণ্ঠ
বরফক্ত	৩১৬, ৫৩২	১, ৪	বরয়ক্ত
বর্দ্দজওাব	২৫৬	৭	বন্দ´জওাব
বলোহা	৩৯৪	৩	ব লোহা
বস্তু	৯	১৪	বস্ত্র
বাং	৪৮১	১০	মং

অশুদ্ধ, পাঠ	পৃষ্ঠা	পঙ্‌ক্তি	শুদ্ধ, সংযোজন
বাকরণ	৮৮	১০	ব্যাকরণ
বাগা…	৫৬	১৩	বালক
বাঞ্চনীয়	৫৬	৫	বাসনীয়
বাটির	৭৬	১৩	বাবাজীর
বাদদতা	১০৪, ৫৩৪	৩, ১০	বাদদোয়া
বার্ত্তা তে	৩৫১	৮	বার্ত্তাতে
বাস	১৬২	১০	খান
বিজ্ঞয়	৭৬	১৮	বিজ্ঞেয়
বিহনের	২৫৮, ৫৩৬	১৬, ১১	বিছনের
বেঁইচা	১৩৯, ৫৩৬	২৯, ১৬	ধেঁইচা
বেত্তা	১৩৯	৪	বেওা
বেড়া হরির	৩৩৯	২৫	বেড়া হবিব
বেফাকত	১০৩, ৫৩৭	২৬, ১৭	রেফাকত
বেবনদী	৪০৪, ৫৩৭	১৪, ১৯	বে বনদী
বোব কাড়ি	১০৩, ৫৩৮	৭, ১৪	রোবকাড়ি
॥ ব্যাধি ও উৎপাত ॥	৪৩৮	১১	ইহার পরের ছত্র (১১৯৪-১২৪৫ সন) হইবে।
ভানু জলে যুপদ্ম	৪০৭	৮	ভানু জলেষু পদ্ম
ভোগস্বত্ব	৩৪৬	১২	ভোগ করহ
মদ্দলা	৩২৮, ৫৪১	১৫, ১৪	মদ্দনা
মপস্বল	২২৯	১৫	মপস্বল
মফরোর	২৮৫	১৯	মকরোর
মহদ্দপির	২৫৫, ৫৪২	২, ১২	সহদ্দরির
মহুলুন	২৫৮, ৫৪২	৮, ২৯	মহুলুল
মান	৩১৪, ৫৪৩	১, ১৭	মাল
মামুট	২৮৯, ৫৪৩	৭, ৮, ১১ ; ২৫	মাথুট
মাল সাইবি খড়ি	১০২	১৬	মাল সাইরি খড়ি
মাহা	৩১২	৯	মাহা-

অশুদ্ধ, পাঠ	পৃষ্ঠা	পঙ্‌ক্তি	শুদ্ধ, সংযোজন
মিত্র জার	৪১৬	২৭	মিত্রজার
মিষ্টাদি	৭৬	৫	মিষ্ঠাদি
মুখোধ্যায়	৫৬	৭	মুখোধ্যায়রা
মোঁরেঞ্জপুর	১৫৫	২৬, ২৮	…দরি মোড়েস্বর
[যুগসরাং]	৩৩১	২৪	কুড়াচারা
রঘুনাধ	১১৭	৬	রঘুনাথ
রূরকার	২৫৫	৩	রূবকার
ল ৮ক, ৯ক, ১০, ১১	৪১৪, ৪১৫, ৪৩৭	৭, ১, ১, ১৪	ল ৬ক, ৭ক, ৮, ৯
লতা	৩, ৫৪৮	১, ২৮	নতা
লালি	১৫১	৬	সালি
লোক পাইয়া	৭৬	১০	মোর পাপুনা
শক্য	১৭১	২৯	[অ] শক্য
শনি	১০২, ৫৪৯	২১, ২১	শলি (?)
শৌচকার্য্য	৫৪৮	২৯	শৌচকার্য্য ;
॥ শ্রাদ্ধ ॥	৪৪০	১	ইহার পরের ছত্র (?-১২৫৫ সন) হইবে।
শ্রীগোবিন্দপ্রসাদ দেবশর্ম্মণ	৭৬		১৮ ছত্রের পর বসিবে।
শ্রীচৈতন দলুই—সাং…	৩৩৪	১৯	শ্রীচৈতন দলুই — সাং আকুন্ধি
শ্রীদুলাল…	৩৩৪	১৪	শ্রীদুলাল মণ্ডল কোবাদপাড়
শ্রীপদপঞ্চজ	১১০	১	শ্রীপদপঙ্কজ
শ্রীযুত ঠাকুর পুত্র	১২৭	৯	শ্রীযুত শেজ্য ঠাকুর পুত্র
শ্রীযুত মুখপাধ্যা	৮৩	১০	শ্রীযুত গুরুপ্রসাদ মু[খ]পাধ্য
শ্রীরামবল্লভ শর্ম্মণ	৫৬		১৩ ছত্রের পর বসিবে।
শ্রীরায়	৭৬	১৪	শ্রীসুখলাল রায়
শ্রীসরূপ…	৩৩৪	২২	শ্রীসরূপ মণ্ডল
শ্বর ব্যয়	৫৫২	২২	'স্বর্' স্বর্গার্থক, ইহা 'অব্যয়' শব্দ।

অশুদ্ধ, পাঠ	পৃষ্ঠা	পঙ্ক্তি	শুদ্ধ, সংযোজন
ষনা	৩১৭	৪	যুনা
ষুদা	২৮৪	১৬	যুদা
সকল	৫৬, ১৫৫	১০, ২৮	সমস্ত, সনন্দ
সত্বত্তর	২৫৯, ৫৫৪	১৫, ২২	সদুত্তর (?)
সরত্তা	২২৬	১০	সরওা
সরিফা	৩০০	১৩	সরিকা
সষ্টাঙ্গ	১৬২	৫	সষ্ঠাঙ্গ
সিমন্ন	১৩২, ৫৬০	১৩, ৩	সিমল্ল (?)
স্থত	৩৬৪, ৫৫১	২৭, ৩০	ছুত
স্থ(ষু, -শু-)	৫৮৪	১	স্থ(ষু-, শু-)
সে—	১৫৬	২	সেলামী—
সেক	২০৭	১২	[দ] সেক
সেছমান	৭৩, ৫৬০	২৫, ২৮	সেড়খান (?)
সেবাউত্ত জোগ	১৬৪	২১	সেবা উত্তজোগ
সের্ছাগ্রতএম	৪৯, ৫৫২	১৮, ১	সের্ছাগ্রতক্রমে
সোণ	২৭৩	১১	সোণ [সোণ]
হরির পুস্কণী	৩৪০	২	হবিব পুস্কণী
হস্তীয়	১১৮	৯	প্রত্যয়
২৮ আষাঢ়	৬৭	১৬	৩০ অগ্রহায়ণ
৫১	৪৫০	১	৫৯১
২৩৮। বি ৯৩১	১৭৪	৮	এই ভাষটি 'বৈষয়িক ভাষ' প্রকরণে বসিবে।
২৬৯। বি ৯১০	১৯৩	১০	এই পত্রটি 'বিবাদ-বিসম্বাদ' প্রকরণে বসিবে।
৩৪৫। বি ১৩২৩	২৪৪	২০	এই খতটির উল্টাপিঠে নাগরীতে স্বাক্ষরাদি আছে।
৩৭৬।	২৭০		৩৭৬। বি

অশুদ্ধ, পাঠ	পৃষ্ঠা	পঙ্‌ক্তি	শুদ্ধ, সংযোজন
৩৮৯ ।	২৮৪	৯	৩৮৯ । বি
৬০৪ । বি ৫৪৩ ক	৪৫৮	১৭	৬০৪ । শি ১
৬২০ । বি ৫৫০	৪৭১	২১	৬২০ । শি ২
৬৩৯ । শি ১	৪৭৮	১০	৬৩০ । শি ৩
১১০২	৩৫১	১	১১০১
১২১১	৩০	১	১১৯৮
১২১৫	৩৪৫	৪	১২৩৫
১৭৭৩	৫১৯	৪	২৭৭৩